Recd
27-7-81

শ্রীরামচরিত মানস

[প্রথম খণ্ড]

গোস্বামী তুলসীদাস বিরচিত

মূলসহ বঙ্গভাষায় পদ্যানুবাদ

বালকাণ্ড ও অযোধ্যাকাণ্ড

অনুবাদক
শ্রীসনৎকুমার মজুমদার

প্রথম সংস্করণ—১৯৮৪

বসুমতী - সাহিত্য - মন্দির
[বসুমতী কর্পোরেশন লিমিটেড]
১৬৬, বিপিন বিহারী গাঙ্গুলী স্ট্রীট,
কলিকাতা-৭০০০১২

বসুমতী কর্পোরেশন লিমিটেড
১৬৬, বিপিন বিহারী গাঙ্গুলী ষ্ট্রীট,
কলিকাতা-৭০০০১২

মূল্য—৪০·০০ টাকা

তিমিরকুমার মুখার্জ্জী কর্তৃক
বসুমতী প্রেস হইতে
মুদ্রিত ও প্রকাশিত

উৎসর্গ

পরম পূজ্যপাদ ডাঃ শ্রীশরৎ কুমার চৌধুরী

আপনার জীবদ্দশায় আপনার মুখে শ্রীমদ্‌ভগবদ্‌গীতার ও রামচরিত মানসের আবৃত্তি শুনিয়া মুগ্ধ হইতাম। অপরিণত বুদ্ধি বিধায় আপনার সুললিত আবৃত্তির সর্বাংশে অর্থগ্রহণে অপারক ছিলাম। বয়োবৃদ্ধির সাথে সাথে আপনারই আত্মজার নিকট রামচরিত মানসের রস গ্রহণের শিক্ষালাভ করি। সেই সাথে এই অমর গ্রন্থের বঙ্গভাষায় পদ্যানুবাদ করিবার ইচ্ছা জাগ্রত হয়। আজ পদ্যানুবাদ কর্ম সমাপনে আপনার হস্তে ইহা অর্পণ করিবার সৌভাগ্য হইতে এই অধম লেখক বঞ্চিত। আপনার অনশ্বর আত্মার তৃপ্ত্যর্থে এই অনুবাদ গ্রন্থ উৎসর্গ করিয়া নিজেকে চরিতার্থ বোধ করিতেছি।

আপনার স্নেহধন্য—শ্রীসনৎ কুমার মজুমদার

বিষয় সূচী

বালকাণ্ড

অযোধ্যা কাণ্ড

গোস্বামী তুলসীদাস দ্বিবেদী

যে দেশে ভগবান শ্রীকৃষ্ণ, বাল্মীকি, ব্যাসদেব, শঙ্করাচার্য, জয়দেব প্রভৃতি মনীষীগণ জন্মগ্রহণ করিয়াছেন সেই ভারতবর্ষেই গোস্বামী তুলসীদাসের জন্মগ্রহণ করা আশ্চর্যের বিষয় নহে, কিন্তু আশ্চর্য ও দুঃখের বিষয় এই যে কিঞ্চিদধিক চারি শত বৎসর পূর্বে জন্মগ্রহণ করিলেও তুলসীদাস সম্পর্কিত ইতিহাস স্বদেশে স্পষ্ট ভাবে লিপিবদ্ধ হয় নাই।

গোস্বামী তুলসীদাস শুধু ভারতবর্ষে নয়, সমগ্র পৃথিবীতে বিদ্বৎসমাজে সুপরিচিত। F.E.Keay, তাঁর Hindi Literature (1920) সন্দর্ভে তুলসীদাস সম্পর্কে লিখিয়াছেন—"The most celebrated name in Hindi literature is undoubtedly that of Tulasidas, whose Hindi Ramayan has had great and deserved fame not only in India but throught the whole World".

(নিঃসন্দেহে হিন্দী সাহিত্যে সর্বাপেক্ষা প্রসিদ্ধ নাম—তুলসীদাস, যাঁর হিন্দী রামায়ণ কেবল ভারতবর্ষে নয় সমগ্র পৃথিবীতে স্ব মহিমায় মহৎ খ্যাতি অর্জন করিয়াছে)

জনশ্রুতিতে যাহা পাওয়া যায় তাহা হইতে ধরা যাইতে পারে—তুলসীদাসের জন্ম ১৫৮৯ সংবতে অর্থাৎ ১৫৩২ খৃষ্টাব্দে। উত্তর প্রদেশে বান্দা জিলায় 'তারী' গ্রামে (রাজাপুর গ্রামের নিকটবর্তী) এক দরিদ্র ব্রাহ্মণ গৃহে তুলসীদাসের জন্ম হয়। পিতার নাম আত্মারাম দুবে (দ্বিবেদী), (মতান্তরে ভানুদত্ত দুবে), মাতার নাম হুলসী দেবী (উল্লাসীর হিন্দী রূপান্তর)। অতি শৈশবে তুলসীদাসের মাতৃবিয়োগ হয়। ইহার কয়েক বৎসর মধ্যেই আত্মারামও পরলোক গমন করেন। সেই সময়ে শ্রীনৃসিংহদাস* নামক এক ধর্ম্মাত্মা পণ্ডিত ব্রাহ্মণ এই অনাথ শিশুর প্রতিপালনের এবং উত্তরকালে শিক্ষাদীক্ষার ভার গ্রহণ করেন। (শূকর ক্ষেত্র) বরাহ ক্ষেত্র নামক তীর্থস্থানে তুলসীদাস শিক্ষা লাভ করেন। কথিত আছে,—তুলসীদাস ব্যাকরণ, কাব্য, দর্শন, গণিত ও জ্যোতিষ শাস্ত্রে পারদর্শিতা লাভ করেন।

অধ্যয়ন শেষ হইলে দীনবন্ধু পাঠক নামক এক ব্রাহ্মণের ধর্মপ্রাণা ও গুণসম্পন্না কন্যার সহিত তুলসীদাস পরিণয় সূত্রে আবদ্ধ হন। তুলসীদাসের স্ত্রীর নাম রত্নাবলী দেবী। তুলসীদাসের পত্নীপ্রেম প্রগাঢ় ছিল। স্ত্রী পিত্রালয়ে গমন করিলে তুলসীদাস স্ত্রী বিরহ সহিতে না পারিয়া অবিলম্বে শ্বশুরালয়ে আবির্ভূত হন। কথিত আছে তাঁহার এই আকুলতা দেখিয়া তাঁহার স্ত্রী তাঁহাকে মৃদু ভর্ৎসনার সুরে বলিয়াছিলেন যে, নশ্বর রক্তমাংসের দেহপিণ্ডের প্রতি তাঁহার যে আকুলতা তাহা যদি হরিপাদপদ্মে ন্যস্ত হইত তাহা হইলে তিনি

---

* তুলসীদাসের গুরুর নাম নরহরি দাস বা নৃসিংহ দাস

কৃতার্থ হইতেন সন্দেহ নাই। স্ত্রীর এই উক্তিতে তুলসীদাসের মনে বৈরাগ্যের উদয় হয় এবং তিনি গৃহত্যাগ করেন। আনুমানিক ৪২ বৎসর বয়ঃক্রম কালে তিনি অযোধ্যায় প্রত্যাবর্তন করিয়া 'রামচরিত মানস' রচনা আরম্ভ করেন। কোন সময়ে এবং কোন স্থানে এই গ্রন্থ রচনা সমাপ্ত হইয়াছিল তাহার কোন নির্দেশ পাওয়া যায় না। তবে সম্ভবত বারাণসীতে এই গ্রন্থ রচনা সমাপ্ত হইয়া প্রকাশিত হইয়াছিল; কেননা বারাণসীতে এই গ্রন্থ সম্পর্কে বিরুদ্ধ মত প্রচার ও তাহার নিরসন হইয়াছিল। তুলসীদাস তাঁহার জীবদ্দশায় ২৩টি পুস্তক পুস্তিকা রচনা করেন। ইহার মধ্যে কয়েকটি বর্তমানে দুষ্প্রাপ্য। এই ২৩টি রচনাবলীর মধ্যে 'রামচরিত মানস' তুলসীদাসের অমর কীর্তি। তুলসীদাস সম্পর্কে আর কোন নির্ভরযোগ্য তথ্য বর্তমান লেখকের সন্ধানে আসে নাই। কতগুলি অতিপ্রাকৃত ঘটনার কিংবদন্তী প্রচলিত আছে কিন্তু সেগুলির সহিত তুলসীদাসের কাব্য প্রতিভার কোন নিকট সম্পর্ক নাই। সেগুলি তুলসীদাসের ভক্তির পরাকাষ্ঠা প্রতিপন্ন করিবার জন্য ভক্ত গোষ্ঠীর চেষ্টা। রামচরিত মানস আদ্যন্ত পাঠান্তে ঐ সকল অতিপ্রাকৃত কিংবদন্তীর প্রয়োজন নিঃশেষ হয়; কেননা নিষ্ঠা সহ এই গ্রন্থ অনুধাবন করিলে পাঠকের মনে নিঃসন্দেহে প্রতীয়-মান হয় যে তুলসীদাস পরম ভক্ত ছিলেন এবং তাঁর ভক্তির প্রাবল্য বহু স্থানে পাঠকের মনে সংক্রামিত হয়, উপরন্তু পাঠক বুঝিতে পারেন যে, কাব্য প্রতিভায় একটি অপূর্ব কাব্য সৃষ্টি করিয়া তুলসীদাস ভারতবর্ষে, শুধু ভারতবর্ষে নহে সমগ্র পৃথিবীতে অমরত্ব লাভ করিয়াছেন।

আনুমানিক ৯০ বৎসর বয়ঃক্রম কালে তুলসীদাস কাশীধামে ইহলীলা সম্বরণ করেন।

ভূমিকা

তুলসীদাস রামচরিত মানসের বালকাণ্ডের প্রথম দিকে লিখিয়াছেন :—

চৌ সাদর সিবহি নাই অব মাথা, বরনউঁ বিসদ রাম গুনগাথা।
সম্বত সোরহ সৌ একতীসা, করউঁ কথা হরি পদ ধরি সীসা ॥
[ভক্তিভরে শিব পদে নত করি মাথা, বিরচিব সুবিমল রামগুণগাথা।
সম্বত ষোড়শ শত একত্রিশ আর, কথারম্ভ হরিপদ শিরেতে আমার ॥]

পরবর্তী চৌপাঈতে আবার লিখিলেন :—

চৌ নৌমী ভৌমবার মধুমাসা, অবধপুরী য়হ চরিত প্রকাসা।
জেহি দিন রাম জনম শ্রুতি গাবহীঁ, তীরথ সকল তহাঁ চলি আবহীঁ ॥
[মধুমাসে নবমীতে মঙ্গল বারেতে, চরিত প্রকাশ হ'ল অযোধ্যা পুরেতে।
এই দিনে রামজন্ম শ্রুতির বিচারে, সর্ব তীর্থ একযোগে অযোধ্যা নগরে ॥]

অতএব ধরা যাইতে পারে যে ১৬৩১ সংবতে চৈত্র মাসে, মঙ্গলবার নবমী তিথিতে রামচরিত মানসের রচনা আরম্ভ হইয়াছিল। সংবৎ বর্ষ গণনা রাজচক্রবর্তী বিক্রমাদিত্যের সময় হইতে অর্থাৎ খৃষ্ট পূর্ব ৫৭ সাল হইতে। তাহা হইলে ১৬৩১ সংবৎ ১৫৭৪ খ্রীষ্টাব্দ বৎসর হয়। অর্থাৎ বর্তমান সময় হইতে চারি শত বৎসরের কিঞ্চিদধিক পূর্বে রামচরিত মানসের রচনা আরম্ভ হইয়াছিল।

তুলসীদাস রামচরিত মানস শুধু বিদগ্ধজনের জন্য রচনা করেন নাই। সর্ব সাধারণের জন্য এই অমর গ্রন্থ লিখিত। সেই জন্য এই গ্রন্থের ভাষা মার্জিত ভাষা নহে, ইহা গ্রাম্য ভাষা, অযোধ্যার তদানীন্তন গ্রামবাসীর ভাষা (অওধি ঠেট বোলী)। ষত্ব ণত্ব বিধানের শৃঙ্খল মুক্ত। উপরিউক্ত চৌপাঈতে শিব, বিষদ, ষোড়শ শীর্ষ সর্বত্রই 'স' ব্যবহৃত। ইহার অর্থ এমত নহে যে তুলসীদাস অশিক্ষিত ছিলেন। বস্তুত মানসের প্রতি কাণ্ডের প্রারম্ভে "মঙ্গলাচরণ" অপূর্ব সংস্কৃত শ্লোকে লিখিত। কোন অশিক্ষিতের লেখনী নিঃসৃত হওয়া একান্তই অসম্ভব। মহাকবি কালিদাস রঘুবংশ মহাকাব্যের প্রারম্ভে লিখিয়াছেন :—

বাগর্থাবিব সংপৃক্তৌ বাগর্থ প্রতিপত্তয়ে।
জগতঃ পিতরৌ বন্দে পার্বতী পরমেশ্বরৌ ॥

তুলসীদাস বালকাণ্ডের প্রারম্ভে 'মঙ্গলাচরণ' গাহিলেন :—

বর্ণানামর্থ সঙ্ঘানাং রসনাং ছন্দসামপি।
মঙ্গলানাং চ কর্তারৌ বন্দে বাণী বিনায়কৌ ॥

ভবানী শঙ্করৌ বন্দে শ্রদ্ধা বিশ্বাস রূপিণৌ।
যাভ্যাং বিনা ন পশ্যন্তি সিদ্ধাঃ স্বান্তস্থমীশ্বরম্ ॥

[বর্ণমালা অর্থভেদ রসবোধ আর, ছন্দের বিচিত্রগতি মঙ্গল আধার।
নিয়ন্ত্রণ কর্তাদ্বয়ে, মাতা সরস্বতী, গণপতি সিদ্ধিদাতা জানাই প্রণতি ॥
পার্বতী শঙ্কর দোঁহে জানাই প্রণাম, শ্রদ্ধা ও বিশ্বাসরূপে হৃদে বর্তমান।
যাঁরে বিনা সিদ্ধগণ না পান দেখিতে, হৃদিস্থিত হৃষীকেশে অন্য কোন মতে ॥]

তুলসীদাস লিখিত এই মঙ্গলাচরণ শ্লোকাবলীর মধ্যে ছন্দপতন বা ব্যাকরণ ব্যভিচার কুত্রাপি দৃষ্ট হয় না, বরং ইহাই প্রমাণিত হয় যে তুলসীদাসের সংস্কৃত ব্যাকরণে ও কাব্যে বিশেষ বুৎপত্তি ছিল।

রামচরিত মানস অযোধ্যার গ্রাম্য ভাষায় রচিত বলিয়া তদানীন্তন বিদগ্ধ সমাজ ইহা প্রীতির চক্ষে দেখেন নাই। তাহা সত্ত্বেও রামচরিত মানসের অনুরাগীর অভাব ছিল না। এই দুই দলের বিরোধ মীমাংসার জন্য তৎকালীন জ্ঞানিশ্রেষ্ঠ শ্রীমৎ মধুসূদন সরস্বতীকে মধ্যস্থ মানা হয়। রাম চরিত মানস পাঠান্তে তিনি একটি শ্লোকে তাঁহার অভিমত ব্যক্ত করেন ;—

আনন্দ কাননে* যস্মিন জঙ্গমস্তুল সীতরুঃ। কবিতা মঞ্জরী ভাতি রাম ভ্রমর ভূষিতা ॥

আনন্দ কাননে* এই সচল তুলসী, কবিতা মঞ্জরী শোভে শাখাতে বিকশি।
গুঞ্জরিত অবিরাম আনন্দে বিহ্বল, রাম নাম মধু লুব্ধ যত ভৃঙ্গদল ॥

জ্ঞানি শ্রেষ্ঠ শ্রীমৎ মধুসূদন সরস্বতীর এই সংক্ষিপ্ত অথচ বিরাট অর্থপূর্ণ এই প্রশংসা-বাণীতে রামচরিত মানস বিদ্বৎ সমাজে শুধু প্রতিষ্ঠা লাভ করিয়াই ক্ষান্ত হয় নাই, সমগ্র উত্তর ভারতে ইহা নিত্যপাঠ্য ধর্মগ্রন্থের পর্যায়ে উন্নীত হইয়াছে।

তুলসীদাসের রামচরিত মানসে বাল্মীকি রামায়ণের মুখ্য কাহিনী, ব্যাসকৃত মহাভারতের শ্রীমদ্ভগবদ্গীতার সারমর্ম, ভাগবতের সতীর দেহত্যাগ ইত্যাদি প্রসঙ্গ, যোগবাশিষ্ঠ রামায়ণের ও অধ্যাত্ম রামায়ণের দার্শনিক ও আধ্যাত্মিক তত্ত্ব উপদেশাবলী সন্নিবিষ্ট আছে। কোন এক বিশিষ্ট দার্শনিক বলিয়াছেন যে হিন্দুধর্মের সম্যক্ উপলব্ধি করিতে হইলে রামায়ণ, মহাভারত, ভাগবত এবং যোগবাশিষ্ঠ রামায়ণ এই চারিটি গ্রন্থ পাঠ করিলেই যথেষ্ট। এই পরিপ্রেক্ষিতে 'রামচরিত মানস' ধর্মগ্রন্থ হিসাবে নির্দিষ্ট হইতে কোন বাধা নাই। বস্তুত উত্তর ও পশ্চিম ভারতে প্রতি হিন্দুগৃহে রামচরিত মানস ধর্মগ্রন্থ হিসাবে শ্রদ্ধা ও নিষ্ঠার সহিত নিত্যপাঠ্য রামচরিত মানস চতুর্বক্তা দ্বারা বিবৃত ; শঙ্কর পার্বতীকে, যাজ্ঞবল্ক্য ভরদ্বাজকে, কাকভুশুণ্ডী গরুড়কে এবং তুলসীদাস সাধারণ জনকে। অর্থাৎ ইহা পতি পত্নীকে, ভ্রাতা

* কাশী ধামে

ভ্রাতাকে, গুরু শিষ্যকে এবং কবি প্রাকৃতজনকে বলিবার উপযুক্ত। বস্তুত ইহা প্রেম প্রীতি ও ঈর্ষা দ্বেষের কাহিনী, ত্যাগ, বৈরাগ্য ও আকাঙ্খা, কামনার কাহিনী; বীরত্ব ও কাপুরুষতার কাহিনী এবং জয় ও পরাজয়ের কাহিনী। যেন ব্রহ্মার চতুর্মুখ নিঃসৃত মানবজীবনের অসমাপ্ত কাহিনী। সমগ্র বৃত্তির ক্ষয় হইলেই ইহার সমাপ্তি। আদি কবি মহর্ষি বাল্মীকির রামায়ণ এবং ভক্ত কবি তুলসীদাসের 'রামচরিত মানস' সর্বাংশে এক নহে। গ্রন্থারম্ভে তুলসীদাস লিখিয়াছেন ঃ—

নানাপুরাণ নিগমাগম সম্মতং যদ্রামায়ণে নিগদিতং ক্বচিদন্য তোঽপি।
স্বান্তঃ সুখায় তুলসী রঘুনাথ গাথা ভাষানিবন্ধমতি মঞ্জুল মাতনোতি॥
[পুরানাদি শাস্ত্র গ্রন্থে রামায়ণে যথা, ক্বচিৎ অন্যত্র হ'তে রঘুনাথ গাথা।
একত্র করিয়া আত্মসুখের আশায়, তুলসী বিবৃত করে মঞ্জুল ভাষায়॥]

মহর্ষি বাল্মীকি শ্রীরামচন্দ্রকে নরোত্তম জ্ঞানে রামায়ণ রচনা করিয়াছেন এবং বিশ্ব-মানবকে এই লোকোত্তর চরিত্রে অনুভাবিত করিয়া গিয়াছেন। ভক্ত কবি তুলসীদাস বুঝিতে পারিয়াছিলেন যে সাধারণ মনুষ্যের পক্ষে নরোত্তমের আদর্শে নিজেকে চালনা করা প্রায় অসম্ভব। বরং বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি-স্থিতি লয় কর্তা পরমব্রহ্মকে না বুঝিতে পারিলেও, অজ্ঞান শিশুর পিতৃজ্ঞান না রহিলেও যেমন জন্মদাতার প্রতি দুর্নিবার আকর্ষণ হয়, তেমনি অজ্ঞান মানবেরও পরমব্রহ্মের প্রতি সেইরূপ আকর্ষণ হয়ত বা সম্ভব, যদি তাহার সমক্ষে নররূপী পরমব্রহ্মকে উপস্থাপিত করা যায়। সেই উদ্দেশ্যে তুলসীদাসের শ্রীরামচন্দ্র নরদেহে সাক্ষাৎ পূর্ণব্রহ্ম। যে পরমব্রহ্মের বিভূতি রূপে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর সৃষ্টি স্থিতি ও লয় কর্মে ব্যাপৃত, যে পরমব্রহ্ম স্বয়ং মহেশ্বরের ইষ্টদেবতা, সেই নির্গুণ পরমব্রহ্মই তুলসীদাসের সগুণ রাম রূপে নরদেহে অবতীর্ণ। নির্গুণ ব্রহ্মের হর্ষ বা বিষাদ নাই, সুখ বা দুঃখ নাই, তিনি গুণাতীত। কিন্তু সগুণ ব্রহ্মের নরদেহে মনুষ্য প্রকৃতির সামঞ্জস্য রক্ষার জন্য সুখ দুঃখ, ক্রোধ দয়া ইত্যাদি বৃত্তিগুলি বর্তমান। তুলসীদাস লিখিয়াছেন ঃ—

জথা অনেক বেষ ধরি নৃত্য করই নট কোঈ।
সোই সোই ভাব দেখাবহ আপুন হোই ন সোঈ॥
[অভিনেতা যে ভাবেতে ভিন্ন রূপ ধরে, অভিনয়ে অভিভূত করে দর্শকেরে।
সে বেশ গ্রহণ করে সে রূপ দেখায়, তথাপি সে রূপ তার নিজস্ব ত নয়।]

শ্রীরামচন্দ্রের চরিত্রে এই বৃত্তিগুলিও বিচিত্র ভাবে প্রস্ফুটিত। সাধারণ মানবের স্বার্থহানিতে যে স্থলে দুঃখ বা ক্রোধ জন্মায় শ্রীরামচন্দ্র সে স্থলে নির্বিকার। মন্থরা প্ররোচিত স্বার্থান্বেষী কৈকেয়ী যখন রাজা দশরথের নিকট হইতে রাম নির্বাসন ও ভরতের রাজ্যপ্রাপ্তির প্রতিজ্ঞা আদায় করিয়া লইলেন তখন অযোধ্যার আবালবৃদ্ধবনিতা মন্থরা ও কৈকেয়ীকে গালি বর্ষণ করিতে লাগিল। শ্রীরামচন্দ্র পূর্বরাত্রে যৌবরাজ্যে অভিষেকের নিমিত্ত

সম্রাক অধিবাস পালন করিয়াছেন। প্রাতে অভিষেকের নিমিত্ত অপেক্ষা করিতেছেন। এই সময়ে কৈকেয়ী কর্তৃক আহুত হইয়া বিমাতার নিকট নির্মম বাক্য শ্রবণ করিলেন। ইহাতে তাঁহার মনে কোনরূপ বিকার উপস্থিত হইল না, বরং কৈকেয়ীকে যেন সান্ত্বনা দিবার জন্য বলিলেন :—

চৌ সুনু জননী সোই সুত বড় ভাগী, জো পিতু মাতু বচন অনুরাগী।
তনয় মাতু পিতু তোষ নিহারা, দুর্লভ জননী সকল সংসারা ॥
দো মুনিগন মিলনু বিসেষি বন, সবহি ভাঁতি হিত মোর।
তেহিনহুঁ পিতু আয়সু বহুরি, সম্মত জননী তোর ॥
চৌ ভরত প্রাণপ্রিয় পাবহিঁ রাজূ, বিধি সব বিধি সনমুখ আজূ।
জো ন জাউঁ বন ঐ সেহু কাজা, প্রথম মানিয় মোহি মূঢ় সমাজা ॥

[হে মাতঃ শুনুন সেই পুত্র ভাগ্যবান, পিতা মাতা বাক্যে যেবা অনুগত প্রাণ।
পিতামাতা পরিতুষ্টি দুর্লভ জগতে, পুত্র কাছে হে জননি জানি ভাল মতে ॥
বিশেষত বনবাসে মুনি মিলনেতে, হইবে কল্যাণ মোর সর্ব প্রকারেতে।
তারোপরে আছে এতে পিতার সম্মতি, আপনারো আজ্ঞা আছে এতে মোর প্রতি ॥
প্রাণ প্রিয় যে ভরত সেই রাজা হবে, বিধি আজ অনুকূল মোরে সর্বভাবে।
এতেও না যাই যদি আমি বনবাসে, মূর্খ মাঝে প্রথমেই মোর নাম আসে ॥]

এই উক্তির মধ্যে গ্লানির চিহ্ন নাই, কাতরোক্তি নাই, অনুযোগ নাই, বরং কর্তব্য সম্পাদনের পরিতৃপ্তি ও আনন্দের আভাস আছে, বাল্মীকির রাম এই নরোত্তমের চরিত্র তুলসীদাসের রাম নির্গুণ ব্রহ্মের এই সগুণ প্রতীক। এই রামই আবার দুশ্চিন্তা ভোগ করেন, বিলাপ করেন, অনুজকে তিরস্কার করেন। মারীচ নিধনের পর প্রত্যাবর্তন কালে পথে লক্ষ্মণকে আসিতে দেখিয়া উৎকণ্ঠিত হইলেন। লক্ষ্মণকে তিরস্কারও করিলেন।

চৌ রঘুপতি অনুজহিঁ আবত দেখা, মনমহ চিন্তা কীন্হ বিসেষা।
জনকসুতা পরিহরেউঁ অকেলী, আয়হু তাত বচন মম পেলী ॥
নিসিচর নিকর ফিরহি বনমাহীঁ, মম মন সীতা আশ্রম নাহিঁ।
অহহ তাত ভল কীন্হেহু নাহী, সীতা বিনা মম জীবন কাহী ॥
[রঘুপতি অনুজেরে আসিতে দেখিয়া, অতীব চিন্তিত মনে কহেন ডাকিয়া।
জনক নন্দিনী বনে রাখি একাকিনী, কেন বৎস এলে মোর বাক্য নাহি মানি ॥
সদাই রাক্ষসগণ ভ্রমিতেছে বনে, জানকী আশ্রমে নাই বলিতেছে মনে।
হায় বৎস কি কহিব ভাল কর নাই, সীতা বিনা এ জীবন রাখিতে না চাই ॥]

রামের এই মানবোচিত আকুলতা পাঠকের মনে যদি সংশয় জন্মায় তাহা অপনোদনের জন্য কয়েক পংক্তি পরে তুলসীদাস লিখিলেন,—

চৌ পুরন কাম রাম সুখ রাসী, মনুজ চরিত কর অজ অবিনাসী।
[পূর্ণকাম রাম যিনি সর্বসুখরাশি, খেলিছেন নরলীলা অজ অবিনাশী ॥]

আদি কবি তাহার গ্রন্থের নামকরণ করিয়াছেন 'রামায়ণ'। অয়ন শব্দের অর্থ—গতি, মার্গ, আশ্রয়। 'রামায়ণ' শব্দের অর্থ নরোত্তম রামের প্রদর্শিত পথ। বাল্মীকির রামচন্দ্র নরমধ্যে শ্রেষ্ঠ আদর্শ, কর্তব্যে স্থির, বিপদে নির্ভীক, সম্পদে সন্ত্রস্ত : সর্বেশ্বর হইয়াও সর্বস্ব বিসর্জন দিতে কার্পণ্য করেন নাই। ইহাই লোকোত্তর চরিত্র। তুলসীদাসের রামচন্দ্র নির্গুণ ব্রহ্মের সগুণ প্রতীক। সীতাদেবীর বিরহে তিনি সগুণ সবিকার, প্রতিটি বৃক্ষ, লতাকে তিনি আকুল ভাবে প্রশ্ন করিতেছেন—"সীতা কোথায়, তোমরা কি আমার প্রাণপ্রিয়া সীতাকে দেখিয়াছ ?" আবার সীতা দেবীর অগ্নিপরীক্ষার সময় তিনি নির্গুণ নির্বিকার। তিনি নরদেহধারী সাক্ষাৎ পরম ব্রহ্ম, তাঁকে ধ্যান করা যায় অনুকরণ করা যায় না। তুলসীদাস সেই কারণে, সম্ভবত, রামচরিত্র বর্ণন গ্রন্থের নামকরণ করিলেন 'রামচরিত মানস'। তুলসীদাসের রামচন্দ্র তাঁহার মানস পটে সদা জাগ্রত। রামচরিত মানসের ছত্রে ছত্রে এই ভাব পরিস্ফুট। 'রামচরিত মানসে' নৈতিক আদর্শ, ধর্মোপদেশ, দার্শনিক ও আধ্যাত্মিক তত্ত্ব প্রভূত পরিমাণে পরিবেশিত ও নিহিত রহিয়াছে। সর্ব সাধারণের জন্য নৈতিক আদর্শের উদাহরণ ও ধর্মোপদেশ স্পষ্টভাবে পরিবেশিত হইয়াছে। যথা :—

দো জড় চেতন গুণ দোষময়, বিস্ব কীন্হ করতার।
সন্ত হংস গুন গহহিঁ পয়, পরিহরি বারি বিকার ॥
[জগতে চেতন জড় যাহা কিছু হয়, সৃষ্টিকর্তা সৃষ্টি করে দোষ গুণ ময়।
গ্রহণ করেন সাধু প্রথায় হংসের, গুণ দুগ্ধ লয়ে তাজি' বিকার জলের ॥]

অন্যত্র গগন চঢ়ৈ রজ পবন প্রসঙ্গা, কীচই মিলই নীচ জল সঙ্গা।
সাধু অসাধু সদন সুকসারী, সুমিরত রাম দেহিঁ গনি গারী ॥
[ধূলিও যে বায়ু যোগে উর্ধ্বগতি পায়, নীচ জলে মিশি' সেই কর্দমাক্ত হয়।
সাধু সঙ্গে শুকশারি রামনাম গায়, অসৎ সঙ্গেতে তারা ব্যস্ত কুকথায় ॥]

জনসাধারণের জন্য আধ্যাত্মিক তত্ত্ব এইরূপ স্পষ্টভাবে পরিবেশিত হয় নাই, তাহা প্রচ্ছন্ন রহিয়াছে। কোন কোন স্থানে 'মানস' পাঠে বা শ্রবণে একটি সহজ ব্যাখ্যা প্রতীয়মান হইবে, যাহা সাধারণের বোধগম্য। উপরন্তু একটি অন্তর্নিহিত আধ্যাত্মিক ব্যাখ্যা জিজ্ঞাসুর নিকট স্ফূর্ত হইবে। বালকাণ্ডে সতীর মোহাচ্ছন্ন অবস্থায় তুলসীদাস লিখিলেন :

চৌ দেখে সিব বিধি বিষ্ণু অনেকা, অমিত প্রভাউ একতে একা।
বন্দন চরণ করত প্রভু সেবা, বিবিধ বেষ দেখে সব দেবা ॥
দো সতী বিধাত্রী ইন্দিরা দেখী, অমিত অনুপ।
জেহি জেহি বেষ অজাদি সুর, তেহি তেহি তন অনুরূপ ॥

জনসাধারণের বোধগম্য অর্থ :—"অনেক শিব ব্রহ্মা বিষ্ণু সতী দেখিলেন, যাঁহাদের প্রভাব একের চেয়ে অন্যের অধিক। তাঁহারা প্রভু রামচন্দ্রের চরণে বন্দনা করিতে করিতে প্রভুর সেবা করিতেছেন, বিবিধ বেশে বা রূপে সকল দেবতাকে সতী দেখিলেন। শিবানী, ব্রহ্মাণী ও ইন্দিরা প্রভৃতিকে সতী অপূর্ব অপরিসীম দেখিলেন। যে যে বেশে বা রূপে অমর দেবতাগণ ছিলেন দেবীগণও অনুরূপ বেশে বা রূপে অপূর্ব ভাবে শোভা পাইতেছিলেন"।

কিন্তু জিজ্ঞাসুর মন এই ব্যাখ্যায় পরিতৃপ্ত হয় না। সতী এ স্থলে প্রভু শ্রীরামচন্দ্রের প্রভাবে হতবুদ্ধি (শ্রীভগবানের প্রভাবে বিশ্বরূপ দর্শনে অর্জুন যেরূপ হতবুদ্ধি হইয়াছিলেন)। সতী ক্ষণপূর্বে দক্ষিণে বামে, সম্মুখে, পশ্চাতে, সর্বত্র রামমূর্তি দর্শন করিয়াছেন। দেখিয়াছেন সিদ্ধ ঋষিগণ শ্রীরামের চরণবন্দনা করিতেছেন। এই সময়ে অন্যান্য দেব-দেবীগণের (সতী নিজেই শিবানী) মহত্ব ও বিচিত্র বেশ বা রূপ দর্শনের কোন সঙ্গত কারণ পাওয়া যায় না। উপরন্তু দেবতাগণের পুরুষোচিত বেশ/রূপ, দেবীগণের নারীসুলভ বেশ/রূপ হওয়াই স্বাভাবিক। সেক্ষেত্রে উভয়ের এক বেশ/রূপ কল্পনাও বিসদৃশ। দেবীগণের ক্ষেত্রে 'তন অনুরূপ' বাক্য অনুধাবন যোগ্য। 'তন' শব্দের অর্থ তনু বা শরীর।

Sir Monier Monier Williams-এর জগদ্বিখ্যাত সংস্কৃত অভিধানে 'বেশ' শব্দের একাধিক অর্থ পাওয়া যায় ; যথা Tenant, dependant, entrance ingress etc. বর্তমান লেখকের বিশ্বাস তুলসীদাস 'বেশ' শব্দের স্থলে ইচ্ছাকৃত 'বেষ' শব্দের ব্যবহার করিয়াছেন (ষত্ব, ণত্ব অনুশাসন না মানিয়া)। 'বেষ' শব্দও বিশুদ্ধ সংস্কৃত শব্দ এবং অর্থ 'পরিধান' (বাংলায় প্রয়োগ নাই)। 'বেষ' শব্দের প্রয়োগে দ্বিত্ব অর্থ প্রকট হইয়াছে ; কিন্তু Entrance বা Ingress অর্থেই তুলসীদাস 'বেষ' শব্দ ব্যবহার করিয়াছেন। এবং তাহা হইলেই পূর্ব উক্ত চৌপাঈ ও দোহার পূর্ববর্ণিত ঘটনার সহিত সামঞ্জস্য রক্ষা হয় উপরন্তু 'অমিত প্রভাউ এক তে একা' ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরের প্রভাব বর্ণনার উদ্দেশ্যে লিখিত হয় নাই, উদ্দেশ্য 'একমেবাদ্বিতীয়ম্' শ্রীরামচন্দ্রের প্রভাব বর্ণনার। এই পরিপ্রেক্ষিতে বর্তমান লেখকের অনুবাদ :—

ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর দেখেন অনেক, অমিত প্রভাব রাম অদ্বিতীয় এক।
চরণে প্রণত হ'য়ে পূজা করে তাঁরে, প্রবেশ করেন সবে তাঁহার ভিতরে ॥
শিবানী ব্রহ্মাণী আর লক্ষ্মী সরস্বতী, দেখেন সবারি মূর্তি অনুপম অতি।
অমর দেবতা যেথা প্রবেশে সকলে, দেবী তনু অনুরূপ পথ ধরি চলে ॥

এই অর্থ গীতার ১১শ অধ্যায়ের ২১ শ্লোকের সমানার্থক—আমি হি ত্বা সুর সঙ্ঘা বিশন্তি···ইত্যাদি। পূর্বেই উল্লেখ করা হইয়াছে যে, রামচরিত মানসে গীতার সারমর্ম সন্নিবেশিত আছে। এ স্থলে তাহা স্পষ্ট হইতেছে, অন্যত্র তুলসীদাস লিখিয়াছেন :—

চৌ০ জপহি নাম জন আতরভারী, মিটহিঁ কুসঙ্কট হোহিঁ সুখারী।
রাম ভক্ত জগ চারি প্রকারা, সুকৃতি চারিউঁ অনঘ উদারা॥
চহু চতুরন কহ নাম অধারা, জ্ঞানী প্রভুহি বিসেষি পিয়ারা।
চহুঁ জুগ চহুঁ শ্রুতি নাম প্রভাউ, কলি বিসেষি নহিঁ আন উপাউ॥
[আর্ত যবে জপে নাম সঙ্কট সময়, সঙ্কট বিহীন হয়ে সুখপ্রাপ্ত হয়।
রামভক্ত আর্ত অর্থী জিজ্ঞাসু ও জ্ঞানী, উদার নিষ্পাপ আর সুকীর্তি সম্মানী॥
সুচতুর চারি ভক্ত নামাধার সম, ইহামধ্যে জ্ঞানী শ্রেষ্ঠ প্রভু প্রিয়তম।
চারি যুগে চারি শ্রুতি নামের প্রভায়, কলিযুগে নাম বিনা না দেখি উপায়॥]

ইহার সহিত গীতার ৭ম অধ্যায় ১৬-১৭ শ্লোক মিলাইয়া দেখিতে অনুরোধ করি।

চতুর্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জুন।
আর্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ॥
তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ॥

তুলসীদাসের শ্রীরামচন্দ্র যে পরমব্রহ্মের প্রতীক তাহা স্পষ্টভাবে শঙ্কর-পার্বতী সংবাদে ব্যক্ত করিয়াছেন ঃ—

চৌ০ বিনু পদ চলই সুনই বিনু কালা, কর বিনু করম করই বিধি নানা।
আনন রহিত সকল রস ভোগী, বিনু বাণী বক্তা বড় জোগী॥
তন বিনু পরস নয়ন বিনু দেখা, গ্রহই ঘ্রাণ বিনু বাস অসেষা।
অস সব বিধি অলৌকিক করনী, মহিমা জাসু জাই নহিঁ বরনী॥

দো০ জেহি ইমি গাবহি বেদ বুধ, জাহি ধরহিঁ মুনি ধ্যান।
সোই দসরথ সুত ভগত হিত, কোসল পতি ভগবান॥
[সর্বত্র গমনশীল বিনা চরণেতে, কর্ণ বিনা সর্ব শ্রুতি যাঁর শ্রবণেতে।
হস্ত বিনা সর্ব কর্ম যাঁর সম্পাদন, সর্ব রস ভোক্তা যিনি বিনা আস্বাদন॥
আনন রহিত যিনি বক্তা সুচতুর, সর্ব শ্রেষ্ঠ যোগী যিনি পরম মধুর।
বিনা ত্বকে সর্ব স্পর্শ যাঁর অনুভূতি, বিনা চক্ষে সর্ব দৃশ্য যাঁহার প্রতীতি॥
সর্ব গন্ধ অনুভূতি ঘ্রাণেন্দ্রিয় বিনা, অলৌকিক মহিমার না যায় বর্ণনা।
এ হেন বর্ণন যাঁর বেদে প্রাজ্ঞজনে, মুনিগণ রূপ যাঁর ধ্যান করে মনে॥
দশরথ সুত তিনি ভক্তের কল্যাণ, কোশলের অধীশ্বর রাম ভগবান।]

ইহার সহিত গীতার ত্রয়োদশ অধ্যায়ে ক্ষেত্রজ্ঞ বর্ণনার সহিত সৌসাদৃশ্য লক্ষ্য করিবার ঃ

সর্বতঃ পাণিপাদং তৎসর্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি॥

সর্বেন্দ্রিয়গুণাভাসং সর্বেন্দ্রিয় বিবর্জিতম্।
অসক্ত সর্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ ॥

কয়েক স্থলে আক্ষরিক অনুবাদে বাংলার অর্থ পরিস্ফুট হয় না, যে সকল স্থানে বর্তমান লেখক ভাবার্থে অনুবাদ করিতে বাধ্য হইয়াছেন, যথা ঃ

দো০ হৌহু কহাবত সবু কহত রাম সহত উপহাস।
সাহিব সীতানাথ সো সেবক তুলসীদাস ॥

আক্ষরিক অনুবাদ করিলে দাঁড়ায় ঃ –

আমি কহি সবে কহে রাম সহে এই উপহাস।
স্বামী সীতানাথ যিনি তাঁরি দাস এ তুলসীদাস ॥

এই আক্ষরিক অনুবাদে অর্থ সুগম হয় না। সে স্থলে ভাবার্থে অনুবাদ ঃ—

'কোথা সীতানাথ কোথা অতি ক্ষুদ্র আমি, সবে কহে আমিও ত কহি মোর স্বামী।
কৃপাময় রঘুনাথ এ তুলসীদাসে, সহেন না দিয়া কান এই উপহাসে ॥

এই দোহা রঘুবংশ মহাকাব্যের প্রারম্ভে কালিদাসের যে নতি স্বীকার আছে তাহার সহিত সমানার্থক।

ক্ব সূর্য প্রভবো বংশ ক্ব চাল্প বিষয়া মতিঃ।
তিতীর্ষু র্দুস্তরং মোহা দুড়ুপেনাস্মি সাগরম্ ॥

কোন কোন স্থানে দোহা চৌপদীর একাধিক অর্থ সম্ভব, যথা ;—

চৌ রামচরিত চিন্তামনি চারু, সন্ত সুমতি তিয় সুভগ সিঙ্গারু।
জগ মঙ্গল গুণগ্রাম রামকে, দানি মুকতি ধন ধরম ধামকে ॥

প্রচলিত অর্থ অনুসারে ঃ—

রাঘব চরিত হয় চারু চিন্তামণি, সাধুর সুমতিরূপী সুবেশা কামিনী।
জগতে মঙ্গল আনে রাম গুণ রাশি, দান করে ধর্ম ধন মুক্তি অবিনাশী ॥

এ স্থলে "সুমতি তিয়" সমাস বাক্য রূপে ব্যবহৃত করিয়া এবং সুকতি ধন পৃথক বাক্য ধরিয়া অর্থ করা হইয়াছে। রামগুণরাশির প্রভাবে জগতে মঙ্গল আনয়ন করে এবং মুক্তি, ধন ও ধর্ম দান করে (মুক্তি ও বিত্ত একসাথে দান কিঞ্চিৎ অসঙ্গতি সূচনা করে)। বর্তমান লেখক সন্ত সুমতি এবং 'তিয়' পৃথক বাক্য ধরিয়া এবং সন্ত-সুমতি ও মুকতি-ধন সমাস বাক্য ধরিয়া এবং 'সুভগ' অর্থে সৌভাগ্য ও শৃঙ্গার অর্থে সিন্দুর ধরিয়া (Ref. Sir Monier Monier Williams Dictionary শৃঙ্গার (Red lead) ইহার অনুরূপ ব্যাখ্যা করিয়াছেন। রামচরিত্রকে স্পর্শমণির সহিত তুলনা করিয়া তাহার কার্যকারণ হিসাবে সাধু-সুমতির উদয় হয় এবং স্ত্রীজাতির সৌভাগ্য সিন্দুর চির দীপ্ত রহে।

[রামগাথা স্পর্শমণি সাধু-সুমতির, সীমন্তে সিন্দুর শোভা সৌভাগ্য সতীর।
জগতে মঙ্গল আনে রাম-গুণরাশি, মুক্তির ঐশ্বর্য আনে ধর্ম অবিনাশী ॥]

সংস্কৃত সাহিত্যে প্রবচন আছে ঃ—

উপমা কালিদাসস্য ভারবেরর্থ গৌরবম্, নৈষধে পদলালিত্যম্ মাঘে সন্তি ত্রয়োগুণা।*

হিন্দী সাহিত্যে এরূপ কোন প্রবচন আছে কিনা জানা নাই। থাকিলে তুলসীদাস নিঃসন্দেহে মাঘের পদ স্থানীয় হইতেন। উৎকৃষ্ট উপমার নিদর্শন কিষ্কিন্ধা কাণ্ডে বর্ষা ও শরৎ ঋতুর বর্ণনায় দৃষ্ট হয় ঃ—

দো লছিমন দেখহু মোরগন, নাচত বারিদ পেখি।
গৃহী বিরতিরত হর্ষ জস, বিষ্ণুভক্তকর দেখি॥
[হের হে লক্ষ্মণ ওই ময়ূর নাচন, মেঘের দর্শন লভি' আনন্দে মগন।
বিরক্ত গৃহীরা সুখী দেখিয়া অন্তরে, বৈরাগী স্বর্বস্ব ত্যাগী বৈষ্ণব সাধুরে॥]

এ স্থলে মেঘের সহিত বিষ্ণুভক্ত বৈরাগী উপমিত হইয়াছে। মেঘ যেমন আপনার সর্বস্ব দান করিয়া তৃষিত তাপিত ধরণীকে তৃপ্ত করে সেইরূপ বিষ্ণুভক্ত বৈরাগীও আপনার সর্বস্ব ত্যাগ করিয়া তাপিত জনকে শান্ত করে।

চৌ বর্ষা বিগত সরদ ঋতু আঈ, দেখহু লছমন পরম সুহাঈ।
ফুলে কাস সকল মহি ছাঈ, জনু বর্ষা কৃত প্রগঠ বুঢ়াঈ॥
বর্ষাগত শরতের প্রকাশ সুন্দর, হের হে লক্ষ্মণ এই ঋতু মনোহর।
কাশ পুষ্পে আচ্ছাদিত সর্ব মহীতল, ঘোষিছে বর্ষার যেন বার্দ্ধক্য প্রবল॥

এ স্থলে শ্বেতশুভ্র কাশ পুষ্পের সহিত বার্দ্ধক্য সূচিত রজতশুভ্র কেশের উপমা। অর্থাৎ বর্ষার বার্দ্ধক্য উপস্থিত হইয়াছে, অচিরেই শরৎ ঋতুর আগমন সূচনা করিতেছে।

অর্থ গৌরবে রামচরিত মানস পরিপ্লাবিত। একটি উদাহরণ দিয়াই ক্ষান্ত হইতে হইবে কেননা উদাহরণ অসংখ্য ঃ—

দো রামনাম মণিদীপ ধরু, জীহ দেহরীঁ দ্বার।
তুলসী ভীতর বাহিরেহুঁ, জৌ চাহসি উজিআর॥
রামনাম মণিদীপ করি প্রজ্বলিত।
দেহদ্বার জিহ্বা পরে কর প্রতিষ্ঠিত॥
আলোকিত চাহে যারা বাহির অন্তর।
তুলসী ভণয়ে শুন হইয়া তৎপর॥

নবদ্বার দেহের প্রধান দ্বার মুখগহ্বর, তাহারি অন্তরে জিহ্বা, যদ্দারা বাণী মূর্তিমতী হয়। সেই জিহ্বার পরে রামনাম রূপ মণিময় প্রদীপ প্রজ্বালন করিলে অন্তর বাহির আলোকিত হইবে ইহাই তুলসীর নম্র নিবেদন। পদলালিত্যের বহু নিদর্শন রামচরিত মানসে ইতস্ততঃ বিন্যস্ত আছে, তন্মধ্যে একটি উদাহরণ এ স্থলে প্রদর্শিত হইল। লক্ষ্য করিবার বিষয় যে ইহা নির্ভুল তোটক ছন্দে রচিত।

* এই প্রবচন কবি মাঘের প্রতি প্রচ্ছন্ন বিদ্রূপ নহে ধরিয়া লইয়া।

ছ জয় রাম সদা সুখধাম হরে, রঘু নায়ক সায়ক চাপ ধরে।
ভব বারণ দারুণ সিংহ প্রভো, গুণ সাগর নাগর নাথ বিভো ॥···
জয় রাম সদা সুখধাম হরে, রঘু নায়ক সায়ক চাপ করে।
ভব ভীষণ হস্তীতে সিংহ সম, গুণ সাগর আগর নাথ মম ॥

তুলসীদাসের কাব্য প্রতি প্রতিভার নিদর্শন ভূরি ভূরি দেখিতে পাওয়া যায়, বিশেষত উত্তরকাণ্ডে কাকভুষণ্ডীকৃত উপদেশাবলীর মাধ্যমে গূঢ় আধ্যাত্মিক তত্ত্ব উপমার সাহায্যে অপূর্ব কাব্যে বর্ণিত। তুলসীদাসের মত ক্ষমতাশালী জ্ঞানী ও ভক্ত কবির পক্ষেই ইহা সম্ভব হইয়াছে।

দো ঔরউ গ্যান ভগতি কর ভেদ সুনহু পরবীণ।
জো সুনি হোহি রামপদ প্রীতি অবছীন ॥
চৌ সুনহ তাত য়হ অকথ কহানী, সমুঝত বনৈ ন জাঈ বখানী।
ঈশ্বর অংস জীব অবিনাসী, চেতন অমল সহজ সুখরাসী ॥

[জ্ঞান ও ভক্তির মাঝে প্রভেদ যা হয়, কহিব তোমারে পুনঃ শুন মহাশয়।
যা শুনিলে রাম পদে প্রীতি অবিচল, রহিবে তোমার মনে সদাই অটল ॥
শুন বৎস কথা সেই বলিব কেমন, বর্ণনা অতীত ইহা শুধু বুঝি মনে।
ঈশ্বরের অবিনাশী জীব অংশ হয়, অমল চৈতন্যরূপী সদা সুখময় ॥]

চৌ সাত্বিকি স্রদ্ধা ধেনু সুহাঈ, জো হরি কৃপা হৃদয় বস আঈ।
তপ ব্রত সংযম নিয়ম অপারা, জো শ্রুতি কহ সুভ ধর্ম অচারা ॥
„ সোই তৃন হরিত চরৈ জব গাঈ, ভাব বৎস সিসু পাই পনহাঈ।
নোইনি বৃত্তি পাত্র বিস্বাসা, নির্মল মন অহীর নিজ দাসা ॥
পরম ধর্মময় পয় দুহি ভাঈ, অবটৈ অনল অকাম বনাঈ।
তোষ মরুত তব ক্ষমা জুড়াবৈ, ধৃতি সম জীবন দেই জমাবৈ ॥
„ মুদিতা মথৈ বিচার মথানী, দম অধার রজু সত্য সুবাণী।
তব মথি কাঢ়ি লেই নবনীতা, বিমল বিরাগ সুভগ সুপুনীতা ॥
দো যোগ অগ্নি করি প্রগট তব, কর্ম সুভাসুভ লাই।
বুদ্ধি সিরাবৈ গ্যান ঘৃত, মমতা মল জরি জাই ॥
„ তব বিগ্যান নিরূপিনী, বুদ্ধি বিসদ ঘৃত পাই।
চিত্ত দিয়া ভরি ধরৈ দৃঢ়, সমতা দিঅটি বনাই ॥

[সাত্বিক শ্রদ্ধার ধেনু যদি কোন দিন প্রভুর কৃপায় কারো হৃদয়ে আসীন।
সংযম নিয়ম ব্রত জপ তপ আর, শ্রুতি যাহা কহে শুভ ধর্মের আচার।
সে হরিৎ তৃণে যবে গাভী বিচরণ, প্রেমরূপী বৎস দেখি দুগ্ধের ক্ষরণ ॥

নিবৃত্তি রজ্জুতে বাঁধি বিশ্বাস পাত্রেতে, নির্মল চিত্তের রূপ শুদ্ধ গোপালেতে।
পরম ধর্মের রূপ দুগ্ধ দুহি' তা'কে, জ্বাল দিয়া গাঢ় করি নিষ্কাম পাবকে ॥
সন্তোষ ও ক্ষমা রূপ শীতল বায়ুতে, জুড়াইয়া ধৃতি বীজে দধি করি তাতে।
বিচার মন্থন দণ্ডে প্রসন্ন মনেতে, দম পাত্র নম্র বাণী সত্যের রজ্জুতে ॥
মন্থন করিয়া ল'ন শুভ্র নবনীত, বিমল বৈরাগ যাহা পরম পুনীত।
শুভাশুভ কর্মরূপ ইন্ধন সকলি, যোগাগ্নি জ্বালায় তাতে নবনীত গলি ॥
সকল মমতা জ্বলি হইলে অম্লান, বুদ্ধিতে শীতল করি জ্ঞান ঘৃত পান।
বিজ্ঞান নির্ণয়কারী স্থির বুদ্ধি তবে, পাইয়া বিশুদ্ধ ঘৃত এই যোগাহবে ॥
চিত্তের প্রদীপ ভরি সাম্য দীপাধারে, রাখে সে প্রদীপ খানি অতি যত্নভরে।]

তুলসীদাস প্রধানত 'দোহা', 'চৌপাঈ' (চৌপদী) ছন্দে রামচরিত মানস রচনা করিয়াছেন। কোন কোন স্থলে 'সোরঠা' ও 'ছন্দ 'ব্যবহার করিয়াছেন। 'দোহা' হিন্দী কাব্যে এক প্রকার ছন্দোবদ্ধ রচনা। ইহা চার চরণে, দুই পংক্তিতে গ্রথিত। প্রথম ও তৃতীয় চরণ ১৩ মাত্রায় এবং দ্বিতীয় ও চতুর্থ চরণ ১১ মাত্রায়। দ্বিতীয় ও চতুর্থ চরণ মিত্রাক্ষর অর্থ গৌরবের উদাহরণে দোহা ছন্দ প্রদর্শিত হইয়াছে।

চৌপাঈ আর এক প্রকার হিন্দীকাব্য ছন্দ, ইহা চার চরণে, দুই পংক্তিতে গ্রথিত হয়। প্রতি চরণে ১৬ মাত্রা, প্রথম ও দ্বিতীয় চরণ মিত্রাক্ষর, তৃতীয় ও চতুর্থ চরণও মিত্রাক্ষর। প্রতি চরণের শেষ অক্ষর দীর্ঘ। কোন কোন স্থানে অর্দ্ধ চৌপাঈ দেখা যায়। 'চৌপাঈ' ছন্দ বাংলা চৌপদী ছন্দের তুল্য, তবে পার্থক্য মাত্রায়; চৌপাঈ ষোল মাত্রা এবং চৌপদী চৌদ্দ মাত্রা। সোরঠা,—ইহা দোহার সমতুল্য, চার চরণে, দুই পংক্তিতে গ্রথিত, প্রভেদ এই যে, ইহাতে প্রথম ও তৃতীয় চরন ১১ মাত্রা (দোহায় ১৩ মাত্রা) এবং মিত্রাক্ষর; দ্বিতীয় ও চতুর্থ চরণ ১৩ মাত্রা (দোহায় ১১ মাত্রা) এই দুই চরণ মিত্রাক্ষর বা অমিত্রাক্ষর উভয়বিধ হইতে পারে (দোহায় ২য় ও ৪র্থ চরণ সর্বদা মিত্রাক্ষর)। দোহা ও চৌপাঈ'র উদাহরণ ইতিপূর্বে বহু স্থানে প্রদর্শিত হইয়াছে। সোরঠার উভয় বিধ উদাহরণ নিম্নে প্রদত্ত হইল ঃ—

সো০ কুন্দ ইন্দু সম দেহ, উমা রমন করুনা অয়ন। ১ম ও ৩য় এবং
জাহি দীন পর নেহ, করউ কৃপা মর্দন ময়ন ॥ ২য় ও ৪র্থ মিত্রাক্ষর
" বন্দউ গুরুপদ কঞ্জ, কৃপাসিন্ধু নররূপ হরি। ১ম ও ৩য় মিত্রাক্ষর
মহা মোহ তম পুঞ্জ, জাসু বচন রবিকর নিকর ॥ ২য় ও ৪র্থ অমিত্রাক্ষর
১। ইন্দু সম শুভ্র দেহ কুন্দ পুষ্প জিনি, উমাপতি মন্মথের ভস্মকর্তা তিনি।
করুণা সাগর শিব সদা স্নেহ দীনে, কৃপা করি কর দয়া অধম অধীনে ॥
২। অগাধ কৃপার সিন্ধু নররূপী হরি, গুরুর চরণ পদ্মে আমি নতি করি।
তমরূপ মহা মোহ যাঁর উপদেশে, ধ্বংস হয় সূর্য যথা সর্ব তম নাশে ॥

অপর কয়েকটি ছন্দোবদ্ধ রচনা রামচরিত মানসে দৃষ্ট হয়। তুলসীদাস তাহার সাধারণ নাম দিয়াছেন 'ছন্দ'। এই ছন্দ মধ্যে বহু বিধিবদ্ধ হিন্দী ও সংস্কৃত ছন্দ যথা, 'তোটক' তোমর', 'ভূজঙ্গ প্রয়াত' ইত্যাদি ছন্দও আছে। পদলালিত্যের উদাহরণে 'তোটক' ছন্দ প্রদর্শিত হইয়াছে।

হিন্দী ভাষায় সংস্কৃতের ন্যায় হ্রস্ব দীর্ঘ উচ্চারণ অত্যন্ত প্রকট। হ্রস্ব উচ্চারণে এক মাত্রা, দীর্ঘ ও যুক্তাক্ষরের, পূর্ব বর্ণ উচ্চারণে দুই মাত্রা। হিন্দী পদ্য কাব্যের মাত্রা এই উচ্চারণ নির্ভর। বাংলা উচ্চারণে এইরূপ সুনির্দিষ্ট বিধিনিষেধ নাই। হিন্দী ছন্দ দোহা, সোরঠা ইত্যাদির অনুরূপ ছন্দ বাংলায় বিরল। এই কারণে অনুবাদে দোহা সোরঠা ইত্যাদির স্থানে ৮, ৬ মাত্রায় পয়ার ছন্দ সাধারণত ব্যবহৃত হইয়াছে। কোন কোন স্থানে অন্য ছন্দ ব্যবহৃত হইলেও তাহা ব্যতিক্রম হিসাবে ধরা যাইতে পারে।

কোন কোন বিশেষজ্ঞের মতে উত্তরকাণ্ড বাল্মীকি রামায়ণে উত্তরকালে প্রক্ষিপ্ত। তাঁহারা যে সকল কারণ দেখান তাহা নিতান্ত অবহেলা করিবার যোগ্য নহে। বাল্মীকি রামায়ণের অতি প্রাচীন খণ্ডে উত্তর কাণ্ড পাওয়া যায় না। উপরন্তু বাল্মীকি রামায়ণের যুদ্ধকাণ্ডের লঙ্কাকাণ্ডের শেষ ভাগে রামচন্দ্রের অযোধ্যায় প্রত্যাবর্তন, রাজ্যাভিষেক, রাজ্যপালন এবং সভ্রাতা ও সপুত্র অনেক বার যজ্ঞানুষ্ঠান করার উল্লেখ আছে। অতএব বাল্মীকি রামায়ণে যুদ্ধকাণ্ডেই শ্রীরামচন্দ্রের পুত্র লাভের ইঙ্গিত আছে। এবং অবশেষে রামায়ণ পাঠ বা শ্রবণের ফলশ্রুতি আছে। ফলশ্রুতি বর্ণনের সাথে সাথে গ্রন্থ সমাপ্ত ধরিয়া লওয়া অযৌক্তিক নহে। এই কারণেই সম্ভবত, তুলসীদাস তাঁহার রামচরিত মানসে সীতা-বিসর্জন, লক্ষ্মণ-বর্জন ইত্যাদি প্রসঙ্গ গ্রহণ করেন নাই। অপিচ রামায়ণ সপ্তকাণ্ডে সম্পূর্ণ করিবার জন্য উত্তরকাণ্ড যোগ করিয়া তাহাতে কুশীলবের জন্ম, রাম মাহাত্ম্য, দার্শনিক ও আধ্যাত্মিক তত্ত্ব পরিবেশন করিয়াছেন। যেহেতু তুলসীদাসের উত্তর কাণ্ডে সীতা বিসর্জ্জন, লক্ষ্মণ বর্জন ইত্যাদি প্রসঙ্গ নাই, উত্তরকালে অষ্টম কাণ্ড, লবকুশ কাণ্ড নামে রামচরিত মানসে প্রক্ষেপ করা হইয়াছে। লবকুশ কাণ্ডের ভাষা, কবিত্ব ও রুচি মূলগ্রন্থ অপেক্ষা নিকৃষ্ট। উপরন্তু লবকুশ কাণ্ডের প্রস্তাবনায় সংস্কৃত ভাষায় লিখিত কোন মঙ্গলাচরণ নাই। সম্ভবত ঐ কাণ্ডের রচয়িতার/রচয়িতাগণের সংস্কৃত সাহিত্যে অধিকার তুলসীদাস অপেক্ষা নিকৃষ্ট ছিল। লবকুশ কাণ্ডে সীতার বিসর্জন, লবকুশের জন্ম, লক্ষ্মণ বর্জন ইত্যাদি প্রসঙ্গ আছে বলিয়া সাধারণ পাঠকের জন্য তাহার অনুবাদও মূলগ্রন্থের সহিত প্রদত্ত হইল।

দুঃখের বিষয় যে, তুলসীদাসের এই অপূর্ব গ্রন্থ বঙ্গদেশে বহুল প্রচারিত নহে। ইহার কারণ সম্ভবত দ্বিবিধ। প্রথমত—তুলসীদাসের পূর্বে বাঙ্গালী কবি কৃত্তিবাস সহজ বাংলা ভাষায় রামায়ণ রচনা করিয়া গিয়াছেন। মাতৃভাষায় লিখিত এই রামায়ণ বঙ্গের প্রায় প্রতি গৃহে সুপ্রতিষ্ঠিত। দ্বিতীয়ত হিন্দী ভাষায়, বিশেষত গ্রাম্য হিন্দী ভাষায়

অধিকাংশ বঙ্গসন্তানের পরিপূর্ণ অজ্ঞতা। উপরন্তু, তুলসীদাসের রামচরিত মানসে, রামায়ণের মূল আখ্যান ছাড়াও, নৈতিক ও পারমার্থিক তত্ত্ব প্রভূত পরিমাণে পরিবেশিত হইয়াছে। ভাষা অজ্ঞতার বাধা অপসারিত করিয়া ভক্ত ও জিজ্ঞাসু ব্যতিরেকে অন্য কেহ এই গ্রন্থের সম্যক মূল্য দানে উৎসাহী হ'ন নাই। ভাষা অজ্ঞতার অন্তরায় দূর করিলে এই গ্রন্থ বঙ্গবাসীর নিকট আদরনীয় হইবে এই আশায় ৺সতীশচন্দ্র দাশগুপ্ত মহাশয় এবং পরবর্তী-কালে ৺শ্রীমৎ সীতারাম দাস ওঁকারনাথ রামচরিত মানসের গদ্যে বঙ্গানুবাদ করিয়াছেন। গদ্য মানুষের মনকে ছন্দোবদ্ধ পদ্যের ন্যায় সাড়া দেয় না। সম্ভবত সেই কারণে দাশগুপ্ত মহাশয়ের বঙ্গানুবাদ পুনর্মুদ্রণ অভাবে বর্তমানে দুষ্প্রাপ্য, শ্রীমৎ সিতারাম দাস ওঁকারনাথ কৃত অনুবাদ এ পর্যন্ত পুস্তকাকারে আত্মপ্রকাশ করে নাই। এই মহাগ্রন্থ পাঠে বর্তমান লেখকের মনে যে অনুসন্ধিৎসা ও অনুপ্রেরণা জাগ্রত হয় তাহারই ফলে এই মহাগ্রন্থের বাংলাভাষায় পদ্যানুবাদের প্রচেষ্টা।

রামচরিত মানসের বহু হিন্দী সংস্করণ প্রকাশিত হইয়াছে। এই সকল সংস্করণের মধ্যে লিপ্যন্তর ও পাঠভেদ দৃষ্ট হয়। ভাষ্যকারগণের মধ্যে কোন কোন স্থানে মতভেদ লক্ষিত হয়। যে ভাষ্য পূর্বাপর বিবৃতির অনুপন্থী অনুবাদক তাহাই গ্রহণ করিয়াছেন। কোন কোন স্থানে অনুবাদক নিজ বুদ্ধিতে যাহা বুঝিয়াছেন তাহাই অনুবাদে গ্রহণ করিয়াছেন। এই অনুবাদ প্রধানত আগ্রা নিবাসী পণ্ডিত রামেশ্বর ভট্ট সম্পাদিত, বোম্বাই নির্ণয় সাগর যন্ত্রালয় হইতে প্রকাশিত রামায়ণ হইতে করা হইয়াছে। এই সংস্করণে অথক্ষেপক বিজ্ঞপ্তিতে প্রক্ষিপ্ত অংশে দোহা, চৌপায়ী বহু স্থানে সন্নিবেশিত আছে। অনুবাদক সকল প্রক্ষিপ্ত অংশ গ্রহণ করেন নাই। কিষ্কিন্ধা কাণ্ডে যে স্থালে প্রক্ষিপ্ত অংশ পরবর্তী মূল অংশের অর্থ গ্রহণে সাহায্য করে শুধু সেই প্রক্ষিপ্ত অংশ অনুবাদে গৃহীত হইয়াছে। অন্যত্র প্রকাশিত গ্রন্থ হইতেও সাহায্য গ্রহণ করা হইয়াছে। এই সকল গ্রন্থাবলীর নিকট অনুবাদক ঋণী এবং তজ্জন্য তিনি অকৃপণ কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন। এই বিরাট গ্রন্থের অনুবাদ কর্মে যাঁহারা বর্তমান লেখককে সাহায্য ও উৎসাহিত করিয়াছেন তাঁহাদিগকে, বিশেষ করিয়া, বারাণসীর শিবায়ন নিবাসিনী শ্রীমতী লীলাবতী (ভট্টাচার্য) দেবীকে, বারাণসী হিন্দু বিশ্ববিদ্যালয়ের বাংলার ভাষার প্রধান অধ্যাপক ডাঃ শুকদেব সিংহ মহাশয়কে ও কলিকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দর্শনশাস্ত্রের প্রধান অধ্যাপক শ্রীগোপীনাথ ভট্টাচার্য এম. এ. পি. আর. এস মহাশয়কে অনুবাদক তাহার আন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়া কৃতার্থ বোধ করিতেছেন। ভূতপূর্ব কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী, ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয়ের নিঃস্বার্থ ও আন্তরিক প্রচেষ্টায় এই গ্রন্থ প্রকাশ সম্ভব হইয়াছে তজ্জন্য গ্রন্থকার তাহার নিকট চিরকৃতজ্ঞ রহিলেন।

বর্তমান লেখক কৃতজ্ঞতা জ্ঞাপনে তাঁহার সহধর্মিনীকে (শ্রীমতী পারুল দেবীকে)

বিব্রত করিতে চাহেন না। কিন্তু সেই মহিলার অফুরন্ত উৎসাহ, উদ্দীপনা ও সাহায্য ব্যতিরেকে এই পদ্যানুবাদ কর্ম কোন ক্রমেই সম্ভব হইত না।

ওঁ তৎ সৎ

শ্রীসনৎকুমার (শর্ম) মজুমদার।

অনুবাদকের নতি স্বীকার ও প্রার্থনা

শ্রীরামচরিত শ্রীতুলসী কৃত অপূর্ব পুস্তক।
অনুবাদ আশা বাঙালীর ভাষা করি নত মস্তক ॥
শ্রীমধুসূদন সরস্বতী কন সচল তুলসী বনে।
আনন্দে আকুল কাব্য মুকুল শ্রীরাম মধুপ সনে ॥
তুলসী ছন্দ বর্ণ গন্ধ সাধ্য অতীত সম।
তথাপি চিত্তে দিবস রাত্রে তীব্র আকুতি সম ॥
শ্রীরাম বিভূতি ছড়াইব নিতি বঙ্গ সমাজ মাঝে।
এ সুধা সেবনে বাঙালীর মনে নিত্য সকল কাজে ॥
অভিমান হীন কামনা বিহীন জাগিবে কর্ম নিষ্ঠা।
এ আশা হৃদয়ে রাম পদদ্বয়ে প্রণমি করিব চেষ্টা ॥
জাগো মা জননী বাণী বীণাপাণি রচিব চরিত পদ্যে।
করি নিবেদন যত সাধুজন প্রণামি চরণ পদ্মে ॥

শ্রীসনৎকুমার মজুমদার (শর্মনঃ)

ওঁ

নারায়ণে নমস্কার নরোত্তমে নমি।
সরস্বতী বাল্মীকি ও ব্যাসেরে প্রণমি॥
সর্ব সুধিজনে মোর নত করি মাথা।
আরম্ভ করিব আমি রঘুনাথ গাথা॥

শ্রীরামচরিত মানস

বালকাণ্ড

মঙ্গলাচরণ

শ্লোক ০ ১ বর্ণানামর্থসংঘানাং রসানাং ছন্দসামপি।
মঙ্গলানাং চ কর্তারৌ বন্দে বাণীবিনায়কৌ ॥
" ২ ভবানীশঙ্করৌ বন্দে শ্রদ্ধাবিশ্বাসরূপিণৌ।
যাভ্যাং বিনা ন পশ্যন্তি সিদ্ধাঃ স্বান্তঃস্থমীশ্বরম্ ॥
" ৩ বন্দে বোধময়ং নিত্যং গুরুং শঙ্কররূপিণম্।
যমাশ্রিতো হি বক্রোঽপি চন্দ্রঃ সর্বত্র বন্দ্যতে ॥
" ৪ সীতারামগুণগ্রামপুণ্যারণ্যবিহারিণৌ।
বন্দে বিশুদ্ধবিজ্ঞানৌ কবীশ্বরকপীশ্বরৌ ॥
" ৫ উদ্ভবস্থিতিসংহারকারিণীং ক্লেশহারিণীম্।
সর্বশ্রেয়স্করীং সীতাং নতোঽহং রামবল্লভাম্ ॥
" ৬ যন্মায়াবশবর্তি বিশ্বমখিলং ব্রহ্মাদিদেবাসুরা
যৎসত্ত্বাদমৃষৈব ভাতি সকলং রজ্জৌ যথাহের্ভ্রমঃ।
যৎপাদপ্লবমেকমেব হি ভবাম্ভোধেস্তিতীর্ষাবতাং
বন্দেঽহং তমশেষকারণপরং রামাখ্যমীশং হরিম্ ॥
" ৭ নানাপুরাণনিগমাগমসম্মতং যদ্,
রামায়ণে নিগদিতং ক্বচিদন্যতোঽপি।
স্বান্তঃসুখায় তুলসী রঘুনাথগাথা—
ভাষানিবন্ধমতিমঞ্জুলমাতনোতি ॥

সো ০ ১ জোসুমিরত সিধি হোই, গননায়ককরিবরবদন।
করউ অনুগ্রহ সোই, বুদ্ধিরাসি সুভগুন সদন ॥
" ২ মূক হোই বাচাল, পংগু চঢ়ই গিরিবরগহন।
জাসু কৃপাঁ সো দয়াল, দ্রবউ সকল কলিমলদহন ॥
" ৩ নীলসরোরুহ স্যাম, তরুণ অরুণ বারিজ নয়ন।
করউ সো মম উরধাম, সদা ছীরসাগর সয়ন ॥
" ৪ কুন্দ ইন্দু সম দেহ, উমা রমন করুনা অয়ন।
জাহি দীন পর নেহ, করউ কৃপা মর্দন ময়ন ॥

বালকাণ্ড

মঙ্গলাচরণ

শ্লোক ১ বর্ণমালা অর্থবোধ রসবোধ আর, ছন্দের বিচিত্র গতি মঙ্গল আধার।
নিয়ন্ত্রণ কর্ত্তাদ্বয়ে মাতা সরস্বতী, গণপতি সিদ্ধিদাতা জানাই প্রণতি॥

„ ২ পার্বতী শঙ্কর দোঁহে জানাই প্রণাম, শ্রদ্ধা ও বিশ্বাস রূপে হৃদে বর্তমান।
যাহা বিনা সিদ্ধগণ না পা'ন দেখিতে, হৃদিস্থিত হৃষীকেশে অন্য কোন মতে॥

„ ৩ জ্ঞানের আকর গুরু নমি তাঁর পদ, শঙ্কর রূপেতে যাঁর সকল সম্পদ।
যাঁহার আশ্রয়ে রহি বক্র শশধর, হইলেও অর্ধ ম্লান পূজ্য নিরন্তর॥

„ ৪ সীতারাম গুণগ্রামে বনানী প্রান্তর, ব্যাপ্ত যাহা বিশ্বারণ্যে তাহারি অন্তর।
এখনো প্রচারশীল শ্রেষ্ঠ জ্ঞানিদ্বয়ে, কবিশ্রেষ্ঠ, কপিশ্রেষ্ঠ প্রণমি উভয়ে॥

„ ৫ সৃষ্টি স্থিতি লয় কর্ত্রী মর্ত্যের ঈশ্বরী, সর্বক্লেশ-হরা মাতঃ সর্বশ্রেয়স্করী।
সীতাদেবী তব পদে নত মোর কায়, রামভদ্রপ্রিয়া কর কৃতার্থ আমায়॥

„ ৬ যাঁর মায়া বশবর্তী বিশ্বময় সবে, ব্রহ্মা আদি দেবাসুর নরগণ ভবে।
যাঁর সত্তাগুণে সবই অনৃত ভুবনে, সর্পবৎ ভ্রম জন্মে রজ্জু দেখে মনে।
অশেষ কারণ শ্রেষ্ঠ রাম নামে হরি, জোড়করে বন্দি আমি দিবানিশি স্মরি॥

„ ৭ পুরাণাদি শাস্ত্রগ্রন্থে রামায়ণে যথা, ক্বচিৎ অন্যত্র হ'তে রঘুনাথ গাথা।
একত্র করিয়া আত্ম সুখের আশায়, তুলসী বিবৃত করে মঞ্জুল ভাষায়॥

সো। ১ যাঁহারে স্মরণ করি' সিদ্ধি লাভ হয়, গজেন্দ্র বদন যাঁর বুদ্ধির আশয়।
সর্ব-গুণ-ধাম যিনি সেই গণপতি, কৃপা কর মোরে প্রভু জানাই প্রণতি॥

„ ২ যাঁর কৃপা হ'লে মূক বাচালতা পায়, পঙ্গু যাঁর কৃপা স্পর্শে গিরি পার হয়।
কলির কলুষ যিনি নাশেন সংসারে, হে দয়াল কৃপা করি দয়া কর মোরে॥

„ ৩ সুনীল কমলপ্রভা-গাত্রবর্ণ যাঁর, অরুণাভ পদ্মকলি নয়ন যাঁহার।
ক্ষীরোদ সাগর শায়ী সেই নারায়ণ, হৃদয়ে বিরাজ মম সদা সর্বক্ষণ॥

„ ৪ ইন্দুসম শুভ্র দেহ কুন্দ পুষ্প জিনি, উমাপতি মন্মথের ভস্মকর্তা যিনি।
করুণাসাগর শিব সদা স্নেহ দীনে, কৃপা করি কর দয়া অধম অধীনে॥

গু রু ব ন্দ না

সো। ৫ বন্দউ গুরুপদ কঞ্জ, কৃপা সিন্ধু নররূপ হরি।
মহামোহ তম পুঞ্জ, জাসু বচন রবিকর নিকর ॥

চৌ ০ ১ পন্দউ গুরুপদ পদুমপরাগা, সুরুচি সুবাস সরম অনুরাগা।
অমিয় মূরিময় চূরণ চারু, সমন সকল ভব রুজ পরিবারু ॥

„ ২ সুকৃতি সম্ভুতন বিমল বিভূতী, মঞ্জুল মঙ্গল মোদ প্রসূতী।
জগমন মঞ্জু মকুর মল হরনী, কিএঁ তিলক গুনগন বসকরনী ॥

„ ৩ শ্রীগুরুপদনখ মনি গন জোতী, সমিরত দিব্য দৃষ্টি হিয়ঁ হোতী।
দশন মোহতম সো সপ্রকাসূ, বড়ে ভাগ উর আবই জাসূ ॥

„ ৪ উঘরহিঁ বিমল বিলোচনহী কে, মিটহিঁ দোষ দুখ ভবরজনী কে।
মুখহি রামচরিত মনি মানিক, গুপুত প্রগট জহঁ জো জেহি খানিক ॥

দো ০ ১ জথা সুঅঞ্জন অঞ্জি দৃগ, সাধক সিদ্ধ সুজান।
কৌতুক দেখত সৈল বন, ভূতল ভূরি নিধান ॥ ১

চৌ ০ ১ গুরুপদ রজমৃদু মঞ্জুল অঞ্জন, নয়ন অমিয় দৃগ দোষ বিভঞ্জন।
তেহিঁ করি বিমল বিবেক বিলোচন, বরনউঁ রাম চরিত ভব মোচন ॥

স ন্ত ব ন্দ না

„ ২ বন্দউঁ প্রথম মহীসুর চরনা, মোহজনিত সংসয় সব হরনা।
সুজন সমাজ সকল গুন খানী, করউঁ প্রনাম সপ্রেম সুবানী ॥

„ ৩ সাধু চরিত সুভ চরিত কপাসূ, নিরস বিসদ গুণময় ফল জাসূ।
জো সহি মুখ পরছিদ্র দুরাবা, বন্দনীয় জেহি জগ জস পারা ॥

„ ৪ মুদ মঙ্গলময় সন্ত সমাজূ, জো জগ জঙ্গম তীরথরাজূ।
রাম ভক্তি জঁহ সুরসরি ধারা, সরসই ব্রহ্ম বিচার প্রচারা ॥

„ ৫ বিধি নিষেধ ময় কলিমল হরনী, করমকথা রবিনন্দনি বরনী।
হরিহর কথা বিরাজতি বেনী, সুনত সকল মুদ মঙ্গল দেনী ॥

„ ৬ বটু বিশ্বাস অচল নিজ ধরমা, তীরথরাজ সমাজ সুকরমা।
সবহি সুলভ সব দিন সব দেসা, সেবত সমন কলেসা ॥

„ ৭ অকথ অলৌকিক তীরথরাউ, দেহ সদ্য ফল প্রকট প্রভাউ।

দো ০ ২ সুনি সমুঝহিঁ জনমুদিত মন, মজ্জহিঁ অতি অনুরাগ।
লহহিঁ চারি ফল অছত তনু, সাধু সমাজ প্রয়াগ ॥

চৌ ০ ১ মজ্জনফল পেখিঅ ততকালা, কাক হোহিঁ পিক বকউ মরালা।
সুনি আচরজ করি জনি কোঈ, সতসংগতি মহিমা নহি গোঈ ॥

গুরুবন্দনা

সো ৫ অগাধ কৃপার সিন্ধু নররূপী হরি, গুরুর চরণ পদ্মে আমি নতি করি।
তমোরূপ মহামোহ যাঁর উপদেশে, ধ্বংস হয়, যথা সূর্য সর্ব তম নাশে ॥

চৌ ১ গুরুপদ-রজ বন্দি কমল পরাগ, সুরুচি সুগন্ধ যার, রস অনুরাগ।
সঞ্জীবনী মূল চূর্ণ অতি চমৎকার, সর্ব ভব রোগ হরে পদরজ তাঁর ॥

" ২ শম্ভুগাত্রে বিভূতির সম হিতকারী, সুন্দর মঙ্গল সুখে করে অধিকারী।
ভক্ত মন সুদর্পণে মলিনতাহারী, ললাটে তিলক হ'লে গুণবশকারী ॥

" ৩ শ্রীগুরু চরণ-নখ হীরকের জ্যোতি, স্মরণ মাত্রেই হৃদে দিব্যদৃষ্টি দ্যুতি।
প্রকাশেতে নাশ করে অজ্ঞানতা মোহ, হৃদে যার ভাগ্যবান নাহিক সন্দেহ ॥

" ৪ উন্মীলিত হয় তার বিমল লোচন, ভব নিশা অজ্ঞানতা দুঃখ বিমোচন।
রামের চরিত্র মণি সে খনিতে রয়, গুপ্ত বা প্রকট যাহা বোধগম্য হয় ॥

দো ১ সুঅঞ্জন নেত্রে আঁকি সিদ্ধার্থ সাধকে, জ্ঞান নেত্রে চেয়ে দেখে অতীব কৌতুকে।
পর্বত কান্তার সহ ভূতলের মাঝে, প্রভুর লীলার খেলা কেবলি বিরাজে ॥

চৌ ১ গুরু পদরজ মানি মনোজ্ঞ অঞ্জন, নয়নে আঁকিলে হয় দোষ নিরঞ্জন।
তাহাতে উন্মুক্ত করি জ্ঞানের নয়ন, বিরচিব রামলীলা সংসার মোচন ॥

সন্তবন্দনা

" ২ প্রথম পার্থিব দেব ব্রাহ্মণ চরণ, প্রণমি সকল মোহ সংশয় মোচন।
সাধুজন সর্বলোক সর্বগুণ খনি, সপ্রেমে প্রণমি আমি ছন্দেতে বাখানি ॥

" ৩ সাধুর চরিত্র জানি কার্পাস সমান, নিরস অথচ শুভ্র ফল করে দান।
নিজে দুঃখ সহি' ক'রে পর দুঃখ দূর, বন্দনীয় যশ তার জগতে প্রচুর ॥

" ৪ মঙ্গল আনন্দময় সাধুর সমাজ, সঙ্গ লাভে পুণ্য যেন যাত্রা তীর্থরাজ।
রামভক্তি যার মনে ভাগীরথী ধারা, ব্রহ্মার্থ বিচারে যেন সরস্বতী তারা ॥

" ৫ বিধি ও নিষেধময় কর্ম-কথা যত, কলি যুগে পাপ হরে যমুনার মত।
হরি হর পুণ্যকথা বেণীবদ্ধ রূপে, শ্রবণে আনন্দ জাগে মঙ্গল স্বরূপে ॥

" ৬ নিজ ধর্মে নিষ্ঠা যার বট বৃক্ষ সম, সদাচার ধর্ম নিষ্ঠা তীর্থ মহোত্তম।
সুলভ সবার কাছে সর্ব কালে দেশে, সাদরে গ্রহণ হ'লে ভব ক্লেশ নাশে ॥

" ৭ বাক্যের অতীত আর অলৌকিক সীমা, এ তীর্থরাজের হয় প্রত্যক্ষ মহিমা ॥

দো ২ শুনিয়া বুঝিয়া সাধু উপদেশ বাণী, প্রেম ভরে অনুরাগে যাঁহারা আপনি।
বিগলিত হ'ন তাঁরা দেহধারী কায়, চতুর্বর্গ ফল লাভ করেন ধরায় ॥

চৌ ১ প্রেমে নিমজ্জন ফল সাথে সাথে ফলে, বায়স কোকিল রূপে বক সে মরালে।
শুনিয়া কারো না যেন অবিশ্বাস হয়, সৎসঙ্গ মহিমা কভু গুপ্ত নাহি রয় ॥

চৌ ২ বালমীক নারদ ঘটজোনী, নিজনিজ মুখনি কহী নিজ হোনী।
জলচর থলচর নভচর নানা, জে জড় চেতন জীব জহাঁনা ॥
„ ৩ মতি কীরতি গতি ভূতি ভলাঈ, জব জেহিঁ জতন জঁহা জেহিঁ পাঈ।
সো জানব সত সংগ প্রভাউ, লোকহুঁ বেদ ন আন উপাউ ॥
„ ৪ বিনু সতসংগ বিবেক ন হোঈ, রাম কৃপা বিনু সুলভ ন সোঈ।
সত সংগত মুদ মংগল মূলা, সোঈ ফল সিধি সব সাধন ফুলা ॥
„ ৫ সঠ সুধরহিঁ সতসংগতি পাই, পারস পরস কুধাত সুহাঈ।
বিধিবস সুজন কুসংগত পরহী, ফনি মনি সম নিজ গুন অনুসরহী ॥
„ ৬ বিধি হরিহর কবি কোবিদ বানী, কহত সাধু মহিমা সকুচানী।
সো মো সন কহি জাত ন কৈসে, খাক বণিক মনিগুন গন জৈসে ॥

দো০ ৩ বন্দউঁ সন্ত সমান চিত, হিত অনহিত নহিঁ কোই।
অঞ্জলি গত সুভসুমন জিমি, সম সুগন্ধ কর দোই ॥
৪ সন্ত সরল চিত জগত হিত, জানি সুভাউ সনেহু।
বাল বিনয় সুনি করি কৃপা, রাম চরন রতি দেহু ॥

খ ল ব ন্দ না

চৌ০ ১ বহুরি বন্দ খলগন সতি ভায়েঁ, জে বিনু কাজ দাহিনেহু বাএঁ।
পরহিত হানি লাভ জিন্‌হ কেরেঁ, উজরেঁ হরষ বিষাদ বসেরেঁ ॥
কহত সুনত পর অঘ ন অঘাহী, জে পৃথু শেষ সরিস জগ মাহীঁ।
„ ২ হরিহর জস রাকেস রাহু সে, পর অকাজ ভট সহস বাহু সে ॥
জে পর দোষ লখহিঁ সহসাখী, পরহিত ঘৃত জিন্‌হকে মন মাখী।
„ ৩ তেজ কৃসানু রোষ মহিষেসা, অঘ অরগুন ধন ধনী ধনেসা ॥
উদয় কেত সম হিত সবহী কে, কুম্ভকরন সম সোরত নীকে।
„ ৪ পর অকাজু লগি তনু পরিহরহীঁ, জিমি হিম উপল কৃষী দলি গরহীঁ ॥
বন্দউঁ খল জস সেষ সরোষা, সহস বদন বরনই পর দোষা।
„ ৫ পুনি প্রনবউঁ পৃথুরাজ সমানা, পর অঘ সুনই সহস দস কানা ॥
বহুরি সক্র সম বিনরউঁ তেহী, সন্তন সুরানীক হিত জেহী।
„ ৬ বচন বজ্র জেহি সদা পিয়ারা, সহস নয়ন পর দোষ নিহারা ॥

চৌ ২ বাল্মীকি নারদ আর ব্রহ্মর্ষি অগস্ত্য, বলেছেন নিজ নিজ বৃত্তান্ত সমস্ত।
স্থলে জলে নভস্থলে নানা প্রাণী মাঝে, জড় বা চেতন যাহা জগতে বিরাজে ॥

,, ৩ মতি কীর্তি ঐশ্বর্য্যের যাহা কিছু ভাল, সযতনে ইহা মাঝে যা' কিছু মিলাল।
জেনো তাহা সাধুসঙ্গ প্রভাবের গুণে, তাহা ছাড়া অন্য কিছু উপায় না মানে ॥

,, ৪ সাধুসঙ্গ বিনা নাহি বুদ্ধি বিচারের, রাম কৃপা বিনা নাহি উপায় লাভের।
সাধু সঙ্গ আনন্দের মঙ্গলের মূল, সেই ফল প্রাপ্তি সর্ব সাধনার ফুল ॥

,, ৫ সাধু সঙ্গে শঠ হয় নিজে সংশোধিত, পরশ পাথরে লৌহ স্বর্ণে রূপায়িত।
দৈবাৎ সজ্জন যদি কুসঙ্গেতে যায়, নিজগুণ অনুসরে সর্পমণি প্রায় ॥

,, ৬ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর বেদজ্ঞ পণ্ডিত, সাধুর মহিমা যেথা কহিতে কুণ্ঠিত।
আমি ত অক্ষম সেথা সাধ্য কতখানি, আনাজ পসরা মম মাণিক্য কি জানি ॥

দো ৩ সাধুর চরণদ্বয় বন্দিব সদাই, সমদর্শী যার কাছে শত্রুমিত্র নাই।
অঞ্জলিতে গন্ধভরা পুষ্পসম হয়, সুগন্ধেতে আমোদিত করে হস্তদ্বয় ॥

,, ৪ সাধুর সরল চিত্ত জগতের হিত, স্নেহের স্বভাব তার সর্ব পরিচিত।
বালোচিত বিনয়েতে কহি কর জোড়ে, কৃপা করি রামপদে ভক্তি দেহ মোরে ॥

খ ল ব ন্দ না

চৌ ১ বন্দি খলগণে আমি শুদ্ধ সত্ত্ব মনে, হিতকে অহিত যারা নিরবধি মানে।
পর দুঃখ চিত্তে যার লাভ সম জাগে, অবনতি হর্ষ আনে উন্নতিতে রাগে ॥

,, ২ হরিহর যশ শশী সে ত তার রাহু, পরের অনিষ্ট কর্মে সহস্র দু' বাহু।
পর ছিদ্র অন্বেষণে চক্ষু লক্ষ তার, পরহিত ঘৃতে যার মন মক্ষিকার ॥

,, ৩ মহিষ অসুর সম ক্রোধ অগ্নি তেজে, কুবেরের সম ধনী পাপ দোষে সে যে।
ধূমকেতু সম জাগে সবার অহিতে, সেই ভাল কুম্ভকর্ণ রহুক নিদ্রাতে ॥

,, ৪ অপর অনিষ্টে দেহ ত্যজিবারে পারে, হিম শিলা গলে শস্য নাশ করিবারে।
শেষনাগ সম আমি বন্দি খলগণে, পরদোষ কহে শুধু সহস্র বদনে ॥

,, ৫ বন্দি পুনঃ পৃথুরাজ সম যারা শোনে, পর পাপ বাক্যরাশি সহস্র শ্রবণে।
ইন্দ্র সম বহু ভাবে বন্দিব তাদের, সদা সুরানীক হয় প্রিয় যাহাদের ॥ *

,, ৬ বজ্রসম বাক্য সদা প্রিয় সে আমার, সহস্র নয়ন দেখে পরদোষ যার ॥

---

* দ্ব্যর্থ প্রতিপাদক :—ইন্দ্রের নিকট সুর + অনীক (সৈন্য) প্রিয়; খলের নিকট সুরানীক (অত্যন্ত) প্রিয়। পৃথুরাজ দুই কর্ণে সহস্র কর্ণের মত হরিগুণ গান শুনিবার শক্তি দেবতার বরে প্রাপ্ত হইয়াছিলেন, খল সেইরূপ পর পাপ বাক্যরাশি সহস্র কর্ণে শ্রবণ করে এবং ইন্দ্রের মত সহস্র নয়নে পর দোষ দেখে।

দো ৫ উদাসীন অরি মীত হিত, সুনত জরহি খল রীতি।
জানি পানি জুগ জোরি জন, বিনতী করই সপ্রীতি ॥
চৌ ০১ মৈঁ অপনী দিসি কীন্হ নিহোরা, তিন্হ নিজ ওর ন লাউব ভোরা।
বায়স পলিঅহিঁ অতি অনুরাগা, হোহিঁ নিরামিষ কবহুঁ কি কাগা ॥

সুজন দুর্জন বন্দনা

চৌ ২ বন্দউঁ সন্ত অসজ্জন চরনা, দুখপ্রদ উভয় বীচ কছু বরনা।
বিছুরত এক প্রান হরি লেহীঁ, মিলত এক দুখ দারুন দেহীঁ ॥
„ ৩ উপজহি এক সঙ্গ জগ মাহীঁ, জলজ জোঁক জিমি গুন বিলগাহীঁ।
সুধা সুরা সম সাধু অসাধু, জনক একজগ জলধি অগাধূ ॥
„ ৪ ভল অনভল নিজ নিজ করতূতী, লহত সুজস অপলোক বিভূতী।
সুধা সুধাকর সুরসরি সাধু, গরল অনল কলিমল সরি ব্যাধূ ॥
„ ৫ গুন অবগুন জানত সব কোঈ, জো জেহি ভাব নীক তেহি সোঈ।
দো ০৬ ভলো ভলাইহি পৈ লহই, লহই নিচাইহি নীচু।
সুধা সরাহিঅ অমরতাঁ, গরল সংহারিঅ মীচু ॥
চৌ ০১ খল অঘ অগুন সাধু গুন গাহা, উভয় অপার উদধি অবগাহা।
তেহি তেঁ কছু গুন দোষ বখানে, সংগ্রহ ত্যাগ ন বিনু পহিচানে ॥
„ ২ ভলেউ পোচ সব বিধি উপজায়ে, গনি গুন দোষ বেদ বিলগায়ে।
কহহিঁ বেদ ইতিহাস পুরানা, বিধি প্রপঞ্চ গুণ অবগুণ মানা ॥
„ ৩ দুখ সুখ পাপ পুণ্য দিন রাতী, সাধু অসাধু সুজাতি কুজাতী।
দানব দেব উঁচ অরু নীচু, অমিয় সুজীবনু মাহুরু মীচু ॥
„ ৪ মায়া ব্রহ্ম জীব জগদীসা, লচ্ছি অলচ্ছি রঙ্ক অবনীসা।
কাসী মগ সুরসরি ক্রমনাসা, মরু মারব মহিদেব গবাসা ॥
„ ৫ সরগ নরক অনুরাগ বিরাগা, নিগমাগম গুন দোষ বিভাগা।
দো ০৭ জড় চেতন গুন দোষময়, বিশ্ব কীন্হ করতার।
সন্ত হংস গুন গহহিঁ পয়, পরিহরি বারি বিকার ॥
চৌ ০১ অস বিবেক জব দেই বিধাতা, তব তজি দোষ গুনহিঁ মনু রাতা।
কাল সুভাউ করম বরিআঈ, ভলেউ প্রকৃতি বস চুকঈ ভলাঈ ॥
„ ২ সো সুধারি হরিজন জিমি লেহী, দলি দুখ দোষ বিমল জসু দেহীঁ।
খলউ করহিঁ ভল পাই সুসংগূ, মিটই ন মলিন সুভাউ অভংগূ ॥
চৌ ৩ লখি সুবেশ জগ বঞ্চক জেউ, বেশ প্রতাপ পূজিঅহিঁ তেউ।
উঘরহিঁ অন্ত ন হোই নিবাহূ, কালনেমি জিমি রাবন রাহূ ॥

দো ৫ শত্রু মিত্র উদাসীন কারো শুভ ভাব, শুনি প্রজ্বলিত হয় খলের স্বভাব।
ইহা জানি যুক্ত করে অতি প্রেমভরে, করিব বিনতি আমি সে সব খলেরে ॥

চৌ ১ মোর লাগি আমি নত হব তার কাছে, নিজের স্বভাব নিয়া খল নিজে আছে।
বায়স পালিত হলে অতি প্রেমভরে, আমিষ আহার সে কি কোনদিন ছাড়ে ॥

সুজন দুর্জন বন্দনা

" ২ সাধু ও অসাধু দোঁহে করিব বন্দনা, দুই দুঃখপ্রদ করি প্রভেদ বর্ণনা।
সাধু সঙ্গ বিচ্ছেদেতে প্রাণ হরি' লয়, মিলন অসাধু সনে অতি দুঃখময় ॥

" ৩ জন্ম লভে এক সাথে জলের মাঝারে, কমল জলৌকা দোঁহে ভিন্ন গুণ ধরে।
সুধাসম সাধু আর মদিরা অসৎ, এক পিতা মহার্ণব এবং জগৎ ॥

" ৪ ভাল মন্দ সৃষ্টি করে কীর্তি ও অখ্যাতি, কেহ খ্যাতি লভে কারো কুকীর্তি সম্পত্তি।
সাধুর স্বরূপ সুধা শশী সুরধুনি, গরল অনল খল কর্মনাশা ইনি ॥

" ৫ গুণ অপগুণ যাহা সকলেই জানে, যার যা' স্বভাব তাহা প্রিয় বলি মানে ॥

দো ৬ সজ্জন আকৃষ্ট হয় সৎকর্মের প্রতি, দুর্জ্জনের কর্মক্ষেত্রে যত অবনতি।
অমৃত করিবে দান সদাই জীবন, গরল সে আনে সাথে কেবল মরণ ॥

চৌ ১ খল পাপরাশি আর সাধু গুণাশয়, অতল অপার সিন্ধু উভয়েই হয়।
বর্ণনা করেছি কিছু দোষগুণ, তবে, বিনা পরিচয়ে ত্যাগ গ্রহণ না হবে ॥

" ২ ভাল মন্দ সব কিছু বিধির সৃজন, দোষ গুণ পার্থক্যেতে শ্রুতিতে বর্ণন।
কথিত হয়েছে বেদ পুরাণে-তিহাসে, বিধির প্রপঞ্চ লীলা মেশা গুণে দোষে ॥

" ৩ সুখ দুঃখ পাপ পুণ্য দিনমান রাতি, সুজন দুর্জন আর সুজাতি কুজাতি।
দেবতা মানব আর উচ্চ নীচ জন, অমৃত গরল আর জীবন মরণ ॥

" ৪ মায়া ব্রহ্ম জীব জড় জগত ঈশ্বর, সৌভাগ্য দুর্ভাগ্য আর নিস্ব রাজ্যেশ্বর।
কাশী ও মগধ আর চণ্ডাল ব্রাহ্মণ, গঙ্গা কর্মনাশা আর মরু উপবন ॥

" ৫ স্বরগ নরক আর প্রেম ও বিরাগ, শাস্ত্র আদি বর্ণিয়াছে দোষগুণ ভাগ ॥

দো ৭ জগতে চেতন জড় যাহা কিছু হয়, সৃষ্টি কর্তা সৃষ্টি করে দোষগুণ ময়।
গ্রহণ করেন সাধু প্রথায় হংসের, গুণ দুগ্ধ লয়ে ত্যাজি বিকার জলের ॥

চৌ ১ এরূপ বিবেক যবে বিধাতার দান, দোষ ত্যজি গুণ প্রতি অনুরক্ত প্রাণ।
কর্মফল স্বভাব ও কালের প্রভাবে, সজ্জনও সন্মার্গ চ্যুত ক্বচিৎ এ ভবে ॥

" ২ ভক্ত নিজ চিত্ত যবে করে সংশোধন, স্খালন করিয়া দোষ যশ প্রাপ্ত হ'ন।
সুসঙ্গে ক্বচিৎ খল ধরিলে সুভাব, অবিকৃত রহে তার মলিন স্বভাব ॥

" ৩ সাধুরূপ ধরি খল বঞ্চক যে জন, ভেক প্রভাবেতে কভু পূজা প্রাপ্ত হ'ন।
নির্বাহ না হয় কাজ শেষে ধরা পড়ে, কালনেমী দশানন রাহু যথা মরে ॥

চৌ ৪ কিএহুঁ কুবেষু সাধু সনমানূ, জিমি জগ জামবন্ত হনুমানূ।
হানি কুসংগ সুসংগতি লাহূ, লোকহু বেদ বিদিত সব কাহূ॥
” ৫ গগন চঢ়ই রজ পবন প্রসংগা, কীচহিঁ মিলই নীচ জল সংগা॥
সাধু অসাধু সদন সুক সারী, সুমরহিঁ রাম দেহিঁ গনিগারী॥
” ৬ ধূম কুসংগতি কারিখ হোঈ, লিখিঅ পুরান মঞ্জু মসি সোঈ।
সোই জল অনল অনিল সংঘাতা, হোই জলদ জগজীবন দাতা।
দো ০৮ গ্রহ ভেষজ জল পবন পট, পাই কুজোগ সুজোগ।
হোহিঁ কুবস্তু সুবস্তু জগ, লখহিঁ সুলচ্ছন লোগ॥
” ৯ সম প্রকাস তম পাখ দুহুঁ, নাম ভেদ বিধি কীহ্ন।
সসি সোষক পোষক সমুঝি, জগ জস অপজস দীহ্ন॥

বি বি ধ ব ন্দ না

দো ১০ জড় চেতন জগ জীব জত, সকল রামময় জানি।
বন্দউঁ সব কে পদ কমল, সদা জোরি জুগ পানি॥
” ১১ দেব দনুজ নর নাগ খগ, প্রেত পিতর গন্ধর্ব।
বন্দউঁ কিন্নর রজনিচর কপা করহুঁ অব সর্ব॥
চৌ ০১ আকর চারি লাখ চৌরাসী, জাতি জীব জল থল নভ বাসী।
সীয় রামময় সব জগ জানী, করউ প্রনাম জোরি জুগ পানী॥
” ২ জানি কৃপাকর কিঙ্কর মোহূ, সব মিলি করহু ছাড়ি ছল ছোহূ।
নিজ বুধি বল ভরোস মোহীঁ নাহীঁ, তাতেঁ বিনয় করউঁ সব পাহীঁ॥

তুলসীদাসের বিনয় ও রামমাহাত্ম্য

” ৩ করন চহউঁ রঘুপতি গুন গাহা, লঘু মোতি মোরি চরিত অবগাহা।
সূঝ ন একউ অংগ উপাউ, মন মতি রংক মনোরথ রাউ॥
” ৪ মতি অতি নীচ উঁচী রুচি আছী, চহিঅ অমিঅ জগ জুরই ন ছাছী।
ছমিহহিঁ সজ্জন মোরি ঢিঠাঈ, সুনিহহি বালবচন মন লাঈ॥
” ৫ জৌঁ বালক কহ তোতরি বাতা, সুনহিঁ মুদিত মন পিতু অরু মাতা।
হঁসিহহিঁ কূর কুটিল কুবিচারী, জে পর দূষন ভূষনধারী॥
” ৬ নিজ কবিত্ত কেহি লাগ ন নীকা, সরস হোউ অথবা অতি ফীকা।
জে পর ভনিতি সুনত হরষাহী, তে বর পুরুষ বহুত জগ নাহীঁ॥
” ৭ জগ বহু নর সর সরি সম ভাই, জে নিজ বাঢ়ি বঢ়হিঁ জল পাঈ।
সজ্জন সকৃত সিন্ধু সম কোঈ, দেখি পূর বিধু বাঢ়ই জোঈ॥

চৌ ৪ কুবেশে কুরূপে সাধু তবু সম্মানিত, হনুমান জাম্বুবান যেমন বন্দিত।
কুসঙ্গেতে অপকার সৎসঙ্গে আশ্রয়, শ্রুতির বিচার ইহা সর্বলোকে কয়॥
" ৫ ধূলিও সে বায়ু যোগে উর্দ্ধগতি পায়, নিম্নে জল মাখি' সেই কর্দমাক্ত হয়।
সাধু সঙ্গে শুক সারী রাম নাম গায়, অসৎ সঙ্গেতে তারা ব্যস্ত কুকথায়॥
" ৬ অবস্থা ভেদেতে ধূম ঝুলরূপ লয়, পুরাণ লিখিয়া শুভ মসীরূপ হয়।
জল বায়ু তেজে সেই মেঘরূপ ধরি', জীবন প্রদান করে সুবর্ষণ করি'॥
দো ৮ ঔষধ পবন জল গ্রহ বস্ত্র সব, যোগাযোগে ভালমন্দ জগতে উদ্ভব।
বিচক্ষণ জ্ঞানিগণ করি বিবেচনা, দর্শন করেন যত এ সব রচনা॥
দো ৯ যদিও প্রকাশ এক তম উজ্জ্বলতা, দুই পক্ষে দুই নাম দেছেন বিধাতা।
ক্ষয় বৃদ্ধি প্রাপ্ত শশী কৃষ্ণ শুক্ল রাতে, যশ অপযশ ঘোষে জানিয়া জগতে॥

বিবিধ বন্দনা

দো ১০ জড় বা চেতন যাহা জগতের মাঝে, জানি রামময় সবি সা' কিছু বিরাজে।
বন্দনা করিব আমি দুই কর জুড়ি, সকলেরি পাদপদ্ম হৃদয়েতে ধরি॥
দো ১১ দেবতা দানব প্রেত পক্ষী নাগ নর, গন্ধর্ব্য কিন্নর পিতা আর নিশাচর।
বন্দিব সবারে আমি দুই কর জুড়ে, দয়া করি কৃপা সবে করুন আমারে॥
চৌ ১ চুরাশী লক্ষের জাতি চতুর্বিধ প্রাণী, জলে স্থলে অন্তরীক্ষে যত জীব জানি।
সমগ্র জগত সীতা রামময় মানি, দুই কর জোড় করি সবারে প্রণমি॥
" ২ দাসানুদাস আমি জানিয়া সকলে, কৃপা কর মোর প্রতি ত্যজি ছুতা ছলে।
নিজ বুদ্ধি শক্তি প্রতি নাহিক ভরসা, নতি করি প্রতি পদে তাহাতেই আশা॥

তুলসীদাসের বিনয় ও রামমাহাত্ম্য

" ৩ রঘুপতি গুণ গাথা গাহিবারে মন, লঘু মতি মোর রাম চরিত্র গহন।
নাহি বুঝি কি করিয়া সাধিব এ কাজ, বুদ্ধি অতি দীন মোর বাঞ্ছা মহারাজ॥
" ৪ হীন বুদ্ধি মোর আর অতি উচ্চ আশা, অমৃত প্রার্থনা ভবে ঘোলের দুরাশা।
সজ্জন করিবে ক্ষমা ধৃষ্টতা আমার, বালোচিত বাক্য শুনি মন দিয়া তার॥
" ৫ বালক যখন কহে আধ আধ কথা, আনন্দিত মনে শোনে তার পিতা মাতা।
হীন যুক্তি খল হাসে নির্দয় ভীষণ, ঈর্ষা দ্বেষ হয় যার অঙ্গের ভূষণ॥
" ৬ নিজের কবিত্ব কার ভাল নাহি লাগে, তরল অথবা তা'তে রসবোধ জাগে।
পরের কবিত্ব শুনি আনন্দ যে পায়, সে' মহাপুরুষ ভবে খুঁজে মেলা দায়॥
" ৭ বহু নর নদ নদী সম শোভা পায়, বৃদ্ধি পায় হিম গলি' কিংবা বরষায়।
সুকৃতি সাগর সম ক্বচিৎ সজ্জন, পূর্ণ শশী দেখি তার উচ্ছ্বসিত মন॥ *

* সাধারণ লোক পরের সাহায্যে নিজের উন্নতিতে স্ফীত হয়, কিন্তু সজ্জন, সাগর সম, পরের সৌভাগ্যে উচ্ছ্বসিত হয়। যথা পূর্ণশশী দেখিয়া সাগরে জোয়ার হয়।

দো ০১২ ভাগ ছোট অভিলাষু বড়, করউঁ এক বিশ্বাস।
পৈহহিঁ সুখ সুনি সুজন সব, খল করিহহিঁ উপহাস॥

চৌ ০১ খল পরিহাস হোই হিত মোরা, কাক কহহিঁ কলকণ্ঠ কঠোরা।
হংসহিঁ বক দাদুর চাতকহী, হংসহিঁ মলিন খল বিকল বতকহী॥

” ২ কবিত রসিক ন রাম পদ নেহূ, তিন্হ কহঁ সুখদ হাস রস এহূ।
ভাষা ভনিতি ভোরি মতি মোরী, হঁসিবে জোগ হঁসে নহী খোরী॥

” ৩ প্রভু পদ প্রীতি ন সামুঝি নীকী, তিন্হহি কথা সুনি লাগিহি ফীকী।
হরিহর পদ রতি মতি ন কুতরকী, তিন্হ কহূ মধুর কথা রঘুবর কী॥

” ৪ রাম ভগতি ভূষিত জিয়ঁ জানী, সুনহহিঁ সুজন সরাহি সুবানী।
কবি ন হোউঁ নহীঁ বচন প্রবীনূ, সকল কলা সব বিদ্যা হীনূ॥

” ৫ আখর অরথ অলংকৃতি নানা, ছন্দ প্রবন্ধ অনেক বিধানা।
ভাব ভেদ রস ভেদ অপারা, কবিত দোষ গুন বিবিধ প্রকারা॥

” ৬ কবিত বিবেক এক নহিঁ মোরেঁ, সত্য কহউঁ লিখি কাগদ কোরেঁ।

দো ০১৩ ভনিতি মোরি সব গুন রহিত, বিশ্ব বিদিত গুন এক।
সো বিচারি সুনহহিঁ সুমতি, জিন্হকে বিমল বিবেক।

চৌ ০১ এহি মহঁ রঘুপতি নাম উদারা, অতি পাবন শ্রুতি সারা।
মঙ্গল ভবন অমঙ্গল হারী, উমা সহিত জেহি জপত পুরারী॥

” ২ ভনিতি বিচিত্র সুকবিকৃত জোউ, রাম নাম বিনু সোহ ন সোউ।
বিধুবদনী সব ভাঁতি সঁবারী, সোহ ন বসন বিনা বর নারী॥

” ৩ সব গুন রহিত কুকবিকৃত বানী, রাম নাম জস অঙ্কিত জানী।
সাদর কহহিঁ সুনহিঁ বুধ তাহী, মধুকর সরিস সন্ত গুনগ্রাহী॥

” ৪ জদপি কবিত রস একউ নাহী, রাম প্রতাপ প্রগট এহি মাহীঁ।
সোই ভরোস মোরেঁ মন আবা, কেহিঁ ন সুসংগ বড় প্পনু পাবা॥

” ৫ ধূমউ তজউ সহজ করুআই, অগরু প্রসঙ্গ সুগন্ধ বসাঈ।
ভনিতি ভদেশ বস্তু ভলি বরনী, রাম কথা জগ মঙ্গলকরনী॥

ছন্দ ০১ মঙ্গলকরনি কলিমল হরনি তুলসী কথা রঘুনাথ কী।
গতি কূর কবিতা সরিত কী জ্যোঁ সরিত পাবন পাথ কী॥
প্রভু সুজস সঙ্গতি ভনিতি ভলি হোইহি সুজন মনভাবনী।
ভব অঙ্গভূত মসান কী সুমিরত সুহাবনি পাবনী॥

দো ০১৪ প্রিয় লাগিহি অতি সবহি মম, ভনিতি রামজস সঙ্গ।
দারু বিচারু কি করই কোউ, বন্দিঅ মলয় প্রসঙ্গ॥

দো ১২ ভাগ্য মোর অতি অল্প আকাঙ্ক্ষা দুর্জয়, সজ্জনে শুনিয়া সুখী হইবে নিশ্চয়।
এ বিশ্বাস আছে মোর হয়ত দুর্জনে, উপহাস প্রচারিবে মোর আচরণে॥
চৌ ১ হিতকারী হ'বে খল মোরে উপহাসি', কাক কহে কোকিলেরে সে কর্কশ ভাষী।
বক ভেক পরিহাস করে চাতকেরে, মলিন চিত্তের খল হাসে আদর্শেরে॥
" ২ কাব্যরস প্রেমী কিন্তু অপ্রেমী রামের, তার কাছে কাব্য মোর হাস্য কৌতুকের।
বুদ্ধি মোর ভারাক্রান্ত ভাষা সাধারণ, হাস্য যোগ্য বটে হাস্য নহে অকারণ॥
" ৩ যে বোঝেনা শুভময় রাম পদে প্রীতি, এ রচনা তার কাছে রসহীন অতি।
হরি হর পদে প্রেম নিশ্চিত যাদের, মধুর শ্রীরাম গাথা কহিব তাদের॥
" ৪ রাম ভক্তি মনে প্রাণে অঙ্গের ভূষণ, শুনিবে প্রশংসা করি' এ কাব্য সজ্জন।
নহি কবি নহি আমি বচনে প্রবীন, সর্ব চারুকলা আর সর্ব বিদ্যাহীন॥
" ৫ অলঙ্কার অর্থ নানা অক্ষর প্রধান, বিবিধ প্রকার ছন্দ বিবিধ বিধান।
ভাব ভেদ রসভেদ অনন্ত অপার, কাব্য দোষ গুণ হয় বিবিধ প্রকার॥
" ৬ কাব্যের বিচার বুদ্ধি না আছে আমার, সত্য যাহা লিখি তাহা করি অঙ্গীকার॥
দো ১৩ মোর কাব্য সর্বগুণ বর্জিত হইয়া, বিশ্বখ্যাত রামভক্তি একগুণ নিয়া।
এ বিচারে সুধিজন শুনিবে তদ্‌গত, বিমল বিবেক যার হয় মজ্জাগত॥
চৌ ১ বর্ণি আমি রাম নাম মহৎ উদার, অতীব পবিত্র আর শ্রুতি স্মৃতি সার।
মঙ্গলের অধিষ্ঠান অমঙ্গল হারী, নাম জপ করে সদা উমা ত্রিপুরারি॥
চৌ ২ বিখ্যাত কবির কাব্য যত বিচিত্র হয়, রাম নাম বিনা তাহা শোভা নাহি পায়।
ইন্দুমুখী নারী' সর্ব অলঙ্কার ধারী', লজ্জাহীনা হয় যদি নহে বরনারী॥
" ৩ কোন গুণ নাই হেন কুকবির বাণী, রাম নাম যশাঙ্কিত ইহাতেই জানি।
বিদ্বান সাদরে তাহা শোনে আর কহে, সজ্জন মধুপ সম মধুর সংগ্রহে॥
" ৪ যদ্যপি কবিত্ব গুণ কিছুমাত্র নাই, রামের প্রভাব পূর্ণ মাহাত্ম্য ইহাই।
তাহাই ভরসা মোর পূর্ণ মন প্রাণ, সুসঙ্গেতে কে না হয় প্রসিদ্ধ প্রধান॥
" ৫ ধূম ত্যাগ করে তার স্বভাব উগ্রতা, অগুরু সংসর্গে দেয় সুগন্ধ স্নিগ্ধতা।
কাব্য মোর তুচ্ছ তবু উত্তমের কথা, জগতে মঙ্গলপ্রদ রামনাম গাথা॥

ছ ১ রঘুনাথ যশোগাথা রচিবে তুলসী, মঙ্গলদায়িনী আর কলিপাপ নাশী।
কাব্য নদী বক্রগতি হ'লেও ইহাতে, স্নানে পুণ্য লভে নর যথা জাহ্নবীতে॥
প্রভুযশ কাহিনীর সঙ্গ লাভ করি', সুজন হৃদয় বশ করিবে তাদেরি।
শ্মশানের ভস্মরাশি শিব অঙ্গে স্থিতি, অঙ্গ স্পর্শে হয় তাহা পরম বিভূতি।
স্মরণ করিলে যাঁরে সুখলাভ হয়, দূর করে মন হ'তে সর্ব ভবভয়॥
দো ১৪ রামযশ প্রসঙ্গেতে আমার বর্ণনা, সবারি লাগিবে ভাল এ মোর কামনা।
মলয় সমীর যবে যোগ্য প্রশংসার, শৈল শিরে বৃক্ষ কি তা' কে করে বিচার॥

দো ১৫ স্যাম সুরভি পয় বিসদ অতি, গুনদ করহিঁ সব পান।
গিরা গ্রাম্য সিয় রাম জস, গাৱহিঁ সুনহিঁ সুজন ॥

চৌ ০১ মনি মানিক মুকুতা ছবি জৈসী, অহি গিরি গজ সির সোহ ন তৈসী।
নৃপ কিরীট তরুনী তনু পায়ী, লহহিঁ সকল সোভা অধিকাঈ ॥
” ২ তৈসেহি সুকবি কবিত বুধ কহহীঁ, উপজহিঁ অনত অনত ছবি লহহীঁ।
ভগতি হেতু বিধি ভরন বিহাঈ, সুমিরত সারদ আৱতি ধাঈ ॥
” ৩ রামচরিত সর বিনু অন্হৱাএঁ, সো শ্রম জাই ন কোটি উপায়েঁ।
কবি কোবিদ অস হৃদয়ঁ বিচারী, গাৱহিঁ হরিজস কলিমলহারী ॥
” ৪ কীন্হেঁ প্রাকৃত জন গুন গানা, সির ধুনি গিরা লগত পছিতানা।
হৃদয় সিন্ধু মতি সীপ সমানা, স্বাতি সারদা কহহিঁ সুজানা ॥
” ৫ জৌঁ বরষই বর বারি বিচারু, হোহিঁ কবিত মুকুতামনি চারু।

দো ০১৬ জুগুতি বেধি পুনি পোহিঅহিঁ, রামচরিতবর তাগ।
পহিঁরহিঁ সজ্জন বিমল উর, শোভা অতি অনুরাগ ॥

চৌ ০১ জে জনমে কলিকাল করালা, করতব বায়স বেষ মরালা!
চলত কুপন্থ বেদ মগ ছাঁড়ে, কপট কলেবর কলিমল ভাঁড়ে ॥
” ২ বঞ্চক ভগত কহাই রামকে, কিঙ্কর কঞ্চন কোহ কামকে।
তিন্হ মহঁ প্রথম রেখ জগ মোরী, ধীস ধরমধ্বজ ধন্ধক ধোরী ॥
” ৩ জৌঁ অপনে অৱগুন সব কহউঁ, বাঢ়ই কথা পার নহিঁ লহউঁ।
তাতে মৈঁ অতি অলপ বখানে, থোরে মহুঁ জানিহহিঁ সয়ানে ॥
” ৪ সমুঝি বিবিধ বিধি বিনতী মোরী, কোউ ন কথা সুনি দেইহিঁ খোরী।
এতেহু পর করিহহিঁ জে অসংকা, মোহি তে অধিক তে জড় মতি রংকা ॥
” ৫ কবি ন হোউঁ নহিঁ চতুর কহাৱউঁ, মতি অনুরূপ রামগুন গাৱউঁ।
কহঁ রঘুপতি কে চরিত অপারা, কহঁ মতি মোরি নিরত সংসার ॥
” ৬ জেহিঁ মারুত গিরি মেরু উড়াহীঁ, কবহু তূল কেহি লেখে মাহীঁ।
সমুঝত অমিত রাম প্রভুতাঈ, করত তথা মন অতি কদরাঈ ॥

দো ০১৭ সারদ সেস মহেস বিধি, আগম নিগম পুরাণ।
নেতি নেতি কহি জাসু গুন, করহিঁ নিরন্তর গান ॥

দো ১৫ কৃষ্ণ গাভী দুগ্ধ হয় শুভ্র অতিশয়, সবে পান করে তাহা গুণবন্ত হয়।
গ্রাম্য ভাষা দিয়া বর্ণি সীতারাম গাথা, সুধিজন শোনে গাহে মোর এ কবিতা ॥

চৌ ১ মানিক্য মুকুতা মণি সৌন্দর্য সবার, গজ সর্প শৈল শিরে না হয় শোভার।
নৃপের মুকুটে আর তন্বী তরুণীর, শরীর আশ্রয়ি' তার প্রকাশ দ্যুতির ॥

" ২ সেরূপ কবির কাব্য কহে জ্ঞানিজনে, কবি মনে জন্মি' শোভে পাঠকের মনে।
ভক্তি হেতু স্বর্গ ত্যজি' মাতা সরস্বতী, স্মরণে আসেন দেবী অতি শীঘ্রগতি ॥

" ৩ রাম গাথা সরোবরে নাহি করি স্নান, কিছুতে না হয় তাঁর শ্রম অবসান।
বেদজ্ঞ কবিও ইহা হৃদয়ে বিচারি', গাহে গাথা হরিযশ কলি পাপহারী ॥

" ৪ মনুষ্যের গুণ গানে বর্ণিত যে গাথা, পশ্চাত্তাপেতে শির নত করে মাতা।
হৃদয় সাগরে বুদ্ধি শুক্তির সমান, সারদা নক্ষত্র স্বাতি কহে বুদ্ধিমান ॥

" ৫ বিচার বর্ষণ বারি হলে বরিষণ, উপজে কবিতা চারু মুকুতা সমান ॥

দো ১৬ যুক্তি বিদ্ধ করি* তারে অনুরাগে অতি, রামের চরিত্র সূত্রে বরমাল্য গাঁথি।
সজ্জন ধারণ করে কণ্ঠেতে তাহার, হৃদয়েতে শোভা পায় আনন্দ অপার ॥

অথবা :- যুক্তি তর্ক ফেলি দিয়া ভক্তি করি সার, রামের চরিতাবলী দৃঢ় সূত্রে তার।
কাব্য মাল্য গাঁথি কণ্ঠে করিয়া ধারণ, ব্রহ্মানন্দ অনুরাগে পাইবে সজ্জন ॥

চৌ ১ জনম লভিয়া এই কলিকাল মাঝে, বায়স প্রবৃত্তি যেই মরালের সাজে।
বেদমার্গ ত্যাগ করি কুপথে গমন, কপটতা পূর্ণ দেহ পাপপূর্ণ মন ॥

" ২ বঞ্চনা করিয়া কহে রামভক্তি গতি, কাম ক্রোধ দাস আর কাঞ্চনেতে মতি।
এ হেন পাষণ্ড বিশ্বে প্রথমেই স্থান, ধিক্ এ দুরন্ত মোর ধর্মধ্বজী নাম ॥

" ৩ যদি মোর অপগুণ বাখানিয়া বলি, পুস্তকের কলেবর বাড়িবে কেবলি।
সে হেতু সংক্ষেপে যাহা লিখিনু এখানে, বুঝিবে তা'তেই যত বুদ্ধিমান জনে ॥

" ৪ বুঝিয়া বিবিধ বিধ বিনতি আমার, দোষারোপ না করিবে এ কথাতে আর।
তথাপি সংশয় যদি করে কোন জনে, আমাপেক্ষা মূর্খ সে ত বুদ্ধিহীন মনে ॥

" ৫ নহি কবি নহি আমি বক্তা সুচতুর, রামগাথা গাহি তবু বুদ্ধি যতদূর।
কোথা রঘুপতি রাম বিরাট মহান, কোথা ক্ষুদ্র মতি মোর সংসারই প্রধান ॥

" ৬ পর্বত কান্তার ওড়ে মহাবায়ু যবে, বলিতে পারো কি মোরে তুলার কি হবে।
রামের মহত্ত্ব মানি হৃদয়ে অপার, রামগাথা বর্ণিবারে কুণ্ঠা যে আমার ॥

দো ১৭ মহেশ্বর শেষ নাগ ব্রহ্মা সরস্বতী, বেদ ও পুরাণ যত সবে করি নতি।
সর্বদা কীর্তন করে সর্ব গুণাতীত, ইহা নহে ইহা নহে ধারণা অতীত ॥

---

* যুক্তি রূপ সূচী দ্বারা বিদ্ধ করিয়া অর্থাৎ বিচার করিয়া। অথবা যুক্তিকে বিদ্ধ করিয়া অর্থাৎ খণ্ডন করিয়া শুদ্ধ ভক্তি দ্বারা—দ্বিতীয় অর্থ, তুল্য—"ভক্তিতে মিলায় হরি তর্কে বহুদূর"।

চৌ ০১ সব জানত প্রভু প্রভুতা সোই, তদপি কহেঁ বিনু রহা ন কোঈ।
তহঁা বেদ অস কারন রাখা, ভজন প্রভাউ ভাঁতি বহু ভাখা ॥

চৌ ২ এক অনীহ অরূপ অনামা, অজ সচ্চিদানন্দ পর ধামা।
ব্যাপক বিস্বরূপ ভগবানা, তেহিঁ ধরি দেহ চরিত কৃত নানা ॥

,, ৩ সো কেবল ভগতন হিত লাগী, পরম কৃপাল প্রনত অনুরাগী।
জেহি জনপর মমতা অতি ছোহূ, জেহিঁ করুনা করি কীহ্ন ন কোহূ ॥

,, ৪ গঈ বহোর গরীব নেরাজূ, সরল সবল সাহিব রঘুরাজূ।
বুধ বরনহিঁ হরি জস অস জানী, করহিঁ পুনীত সুফল নিজ বানী ॥

,, ৫ তেহিঁ বল মৈঁ রঘুপতি গুন গাথা, কহিহউঁ নাই রাম পদ মাথা।
মুনিহ্ন প্রথম হরি কীরতি গাঈ, তেহিঁ মগ চলত সুগম মোহি ভাই ॥

দো ০১৮ অতি অপার জে সরিত বর, জৌঁ নৃপ সেতু করাহিঁ।
চঢ়ি পিপীলিকউ পরম লঘু, বিনু শ্রম পারহি জাহিঁ ॥

চৌ ০১ এহি প্রকার বল মনহি দেখাঈ, করিহউঁ রঘুপতি কথা সুহাঈ।
ব্যাস আদি কবি পুঙ্গব নানা, জিহ্ন সাদর হরি সুজস বখানা ॥

,, ২ চরণ কমল বন্দউঁ তিহ্ন কেরে, পুররহুঁ সকল মনোরথ মেরে।
করি কে কবিহ্ন করউঁ পরনামা, জিহ্ন বরনে রঘুপতি গুন গ্রাম ॥

,, ৩ জে প্রাকৃত কবি পরম সয়ানে, ভাষা জিহ্ন হরিচরিত বখানে।
ভয়ে অহহিঁ জে হোইহহিঁ আগে, প্রনবউঁ সবহিঁ কপট সব ত্যাগেঁ ॥

,, ৪ হোহু প্রসন্ন দেহু বরদানূ, সাধু সমাজ ভনিতি সনমানূ।
জো প্রবন্ধ বুধ নহিঁ আদরহীঁ, সো শ্রম বাদি বাল কবি করহীঁ ॥

,, ৫ কীরতি ভনিতি ভূতি ভলি সোঈ, সুরসরি সম সব কহ হিত হোঈ।
রাম সুকীরতি ভনিতি ভদেসা, অসমঞ্জস অস মোহি অন্দেসা ॥

,, ৬ তুম্হরী কৃপা সুলভ সোউ মোরে, সিঅনি সুহারনি টাট পটোরে।
করহু অনুগ্রহ অস জিয় জানী, বিমল জপহিঁ অনুহরৈ সুবানী ॥

দো ০১৯ সরল কবিত কীরতি বিমল, সোই আদরহিঁ সুজান।
সহজ বয়র বিসরাই রিপু, জো সুনি করহিঁ বখান ॥

চৌ ১ প্রভুর মহত্ত্ব সবে এই রূপ জানি, তথাপি কীর্তন ছাড়া নাহি রহে প্রাণী।
ইহার কারণ বেদে উক্ত বহু শ্লোকে, ভজন প্রভাবে দীপ্তি পায় বহু লোকে॥

টীকা ১ [অরূপ নির্গুণ তিনি ইন্দ্রিয় না জানে, সরূপ সগুণ তাই প্রতীক বাখানে।
সর্বগুণময় আর শ্রেষ্ঠ রূপধারী, শ্রীরাম দেবতা মম জীবন কাণ্ডারী॥]

চৌ ২ আকাঙ্ক্ষা বর্জিত তিনি অরূপ অনাম, অজ নিত্য সৎ চিৎ আনন্দের ধাম।
বিভূতি ব্রহ্মাণ্ডে যাঁর বিশ্বরূপ ধরি, দেহ ধরি কল্পে কল্পে চরিত বিস্তারি॥

টীকা ২ [উপাধি বর্জিত তিনি নিত্য নিরাকার, আকাঙ্ক্ষা বর্জিত এক অদ্বিতীয় সার।
বিভূতি ব্রহ্মাণ্ডে সব বিশ্বরূপ ধরি', জন্মহীন সৎ চিৎ আনন্দের হরি।
দেহ ধরি' কল্পে কল্পে আবির্ভাব যাঁর, বিচিত্র চরিত্র সৃষ্টি মহান তাহার॥]

চৌ ৩ লীলা সব ভক্তজন হিত লাগি তাঁর, পরম দয়ালু প্রেমী ভক্তের বিচার।
যার প্রতি শোভে তাঁর করুণার কণা, তার প্রতি কভু তাঁর ক্রোধ হইবেনা॥

" ৪ পতিত পাবন স্বামী দীনবন্ধু নাম, সারল্য শক্তির সীমা রঘুপতি রাম।
বর্ণনা করিয়া হরি যশোরাশি জ্ঞানী, সার্থক সফল করে নিজ পুণ্যবাণী॥

" ৫ সেই ত সম্বল মম রঘুপতি গাথা, বর্ণিব রাখিয়া মোর রামপদে মাথা।
আদি কবি গেয়েছেন হরিগুণ গান, সেই মার্গ হবে মোর সুগম সমান॥

দো ১৮ দুস্তর তটিনী শ্রেষ্ঠ উপরেতে যবে, নৃপতি নির্মানে সেতু পরিপূর্ণ ভাবে।
ক্ষুদ্রতম পিপীলিকা সেও ত অক্লেশে, পারাপার করে নদী পরম বিশ্বাসে॥

চৌ ১ এরূপ দৃষ্টান্ত দেখি' হয়ে বলীয়ান, অপরূপ রাম গাথা গাহিব সে গান।
বাল্মীকি ও ব্যাস আদি মহাকবি যত, হরিযশ গেয়েছেন সাদরে সতত॥

" ২ তাঁহাদেরি পাদপদ্মে করি' নমস্কার, মনোরথ পূর্ণ হবে সকলি আমার।
কলি যুগে সে কবিরে করিব প্রণাম, যে গেয়েছে শ্রদ্ধা ভরে রামগুণ গান॥

" ৩ যে স্বভাব কবিবর পরম ধীমান, ব্যঞ্জনা করেন হরি চরিত্র মহান।
পুরা কালে বর্তমানে ভবিষ্যতে বটে, প্রণমি সবারে আমি অতি অকপটে॥

" ৪ প্রসন্ন হইয়া মোরে দেহ বর দান, সাধু জন করে যেন এ কাব্য সম্মান।
যে কাব্য জ্ঞানীর কাছে নহে আদরের, মূর্খ সে কবির কাব্য বৃথাই শ্রমের॥

" ৫ কীর্তি কাব্য ধন মান তাহাই মহান, গঙ্গা বারি সম যাহা করিবে কল্যাণ।
রাম কীর্তি কাব্য মোর অপগুণ ময়, সামঞ্জস্যহীন তাহা তাই মোর ভয়॥

" ৬ তোমাদের কৃপা হলে আমার উপরে, রেশমের সূচীকর্ম পট্টবস্ত্র পরে।
অনুগ্রহ কর মোরে এ প্রার্থনা মনে, যাহাতে সমর্থ হব রামগুণ গানে॥

দো ১৯ বিমল কীর্তির কথা সরল কবিতা, আদরে শ্রবণ করে সুজন সবি তা।
যাহা শুনি শত্রু ভোলে চিরবৈরী তার, শ্রবণ বর্ণন করে তাহা বারবার॥

দো ২০ সো ন হোই বিমল মতি, মোহি মতি বল অতি থোর।
করহু কৃপা হরি জস কহউঁ, পুনি পুনি করউঁ নিহোর ॥
" ২১ কবি কেবিদ রঘুবর চরিত, মানস মঞ্জু মরাল।
বালবিনয় সুনি সুরুচি লখি, মো পর হোহু কৃপাল ॥
সো ০৬ বন্দউঁ মুনিপদ কঞ্জু, রামায়ন জেহিঁ নিরময়উঁ।
সখর সুকোমল মঞ্জু, দোষ রহিত দূষন সহিত ॥
" ৭ বন্দউঁ চারিউ বেদ, ভব বারিধি বোহিত সরিস।
জিহ্নহি ন সপনেহু খেদ, বরনত রঘুবর বিসদ জস্থু ॥
" ৮ বন্দউঁ বিধিপদ রেনু, ভগসাগর জেহিঁ কীহ্ন জহুঁ।
সন্ত সুধা সসি ধেনু, প্রগটে খল বিপ বারুনী ॥
দো ০২২ বিবুধ বিপ্র বুধ গ্রহ চরন, বন্দি কহউঁ কর জোরি।
হোই প্রসন্ন পুররহু সকল, মঞ্জু মনোরথ মোরি ॥
চৌ ০১ পুনি বন্দউঁ সারদ সুর সরিতা, জুগল পুনীত মনোহর চরিতা।
মজ্জন পান পাপ হর একা, কহত সুনত হর এক অবিবেকা ॥
" ২ গুরু পিতু মাত মহেস ভৱানী, প্রণরউঁ দীনবন্ধু দিন দানী।
সেবক স্বামি সখা সিয় পী কে, হিত নিরুপধি সব বিধি তুলসীকে ॥
" ৩ কলি বিলোকি জগহিত হর গিরিজা, সাবর মন্ত্র জাল জিহ্ন সিরিজা।
অনমিল আখর অরথ ন জাপূ, প্রগট প্রভাউ মহেস প্রতাপূ ॥
চৌ ৪ সো উমেস মোহি পর অনুকূলা, করিহিঁ কথা মৃদু মঙ্গল মূলা।
সুমিরি সিরা সির পাই পসাউ, বরনউঁ রামচরিত চিত চাউ।
" ৫ ভনিতি মোরি সির কৃপা বিভাতী, সসিসমাজ মিলি মনহুঁ সুরাতী।
জে এহি কথহি সনেহ সমেতা, কহিহহিঁ সুনিহহিঁ সমুঝি সচেতা ॥
" ৬ হোইহহিঁ রামচরন অনুরাগী, কলিমল রহিত সুমঙ্গলভাগী ॥
দো ০২৩ সপনেহুঁ সাঁচেহু মোহি পর, জৌ হর গৌরী পসাউ।
তৌ ফুর হোউ কহেউঁ সব, ভাষা ভনিতি প্রভাউ ॥
চৌ ০১ বন্দউ অরধপুরী অতি পাবনি, সরজূ কলিকলুষ নসাবনি।
প্রনরউঁ পুর নর নারি বহোরী, মমতা জিহ্ন পর প্রভুহি ন থোরী ॥
" ২ সিয় নিন্দক অঘ ওঘ নসায়ে, লোক বিসোক বনাই বসাএ।
বন্দউঁ কৌসল্যা দিসি প্রাচী, কীরতি জাসু সকল জগ মাচী ॥

দো ২০ বিমল চরিত্র বিনা ইহা নাহি হয়, বুদ্ধি ও চরিত্র মোর ক্ষুদ্র অতিশয়।
কৃপা কর প্রভু মোরে নমি পুনঃ পুনঃ, হরিযশ গাহিবারে শক্তি থাকে যেন ॥

„ ২১ বেদজ্ঞ ব্রাহ্মণ জ্ঞানী হংস রূপ ধরে, রামের চরিত্র রূপ চিত্ত সরোবরে।
অর্বাচীন মতি মোর রুচির গৌরবে, কৃতার্থ করহ মোরে কৃপার সৌরভে ॥

সো ৬ বাল্মীকির পাদ পদ্ম করিব বন্দনা, মহাগ্রন্থ রামায়ণ যাঁহার রচনা।
দূষণ রাক্ষস খর রহিলেও তা'তে, সুমধুর দোষশূন্য বর্ণনা ইহাতে ॥

„ ৭ বন্দি আমি চতুর্বেদ পোত বাহিবার, এ ভব সাগর রূপী সে মহা সংসার।
রঘুবর চরিত্রের মহিমা কীর্তন, করিয়া স্বপ্নেও নাহি খেদের কারণ ॥

„ ৮ পদ রেনু ধরি' শিরে আমি বিধাতার, এ ভব সাগর সৃষ্টি সকলি তাঁহার।
সজ্জন অমৃত শশী কামধেনু আর, গরল বারুণী খল মাঝেতে ইহার ॥

দো ২২ দেবতা ব্রাহ্মণ গ্রহ পণ্ডিত প্রবর, সকল চরণ বন্দি আমি জোড় কর।
প্রসন্ন হউন সবে কৃপাতে সবার, মঞ্জু মনোবাঞ্ছা পূর্ণ হউক আমার ॥

চৌ ১ বন্দি পুনঃ বীণাপানি গঙ্গা ভাগীরথী, মনোজ্ঞ চরিত্র উভে পবিত্র তা' অতি।
পাপ হরে স্নানে পানে ভাগীরথী বারি, সরস্বতী সাধনাই অজ্ঞানতা হারী ॥

„ ২ গুরু পিতা মাতা মোর মহেশ ভবানী, দীনবন্ধু দীনে দয়া করগো জননি।
শ্রীরামের সখা স্বামী সেবক শঙ্কর, অকারণে তুলসীর হিত বাঞ্ছা কর ॥

„ ৩ কলির প্রভাব দেখি হিতার্থে সর্ব্বের, হরগৌরী দ্বারা সৃষ্টি শবর মন্ত্রের।
দুর্বোধ অমিল ছন্দ কেবল জপেতে, প্রভাব প্রকট হয় শিব মহিমাতে ॥

„ ৪ সেই মহেশ্বর যদি হ'ন অনুকূল, প্রকাশিব কথামৃত আনন্দের মূল।
স্মরিয়া শঙ্কর গৌরী তাঁরি প্রসাদেতে, রাম গাথা বিরচিব আনন্দিত চিতে ॥

„ ৫ উজলিবে কাব্য মোর শঙ্কর কৃপাতে, পূর্ণ শশী যথা শোভে নক্ষত্রিত রাতে।
যে শুনিবে এই গাথা প্রেমের সহিত, বুঝিবে বর্ণিবে তাহা অজ্ঞান রহিত ॥

„ ৬ রামপদে অনুরাগী হইবে নিশ্চয়, মঙ্গলের অধিকারী নাশি' পাপভয় ॥

দো ২৩ স্বপ্নে যদি দেখা দেন গৌরী মহেশ্বর, আশীর্বাদ মাগি' লব করি জোড় কর।
গ্রাম্য ভাষা হইলেও এ কাব্য প্রভাব, যা' কহেছি সত্য হবে হবে না অভাব ॥

চৌ ১ অযোধ্যা নগর বন্দি পবিত্র সে পুরী, তটিনী সরযূ বহে কলিপাপ হরি'।
নমি আমি নরনারী সে পুরীর যত, অকৃপণে প্রভু কৃপা পেয়েছে সতত ॥

„ ২ জানকী নিন্দুকদের পাপ তাপ রাশি, সদগতি দিলেন প্রভু অনুতাপ নাশি' *
কৌশল্যা চরণ বন্দি মাতা প্রাচী সম, উদ্ভাসিত বিশ্বমাঝে কান্তি মহোত্তম ॥

---

* জানকী নিন্দুকের প্রসঙ্গ রামায়ণে উত্তরকাণ্ডে আছে। তুলসীদাস তাহা গ্রহণ করেন নাই। সে ক্ষেত্রে এ প্রসঙ্গের উত্থাপন অবান্তর। মনে হয় উত্তর কালে, লবকুশ কাণ্ড লিখিত হওয়ার পর, এ চরণটি প্রক্ষিপ্ত। লবকুশ কাণ্ডে জানকী নিন্দুকের প্রসঙ্গ আছে।

চৌ ৩ প্রগটেউ জহঁ রঘুপতি সসি চারু, বিশ্ব সুখদ খল কমল তুসারু।
দসরথ রাউ সহিত সব রানী, সুকৃত সুমঙ্গল মূরতি মানী॥
" ৪ করউঁ প্রণাম করম মন বাণী, করহু কৃপা সুত সেবক জানী।
জিহ্নহি বিরচি বড় ভয়উ বিধাতা, মহিমা অবধি রাম পিতু মাতা॥
সো ০৯ বন্দউ অরধ ভুআল, সত্য প্রেম জেহি রামপদ।
বিছুরত দীনদয়াল, প্রিয় তনু তৃন ইব পরিহরেউ॥

চৌ ০১ প্রণরউঁ পরিজন সহিত বিধেহূ, জাহি রাম পদ গূঢ় সনেহূ।
জোগ ভোগ মহঁ রাখেউ গোঈ, রাম বিলোকত প্রগটেউ সোঈ॥
" ২ প্রনবউঁ প্রথম ভরত কে চরনা, জাসু নেম ব্রত জাই ন বরনা।
রাম চরন পঙ্কজ মন জাসূ, লুবুধ মধুপ ইব তজই ন পাসূ॥
" ৩ বন্দউঁ লছিমনপদজলজাতা, সীতল সুভগ ভগত সুখ দাতা।
রঘুপতি কীরতি বিমল পতাকা, দণ্ড সমান উভয় জস জাকা॥
" ৪ সেষ সহস্রসীস জগ কারন, জো অবতরেউ ভূমি ভয় টারন।
সদা সো সানুকূল রহ মো পর, কৃপাসিন্ধু সৌমিত্র গুনাকর॥
চৌ ৫ রিপু সূদন পদ কমল নমামী, সূর সুসীল ভরত অনুগামী।
মহাবীর বিনরউঁ হনুমানা, রাম জাসু জস আপ বখানা॥
সো ০১০ প্রণরউঁ পরনকুমার, খল বন পারক গ্যান ঘন।
জাসু হৃদয় আগার, বসহিঁ রাম সর চাপ ঘর॥

চৌ ০১ কপিপতি রীছ নিসাচর রাজা, অঙ্গদাদি জে কীস সমাজা।
বন্দউঁ সবকে চরন সুহাএ, অধম সরীর রাম জিহ্ন পাএ॥
" ২ রঘুপতি চরন উপাসক জেতে, খগ মৃগ সুর নর অসুর সমেতে।
বন্দউঁ পদ সরোজ সব কেরে, জে বিনু কাম রাম কে চেরে॥
" ৩ সুক সনকাদি ভগত মুনি নারদ, জে মুনিবর বিগ্যান বিসারদ।
প্রণরউঁ সবহি ধরনি ধরি সীসা, করহু কৃপা জন জানি মুনীসা॥
" ৪ জনকসুতা জগ জননি জানকী, অতিসয় প্রিয় করুণানিধান কী।
তাকে যুগপদ কমল বনারউঁ, জাসু কৃপা নিরমল মতি পারউঁ॥
" ৫ পুনি মন বচন কর্ম রঘুনায়ক, করন কমল বন্দউঁ সব লায়ক।
রাজির নয়ন ধরেঁ ধনু সায়ক, ভগত বিপতি ভঞ্জন সুখ দায়ক॥
দো ০২৪ গিরা অরথ জল বীচি সম, কহিঅত ভিন্ন ন ভিন্ন।
বন্দউঁ সীতারাম পদ, জিহ্নহি পরম প্রিয় খিন্ন॥

চৌ ৩ গর্ভে চারু চন্দ্র রাম বিশ্ব সুখ দাতা, কমলে তুষার রূপ খলের সংহর্তা।
রাজা দশরথ সহ রাজরাণী যত, কীর্ত্তিমান সুমঙ্গল মানীও সতত ॥

,, ৪ কায়মনোবাক্যে আমি প্রণমি সবারে, ভৃত্য সম পুত্র জ্ঞানে কৃপা কর মোরে।
যাহাদের সৃষ্টি করি বিধির মহিমা, রামভদ্র পিতা মাতা মাহাত্ম্যের সীমা ॥

সো ৯ নমি রাজা দশরথ অযোধ্যার পতি, রাম প্রতি প্রেম যাঁর ছিল নিরবধি।
দীনবন্ধু পুত্র প্রিয় বিয়োগ ব্যথায়, তৃণ সম ত্যাগ করে যে নশ্বর কায় ॥

চৌ ১ প্রণমি বিদেহরাজ পরিবার সহ, রামভদ্র প্রতি তীব্র আছে যাঁর স্নেহ।
যাগযজ্ঞ মধ্যে যাহা ছিল গুপ্ত অতি, রামচন্দ্রে অবলোকি' ধায় তাঁর প্রতি ॥

,, ২ বন্দিব প্রথমে ভ্রাতা ভরত চরণ, যাঁহার নিয়ম ব্রত দুঃসাধ্য বর্ণন।
রামের চরণ পদ্মে যাহার চেতনা, লুব্ধ মধুকর সম করে আনাগোনা ॥

,, ৩ লক্ষ্মণ ভ্রাতার নমি চরণ কমল, স্নিগ্ধ নয়নাভিরাম ভক্তের বৎসল।
রঘুপতি কীর্তিধ্বজে নির্মল গৌরব, দণ্ডরূপ লক্ষ্মণের যশের সৌরভ ॥

,, ৪ সহস্রশীর্ষের শেষ জগত কারণ, অবতীর্ণ ভূতলে যে ভয় নিবারণ।
অনুকূল সদা রহ আমার উপর, কৃপাসিন্ধু হে সৌমিত্র সর্বগুণাকর ॥

,, ৫ হে শত্রুঘ্ন নমি তব চরণ কমল, মহাবীর শান্ত ধীর ভরত বৎসল।
হনুমন্ত মহাবীর তোমারে বন্দনা, রামচন্দ্র মুখে যার গৌরব বর্ণনা ॥

সো ১০ পবনকুমার তোমা করি নমস্কার, জ্ঞান ঘন, খলবনে অগ্নির প্রকার।
হৃদয় আগারে তব করেন বসতি, ধনুর্বাণ-ধারী শ্যাম রাম রঘুপতি ॥

চৌ ১ কপিপতি ঋক্ষপতি* রাক্ষসের রাজ, অঙ্গদাদি আর আর বানর সমাজ।
বন্দি আমি সবাকার চরণে সুন্দর, প্রাপ্ত রামপদ এরা হ'য়ে নিম্নস্তর ॥

,, ২ রঘুপতি পাদপদ্ম উপাসকদের, পশুপক্ষী দেব নর আর দানবের।
সকলেরি পাদপদ্ম করিব বন্দনা, রামের সেবক এরা বর্জিত কামনা ॥

,, ৩ নারদ সনক শুক ভক্ত মুনিগণ, বিশিষ্ট জ্ঞানেতে যাঁরা বিশারদ হ'ন।
নতি করি শির রাখি ধরণী উপরে, কৃপা কর সবে মোরে সেবক বিচারে ॥

,, ৪ জানকী জনক সুতা জগত জননী, করুণানিধান প্রিয়া না যায় বরণি।
চরণ যুগল পদ্মে করিব মিনতি, কৃপালাভে সুনির্মল হয় যেন মতি ॥

,, ৫ কায়মনোবাক্যে পুনঃ রাঘব শ্রীমান, চরণকমল বন্দি সর্ব শক্তিমান।
রাজীব লোচন যাঁর হস্তে ধনুর্বাণ, ভক্ত ভয় ভঞ্জনের সুখের সন্ধান ॥

দোহা ২৪ বাণী অর্থ জল-উর্মি কহিতে প্রভেদ, বাস্তবে একই তাহা কিছু নাই ভেদ।
সীতারাম এক আত্মা নমিব চরণ, সেই ত আশ্রয় শুধু দুঃখীর শরণে ॥

---

* ঋক্ষপতি—ভল্লুকদের পতি, জাম্বুবান।

চৌ ০১ বন্দউঁ রাম নাম রঘুবর কো, হেতু কৃসানু ভানু হিমকর কো।
বিধি হরি হরময় বেদ প্রান সো, অগুন অনূপম গুন নিধান সো॥
" ২ মহামন্ত্র জোঈ জপত মহেসু, কাসীঁ মুকুতি হেতু উপদেসূ।
মহিমা জাসু জান গনরাউ, প্রথম পূজিঅত নাম সভাউ॥
" ৩ জান আদিকবি নাম প্রতাপূ, ভয়উ সুদ্ধ করি উলটা জাপূ।
সহস নাম সম সুনি সিরবানী, জপি জেঈঁ পিয় সঙ্গ ভরানী॥
" ৪ হরষ হেতু হেরি হর হী কো, কিয় ভূষনতিয় ভূষন তী কো।
নাম প্রভাউ জান সির নীকো, কালকূট ফলু দীহ্ন অমী কো॥
দো ০২৫ বরষা রিতু রঘুপতি ভগতি, তুলসী সালি সুদাস।
রাম নাম বর বরন জুগ, সারন ভাদর মাস॥
চৌ ০১ আখর মধুর মনোহর দোউ, বরন বিলোচন জন জিয় জোউ।
সুমিরত সুলভ সুখদ সব কাহূ, লোক লাহু পরলোক নিবাহূ॥
" ২ কহত সুনত সুমিরত সুঠি নীকে, রাম লখন সম প্রিয় তুলসী কে।
বরনত বরন প্রীতি বিলগাতী, ব্রহ্ম জীব সম সহজ সঁঘাতী॥
" ৩ নর নারায়ন সরিস সুভ্রাতা, জগ পালক বিসেষি জন ত্রাতা।
ভগতি সুতিয় কল করন বিভূষন, জগ হিত হেতু বিমল বিধু পূষন॥
" ৪ স্বাদ তোষ সম সুগতি সুধা কে, কমঠ সেষ সম ধর বসুধা কে।
জন মন মঞ্জু কঞ্জ মধুকর সে, জীহ জসোমতি হরি হলধর সে॥
দো ০২৬ এক ছত্রু একু মুকুটমনি, সব বরননি পর জোউ।
তুলসী রঘুবর নাম কে, বরন বিরাজত দোউ॥
চৌ ০১ সমুঝত সরিস নাম অরু নামী, প্রীতি পরস্পর প্রভু অনুগামী।
নাম রূপ দুই ঈস উপাধী, অকথ অনাদি সুসামুঝী সাধী॥
" ২ কো বড় ছোট কহত অপরাধূ, সুনি গুন ভেদ্ সমুঝিহহিঁ সাধূ।
দেখিঅহিঁ রূপ নাম অধীনা, রূপ গ্যান নহিঁ নাম বিহীনা॥
চৌ ০৩ রূপ বিশেষ নাম বিনু জানেঁ, করতল গত ন পরহিঁ পহিচানেঁ।
সুমিরিঅ নাম রূপ বিনু দেখেঁ, আরত হৃদয়ঁ সনেহ বিসেষেঁ॥
" ৪ নাম রূপ গতি অকথ কহানী, সমুঝত সুখদ ন পরতি বখানী।
অগুন সগুন বিচ নাম সুখাসী, উভয় প্রবোধক চতুর দুভাষী॥

চৌ ১ রঘুপতি রাম নাম সদা জপি আমি, অগ্নি ভানু শশাঙ্কের একমাত্র স্বামী।
ব্রহ্মা বিষ্ণু শিবময় বেদ প্রাণ যিনি, নির্গুণ অথচ সর্ব গুণাধার তিনি ॥

" ২ মহামন্ত্র মহেশ্বর করেন যা' জপ, উপদিষ্ট কাশীবাস মুক্তি সুসম্ভব।
মহিমা যাহার জ্ঞাত দেব গজানন, নামের মাহাত্ম্যে সর্ব অগ্রে পূজ্য হ'ন ॥

" ৩ আদি কবি জানিতেন নামের প্রভাবে, ভীত চিত্তে জপে 'রাম, বিপরীত ভাবে।
শিব বাক্য এক নাম সহস্র সমান, শুনি উমা পতি সাথে জপেন সে নাম ॥

" ৪ পত্নী হর্ষ হেরি' হর হরষিত এত, অর্দ্ধাঙ্গ ভূষণ করে হরগৌরী মত।
নামের মাহাত্ম্য কত জ্ঞাত মহেশ্বর, কালকূট অমৃততে কণ্ঠে রূপান্তর ॥

দো ২৫ রাম ভক্তি বর্ষা ঋতু তুলসী সুদাস, শালি ধান্য সম তার পুষ্টির বিকাশ।
কৃপার বর্ষণে রাম করেন আদর, দু'অক্ষরে দুই মাস শ্রাবণ ভাদর ॥

চৌ ১ দু'অক্ষর সুমধুর মনোহর অতি, সর্ব বর্ণ হৃদয়েতে দুই নেত্রে স্থিতি ।*
স্মরণ করিলে সুখ ইহলোকে আর, পরলোকে পুণ্যধাম প্রাপ্তি সবাকার ॥

" ২ স্মরণে শ্রবণে বাক্যে মধুর গভীর, শ্রীরাম লক্ষণ সম প্রিয় তুলসীর।
বর্ণিতে উভয় রূপ প্রেমের উদয়, জীব ব্রহ্ম সম দোঁহে একাত্ম হৃদয় ॥ **

" ৩ নর নারায়ণ রূপী অপূর্ব দু ভ্রাতা, বিশ্বের পালক আর ভক্তজন ত্রাতা।
ভক্তি যেন মাতৃকর্ণ কুণ্ডল সুন্দর, জগত হিতার্থে চন্দ্র আর রবি কর ॥ ***

" ৪ সদগতি অমৃতরূপী স্বাদু তৃপ্তিকর, কূর্ম শেষনাগ সম ধরণী ধারক।
ভক্তমন পদ্মে গুঞ্জে ভ্রমর সমান, জিহ্বারূপী যশোদার কৃষ্ণ বলরাম ॥

দো ২৬ এক ছত্র এক মণি মুকুটের প্রায়, সর্ব বর্ণ শিরোপরি যাহা শোভা পায়।
রঘুপতি রাম নাম দুইটি অক্ষরে, তুলসী ভনয়ে দেখ সর্ব বর্ণোপরে ॥ ২৬

চৌ ১ নামের সদৃশ নামী বুঝিলে ইহায়, নামী প্রভু নাম প্রেমে অনুরক্ত হয়।
নাম রূপ দুই দেখি ঈশ উপাধিতে, অনাদি বর্ণনাতীত বোধ্য সাধনাতে ॥

" ২ কেবা বড় কেবা ছোট কহা অপরাধ, গুণ ভেদ শুনি সাধু বোঝেন অবাধ।
দেখিয়া অধীন রূপ নামের স্বভাবে, রূপ জ্ঞান নাহি হয় নামের অভাবে ॥

" ৩ বিশেষ রূপের নাম অজ্ঞাত রহিলে, চিনিতে পারি না তাহা এলে করতলে।
স্মরণ করিলে নাম না দেখিয়া রূপে, হৃদয়ে উদিত হয় প্রেমের স্বরূপে ॥

" ৪ নাম রূপ তত্ত্ব ভেদ হয় বাক্যাতীত, উপলব্ধি হ'লে সুখ বর্ণনা অতীত।
নির্গুণ সগুণ মাঝে নাম সাক্ষী রহে, উভয়েরে জানে যেই জ্ঞানী তারে কহে ॥

---

* নেত্র যেমন শরীরের শীর্ষস্থানীয়, সেই রকার (´ রেফ) ও মকার (ঁ চন্দ্রবিন্দু) দেবনাগরীতে সব বর্ণ উপরে বসে। হৃদয়ের নেত্র দ্বারা অর্থাৎ উপলব্ধি দ্বারা রামকে জ্ঞাত হওয়া যায়। ** সাকার সগুণ-জীব—জীবাত্মা ('বিষয়' আমি) ; নিরাকার নির্গুণ ব্রহ্ম—পরমাত্মা ('বিষয়ী' আমি)। উভয়ে পৃথক হইলেও এক (একোমেবাদ্বিতীয়ম্) *** ভক্তির রূপ গুণের বিচার।

দো ০২৭ রাম নাম মনিদীপ ধরু, জীহ দেহরী দ্বার।
তুলসী ভীতর বাহেরহুঁ, জোঁ চাহসি উজিআর ॥

চৌ ০১ নাম জীহঁ জপি জাগহিঁ জোগী, বিরত বিরঞ্চি প্রপঞ্চ বিয়োগী।
ব্রহ্মা সুখহি অনুভরহিঁ অনূপা, অকথ অনাময় নাম ন রূপা ॥
„ ২ জানা চহহিঁ গূঢ় গতি জেউ, নাম জীহঁ জপি জানাহিঁ তেউ।
সাধক নাম জপহিঁ লয় লায়েঁ, হোহিঁ সিদ্ধ অনিমাদিক পাএ ॥
„ ৩ জপহিঁ নামু জন আরত ভারী, মিটহিঁ কুসঙ্কট হোহিঁ সুখারী।
রাম ভগত জগ চারি প্রকারা, সুকৃতী চারিউ অনঘ উদারা ॥
„ ৪ চহূ চতুর কহঁ নাম অধারা, গ্যানী প্রভুহিঁ বিসেষি পিআরা।
চহুঁ যুগ চহুঁ শ্রুতি নাম প্রভাউ, কলি বিসেষি নহিঁ আন উপায়ু ॥

দো ০২৮ সকল কামনা হীন জে, রাম ভগতি রস লীন।
নাম সুপ্রেম পিযূষ হ্রদ, তিন্হহুঁ কিএ মন মীন ॥

চৌ ০১ অগুন সগুন দুই ব্রহ্মা সরূপা, অকথ অগাধ অনাদি অনূপা।
মোরে মত বড় নামু দুহূ তেঁ, কিএ জেহিঁ জুগ নিজবস নিজবুতেঁ ॥
„ ২ প্রৌঢ়ি সুজন জন জানহিঁ জন কী, কহউঁ প্রীতি প্রীতিরুচি মন কী।
একু দারুগত দেখিঅ একূ, পারক সম জুগ ব্রহ্ম বিবেকূ ॥
„ ৩ উভয় অগম জুগ সুগম নাম তেঁ, কহেউঁ নামু বড় ব্রহ্ম রাম তেঁ।
ব্যাপকু এক ব্রহ্ম অবিনাসী, সত চেতন ঘন আনন্দ রাসী ॥
„ ৪ অস প্রভু হৃদয়ঁ অছত অবিকারী, সকল জীবজগ দীন দুখারী।
নাম নিরূপন নাম জতন তেঁ, সোউ প্রগটত জিমি মোল রতন তেঁ ॥

দো ০২৯ নিরগুন তেঁ এহি ভাঁতি বড়, নাম প্রভাউ অপার।
কহউঁ নামু বড় রাম তেঁ, নিজ বিচার অনুসার ॥

চৌ ০১ রাম ভগত হিত নর তনু ধারী, সহি সংকট কিএ সাধু সুখারী।
নামু সপ্রেম জপত অনয়াসা, ভগত হোহিঁ মুদমঙ্গল বাসা ॥
„ ২ রাম এক তাপস তিয় তারী, নাম কোটি খল কুমতি সুধারী।
রিষি হিত রাম সুকেতুসুতা কী, সহিত সেন সুত কীন্হি বিবাকী ॥
„ ৩ সহিত দোষদুখ দাস দুরাসা, দলই জিমি রবিনিসি নাসা।
ভঞ্জেউ রাম আপু ভব চাপূ, ভবভয় ভঞ্জন নাম প্রতাপূ ॥
„ ৪ দণ্ডক বন প্রভু কীন্হ সুহারন, জনমন অমিত নাম কিএ পারন।
নিসিচর নিকর দলে রঘুনন্দন, নামু সকল কলি কলূষ নিকন্দন ॥

দো ২৭ রাম নাম মণিদীপ করি প্রজ্বালিত, দেহ দ্বার জিহ্বা পরে কর প্রতিষ্ঠিত।
আলোকিত চাহে যারা বাহির অন্তর, তুলসী ভনয়ে শুন হইয়া তৎপর ॥
চৌ ১ সংসার বিরাগী যোগী মোহনিদ্রা হ'তে, জাগ্রত সর্বদা যিনি এ নাম জিহ্বাতে।
ব্রহ্মানন্দ অনুভবে উপমা বিহীন, ব্যধিহরা অনির্বাচ্য নাম রূপহীন ॥
" ২ ব্রহ্মার্থ জিজ্ঞাসু জন গূঢ় অর্থজ্ঞান, জিহ্বাগ্রে জপিয়া নাম পরমার্থ পান।
তন্ময় সাধক জপে নাম সর্বক্ষণ, অনিমা লঘিমা আদি সিদ্ধি প্রাপ্ত হ'ন ॥
" ৩ আর্ত যবে জপে নাম সঙ্কট সময়, সঙ্কটবিহীন হয়ে সুখপ্রাপ্ত হয়।
রাম ভক্ত আর্ত অর্থী জিজ্ঞাসু ও জ্ঞানী, উদার নিষ্পাপ আর সুকীর্তি সম্মানী ॥
" ৪ *প্রার্থী এই চতুর্ভক্ত নামাধার সম, ইহা মধ্যে জ্ঞানী শ্রেষ্ঠ প্রভু প্রিয়তম।
চারি যুগে চারি শ্রুতি নামের প্রভায়, কলিযুগে নাম বিনা না দেখি উপায় ॥
দো ২৮ সকল কামনা ত্যজি ভক্তি রাম পদে, নামের মহিমারূপ প্রেমামৃত হ্রদে।
নিমজ্জিত হয় যবে তারি মাঝে লীন, ভক্তমন হয় যেন হ্রদ মাঝে মীন ॥

চৌ ১ নির্গুণ সগুণ ব্রহ্ম অরূপ সরূপ, অনির্বাচ্য সুগম্ভীর অনাদি অনুপ।
মোর মতে নাম বড় এ দুয়ের পাশে, নিজের প্রভাবে আনে উভয়েরে বশে ॥
" ২ সুবিজ্ঞ সজ্জন জানে জনগণ মন, রুচি প্রীতি অনুভূতি কহিব আপন।
দারুগত যেই অগ্নি প্রজ্বলিত আর, অগ্নিসম ব্রহ্ম সেই উভয় আকার ॥
" ৩ অগম্য উভয় রহে সুগম্য নামেতে, ব্রহ্ম রাম হ'তে বড় নাম পরিচিতে।
সর্বব্যাপী অদ্বিতীয় ব্রহ্ম অবিনাশী, সৎ ও চৈতন্যঘন আনন্দের রাশি ॥
" ৪ এই প্রভু হৃষীকেশ হৃদয়ে সবারি, তথাপি জগতে জীব দীন দুঃখী ভারী।
নামের মাহাত্ম্য জানি জপিলে সে নাম, প্রকট হইবে রূপ রতন সমান ॥
দো ২৯ নামের মাহাত্ম্য অতি অপূর্ব প্রভাব, নির্গুণ ব্রহ্মের চেয়ে উচ্চতর ভাব।
কহিতেছি আমি নিজ বুদ্ধি অনুসার, রামের অপেক্ষা নামে মাহাত্ম্য প্রচার ॥

চৌ ১ ভক্ত হিত লাগি রাম নরদেহ ধরে, সঙ্কট সহিয়া নিজে ভক্তেরে উদ্ধারে।
ভক্ত যবে জপে নাম প্রেমে অনায়াসে, দেহ সে মন্দির হয় আনন্দ আবাসে ॥
" ২ রাম এক ঋষি পত্নী করেন তারণ, নামের মাহাত্ম্যে কোটি খল উদ্ধারণ।
পুত্র সৈন্য সহ যুদ্ধে দুহিতা সুকেতু,** বধে রাম বিশ্বামিত্র যজ্ঞ রক্ষা হেতু ॥
" ৩ দুষ্টাভিলাষ দোষ দাস দুঃখ যত, নাশে নাম সূর্য্যকরে অন্ধকার মত।
ভবচাপ ভাঙ্গিলেন নিজ হস্তে রাম, ভব ভয় হরিবারে একমাত্র নাম ॥
" ৪ দণ্ডক অরণ্য প্রভু করিলা কানন, নামেতে অমিত জন মন উদ্ধারণ।
নিশাচর সমূহেকে নাশে রঘুরায়, কলিপাপ উৎপাটন নামের প্রভায় ॥

* গীতা—৭ম অধ্যায় ১৬, ১৭, ১৮ শ্লোক দ্রষ্টব্য। ** সুকেতু দুহিতা - তাড়কা।

দো ০৩০ সবরী গীধ সুসেরকনি, সুগতি দীহ্নি রঘুনাথ।
নাম উধারে অমিত খল, বেদ বিদিত গুন গাথ॥

চৌ ০১ রাম সুকণ্ঠ বিভীষন দোউ, রাখে সরন জান সবু কোউ।
নাম গরীব অনেক নেরাজে, লোক বেদ বর বিদিত বিরাজে॥

” ২ রাম ভালু কপি কটুক বটোরা, সেতু হেতু শ্রম কীহ্ন ন থোরা।
নামু লেত ভবসিন্ধু সুখাহীঁ, করহুঁ বিচারু সুজন মন মাহীঁ॥

” ৩ রাম সকুল রন রাবনু মারা, সীয় সহিত নিজ পুর পগ ধারা।
রাজা রামু অরধ রাজধানী, গারত গুন সুর মুনি বর নী॥

” ৪ সেবক সুমিরত নামু সপ্রীতী, বিনু শ্রম প্রবল মোহ দলু জীতী।
ফিরত সনেহঁ মগন মুখ অপনেঁ, নাম প্রসাদ সোচ নহীঁ সপনে॥

দো ০৩১ ব্রহ্ম রাম তেঁ নামু বড়, বর দায়ক বর দানি।
রামচরিত সতকোটি মঁহ, লিয় মহেস জিয়ঁ জানি॥

চৌ ০১ নাম প্রসাদ সম্ভু অবিনাসী, সাজু অমঙ্গল মঙ্গল রাসী।
সুক সনকাদিসিদ্ধ মুনি জোগী, নাম প্রসাদ ব্রহ্মসুখ ভোগী॥

” ২ নারদ জানেউ নাম প্রতাপূ, জগ প্রিয় হরি হরি হর প্রিয় আপূ।
নামু জপত প্রভু কীহ্ন প্রসাদূ, ভগত সিরোমনি ভে প্রহ্লাদূ॥

” ৩ ধ্রুবঁ সগলানি জপেউ হরি নাউঁ, পারউ অচল অনূপম ঠাউঁ।
সুমিরি পরনসুত পারন নামু, অপনে বস করি রাখে রামু॥

” ৪ অপতু অজামিলু গজু গনিকাউ, ভএ মুকুত হরি নাম প্রভাউ।
কহৌঁ কহাঁ লগি নাম বড়াঈ, রামু ন সকহিঁ নাম গুন গাঈ॥

দো ০৩২ নামু রাম কো কলপতরু, কলি কল্যান নিবাসু।
জো সুমিরত ভয়ে মাঁগ তেঁ, তুলসী তুলসীদাসু॥

চৌ ০১ চহুঁ জুগ তীনি কাল তিহুঁ লোকা, ভএ নাম জপি জীব বিসোকা।
বেদ পুরান সন্ত মত এহূ, সকল সুকৃত ফল রাম সনেহূ॥

” ২ ধ্যানুপ্রথম জুগ মখবিধি দূজেঁ, দ্বাপর পরিতোষত প্রভু পূজেঁ।
কলি কেরল মল মূল মলীনা, পাপ পয়োনিধি জন মন মীনা॥

” ৩ নাম কামতরু কাল করালা, সুমিরত সমন সকল জগ জালা।
রাম নাম কলি অভিমত দাতা, হিত পরলোক লোক পিতু মাতা॥

” ৪ নহিঁ কলি করম ন ভগতি বিবেকূ, রাম নাম অবলম্বন একূ।
কালনেমি কলি কপট নিধানূ, নাম সুমতি সমরথ হনুমানূ॥

দো ০৩৩ রাম নাম নর কেসরী, কনককসিপু কলিকাল।
জাপক জন প্রহ্লাদ জিমি, পালিহি দলি সুরসাল॥

দো ৩০ শবরী জটায়ু আর যতেক সেবকে, সদ্গতি দিলেন রাম সবে একে একে।
নাম তথা নির্বিচারে উদ্ধারে সতত, অযুত খলেরে ইহা বেদেতে বিদিত॥

চৌ ১ সুগ্রীব ও বিভীষণে এই দুই জনে, আশ্রয়ে রাখেন রাম সবে তাহা জানে।
অসংখ্য দীনেরে দয়া নাম করে সদা, লোকে বেদে নাম যশ প্রসিদ্ধ সর্বদা॥

” ২ ঋক্ষ কপি সৈন্য দ্বারা সেতু বন্ধনের, অল্প শ্রমে হয়েছে কি শ্রীরামচন্দ্রের।
নাম নিলে ভব সিন্ধু শুখাইয়া যায়, বিচার করহ জ্ঞানী মনেতে ইহায়॥

” ৩ সবংশে রাবণে রাম করি সংহরণ, সীতা সহ নিজপুরে করি পদার্পণ।
রাজধানী অযোধ্যায় রাজা হ'ন রাম, দেব ঋষি মুখরিত গুণ গানে নাম॥

” ৪ সেবক সপ্রেমে নাম করিলে স্মরণ, অনায়াসে মহামোহ করে সে দলন।
প্রেমে মগ্ন হয়ে করে সুখে বিচরণ, স্বপ্নেও না হয় চিন্তা নামের কারণ॥

দো ৩১ রাম ব্রহ্ম দুই হ'তে নাম সে মহান, বরদাতা দেবতারে করে বরদান।
জানি ইহা মহেশ্বর লন নিজধাম, শতকোটি রামলীলা মধ্য হ'তে নাম॥

চৌ ১ নামের প্রসাদে শম্ভু হ'ন মৃত্যুঞ্জয়, অমঙ্গল বেশ ধরি' সুমঙ্গল ময়।
শুকদেব সনকাদি সিদ্ধ মুনি যোগী, নামের প্রসাদে হয় ব্রহ্মানন্দ ভোগী॥

” ২ নামের প্রতাপ জানে নারদ ঋষিও, বিশ্বপ্রিয় হরিহর হরির সে প্রিয়।
নাম জপে হ'ন প্রভু প্রসন্ন এমনি, প্রহ্লাদ দৈত্যের পুত্র ভক্ত শিরোমণি॥

” ৩ লাঞ্ছিত গ্লানিতে ধ্রুব জপি হরি নাম, পেয়েছে সে অনুপম অচল সে ধাম।
পবন নন্দন সদা পুণ্য নাম স্মরি', প্রভু রামে রাখে সদা নিজ বশ করি॥

” ৪ নির্লজ্জ সে অজামিল গজ গণিকার, মুক্তি লাভ হয় নাম প্রভাবে অপার।
নামের মহিমা আমি কি কহিব আর, রামেরও অসাধ্য নামগুণ গাহিবার॥

দো ৩২ কলিযুগে রামনাম কল্পতরু সম, কল্যাণ সাধন করে সবে মহোত্তম।
স্মরি' সিদ্ধিপত্র সম এ তুলসীদাস, পবিত্র তুলসী পত্র হইতে প্রয়াস॥

চৌ ১ চারি যুগে ত্রিকালেতে জীব ত্রিলোকেতে, নাম জপি' শোকমুক্ত হয় সর্বমতে।
পুরাণ ও সাধুগণ এইরূপ কহে, সর্ব সুকৃতির ফল রামভক্তি বহে॥

” ২ সত্য যুগে ধ্যান দ্বারা যজনে ত্রেতার, দ্বাপরেতে পূজার্চনা তুষ্টি দেবতার।
কলিতে কলুষ মল পূর্ণ মহীতলে, জীব মন মৎস্যরূপী পাপ সিন্ধু জলে॥

” ৩ সে করাল কালে নাম কল্পতরু সম, স্মরণে জগত জ্বালা হয় উপশম।
কলিতে বাঞ্ছিত ফল রামনাম দাতা, পরলোকে হিতকারী মর্ত্যে পিতা মাতা॥

” ৪ কর্ম ভক্তি জ্ঞানাভাব কলিকালে তাই, রাম নাম অবলম্ব ভিন্ন কিছু নাই।
কলিরূপ কালনেমি কপটতা নাশ, সমর্থ সে হনুমন্ত নামেতে বিশ্বাস॥

দো ৩৩ নৃসিংহাবতার রূপে রামনাম হয়, হিরণ্যকশিপু দৈত্য সেই কলিময়।
জপব্রতী জন সবে প্রহ্লাদের বেশে, দেব শত্রু দলি' তারে পালেন অশেষে॥

চৌ ০১ ভায়ঁ কুভায়ঁ অনখ আলসহূঁ, নাম জপত মঙ্গল দিসি দসহূঁ।
সুমিরি সো নাম রামগুন গাথা, করউঁ নাই রঘুনাথহি মাথা ॥
" ২ মেরি সুধারিহি সো সব ভাঁতী, জাসু কৃপা নহিঁ কৃপাঁ অঘাতী।
রাম সুস্বামি কুসেবক মোসো, নিজ দিসি দেখি দয়ানিধি পোসো ॥
" ৩ লোকহুঁ বেদ সুসাহিব রীতি, বিনয় সুনত পহিচানত প্রীতি।

" ৪ সুকবি কুকবি নিজ মতি অনুহারী, নৃপহি সরাহত সব নর নারী।
সাধু সুজান সুসীল নৃপালা, ঈস অংস ভর পরম কৃপালা ॥
" ৫ সুনি সনমাহিঁ সবহি সুবানী, ভনিতি ভগত নতি গচত পহিরানী ॥
য়হ প্রাকৃত মহিপাল সুভাউ, জাক সিরোমনি কোসল রাউ।
" ৬ রীঝত রাম সনেহ নিসোতেঁ, কো জগ মন্দ মলিন মতি মোতেঁ।
দো ০৩৪ সঠ সেবক কী প্রীতি রুচি, রখিহহিঁ রাম কৃপালু।
উপল কিএ জলজান জেহিঁ, সচিব সুমতি কপি ভালূ ॥
" ৩৫ হৌঁহু কহাবত সবু কহত, রাম সহত উপহাস।
সাহিব সীতানাথ সো, সেবক তুলসীদাস ॥
চৌ ০১ অতিবড়ি মোরি ঢিঠাঈ খোরী, মুনি অঘ নরকহুঁ নাক সকোরী।
সমুঝি সহস মোহি অপডর অপনেঁ, সো সুধিরাম কীহ্নি নহিঁ সপনেঁ ॥
" ২ সুনি অবলোকি সচিত চখ চাহী, ভগতি মোরি মতি স্বামি সরাহী।
কহত নমাই হোই হিয়ঁ নীকী, রীঝত রাম জানি জন জী কী ॥
" ৩ রহতি ন প্রভুচিত চূক কিএকী, করত সুরতি সয় বার হিয়ে কী।
জেহিঁ অঘ বধেউ ব্যাধ জিম বালী, ফিরি সুকণ্ঠ সোই কীহ্নি কুচালী ॥
" ৪ সোই করতূতি বিভীষন কেরী, সপনেহুঁ সোন রাম হিয়ঁহেরী।
তে ভরতহি ভেঁটত সন্মানে, রাজ সভাঁ রঘুবীর বখানে ॥
দো ৩৬ প্রভু তরু তর কপি ডার পর, তে কিয়ে আপু সমান।
তুলসী কহূঁ ন রাম সে, সাহিব সীল নিধান ॥
" ৩৭ রাম নিকাঈ রাররী, হৈ সবহী কো নীক।
জোঁ য়হ সাঁচী হৈ সদা, তৌ নীকো তুলসীক ॥
" ৩৮ এহি বিধি নিজগুন দোষ কহি, সব হি বহরি সিরু নাই।
বরনউঁ রঘুবর বিসদ জসু, সুনিকলি কলুষ নসাই ॥
চৌ ০১ জাগবলিক জো কথা সুহাঈ, ভরদ্বাজ মুনিবরহি সুনাঈ।
কহিহউঁ সোই সম্বাদ বখানী, সুনহঁ সকল সজ্জন সুখু মানী ॥

চৌ ১ প্রীতি অবজ্ঞায় হো'ক ক্রোধে অনুক্রমে, সর্বভাবে সুমঙ্গল জপের মাধ্যমে।
সেই রামনাম আমি রাখিয়া স্মরণে, গাহি রাম গুণগ্রাম নমিয়া চরণে ॥
,, ২ সর্ব অহঙ্কার শূন্য করিবে স্বভাব, কৃপাসিন্ধু রামে নাহি কৃপার অভাব।
সর্বশ্রেষ্ঠ স্বামী রাম কুসেবক মোরে, আপন স্বভাবে প্রভু পালেন আদরে ॥
,, ৩ লোকে বেদে সুপ্রসিদ্ধ সুস্বামীর রীতি, বিনতি শুনিয়া বোঝে সেবকের প্রীতি।
ধনী প্রার্থী গ্রাম্য কিংবা নগরে বসতি, বিজ্ঞ মূর্খ নিন্দনীয় খ্যাতনামা অতি ॥
,, ৪ সুকবি কুকবি সবে নরনারী আর, নৃপতির যশোগান করে বারবার।
সুবিজ্ঞ সজ্জন আর সুশীল নৃপতি, ঈশ্বরের অংশরূপে হ'ন কৃপামতি ॥
,, ৫ শোনেন সম্মান করি' সবাকার বাণী, ভক্তি ও ভণিতা নতি মনে অনুমানি' ॥
প্রকৃত নৃপতি সবে এই গুণ হয়, সব নৃপ শিরোমণি রাম রঘুরায় ॥
,, ৬ শ্রীরাম প্রসন্ন হ'ন বিশুদ্ধ প্রেমেতে, মোর চেয়ে মন্দমতি কে আছে জগতে ॥
দো ২৪ মোর মত কুসেবক তারো রুচি প্রীতি, গ্রহণ করেন রাম অতি কৃপামতি।
শিলা জল যান যাঁর ঋক্ষ কপিগণ, মিত্র ও সামন্ত সব একান্ত সুজন ॥
,, ২৫ কোথা সীতানাথ কোথা অতি ক্ষুদ্র আমি, সবে কহে আমিও ত' কহি মোর স্বামী।
কৃপাময় রঘুনাথ এ তুলসীদাসে, সহেন না দিয়া কান এই উপহাসে ॥ *
চৌ ১ মোর বাক্য দম্ভ সম সর্প মনে হবে, নাসিকা কুঞ্চিত করে নরক রৌরবে।
মাঝে মাঝে ভয় হয় ভাবিয়া এ কথা, স্বপ্নেও শ্রীরাম কিন্তু ভাবিবেন না তা' ॥
,, ২ নির্মল চক্ষেতে চাহি দেখি মোর মন, প্রশংসিবে প্রীতি ভক্তি যা' মোর আপন।
ভাল মন্দ যাই হো'ক এ কথা কহিতে, ভক্ত মন জানি' রাম সদা সুখী চিতে ॥
,, ৩ ভক্ত ভুল ভ্রান্তি প্রভু না রাখেন মনে, মনোগত ভাব তার রাখেন স্মরণে।
যে দোষে বধেন বালী ব্যাধসম রাম, সে দোষে সুগ্রীব হয় দোষীর সমান ॥
,, ৪ বিভীষণ সেই কর্ম করেছেন বটে, রাম তাহা না রাখেন তাঁর স্মৃতি পটে।
পরন্তু ভরত যবে সম্বর্দ্ধনা করে, প্রশংসা করেন রাম এ দুই বীরেরে ॥
দো ২৬ প্রভু তরুতলে কপি বৃক্ষ শাখাপরে, তাদেরো আপন প্রভু করেন সাদরে।
তুলসী ভণয়ে শুন সকল সংসার, রাম সম শীলভদ্র কেহ নাই আর ॥
,, ২৭ হে প্রভু মঙ্গলময় তব গরিমাতে, সবারি মঙ্গল হয় জানি এ জগতে।
ইহা যদি সত্য হয় তবে কেন ভয়, তুলসী মঙ্গল তবে হইবে নিশ্চয় ॥
,, ২৮ নিজ দোষগুণ সব করিয়া প্রচার, নত করি শির মোর চরণে সবার।
রঘুবর গুণ গাথা করিব বর্ণন, শুনিয়া কলির পাপ হ'বে নিরসন ॥
চৌ ১ যাজ্ঞবল্ক্য বাখানিয়া যেই উপাখ্যান, ভরদ্বাজ ঋষিবরে শ্রবণ করান।
সেই উপাখ্যান আমি কহিব বাখানি', শুনহ সজ্জন সবে সুখী হ'বে শুনি ॥

---

* ভূমিকা দ্রষ্টব্য

চৌ ২ সম্ভু কীহ্ন য়হ চরিত সুহারা, বহুরি কৃপা করি উমহি সুনারা।
সোই সির কাগভুসুণ্ডিহি দীহ্না, রাম ভগত অধিকারী চীহ্না॥
„ ৩ তেহি সন জাগবলিক পুনি পারা, তিহ্ন পুনি ভরদ্বাজ প্রতি গারা।
তে শ্রোতা বকতা সমসীলা, সবঁদরসী জান হিঁ হরিলীলা॥
„ ৪ জানহিঁ তীনি কাল নিজ গ্যানা, করতাল গত আমলক সমানা।
ঔরউ জে হরিভগত সুজানা, কহহিঁ সুনহিঁ সমুঝহিঁ বিধি নানা॥
দো ০৩৯ মৈঁ পুনি নিজগুরু সন সুনী, কথা সো সূকর খেত।
সমুঝী নহি তসি বালপন, তব অতিরহেউঁ অচেত॥
শ্রোতা বকতা গ্যাননিধি, কথা রাম কৈ গূঢ়।
কিমি সমুঝৌঁ মৈঁ জীব জড়, কলিমল গ্রসিত বিমূঢ়॥
চৌ ০১ তদপি কহী গুরু বারহিঁ বারা, সমুঝি পরী কছু মতি অনুসারা।
ভাষাবদ্ধ করবি মৈঁ সোঈ, মোরেঁ মন প্রবোধ জেহিঁ হোঈ॥
„ ২ জস কছু বুধি বিবেক বল মেরেঁ, তস কহিহউঁ হিয়ঁ হরিকে প্রেরেঁ।
নিজ সন্দেহ মোহ ভ্রম হরনী, করউঁ কথা ভর সরিতা তরনী॥
„ ৩ বুধ বিশ্রাম সকল জন রঞ্জনি, রামকথা কলি কলুষ বিভঞ্জনি।
রামকথা কলি পন্নগ ভরনী, পুনি বিবেক পারক কহঁ অরনী॥
„ ৪ রাম কথা কলি কামদ গাঈ, সুজন সুজীবনি মূরি সুহাঈ।
সোই বসুধাতল সুধা তরঙ্গিনি, ভয় ভঞ্জনি ভ্রম ভেক ভুজঙ্গিনি॥
„ ৫ অসুর সেন সম নরক নিকন্দিনি, সাধু বিবুধ কুল হিত গিরিনন্দিনি।
সন্ত সমাজ পয়োধি রমা সী, বিস্ব ভার ভর অচল ছমা সী॥
„ ৬ জনগন মুঁহ মসি জগ জমুনা সী, জীবন মুকুতি হেতু জনু কাসী।
রামহি প্রিয় পাবনি তুলসী সী, তুলসি দাস হিত হিয়ঁ হুলসী সী॥
„ ৭ সিবপ্রিয় মেকল সৈল সুতা সী, সকল সিদ্ধি সুখ সম্পতি রাসী।
সদ্গুন সুরগন অম্ব অদিতি সী, রঘুবর ভগতি প্রেম পরিমিতি সী॥
দো ০৪১ রামকথা মন্দাকিনী, চিত্রকূট চিত চারু।
তুলসী সুভগ সনেহ বন, সিয় রঘুবীর বিহারু॥
চৌ ০১ রামচরিত চিন্তামনি চারু, সন্ত সুমতি তিয় সুভগ সিংগারু।
জগমঙ্গল গুনগ্রাম রাম কে, দানি মুকুতি ধন ধরম ধামকে॥
„ ২ সদ্গুরু গ্যান বিরাগ জোগকে, বিবুধ বৈদ ভব ভীম রোগ কে।
জননি জনক সিয়রাম প্রেমকে, বীজ সকল ব্রত ধরম নেমকে॥

চৌ ২ চিত্রপটে আঁকি শম্ভু চরিত্র মহান, উমারে শোনান প্রেমে এই উপাখ্যান।
কাক ভুশুণ্ডীরে জানি' ভক্তি অধিকারী, অর্পণ করেন তাহা উদ্দেশে তাহারি ॥
,, ৩ তার হ'তে লভি পুনঃ যাজ্ঞবল্ক্য মুনি, ভরদ্বাজ ঋষিবরে শোনান আপনি।
শ্রোতা বক্তা এই তিন সুশীল সমান, সমদর্শী হরিলীলা জ্ঞাত ত্রিমহান ॥
,, ৪ নিজ জ্ঞানে ত্রিকালজ্ঞ তিন জ্ঞান ব্রত, আমলকী স্থিত যেন করতলগত।
অন্য সজ্জনেরা সব হরিভক্ত যারা, শ্রবণ কথন ব্যাখ্যা করেন তাহারা ॥
দো ৩৯ বহু যুগ পরে তার মোর শৈশবেতে, গুরুমুখে শুনিয়াছি বরাহক্ষেত্রেতে।
এ কাহিনী বুঝি নাই আমি সে সময়, বালোচিত বুদ্ধি ছিল অজ্ঞানতাময় ॥
,, ৪০ বক্তা শ্রোতা হ'তে হ'বে জ্ঞাননিধি প্রায়, রাম তত্ত্ব গূঢ় অতি জ্ঞান সমুদয়।
কি করিয়া বুঝি আমি সেই সময়েতে, জড় বুদ্ধি পাপগ্রস্ত কলির পাপেতে ॥

চৌ ১ তথাপি কহিলা গুরু মোরে বার বার, কিছু ত' বুঝেছি আমি বুদ্ধি অনুসার।
ছন্দোবদ্ধ করি তাহা কহিব বাখানি, কৃতার্থ তাহাতে আমি মনে প্রাণে গণি ॥
,, ২ বুদ্ধি বল যাহা মোর বিবেচনা মত, হরি প্রেম প্রেরণাতে ক'ব সাধ্য যত।
ভ্রম মোহ সন্দেহের সকল হরণী, কহিব যে কথা ভব সমুদ্র তরণী ॥
,, ৩ জ্ঞানীর আরাম জন মনের রঞ্জন, রাম গাথা কলিযুগে পাপ বিমোচন।
রামগাথা কলি সর্পে শ্যেন পক্ষী সম, জ্ঞানাগ্নিতে কাষ্ঠ সম অরণি উত্তম ॥
,, ৪ রামগাথা বাঞ্ছা পূরে কামধেনু মত, সঞ্জীবনী মূল সম সজ্জনে সতত।
পৃথিবী উপরে তাহা সুধা তরঙ্গিনী, ভয় বিমোচক ভ্রম মণ্ডুকে সর্পিনী ॥
,, ৫ নরক সমান দৈত্য-সেনার সংহারী, জ্ঞানী সাধুগণ সবে হিতার্থে শঙ্করী।
সাধুর সমাজ মাঝে পয়োধিতে রমা, ভার সহ ধরিত্রীর রূপে তাহা ক্ষমা ॥
,, ৬ যমদূত মুখে মসী যমুনার মত, কাশী সম মুক্তিদাতা জীবকে সতত।
রাম কাছে প্রিয় পত্র পবিত্র তুলসী, তুলসী দাসের প্রিয় জননী হুলসী ॥
" ৭ মেকল সুতিতা সম শঙ্কর তোষিণী, সর্ব-সিদ্ধি-সম্পত্তির আনন্দ পোষণী।
সজ্জনের সুরমাতা অদিতির সম, রঘুবর ভক্তি প্রেম সীমা সর্বোত্তম ॥
দো ৪১ মন্দাকিনী পুণ্যধারা যেন রামগাথা, চিত্রকূট যেন স্থির চিত্ত নির্মলতা।
স্নেহ সে সুন্দর বন যেন রাম-সীতা, আনন্দে ভ্রমেন গাহে তুলসী সে কথা ॥

চৌ ১ রামগাথা স্পর্শমণি সাধু-সুমতির, সামন্তে সিন্দুর শোভা সৌভাগ্য সতীর।*
জগতে মঙ্গল আনে রাম গুণরাশি, মুক্তির ঐশ্বর্য আনে ধর্ম অবিনাশী ॥
,, ২ সদগুরু সমান যোগে বৈরাগ্য বিজ্ঞানে, দেববৈদ্য সম ভব রোগ নিরসনে ॥
জননী জনক সম প্রেমে সীতা রাম, সুনিয়মে ধর্মব্রত সকল নিদান ॥

---

* ভূমিকা দ্রষ্টব্য।

চৌ ৩ সমন পাপ সন্তাপ সোক কে, প্রিয় পালক পরলোক লোক কে।
সচির সুভট ভূপতি বিচার কে, কুম্ভজ লোভ উদধি অপার কে।
" ৪ কাম কোহ কলিমল করিগন কে, কেহরি সারক জন মন বন কে।
অতিথি পূজ্য প্রিয়তম পুরারি কে, কামদ ঘন দারিদ দরারি কে॥
" ৫ মন্ত্র মহামনি বিষয় ব্যালকে, মেটত কঠিন কুঅঙ্ক ভাল কে।
হরন মোহ তম দিনকর করসে সেবক সালি পাল জলধর সে॥
" ৬ অভিমত দানি দেরতরু বরসে, সেরত সুলভ সুখদ হরি হর সে।
সুকবি সরদ নভ মন উড়গন সে, রাম ভগত জন জীরন ধন সে॥
" ৭ সকল সুকৃত ফল ভূরি ভোগ সে, জগহিত নিরুপধি সাধু লোগ সে।
সেরক মন মানস মরাল সে, পারন সঙ্গ তরঙ্গ মাল সে॥

দো ০৪২ কুপথ কুতরক কুচালি কলি, কপট দম্ভ পাযণ্ড।
দহন রামগুন গ্রাম জিমি, ইন্ধন অনল প্রচণ্ড॥
" ৪৩ রামচরিত রাকেস কর, সরিস সুখদ সব কাহু।
সজ্জন কুমুদ চকোর চিত, হিত বিসেযি বড় লাহু॥

চৌ ০১ কীহ্নি প্রশ্ন জেহি ভাঁতি ভরানী, জেহি বিধি সঙ্কর বখানী।
সো সব হেতু কহব মৈঁ গাঈ, কথা প্রবন্ধ বিচিত্র বনাঈ॥
" ২ জেহিঁ য়হ কথা সুনী নহি হোঈ, জনি আচরজু করি সুনি সোঈ।
কথা অলৌকিক শুনহিঁ জে গ্যানী, নহিঁ আচরজু করহিঁ অস জানী॥
" ৩ রাম কথা কৈ মিতি জগ নাহীঁ, অসি প্রতীতি তিহ্ন কে মনমাহীঁ।
নানা ভাঁতি রাম অরতারা, রামায়ন সত কোটি অপারা॥
" ৪ কলপভেদ হরি চরিত সুহাএ, ভাঁতি অনেক মুনিসহ্ন গাএ।
করিঅ ন সংসয় অস উর আনী, সুনিঅ কথা সাদর রতি মানী॥

চো ০৪৪ রাম অনন্ত অনন্ত গুন, অমিত কথা বিস্তার।
সুনি আচরজুন মানিহহিঁ, জিহ্ন কেঁ বিমল বিচারা॥

চৌ ০১ এহি বিধি সব সংসয় করি দূরী, সির ধরি গুরু পদ পঙ্কজ ধূরী॥
পুনি সবহী বিনরউঁ কর জোর, করত কথা জোহি লাগন খোরী॥

রামচরিত রচনার তিথি

" ২ সাদর সিরহি নাই অব মাথা, বরনউঁ বিসদ রামগুন গাথা।
সম্বত সোরহ সৈ একতীসা, করউ কথা হরি পদ ধরি সীসা॥
" ৩ নৌমী ভৌম বার মধু মাসা, অরধপুরী য়হ চরিত প্রকাসা।
জোহি দিন রাম জনম শ্রুতি গাবহিঁ, তীরথ সকল তহাঁ চলি আরহি॥

চৌ ৩ শোক তাপ সন্তাপের শমন সমান, ইহ-পরলোকে প্রিয় পালক শ্রীরাম।
জ্ঞানরাজ্যে সুপণ্ডিত মন্ত্রীর স্বরূপ, লোভ সিন্ধু শোষণেতে অগস্ত্যের রূপ ॥

" ৪ মদমত্ত হস্তী সম কলি ক্রোধ কামে, সিংহের প্রতাপে নাশে মন বন ধামে।
পূজ্য অতিথির সম শিব প্রিয়তম, দাবানল দারিদ্র্যের জলধর সম ॥

" ৫ বিষয় ভুজঙ্গ বিষে মন্ত্র মহামণি, মিটায় অশুভ ক্রুর ললাট লেখনী।
মোহের বিনাশকারী সূর্য তমে যথা, বর্ষণ ধান্যের প্রতি ভক্তে স্নেহ তথা ॥

" ৬ কল্পতরু সম দানে যা' কিছু বাঞ্ছিত, সেবক সুলভ তিনি হরিহর মত।
কবি মন পক্ষী যথা শারদ আকাশে, জীবন সর্বস্ব ভক্তি রামভক্ত পাশে ॥

" ৭ সর্ব সুকৃতির ফল ভোগের সহিত, জগত হিতার্থে সাধু কামনা রহিত।
মরাল সমান সরে মন সেবকের, পতিত উদ্ধারে সম গঙ্গা তরঙ্গের ॥

দো ৪২ পথভ্রষ্ট কুতার্কিক কপট কুরীতি, দাম্ভিক পাষণ্ডগণ আমার প্রতীতি।
রামগুণ-গাথা করে এ সবে দহন, প্রদীপ্ত অনলে যেন ইহারা ইন্ধন ॥

" ৪৩ রামের চরিত্র চিত্র পূর্ণিমা কিরণ, সবারে আনন্দে করে হরষিত মন।
সজ্জন কুমুদ তা'র হৃদয় চকোর, উপকৃত বিশেষত তা'রা নিরন্তর ॥

চৌ ১ ভবানী যে সব প্রশ্ন করেন শঙ্করে, শঙ্কর কহেন যাহা বিস্তৃত প্রকারে।
তাহার কারণ সবি গাহিব গীতিতে, এ কাব্য রচনা করি বিচিত্র প্রথাতে ॥

" ২ যে কথা যে শোনে নাই সেই কথা কব, শুনিয়া আশ্চর্য বোধ হইবে সম্ভব।
অলৌকিক কথা বটে জ্ঞানীরা জানিয়া, আশ্চর্য না হ'ন কভু এ কথা শুনিয়া ॥

" ৩ রাম কথা পরিমাপ জগতে না হয়, এ বিশ্বাস মনে তার স্থির ভাবে রয়।
অবতীর্ণ নানারূপে রাম অবতার, শত কোটি রামায়ণে তা' হয় অপার ॥

" ৪ কল্প ভেদ হইলেও হরি গুণধারা, গীত হয় কতরূপে মুনিশ্রেষ্ঠ দ্বারা।
সন্দেহের অবকাশ না দিয়া হৃদয়ে, এ মহাচরিত শুন সপ্রেমে নির্ভয়ে ॥

দো ৪৪ অনন্ত রাঘব শ্রেষ্ঠ অনন্ত গুণের, অমিত চরিত কথা চির বিস্তারের।
শুনিয়া বিস্মিত মন না হইবে যার, বিমল চরিত্র তার বিমল বিচার ॥

চৌ ১ সকল সংশয় দূর এই ভাবে ক'রে, গুরু পাদপদ্ম রজ রাখি শিরোপরে।
পুনরায় এ মিনতি আমার সবারে, দোষ ত্রুটি যেন কাব্য স্পর্শ নাহি করে ॥

রামচরিত রচনার তিথি

" ২ সমাদরে শিবপদে নত করি মাথা, বিরচিব সুবিমল রামগুণ গাথা।
সম্বত ষোড়শ শত একত্রিশ আর, কথারম্ভ হরিপদ শিরেতে আমার ॥

" ৩ মধুমাসে নবমীতে মঙ্গল বারেতে, চরিত প্রকাশ হ'ল অযোধ্যা পুরীতে।
এই দিনে রামজন্ম শ্রুতির বিচারে, সবতীর্থ একযোগে অযোধ্যা নগরে ॥

চৌ ৪ অসুর নাগ খগ নর মুনি দেবা, আই করহিঁ রঘুনায়ক সেরা।
জন্ম মহোৎসব রচহিঁ সুজানা, করহিঁ রাম কল কীরতি গানা ॥

রামচরিত মাহাত্ম্য

দো ০৪৫ মজ্জহিঁ সজ্জন বৃন্দ বহু, পারন সরজূ নীর।
জয়হিঁ রাম ধরি ধ্যান উর, সুন্দর স্যাম সরীর ॥

চৌ ০১ দরস পরস মজ্জন অরু পানা, হরই পাপ কহ বেদ পুরানা।
নদী পুনীত অমিত মহিমা অতি, কহি ন সকই সারদা বিমলমতি ॥

চৌ ২ রাম ধামদা পুরী সুহারনি, লোক সমস্ত বিদিত অতি পাবনি।
চারি খানি জগ জীর অপারা, অরধ তজেঁ তনু নহিঁ সংসারা ॥

” ৩ সব বিধি পুরী মনোহর জানী, সকল সিদ্ধিপ্রদ মঙ্গল খানী।
বিমল কথা কর কীন্হ অরম্ভা, সুনত নসাহিঁ কাম মদ দম্ভা ॥

” ৪ রামচরিতমানস এহি নামা, সুনত শ্রবন পাইয় বিশ্রামা।
মন করি বিষয় অনল বন জরঈ, হোই সুখী জোঁ এহিঁ পর পরঈ ॥

” ৫ রামচরিতমানস মুনি ভারন, বিরচেউ সম্ভু সুহাবন পারন!
ত্রিবিধ দোষ দুখ দারিদ দারন, কলি কুচালি কুলি কলুষ নসারন ॥

” ৬ রচি মহেস নিজ মানস রাখা, পাই সুসমউ সিবা সন ভাষা ॥
তাঁতে রামচরিতমানস বর, ঘরেই নাম হিয়ঁ হেরি হরষি হর ॥

” ৭ কহউঁ কথা সোই সুখদ সুহাঈ, সাদর সুনহু সুজন মন লাঈ ॥

দো ৪৬ জস মানস জেহি বিধি ভয়উ, জগপ্রচার জেহি হেতু।
অব সোই কহউঁ প্রসঙ্গ সব, সুমিরি উমা বৃষকেতু ॥

চৌ ১ সম্ভু প্রসাদ সুমতি হিয়ঁ হুলসী, রামচরিত মানস কবি তুলসী।
করই মনোহর মতি অনুহারী, সুজন সুচিত সুনিলেহু সুধারী ॥

” ২ সুমতি ভূমি খল হৃদয় অগাধু, বেদপুরান উদধি ঘন সাধু।
বরষহিঁ রাম সুজস বর বারী, মধুর মনোহর মঙ্গলকারী ॥

” ৩ লীলা সগুনল জো কহহিঁ বখানী, সোই স্বচ্ছতা করই মল হানী।
প্রেম প্রগতি জো বরনি ন জাই, সোই মধুরতা সুশীতলতাঈ ॥

” ৪ সো জল সুকৃত সালি জল হোউ, রাম ভগত জন জীরন সোঈ।
মেধা মহিগত যো জল পারন, সকিলি শ্ররন মগ চলেউ সুহারন ॥

” ৫ ভরেউ সুমানস সুফল থিরানা, সুখদ সীত রুচি চারু চিরানা ॥

দো ৪৭ সুঠি সুন্দর সম্পদ বর, বিরচে বুদ্ধি বিচারি।
তেই এহি পারন সুভগ সব, ঘাট মনোহর চারি ॥

চৌ ৪ খগ নাগ নর মুনি দেবতা দানব, আসিয়া এ দিনে সেবে শ্রীরামেরে সব।
জন্ম মহোৎসব সাধু করে উদ্‌যাপন, রামের অপূর্ব কীর্তি করেন কীর্তন॥

রামচরিত মাহাত্ম্য

দো ৪৫ এ দিন সজ্জন সবে অতি সমাদরে, পবিত্র সরযূনীরে শুচিস্নান করে।
রাম নাম জপ করি সুঅন্তঃকরণে, নব ঘন শ্যাম মূর্তি ধ্যান করে মনে॥

চৌ ১ স্পর্শনে দর্শনে পানে ও অবগাহনে, সর্বপাপ নাশে কহে বেদ ও পুরাণে।
পবিত্র তটিনী এর মাহাত্ম্য বর্ণন, করিতে অক্ষম দেবী বীণাপানি হ'ন॥
" ২ পরাগতি লভ্য হেথা সুশোভিত পুরী, সর্বলোক মানে এরে পবিত্র নগরী।
চতুর্বিধ প্রাণী যাহা জগত বিস্তারে, অযোধ্যায় তনু ত্যজি না ফিরে সংসারে॥
" ৩ সর্ব বিষয়েতে পুরী জানি মনোহর, সর্ব সিদ্ধিপ্রদ আর মঙ্গল আকর।
কাহিনী করিব গুরু সুনির্মল নাম, শুনি চূর্ণ হবে দম্ভ মদমত্ত কাম॥
" ৪ এ গ্রন্থের নাম রামচরিত মানস, শ্রবণে আনিবে মনে শান্তির পরশ।
মত্ত মন যার জ্বলে বিষয় অনলে, জুড়াইবে মানসের কথা শান্তি জলে॥
" ৫ মুনিগণ প্রিয় রামচরিত মানস, পবিত্র চরিত্র রচি' শঙ্কর হরষ।
দোষ দুঃখ দারিদ্র্যের এ তিন শাসন, কুচরিত্র কলিকালে পাপের নাশন॥
চৌ ৬ রচিয়া মহেশ ইহা রাখে নিজ মনে, বিশ্রামে আলাপ শিব করে শিবা সনে।
রাখে শুভ নাম রামচরিত মানস, হৃদয়ে স্থাপিয়া নাম শিবের হরষ॥
" ৭ সেই গাথা কহি আমি সুখদ সুন্দর, সজ্জন শুনহ সবে করি সমাদর॥

দো ৪৬ মানস মহিমা কত যে প্রকারে স্থিত, জগত মাঝারে হয় কেন প্রচারিত।
সকল প্রসঙ্গ আমি কহিব বিস্তারি, স্মরণ করিয়া দোঁহে শঙ্কর শঙ্করী॥

চৌ ১ শিবের প্রসাদে হৃদে সুমতি উল্লাসে, চরিত মানস কবি তুলসী বিশ্বাসে।
রচনা করেছি মোর বুদ্ধি অনুসরি', সজ্জন শুনিবে ত্রুটি সংশোধন করি'॥
" ২ সুমতি পৃথিবী তল অগাধ হৃদয়, বেদ ও পুরাণ সিন্ধু সাধু মেঘ প্রায়।
বর্ষণ করিছে শ্রেষ্ঠ রামগুণ ধারা, মনোজ্ঞ মঙ্গলময় সর্ব দুঃখ হরা॥
" ৩ সগুণ লীলার খেলা করিব বর্ণনা, নির্মলতা হেতু তার ধৌত আবর্জনা।
বর্ণনা অতীত প্রেম ভক্তি প্রস্রবন, সুশীতল মধুরতা বহে অনুক্ষণ॥
" ৪ বর্ষণে সুকৃতি বুদ্ধি শালি ধান্য রূপে, রাম ভক্তি ভক্তজনে জীবন সরূপে।
বুদ্ধিরূপী মহীতলে সেই পুণ্যধারা, একত্রে পশিয়া কর্ণে সুখ দেয় তারা॥
" ৫ মনেতে অচল ভক্তি হয় উপজয়, সুখপ্রদ শুচী রুচি চিরানন্দময়॥
দো ৪৭ অপূর্ব সুন্দর এই চারিটি সংবাদ, বিরচিব বিচারিয়া মনে মোর সাধ।
সে পবিত্র সুখপ্রদ শ্রেষ্ঠ সরোবরে, মনোহর চারি ঘাট তারি চারিধারে॥

চৌ ১ সপ্ত প্রবন্ধ সুভগ সোপানা, গ্যান নয়ন নিরখত মন মানা।
রঘুপতি গুন অগুন অবাধা, বরনব সোই বর বারি অগাধা॥
চৌ ২ রাম সীয় জস সলিল সুধাসম, উপমা বীচি বিলাস মনোরম।
পুরইনী সঘন চারু চৌপাঈ, জুগুতি মঞ্জু মনি সীপ সুহাঈ॥
" ৩ ছন্দ সোরঠা সুন্দর দোহা, সোই বহুরঙ্গ কমলকুল সোহা।
অরথ অনূপ সুভার সুভাসা, সোই পরাগ মকরন্দ সুবাসা॥
" ৪ সুকৃত পুঞ্জ মঞ্জুল অলি মালা, গ্যান বিরাগ বিচার মরালা।
ধুনি অররের কবিত গুন জাতী, মীন মনোহর তে বহু ভাঁতী॥
" ৫ অরথ ধরম কামাদিক চারী, কহব জ্ঞান বিজ্ঞান বিচারী।
নব রস জপ তপ জোগ বিরাগা, তে সব জলচর চারু তড়াগা॥
" ৬ সুকৃতী সাধু নাম গুণগানা, তে বিচিত্র জল বিহগ সমানা।
সন্ত সভা চহুঁ দিসি অঁবরাঈ, শ্রদ্ধা রিতু বসন্ত সম গাঈ॥
" ৭ ভগতি নিরূপন বিবিধ বিধানা, ক্ষমা দয়া দম লতা বিতানা।
সম জম নিয়ম ফুল মাল গ্যানা, হরি পদ রতি রস বেদ বখানা॥
" ৮ ঔরউ কথা অনেক প্রসঙ্গা, তেই সুক পিক বহু বরন বিহঙ্গা॥
দো ০৪৮ পুলক বাটিকা বাগ বন, সুখ সুবিহঙ্গ বিহারু।
মালী সুমন সনেহ জল, সীচত লোচত চারু॥
চৌ ০১ গারহি য়হ চরিত সঁভারে, তেই এহি তাল চতুর রখরারে।
সদা সুনহি সাদর নর নারী, তেই সুরবর মানস অধিকারী॥
" ২ অতিখল যে বিষঈ বস কাগা, এহি সর নিকট ন জাহিঁ অভাগা।
সম্বুক ভেক সেরার সমানা, ইহাঁ ন বিষয় কথা রস নানা॥
" ৩ তেহি কারন আরত হিয়ঁ হারে, কামী কাক বলাক বিচারে।
আরত এহিঁ সর অতি কঠিনাঈ, রাম কৃপা বিনু আই ন জাঈ॥
" ৪ কঠিন কুসঙ্গ কুপন্থ করালা, তিহ্নু কে বচন বাঘ হরি ব্যালা।
গৃহ কারজ নানা জঞ্জালা, তে অতি দুর্গম সৈল বিসালা॥
" ৫ বন বহু বিষম মোহ মদ মানা, নদী কুতর্ক ভয়ঙ্কর নানা॥
দো ০৪৯ জে শ্রদ্ধা সম্বল রহিত, নহি সন্তহ্নু করসাথ।
তিহ্নু কহুঁ মানস আগম অতি, জিহ্নু হি ন প্রিয় রঘুনাথ॥
চৌ ০১ জোঁ করি কষ্ট জাই পুনি কোঈ, জাতহিঁ নীঁদ জুড়াঈ হোঈ।
জড়তা জাড় বিষম উর লাগা, গএহুঁ ন মজ্জন পার অভাগা॥

চৌ ১ সপ্তকাণ্ড রামায়ণে সাতটি সোপান, জ্ঞান নেত্রে জ্ঞানী দেখি প্রসন্নতা পান।
সীমাহীন মহিমার রাম গুণগান, বর্ণিব অতল যাহা সমুদ্র মহান॥
„ ২ সীতারাম যশোগাথা সুধাবারি সম, উপমা যা' উর্মিমালা লীলা অনুপম।
চৌপদী মধ্যেতে শোভে কমলিনী প্রায়, শুক্তি মধ্যে মুক্তা সম যুক্তির প্রভায়॥
„ ৩ ছন্দ সোরঠায় আর সুন্দর দোহায়, বিচিত্র বর্ণের পদ্ম প্রস্ফুটিত প্রায়।
ভাবময় ভাষা আর অর্থ অনুপম, মকরন্দ পদ্মরেণু পরাগের সম॥
„ ৪ অলিকুল সম গুঞ্জে সুকীর্তি সকল, বৈরাগ্য বিবেক জ্ঞান রাজহংস দল।
তির্যক ধ্বনির ছন্দ কাব্যগুণ যত, মনোহর মীন সম সদা ক্রীড়ারত॥
„ ৫ ধর্ম অর্থ কাম মোক্ষ চতুর্বর্গ তার, জ্ঞান ও বিজ্ঞান সাথে করিব বিচার।
নব রসে জপ-তপে যোগ ও বিরাগে, জলচর প্রাণী সম সে চারু তড়াগে॥
„ ৬ পুণ্যাত্মা সাধুর নাম আর গুণগান, সেথায় বিচিত্র জল-বিহঙ্গ সমান।
চতুর্দিকে সাধুসঙ্ঘ চ্যুতলতা বনে, বসন্ত বিরাজ করে শ্রদ্ধা ভক্তি সনে॥
„ ৭ নিরূপিত হয় ভক্তি বিধির বিধানে, ক্ষমা দয়া বিটপীতে বল্লরী বিতানে।
শম দম বিধি পুষ্প ফলরূপ জ্ঞান, হরিপদ ভক্তিরস বেদের বিধান॥
„ ৮ বিবিধ প্রসঙ্গ আর বহুবিধ কথা, বহু বর্ণ শুক পিক বিরাজিত সেথা॥
দো ৪৮ পুষ্পোদ্যান বনবীথি পুলকের সম, ভ্রাম্যমান সুবিহঙ্গ সুখ নিরুপম।
সুচরিত্র মালাকার নেত্র হতে তার, সিঞ্চিত প্রেমের বারি হেথা বারবার॥
চৌ ১ এ চরিত গাহে যারা যত্ন সহকারে, সুচতুর* সুরক্ষক তারা সরোবরে।
নরনারী যারা শোনে অতি সমাদরে, দেবতা দুর্লভ কথা রাখে অধিকারে॥
„ ২ বিষয় আসক্ত খল কাক বক সম, সে দুর্ভাগা নাহি আসে সরোবরে মম।
শম্বুক শৈবাল আর মণ্ডুক প্রথায়, বিষয় সম্পর্কে তথা হেথা নাহি পায়॥
„ ৩ সে কারণে সরোবরে নাহি আসে তারা, কাক বক সম কামী যত অভাগারা।
অতীব কঠিন কর্ম সরোবরে আসা, নাহি পেলে শ্রীরামের কিছু ভালবাসা॥
„ ৪ কুসঙ্গ ভীষণ পথ নাশে সুবিচার, সিংহ ব্যাঘ্র সর্প সম হিংস্র বাক্য তার।
গৃহকর্ম সব তার যতেক জঞ্জাল, স্তূপীকৃত হয়ে ওঠে পর্বত বিশাল॥
„ ৫ মোহ গর্ব অভিমান দুর্ভেদ্য বনানী, কুতর্ক দুস্তীর্ণ নদী সংখ্যা নাহি জানি॥
দো ৪৯ শ্রদ্ধার সম্বল নাই সাধু সঙ্গ বাস, নাহি যার রামচন্দ্রে কোনই বিশ্বাস।
কহিতেছি মুক্তকণ্ঠে স্থির বাক্য মম, চরিত মানস তার না হবে সুগম॥
চৌ ১ যদি কেহ কষ্ট করি' হয় অগ্রসর, নিদ্রাজ্বরে হয়ে পড়ে পথেতে কাতর।
জাড্য শৈত্যে হৃদ্‌কম্পন হইবে তাহার, স্নান করা ভাগ্যে নাই সেই অভাগার॥

---

* মূলে আছে "চতুর রখবারে"—চতুর—বিচক্ষণ অথবা চারিজন। মানস বক্তা চারিজন—শঙ্কর, কাক ভুশুণ্ডী, যাজ্ঞবল্ক্য ও তুলসীদাস (দ্রঃ ভূমিকা)

চৌ ২ করি ন জাই সর মজ্জন পানা, ফিরি আরই সমেত অভিমানা।
জৌঁ বহোরি কোউ পূছন আরা, সর নিন্দা করি তাহি বুঝারা ॥
„ ৩ সকল বিঘ্ন ব্যাপহিঁ নহিঁ তেহী, রাম সুকৃপাঁ বিলোকহিঁ জেহী।
সোই সাদর সর মজ্জনু করই, মহা ঘোর ত্রয় তাপ ন জরই ॥
„ ৪ তে নর য়হ সর তজহিঁ ন কাউ, জিহ্ন কে রামচরণ ভল ভাউ।
জো নহাই চহ এহিঁ সর ভাঈ, সো সতসঙ্গ করউ মন লাঈ ॥
„ ৫ অস মানস মানস চখ চাহী, ভই কবি বুদ্ধি বিমল অরগাহী।
ভয়যু হৃদয়ঁ আনন্দ উছাহূ, উমগেউ প্রেম প্রমোদ প্রবাহূ ॥
„ ৬ চলী সুভগ কবিতা সবিতা সো, রাম বিমল যশ জল ভরিতা সো।
সরজূ নাব সুমঙ্গল মূলা, লোক বেদ মত মঞ্জুল কূলা ॥
„ ৭ নদী পুনীত সুমানস নন্দিনী, কলি মল তৃন তরু মূল নিকন্দিনী।

দো ০৫০ শ্রোতা ত্রিবিধ সমাজপুর, গ্রাম নগর দুহুঁ কূল।
সন্ত সভা অনুপম অরধ, সকল সুমঙ্গল মূল ॥

চৌ ০১ রাম ভগতি সুরসরিত হি জাই, মিলী সুকীরতি সরজু সুহাঈ।
সানুজ রাম সমর জস্‌ পারন, মিলেউ মহানদু সোন সুহারন ॥
„ ২ জুগ বিচ ভগতি দেবধুনি ধারা, সোহতি সহিত সুবিরতি বিচারা।
ত্রিবিধ তাপ ত্রাসক তিমূহনী, রাম সরূপ সিন্ধু সমুহানী ॥
„ ৩ মানস মূল মিলী সুর সরিহী, সুনত সুজন মন পারন করিহী।
বিচ বিচ কথা বিচিত্র বিভাগা, জনু সরি তীর তীর বন বাগা ॥
„ 8 উমা মহেশ বিবাহ বরাতী, তে জলচর অগনিত বহু ভাঁতী।
রঘুবর জনম অনন্দ বধাঈ, ভঁরর তরঙ্গ মনোহরতাঈ ॥

দো ০৫১ বালচরিত চহু বন্ধুকে, বনজ বিপুল বহুরঙ্গ।
নৃপ রানী পরিজন সুকৃত, মধুকর পরি বিহঙ্গ ॥

চৌ ০১ সীয় স্বয়ম্বর কথা সুহাঈ, সরিত সুহারনি সো ছবি ছাঈ।
নদী নার পটু প্রশ্ন অনেকা, কেরট সুসল উতর সবিবেকা ॥
„ ২ সুনি অনুকথন পরস্পর হোঈ, পথিক সমাজ সোহ সরি সোঈ।
ঘোর ধার ভৃগুনাথ রিসানী, ঘাট সুবদ্ধ রাম বরবানী ॥
„ ৩ সানুজ রাম বিবাহ উছাহূ, সো সুভ উমগ সুখদ সব কাহূ।
কহত শুনত হরষহি পুলকাহীঁ, তে সুকৃতী মন মুদিত নহাহীঁ ॥
„ 8 রামতিলক হিত মঙ্গল সানা, পরব জোগ জনু জুরে সমাজা।
কাঈ কুমতি কেকঈ কেরী, পরী জাসু ফল বিপতি ঘনেরি ॥

চৌ ২ বিনা স্নানে বিনা পানে সরোবর হ'তে, যবে ফিরে আসে কেহ অহঙ্কার সাথে।
সে সময়ে যদি কেহ তারে প্রশ্ন করে, সরোবর নিন্দা শুধু বুঝাইবে তারে ॥
„ ৩ শ্রীরাম কৃপার দৃষ্টি উপরে যাহার, সকল বিপদ বিঘ্ন অবলুপ্ত তার।
সেই সমাদরে করি সরোবরে স্নান, ত্রিতাপ জ্বলন হ'তে পায় পরিত্রাণ ॥
„ ৪ যে নর ত্যজিতে নাহি চাহে সরোবর, রাম পদে ভক্তি তার রহে নিরন্তর।
যে চাহে করিতে স্নান এই সরোবরে, সৎসঙ্গ করুক লাভ সেই বারে বারে ॥
„ ৫ এ মানস সরোবরে মনশ্চক্ষে চাহি, উদ্ভাসিত কবি বুদ্ধি এতে অবগাহি।
উৎসাহ আনন্দ আনে হৃদয়েতে আর, প্রেমেতে উচ্ছ্বাস বহে নিরন্তর তার ॥
„ ৬ তটিনী সরযূ বহে কাব্য ছন্দে তারি, বক্ষে নিয়া রাম যশ তার পূত বারি।
উভয় কুলেতে শোভে সুন্দর প্রকার, লোকমত বেদমার্গে সতত প্রচার ॥
„ ৭ মান সরোবর কন্যা সরযূ সতত, কলি পাপ তৃণ তরু মূলোচ্ছেদে রত ॥

দো ৫০ ত্রিবিধ প্রকার শ্রোতা উভয় কুলেতে, গ্রাম পুর নগরের সাধু সমাজেতে।
সর্ব সুমঙ্গল মূল উপমা রহিত, অযোধ্যা নগর রহে তারি কুলে স্থিত ॥

চৌ ১ রামভক্তিরূপী নদী পুণ্য জাহ্নবীতে, সুকীর্তি সরযূ নদী মেলে একসাথে।
সানুজ শ্রীরাম যশ যেন মহাসাজে, মহানন্দ শোন পশে ভাগীরথী মাঝে ॥
„ ২ এ দুই মাঝেতে বহে ভক্তিরস ধারা, জ্ঞান ও বৈরাগ্য মন্ত্রে সুদীক্ষিত তারা।
ত্রিতাপ নাশিনী ধারা ত্রিমোহিনী বাহি', রামের স্বরূপ সিন্ধু পানে চলে চাহি" ॥
„ ৩ মূল যার মানসেতে মিলে জাহ্নবীতে, শ্রবণে প্লাবিত পুণ্য সজ্জন চিত্তেতে।
বিচিত্র বিভাগ মাঝে বহে উপাখ্যান, তটবর্তী দুই কূলে বনানী উদ্যান ॥
„ ৪ হর পার্বতীর শুভ পরিণয় রাতে, বরযাত্রী অগণিত জলচর এতে।
রামচন্দ্র জন্মকথা আনন্দ আকর, ঘূর্ণাবর্ত উর্মিমালা মন মুগ্ধকর ॥

দো ৫১ চতুর্ভ্রাতা বাল্যচিত্র স্বভাব প্রভায়, বহুবর্ণে সুরঞ্জিত কমলিনী প্রায়।
রাজারানী পরিজন সুকীর্তি কীর্তন, গুঞ্জরিত মধুকর জল বিহঙ্গম ॥

চৌ ১ সীতা স্বয়ম্বর কথা সুশোভন ছায়া, বর্দ্ধিত করিছে শোভা সরোবর কায়া।
নদী নৌকা পদ প্রশ্ন অনেক বারতা, সুবিচার সুউত্তর কাণ্ডারী দিবে তা' ॥
„ ২ শুনি আলোচনা পুনঃ যাহা পরস্পরে, পথিক সমাজ কুলে শোভা সরোবরে।
তীব্র স্রোত হয় ক্রোধ পরশুরামের, দৃঢ়বদ্ধ ঘাট শান্ত বাণী শ্রীরামের ॥
„ ৩ সানুজ শ্রীরাম শুভ পরিণয় শোভা, উচ্ছ্বাস তরঙ্গ সম অতি মনোলোভা।
কহিয়া শুনিয়া হর্ষ পুলকে প্রকাশে, সজ্জন প্রফুল্ল মনে স্নানে চলি আসে ॥
„ ৪ রাম অভিষেক তরে সজ্জা সুমঙ্গল, পর্বযোগে মেলে আসি স্নানার্থীর দল।
কৈকেয়ী কুমতি অতি পঙ্কিল কর্দম, যার লাগি বিপত্তির উৎপত্তি চরম ॥

দো। ০৫২ সমন অমিত উৎপাত সব, ভরত চরিত উপজাগ।
কলি অঘ খল অবগুন কথন, তে জলমল বগ কাগ॥

চৌ ০১ কীরতি সরিত ছহূ রিতু করী, সময় সুহারনি পারনি ভূরী।
হিম হিমশৈলসুতা সির ব্যাহূ, সিসির সুখদ প্রভু জনম উছাহূ॥

" ২ বরনব রাম বিবাহ সমাজু, সো মুদ মঙ্গলময় রিতু রাজূ।
গ্রীষম তুসহ রাম বনগরনূ, পন্থ কথা খর আতপ পরনূ॥

" ৩ বরষা ঘোর নিসাচর বারী, সুরকুল সালি সুমঙ্গলকারী।
রাম রাজ সুখ বিনয় বড়াঈ, বিসদ সুখদ যোই সরদ সুহাঈ॥

" ৪ সতী সিরোমনি সিয় গুনগাথা, সোই গুন অমল অনূপম পাথা।
ভরত সুভাউ সুসীত-লতাঈ, যদা একরস বরনি ন জাঈ॥

দো। ০৫৩ অবলোকনি বোলনি মিলনি, প্রীতি পরসপর হাস।
ভায়প ভলি চহু বন্ধু কী, জল মাধুরী সুবাস॥

চৌ ০১ আরতি বিনয় দীনতা মোরী, লঘুতা ললিত সুবারি ন থোরী।
অদ্ভুত সলিল সুনত গুনকারী, আস পিয়াস মনোমল হারী॥

" ২ রাম সপ্রেমহি পোষত পানী, হরত সকল কলি কলুষ গলানী।
ভব শ্রম সোষক তোষক তোষা, সমন তুরিত তুখ দারিদ দোষা॥

" ৩ কাম কোহ মদ মোহ নসাবন, বিমল বিবেক বিরাগ বরাবন।
সাদর মজ্জন পান কিয়ে তেঁ, মিটহিঁ পাপ পরিতাপ হিয়ে তেঁ॥

" ৪ জিহ্ন এহিঁ বারি ন মানস ধোএ, তে কায়র কলিকাল বিগোএ।
তৃষিত নিরখি রবি কর ভব বারী, ফিরহহিঁ মৃগ জিমি জীব তুখারী॥

দো। ০৫৪ মতি অনুহারি সুবারি গুন, গমগনি মন অহ্নবাই।
সুমিরি ভবানী সংকরহি, কহ কবি কথা সুহাই॥

দো। ৫৫ অব রঘুপতি পদ পঙ্করূহ, হিঁয় ঘরি পাই প্রসাদ।
কহউঁ জুগল মুনিবর্য কর, মিলন সুভগ সম্বাদ॥

দো। ০৫৬ ভরদ্বাজ জিমি প্রস্ন কিয়ো, যাজ্ঞবলিক মুনি রায়।
প্রথম মুখ্য সংবাদ সোই, কহিহোঁ হেতু বুঝায়॥

চৌ ১ ভরদ্বাজ মুনি বসহিঁ প্রয়াগা, তিহ্নহি রামপদ অতি অনুরাগা।
তাপস সম দম দয়া নিধানা, পরমারথ পথ পরম সুজানা॥

" ২ মাঘ মকরগত রবি জব হোঈ, তীরথ পতিহিঁ আব সব কোঈ।
দেব দনুজ কিন্নর নর শ্রেনীঁ, সাদর মজ্জহিঁ সকল ত্রিবেনীঁ॥

" ৩ পূজহিঁ মাধব পদ জলজাতা, পরসি অখয় বটু হরষহিঁ গাতা।
ভরদ্বাজ আশ্রম অতিপাবন, পরম রম্য মুনিবর মন ভাবন॥

দো ৫২ উৎপাত যতেক তার শমন সমান, জপযজ্ঞ ভরতের চরিত্র মহান।
কলি পাপ দুর্জনের যতেক অখ্যাতি, মানসের পঙ্ক কাক বলাকার পাঁতি ॥

চৌ ১ ষড় ঋতু শোভা নদী কীর্তির চরম, মহান সুদৃশ সদা পবিত্র পরম।
হিম ঋতু হরগৌরী বিবাহ উৎসব, শিশির সিঞ্চিত ঋতু রাম জন্মোৎসব ॥

" ২ রামসীতা মিলনের বসন্ত বর্ণন, ঋতুরাজ সুমঙ্গল আনন্দ বর্দ্ধন।
গ্রীষ্মের সন্তাপ সম বনেতে গমন, দুর্গম বনের পথে অসহ পবন ॥

" ৩ রাক্ষস নিধন রণ বর্ষার বর্ণন, দেবতাগণের শালী সুখ নিবন্ধন।
রাম রাজ্যে নীতি সুখ প্রশংসা মহান, শরৎ ঋতুর সম সর্ব সুখদান ॥

" ৪ সতীশিরোমণি সীতা তাঁর গুণ গান, সুনির্মল স্বচ্ছ জল স্ফটিক সমান।
ভরতের ভ্রাতৃপ্রেম শান্ত শীতলতা, অসাধ্য বর্ণন সেই অটুক সখ্যতা ॥

দো ৫৩ চারি ভ্রাতা বাক্যালাপ প্রীতির চাহনি, পরস্পরে হাস্যালাপ যতেক বাখানি।
ভ্রাতৃভাব সখ্যভাব সবার ভিতরে, মাধুরী জলের মত সুবাস বিতরে ॥

চৌ ১ আর্তি মোর দীনতার লঘু জল সম, নাহি ক্ষুণ্ণ হ'বে তাতে বারি পূততম।
অদ্ভুত সলিল ইহা শুনি সুখলাভ, আশা তৃষ্ণা মনোমল হরে সব পাপ ॥

" ২ পোষক রামের প্রেম এ বারি মধুর, কলি কলুষতা আর সর্ব গ্লানি দূর।
নাশে ভবশ্রম ভক্তে সন্তোষ বিধান, দুষ্কৃতি দারিদ্র দুঃখে শমন সমান ॥

" ৩ কাম ক্রোধ মদ মোহ ভবভয় নাশ, নির্মল বিবেক আর বৈরাগ্য বিকাশ।
যে করে মানসে পান সুঅবগাহন, পাপ পরিতাপ নাশ হৃদয়ে তখন ॥

" ৪ এ পুণ্য বারিতে নহে ধৌত চিত্ত যার, ভাগ্যে কলিপাপ ভোগ হতভাগ্য তার।
তৃষিত চিত্তেতে দেখে রবি করোদ্ভব, মৃগতৃষ্ণা পিছে ঘোরে দুঃখে তারা সব ॥

দো ৫৪ মতি অনুসারে এই বারিগুণ সব, অবগাহি মনোমাঝে করি অনুভব।
ভবানী শঙ্কর দোঁহে স্মরণে রাখিয়া, কবি এবে কাব্যকথা কহে বিচারিয়া ॥

" ৫৫ রঘুপতি পাদদ্বয় হৃদয়েতে ধরি, চিত্তেতে প্রসাদ লভি' তবে যত্ন করি।
কহিব যুগল শ্রেষ্ঠ যেথা মুনিবরে, মিলিত হইয়া শুভ আলোচনা করে ॥

" ৫৬ যাজ্ঞবল্ক্য মুনিবরে পাইয়া আশ্রমে, ভরদ্বাজ মুনি প্রশ্ন করেন সম্ভ্রমে।
কহিব সে সব কথা প্রথমেই আমি, কারণ যতেক তার সকলি বাখানি ॥

চৌ ১ ভরদ্বাজ ঋষি বর প্রয়াগে বসতি, রাম প্রেমে ছিল তার একনিষ্ঠ মতি।
শম দম তপশ্চর্যা দয়ার নিধান, পরমার্থ পদ তার সদা মনে ধ্যান ॥

" ২ মাঘ মাসে রবি যবে মকর রাশিতে, তীর্থরাজে যবে সবে লাগিল আসিতে।
দেবতা অসুর আর যত নরগণ, সাদরে ত্রিবেণী স্নান করেন যখন ॥

" ৩ ক্ষীরোদ সাগর শায়ী বিষ্ণুপদ পূজি', পরশি' অক্ষয় বট হরষে উপজি'।
ভরদ্বাজ আশ্রমের পুণ্য পবিত্রতা, সাধু মনে রমনীয় তৃপ্তি সম্পূর্ণতা ॥

চৌ ৪ তহঁা হোই মুনি রিষয় সমাজা, জাহিঁ জে সজ্জন তীরথরাজা।
মজ্জহিঁ প্রাত সমেত উছাহা, কহহিঁ পরসপর হরিগুন গাহা॥
দো ০৫৭ ব্রহ্ম নিরূপন ধরম বিধি, বরনহিঁ তত্ত্ব বিভাগ।
কহহিঁ ভগতি ভগবন্ত কৈ, সঞ্জুত গ্যান বিরাগ॥
চৌ ০১ এহি প্রকার ভরি মাথ নহাহীঁ, হুনি সব নিজনিজ আশ্রম জাহীঁ।
প্রতি সম্বত অতি হোই অনন্দা, মকর মজ্জি গরনহিঁ মুনিবৃন্দা॥
” ২ একবার ভরি মকর নহাএ, সব মুনীস আশ্রমহ্ন সিধাএ।
জাগবলিক মুনি পরম বিবেকী, ভরদ্বাজ রাখে পদ টেকী॥
” ৩ সাদর চরণ সরোজ পখারে, অতি পুনীত আসন বৈঠারে।
করি পূজা মুনি সুজসু বখানী, বোলে অতি পুনীত মৃদুবানী॥
” ৪ নাথ এক সংসউ বড় মোরেঁ, কর গত বেদতত্ত্ব সবু তোরেঁ।
কহত সো মোহি লাগত ভয় লাজা, জৌঁন কহউঁ বড় হোই অকাজা॥
দো ০৫৮ সন্ত কহহিঁ অসি নীতি প্রভু, শ্রুতি পুরান মুনি গার।
হোই ন বিমল বিবেক উর, গুরু সন কিএঁ দুরার॥
চৌ ০১ অস বিচারি প্রগটউঁ নিজ মোহূ, হরহু নাথ করি জন পর ছোহূ।
রাম নাম কর অমিত প্রভারা, সন্ত পুরান উপনিষদ গারা॥
” ২ সন্তত জপত সম্ভু অবিনাসী, সির ভগরান গ্যানগুন রাসী।
আকর চারি জীব জগ অহহীঁ, কাসীঁ মরত পরম পদ লহহীঁ॥
” ৩ সোপি রাম মহিমা মুনিরায়া, সির উপদেস করত করি দায়া।
রামু করন প্রভু পূছউঁ তোহী, কহিঅ বুঝাই কৃপানিধি সোহী॥
” ৪ এক রাম অরধেস কুমারা, তিহ্ন কর চরিত বিদিত সংসারা।
নারি বিরহঁ দুখু লহেউ অপারা, ভয়য়ু রোষু বন রাবনু মারা॥
দো ০৫৯ প্রভু সোই রাম কি উপর কোউ, জাহি জপত ত্রিপুরারি।
সত্যধাম সর্বগ্য তুহ্ম, কহহু বিবেকু বিচারি॥

চৌ ০১ জৈসে মিটৈ মোর ভ্রম ভারী, কহহু সো কথা নাথ বিস্তারি।
জাগবলিক বোলে মুসুকাঈ, তুহ্মহি বিদিত রঘুপতি প্রভুতাঈ॥
” ২ রাম ভগত তুহ্ম মন ক্রম বানী, চতুরাই তুহ্মারি মৈঁ জানী।
চাহহু সুনৈ রাম গুন গূঢ়া, কীহ্নিহু প্রশ্ন মনহুঁ অতি মূঢ়া॥
” ৩ তাত সুনহু সাদর মন লাই, কহউঁ রাম কৈ কথা সুহাই।
মহামোহু মহিষেসু বিসালা, রামকথা কালিকা করালা॥
” ৪ রামকথা সসি কিরণ সমানা, সন্ত চকোর করহিঁ জেহি পানা।
ঐসেই সংসয় কীহ্ন ভরানী, মহাদেব তব কহা বখানী॥

চৌ ৪ মুনি ঋষি হয় তথা মিলিত সমাজে, স্নানার্থী সঙ্গমে যারা এই তীর্থরাজে।
প্রাতঃস্নান সমাপিয়া অমিত উৎসাহে, পরস্পরে ব্যাখানিয়া হরিগুণ গাহে ॥
দো ৫৭ ব্রহ্মের স্বরূপ জ্ঞান ধর্মের বিধান, বিভিন্ন তত্ত্বের সব করেন প্রমাণ।
ভগবৎ ভক্তি কথা আলোচনা যত, জ্ঞান ও বৈরাগ্য সহ কহেন সতত ॥
চৌ ১ এ প্রকারে মাঘ মাসে নিত্য স্নান করি', প্রত্যাগমন করে আশ্রমে নিজের।
প্রত্যেক বৎসর সাধু আনন্দিত প্রাণ, মকর সংক্রান্তি স্নান করি ফিরে যান ॥
" ২ মরক স্নানান্তে এই শ্রেষ্ঠ মুনিগণে, যান ফিরি নিজ নিজ আশ্রমের পানে।
একবার যাজ্ঞবল্ক্য পরম জ্ঞানীরে, ভরদ্বাজ পদ ধরি রাখেন তাঁহারে ॥
" ৩ চরণ-কমল তাঁর করি প্রক্ষালন, পবিত্র আসনোপরি করিয়া স্থাপন।
যশোরাশি বর্ণনাতে করি পূজা তাঁর, মৃদু হাসে পুণ্য কথা করেন বিস্তার ॥
" ৪ সন্দেহেতে আমি প্রভু ভারাক্রান্ত মানি, নখ দর্পণেতে তব বেদ তত্ত্ব জানি।
যে প্রশ্ন করিতে তোমা হয় লজ্জা ভয়, অথচ না করিলেও হবে বিপর্যয় ॥
দো ৫৮ শ্রুতি ও পুরাণে উক্ত সাধুদের কাছে, এ নীতি বিদিত প্রভু সর্বকালে আছে।
গুরু কাছে সত্য কথা করিলে বর্জন, বিমল বিবেক হৃদে না হয় অর্জন ॥
চৌ ১ সে হেতু প্রকট করি যা আমার মোহ, হে নাথ মিটাও তাহা করি মোরে স্নেহ।
রাম নাম শুনি নাকি প্রভাব অমিত, বেদ ব্রাহ্মণেতে আর পুরাণেতে গীত ॥
" ২ শিব শম্ভু ভগবান জ্ঞানগুন ধাম, সেও নাকি জপে সদা এই রাম নাম।
যাঁর ধাম কাশীধাম মৃত্যু হলে যেথা, পরাগতি প্রাপ্ত হয় সর্ব জীব সেথা ॥
" ৩ সেই শিব কৃপা করি' উপদেশে নানা, সেও জানে হে মুনীশ রামের মহিমা।
কে সে রাম প্রশ্ন প্রভু জাগে নিরবধি, বুঝায়ে বলহ মোরে তুমি কৃপানিধি ॥
" ৪ জানি এক অযোধ্যার কুমার সে রাম, বিদিত সংসারে যার চরিত্র মহান।
স্ত্রী বিরহ ব্যথা তার বিদিত অপার, রোষে রাবণেরে রণে করেন সংহার ॥
দো ৫৯ ত্রিপুরারি জপে যাঁকে সে কি এই রাম, কিংবা অন্য কেহ আর যাঁর এত নাম।
সত্যের পূজারী তুমি সর্বজ্ঞ মহান, বিবেক বিচারি দেহ প্রকৃত সন্ধান ॥

চৌ ১ সন্দেহ আমার যা'তে হয় নিরসন, বিস্তারিত ভাবে প্রভু করহ বর্ণন।
স্মিত হাস্যে যাজ্ঞবল্ক্য কহিলেন তারে, মহত্ত্ব রামের তুমি জান সবিস্তারে ॥
" ২ কায়মনোবাক্যে হও রামভক্ত তুমি, চাতুরী তোমার যত সব বুঝি আমি।
গুহ্যতত্ত্ব রামগুন চাহ শুনিবারে, মূঢ় সাজি তাই তুমি প্রশ্ন কর মোরে ॥
" ৩ তথাস্তু শুনহ বৎস একাগ্র চিত্তেতে, সুমধুর রাম কথা বর্ণিব বাক্যেতে।
মহিষ অসুর সম মহামোহ যথা, করাল কালিকা সম এই রামকথা ॥
" ৪ রাম কথা পূর্ণ শশী কিরণ সমান, সাধু চিত্ত চকোরের মত করে পান।
তোমার সংশয় যাহা প্রকাশে ভবানী, শঙ্কর কহেন তাঁরে সমস্ত বাখানি ॥

দো ০৬০ কহউঁ সো মতি অনুহারি অব, উমা সম্ভু সম্বাদ।
ভয়উ সময় জেহি হেতু জেহি, সুনু মুনি মিটিহি বিষাদ॥
চৌ ০১ একবার ত্রেতা যুগ মাহীঁ, সম্ভু গএ কুম্ভজরিষি পাহীঁ।
সঙ্গ সতী জগ জননি ভৱানী, পূজে রিষি অখিলেস্বর জানী॥
„ ২ রামকথা মুনিবর্জ বখানী, সুনী মহেস পরম সুখ মানী।
রিসি পূছী হরি ভগতি সুহাই, কহী সম্ভু অধিকারী পাঈ॥
„ ৩ কহত সুনত রঘুপতি গুনগাথা, কছু দিন তঁহা রহে গিরিনাথা।
মুনি সন বিদা মাগি ত্রিপুরারী, চলে ভৱন সঁগ দচ্ছকুমারী॥
„ ৪ তেহি অৱসর ভঞ্জন মহিভারা, হরি রঘু বংস লীহ্ন অবতারা।
পিতা বচন তজি রাজু উদাসী, দণ্ডক বন বিচরত অবিনাসী॥

দো ০৬১ হৃদয়ঁ বিচারত জাত হর, কেহি বিধি দরসনু হোই।
গুপ্ত রূপ অৱতরেউ প্রভু, গএঁ জান সবু কোই॥
সো ০১১ সংকর উর অতি ছোভু, সতী ন জানহিঁ মরমু সোই।
তুলসী দরসন লোভু, মন ডরু লোচন লালচী॥

চৌ ০১ রাৱন মরন মনুজ কর জাচা, প্রভু বিধি বচনু কীহ্ন রহ সাচা।
জৌঁ নহিঁ জাউঁ রহই পছিতারা, করত বিচারু ন বনত বনারা॥
„ ২ এহি বিধি ভএ সোচবস ঈসা, তেহী সময় জাই দসসীসা।
লীহ্ন নীচ মারীচহি সঙ্গা, ভয়উ তুরত সোই কপট কুরংগা॥
„ ৩ করি ছলু মূঢ় হরী বৈদেহী, প্রভু প্রভাউ তস বিদিত ন তেহী।
মৃগ বধি বন্ধু সহিত হরি আএ, আশ্রমু দেখি নয়ন জল ছাএ॥
„ ৪ বিরহ বিকল নর ইব রঘুরাঈ, খোজত বিপিন ফিরত দোউ ভাঈ।
কবহুঁ জোগ বিয়োগ ন জ কেঁ, দেখা প্রগট বিরহ দুখু তাকেঁ॥

দো ০৬২ অতি বিচিত্র রঘুপতি চরিত, জানহিঁ পরম সুজান।
জে মতি মন্দ বিমোহ বস, হৃদয়ঁ ধরহিঁ কছু আন॥

সতীর মোহ

চৌ ০১ সম্ভু সময় তেহি রামহি দেখা, উপজা হিয়ঁ অতি হরষু বিসেষা।
ভরি লোচন ছবি সিন্ধু নিহারী, কুসময় জানি ন কীহ্নি চিহ্নারী॥
„ ২ জয় সচ্চিদানন্দ জগ পাৱন, অস কহি চলেউ মনোজ নসাৱন।
চলে জাত সিৱ সতী সমেতা, পুনি পুনি পুলকত কৃপানিকেতা॥
„ ৩ সতীঁ সো দসা সম্ভুকে দেখী, উর উপজা সন্দেহু বিসেষী।
সংকরু জগত বন্দ্য জগদীসা, সুর নর মুনি সব নাৱত সীসা॥

দো ৬০ বুদ্ধি অনুসারে মোর কহিব তোমারে, আশুতোষ যে সংবাদ কহেন উমারে।
কোন সে সময় ছিল হেতু কি তাহার, শুন মুনি হবে নাশ বিষাদ তোমার ॥
চৌ ১ ত্রেতাযুগ মধ্যবর্তী এক শুভক্ষণে, শঙ্কর আসেন ঋষি অগস্ত্যের স্থানে।
জগজ্জননী সতী আসে সাথে তাঁর, পূজা করে ঋষি জানি জগৎ ঈশ্বর ॥
„ ২ রাম কথা ঋষিবর কহেন বিস্তারে, শুনিয়া ভাসেন শিব সুখের সাগরে।
ঋষি প্রশ্ন করে শিবে হরিভক্তি সার, শম্ভু কহে দেখি তার পূর্ণ অধিকার ॥
„ ৩ কহিয়া শুনিয়া উভে রাম গুণগাথা, গিরিনাথ কিছু দিন রহিলেন সেথা।
মুনি হ'তে ত্রিপুরারি বিদায় গ্রহণ, করিয়া ভবানী সহ গৃহে আগমণ ॥
„ ৪ সে দিন ভূভার সব করিতে হরণ, রঘুবংশে অবতীর্ণ হ'ন নারায়ণ।
পিতৃসত্য পালনেতে রাজ্য ত্যজি' বনে, তপস্বীর বেশে ভ্রমে দণ্ডক অরণ্যে ॥

দো ৬১ ফিরিবার কালে শম্ভু চিন্তাকুল মন, কি প্রকারে প্রভু রামে করিবে দর্শন।
অবতীর্ণ ছদ্মবেশে প্রভু মর্ত্যধামে, গুপ্ত নাহি র'বে কা'রো সাক্ষাৎ মাধ্যমে ॥
সো ১১ অতিশয় চিন্তা জাগে শিবের হৃদয়ে, সতী নাহি জানে এর বিন্দু বিসর্গয়ে।
তুলসী ভণয়ে আহা ত্রিলোচন হর, নয়নে লালসা তবু হৃদয়েতে ভর ॥

চৌ ১ রাবণ মরণ মাগে মনুষ্যের হাতে, প্রভু চা'ন ব্রহ্মাবর সত্য হয় যা'তে।
হবে অনুতাপ শেষে আজি নাহি গেলে, সিদ্ধান্ত না হয় কিছু চিন্তা বেড়ে চলে ॥
„ ২ এইরূপে চিন্তাগ্রস্ত মহেশ্বর যবে, দৃষ্টির গোচর হয় দশানন তবে।
নীচ সঙ্গে মারীচের দ্রুত রূপান্তর, স্বর্ণ মায়ামৃগরূপে হয় সে তৎপর ॥
„ ৩ ছলে মূঢ় বৈদেহীরে করিল হরণ, প্রভুর প্রতাপ নাহি জানার কারণ।
মৃগ বধি ভ্রাতা সহ প্রভু ফিরে আসে, আশ্রম দেখিয়া শূন্য চক্ষে অশ্রু ভাসে ॥
„ ৪ নর সম রঘুরাজ বিরহ দহনে, দুই ভ্রাতা বন মাঝে রত অন্বেষণে।
সংযোগ বিয়োগ দুঃখ কভু নাহি যাঁর, প্রকট বিরহ দুঃখ দেখি যে তাঁহার ॥

দো ৬২ বিচিত্র চরিত্র চিত্র রামের এরূপ, জ্ঞানী জানে লোকোত্তর চরিত্রের রূপ।
মন্দমতি মোহগ্রস্ত বুদ্ধিহীন যারা, অন্য ভাবে এ চরিত্র দেখে যে তাহারা ॥

সতীর মোহ

চৌ ১ শ্রীরামে দেখেন শম্ভু সেই অবসরে, দেখিয়া আনন্দ তাঁর হৃদয়ে না ধরে।
নয়ন ভরিয়া রূপ-সিন্ধু করি পান, অসময়ে পরিচয় না করি প্রদান ॥ ১
„ ২ সচ্চিদানন্দের জয় জগত পাবন, কহি ইহা স্থান ত্যেজে' মনোজ নাশন।
সতী সাথে শিব যান নিজের ভবন, পুনঃ পুনঃ পুলকিত কৃপা নিকেতন ॥
„ ৩ শঙ্করের দশা দেখি সন্দেহ সতীর, হৃদয় আচ্ছন্ন করে অতি সুগভীর।
শঙ্কর জগত পূজ্য জগত ঈশ্বর, শির নত করে শিবে দেব মুনি নর ॥

চৌ ৪ তিন্হ নৃপসুতহি কীন্হ পরনামা, কহি সচ্চিদানন্দ পরধামা।
ভএ মগন ছবি তাসু বিলোকী, অজহুঁ প্রীতি উর রহতি ন রোকী॥

দো ০৬৩ ব্রহ্মা জো ব্যাপক বিরজ অজ, অকল অনীহ অভেদ।
সো কি দেহ ধরি হোই নর, জাহি ন জানত বেদ॥

চৌ ০১ বিষ্নু জো সুর হিত নরতনু ধারী, সোউ সর্বগ্য জথা ত্রিপুরারী।
খোজই সো কি অগ্য ইব নারী, গ্যানধাম শ্রীপতি অসুরারী॥

„ ২ সম্ভুগিরা পুনি মৃষা ন হোঈ, সিব সর্বগ্য জান সবু কোঈ।
অস সংসয় মন ভয়উ অপারা, হোই ন হৃদয়ঁ প্রবোধ প্রকারা।

„ ৩ জদ্যপি প্রগট ন কহেউ ভবানী, হর অন্তরজামী সব জানী।
সুনহি সতী তব নারি সুভাউ, সংসয় অস ন ধরিঅ উর কাউ॥

„ ৪ জাসু কথা কুম্ভজ রিষি গাঈ, ভগতি জাসু মৈঁ মুনিহি সুনাঈ।
সোই মম ইষ্টদেব রঘুবীরা, সেবত জাহি সদা মুনি ধীরা॥

ছন্দ ০২ মুনি ধীর জোগী সিদ্ধ সন্তত বিমল মন জেহি ধ্যাবহীঁ।
কহি নেতি নিগম পুরান আগম জাসু কীরতি গাবহীঁ॥
সোই রামু ব্যাপক ব্রহ্ম ভুবন নিকায় পতি মায়া ধনী।
অবতরেউ অপনে ভগত হিত নিজতন্ত্র নিত রঘুকুলমনী॥

সো ০১২ লাগ ন উর উপদেসু, জদপি কহেউ সিবঁ বার বহু।
বোলে বিহসি মহেসু, হরিমায়া বলু জানি জিয়ঁ॥

চৌ ০১ জৌঁ তুম্হরে মন অতি সন্দেহূ, তৌ কিন জাই পরীছা লেহূ।
তব লগি বৈঠ অহউঁ বটছাহীঁ, জব লগি তুম্হ ঐহহু মোহি পাহীঁ॥

„ ২ জৈসেঁ জাই মোহ ভ্রম ভারী, করেহু সো জতনু বিবেক বিচারী।
চলীঁ সতী সিব আয়সু পাঈ, করহিঁ বিচারু করৌঁ কা ভাঈ॥

„ ৩ ইহাঁ সম্ভু অস মন অনুমানা, দচ্ছসুতা কহুঁ নহিঁ কল্যানা।
মোরেহু কহেঁ ন সংসয় জাহীঁ, বিধি বিপরীত ভলাঈ নাহীঁ॥

„ ৪ হোইহি সোই জো রাম রচি রাখা, কো করি তর্ক বঢ়াবৈ সাখা।
অস কহি লগে জপন হরিনামা, গঈ সতী জহঁ প্রভু সুখধামা॥

দো ০৬৪ পুনি পুনি হৃদয়ঁ বিচারু করি, ধরি সীতা কর রূপ।
আগেঁ হোই চলি পন্থ তেহিঁ, জেহিঁ আবত নর ভূপ॥

চৌ ০১ লছিমন দীখ উমাকৃত বেষা, চকিত ভএ ভ্রম হৃদয় বিসেষা।
কহি ন সকত কছু অতি গম্ভীরা, প্রভু প্রভাউ জানত মতিধীরা।

চৌ ৪ তিনি কেন নৃপসুতে করেন প্রণাম, কহি তারে সৎ চিৎ আনন্দের ধাম।
তন্ময় হৃদয় তাঁর দেখিয়া অবধি, তাঁহারি প্রেমেতে মগ্ন রন নিরবধি॥

দো ৬৩ অদ্বৈত নির্গুণ ব্রহ্ম জন্ম মৃত্যুহীন, নিরাকার সর্ব ব্যাপী র'ন উদাসীন।
সেই কি ধারণ করে নরদেহ রূপ, বেদেতে বর্ণনা নাহি যাঁহার স্বরূপ॥

চৌ ১ দেব হিতে একি বিষ্ণু নরদেহ ধরি', তিনি কি সর্বজ্ঞ হ'ন যথা ত্রিপুরারি।
অজ্ঞপ্রায় সে কি খোঁজে তার হৃত নারী, শ্রীপতি জ্ঞানের ধাম যিনি অসুরারি॥

„ ২ পরন্তু শিবের বাক্য নাহি মিথ্যা হয়, সর্বজ্ঞ শিবের কিছু অবিদিত নয়।
তথাপি সতীর মনে সংশয় অপার, প্রবোধ না মানে হিয়া না জ্ঞান সঞ্চার॥

„ ৩ প্রকট না করিলেও কিছুই ভবানী, অন্তর্যামী শিব সব মনে মনে জানি।
মহেশ কহেন সতি স্ত্রী স্বভাব তব, হৃদয়ে দিওনা স্থান শঙ্কা অভিনব॥

” ৪ গাহেন অগস্ত্য ঋষি যাঁর গুণগান, যাঁহারে বুঝানু ভক্তি করিয়া সম্মান।
মোর ইষ্টদেব সেই রাম রঘুবীর, যাঁহার সেবক হ'ন মুনিবর ধীর॥

ছ ২ ধীর মুনি সিদ্ধ যোগী সাধু সন্ত আর, নির্মল মনেতে স্থির ধ্যান করে যাঁর।
নেতি নেতি বর্ণনাতে বেদ ও পুরাণ, আগম নিগম শাস্ত্র গায় যাঁর গান॥*
নিরাকার নিত্য ব্রহ্ম ভুবন ব্যাপিয়া, সেই রাম মায়াধীশ জনম লইয়া।
অবতীর্ণ রঘু কুলে স্বতন্ত্র তেমনি, ভক্ত হিত লাগি তিনি রঘুকুল মণি॥

সো ১২ শঙ্কর কহেন তারে বার বার কত, সতী চিত্ত নাহি মানে উপদেশ যত।
জানি হরি মায়া অতি প্রবল প্রতাপ, সতীরে কহেন শিব হৃদয়ে সন্তাপ॥

চৌ ১ মনেতে সন্দেহ তব প্রবল যখন, পরীক্ষা করনা কেন করিতে ভঞ্জন।
তোমা লাগি বট ছায়ে রহিব বসিয়া, যদবধি না ফিরিবে পরীক্ষা করিয়া॥

” ২ নিরসন লাগি তব মহা ভ্রম মোহ, বিচার বুঝির তরে যতন করহ।
শিব আজ্ঞা পাই সতী স্থান ত্যাগ করে, ভাবে মনে কি বুঝিব কিরূপ প্রকারে॥

” ৩ এদিকে মহেশ মনে হয় অনুমান, দক্ষ সুতার আর নাহিক কল্যাণ।
আমার বাক্যেতে তার সংশয় না যায়, দৈব প্রতিকূল যবে শ্রেয় নাহি হয়॥

” ৪ যা' হবার হবে তাহা নির্বন্ধ রামের, পল্লবিত করি তর্ক কি হবে শ্রমের।
কোথায় সমাধা ভাবি' হরি জপে নাম, সতী চলে সুখধামে যেথা আছে রাম॥

দো ৬৪ বার বার হৃদয়েতে করিয়া বিচার, নিজে তিনি পরিগ্রহি আকৃতি সীতার।
চলেন সে পথে যেথা করে যাতায়াত, রঘুপতি রামচন্দ্র যিনি নর নাথ॥

চৌ ১ সতী কৃত এই বেশ দেখিয়া সৌমিত্র, ক্ষণিক ভ্রমের পর বুঝিল প্রকৃত।
কিছু না কহিতে পারে গম্ভীর স্বভাব, ধীরমতি জানে সেত প্রভুর প্রভাব॥

* আগম নিগম অর্থ — বেদাদি আপ্তবাক্য। শিবের মুখ হইতে 'আগত', গিরিজার কর্ণে 'গত' ও বাসুদেব 'মত' সম্মত—আ গ ম নিগম—তন্ত্র শাস্ত্র।

চৌ ২ সতী কপটু জানেউ সুরস্বামী, সবদরসী সব অন্তরজামী।
সুমিরত জাহি মিটই অগ্যানা, সোই সরবগ্য রামু ভগৱানা॥
" ৩ সতী কীহ্ন চহ তহঁহুঁ দুরাউ, দেখহু নারি সুভার প্রভাউ।
নিজ মায়া বলু হৃদয়ঁ বখানী, বোলে বিহসি রাম মৃদু বানী॥
" ৪ জোরি পানি প্রভু কীহ্ন প্রনামূ, পিতা সমেত লী.হ্ন নিজ নামূ।
কহেউ বহোরি কহঁা বৃষকেতূ, বিপিন অকেলি ফিরহু কেহি হেতূ॥
দো ৬৫ রাম বচন মৃদু গূঢ় সুনি, উপজা অতি সংকচু।
সতী সভীত মহেস পহিঁ, চলীঁ হৃদয়ঁ বড় সোচু॥

চৌ ১ মৈঁ সঙ্কর কর কহ ন মানা, নিজ অগ্যানু রাম পর আনা।
জাই উতরু অব দেহউঁ কাহা, উর উপজা অতি দারুন দাহা॥
" ২ জানা রাম সতীঁ দুখু পারা, নিজ প্রভাউ কছু প্রগটি জনারা।
সতীঁ দীখ কৌতুকু মগ জাতা, আগেঁ রামু সহিত শ্রীভ্রাতা॥
" ৩ ফিরি চিতরা পাছেঁ প্রভু দেখা, সহিত বন্ধু সিয় সুন্দর বেষা।
জহঁ চিতরহিঁ তহঁ প্রভু আসীনা, সেবহিঁ সিদ্ধ মুনীস প্রবীনা॥
" ৪ দেখে সির বিধি বিষ্নু অনেকা, অমিত প্রভাউ এক তেঁ একা.
বন্দত চরন করত প্রভু সেরা, বিবিধ বেষ দেখে সব দেরা॥
দো ৬৬ সতী বিধাত্রী ইন্দিরা, দেখীঁ অমিত অনূপ।
জেহিঁ জেহিঁ বেষ অজাদি সুর, তেহি তেহি তন অনুরূপ॥

চৌ ১ দেখে জহঁ তহঁ রঘুপতি জেতে, শক্তিহ্ন সহিত সকল সুর তেতে।
জীর চরাচর জো সংসারা, দেখে সকল অনেক প্রকারা॥
" ২ পূজহিঁ প্রভুহি দের বহু বেষা, রাম রূপ দূসর নহিঁ দেখা।
অরলোকে রঘুপতি বহুতেরে, সীতা সহিত ন বেষ ঘনেরে॥
" ৩ সোই রঘুবর সোই লছিমনু সীতা, দেখি সতী অতি ভঈ সভীতা।
হৃদয় কম্প তন সুধি কছু নাহীঁ, নয়ন মূদি বৈঠীঁ মগ মাহীঁ॥
" ৪ বহুরি বিলোকেউ নয়ন উঘারী, কছু ন দীখ তহঁ দচ্ছ কুমারী।
পুনি পুনি নাই রাম পদ সীসা, চলীঁ তহঁা জহঁ রহে গিরীসা॥
দো ৬৭ গঈঁ সমীপ মহেস তব, হঁসি পূছী কুসলাত।
লীহ্নী পরীছা করন বিধি, কহহু সত্য সব বাত॥
চৌ ১ সতীঁ সমুঝি রঘুবীর প্রভাউ, ভয়বস সির সন কীহ্ন দুরাউ।
কছু ন পরীছা লীহ্নি গোসাঈঁ, কীহ্ন প্রনামূ তুহ্মারিহি নাঈঁ॥

চৌ ২ সতীর এ ছদ্মবেশ বোঝেন সুরেশ, সর্বদর্শী অন্তর্যামী তিনি হৃষীকেশ।
যাঁহার স্মরণে হয় নাশ অজ্ঞানতা, সর্বজ্ঞ সেই ত রাম জগত বিধাতা ॥
" ৩ সেই রামে ছলিবারে চাহিছেন সতী, রমনী সুলভ দেখ তাহার এ মতি।
মায়াময় রঘুনাথ সব নিজে জানি, স্মিত হাসে তাঁরে রাম ক'ন মৃদুবাণী ॥
" ৪ জুড়ি কর সতীপদে করিয়া প্রণাম, পিতৃপরিচয়ে তাঁর কহি নিজ নাম।
অনন্তর জিজ্ঞাসেন কোথা বৃষকেতু, একাকী অরণ্য মাঝে ভ্রমেণ কি হেতু ॥
দো ৬৫ গূঢ় তাৎপর্যের মৃদু রাম বাক্য ধীর, শুনিয়া উপজে হৃদে সঙ্কেত সতীর।
ভীত মনে ফিরে সতী শঙ্কর সকাশে, পথে যেতে চিন্তারাশি মনে তাঁর পশে ॥

চৌ ১ শঙ্করের বাক্য আমি অবিশ্বাসি মনে, অজ্ঞানতা বশে এনু রাম সন্নিধানে।
কি উত্তর দিব আমি শিবের সাক্ষাতে, হৃদয় জ্বলিছে মোর দারুণ জ্বালাতে ॥
" ২ সতী মনে অনুতাপ জানিলেন রাম, কৃপা করি কিছু নিজ প্রভাব দেখান।
পথে যেতে দেখে সতী আশ্চর্য অপার, অগ্রে সীতারাম যান সহিত ভ্রাতার ॥
" ৩ পশ্চাৎ ফিরিয়া দেখে প্রভু সেথা স্থিত, সুশোভিত রাম সীতা লক্ষ্মণ সহিত।
যেথা দৃষ্টি সেথা দেখে প্রভুরে তখনি, ভজনা করেন সিদ্ধ যোগী ঋষি মুনি ॥
" ৪ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর দেখেন অনেক, অমিত প্রভাব রাম অদ্বিতীয় এক।
সর্বদেব পূজে তাঁরে করি করজোড়, প্রবেশ করেন সবে তাঁহার ভিতর ॥*
দো ৬৬ শিবানী ব্রহ্মানী আর লক্ষ্মী সরস্বতী, দেখেন সবারি মূর্তি অনুপম অতি।
অমর দেবতা যেথা প্রবেশে সকলে, দেবী তনু অনুরূপ পথ ধরি' চলে ॥*

চৌ ১ সর্বত্র দেখেন সতী বিভূতি রামের, সর্বদেব শক্তি যাহা সকল ধামের।
চরাচরে এ সংসারে যত জীব সতী, দেখেন বিচিত্র রূপে রামের মূরতি ॥
" ২ দেবতারা বহু ভাবে পূজেন রামেরে, রামরূপ অদ্বিতীয় এ বিশ্ব সংসারে।
বহুরূপে দেখে সতী রাম রঘুরাজে, সীতারাম এক রূপ সর্বত্র বিরাজে ॥
" ৩ যেই রাম সেই সীতা সেই ত লক্ষ্মণ, দেখিয়া সতীর মনে শঙ্কা অনুক্ষণ।
কম্পিত হৃদয় তাঁর সংজ্ঞালোপ মনে, পথিমধ্যে বসি পড়ে মুদিত নয়নে ॥
" ৪ অতঃপর চক্ষুমেলি' দক্ষের দুহিতা, কিছু না দেখিতে পায় চতুর্দিকে সেথা।
পুনঃ পুনঃ রাম পদে নত করি মাথা, আসেন ফিরিয়া সতী মহেশ্বর যেথা ॥
দো ৬৭ মহেশ সমীপে শিব করিলে গমন, স্মিত হাসে শিব পুছে কুশল ভাষণ।
কিরূপ পরীক্ষা তুমি করিলে রামের, সত্য কহ আনুপূর্ব সকল কর্মের ॥
চৌ ১ রামের প্রভাব যত উপলব্ধি করি', গোপন করিয়া শিবে ভয়েতে শঙ্করী।
কহেন পরীক্ষা প্রভু না করিনু আমি, তোমারি মতন আমি শ্রীরামে প্রণমি ॥

* ভূমিকা দ্রষ্টব্য।

চৌ ২ জো তুহ্ম কহা সো মৃষা ন হোঈ, মোরেঁ মন প্রতীতি অতি সোঈ।
তব শঙ্কর দেখেউ ধরি ধ্যানা, সতীঁ জো কীহ্ন চরিত সবু জানা ॥
" ৩ বহুরি রাম মায়হি সিরু নারা, প্রেরি সতিহি জেহিঁ ঝূঁঠ কহারা।
হরি ইচ্ছা ভারী বলরানা, হৃদয়ঁ বিচারত সম্ভু সুজানা ॥
" ৪ সতীঁ কীহ্ন সীতা কর বেষা, সির উর ভয়য়ু বিষাদ বিসেষা।
জৌঁ অব করউঁ সতী সন প্রীতি, মিটই ভগতি পথু হোই অনীতি ॥
দো ০৬৮ পরম পুনীত ন জাই তজি, কিএঁ প্রেম বড় পাপু।
প্রগটি ন কহত মহেসু কছু, হৃদয়ঁ অধিক সন্তাপু ॥
চৌ ০১ তব সঙ্কর প্রভু পদ সিরু নারা, সুমিরত রামু হৃদয়ঁ অস আরা।
এহি তন সতীহি ভেট মোহি নাহীঁ সিব সঙ্কল্পু কীহ্ন মন মাহীঁ ॥
" ২ অস বিচারি সঙ্করু মতি ধীরা, চলে ভবন সুমিরত রঘুবীরা।
চলত গগন ভৈ গিরা সুহাঈ, জয় মহেস ভলি ভগতি দৃঢ়াঈ ॥
" ৩ অস পন তুহ্ম বিনু করই কো আনা, রাম ভগত সমরথ ভগবানা।
সুনি নভ গিরা সতী উর সোচা, পূছা সিবহি সমেত সকোচা ॥
" ৪ কীহ্ন পরন পন কহহু কৃপালা, সত্য ধাম প্রভু দীন দয়ালা।
জদপি সতীঁ পূছা বহু ভাঁতী, তদপি ন কহেউ ত্রিপুর আরাতী ॥
দো ০৬৯ সতীঁ হৃদয়ঁ অনুমান কিয়, সবু জানেউ সর্বগ্য।
কীহ্ন কপটু মৈঁ শম্ভু সন, নারি সহজ জড় অগ্য ॥
সো ০১৩ জলু পয় সরিস বিকাই, দেখহু প্রীতি কি রীতি ভলি।
বিলগ হোই রসু জাই, কপট খটাই পরত পুনি ॥
চৌ ০১ হৃদয়ঁ সোচু সমুঝত নিজ করনী, চিন্তা অমিত জাই নহিঁ বরনী।
কৃপা সিন্ধু সিব পরম অগাধা, প্রগট ন কহেউ মোর অপরাধা ॥
" ২ সঙ্কর রুখ অবলোকি ভবানী, প্রভু মোহি তজেউ হৃদয়ঁ অকুলানী।
নিজ অঘ সমুঝি ন কছু কহি জাঈ, তপই অবাঁ ইব উর অধিকাঈ ॥
" ৩ সতি হি সসোচ জানি বৃষকেতু, কহীঁ কথা সুন্দর সুখ হেতূ।
বরতন পন্থ বিবিধ ইতিহাসা, বিস্বনাথ পহুঁচে কৈলাসা ॥
" ৪ তঁহ পুনি সম্ভু সমুঝি পন আপন, বৈঠে বটতর করি কামলাসন।
সঙ্কর সহজ সরূপু সম্ভারা, লাগি সমাধি অখণ্ড অপারা ॥
দো ০৭০ সতী বসহিঁ কৈলাস তব, অধিক সোচু মন মাহি।
মরমু ন কোউ জান কছু, জুগ সম দিবস সিরাহিঁ ॥
চৌ ০১ নিতনব সোচু সতী উর ভারা, কব জৈহউঁ দুখ সাগব পারা।
মৈঁ জো কীহ্না রঘুপতি অপমানা, পুন পতি বচহু মৃষা করি জানা ॥

চৌ ২ তুমি যা' বলেছো প্রভু মিথ্যা অসম্ভব, হৃদয়ে বিশ্বাস মোর হইয়াছে সব।
ধ্যান যোগে শিব তবে জ্ঞাত সব কথা, যা' কিছু ঘটেছে আর সতীর অবস্থা ॥

" ৩ যাঁহার মায়াতে সতী এ অসত্য ক'য়, জানিয়া প্রণমি রামে সেই মায়াময়।
হরি ইচ্ছা ভবিতব্য তাহার উপর, করিবার নাহি কিছু বোঝেন শঙ্কর ॥

" ৪ সীতাদেবী রূপ সতী করেছে ধারণ, শম্ভুচিত্তে বিষাদের হইল কারণ।
পত্নী সম সতী সাথে করিলে সম্প্রীতি, অনর্থ ঘটিবে ভ্রষ্টি ভক্তি রাম প্রতি ॥

দো ৬৮ পরম পুণ্যাত্মা সতী না পারে ত্যজিতে, চরম দুর্নীতি হবে প্রেম সতী সাথে।
প্রকট করিয়া শিব না পারে কহিতে, অব্যক্ত সন্তাপ মনে লাগিল দহিতে ॥

চৌ ১ প্রভু পদে শির নত করিয়া মহেশ, স্মরণ করিয়া রামে পাইল নির্দেশ।
এ দেহ ধারণ কালে সতী সাথে আর, পত্নী সম নাহি চলে করা ব্যবহার ॥

" ২ এ সঙ্কল্পে স্থির-মতি শঙ্কর যখন, জপি রাম নাম যান আপন ভবন।
হইল আকাশবাণী অতি সুগম্ভীর, জয় মহেশ্বর একি দৃঢ়তা ভক্তির ॥

" ৩ তোমা ছাড়া এ প্রতিজ্ঞা সর্ব শক্তিমান, কাহার সম্ভব দেব তুমি রাম প্রাণ।
শুনি এ আকাশবাণী সতী সশঙ্কিত, শঙ্করে করেন প্রশ্ন অতি সঙ্কোচিত ॥

" ৪ কি প্রতিজ্ঞা প্রভু তব কহ কৃপাময়, সত্যের আধার তুমি দীন-দয়াময়।
যতবার প্রশ্ন করে এইরূপে সতী, নির্বাক রহেন তবু ত্রিপুর অরাতি ॥

দো ৬৯ সতী অনুমান করে হৃদয়ে তাহার, সর্বজ্ঞ সকল চিন্তা জানেন সবার।
সেই শম্ভু কাছে আমি করি কপটতা, জড়বুদ্ধি নারীজাত সহজ অজ্ঞতা ॥

সো ১৩ কি বিচিত্র রীতি দেখ প্রেমের মহিমা, দুগ্ধ জল একদরে হয় বেচা কেনা।
কপটতা অম্লরস এক বিন্দু যবে, পৃথক হইবে জল স্বাদ নাহি রবে ॥

চৌ ১ বুঝি নিজ কৃত কর্ম অনুশোচনাতে, চিন্তা ভারাক্রান্ত সতী না পারে বর্ণিতে।
মহেশ্বর কৃপাসিন্ধু পরম অগাধ, বাক্যে নাহি প্রকাশেন মোর অপরাধ ॥

" ২ শিবের গাম্ভীর্য দেখি ব্যাকুলি পরাণে, মোরে প্রভু ত্যজিবেন সতী ভাবে মনে।
নিজ মনে পাপ কিছু কহিতে না পারে, এই হেতু অগ্নিসম চিত্ত দগ্ধ করে ॥

" ৩ সতীর মনের জ্বালা জানি বৃষকেতু, মনোহর বাক্যে কহে সতী সুখ হেতু।
বরণিয়া পথ দৃশ্য কহি ইতিহাস, এই রূপে বিশ্বনাথ আসেন কৈলাস ॥

" ৪ আপন প্রতিজ্ঞা শম্ভু করিয়া স্মরণ, বটচ্ছায়ে বসিলেন হ'য়ে পদ্মাসন।
আপন স্বভাব রূপ সম্বরি' শঙ্কর, অখণ্ড সমাধি প্রাপ্ত তিনি অতঃপর ॥

দো ৭০ কৈলাসে রহেন সতী এই অবস্থায়, অধিক সন্তাপে জ্বলে তাহার হৃদয়।
দুঃখের রহস্য তার কেহ নাহি জানে, প্রতিটি দিবস সতী যুগ সম মানে ॥

চৌ ১ নিতি নব মনস্তাপ মনেতে উদয়, এ দুঃখ সাগর পার কতদিনে হয়।
পতির বচন আমি মিথ্যা বলে মানি, রঘুপতি অপমান করেছি আপনি ॥

চৌ ২ সো ফলু মোহি বিধাতা দীহ্না, জো কছু উচিত রহা সোই কীহ্না।
অব বিধি অস বূঝিঅ নহিঁ তোহী, সঙ্কর বিমুখ জিআরসি মোহী ॥
" ৩ কহি ন জাই কছু হৃদয় গলানী, মন মহুঁ রাম হি সুমির সয়ানী।
জোঁ প্রভু দীন দয়ালু কহারা, আরতি হরন বেদ জসু গারা ॥
" ৪ তৌ মৈঁ বিনয় করউঁ কর জোরী, ছুটউ বেগি দেহ য়হ মোরী।
জোঁ মোরে সিস চরণ সনেহূ, মন ক্রম বচন সত্য ব্রতু এহূ ॥

দো ০৭১ তৌ সবদরসী সুনিঅ প্রভু, করউ সো বেগি উপায়।
হোই মরনু জেহিঁ বিনহিঁ শ্রম, দুসহ বিপত্তি বিহাই ॥
চৌ ১ এহি বিধি দুখিত প্রজেসকুমারী, অকথনীয় দারুন দুখু ভারী।
বীতেঁ সম্বত সহস সতাসী, তজী সমাধি সম্ভু অবিনাসী ॥
" ২ রাম নাম সির সুমিরন লাগে, জানেউ সতী জগতপতি জাগে।
জাই সম্ভুপদ বন্দন কীহ্না, সনমুখ সঙ্কর আসনু দীহ্না ॥
" ৩ লগে কহন হরিকথা রসালা, দচ্ছ প্রজেস ভএ তেহি কালা।
দেখা বিধি বিচারি সব লায়ক, দচ্ছহি কীহ্ন প্রজাপতি নায়ক ॥
" ৪ বড় অধিকার দচ্ছ জব পারা, অতি অভিমান হৃদয় তব আরা।
নহিঁ কোউ অস জনমেউ জগমাহী, প্রভুতা পাই জাহি মদ নাহীঁ ॥

দক্ষযজ্ঞ ও সতীর দক্ষযজ্ঞে গমন

দো ০৭২ দচ্ছ লিএ মুনি বোলি সব, করন লগে বড় জাগ।
নেরতে সাদর সকল সুর, যে পারত মখ ভাগ ॥
চৌ ০১ কিন্নর নাগ সিদ্ধ গন্ধর্বা, বধুহ্ন সমেত চলে সুর সর্বা।
বিষ্নু বিরঞ্চি মহেসু বিহাঈ, চলে সকল সুর জান বনাঈ ॥
" ২ সতী বিলোকে ব্যোম বিমানা, জাত চলে সুন্দর বিধি নানা।
সুর সুন্দরী করহিঁ কল গানা সুনত শ্রবন ছূটহিঁ মুনি ধ্যানা ॥
" ৩ পূছেউ তব সিবঁ কহেউ বখানী, পিতা জগ্য সুনি কছু হরষানী।
জোঁ মহেষু মোহি আয়সু দেহীঁ, কছুদিন জাই রহৌঁ মিস এহীঁ
" ৪ পতি পরিত্যাগ হৃদয় দুখু ভারী, কহই ন নিজ অপরাধ বিচারী।
বোলী সতী মনোহর বানী, ভয় সংকোচ প্রেম রস সানী ॥

দো ০৭৩ পিতা ভবন উৎসব পরম, জোঁ প্রভু আয়সু হোই।
তৌ মৈঁ জাউঁ কৃপায়তন, সাদর দেখন সোই ॥

চৌ ০১ কহেহু নীক মোরেহুঁ মন ভারা, য়হ অনুচিত নহিঁ নেরত পঠারা।
দচ্ছ সকল নিজ সুতা বোলাঈ, হমরেঁ বয়র তুম্হউ বিসরাঈ ॥

চৌ ২ বিধাতা দিতেছে ফল সে পাপ কর্মের, হতেছে উচিত শাস্তি বিধান ধর্মের।
হে বিধাতঃ নাহি বোঝ কেন তুমি হায়, শঙ্কর বিমুখ তবু রেখেছ বাঁচায়॥
" ৩ হৃদয়ের গ্লানি তার কহিতে না পারে, বুদ্ধিমতী সতী করে স্মরণ রামেরে।
দীনবন্ধু নাম যদি সত্য সবে কহে, আর্তিহরা বলি' তোমা যদি বেদে গাহে॥
" ৪ জুড়ি কর মাগি প্রভু এ মোর মিনতি, এ দেহ পতন যেন হয় শীঘ্র গতি।
কায় মনোবাক্যে কাম্য কহি কর জোড়, শিব পদ স্নেহ যদি সত্য হয় মোর॥

দো ৭১ শুন প্রভু সমদর্শী করহ উপায়, অতি শীঘ্র মৃত্যু যেন মোর ভাগ্যে হয়।
একমাত্র মৃত্যু মোর এ দুঃখ নাশন, দুঃসহ বিপত্তি পারে করিতে ভঞ্জন॥
চৌ ১ এই মত কাটে কাল দক্ষ দুহিতার, বর্ণনা অতীত দুঃখ সাগরেতে তার।
সাতাশি সহস্র বর্ষ হয় যবে পার, অবিনাশী শম্ভু ত্যজে সমাধি তাঁহার॥
" ২ উচ্চারণ করিলেন শম্ভু রাম নাম, বুঝে সতী সমাধির হয়েছে বিরাম।
অগ্রসরি প্রণমিলা মহেশ চরণে, করেন নির্দেশ শিব সমুখ আসনে॥
" ৩ হরি কথা ক'ন শম্ভু অতি মধুময়, প্রজাপতি হ'ল দক্ষ সেমত সময়।
ব্রহ্মার বিচারে দক্ষ হ'ন যোগ্য অতি, সে কারণে করিলেন মুখ্য প্রজাপতি॥
" ৪ উচ্চ অধিকার যবে দক্ষ প্রাপ্ত হ'ল, অহঙ্কার হৃদে তার ক্রমে উপজিল।
এ জগতে জন্ম লভি নাহি কোন জন, প্রভুত্ব পাইয়া যারা মদগর্বী ন'ন॥

দক্ষযজ্ঞ ও সতীর দক্ষযজ্ঞে গমন

দো ৭২ সেই দক্ষ সব মুনি করিয়া আহ্বান, বিরাট যজ্ঞের এক করে আয়োজন।
সাদরে সকল দেবে করে নিমন্ত্রণ, যজ্ঞভাগ সবদেবে করিতে অর্পণ॥
চৌ ১ গন্ধর্ব কিন্নর নাগ সিদ্ধ ঋষি আর, আসিল সকলে যজ্ঞে পত্নী সহকার।
ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর ব্যতীত সকলে, সাজায়ে বিমান রথ অন্য দেব চলে॥
" ২ সতী দেখে শূন্যমার্গে অসংখ্য বিমান, বিচিত্র সজ্জাতে সাজি করিছে প্রস্থান।
সুর সুন্দরীরা গাহে কলকণ্ঠে গান, যাহা শুনি মুনি ঋষি ভঙ্গ করে ধ্যান॥
" ৩ প্রশ্নের উত্তরে শিব কহেন বাখানি, পিতার যজ্ঞের বার্তা শুনি হৃষ্ট মানি।
ভাবে সতী যদি শিব আজ্ঞা দেন মোরে, এই যোগে পিতৃগৃহ আসি আমি ঘুরে।
" ৪ পতি পরিত্যক্তা সতী দুঃখিত অন্তরে, স্মরি অপরাধ কিছু কহিতে না পারে।
অবশেষে কহে সতী বাণী মনোহর, প্রেম ভয় সঙ্কোচেতে মিশ্রিত অন্তর॥

দো ৭৩ পিতৃগৃহে মহোৎসব সমারোহ অতি, আজ্ঞা তব হয় যদি প্রভু মোর প্রতি।
তা'হলে যাইব সেথা কৃপা আয়তন, সাগ্রহে দেখিব সেথা যত আয়োজন॥

চৌ ১ বলেছ ভালই তুমি বুঝি আমি মনে, অনুচিত হবে যাওয়া বিনা নিমন্ত্রণে।
সকল কন্যারে দক্ষ নিমন্ত্রণ করে, মোর প্রতি বৈর বলি' ভুলেছে তোমারে।

চৌ ২ ব্রহ্মসভাঁ হম সন দুখু মানা, তেহি তেঁ অজহুঁ করহিঁ অপমানা।
জৌঁ বিনু বোলেঁ জাহু ভবানী, রহই ন সীলু সনেহু ন কানী॥
" ৩ জদপি মিত্র প্রভু পিতু গুরু গেহা, জাইঅ বিনু বোলেহুঁ সন্দেহা।
তদপি বিরোধ মান জহঁ কোঈ, তহাঁ গএ কল্যানু ন হোঈ॥
" ৪ ভাঁতি অনেক সম্ভু সমুঝারা, ভাবী বস ন গ্যানু উর আরা।
কহ প্রভু জাহু জো বিনহিঁ বোলাএঁ, নহিঁ ভলি বাত হমারে ভাএঁ।
দো ০৭৪ কহি দেখা হর জতন বহু, রহই ন দচ্ছ কুমারি।
দিএ মুখ্য গন সঙ্গ তব, বিদা কীহ্ন ত্রিপুরারি॥
চৌ ০১ পিতাভবন জব গঈঁ ভবানী, দচ্ছ ত্রাস কাহুঁ ন সনমানী।
সাদর ভলেহিঁ মিলী এক মাতা, ভগিনীঁ মিলীঁ বহুত মুসুকাতা॥
" ২ দচ্ছ ন কছু পূছী কুসলাতা, সতিহি বিলোকি জরে সব গাতা।
সতীঁ জাই দেখেউ তব জাগা, কতহুঁ ন দীখ সম্ভু কর ভাগা॥
" ৩ তব চিত চঢ়েউ জো শঙ্কর কহেউ, প্রভু অপমানু সমুঝি উর দহেউ।
পাছিল দুখু ন হৃদয়ঁ অস ব্যাপা, জস য়হ ভয়উ মহাপরিতাপা॥
" ৪ জদ্যপি জগ দারুন দুখ নানা, সব তেঁ কঠিন জাতি অবমানা।
সমুঝি সো সতিহি ভয়উ অতি ক্রোধা, বহুবিধি জননী কীহ্ন প্রবোধা॥
দো ০৭৫ সিব অপমানু ন জাই সহি, হৃদয়ঁ ন হোই প্রবোধ।
সকল সভহি হঠি হটকি তব, বোলীঁ বচন সক্রোধ॥
চৌ ০১ সুনহু সভাসদ সকল মুনিন্দা, কহী সুনী জিহ্ন সংকর নিন্দা।
সো ফলু তুরত লহব সব কাহূ, ভলী ভাঁতি পছিতাব পিতাহূঁ॥
" ২ সন্ত সম্ভু শ্রীপতি অপবাদা, সুনিঅ জহাঁ তহঁ অসি মরজাদা।
কাটিঅ তাসু জীভ জো বসাঈ, শ্রবন মূঁদি ন ত চলিঅ পরাঈ॥
" ৩ জগদাত্মা মহেস পুরারী, জগত জনক সব কে হিতকারী।
পিতা মন্দমতি নিন্দক তেহী, দচ্ছ সুক্র সম্ভব য়হ দেহী॥

সতীর দেহত্যাগ

" ৪ তজিহউ তুরত দেহ তেহি হেতূ, উর ধরি চন্দ্রমৌলি বৃষকেতূ।
অস কহ জোগ অগিনি তনু জারা, ভয়উ সকল মখ হাহাকারা॥
দো ০৭৬ সতী মরনু সুনি সম্ভুগন, লগে করন মখ খীস।
জগ্য বিধংস বিলোকি ভৃগু, বচ্ছা কীহ্ন মুনীস॥
চৌ ০১ সমাচার সব সংকর পাএ, বীরভদ্র করি কোপ পঠাএ।
জগ্য বিধংস জাই তিহ্ন কীহ্না, সকল সুরহ্ন বিধিবত ফলু দীহ্না॥

চৌ ২ ব্রহ্মার সভাতে হ'ল ক্রুদ্ধ মোর পরে, সে অবধি আজো মোর অপমান করে।
না ডাকিলে যাও যদি জানিও ভবানি, না র'বে স্নেহের টান মর্যাদারো হানি ॥

„ ৩ মিত্র গুরু স্বামী আর পিতার সদনে, না ডাকিলে যাওয়া চলে মানি আমি মনে।
তথাপি বিরুদ্ধ ভাব পোষেন যেথায়, হবেনা কল্যাণ কিছু যাইলে সেথায় ॥

„ ৪ অনেক প্রকারে শম্ভু সতীরে বোঝান, ভবিতব্য বশে সতী বুঝিতে না চান।
প্রভু ক'ন যাও যদি বিনা নিমন্ত্রণে, উত্তম প্রস্তাব বলি নাহি করি মনে ॥

দো ৭৪ অনেক প্রকারে চেষ্টা করেন শঙ্কর, পিতৃগৃহে যেতে সতী বদ্ধ পরিকর।
অগত্যা সঙ্গেতে দিয়া মুখ্য অনুচর, সতীরে বিদায় দেন সর্বজ্ঞ শঙ্কর ॥

চৌ ১ পিতার ভবনে সতী যবে পঁহুছেন, দক্ষ ভয়ে কেহ তাঁরে নাহি সম্ভাষেণ।
এক মাত্র মাতা করে সাদরে গ্রহণ, উপহাস করে তাঁরে তাঁর ভগ্নীগণ ॥

„ ২ কুশল বারতা দক্ষ নাহি পুছে তাঁরে, সর্ব অঙ্গ জ্বলে তার দেখিয়া সতীরে।
যজ্ঞ দেখিবারে সতী যজ্ঞ স্থলে যান, শঙ্করের যজ্ঞভাগ দেখিতে না পান ॥

„ ৩ শঙ্করের বাক্য এবে উপলব্ধি হয়, পতি অপমানে দহে সতীর হৃদয়।
পূর্বদুঃখে এত তাঁর হৃদয় না কাঁপে, যতখানি হ'ল তাঁর এই অনুতাপে ॥

„ ৪ জগতে দারুণ দুঃখ আছে নানা ভাবে, পতি* অপমান দুঃখ সর্বাধিক লাগে।
বুঝিয়া দারুণ ক্রোধ জাগে সতী মনে, জননী প্রবোধ দেন বিবিধ বিধানে ॥

দো ৭৫ শিব অপমান সতী না পারে সহিতে, প্রবোধ না মানে হিয়া তাঁর কোন মতে।
সভা মাঝে গিয়া সতী বলদৃপ্ত স্বরে, কহেন সবারে সেথা অতি ক্রোধ ভরে ॥

চৌ ১ শুন সভসদগণ মুনি শ্রেষ্ঠ সবে, শিবে নিন্দা করে যেবা শোনে এই ভবে।
ফল প্রাপ্তি হবে তার অতি ত্বরান্বিত, পশ্চাৎ তাপেতে পিতা হবে জর্জরিত ॥

„ ২ শিব বিষ্ণু কিংবা সাধু নিন্দা যেথা হয়, যখনি শ্রবণ হ'বে মর্যাদা রক্ষায়।
শক্তি থাকে নিন্দুকের জিহ্বা উৎপাটনে, অথবা দুকর্ণ চাপি যাও পলায়নে ॥

„ ৩ মহেশ জগত আত্মা তিনি ত্রিপুরারি, জগত জনক আর সর্ব হিতকারী।
সেই শিবে নিন্দা করে পিতা মন্দমতি, তাহারি ঔরস জাত এ দেহের প্রতি ॥

সতীর দেহত্যাগ

„ ৪ ধিক্কারে ত্যজিব প্রাণ দেহ দগ্ধ করি, চন্দ্রমৌলি বৃষকেতু পদ হৃদে স্মরি।
এত কহি যজ্ঞাগ্নিতে দেহ নিক্ষেপিল, হাহাকার যজ্ঞ স্থান ব্যাপিয়া পূরিল ॥

দো ৭৬ সতী মৃত্যু শুনি শিব-অনুচরগণ, ক্রোধে যজ্ঞ পণ্ড কর্ম আরম্ভে তখন।
যজ্ঞ পণ্ড হয় দেখি ভৃগু মহামুনি, রক্ষা হেতু করিলেন যতন আপনি ॥

চৌ ১ সতী মৃত্যু সমাচার পাইয়া শঙ্কর, ক্রোধে বীরভদ্রে তথা পাঠান সত্বর।
সেথা গিয়া বীরভদ্র যজ্ঞ ধ্বংস করে, সমুচিত ফলদান করে সর্ব সুরে ॥

---

* মূল "জাতি অবমানা" এ-স্থলে পতির অপমান।

চৌ ২ তৈভ জগবিদিত দচ্ছ গতি সোঈ, জসি কছু সম্ভু বিমুখ কৈ হোঈ।
যহ ইতিহাস সকল জগ জানী, তাতে মৈঁ সঙ্ক্ষেপ বখানী ॥

পার্বতীর জন্ম

„ ৩ সতীঁ মরত হরি সন বরু মাঁগা, জনম জনম সিরপদ অনুরাগা।
তেহি কারণ হিমগিরি গৃহ জাঈ, জননী পারবতী তনু পাঈ ॥
„ ৪ জব তেঁ উমা সৈল গৃহ জাঈ, সকল সিদ্ধি সম্পতি তহঁ ছাঈ।
জহঁ তহঁ মুনিহ্ন সুআশ্রম কীহ্নে, উচিত বাস হিম ভূধর দীহ্নে ॥
দো ০৭৭ সদা সুমন ফল সহিত সব, দ্রুম নব নানা জাতি।
প্রগটীঁ সুন্দর সৈল পর, মনি আকর বহু ভাঁতি ॥
চৌ ০১ সরিতা সব পুনীত জলু বহহীঁ, খগ মৃগ মধুপ সুখী সব রহহীঁ।
সহজ বয়রু সব জীরহ্ন ত্যাগা, গিরি পর সকল করহিঁ অনুরাগা ॥
„ ২ সোহ সৈল গিরিজা গৃহ আএঁ, জিমি জনু রামভগতি কে পাএঁ।
নিত নূতন মঙ্গল গৃহ তাসূ, ব্রহ্মাদিক গারহিঁ জসু জাসূ ॥
„ ৩ নারদ সমাচার সব পাএ, কৌতুকহীঁ গিরি গেহ সিধাএ।
সৈলরাজ বড় আদর কীহ্না, পদ পখারি বর আসনু দীহ্না ॥
„ ৪ নারি সহিত মুনিপদ সিরু নারা, চরণ সলিল সবু ভবনু সিঁচারা।
নিজ সৌভাগ্য বহুত গিরি বরনা, সুতা বোলি মেলী মুনি চরনা ॥
দো ০৭৮ ত্রিকালগ্য সর্বগ্য তুহ্ম, গতি সর্বত্র তুহ্মারি।
কহহু সুতা কে দোষ গুন, মুনিবর হৃদয়ঁ বিচারি ॥
চৌ ০১ কহ মুনি বিহসি গূঢ় মৃদু বানী, সুতা তুহ্মারি সকল গুনখানী।
সুন্দর সহজ সুসীল সয়ানী, নাম উমা অম্বিকা ভৱানী ॥
„ ২ সব লচ্ছন সম্পন্ন কুমারী, হোইহি সন্তত পিয়হি পিয়ারী।
সদা অচল এহি কর অহিবাতা, এহি তেঁ জসু পৈহহিঁ পিতু মাতা ॥
„ ৩ হোইহি পূজ্য সকল জগ মাহীঁ, এহি সেরত কছু দুর্লভ নাহীঁ।
এহি কর নামু সুমিরি সংসারা, তিয় চঢ়িহহিঁ পতিব্রত অসিধারা ॥
„ ৪ সৈল সুলচ্ছন সুতা তুহ্মারী, সুনহু জে অব অরগুন দুই চারী।
অগুন অমান মাতু পিতু হীনা, উদাসীন সব সংসয় ছীনা ॥
দো ০৭৯ জোগী জটিল অকাম মন, নগন অমঙ্গল বেষ।
অস স্বামী এহি কঁহ মিলিহি, পরী হস্ত অসি রেখ ॥

চৌ ২ দক্ষের যা' হ'ল গতি জ্ঞাত জগন্ময়, শঙ্কর বিদ্বেষিগণ যাহা প্রাপ্ত হয়।
এই ইতিহাস জানে জগত সকল, সংক্ষেপেতে এইটুকু বলিনু কেবল ॥

পার্বতীর জন্ম

” ৩ মৃত্যু কালে হরি কাছে সতী বর মাগে, জন্ম জন্ম শিব পদ যেন রহে ভাগে।
সে কারণ গিরিরাজ হিমালয় গৃহে, ভূমিষ্ঠ হইল সেথা পার্বতীর দেহে ॥

” ৪ উমা যবে শৈল গৃহে অবতীর্ণ হ'ল, সকল সমৃদ্ধি সুখ সেথা উপজিল।
যত্র তত্র মুনিগণ স্থাপিল আশ্রম, হিমালয় করে যোগ্য ভূমি সমর্পণ ॥

দো ৭৭ নানা জাতি নব নব বৃক্ষ হ'ল তথা, পত্রে পুষ্পে সুশোভন তপোবন যথা।
সর্বদা আনত রহে বহু পক্ক ফলে, রত্নগর্ভা ভূমি হ'ল প্রস্তরের তলে ॥

চৌ ১ নদী বহে পুণ্য স্রোত করিয়া বহন, খগ মৃগ মধুকর করে বিচরণ।
সহজ শত্রুতা সব জীব যায় ভুলে, গিরি পরে অনুরাগে রহিয়া সকলে ॥

” ২ গিরি শৈল শোভে কিবা উমা আগমনে, রামভক্তি শোভে যথা ভক্তজন মনে।
মঙ্গল উৎসব সদা গৃহে উদ্‌যাপিত, ব্রহ্মাদি গাহেন গিরি মাহাত্ম্য সঙ্গীত ॥

” ৩ দেবর্ষি নারদ সব সমাচার পেয়ে, আসেন উৎসুক হৃদে গিরিরাজ গৃহে।
সাদরে স্বাগত করি পর্বত রাজন, ধৌত করি পদ দেন মহার্ঘ আসন ॥

” ৪ সপত্নীক নতি করি তাঁহার চরণ, চরণ সলিল করে গৃহেতে সিঞ্চন।
আপন সৌভাগ্য গিরি করিয়া বর্ণন, কন্যা আনি কহে নম দেবর্ষি চরণ ॥

দো ৭৮ ত্রিকালজ্ঞ প্রভু তুমি কহে গিরিরাজ, তুমি ত সর্বজ্ঞ প্রভু সর্বত্র বিরাজ।
কন্যার যতেক কিছু দোষগুণ তার, মুনিবর কহ মোরে করিয়া বিচার ॥

চৌ ১ অর্থভরা বাক্যে মুনি কহে মৃদু হাসে, গুণের আকর তব কন্যা প্রতিভাসে।
সুন্দরী স্বভাব শীলা তীক্ষ্ণ বুদ্ধি আর, ভবানী অম্বিকা উমা পরিচয় তার ॥

” ২ সর্ব সুলক্ষণযুক্তা তোমার কুমারী, পতিপ্রিয়া রহিবেন আজীবন ধরি।
অটল সৌভাগ্য রবি ভাতিবে ইহার, পিতা মাতা গর্বান্বিত গৌরবেতে তাঁর ॥

” ৩ জগত মাঝারে কন্যা অতি পূজ্যা হবে, পূজিলে ইহারে কিছু দুর্লভ না র'বে।
স্মরিয়া ইহার নাম সধবারা ভবে, পাতিব্রত্য তীক্ষ্ণ ধর্মে অবতীর্ণ হবে ॥

” ৪ *গিরিরাজ কন্যা অতি সুলক্ষণা তব, শুনিলে গুণের কথা দোষ এবে ক'ব।
আগুণ[১] আমানী[২] আর পিতৃমাতৃহীন[৩], সকল সংশয় ছিন্ন[৪] চিত্ত উদাসীন[৫] ॥

দো ৭৯ জটিল[৬] অকামী মন[৭] যোগীযুক্ত প্রায়[৮], বেশভূষা অমঙ্গল নগ্ন[৯] দেখা যায়।
এরূপ হইবে পতি কন্যার তোমার, বুঝিলাম হস্তরেখা করিয়া বিচার ॥

---

* দ্বর্থ প্রতিপাদক :— (১) গুণহীন/নির্গুণ পুরুষ। (২) অসম্মান যোগ্য/মানাপমানের ঊর্ধ্বে। (৩) অনাথ অজ। (৪) উন্মাদ/পূর্ণ জ্ঞানাধিকারী। (৫) ভাল মন্দ জ্ঞানহীন/সর্বভূতে সমজ্ঞান। (৬) কুচক্রী/জটাধারী। (৭) নিশ্চেষ্ট নিষ্কামী। (৮) সন্ন্যাসীর চেলা/ব্রহ্ম সান্নিধ্য প্রাপ্ত। (৯) অশুভ ও নগ্ন/অমঙ্গল শূন্য অথবা দিগম্বর (সর্বব্যাপী)।

চৌ ০১ সুনি মুনিগিরা সত্য জিয় জানী, দুখ দম্পতিহি উমা হরষানী।
নারদহূঁ য়হ ভেদু ন জানা, দসা এক সমুঝব বিলগানা ॥
„ ২ সকল সখী গিরিজা গিরি মৈনা, পুলক সরীর ভরে জল নৈনা।
হোই ন মৃষা দেবরিষি ভাষা, উমা সো বচনু হৃদয় ধবি রাখা ॥
„ ৩ উপজেউ সিরপদ কমল সনেহূ, মিলন কঠিন মন ভা সন্দেহূ।
জানি কুঅবসরু প্রীতি দুরাঈ, সখী উছঙ্গ বৈঠী পুনি জাঈ ॥
„ ৪ ঝঠিন হোই দেবরিষি বাণী, সোচহিঁ দম্পতি সখী সয়ানী।
উর ধরি ধীর কহই গিরিরাউ, কহহু নাথ কা করিঅ উপাউ ॥

দো ০৮০ কহি মুনীস হিমবন্ত সুনু, জো বিধি লিখা লিলার।
দেব দনুজ নর নাগ মুনি, কোউ ন মেটনি হার ॥
চৌ ০১ তদপি এক মৈঁ কহউঁ উপাঈ, হোই করৈ জৌঁ দেউ সহাঈ।
জস বরু মৈঁ বরনেউঁ তুহ্ম পাহীঁ মিলিহি উমহি তসে সংসয় নাহীঁ ॥
„ ২ জে জে বর কে দোষ বখানে, তে সব সির পহিঁ মৈঁ অনুমানে।
জৌঁ বিবাহু সঙ্কর মন হোঈ, দোষউ গুনসম কহ সবু কোঈ ॥
„ ৩ জৌঁ অহি সেজ সয়ন হরি করহীঁ, বুধ কছু তিহ্ন কর দোযু ন ধরহীঁ ॥
ভানু কৃসানু সর্ব রস খাহীঁ, তিহ্ন কহঁ মন্দ কহত কোউ নাহীঁ ॥
„ ৪ সুভ অরু অসুভ সলিল সব বহঈ, সুরসরি কোউ অপুনীত ন কহঈ।
সমরথ কহুঁ নহিঁ দোযু গোসাঈ, রবি পারক সুর সরি কী নাঈ ॥
দো ০৮১ জৌঁ অস হিসিষা করহিঁ নর, জড় বিবেক অভিমান।
পরহিঁ কলপ ভরি নরক মহুঁ, জীব্র কি ঈস সমান ॥
চৌ ০১ সুরসরি জলকৃত বারুনি জানা, কবহুঁ ন সন্ত করহিঁ তেহি পানা।
সুরসরি মিলেঁ সো পারন জৈসে ঈস অনীসহি অন্তরু তৈসেঁ ॥
„ ২ শম্ভূ সহজ সমরথ ভগবানা, এহি বিবাহঁ সব বিধি কল্যানা।
দুরারাধ্য পৈ অহহিঁ মহেসূ, আসুতোষ মুনি কিত্রঁ কলেসূ ॥
„ ৩ জৌঁ তপু করি কুমারি তুহ্মারী, ভাবিউ মেটি সকহিঁ ত্রিপুরারী।
জত্তপি বর অনেক জগ মাহীঁ এহি কহঁ সির তজি দূসর নাহীঁ ॥
„ ৪ বর দায়ক প্রনতারতি ভঞ্জন, কৃপাসিন্ধু সেবক মন রঞ্জন।
ইচ্ছিত ফল বিনু সির অররাধেঁ, লহিঅ ন কোটি জোগ জপ সাধেঁ ॥
দো ০৮২ অস কহি নারদ সুমিরি হরি, গিরিজহি দীহ্নি অসীস।
হোই হি য়হ কল্যান অব, সংসয় তজহু গিরীস ॥
চৌ ১ কহি অস ব্রহ্ম ভরন মুনি গয়উ, আগিল চরিত সুনহু জস ভয়উ।
পতিহি একান্ত পাঈ কহ মৈনা, নাথ ন মৈঁ সমুঝে মুনি বৈনা ॥

চৌ ১ মুনিবাক্য শুনি ইহা সত্য হ'বে জানে, দম্পতির দুঃখ জাগে হর্ষ উমামনে ॥
নারদ বুঝিতে নারে এ দুই প্রভেদ, একই ভাবে ভিন্ন দুই মতের উদ্ভেদ ॥
„ ২ সখীসহ গিরিজার গিরি মেনকার, রোমাঞ্চিত কলেবর চক্ষে অশ্রুধার।
দেবর্ষির বাক্য কভু মিথ্যা নাহি হয়, গোপনে রাখিল উমা হৃদয়ে তাহায়।
„ ৩ শিব পদ কমলেতে প্রেম উপজিল, মিলন কঠিন বটে এ সন্দেহ হল।
গুপ্ত রাখে চিত্তে প্রেম অসময় বলি, হাস্যালাপ করে শুরু সখী অঙ্গে ঢলি ॥
„ ৪ দেবর্ষির বাক্য মিথ্যা কভু না সম্ভবে, চিন্তায় পীড়িত সখী মাতা পিতা সবে।
ধৈর্য ধরি হৃদে তাঁর গিরিরাজ ক'ন, করহ উপায় নাথ কি করি এখন ॥

দো ৮০ গিরিরাজে মুনিশ্রেষ্ঠ কহেন তখন, বিধির ললাট লিপি লিখিত যখন।
দেব দৈত্য নাগ নর মুনি ঋষি কেহ, না পারে খণ্ডিতে তাহা নাহিক সন্দেহ ॥
চৌ ১ তথাপি উপায় এক কহিব তোমায়, দৈব অনুকূল হ'লে সম্ভব তা' হয়।
বর্ণনা করেছি পাত্র যাহা তোমা কাছে, সন্দেহ নাহিক উমা ভাগ্যে তাহা আছে ॥
„ ২ পাত্রের যে সব দোষ করেছি বাখান, সে সবই শঙ্করে আমি করি অনুমান।
বিবাহ শঙ্কর সাথে হ'লে পার্বতীর, সব দোষ ক'বে গুণ সকলেই স্থির ॥
„ ৩ সর্পের শয্যাতে বিষ্ণু করিলে শয়ন, দোষের না দেখে জ্ঞানী মেলিয়া নয়ন।
অগ্নি ভানু সর্বভোক্তা তথাপিত কেহ, দোষের দেখেনা কিছু আছে কি সন্দেহ ॥
„ ৪ ভাল মন্দ সর্ব বারি করিয়া বহন, প্রবাহিত গঙ্গা তা'তে পুণ্যের কি কম।
জানিও গোঁসাই তুমি কেহ সমর্থেরে, অগ্নি ভানু গঙ্গা যথা দোষ নাহি ধরে ॥
দো ৮১ জড়বুদ্ধি নর এতে যদি করে দ্বেষ, কল্প কল্প ধরি তার নরকে প্রবেশ।
জীব ধর্মা ক্ষুদ্র বুদ্ধি নশ্বর যে নর, সমতুল্য সেকি হয় সহিত ঈশ্বর ॥
চৌ ১ গঙ্গানদী বারিকৃত সুরা উপাদান, জানিয়াও সাধু নাহি করে সুরাপান।
সুরা ঢালিলেও গঙ্গা রহে ত পাবন, জীব ও ঈশ্বর মাঝে প্রভেদ এমন ॥
„ ২ শঙ্কর স্বয়ম্ভু আর সর্ব শক্তিমান, এ বিবাহ সর্ব দিকে হইবে কল্যাণ।
দুরারাধ্য মহেশ্বর কঠিন সাধনে, আশুতোষ হ'ন তিনি তপক্লিষ্ট জনে ॥
„ ৩ ভবিষ্যতে কন্যা তব যদি তপ করে, শঙ্কর পারেন এই দুঃখ মেটাবারে।
খুঁজিলে অনেক বর পাওয়া যায় ভবে, উমা লাগি শিব সম কেহ নাহি হবে ॥
„ ৪ শরণাগতের ত্রাণ অভিষ্ট প্রদাতা, ভক্ত মন রঞ্জক সে কৃপাসিন্ধু সদা।
শিব আরাধনা বিনা অভিষ্ট সে ফল, কোটি যাগযজ্ঞে তবু হইবে বিফল ॥
দো ৮২ ইহা কহি হরি স্মরি দেব মুনিবর, গিরিজারে আশীর্বাদ করেন তৎপর।
হইবে কল্যাণ তব কন্যার বিশেষ, গিরিরাজ ত্যজ তব সংশয়ের লেশ ॥
চৌ ১ এত কহি' ব্রহ্মলোকে নারদ প্রস্থানে, অতঃপর যাহা হ'ল শুনহ সজ্জনে।
মেনকা একান্তে পাই কহিল পতিরে, হে নাথ কিছু না বুঝি মুনি বচনেরে ॥

চৌ ২ জৌঁ ঘরু বরু কুলু হোই অনূপা, করিঅ বিবাহু সুতা অনুরূপা।
ন ত কন্যা বরু রহউ কুআরী, কন্ত উমা মম প্রান পিআরী ॥
” ৩ জৌঁ ন মিলিহি বরু গিরিজহি জোগূ, গিরি জড় সহজ কহিহি সবু লোগূ।
সোই বিচারি পতি করেহু বিবাহূ, জেহিঁ ন বহোরি হোই উর দাহূ ॥
” ৪ অস কহি পরী চরণ ধরি সীসা, বোলে সহিত সনেহ গিরীসা।
বরু পারক প্রগটৈ সসি মাহীঁ, নারদ বচনু অন্যথা নাহীঁ ॥

দো ০৮৩ প্রিয়া সোচু পরিহরহু সবু, সুমিরহু শ্রীভগবান।
পারবতিহি নিরময়উ জেহিঁ, সোই করিহি কল্যান ॥

চৌ ০১ অব জৌঁ তুম্হহিঁ সুতা পর নেহূ, তৌ অস জাই সিখাবনু দেহূ।
করৈ সো তবু জেহি মেলহিঁ মহেসূ, আন উপায়ঁ ন মিটিহি কলেসূ ॥
” ২ নারদ বচন সগর্ভ সহেতূ, সুন্দর সবগুন নিধি বৃষকেতূ।
অস বিচারি তুম্হ সজহু অসঙ্কা, সবহি ভাঁতি সঙ্করু অকলঙ্কা।
” ৩ সুনি পতি বচন হরষি মন মাহীঁ, গঈ তুরত উঠি গিরিজা পাহীঁ।
উমহি বিলোকি নয়ন ভরে বারী, সহিত সনেহ গোদ বৈঠারী ॥
” ৪ বারহিঁ বার লেতি উর লাই, গদ গদ কণ্ঠ ন কছু কহি জাঈ।
জগত মাতু সর্বগ্য ভৱানী, মাতু সুখদ বোলী মৃদু বানী ॥

দো ০৮৪ সুনহি মাতু মৈঁ দীখ অস, সপন সুনাৱউঁ তোহি।
সুন্দর গৌর সুবিপ্রবর, অস উপদেসেউ মোহি ॥

পার্বতীর তপস্যা

চৌ ০১ করহি জাই তপু সৈলকুমারি, নারদ কহা সো সত্য বিচারী।
মাতু পিতহি পুনি য়হ মত ভাৱা, তপু সুখপ্রদ দুখ দোষ নসাৱা ॥
” ২ তপবল রচই প্রপঞ্চু বিধাতা, তপবল বিষ্নু সকল জগত্রাতা।
তপবল সম্ভু করহি সংঘারা, তপবল সেষু ধরহি মহিভারা ॥
” ৩ তপ অধার সব সৃষ্টি ভৱানী, করহি জাই তবু অস জিয়ঁ জানী।
সুনত বচন বিসমিত মহতারী, সপন সুনায়উ গিরিহি হঁকারী ॥
” ৪ মাতু পিতহি বহুবিধি সমুঝাঈ, চলীঁ উমা তপ হিত হরষাঈ।
প্রিয় পরিবার পিতা অরু মাতা, ভএ বিকল মুখ আৱ ন বাতা ॥

দো ০৮৫ বেদসিরা মুনি আঈ তব, সচহি কহা সমুঝাই।
পারবতী মহিমা সুনত, রহে প্রবোধহি পাই ॥

চৌ ০১ উর ধরি উমা প্রানপতি চরনা, জাই বিপিন লাগীঁ তপ করনা।
অতি সুকুমার ন তনু তপ জোগূ, পতি পদ সুমিরি তজেউ সবু ভোগূ ॥

চৌ ২ ঘর বর কুল যদি অনুপম হয়, কন্যা অনুরূপ তবে হো'ক পরিণয়।
নহিলে আমার কন্যা রহিবে কুমারী, প্রাণসমা উমা মোর আমি মনে করি ॥
" ৩ নাহি যদি মেলে পতি যোগ্য গিরিজার, সর্বলোক ক'বে জড় স্বভাব তোমার।
ইহা বুঝি কর কন্যা বিবাহ প্রস্তাব, শেষে যেন নাহি হয় হৃদয়ে সন্তাপ ॥
" ৪ এত কহি রাখে শির পতির চরণে, গিরিরাজ ক'ন তারে সস্নেহ বচনে।
হতে পারে অগ্ন্যুৎপাত চন্দ্রমধ্যে মানি, অন্যথা হবেনা কভু নারদের বাণী ॥

দো ৮৩ হে প্রিয়ে আশঙ্কা তব করহ বর্জন, শ্রীভগবানেরে তুমি ডাক সর্বক্ষণ।
পার্বতীর সৃষ্টিকর্তা যেই ভগবান, অবশ্যই করিবেন তাহার কল্যাণ ॥
চৌ ১ দুহিতার প্রতি তব থাকে যদি স্নেহ, কাছে ডাকি' স্নেহভরে এই শিক্ষা দেহ।
কঠিন তপস্যা করি যেন শিব পায় মনক্লেশ মিটিবার না আর উপায় ॥
" ২ ঋষি বাক্য সারমর্ম গুহ্য অতিশয়, সকল সদ্‌গুণ শিব অধিকারী হয়।
ইহাই বিচারি' ত্যজ তব ভয় ডর, নিষ্কলঙ্ক রূপে শোভে শিব মহেশ্বর ॥
" ৩ পতির বচন শুনি সুপ্রসন্ন মনে, গিরিজার পাশে যান সত্বর গমনে।
উমারে দেখিয়া তার চক্ষে অশ্রু ভরে, উমারে বসান তার নিজ অঙ্ক' পরে ॥
" ৪ বার বার স্নেহে তাঁরে বক্ষে চাপি' ধরি, গদগদ কণ্ঠে কিছু কহিতে না পারি'।
জগন্মাতা পার্বতী যে সর্বজ্ঞ ভবানী, মাতার সান্ত্বনা লাগি' ক'ন মৃদু বাণী ॥

দো ৮৪ ওগো মা স্বপন এক করেছি দর্শন, কৃপা করি' শোন মাগো করাই শ্রবণ।
দিব্য কান্তি গৌরবর্ণ এক দ্বিজবর, স্বপ্নে আসি ক'ন মোরে তিনি অতঃপর ॥

পার্বতীর তপস্যা

চৌ ১ কর গিয়া তপশ্চর্য হে শৈলকুমারি, নারদ যা' বলেছেন তা' সত্য বিচারি।
তপে তব পিতামাতা পাবেন সন্তোষ, সুখপ্রদ হবে তপ নাশি দুঃখ দোষ ॥
" ২ তপোবলে ব্রহ্মা সৃজে প্রপঞ্চ সংসার, বিশ্বত্রাতা হ'ন বিষ্ণু তপোবলে তাঁর।
তপোবলে মহেশ্বর করেন সংহার, শেষ নাগ তপোবলে ধরে মহীভার ॥
" ৩ তপাধার সর্ব সৃষ্টি শুনহ ভবানী, কর গিয়া শ্রেষ্ঠ তপ হৃদে ইহা মানি।
শোনে মাতা রুদ্ধশ্বাসে বিস্মিত অন্তরে, গিরিরাজে ডাকে উচ্চে স্বপ্ন শোনাবারে ॥
" ৪ বুঝাইয়া মাতা পিতা বিবিধ প্রকারে, প্রীত মনে যায় উমা তপ করিবারে।
পরিবার প্রিয়জন আর পিতা মাতা, নিষ্পন্দ নিথর মূর্তি মুখে নাহি কথা ॥

দো ৮৫ দেবর্ষি নারদ আসি তথায় তখন, বিস্তারিত সব তত্ত্ব করেন বর্ণন।
পার্বতী মহিমা শুনি সর্বলোক তথা, প্রবোধ মানিয়া রহে সখী পিতা মাতা ॥
চৌ ১ প্রাণপতি পদ স্মরি' হৃদয়ে তখন, বন মাঝে উমা করে তপ আচরণ।
তপ যোগ্য নহে তনু অতি সুকুমার, ত্যজে ভোগ পতিপদ স্মরণে তাঁহার ॥

চৌ ২ নিতনব চরণ উপজ অনুরাগা, বিসরি দেহ তপহিঁ মনু লাগা।
সম্বত সহস মূল ফল খাএ, সাকু খাঈ সত বরষ গবাঁএ॥
„ ৩ কছু দিন ভোজনু বারি বতাসা, কিএ কঠিন কছু দিন উপবাসা।
বেল পাতী মহি পরই সুখাঈ, তীনি সহস সম্বত সোই খাঈ॥
„ ৪ পুনি পরিহরে সুখানেউ পরনা, উমহি নামু তব ভয়উ অপরনা
দেখি উমহি তপ খীন সরীরা, ব্রহ্মগিরা ভৈ গগন গভীরা॥

দো ০৮৬ ভয়উ মনোরথ সুফল তব, সুনু গিরিরাজকুমারি।
পরিহরু দুসহ কলেস সব, অব মিলিহহিঁ ত্রিপুরারি॥

চৌ ০১ অস তপু কাহুন কীহ্ন ভৱানী, ভএ অনেক ধীর মুনি গ্যানী।
অব উর ধরহু ব্রহ্ম বর বানী, সত্য সদা সন্তত সুচি জানী॥
„ ২ আৱৈ পিতা বোলাৱন জবহীঁ, হঠ পরিহরি ঘর জাএহু তবহীঁ।
মিলহিঁ তুহ্মহিঁ জব সপ্ত রিষীসা, জানেহু সব প্রমান বাগীসা॥
„ ৩ সুনত গিরা বিধি গগন বখানী, পুলক গাত গিরিজা হরষানী।
উমা চরিত সুন্দর মৈঁ গাৱা, সুনহু সম্ভু কর চরিত সুহাৱা॥
„ ৪ জব তেঁ সতী জাই তনু ত্যাগা, তব তেঁ সিৱ মন ভয়উ বিরাগা।
জপহিঁ সদা রঘু নায়ক নামা, জহঁ তহঁ সুনহিঁ রাম গুন গ্রামা॥

দো ০৮৭ চিদানন্দ সুখধাম সিৱ, বিগত মোহ মদ কাম।
বিচরহিঁ মহিঁ ধরে হৃদয়ঁ হরি, সকল লোক অভিরাম॥

চৌ ০১ কতহুঁ মুনিহ্ন উপদেশহিঁ গ্যানা, কতহুঁ রামগুন করহিঁ বখানা।
জদপি অকাম তদপি ভগৱানা, ভগত বিরহ দুখ দুখিত সুজানা॥
„ ২ এহি বিধি গয়উ কালু বহু বীতী, নিত নৈ হোই রামপদ প্রীতী।
নেমু প্রেমু সঙ্কর কর দেখা, অবিচল হৃদয়ঁ ভগতি কৈ রেখা॥
„ ৩ প্রগটে রামু কৃতগ্য কৃপালা, রূপ সীল নিধি তেজ বিসালা।
বহু প্রকার সঙ্কর হি সরাহা, তুহ্ম বিনু অস ব্রতু কো নিরবাহা॥
„ ৪ বহুবিধি রাম সিৱহি সমুঝাৱা, পারবতী কর জন্মু সুনাৱা।
অতি পুনীত গিরিজা কৈ করনী, বিস্তর সহিত কৃপানিধি বরনী॥

শ্রীরামচন্দ্রের অনুরোধ

দো ০৮৮ অব বিনতি মম সুনহু সিৱ, জৌঁ মো পর নিজ নেহু।
জাই বিবাহহু সৈলজহি, য়হ মোহি মাগেঁ দেহু॥

চৌ ০১ কহ সিৱ জদপি উচিত অস নাহীঁ, নাথ বচন পুনি মেটি ন জাহীঁ।
সির ধরি আয়সু করিঅ তুহ্মারা, পরম সাধু য়হ নাথ হমারা॥

চৌ ২ নিতি নব অনুরাগ জন্মিল চরণে, দেহ প্রতি দৃষ্টি নাই তপের কারণে।
সহস্র বৎসর খাদ্য বন মূল ফল, শত বর্ষ শুধু শাক আহার্য কেবল॥
„ ৩ কিছুকাল খাদ্য শুধু বারি ও বাতাস, কিছুকাল কাটে তাঁর করি উপবাস।
বিল্বপত্র শুষ্ক হ'য়ে পড়ে ভূমিতল, সহস্র বৎসর তিন আহার্য কেবল॥
„ ৪ শুষ্কপর্ণ তাও ত্যাগ করেন যখন, অপর্ণা হইল নাম উমার তখন।
তপক্লিষ্ট উমা দেহ দেখিয়া তখন, হইল আকাশবাণী ব্যাপিয়া গগন॥

দো ৮৬ গিরিরাজ কন্যা তুমি করহ শ্রবণ, মনস্কাম পূর্ণ তব হইবে এখন।
দুরূহ এ তপক্লেশ কর পরিহার, ত্রিপুরারি সনে হবে মিলন তোমার॥

চৌ ১ ভবানি জানিও তুমি এ কঠোর তপ, ধীর মুনি জ্ঞানী কারো হয়নি সম্ভব।
হৃদয়ে ধরিয়া রাখ এই দৈববাণী, সর্বদা পবিত্র অতি সত্য বলে জানি॥
„ ২ আসিবেন পিতা যবে করিতে গ্রহণ, তপ ত্যজি গৃহে তব করিবে গমন।
সপ্তঋষি সনে তব দেখা হবে যবে, দৈববাণী যাহা হ'ল প্রমাণিত হবে॥
„ ৩ আকাশেতে দৈববাণী শুনি পার্বতীর, প্রফুল্ল হইল মন পুলকে শরীর।
পার্বতীর সুচরিত্র করিলাম গান, শুন এবে শঙ্করের চরিত্র মহান॥
„ ৪ যবে হ'তে সতী তনু করেছেন ত্যাগ, তবে হ'তে শিব মনে হয়েছে বিরাগ।
সর্বদা জপেন তিনি রঘুনাথ নাম, সর্বত্র শোনেন তিনি রাম গুণ গান॥
দো ৮৭ সৎ' চিৎ আনন্দের যিনি সুখধাম, বিগত হয়েছে যাঁর মদ মোহ কাম।
সেই শিব ভ্রমিছেন হৃদে ধরি' নাম, সর্বলোক জানে যাহা অতি অভিরাম॥

চৌ ১ কত মুনি শোনে তাঁর জ্ঞান উপদেশ, রাম গুণ গান কত করেন নির্দেশ।
যদিও নিষ্কাম তিনি তবু ভগবান, ভক্তের বিরহ দুঃখে অতি মোহ্যমান॥
„ ২ এ প্রকারে বহুকাল হইলে বিগত, নিতি নব রাম প্রেম হৃদে উপগত।
নিষ্ঠা প্রেম দেখি শিব হৃদয়ে প্রবল, রামভক্তি শিব মনে দেখি অবিচল॥
„ ৩ কৃপাসিন্ধু ভক্তবন্ধু রূপশীল মান, দীপ্ত তেজ রাম যান শিব সন্নিধান।
মহেশ্বরে প্রবোধিয়া ক'ন বহুভাবে, তুমি ছাড়া হেন ব্রত কাহার সম্ভবে॥
„ ৪ বহুভাবে বোঝালেন শিবে রঘুরাম, পার্বতীর জন্মকথা শ্রবণ করান।
গিরিজার পুণ্যকর্ম কীর্তি কথা সব, বিস্তারিত কহিলেন কৃপালু রাঘব॥

শ্রীরামচন্দ্রের অনুরোধ

দো ৮৮ এখন মিনতি মম শুনহ মহেশ, মোর প্রতি স্নেহ তব থাকিলে বিশেষ।
পার্বতীরে পত্নীরূপে করহ গ্রহণ, তব কাছে মাগি শুধু এই ত্রিলোচন॥
চৌ ১ শিব কহে ইহা মোর উচিৎ ত নয়, পরন্তু প্রভুর বাক্য অমান্য কি হয়।
প্রভু আজ্ঞা শিরোধার্য তুষ্টি লাগি তাঁর, পরমার্থ ধর্ম ইহা মানি তা আমার॥

চৌ ২ মাতু পিতা গুরু প্রভু কৈঁ বানী, বিনহিঁ বিচার করিঅ সুভ জানী।
তুহ্ম সব ভাঁতি পরম হিতকারী, অগ্যা সির পর নাথ তুহ্মারী ॥
" ৩ প্রভু তোষেউ সুনি সঙ্কর বচনা, ভক্তি বিবেক ধর্ম জুত রচনা।
কহ প্রভু হর তুহ্মার পন রহেউ, অব ইর রাখেহু জো হম কহেউ ॥
" ৪ অন্তরধান ভএ অস ভাষী, সংকর সোই মূর্তি উর রাখী।
তবহিঁ সপ্তরিষি সিব পহিঁ আএ, বোলে প্রভু অতি বচন সুহাএ ॥
দো ০৮৯ পারবতী পহিঁ জাই তুহ্ম, প্রেম পরিচ্ছা লেহু।
গিরিহি প্রেরি পঠএহু ভবন, দূরি করেহু সন্দেহু ॥
চৌ ০১ রিষিহ্ন গৌরি দেখী তহঁ কৈসী, মূরতি মন্ত তপস্যা জৈসী।
বোলে মুনি সুনু সৈল কুমারী, করহু কবন কারন তপু ভারী ॥
" ২ কেহি অবরাধহু কা তুহ্ম চহহূ, হম সন সত্য মরমু কিন কহহূ।
কহত বচন মনু অতি সকুচাঈ, হঁসিহহু সুনি হমারি জড়তাঈ ॥
" ৩ মনু হঠ পরা ন সুনই সিখারা, চহত বারি পর ভীতি উঠারা।
নারদ কহা সত্য সোই জানা, বিনু পঙ্খহ্ন হম চহহিঁ উড়ানা,
" ৪ দেখহু মুনি অবিবেকু হমারা, চাহিঅ সদা সিবহি ভয়তারা ॥

পার্বতীকে সংকল্পচ্যুত করাতে মুনিদের ব্যর্থ চেষ্টা

দো ০৯০ সুনত বচন বিহসে রিষয়, গিরি সম্ভব তব দেহ।
নারদ কর উপদেসু সুনি, কহহু বসেউ কিসু গেহ ॥
চৌ ০১ দচ্ছ সুতহ্ন উপদেসেহ্নি জাঈ, তিহ্ন ফিরি ভবনু ন দেখা আঈ।
চিত্রকেতু কর ধরু উন ঘালা, কনককসিপু কর পুনি অস হালা ॥
" ২ নারদ সিখ জে সুনহি নরনারী, অবসি হোহিঁ তজি ভবনু ভিখারী।
মন কপটী তন সজ্জন চীহ্না, আপু সরিস সবহী চহ কীহ্না ॥
" ৩ তেহি কেঁ বচন মানি বিস্বাসা, তুহ্ম চাহহু পতি সহজ উদাসা।
নির্গুন নিলজ কুবেষ কপালী, অকুল অগেহ দিগম্বর ব্যালী ॥
" ৪ কহহু কবন সুখু অস বরু পাএঁ, ফল ভূলিহু ঠগ কে বৌরাএঁ।
পঞ্চ কহেঁ সিব সতী বিবাহী, পুনি অবডেরি মরা এহ্নি তাহী ॥
দো ০৯১ অব সুখ সোবত সোচু নহিঁ, ভীখ মাগি ভব খাহিঁ।
সহজ একাকিহ্ন কে ভবন, কবহু কি নারি খটাহিঁ ॥
চৌ ০১ অজহূঁ মানহু কহা হমারা, হম তুহ্ম কহু বরুনীক বিচারা।
অতি সুন্দর সুচি সুখদ সুসীলা, গাবহিঁ বেদ জাসু জস লীলা ॥
" ২ দূষন রহিত সকল গুন রাসী, শ্রীপতিপুর বৈকুণ্ঠ নিবাসী।
অস বরু তুহ্মহি মিলাউব আনী, সুনত বিহসি কহ বচন ভবানী ॥

চৌ ২ পিতা মাতা গুরু প্রভু সবাকার বাণী, নির্বিচারে সম্পাদন সুখপ্রদ জানি।
তুমি প্রভু সর্বময় হিতৈষী পরম, শিরোধার্য তব আজ্ঞা এ মোর ধরম ॥
„ ৩ শিব বাক্য শুনি প্রভু সন্তোষ হৃদয়, ভক্তি ধর্ম সুবিবেকে রচিত যা হয়।
প্রভু ক'ন ব্রত হর উদ্‌যাপিত কর, যা' কহিনু চিত্তে তব রাখ নিরন্তর ॥
„ ৪ ইহা কহি হইলেন রাম অন্তর্ধান, রামমূর্তি হৃদয়েতে শিব করে ধ্যান।
সপ্ত ঋষি আসিলেন শিব সন্নিধানে, শিব ক'ন তাহাদের মধুর বচনে ॥
দো ৮৯ পার্বতীর কাছে গিয়া করহ সন্ধান, পার্বতীর কি নিবিড় প্রেমপূর্ণ প্রাণ।
গিরিরাজে ডাকি' উমা পাঠাইও গৃহে, মুক্ত করি মন হ'তে সকল সন্দেহে ॥
চৌ ১ সপ্তর্ষি যাইয়া গৌরী দেখিল কেমন, মূর্তিমন্ত তপস্যার ধ্যানমগ্ন মন।
কহিলা ঋষিরা সবে হে শৈলকুমারি, কার তরে এ কঠিন তপস্যা তোমারি ॥
„ ২ কি তব প্রার্থনা কহ কারে আরাধনা, কি তব মরম ব্যথা কেন বলিবে না।
কহিল বচন উমা সঙ্কুচিত মন, হাসিবে অজ্ঞতা মোর করিলে শ্রবণ ॥
„ ৩ নাহি বিবেচনা মন কিছুতে মানেনা, বারি প'রে অট্টালিকা রচিতে কল্পনা।
নারদের বাক্য আমি সত্য বলে মানি', আকাশে উড়িব চেষ্টা পক্ষহীন প্রাণী ॥
„ ৪ দেখুন মহর্ষি কত অবিবেকী মন, শঙ্করে করিতে চাহি পতিত্বে বরণ ॥

পার্বতীকে সংকল্পচ্যুত করতে মুনিদের ব্যর্থ চেষ্টা

দো ৯০ শুনি উমা বাণী কহে হাসি ঋষিগণ, পর্বত সম্ভূতা তুমি তাই হেন মন।
নারদের উপদেশে কবে কোন জন, গৃহবাসী রহে তা' কি করেছ শ্রবণ ॥
চৌ ১ উপদেশ দিয়েছিল দক্ষপুত্রদের, ফিরে নাহি তারা গৃহে তাহাদের।
চিত্রকেতু ঘর ঋষি করে ছারখার, হিরণ্যকশিপু লভে মরণ তাহার ॥
„ ২ নারদের শিক্ষা যবে শোনে নরনারী, অবশ্য হইবে তারা পথের ভিখারী।
কুচক্রী নারদ শুধু ঋষি চিহ্ন ধরে, করিতে নিজের মত চাহে সে সবারে ॥
„ ৩ তাহারি বচন শুনি করিয়া বিশ্বাস, করিতে চাহিছ পতি স্বভাবে উদাস।
নির্গুণ নির্লজ্জ নগ্ন অগৃহী মহেশ, মুণ্ডমালা সর্পধারী অকুল কুবেশ ॥
„ ৪ এরূপ পতিরে লভি কি সুখ বা ইথে, তোমারে ভুলায়ে ঠগ চালায় বিপথে।
পাঁচে মিলি কহে কথা বিবাহি সতীরে, মৃত্যু মুখে ঠেলে শিব তারে ত্যাগ করে ॥
দো ৯১ সুখে নিদ্রা শোক নাই ভিক্ষা মাগি' খায়, স্বভাবত আত্মচিন্তা শুধু যার হয়।
সহজেতে একাকান্ন যে গৃহেতে হয়, শুনেছ কি সেই গৃহে নারী খাপ খায় ॥
চৌ ১ এখনো মোদের কথা শুনহ সুন্দরি, তোমা লাগি' শ্রেষ্ঠ বর রেখেছি বিচারি'।
অতীব সুন্দর শুচী সুখদ সুশীল, বেদে যার লীলা গান ব্যাপিয়া নিখিল ॥
„ ২ দোষশূন্য সর্বগুণ সমন্বিত যিনি, বৈকুণ্ঠ নিবাসী আর শ্রীর পতি তিনি।
মোরা এই বর তোমা মিলাইব আনি, ঈষৎ হাসিয়া ক'ন ঋষিরে ভবানী ॥

চৌ ৩ সত্য কহহু গিরিভব তনু এহা, হট ন ছূট ছূটৈ বরু দেহা।
কনকউ পুনি পষান তেঁ হোঈ, জারেহুঁ সহজু ন পরিহর সোঈ ॥
„ ৪ নারদ বচন ন মৈঁ পরিহরঊঁ, বসউ ভবনু উজরউ নহিঁ ডরউঁ।
গুরু কেঁ বচন প্রতীতি ন জেহী, সপনেহুঁ সুগম ন সুখ সিধি তেহী ॥
দো ০৯২ মহাদেব অৱগুন ভৱন, বিষ্‌নু সকল গুন ধাম।
জেহি কর মনু রম জাহি সন, তেহি তেহী সন কাম ॥
চৌ ০১ জৌঁ তুহ্ম মিলতেহু প্রথম মুনীসা, সুনতিউঁ সিখ তুহ্মার ধরি সীসা।
অব মৈঁ জন্মু সম্ভু হিত হারা, কো গুন দূষন করৈ বিচারা ॥
„ ২ জৌঁ তুহ্মরে হঠ হৃদয় বিসেষী, রহি ন জাইবিনু কিএ বরেষী।
তৌঁ কৌতুকিঅহু আলসু নাহীঁ, বর কন্যা অনেক জগ মাহীঁ ॥
„ ৩ জন্ম কোটি লগি রগর হমারী, বরউঁ সম্ভু ন ত রহউঁ কুআরী।
তজউঁ ন নারদ কর উপদেসূ, আপ কহহিঁ সতবার মহেসূ ॥
„ ৪ মৈঁ পা পরউঁ কহই জগদম্বা, তুহ্ম গৃহ গৱনহু ভয়উ বিলম্বা।
দেখি প্রেমু বোলে মুনি গ্যানী, জয় জয় জগদম্বিকে ভৱানী ॥
দো ০৯৩ তুহ্ম মায়া ভগৱান সিৱ, সকল জগত পিতু মাতু।
নাই চরন সির মুনি চলে, পুনি পুনি হৱ যত গাতু ॥
চৌ ০১ জাই মুনিহ্ন হিমবন্ত পঠাএ, করি বিনতী গিরিজহিঁ গৃহ ল্যাএ।
বহুরি সপ্তরিষি সিৱ পহিঁ জাঈ, কথা উমা কৈ সকল সুনাঈ ॥
„ ২ ভএ মগন সিৱ সুনত সনেহা, হরষি সপ্তরিষি গৱনে গেহা।
মনু থির করি তব সম্ভু সুজানা, লগে করন রঘুনায়ক ধ্যানা ॥
„ ৩ তারকু অসুর ভয়উ তেহি কালা, ভুজ প্রতাপ বল তেজ বিসালা।
তেহি সব লোক লোক পতি জীতে ভএ দেব সুখ সম্পতি রীতে ॥
„ ৪ অজর অমর সো জীতি ন জাঈ, হারে সুর করি বিবিধ লরাঈ।
তব বিরঞ্চি সন জাই পুকারে, দেখে বিধি সব দেৱ দুখারে ॥
দো ০৯৪ সব সন কহা বুঝাই বিধি, দনুজ নিধন তব হোই।
সম্ভু সুক্র সম্ভূত সুত, এহি জীতই রন সোই ॥
চৌ ০১ মোর কহা সুনি করহু উঠাঈ, হোইহি ঈশ্বর করিহি সহাঈ।
সতীঁ জো তজী দচ্ছ মখ দেহা, জনমী জাই হিমাচল গেহা ॥
„ ২ তেহিঁ তপু কীহ্ন সম্ভু পতি লাগী, সিৱ সমাধি বৈঠে সবু ত্যাগী।
জদপি অহই অসমঞ্জস ভারী, তদপি বাত এক সুনহু হমারী ॥
„ ৩ পঠৱহু কামু জাই শিব পাহীঁ, করৈ ছোভু সঙ্কর মন মাঁহী।
তব হম জাই সিৱহি সির নাঈ, করৱাউব বিবাহু বরিআঈ ॥

চৌ ৩ সত্য কহিয়াছ আমি জড় গিরিজাত, জড় বুদ্ধি নাহি যাবে দেহান্ত পর্যন্ত।
কনক পাষাণ হ'তে হ'য়ে আবিষ্কৃত, অগ্নি দগ্ধ হইয়াও রহে অবিকৃত ॥
„ ৪ পরিহার না করিব নারদ আদেশ, এ দেহ ভবন মোর রহুক বা শেষ।
গুরু উপদেশ বাণী না মানে যে জন, স্বপ্নেও সুখের পথে সিদ্ধ তিনি ন'ন ॥
দো ৯২ হ'তে পারে মহাদেব নির্গুণ ভবন, সকল গুণের রাশি হ'ন নারায়ণ।
যার প্রতি একবার মন সমর্পণ, তাহারি প্রার্থনা করে মন অনুক্ষণ ॥
চৌ ১ ঋষিগণ যদি দিতে প্রথমে দর্শন, শিরোধার্য করিতাম সবার বচন।
জীবন সঁপেছি মোর শম্ভুর চরণে, কি হইবে দোষগুণ বিচারে এক্ষণে ॥
„ ২ যদ্যপি হৃদয়ে তব একান্ত কামনা, উপযুক্ত পাত্রপাত্রী মিলান বাসনা।
উদ্যোগী পুরুষ কভু আলস্যে না রয়, পাত্রপাত্রী আছে বহু এ জগতময় ॥
„ ৩ এ তপস্যা র'বে মোর কোটি জন্ম ধরি', শিবেরে বরিব নহে রহিব কুমারী।
নারদের উপদেশ ত্যজিব না কভু, শতবার কহিলেও স্বয়ং স্বয়ম্ভু ॥
„ ৪ জগদম্বা জানি সবে পায়ে ধরি কহে, বিলম্ব না করি মাত ফিরে যাও গৃহে।
এ নিবিড় প্রেম দেখি কহে মুনি জ্ঞানী, জয় জয় জগদম্বা জয় মা ভবানী ॥
দো ৯৩ তুমি মাতঃ মহামায়া শিব ভগবান, জগতের মাতা আর পিতার সমান।
চরণে নুয়ায়ি শির মুনি বৃন্দ চলে, পুনঃ পুনঃ রোমাঞ্চিত তাহারা সকলে ॥
চৌ ১ মুনিগণ গিরিরাজে ডাকিয়া আনিল, সবিনয় গিরিজারে গৃহেতে স্থাপিল।
তৎপরে সপ্তর্ষি গিয়া শিব সন্নিধানে, উমার সকল কথা বিস্তৃত বাখানে ॥
„ ২ উমা প্রেমনিষ্ঠা শুনি প্রীতিমগ্ন হর, সপ্তর্ষি গমন করে স্বধামে তৎপর।
মনস্থির করিলেন তখন শঙ্কর, আরম্ভিলা ধ্যান মনে রাম রঘুবর ॥
„ ৩ তারক অসুর হ'ল প্রচণ্ড সে কালে, প্রবল প্রতাপ তার নিজ ভুজবলে।
সর্বলোক লোকপতি জয় করে সবে, দেবগণ নিঃস্ব হল সুখ ও বিভবে ॥
„ ৪ অজর অমর সেই দানব অজিত, সর্বযুদ্ধে দেবগণ হ'ল পরাজিত।
নিবেদিল ব্রহ্মা কাছে দেবেরা দুর্দশা, ব্রহ্মা দেখিলেন সবে দুঃখ মগ্ন দশা ॥
দো ৯৪ ব্রহ্মা কহিলেন সবে তারক অসুরে, একমাত্র সেই পারে ধ্বংস করিবারে।
শিবের ঔরসজাত পুত্র হলে পরে, দেবতারা সেনাপতি করে যদি তারে ॥
চৌ ১ শুনহ আমার কথা করহ উপায়, ঈশ্বর সহায় হলে কার্যসিদ্ধি হয়।
দক্ষ যজ্ঞে তনুত্যাগ করেছেন সতী, গিরিগৃহে জন্ম ল'য়ে হলেন পার্বতী ॥
„ ২ করেছেন তপ শিবে পতিরূপে পেতে, কিন্তু সর্বত্যাগী শিব মগ্ন সমাধিতে।
যদিও সঙ্গত নহে এই আচরণ, তথাপি আমার বাক্য করহ শ্রবণ ॥
„ ৩ কামদেবে পাঠাইবে শিব সন্নিধানে, করুক উৎপন্ন ক্ষোভ মহেশ্বর মনে।
সমাধি ভঙ্গের পর শিব পদে নমি', সম্মত করাব আমি বিবাহে তখনি ॥

চৌ ৪ এহি বিধি ভলেহিঁ দের হিত হোঈ, মত অতি নীক কহই সবু কোঈ।
অস্তুতি সুরহ্ন কীহ্নি অতি হেতূ, প্রগটউ বিষমবান ঝষকেতূ ॥

দো ০৯৫ সুরহ্ন কহীঁ নিজ বিপতি সব, সুনি মন কীহ্নে বিচার।
সম্ভু বিরোধ কুসল মোহি, বিহসি কহেউ অস মার ॥

চৌ ০১ তদপি করব মৈঁ কাজু তুহ্মারা, শ্রুতি কহ পরম ধরম উপকারা।
পরহিত লাগি তজই জো দেহী, সন্তত সন্ত প্রসংসহিঁ তেহী ॥
„ ২ অস কহি চলেউ সবহিঁ সির নাঈ, সুমন ধনুষ কর সহিত সহাঈ।
চলত মার অস হৃদয়ঁ বিচারা, সির বিরোধ ধ্রুব মরন হমারা ॥
„ ৩ তব আপন প্রভাউ বিস্তারা, নিজ বস কীহ্ন সকল সংহারা।
কোপেউ জবহিঁ বারিচর কেতূ, ছন মহুঁ মিটে সকল শ্রুতি সেতূ ॥
„ ৪ ব্রহ্মচর্য ব্রত সংজম নানা, ধীরজ ধরম গ্যান বিগ্যানা।
সদাচার জপ জোগ বিরাগা, সভয় বিবেক কটকু সবু ভাগা ॥

ছন্দ ০৩ ভা গেউ বিবেকু সহায় সহিত সো সুভট সংজুগ মহি মুরে।
সদগ্রন্থ পর্বত কন্দরহ্নি মহুঁ জাঈ তেহি অবসর দুরে ॥
হোনিহার কা করতার কো রখরার জগ খরভরুপরা।
দুই মাথ কেহি রতিনাথ জেহি কহুঁ কোপি কর ধনু সরু ধরা ॥

দো ০৯৬ জে সজীব জগ অচর চর, নারি পুরুষ অস নাম।
তে নিজ নিজ মরজাদ তজি, ভএ সকল বস কাম ॥

চৌ ০১ সব কে হৃদয় মদন অভিলাষা, লতা নিহারি নবহিঁ তরু সাখা।
নদী উমগি অম্বুধি কহুঁ ধাঈ, সঙ্গম করহিঁ তলাব তলাঈ ॥
„ ২ জহঁ অসি দসা জড়হ্ন কৈ বরনী, কো কহি সকঈ সচেতন করনী।
পসু পচ্ছী নভ জল থলচারী, ভএ কামবস সময় বিসারী ॥
„ ৩ মদন অন্ধ ব্যাকুল সব লোকা, নিসি দিনু নহিঁ অবলোকহিঁ কোকা।
দেব দনুজ নর কিন্নর ব্যালা, প্রেত পিসাচ ভূত বেতালা ॥
„ ৪ ইহ্ন কৈ দশা ন কহেউঁ বখানী, সদা কাম কে চেরে জানী।
সিদ্ধ বিরক্ত মহামুনি যোগী, তে পি কামবস ভএ বিয়োগী ॥

ছন্দ ০৪ ভএ কামবস জোগীস তাপস পাবঁরহ্নি কী কো কহৈ।
দেখহিঁ চরাচর নারিময় জে ব্রহ্মময় দেখত রহে ॥
অবলা বিলোকহি পুরুষময় জগু পুরুষ তব অবলাময়ঁ।
দুই দণ্ড ভরি ব্রহ্মাণ্ড ভীতর কামকৃত কৌতুক অয়ঁ ॥

চৌ ৪ মঙ্গল হইবে সর্ব দেবের এ ভাবে, কহিল উত্তম সবে ব্রহ্মার প্রস্তাবে।
প্রেমে স্তুতি সর্বদেব করে কামদেবে, পঞ্চশর অভিভূত হইলেন তবে ॥

দো ৯৫ সুরেরা বিপত্তি সব কহে কাম সনে, শুনিয়া সমস্ত কথা বিচারিয়া মনে।
হাসিয়া মন্মথ কহে শিব সাথে রণ, কপালে নিশ্চয় আছে দুর্ভাগ্য লেখন ॥

চৌ ১ তথাপি আদেশ যবে কর্তব্য আমার, শ্রুতিবাক্যে শ্রেষ্ঠ ধর্ম পর উপকার।
পরহিতে যদি কেহ ত্যজে নিজ দেহ, সাধু সন্ত গা'বে কীর্তি নাহিক সন্দেহ ॥
" ২ নমস্কার করি সবে পুষ্পধনু হাতে, চলিলেন কামদেব বসন্তের সাথে।
চলিতে মন্মথ মনে ভাবনা উদয়, শম্ভুর বিরুদ্ধে গেলে মরণ নিশ্চয় ॥
" ৩ আপন প্রভাব তবে করিয়া বিস্তার, নিজের বশেতে আনি সকল সংসার।
মৎস্যকেতু মন্মথের যবে কোপ হয়, শ্রুতি স্মৃতি সদাচার রসাতলে যায় ॥
" ৪ ব্রহ্মচর্য ব্রত আর বিবিধ সংযম, জ্ঞান ও বিজ্ঞান আর ধৈর্য শম দম।
সদাচার জপ যজ্ঞ বৈরাগ্য যজন, সভয়ে বিবেক সৈন্য করে পলায়ন ॥

ছ ৩ কামদেব সেনা যবে করে বিচরণ, বিবেক সহায় বুদ্ধি হয় অদর্শন।
পর্বত গুহার মাঝে সদ্‌গ্রন্থ পশিয়া, আবদ্ধ রহিল সেথা ধর্মজ্ঞান নিয়া ॥
কোলাহল পূর্ণ হ'ল সকল সংসার, হে বিধাত কি হইবে নিয়তি সবার।
কে করিবে রক্ষা সবে হ'তে কামজ্বর, কার লাগি রতিদেব এত ভয়ঙ্কর ॥
দ্বিমুণ্ড কাহার লাগি রতিনাথ মার, ধনুর্বান ল'য়ে করে এ হেন বিস্তার ॥

দো ৯৬ যা কিছু সজীব ছিল জগত মাঝারে, অচল সচল নর নারী নাম ধরে।
মর্যাদা ত্যজিয়া নিজ সকলে তখন, কামবশে জর্জরিত হ'ল বিলক্ষণ ॥

চৌ ১ সকল হৃদয়ে জাগে মদন বিলাস, তরুশাখা আলিঙ্গনে ধরে লতা পাশ।
প্লাবিত তটিনী ধায় অর্নবের পাশে, জলা খাল সরোবরে মিলন প্রয়াসে ॥
" ২ অচেতন মধ্যে যদি এই দশা রয়, কে কহিতে পারে কিবা সচেতনে হয়।
পশু পক্ষী জল স্থল আকাশ বিহারী, কামবশ হয়ে পড়ে সময় বিসরি' ॥
" ৩ সর্বলোক কামে অন্ধ আকুলি বিকুলি, চক্রবাক কামে মত্ত দিবানিশি ভুলি।
দেব দৈত্য নাগ নর কিন্নর বেতাল, পিশাচ ও ভূত প্রেত কামেতে মাতাল ॥
" ৪ জানি এরা কামদাস সদই বাসনা, ইহাদের দশা আর না করি' বর্ণনা।
সিদ্ধ মহাযোগী যারা পরম বৈরাগী, তাহারাও কামবশে হ'ন যোগ ত্যাগী ॥

ছ ৪ যোগীশ্বর তাপসেরা কামবশ যবে, পামর জনের কথা কি কহিব তবে।
চরাচর নারীময় দেখিলেন তারা, দেখিতেন ব্রহ্ম ব্যাপ্ত জগত যাহারা।
নারী দেখে নরময় জগত অপার, নর দেখে নারীময় এ বিশ্ব সংসার।
দুই দণ্ড কাল ব্যাপি' চলে অবিরল, কামের কৌতুক লীলা ধরি' ভূমণ্ডল।

সো ০১৪ ধরী ন কাহূঁ ধীর, সবকে মন মনসিজ হরে।
জে রাখে রঘুবীর, তে উবরে তেহি কাল মহুঁ ॥

চৌ ০১ উভয় ঘরী অস কৌতুক ভয়উ, জৌঁ লগি কামু সম্ভু পহিঁগয়উ।
সিৱহি বিলোকি সসংকেউ মারূ, গয়উ যথাতিথি সবু সংসারূ ॥

„ ২ ভএ তুরত সব জীব সুখারে জিমি মদ উতরি গএ মতৱারে।
রুদ্রহি দেখি মদন ভয় মানা, তুরাধরষ তুর্গম ভগৱানা ॥

„ ৩ ফিরত লাজ কছু করি নহিঁ জাঈ, মরনু ঠানি মন রচেসি উপাঈ।
প্রগটেসি তুরত রুচির রিতুরাজা, কুসুমিত নব তরু রাজি বিরাজা ॥

„ ৪ বন উপবন বাপিকা তড়াগা, পরম সুভগ সব দিসা বিভাগা।
জঁহ তহঁ জনু উপগত অনুরাগা, দেখি মুএহুঁ মন মনসিজ জাগা ॥

ছন্দ ০৫ জাগই মনোভব মুএহুঁ মন বন সুভগতা ন পরৈ কহী।
সীতল সুগন্ধ সুমন্দ মারুত মদন অনল সখা সহী।
বিকসে সরন্হি বহু কঞ্জ গুঞ্জত পুঞ্জ মঞ্জুল মধুকরা।
কলহংস পিক সুক সরস রব করি গান নাচহিঁ অপছরা ॥

দো ০৯৭ সকল কলা করি কোটি বিধি, হারেউ সেন সমেত।
চলী ন অচল সমাধি সিৱ, কোপেউ হৃদয় নিকেত ॥

চৌ ০১ দেখি রসাল বিটপ বর সাখা, তেহি পর চঢ়েউ মদনু মন মাখা।
সুমন চাপ নিজ সর সন্ধানে, অতি রিস তাকি শ্রবন লগি তানে ॥

মদনভস্ম

„ ২ ছাড়ে বিষম বিসিখ উর লাগে, ছূটি সমাধি সম্ভু তব জাগে।
ভয়উ ঈস মন ছোভু বিসেষী, নয়ন উঘারি সকল দিসি দেখি ॥

„ ৩ সৌরভ পল্লব মদনু বিলোকা, ভয়উ কোপু কম্পেউ ত্রৈলোকা।
তব সিৱ তীসর নয়ন উঘারা, চিতৱত কামু ভয়উ জরি ছারা ॥

„ ৪ হাহাকার ভয়উ জগ ভারী, ডরপে সুর ভএ অসুর সুখারী।
সমুঝি কাম সুখু সোচহিঁ ভোগী, ভএ অকণ্টক সাধক জোগী ॥

ছন্দ ০৬ জোগী অকণ্টক ভএ পতি গতি সুনত রতি মুরুছিত ভই।
রোদতি বদতি বহু ভাঁতি করুনা করতি সংকর পহিঁ গঈ ॥
অতিপ্রেম করি বিনতী বিবিধ বিধি জোরি কর সন্মুখ রহী।
প্রভু আসুতোষ কৃপাল সিৱ অবলা নিরখি বোলে সহী ॥

রতিকে শিবের বরদান

দো ০৯৮ অব তে রতি তব নাম কর, হোইহি নামু অনঙ্গু।
বিনু বপু ব্যাপিহি সবহি পুনি, সুনু নিজ মিলন প্রসঙ্গু ॥

সো ১৪ কাহারে হৃদয়ে ধৈর্য না হয় ধারণ, সর্বমন মনসিজ করিল হরণ।
রঘুপতি কৃপা ছিল যাদের উপরে, তাহারা রহেন শুধু জয়ি কামজ্বরে ॥
চৌ ১ দুই দণ্ড কাল ব্যাপি' চলে কামলীলা, যতক্ষণে কামদেব শিবে পঁহুছিলা।
শঙ্করে দেখিয়া কাম ভীত ত্রস্ত অতি, স্বাভাবিক হ'ল তবে সংসারের গতি ॥
,, ২ মত্তজনে মত্ততার শেষ হল যবে সংসারে সকল জীব সুখী হল তবে।
রুদ্রেরে দেখিয়া কাম ভীত কম্পবান, দুর্গম দুর্দ্ধর্ষ যিনি রুদ্র ভগবান ॥
,, ৩ ফিরিতে লজ্জিত মন কহিতে না পারে, মরণ নিশ্চয় জানি উপায় বিচারে।
প্রকট করিল তবে ঋতুরাজ শোভা, কুসুমিত নব তরু অতি মনোলোভা ॥
,, ৪ বাপী সরোবর আর বন উপবন, সুশোভিত সর্বদিক হ'ল সেইক্ষণ।
প্রেমে উল্লসিত যেন সর্ব দিকময়, মৃতমনে মনসিজ হইল উদয় ॥
ছ ৫ বনের সৌন্দর্য শোভা বর্ণনা অতীত, যাহা দেখি মৃত মনে কাম জাগরিত।
কামাগ্নির চির সখা সুগন্ধ পবন, মৃদু মন্দ প্রবাহিত ধীর সমীরণ।
সরোবরে বিকশিত কমলের দল, মধুপ গুঞ্জন করে ঘিরি' শতদল।
রাজহংস পিক শুক আনন্দে নির্ভর, অপ্সরা গাহিছে গান তথা নিরন্তর ॥
দো ৯৭ সকল কৌশল কলা কোটিরূপ করি, তথাপি মদন গেল সৈন্য সহ হারি'।
শিবের সমাধি রহে অটুট অচল, পরাজয়ে রতিপতি ক্রোধেতে চঞ্চল ॥
চৌ ১ আম্র বৃক্ষ শাখা এক দেখিয়া মোহন, ক্রোধ ভরে কাম তথা করে আরোহণ।
পুষ্পধনু ল'য়ে হস্তে পঞ্চবাণ নিয়া, আকর্ণ টানিলা গুণ ক্রোধে কম্প হিয়া ॥

মদনভস্ম

,, ২ বিষম সুতীক্ষ্ণ বাণ শিব বক্ষে বাজি, সমাধি করিল ভঙ্গ যোগ নিদ্রা ত্যজি।
নয়ন মেলিয়া শিব দেখে চারিপাশে, কি হেতু বিশেষ ক্ষোভ হৃদয় আবেশে ॥
,, ৩ মদনে হেরিয়া আম্র সুরভি পল্লবে, শঙ্কর কুপিত হ'ল ত্রিভুবন কাঁপে।
তৃতীয় নয়ন তবে করি' উন্মীলিত, চাহিতে মদন পানে হ'ল ভস্মীভূত ॥
,, ৪ হাহাকার বিশ্ব মাঝে হইল নিঃস্বন, অসুর হইল সুখী ভীত দেবগণ।
কাম সুখ স্মরণেতে চিন্তা মগ্ন ভোগী, নিষ্কণ্টক হ'ল যত মুনি ঋষি যোগী ॥
ছ ৬ যোগী নিষ্কণ্টক বটে পতিবার্তা জেনে, মূর্চ্ছিত হইল রতি সংজ্ঞা আগমনে।
করুণ বিলাপ করি চলে শিব পাশে, কৃতাঞ্জলি পুটে রতি রোদন আবেশে।
ভক্তিভরে রহে স্থিত অবলা বিহিতে, শঙ্কর সান্ত্বনা দেন কৃপার সহিতে ॥

রতিকে শিবের বরদান

দো ৯৮ কহিলেন শুন রতি অদ্য হ'তে তবে, 'অনঙ্গ' নামেতে কাম সুবিখ্যাত হবে।
বিনা দেহে সর্বদেহ আচ্ছন্ন করিবে, তোমার মিলন বার্তা কহি শুন এবে ॥

চৌ ১ জব জদুবংশ কৃষ্‌ন অরতারা, হোইহি হর মহা মহিভারা।
কৃষ্‌ন তনয় হোইহি পতি তোরা, বচন অন্যথা হোই ন মোরা ॥
„ ২ রতি গরনী সুনি সঙ্কর বানী, কথা অপর অব কহউঁ বখানি।
দেরহু সমাচার সব পাএ, ব্রহ্মাদিক বৈকুণ্ঠ সিধাএ ॥
„ ৩ সব সুর বিষ্‌নু বিরঞ্চি সমেতা, গএ জহঁা সির কৃপানিকেতা।
পৃথক পৃথক তিন্হ কীন্হি প্রসংসা, ভএ প্রসন্ন চন্দ্র অরতংসা ॥
„ ৪ বোলে কৃপা সিন্ধু বৃষকেতূ, কহহু অমর আএ কেহিঁ হেতূ।
কহ বিধি তুম্হ প্রভু অন্তরজামী, তদপি ভগতি বস বিনউঁ স্বামী ॥

দো ০৯৯ সকল সুরহু মে হৃদয়ঁ অস, সংকর পরম উছাহু।
নিজ নয়নন্হি দেখা চহহিঁ, নাথ তুমহার বিবাহু ॥

চৌ ০১ য়হ উৎসর দেখিঅ ভরি লোচন, সোই কছু করহু মদন মদ মোচন।
কামু জারি রতি কহুঁ বরু দীন্হা, কৃপাসিন্ধু য়হ অতি ভল কীন্হা ॥
„ ২ সাসতি করি পুনি করহিঁ পসাউ, নাথ প্রভুন্হ কর সহজ সুভাউ।
পারবতী তপু কীন্হ অপারা, করহু তাসু অব অঙ্গীকারা ॥
চৌ ৩ সুনি বিধি বিনয় সমুঝি প্রভুবানী, ঐসেই হোউ কহা সুখু মানী।
তব দেরহ্ন দুন্দুভী বজাউ, বরষি সুমন জয় জয় সুর সাঈ ॥

পার্বতীকে সপ্তর্ষির পরীক্ষা

„ ৪ অরসরু জানি সপ্তরিষি আএ, তুরতহিঁ বিধি গিরিভরন পঠাএ।
প্রথম গএ জহঁ রহী ভবানী, বোলে মধুর বচন ছল মানী ॥
দো ০১০০ কহা হমার ন সুনেহু তব, নারদ কে উপদেস।
অব ভা ঝূঠ তুম্হার পন, জারেউ কামু মহেস ॥
চৌ ০১ সুনি বোলী মুসুকাই ভরানী, উচিত কহেউ মুনিবর বিগ্যানি।
তুম্হরেঁ জান কামু অব জারা, অব লগি সম্ভু রহে সবিকারা ॥
„ ২ হমরেঁ জান সদা সির জোগী, অজ অনবদ্য অকাম অভোগী।
জৌঁ মৈঁ সির সেয়ে অস জানী, প্রীতি সমেত কর্ম মন বাণী ॥
„ ৩ তৌ হমার পন সুনহু মুনীসা, করিহহিঁ সত্য কৃপানিধি ঈসা।
তুম্হ জো কহা হর জারেউ মারা, সোই অতি বড় অবিবেকু তুম্হারা ॥
„ ৪ তাত অনলু কর সহজ সুভাউ, হিম তেহি নিকট জাই নহি কাউ।
গএঁ সমীপ সো অরসি নসাঈ, অসি মন্মথ মহেস কী নাঈ ॥

দো ০১০১ হিঅঁ হরষে মুনি বচন সুনি, দেখি প্রীতি বিশ্বাস।
চলে ভরানিহ্ন নাই সির, গএ হিমালয় পাস ॥

চৌ ১ যত্নবংশে অবতীর্ণ শ্রীকৃষ্ণ যখন, পৃথিবীর মহাভার করিতে হরণ।
শ্রীকৃষ্ণ তনয়রূপে লইবে জনম, পতি তব বাক্য মোর না হবে স্খলন ॥
„ ২ শিবের আশ্বাসে রতি করিল গমন, অন্য বার্তা কহি এবে করহ শ্রবণ।
দেবগণ ব্রহ্মা সহ এই বার্তা জানে, বৈকুণ্ঠে গমন করে বিষ্ণু সন্নিধানে ॥
„ ৩ ব্রহ্মা বিষ্ণু দেবগণ মিলি এক সাথে, কৃপানিধি শিব পাশে যায় তথা হ'তে।
পৃথক পৃথক ভাবে শিবস্তুতি করে, প্রসন্ন করিল সবে শশাঙ্ক শেখরে ॥
„ ৪ কৃপাসিন্ধু বৃষকেতু জিজ্ঞাসেন তবে, কি হেতু অমরবৃন্দ আগমন সবে।
বিধাতা কহেন তাঁরে প্রভু অন্তর্যামী, নিবেদন করি তবু ভক্তিভরে স্বামি ॥

দো ৯৯ সর্ব দেবতার প্রভু হৃদয়ে উৎসাহ, নিজ চক্ষে দেখিবারে শঙ্কর বিবাহ ॥

চৌ ১ মন্মথের দর্পহারী করহ উপায়, সবে যাতে এ উৎসব দেখিবারে পায়।
কাম ভস্ম করি' দে'ছ রতিরে যে বর, কহি মোরা সর্বোৎকৃষ্ট কৃপাসিন্ধু হর ॥
„ ২ শাসন করিয়া পুনঃ কৃপা প্রদর্শন, শ্রেষ্ঠ পতি স্বভাবের হয় নিদর্শন।
অপার তপস্যা ক্লেশ সহেন পার্বতী, গ্রহণ করুন তারে এবে বিশ্বপতি ॥
„ ৩ ব্রহ্মার বিনয় শুনি প্রভু বাক্য স্মরি', তথাস্তু প্রসন্ন হ'য়ে ক'ন ত্রিপুরারি।
শুনিয়া দুন্দুভি সনে কহে সুরগণ, জয় জয় সুরস্বামী পুষ্প বরিষণ ॥

পার্বতীকে সপ্তর্ষির পরীক্ষা

„ ৪ অবসর বুঝি তবে সপ্তর্ষি আসিলা, গিরিগৃহে যেতে তবে ব্রহ্মা আদেশিলা।
প্রথমে গেলেন তাঁরা যেথায় ভবানী, ছল ভরে কহে তাঁরে সুমধুর বাণী ॥
দো ১০০ নারদের উপদেশে আমাদের কথা, কিছুতেই শুনিলেনা ভবানি তুমি তা'।
এখন তোমার পণ মিথ্যা হইয়াছে, মদনেরে মহাদেব ভস্ম করিয়াছে ॥
চৌ ১ শুনি ইহা মৃদু হাসে কহেন ভবানী, কহেছো উচিত কথা হে মুনি বিজ্ঞানী।
তব বুদ্ধি মতে শিব কাম ভস্মকারী, এতকাল যেন শিব ছিল সবিকারী ॥
„ ২ মোর কাছে শিব সদা পরিপূর্ণ যোগী, অনবদ্য অজ নিত্য অকাম অভোগী।
যদি আমি মহেশ্বরে এইরূপ দেখি, তাঁর পদে কায়মনোবাক্যে প্রেম রাখি ॥
„ ৩ হে মুনীশ জেনো তবে প্রতিজ্ঞা আমার, রক্ষা করিবেন শিব করুণা আগার।
শঙ্কর করেছে ভস্ম মদনে এ কথা, কহিয়া করিছ ব্যক্ত তোমার অজ্ঞতা ॥
চৌ ৪ হে তাত অগ্নির ইহা সহজ স্বভাব, হিম কভু নাহি সহে তাহার প্রভাব।
নিকটে যাইলে হিম নষ্ট হয় নিজে, মহেশ্বর অগ্নি তাপে হিম কাম মজে ॥

দো ১০১ প্রেমনিষ্ঠা দেখি আর উমা বাক্য শুনি, সর্বান্তঃকরণে প্রীত হ'ন সপ্ত মুনি।
উমাপদে শির নত করি ঋষিগণ, গিরিরাজ সন্নিধানে করিলা গমন ॥

চৌ ১ সবু প্রসঙ্গ গিরিপতিহিঁ সুনারা, মদন দহন সুনি অতি দুখু পারা।
বহুরি কহেউ রতি কর বরদানা, সুনি হিমবন্ত বহুত সুখু মানা॥
„ ২ হৃদয় বিচারি সম্ভু প্রভুতাঈ, সাদর মুনিবরু লিএ বোলাঈ।
সুদিন সুনখতু সুঘরী সোচাঈ, বেগি বেদিবিধি লগন ধরাঈ॥
„ ৩ পত্রী সপ্তরিষিহ্ন সোই দীহ্নী, গহি পদ বিনয় হিমাচল কীহ্নী।
জাই বিধিহি তিহ্ন দীহ্নি সোপাতী, বাচত প্রীতি ন হৃদয় সমাতী॥
„ ৪ লগন বাচি অজ সবহি সুনাঈ, হরষে মুনি সব সুর সমুদাঈ।
সুমন বৃষ্টি নভ বাজন বাজে, মঙ্গল কলস দসহুঁ দিসি সাজে॥

শিবের বিবাহ শোভাযাত্রা

দো ০১০২ লগে সঁবারন সকল সুর, বাহন বিবিধ বিমান।
হোহিঁ সগন মঙ্গল সুভদ, করহি অপছরা গান॥
চৌ ০১ সিবহি সম্ভুগন করহিঁ সিঁগারা, জটা মুকুট অহি মৌরু সঁবারা।
কুণ্ডল কঙ্কন পহিরে ব্যালা, তন বিভূতি পট কেহরি ছালা॥
„ ২ সসি ললাট সুন্দর সির গঙ্গা, নয়ন তীনি উপবীত ভুজঙ্গা।
গরল কণ্ঠ উর নর সির মালা, অসিব বেষ সিবধাম কৃপালা॥
„ ৩ কর ত্রিসূল অরু ডমরু বিরাজা, চলে বসহ চঢ়ি বাজহিঁ বাজা।
দেখি সিবহি সুরত্রিয় মুসকাহীঁ, বর লায়ক দুলহিনি জগ নাহীঁ॥
„ ৪ বিষ্নু বিরঞ্চি আদি সুরব্রাতা, চঢ়ি চঢ়ি বাহন চলে বরাতা।
সুরসমাজ সব ভাঁতি অনূপা, নহিঁ বরাত দূলহ অনুরূপা॥
দো ০১০৩ বিষ্নু কহা অস বিহসি তব, বোলি সকল দিসিরাজ।
বিলগ বিলগ হোই চলহু সব, নিজ সহিত সমাজ॥
চৌ ১ বর অনুহারি বরাত ন ভাঈ, হঁসী করৈহহু পরপুর জাঈ।
বিষ্নু বচন সুনি সুর মুসুকানে, নিজ নিজ সেন সহিত বিলগানে॥
„ ২ মনহীঁ মন মহেসু মুসুকাহীঁ, হরি কে বিঁগ্য বচন নহিঁ জাহীঁ।
অতি প্রিয় বচন শুনত প্রিয় কেরে, ভৃংগিহি প্রেরি সকল গন টেরে॥
„ ৩ সিব অনুসাসন সুনি সব আএ, প্রভুপদ জলজ সীস তিহ্ন নাএ।
নানা বাহন নানা বেষা, বিহসে সিব সমাজ নিজ দেখা॥
„ ৪ কোউ মুখহীন বিপুল মুখ কাহূ, বিনু পদ কর কোউ বহু পদ বাহূ।
বিপুল নয়ন কোউ নয়ন বিহীনা, রিষ্টপুষ্ট কোউ অতি তন খীনা॥
ছন্দ ০৭ তন খীনা কোউ অতি পীত পাবন কোউ অপাবন গতি ধরেঁ।
ভূষন করাল কপাল কর সব সদ্য সোনিত তন ভরে॥
খর স্বান সুঅর সৃগাল মুখ গন বেষ অগনিত কো গনৈ।
বহু জিনস প্রেত পিসাচ জোগি জমাত বরনত নহিঁ বনৈ॥

চৌ ১ শুনালেন গিরিরাজে সব বিবরণ, মদন ভস্মের শোকে অভিভূত মন।
তৎপরে শুনান মুনি রতি বরদান, শুনি হিমালয় মনে অতি সুখ পান ॥
,, ২ শঙ্কর মহিমা গিরি বিচারিয়া মনে, ঋষিগণে সমাদরে ডাকি আমন্ত্রণে।
শুভদিনে সুলগনে সময় বিচারি, বেদবিধি লগ্ন স্থির করে ত্বরা করি ॥
,, ৩ বিনয়ে আনত হ'য়ে ঋষি পদোপরি, লগ্নপত্র ঋষি হস্তে সমর্পিলা গিরি।
সপ্তর্ষি পত্রিকা নিয়া ব্রহ্মারে দেখান, ব্রহ্মার হৃদয়ে প্রীতি না যায় বাখান ॥
,, ৪ লগ্ন পত্র পাঠ করি সবারে শুনান, সুরগণ মুনিগণ অতি সুখ পান।
আকাশেতে পুষ্পবৃষ্টি বাদ্যবৃন্দ বাজে, মঙ্গল কলসরাজি দশদিকে সাজে ॥

শিবের বিবাহে শোভাযাত্রা

দো ১০২ সকল দেবতা নিজ বাহন বিমান, সুসজ্জিত করিবারে হ'ন যত্নবান।
মাঙ্গলিক শুভ চিহ্ন করি' প্রতিষ্ঠান, সকল অপ্সরা ক'রে সুমধুর গান ॥
চৌ ১ অনুচর সবে শিবে করা'ল শৃঙ্গার, সর্পের টোপর শোভে মুকুটে জটার।
কুণ্ডল বলয় আদি পরা'লো সর্পের, সর্বাঙ্গে বিভূতি বাস ব্যাঘ্রের চর্মের ॥
,, ২ ললাটে বঙ্কিম চন্দ্র গঙ্গা শোভে শিরে, সর্প উপবীত স্কন্ধে ত্রিনেত্রে নেহারে।
নরমুণ্ড মালা বক্ষে গরল কণ্ঠেতে, কৃপালু মঙ্গলময় অশিব বেশেতে ॥
,, ৩ ত্রিশূল ডমরু শোভে দুই হস্তে তাঁর, বৃষভ বাহনে শিব বাদ্য চারি ধার।
শিবে দেখি বরাঙ্গনা মৃদু মৃদু হাসে, কহে পাত্রী মেলা ভার বরের এ বেশে ॥
,, ৪ ব্রহ্মা বিষ্ণু আর যত স্বর্গবাসিগণে, বরযাত্রী হয়ে চলে আপন বাহনে।
দেবতা সমাজ এই অতি অপরূপ, বরযাত্রী নহে কিন্তু বর অনুরূপ ॥
দো ১০৩ স্মিত হাসে বিষ্ণু কন দিকপাল গণে, পৃথক পৃথক চল নিজ সঙ্গী সনে ॥

চৌ ১ বরযোগ্য বরযাত্রী নহি মোরা ভ্রাত, নগর কি হাস্যরোলে করাবে বিক্ষিপ্ত।
বাক্য শুনি সুরগণ হাস্য করি তবে, পৃথক হইল নিয়া অনুচর সবে ॥
,, ২ মনে মনে হাস্য করি আশুতোষ ভাবে, শ্লেষবাক্য শ্রীহরির কিছুতে না যাবে।
প্রিয় বিষ্ণু বাক্য শুনি প্রীত মহেশ্বর, ভৃঙ্গীরে প্রেরণ করি আনে অনুচর ॥
,, ৩ শিব আজ্ঞা পেয়ে আসে অনুচর দলে, প্রভুর চরণ পদ্মে প্রণমে সকলে।
বিবিধ বাহান আর বিচিত্র সে বেশ, নিজের সমাজ দেখি হাসেন মহেশ ॥
,, ৪ সুবিশাল মুখ কারো কেহ মুখহীন, কারো দীর্ঘ হস্তপদ কেহ বা বিহীন।
বিপুল নয়ন কারো নেত্রহীন কেহ, হৃষ্টপুষ্ট কেহ আর কারো ক্ষীণ দেহ।
৬ ৭ স্থূলকায় বপু কারো ক্ষীণ কারো দেহ, কেহ বা পবিত্র আর অপবিত্র কেহ।
ভীতিপ্রদ অলঙ্কার হস্তেতে কপাল, সদ্য রক্তলিপ্ত দেহ শূকর শৃগাল।
গর্দভ কুক্কুরমুখী কে করে গণন, যোগিনী পিশাচ প্রেত না যায় বর্ণন ॥

সো ০১৫ নাচহিঁ গাৱহিঁ গীত, পরম তরঙ্গী ভূত সব।
দেখত অতি বিপরীত, বোলহিঁ বচন বিচিত্র বিধি॥

চৌ ১ জস দুলহু তসি বনী বরাতা, কৌতুক বিবিধ হোঁহি মগ জাতা।
ইহঁা হিমাচল রচেউ বিতানা, অতি বিচিত্র নহিঁ জাই বখানা॥

„ ২ সৈল সকল জহঁ লগি জগ মাহীঁ, লঘু বিসাল নহিঁ বরনি সিরাহী।
বন সাগর সব নদী তলাবা, হিমগিরি সব কহঁ নেৱত পঠাবা॥

„ ৩ কামরূপ সুন্দর তন ধারী, সহিত সমাজ সহিত বরনারী।
গএ সকল তুহিনাচল গেহা, গাৱহিঁ মঙ্গল সহিত সনেহা॥

„ ৪ প্রথমহিঁ গিরি বহু গৃহ সঁৱরাএ, জথা জোগু জহঁ তহঁ সব ছাএ।
পুর সোভা অৱলোকি সুহাঈ, লাগই লঘু বিরঞ্চি নিপুনাই॥

ছন্দ ০৮ লঘু লগে বিধি কী নিপুনতা অবলোকি পুর সোভা মহী।
বন বগে কুপ তড়াগ সরিতা সুভগ সব পক কোক হী॥
মঁগল পিপুল তোরন পতাকা কেতু গৃহ গৃহ সোহহীঁ।
বনিতা পুরুষ সুন্দর চতুর ছবি দেখি মুনি মন মোহহীঁ॥

দো ০১০৪ জগদম্বা জহঁ অৱতরী, সো পুরু বরনি কি জাই।
রিদ্ধি সিদ্ধি সম্পত্তি সুখ, নিত নূতন অধিকাই॥

চৌ ০১ নগর নিকট বরাত সুনি আঈ, পুর খরভরু সোভা অধিকাঈ।
করি বনার সজি বাহন নানা, চলে লেন সাদর অগৱানা॥

„ ২ হিয় হরষেঁ সুর সেন নিহারী, হরিহি দেখিঁ অতি ভএ সুখারী।
শিৱ সমাজ জব দেখন লাগে, বিভরি চলে বাহন সব ভাগে॥

„ ৩ ধরি ধীরজু তহ রহে সয়ানে, বালক সব লৈ জীৱ পরানে।
গএঁ ভৱন পূছহিঁ পিতু মাতা, কহহিঁ বচন ভয় কম্পিত গাতা॥

„ ৪ কহিঅ কাহ কহি জাই ন বাতা, জমকর ধার কিধোঁ বরি আতা।
বরু বৌরাহ বসহঁ অস্ৱারা, ব্যাল কপাল বিভূষন ছারা॥

ছন্দ ০৯ তন ছার ব্যাল কপাল ভূষণ নগন জটিল ভয়ংকরা
সঙ্গ ভূত প্রেত পিসাচ জোগিনি বিকট মুখ রজনীচরা॥
জো জিঅত রহিহি বরাত দেখত পুণ্য বড়তেহি কর সহী।
দেখিহি সো উমা বিবাহু ঘর ঘর বাত অসি লরিকহ্ন কহী॥

দো ০১০৫ সমুঝি মহেস সমাজ সব, জননি জনক মুসুকাহিঁ।
বলে বুঝাএ বিবিধ বিধি, নিভর হোহু ভরু নাহিঁ॥

চৌ ০১ লৈ অগৱান বরাতহি আএ, দিএ সবহি জনৱাস সুহাএ।
মৈনা সুভ আরতী সঁবারী, সঙ্গ সুমঙ্গল গাৱহিঁ নারী॥

সো ১৫ আনন্দে তরঙ্গ তুলি ভূত প্রেত দল, নাচে গায় উচ্চকণ্ঠে করে কোলাহল।
বিকট মূর্তির সব বিচিত্র রঙের, বাক্য কহে পরস্পরে বিবিধ ঢঙের ॥

চৌ ১ পাত্রের যেরূপ সাজ বরযাত্রী তথা, পথমাঝে হয় নানা কৌতুকের কথা।
গিরি হেথা করেছেন মণ্ডপ রচনা, অতীব বিচিত্র তাহা না যায় বর্ণনা ॥

,, ২ উচ্চনীচ শৈল শ্রেণী জগত মাঝার, গণনাতে পার নাহি মিলিবে যাহার।
সিন্ধু নদ নদী আর সরোবর বন, গিরিরাজ সকলেরে করে নিমন্ত্রণ ॥

,, ৩ ইচ্ছা অনুরূপ এরা বরতনু ধরি', সবান্ধবে স্ত্রীর সাথে সুন্দর সুন্দরী।
হিমালয়ে আসে সবে পরম প্রীতিতে, গাহেন মঙ্গল গীত অতীব স্নেহেতে ॥

,, ৪ সর্বাগ্রে গৃহাদি গিরি ব্যবস্থা করিল, যথাযোগ্য বাসস্থানে সবে উত্তরিল।
নগরের শোভা হেরি' এই মনে হয়, ব্রহ্মার নিপুণ সৃষ্টি যেন কিছু নয় ॥

ছ ৮ লঘু মনে হয় যেন ব্রহ্মা নিপুনতা, দেখিয়া পুরীর শোভা বর্ণ বিচিত্রতা।
বন উপবন কূপ তড়াগ তটিনী, বর্ণনা করিবে কেবা এই চিত্রখানি।
মঙ্গলসূচক পথে বিপুল তোরণ, প্রতি গৃহে ধ্বজা পরে পতাকা শোভন।
সুন্দর পুরুষ নারী হৃষ্ট পুষ্ট দেহ, এ চিত্র দেখিয়া মুনিমনেতে সম্মোহ ॥

দো ১০৪ জগদম্বা যে স্থানেতে অবতীর্ণ হ'ন, সে পুণ্য পুরীর কভু হয় কি বর্ণন।
সমৃদ্ধি সম্পত্তি সিদ্ধি সুখের আশয়, নব নব রূপে সেথা সদা বৃদ্ধি পায় ॥

চৌ ১ বরযাত্রী নগরের শুনি সন্নিকটে, নগরে উচ্ছ্বাস বহে শোভাবৃদ্ধি ঘটে।
নানা সাজে সাজি' আর বিবিধ বাহনে, অগ্রসরি গেল সবে স্বাগত আহ্বানে ॥

,, ২ সুরগণে দেখি সবে পরিতুষ্ট অতি, বিষ্ণুর দর্শনে লভে পরম সম্প্রীতি।
শিবযাত্রী করে যবে দৃষ্টি আকর্ষণ, ভয়েতে বাহন যত করে পলায়ন ॥

,, ৩ বিজ্ঞজন রহে সেথা মনে ধৈর্য ধরি', অর্বাচীন প্রাণভয়ে পলায়ন করি'।
স্বগৃহে আসিল ত্বরা পিতা মাতা যবে, প্রশ্ন করে তাহাদের কম্প হয় তবে ॥

,, ৪ কহে তারা কি কহিব বাক্য নাহি সরে, যমদূত সম দেখি বরযাত্রী বরে।
উন্মাদের মত বর আসে বৃষ চড়ি', নরমুণ্ড ভস্ম সর্প অলঙ্কার পরি' ॥

ছ ৯ গাত্রে ভস্ম মুণ্ডমালা সর্পে বিভূষিত, ভয়ঙ্কর জটাধারী বস্ত্র বিরহিত।
তার সাথে আসে প্রেত পিশাচ ও ভূত, যোগিনী বিকট মুখ নিশাচর যূথ ॥
জীবিত রহিবে যেবা বরযাত্রী হেরি', বহু পুণ্যফল লেখা কপালে তাহারি।
সেই শুধু দেখে উমা বিবাহ উৎসব, অর্বাচীন প্রতি গৃহে কহে এই সব ॥

দো ১০৫ শঙ্করের অনুচর বুঝিয়া অন্তরে, তাহাদের পিতামাতা স্মিত হাস্য করে।
বহু ভাবে অজ্ঞদের বুঝাইয়া কয়, হও যে নির্ভয় সবে কিছু নাহি ভয় ॥

চৌ ১ অভ্যর্থনাকারিগণ বরযাত্রি দলে, সুশোভন বাসস্থানে স্থাপিলা সকলে।
মেনকা বরণডালা করে সুশোভিত, এয়োতিরা সাথে গাহে মঙ্গল সঙ্গীত ॥

চৌ ২ কঞ্চন থার মোহ বর পানী, পরিছন চলী হরহিঁ হরষানী।
বিকট বেষ রুদ্রহি জব দেখা, অবলহ্ন উর ভয় ভয়উ বিসেষা॥
„ ৩ ভাগি ভবন পৈঠী অতি ত্রাসা, গএ মহেসু জহাঁ জনবাসা।
মৈনা হৃদয় ভয়উ দুখু ভারী, লীহ্নী বোলি গিরীস কুমারী॥

শিবকে দেখে মেনকার দুশ্চিন্তা ও পার্বতীর সান্ত্বনা

„ ৪ অধিক সনেহ গোদ বৈঠারী, স্যাম সরোজ নয়ন ভরে বারী।
জেহি বিধি তুহ্মহি রূপু অস দীহ্না, তেহিঁ জড় বরু বাউর কস কীহ্না॥
ছন্দ ০১০ কস কীহ্ন বরু বৌরাহ বিধি জেহিঁ তুহ্মহি সুন্দরতা দঈ।
জো ফলু চহিঅ সুরতরুহিঁ সো বরবস ববুরহিঁ লাগঈ॥
তুহ্ম সহিত গিরি তেঁ গিরৌঁ পাবকজরৌঁ জলনিধি মহুঁ পরৌঁ।
ধরু জাউ অপজসু হোউ জগ জীবত বিবাহু ন হৌঁ করৌঁ॥
দো ০১০৬ ভঈ বিকল অবলা সকল, দুখিত দেখি গিরি নারি।
করি বিলাপু রোদতি বদতি, সুতা সনেহু সঁভারি॥
চৌ ০১ নারদ কর মৈঁ কাহ বিগারা, ভবনু মোর জিহ্ন বসত উজারা।
উস উপদেসু উমহি জিহ্ন দীহ্না, বৌরে বরহি লাগি তপু কীহ্না॥
„ ২ সাচেহুঁ উহ্ন কে মোহন মায়া, উদাসীন ধনু ধামু ন জায়া।
পর ঘর ঘালক লাজ ন ভীরা, বাঁঝ কি জান প্রসব কৈ পীরা॥
„ ৩ জননিহি বিকল বিলোক ভবানী, বোলী জুত বিবেক মৃদু বানী।
অস বিচারি সোচহি মতি মাতা, সো ন টরই জো রচই বিধাতা॥
„ ৪ করম লিখা জৌঁ বাউর নাহূ, তৌ কত দোষু লগাইঅ কাহূ।
তুহ্ম মন মিটহিঁ কি বিধি কে অঙ্কা, মাতু ব্যর্থ জিনি লেহু কলঙ্কা॥
ছন্দ ০১১ জনু লেহু মাতু কলঙ্কু করুনা পরিহরহু অবসর নহীঁ।
দুখু সুখু জো লিখা লিলার হমরেঁ জাব জহঁ পাউব তহীঁ॥
সুনি উমা বচন বিনীত কোমল সকল অবলা সোচহীঁ।
বহু ভাঁতি বিধিহি লগাই দূষন নয়ন বারি বিমোচহীঁ॥
দো ০১০৭ তেহি অবসর নারদ সহিত, অরু রিষি সপ্ত সমেত।
সমাচার সুনি তুহিন গিরি, গবনে তুরত নিকেত॥
চৌ ০১ তব নারদ সবহী সমুঝারা, পূরুব কথা প্রসঙ্গু সুনারা।
ময়না সত্য সুনহু মম বানী, জগদম্বা তব সুতা ভবানী॥
„ ২ অজা অনাদি শক্তি অবিনাসিনি, সদ সম্ভু অরধঙ্গ নিবাসিনি।
জগ সম্ভব পালন লয় কারিনি, নিজ ইচ্ছা লীলা বপু ধারিনি॥

চৌ ২ সুশোভন করে ল'য়ে হেমপাত্রখানি, শিবের বরণ লাগি মেনকা যখনি।
বিকট বেশেতে এই রুদ্রেরে দেখিলা, ভয়ে কম্পমান হিয়া যতেক অবলা ॥
„ ৩ অতি ত্রাসে পলাইয়া প্রবেশে ভবনে, শঙ্কর মিলিত হ'ন বরযাত্রী সনে।
উপজিল অতি দুঃখ মেনকার মনে, ডাকি লয়ে নিজ কাছে পার্বতীরে আনে।

শিবকে দেখে মেনকার দুশ্চিন্তা ও পার্বতীর সান্ত্বনা

„ ৪ অতি স্নেহে বসালেন তাঁরে অঙ্কোপরে, কমল নয়ন-নীল বারিধারা ঝরে।
যে বিধাতা দিল তোরে রূপরাশি এই, উন্মাদ স্থবির বর দিয়েছে কি সেই ॥
ছ ১০ এ সৌন্দর্য দিল তোরে যেই বিধাতায়, কি করে পাগল বর দিল তোরে হায়।
কল্পবৃক্ষে যেই ফল যোগ করা যায়, জোর করি সেই ফল বাবুলে* লাগায় ॥
তোরে লয়ে ঝাঁপ দিব শৈলচূড়া হ'তে, অগ্নিদগ্ধ হব কিংবা ডুবি' সাগরেতে।
অপযশ যাহা হয় হো'ক এ জগতে, এ বিবাহ নাহি দিব জীবন থাকিতে ॥
দো ১০৬ গিরিজার দুঃখ দেখি যতেক অবলা, অতীব দুঃখিত হ'য়ে হইল ব্যাকুলা।
মেনকা রোদন করে করিয়া বিলাপ, স্নেহের উমার লাগি তার পরিতাপ ॥
চৌ ১ কি করেছি নারদের বিরাগ ভাজন, বাসের অযোগ্য হ'ল আমার ভবন।
উমারে দিলেন তিনি উপদেশ যত, উন্মাদ পতির লাগি তপস্যার ব্রত ॥
„ ২ সত্য বটে নাহি তার কোন দয়া মায়া, উদাসীন নাহি তার ধন ধাম জায়া।
পরগৃহ ধ্বংস করি নাহি লাজ ভয়, দারুণ প্রসব ব্যথা বন্ধ্যার কি হয় ॥
„ ৩ মাতারে ব্যাকুল দেখি তখন ভবানী, কহিলেন জ্ঞান গর্ভ মৃদু মধুবাণী।
টলিবেনা কভু মাতঃ বিধাতা রচনা, ইহাই বিচারি' মনে শোক করিওনা ॥
„ ৪ করম লিখন যদি পতি উন্মাদনা, তবে ত কাহারো দোষ দিতে পারিবেনা।
পারো কি মিটাতে মাতঃ বিধির বিধান, কলঙ্ক নিওনা বৃথা ত্যজিয়া সম্মান ॥
ছ ১১ কলঙ্ক নিয়োনা মাতঃ কোরোনা ক্রন্দন, এ নহে সময় তার নাহি প্রয়োজন।
সুখ দুঃখ যাহা মোর ললাট লিখনে, যেথা যা'ব সেথা পা'ব কি হবে রোদনে ॥
কোমল বিনিত বাণী উমা হ'তে শুনি, ভাবিতে লাগিল সেথা যতেক রমণী।
বহু ভাবে দোষারোপ করে ভাগ্যে তারা, অবিরল ঝরে শুধু নয়নের ধারা ॥
দো ১০৭ ইত্যবসরে এই সমাচার পেয়ে, হিমালয় অন্তঃপুরে আসিলেন ধেয়ে।
দেবর্ষি নারদে ল'য়ে নিজেদের সাথে, সপ্তঋষি আসিলেন তাহার পশ্চাতে ॥
চৌ ১ তখন নারদ ঋষি বোঝালেন সবে, পূর্বের বৃত্তান্ত সব বিস্তারিত ভাবে।
হে মেনকা সত্য কহি শুন মোর বাণী, জগদম্বা কন্যা তব তিনিই ভবানী ॥
„ ২ জন্মহীন আদ্যাশক্তি ও অবিনাশিনী, সতত রহেন শম্ভু অর্দ্ধাঙ্গবাসিনী।
সৃষ্টি স্থিতি লয়কর্ত্রী তিনি ভুবনের, নিজ ইচ্ছা লীলা তার [illegible] ॥

---

* বাবলা Acacia

চৌ ৩ জননী প্রথম দচ্ছ গৃহ জাঈ, নামু সতী সুন্দর তনু পাঈ।
তহঁহুঁ সতী সঙ্করহি বিবাহী, কথা প্রসিদ্ধ সকল জগ মাহী ॥
„ ৪ এক বার আরত সিব সঙ্গা, দেখেউ রঘুকুল কমল পতঙ্গা।
ভয়উ মোহু সির কহা ন কীহ্না, ভ্রম বস বেষু সীয় কর লীহ্না ॥
ছন্দ ০১২ সিয় বেষু সতী জো কীহ্ন তেহি অপরাধ সংকর পরিহরী।
হরবিরহঁ জাই বহোরি পিতু কে জগ্য জোগানল জরী ॥
অব জনমি তুহ্মারে ভরন নিজপতি লাগি দারুন তপু কিয়া।
অস জানি সংসয় তজহু গিরিজা সর্বদা সংকর প্রিয়া ॥

শিবের স্বরূপ জেনে সকলের আনন্দ

দো ০১০৮ সুনি নারদ কে বচন তব, সব কর মিটা বিষাদ।
ছন মহুঁ ব্যাপেউ সকল পুর, ঘর ঘর য়হ সম্বাদ ॥
চৌ ০১ তব ময়না হিমবন্ত অনন্দে, পুনি পুনি পারবতী পদ বন্দে।
নারি পুরুষ সিসু জুবা সয়ানে, নগর লোগ অব অতি হরষানে ॥
„ ২ লগে হোন পুর মঙ্গলগানা, সজে সবহিঁ হাটক ঘট নানা।
ভাঁতি অনেক ভঈ জেরনারা, সূপসাস্ত্র জম কছু ব্যবহারা ॥
„ ৩ সো জেরনার কি জাই বখানী, বসহিঁ ভরন জেঁহিঁ মাতু ভরানী।
সাদর বোলে সকল বরাতী, বিষ্নু বিরঞ্চি দের সর জাতী ॥
„ ৪ বিবিধ পাঁতি বৈঠী জেরনারা, লাগে পরুসন নিপুন সুআরা।
নারিবৃন্দ সুর জেরন্ত জানী, লগীঁ দেন গারী মৃদু বানী ॥

শিবের বিবাহমঙ্গল

ছন্দ ০১৩ গারী মধুর স্বর দেহিঁ সুন্দরি বিঁগ্য বচন সুনারহীঁ।
ভোজনু করহিঁ সুর অতি বিলম্বু বিনোদু সুনি সচু পারহীঁ ॥
জেবঁত জো বঢ়য়ো অনন্দু সো মুখ কোটিহুঁ ন পরৈ কহ্যো।
অচবাঁই দীহ্নে পান গরনে বাস জহঁ জাকো রহ্যো ॥
দো ০১০৯ বহুরি মুনিহ্ন হিমবন্ত কহুঁ, লগন সুনাঈ আই।
সময় বিলোকি বিবাহ কর, পঠএ দের বোলাই ॥
চৌ ০১ বোলি সকল সুর সাদর লীহ্নে, সবহি জথোচিত আসন দীহ্নে।
বেদী বেদ বিধান সঁরারী, সুভগ সুমঙ্গল গারহিঁ নারী ॥
„ ২ সিংঘাসন অতি দিব্য সুহারা, জাই ন বরনি বিরঞ্চি বনারা।
বৈঠে সির বিপ্রহ্ন সিরু নাঈ, হৃদয় সুমিরি নিজ প্রভু রঘুরাঈ ॥
„ ৩ বহুরি মুনীসহ্ন উমা বোলাঈ, করি সিঙ্গারু সখী লৈ আঈ।
দেখত রূপু সকল সুর মোহে, বরনৈ ছবি অস জগ কবি কো হৈ ॥

চৌ ৩ প্রথমে জনম ল'ন দক্ষগৃহে আসি, সতী নামে পরিচিত রূপে পূর্ণশশী।
সতীর বিবাহ হয় শঙ্করের সাথে, এ কথা প্রসিদ্ধি আছে সমগ্র জগতে ॥
„ ৪ শিব সাথে একবার ভ্রমেন যখন, দেখিলেন রঘুসূর্য শ্রীরামে তখন।
মোহবশে শিব বাক্য না করি শ্রবণ, ভ্রমবশে সীতাবেশ করেন গ্রহণ ॥
ছ ১২ সীতাবেশ পরিগ্রহ সতী করেছিল, সেই অপরাধে শিব সতীরে ত্যজিল।
গেলেন তৎপরে সতী পিতা দক্ষগৃহে, যজ্ঞ যোগানলে জ্বলে শঙ্কর বিরহে ॥
জন্মিয়া এক্ষণে তব গৃহেতে পার্বতী, নিজ পতি লাগি তপ করেছেন অতি।
ইতিবৃত্ত জানি সব ত্যজহ সংশয়, গিরিজা শঙ্কর প্রিয়া জন্মে জন্মে র'য় ॥

শিবের স্বরূপ জেনে সকলের আনন্দ

দো ১০৮ নারদের বাক্য শুনি উপস্থিত জনে, বিষাদ কাটিয়া সুখ উপজিল মনে।
ক্ষণমধ্যে নগরের প্রতি ঘরে ঘরে, এ শুভ সংবাদ ব্যাপ্তি ঘটিল বিস্তারে ॥
চৌ ১ তখন মেনকা গিরি আনন্দেতে অতি, পুনঃ পুনঃ গিরিজার করিলেন স্তুতি।
শিশু বৃদ্ধ স্ত্রীপুরুষ যুবকের দলে, অতি হর্ষান্বিত হ'ল নগরে সকলে ॥
„ ২ অবাধে মঙ্গল গীত চলিল নগরে, সুবর্ণ কলস সাজে প্রতি দ্বারে দ্বারে।
পাক শাস্ত্রে যাহা কিছু আছে রন্ধনীয়, প্রস্তুত হইল তাহা অতি উপাদেয় ॥
„ ৩ ভবানী জগত মাতা রহেন যেথায়, সে গৃহে প্রস্তুত খাদ্য বর্ণন কি যায়।
ব্রহ্মা বিষ্ণু দেবগণে বরযাত্রী সবে, আহ্বান করেন গিরি পরম গৌরবে ॥
„ ৪ বিবিধ পঙ্‌ক্তিতে ভোজে বসিলেন সবে, সুপরিবেশন করে সূপকার যবে।
নারীবৃন্দ জানি সবে ব্যাপৃত ভোজনে, রহস্যে ব্যঙ্গোক্তি করে মধুর ভাষণে ॥

শিবের বিবাহমঙ্গল

ছ ১৩ সুন্দরীরা মধু কণ্ঠে ভর্ৎসনার সুরে, বচন শুনায় তারা ব্যঙ্গ উক্তি করে।
উপহাস শুনি দেবে সুখী অতিশয়, ভোজন সমাধা কর্ম বিলম্বিত হয়।
ভোজন কালেতে হয় যে আনন্দ সবে, কোটি মুখে বর্ণন তা' সম্ভব না হবে।
মুখ প্রক্ষালন পরে তাম্বুল প্রদান, স্বীয় বাসস্থানে সবে করিলা প্রস্থান ॥
দো ১০৯ তৎপরে মহর্ষি সবে আসিল ফিরিয়া, গিরিরাজে লগ্নপত্র দেখাইলা গিয়া।
বিবাহের লগ্ন দেখি বিচারি সময়, বরযাত্রী দেবগণ আমন্ত্রিত হয় ॥
চৌ ১ সকল দেবতা হ'ল সাদরে গৃহিত, সবারে আসন দিল যেরূপ বিহিত।
বেদবিধি অনুসারে বেদী সুসজ্জিত, কুল কামিনীরা গাহে মঙ্গল সঙ্গীত ॥
„ ২ বিধাতা নির্মিত ছিল দিব্য সিংহাসন, অপরূপ রূপ তার না যায় বর্ণন।
বসিলেন শিব তা'তে বিপ্রে নতি করি, নিজ প্রভু শ্রীরামেরে হৃদি মাঝে স্মরি' ॥
„ ৩ উমারে ডাকেন পরে মহামুনি তথা, সখীগণ আসে ল'য়ে সর্ব অলঙ্কৃতা।
উমারূপ দেবগণ দেখে মুগ্ধ চিতে, কোন কবি সাধ্য রাখে সে রূপ বর্ণিতে ॥

চৌ ৪ জগদম্বিকা জানি ভব ভামা, সুরহু মনহিঁ মন কীহ্ন প্রণামা।
সুন্দরতা মরজাদ ভৱানী, জাই ন কোটিহুঁ বদন বখানী ॥
ছন্দ ১৪ কোটিহুঁ বদন নহিঁ বনৈ বরনত জগজননি সোভা মহা।
সকুচহিঁ কহত শ্রুতি সেষ সারদ মন্দ মতি তুলসী কহা ॥
ছবি খানি মাতু ভৱানি গৱনী মধ্য মণ্ডপ সির জহঁা।
অবলোকি সকহিঁ ন সকুচ পতিপদ কমলমনু মধুকরু তহঁা ॥
দো ১১০ মুনি অনুসাসন গনপতিহি, পূজেউ সম্ভু ভৱানি।
কোউ সুনি সংসয় করৈ জনি, সুর অনাদি জিয়ঁ জানি ॥
চৌ ১ জসি বিবাহকৈ বিধি শ্রুতি গাঈ, মহা মুনিহ্ন সো সব করৱাঈ।
গহি গিরীস কুস কন্যা পানী, ভৱহী সমরপী জানি ভৱানী ॥
" ২ পানি গ্রহন জব কীহ্ন মহেসা, হিয় হরষে তব সকল সুরেসা।
বেদ মন্ত্র মুনিবর উচ্চরহীঁ, জয় জয় জয় সঙ্কর সুর করহীঁ ॥
" ৩ বাজহিঁ বাজন বিবিধ বিধানা, সুমন বৃষ্টি নভ ভৈ বিধি নানা।
হর গিরিজা কর ভয়উ বিবাহূ, সকল ভুৱন ভরী রহা উছাহূ ॥
" ৪ দাসী দাস তুরগ রথ নাগা, ধেনু বসন মনি বস্তু বিভাগা।
অন্ন কনক ভাজন ভরি জানা, দাইজ দীহ্ন ন জাই বখানা ॥
ছন্দ ১৫ দাইজ দিয়ো বহু ভাঁতি পুনি কর জোরি হিমভূধর কহ্যো।
কা দেউঁ পূরন কাম সঙ্কর চরন পঙ্কজ গহি রহ্যো ॥
সিব কৃপা সাগর সসুর কর সন্তোষু সব ভাঁতিহি কিয়ো।
পুনি গহে পদ পাথোজ ময়নাঁ প্রেম পরিপূরন হিয়ো ॥
দো ১১১ নাথ উমা মম প্রান সম, গৃহ কিঙ্করী করেহু।
ছমেহু সকল অপরাধ অব, হোই প্রসন্ন বরু দেহু ॥

চৌ ১ বহু বিধি সম্ভু সাসু সমুঝাঈ, গৱনী ভৱন চরন সিরু নাঈ।
জননী উমা বোলি তব লীহ্নী, লৈ উছঙ্গ সুন্দর সিখ দীহ্নী ॥
" ২ করেহু সদা সঙ্কর পদ পূজা, নারিধরমু পতি দেউ ন দূজা।
বচন কহত ভরে লোচন বারী, বহুরি লাউ উর লীহ্ন কুমারী ॥
" ৩ কত বিধি সৃজী নারি জগ মাহীঁ, পরাধীন সপনেহুঁ সুখ নাহীঁ।
ভৈ অতি প্রেম বিকল মহাতারী, ধীরজু কীহ্ন কুসময় বিচারী ॥
" ৪ পুনি পুনি মিলতি পরতি গহি চরনা, পরম প্রেমু কছু জাই ন বরনা।
সব নারিহ্ন মিলি ভেটি ভৱানী, জাই জননি উর পুনি লপটানী ॥

ছন্দ ০১৬ জননিহি বহুরি মিলি চলি উচিত অসীস সব কাহূ দঈ।
ফিরি ফিরি বিলোকতি মাতু তন তব সখী লৈ সির পহি গঈ ॥

চৌ ৪ মনে মনে দেবতারা প্রণমে ভবানী, জগতজননী জানি শিব অর্দ্ধাঙ্গিনী।
উমার লালিত্য আর কান্তির মহিমা, কোটি মুখে নাহি পারে করিতে বর্ণনা॥

ছ ১৪ কোটি মুখে নাহি পারে করিতে বাখান, জন্ম মাতা ভবানীর সুষমা মহান।
বর্ণিতে সঙ্কোচ শেষ শ্রুতি সরস্বতী, সেথায় তুলসী কোথা দীন মন্দমতি।
সৌন্দর্য সুষমাখনি উমা জগন্মাতা, আসেন মণ্ডপ মাঝে স্থিত শিব যেথা।
পতিপদ সঙ্কোচেতে না পারে দেখিতে, পাদপদ্ম মধু-পীত চিত্ত মধু পেতে॥

দো ১১০ মুনি অনুশাসনেতে ভবানী শঙ্কর, পূজিলেন গণপতি উভয়ে তৎপর।
সংশয় না করিবেন জানেন যাহারা, অনাদি দেবতাবৃন্দ জন্ম মৃত্যুহারা॥

চৌ ১ শ্রুতি মতে বিবাহের যত অনুষ্ঠান, মহামুনিগণ তাহা করেন বিধান।
কুশ হস্তে গিরিরাজ ধরি' কন্যা পাণি, সমর্পিল মহেশ্বরে জানিয়া ভবানী॥

" ২ শঙ্কর করেন যবে সে পাণিগ্রহণ, হৃদয়েতে হর্ষান্বিত হ'ল দেবগণ।
বেদ মন্ত্র মুনিগণ করে উচ্চারণ, জয় শঙ্করের জয় কহে সুরগণ॥

" ৩ সুমধুর বাদ্য বাজে বিবিধ প্রকার, নানা জাতি পুষ্পবৃষ্টি অতি চমৎকার।
হর পার্বতীর যবে হইল মিলন, আনন্দে উচ্ছ্বাস বহে সমগ্র ভুবন॥

" ৪ দাসদাসী রথ অশ্ব ধেনু হস্তী আর, বিবিধ বসন মণি মুক্তার সম্ভার।
স্বর্ণ পাত্রে খাদ্য দ্রব্য যৌতুকাদি নানা, পরিপূর্ণ সব যান না যায় বর্ণনা॥

ছ ১৫ যৌতুকাদি নানা-বিধ দিয়া অতঃপর, করজোড়ে কহিলেন হিমাঙ্গ ভূধর।
পূর্ণকাম হে শঙ্কর কিবা দিতে পারি, চরণ কমল ধরি রহিলেন তাঁরি।
সর্বভাবে কৃপাসিন্ধু শঙ্কর মহান, করিলেন শ্বশুরের সন্তোষ বিধান।
চরণ কমল ধরি মেনকা তখন, হৃদয়ে প্রেমেতে পূর্ণ করেন ভাষণ॥

দো ১১১ হে প্রভু আমার উমা প্রাণ সম প্রিয়, তব গৃহদাসী তারে সদাই রাখিও।
ক্ষমা কোরো অপরাধ যত করিয়াছি, প্রসন্ন হইয়া দেহ এই বর যাঁচি॥

চৌ ১ শ্বশ্রূমাতা চরণেতে মাথা করি নত, বুঝাইয়া তারে শিব গমনে উদ্যত।
জননী উমারে তার ধরিয়া অঙ্কেতে, সুন্দর সুশিক্ষা তাঁরে দেন বিধিমতে॥

" ২ শিব পদে পূজা তুমি করিবে সদাই, নারীধর্মে পতি ভিন্ন অন্য দেব নাই।
কহিতে কহিতে ঝরে নেত্রে অশ্রুধার, উমারে বক্ষের মাঝে ল'ন বারবার॥

" ৩ নারীরে বিধাতা কেন সৃজে পরাধীন, স্বপনেও চিত্ত তার রহে সুখহীন।
প্রেমাতিশয্যেতে মাতা হ'লেও আকুল, ধৈর্য ধরে কোন মতে সময়ানুকূল॥

" ৪ বারবার মিলি উমা পড়েন চরণে, সে গভীর প্রেম নাহি শকতি বরণে।
সকল কামিনী কাছে লইয়া বিদায়, মাতৃ বক্ষে পুনঃ উমা যাইয়া লুটায়॥

ছ ১৬ জননীর কাছে শেষ বিদায় লইলা, পার্বতীরে যথাযোগ্য সবে আশিসিলা।
বার বার মাকে দেখে ফিরিয়া পিছনে, সখীগণ ল'য়ে চলে শিব সন্নিধানে।

জাচক সকল সন্তোষি সঙ্করু উমা সহিত ভরন চলে।
সব অমর হরষে সুমন বরষি নিসান নভ বাজে ভলে॥

দো ০১১২ চলে সঙ্গ হিমবন্ত তব, পহুঁচারন অতি হেতু।
বিবিধ ভাঁতি পরিতোষু করি, বিদা কীহ্ন বৃষকেতু॥

শিবের কৈলাসযাত্রা

চৌ ০১ তুরত ভরন আএ গিরিরাঈ, সকল সৈল লিয়ে বোলাঈ।
আদর দান বিনয় বহু মানা, সব কর বিদা কীহ্ন হিমরানা॥
" ২ জবহি সম্ভু কৈলাসহিঁ আএ, সুর সব নিজ নিজ লোক সিধাএ।
জগত মাতু পিতু সম্ভু ভরানী, তেহিঁ সিঙ্গারু ন কহউঁ বখানী॥
" ৩ করহিঁ বিবিধ বিধি ভোগ বিলাসা, গনহ্ন সমেত বসহিঁ কৈলাসা।
হক গিরিজা বিহার নিত নয়উ, এহি বিধি বিপুল কাল চলি গয়উ॥
" ৪ তব জনমেউ ষটবদন কুমারা, তারকু অসুর সমর জেহিঁ মারা।
আগম নিগম প্রসিদ্ধ পুরানা, ষন্মুখ জন্মু সকল জন জানা॥

ছন্দ ০১৭ জগু জান ষন্মুখ জন্মু কর্মু প্রতাপু পুরুষারথু মহা।
তেহি হেতু মৈ বৃষকেতু সুতকর চরিত সঙ্খেপহিঁ কহা॥
য়হ উমা সম্ভু বিবাহু জে নর নারি কহহিঁ জে গারহীঁ।
কল্যান কাজ বিবাহ মঙ্গল সর্বদা সুখু পারহীঁ॥

দো ০১১৩ চরিত সিন্ধু গিরিজা রমন, বেদ ন পারহিঁ পারু।
বরনৈ তুলসীদাসু কিমি, অতি মতিমন্দ গরঁারু॥

চৌ ০১ সম্ভু চরিত সুনি সরস সুহারা, ভরদ্বাজ মুনি অতি সুখ পারা॥
বহু লালসা কথা পর বাঢ়ী, নয়নহ্নি নীরু রোমাবলি ঠাঢ়ী।
" ২ প্রেম বিরস মুখ আর ন বানী, দসা দেখি হরযে মুনি গ্যানী।
অহো ধন্য তব জন্মু মুনীসা, তুহ্মহি প্রাণ সম প্রিয় গৌরীসা॥
" ৩ সির পদ কমল জিহ্নহি রতি নাহীঁ, রাম হি তে সপনেহুঁ ন সোহাহীঁ।
বিনু ছল বিস্বনাথ পদ নেহূ, রাম ভগত কর লচ্ছন এহূ॥
" ৪ সির সম কো রঘুপতি ব্রতধারী, বিনু অঘ তজী সতী অসি নারী।
পনু করি রঘুপতি ভগতি দেখাই, কো সির সম রাম হি প্রিয় ভাঈ॥

দো ০১১৪ প্রথমহিঁ মৈঁ কহি সির চরিত, বুঝা মরমু তুহ্মার।
সুচি সেবক তুহ্ম রাম কে, রহিত সমস্ত বিকার॥

চৌ ০১ মৈঁ জানা তুহ্মার গুন সীলা, কহউঁ শুনহু অব রঘুপতি লীলা।
সুনি মুনি আজু সমাগম তোরেঁ, কহি ন জাই জস সুখ মন মোরেঁ॥

শঙ্কর সন্তুষ্ট করে সর্ব যাচকেরে, উমারে লইয়া সাথে নিজ গৃহে ফেরে।
দেবগণ হর্ষান্বিত পুষ্পবৃষ্টি করে, বাদ্য বাজে আকাশেতে সমধুর স্বরে॥
দো ১১২ অতঃপর হিমবন্ত অতি শ্রদ্ধা ভরে, চলিলেন শিব সাথে বিদায় ব্যাপারে।
বিবিধ প্রকারে তাঁরে পরিতুষ্ট করে, হিমাচলে বৃষকেতু ফিরালেন ঘরে॥

শিবের কৈলাসযাত্রা

চৌ ১ ঘরে ফিরি হিমালয় শীঘ্রগতি তবে, সকল পর্বত আর সরোবর সবে।
মিলি' উপহার দেন বিনয় বচনে, সাদরে বিদায় দেন সকল সজ্জনে॥
" ২ পঁহুছেন মহেশ্বর যখন কৈলাসে, দেবগণ ফিরিঙ্গেন নিজ নিজ বাসে।
জগতের পিতামাতা শঙ্কর ভবানী, তাঁহাদের প্রেমলীলা বর্ণিব না আমি॥
" ৩ বিবিধ প্রকার ভোগ এবং বিলাসে, সঙ্গী সহ তাঁরা বাস করেন কৈলাসে।
নিতি নব বিহারেতে উমা হর রত, এ প্রকারে বহু কাল হইল বিগত॥
" ৪ ষড়ানন কুমারের হ'ল জন্ম তবে, তারক অসুর যিনি বধেন আহবে।
আগম নিগম আর পুরাণেতে খ্যাত, ষড়ানন কার্তিকের জন্মের বৃত্তান্ত॥
ছ ১৭ ষড়ানন কার্তিকের জন্ম কর্ম কথা, প্রতাপ ও পুরুষার্থ জগত জানে তা।
সে হেতু সংক্ষেপে আমি লিপিবদ্ধ করি, বৃষকেতু সুতকথা এমত বিচারি॥
উমা শঙ্করের এই বিবাহ বর্ণনা, স্ত্রী পুরুষ যে গাহিবে কিংবা আলোচনা।
পাইবে সকল সুখ সকল কার্যেতে, হইবে কল্যাণ সদা শুভ বিবাহেতে॥

দো ১১৩ চরিত্র সমুদ্র সম গিরিজা বল্লভ, বেদ নাহি পায় তাঁর আদি অন্ত সব।
মন্দমতি মূর্খাধম এ তুলসী দাস, কিরূপে বর্ণিবে বল উপজয় ত্রাস॥

চৌ ১ শিবের চরিত কথা সরস সুন্দর, শুনি ভরদ্বাজ মুনি সুখী নিরন্তর।
শুনিতে আগ্রহ তার অতিশয় বাড়ে, রোমাঞ্চিত কলেবর নয়নাশ্রু ঝরে॥
" ২ বিবশ প্রেমেতে মুখে কথা নাহি সরে, দশা দেখি মুনি জ্ঞানী হর্ষিত অন্তরে।
ধন্য তুমি হে মহর্ষি ধন্য জন্ম তব, প্রাণসম প্রিয় তব গৌরীপতি ভব॥
" ৩ শঙ্কর চরণ পদ্মে প্রেম নাহি যার, স্বপ্নেও শ্রীরামে ভাল লাগিবেনা তার।
বিশ্বনাথ পদে প্রেম অকপট মনে, সেই ত লক্ষণ হবে রামভক্ত জনে॥
" ৪ শিব সম রঘুপতি ব্রতধারী কেবা, নিষ্পাপ সতীর সম নারী ত্যজে যেবা।
রঘুনাথে ভক্তিমান করি দৃঢ় পণ, রাম কাছে শিব সম প্রিয় আর কোন॥

দো ১১৪ শিবের চরিত করি প্রথমে বর্ণনা, তব মর্ম গতি মোর হয়ে গেছে জানা।
পবিত্র সেবক তুমি শ্রীরাম চন্দ্রের, সমস্ত বিকার ছিন্ন তব হৃদয়ের॥

চৌ ১ গুণ শীল তব মোর হয়ে গেছে জানা, রঘুপতি লীলা এবে করিব বর্ণনা।
শুন মুনি হয়ে দেখা তোমার সহিতে, এত সুখী হইয়াছি না পারি কহিতে॥

চৌ ২ রামচরিত অতি অমিত মুনীসা, কহি ন সকহিঁ সতকোটি অহীসা।
তদপি জথাশ্রুত কহউঁ বখানী, সুমির গিরাপতি প্রভু ধনুপানী ॥
" ৩ সারদ দারুনারি সম স্বামী, জন্মু সূত্রধর অন্তরজামী।
জেহি পর কৃপা করহি জনু জানী, কবি উর অজির নচারহিঁ বানী ॥
" ৪ প্রণবউঁ সোই কৃপাল রঘুনাথা, বরনউঁ বিসদ তাসু গুন গাথা।
পরম রম্য গিরিবরু কৈলাসু, সদা জহাঁ শিব উমা নিবাসু ॥

দো ০১১৫ সিদ্ধ তপোধন জোগিজন, সুর কিন্নর মুনি বৃন্দ।
বসহিঁ তহাঁ সুকৃতী সকল, সেৱহি সিব সুখকন্দ ॥
চৌ ০১ হরি হর বিমুখ ধর্ম রতি নাহীঁ, তে নর তহঁ সপনেহুঁ নহি জাহীঁ।
তেহি গিরি পর বট বিটপ বিসালা, নিত নূতন সুন্দর সব কালা ॥
" ২ ত্রিবিধ সমীর সুসীতলি ছায়া, সিব বিশ্রাম বিটপ শ্রুতি গায়া।
এক বার তেহি তর প্রভু গয়উ, তরু বিলোকি উর অতি সুখ ভয়উ ॥
" ৩ নিজ কর ডাসি নাগরিপু ছালা, বৈঠে সহজহিঁ সম্ভু কৃপালা।
কুন্দ ইন্দু দর গৌর সরীরা, ভুজ প্রলম্ব পরিধন মুনি চীরা ॥
" ৪ তরুন অরুন অম্বুজ সম চরনা, নখ দ্যুতি ভগত হৃদয় তম হরনা।
ভুজগ ভূতি ভূষন ত্রিপুরারী, আননু সরদ চন্দ ছবি হারী ॥

দো ০১১৬ জটা মুকুট সুর সরিত সির, লোচন নলিন বিসাল।
নীলকণ্ঠ লাবন্য নিধি, সোহ বাল বিধু ভাল ॥
চৌ ০১ বৈঠে সোহ কামরিপু কৈসেঁ, ধরেঁ সরীরু সান্তরসু জৈসেঁ।
পারবতী ভল অরসরু জানী, গঈ সম্ভু পহিঁ মাতু ভৱানী ॥

পার্বতীসংবাদ

" ২ জানি প্রিয়া আদরু অতি কীন্হা, বাম ভাগ আসনু হর দীন্হা।
বৈঠী সিব সমীপ হরষাঈ, পূরব জন্ম কথা চিত আয়ী ॥
" ৩ পতি হিয়ঁ হেতু অধিক অনুমানী, বিহসি উমা বোলী প্রিয়বানী।
কথা জো সকল লোক হিতকারী, সোই পূছন চহ সৈলকুমারী ॥
" ৪ বিশ্বনাথ মম নাথ পুরারী, ত্রিভুবন মহিমা বিদিত তুম্হারী।
চর অরু অচর নাগ নর দেৱা, সকল করহিঁ পদ পঙ্কজ সেৱা ॥

দো ০১১৭ প্রভু সমরথ সর্বগ্য সিৱ, সকল কলাগুন ধাম।
জোগ গ্যান বৈরাগ্য নিধি, প্রনত কল্পতরু নাম ॥

চৌ ০১ জৌ মোপর প্রসন্ন সুখরাসী, জানিঅ সত্য মোহি নিজ দাসী।
তৌ প্রভু হরহু মোর অগ্যানা, কহি রঘুনাথ কথা বিধি নানা ॥

চৌ ২ রামের চরিত্র অতি অপার মহান, শতকোটি শেষ নাগে শেষ নাহি পান।
যথা শ্রুত কহি তাহা বর্ণন করিয়া, বাক্‌পতি ধনুধারী শ্রীরামে স্মরিয়া ॥
" ৩ দারু পুত্তলিকা প্রায় দেবী সরস্বতী, রামচন্দ্র সূত্রধর অন্তর্যামী পতি।
কৃপা তাঁর যে লভিবে তার ভক্ত জানি, সে কবির মনাঙ্গনে নাচে বীণাপানি ॥
" ৪ প্রণমি দয়ালু সেই রঘুনাথ হরি, সুনির্মল গুণগাথা বর্ণিব তাহারি।
পরম সুন্দর সেই কৈলাস শিখরে, পার্বতী শঙ্কর যেথা সতত বিহরে ॥

দো ১১৫ সিদ্ধ ঋষি তপোধন যোগীগণ আর, দেবতা কিন্নর আদি মুনি সবাকার।
বাস তথা সুকৃতিতে সকলেই সেবে, সর্ব সুখ হেতু যিনি সেই মহাদেবে ॥
চৌ ১ বিমুখ যে হরি হরে ধর্মহীন মতি, সে নর স্বপ্নেও সেথা না পাইবে গতি।
কৈলাসে বিরাজে এক বট সুবিশাল, নিতি নব সৌন্দর্যেতে শোভে সর্বকাল ॥
" ২ ত্রিবিধ সমীর বহে ছায়া সুশীতলে, শিবের বিশ্রাম স্থল শ্রুতি এই বলে।
একদা শঙ্কর যবে তলদেশে তার, বৃক্ষ দেখি হর্ষ হৃদে তাঁহার অপার ॥
" ৩ নিজ হস্তে পাতি তথা ব্যাঘ্র চর্মাসন, বসিলেন আশুতোষ শুদ্ধ শান্ত মন।
কুন্দ পুষ্প ইন্দু শঙ্খ গাত্রের বরণ, আজানুলম্বিত বাহু বল্কল ধারণ ॥
" ৪ প্রস্ফুটিত রক্তপদ্ম বর্ণ চরণের, নখ কান্তি ভক্ত হৃদি তম হরণের।
সর্বাঙ্গে বিভূতি আর সর্প অলঙ্কার, আনন পূর্ণিমা প্রভা করে ছারখার ॥

দো ১১৬ জটার মুকুটে তাঁর দেব গঙ্গা ধায়, বিশাল নয়নদ্বয় নীলোৎপল প্রায়।
কণ্ঠ নীল সর্বাঙ্গেতে লাবণ্য আধার, ললাট আশ্রয়ে শোভে চন্দ্র দ্বিতীয়ার ॥
চৌ ১ মূর্তিমান শান্তরস রূপ পরিগ্রহি', মদন অরাতি শিব বসিলেন রহি।
উপযুক্ত অবসর জানিয়া ভবানী, শিব পাশে আসিলেন জগতজননী ॥

পার্বতীসংবাদ

" ২ উমারে জানিয়া প্রিয়া অতি সমাদরে, বামে আসনেতে শিব বসান তাঁহারে।
শিব সন্নিকটে বসি' অতি হর্ষ চিতে, পূর্ব জন্ম কথা জাগে উমার মনেতে ॥
" ৩ কল্যাণকারক বাক্য যাহা সবাকার, গিরিশ কুমারী যাচে প্রশ্ন করিবারে।
পতি প্রেমে গরবিনী পতি প্রেম জানি, স্মিত হাসে আরম্ভিলা সুমধুর বাণী ॥
" ৪ বিশ্বনাথ নাথ মম তুমি ত্রিপুরারি, ত্রিলোকে মহিমা তব বিদিত সবারি।
আচর অথবা চর নাগ নর দেবে, চরণ কমল তব সকলেই সেবে ॥

দো ১১৭ সর্বজ্ঞ হে প্রভু মোর সর্ব শক্তিমান, সর্বগুণ কলানিধি কল্যাণ নিধান।
যোগেশ্বর জ্ঞাননিধি হে বৈরাগী গুরু, শরণাগতের তুমি শ্রেষ্ঠ কল্পতরু ॥

চৌ ১ প্রসন্ন আমার প্রতি যদি সুখাধার, যদি মোরে চির দাসী ভাব আপনার।
অজ্ঞানতা তবে প্রভু ঘুচাও আমার, রামের চরিত্র কথা করিয়া বিস্তার ॥

চৌ ০২ জাসু ভবন সুরতরু তর হোঈ, সহি কি দরিদ্র জনিত দুখু সোঈ।
সসিভূষন অস হৃদয়ঁ বিচারী, হরহু নাথ মম মতি ভ্রম ভারী ॥
" ৩ প্রভু জে মুনি পরমারথবাদী, কহহি রাম কহু ব্রহ্ম অনাদি।
সেষ সারদা বেদ পুরানা, সকল করহিঁ রঘুপতি গুন গানা ॥
" ৪ তুহ্ম পুনি রাম রাম দিন রাতী, সাদর জপহু অনঙ্গ আরাতী।
রামু সো অবধ নৃপতি সুত সোঈ, কী অজ অগুন অলখগতি কোঈ ॥
দো ০১১৮ জৌঁ নৃপ তনয় ত ব্রহ্ম কিমি, নারি বিরহঁ মতি ভোরি।
দেখি চরিত মহিমা সুনত, ভ্রমতি বুদ্ধি অতি মোরি ॥
চৌ ০১ জৌঁ অনীহ ব্যাপক বিভু কোউ, কহহু বুঝাই নাথ মোহি সোউ।
অগ্য জানি রিস উর জনি ধরহূ, জেহি বিধি মোহ মিটৈ সোই করহূ ॥
" ২ মৈঁ বন দীখি রাম প্রভুতাঈ, অতি ভয় বিকল ন তুহ্মহি সুনাঈ।
তদপি মলিন মন বোধু ন আৱা, সো ফলু ভলী ভাঁতি হম পাৱা ॥
" ৩ অজহূঁ কছু সংসউ মন মোরেঁ, করহু কৃপা বিনৱউঁ কর জোঁরে।
প্রভু তব মোহি বহু ভাঁতি প্রবোধা, নাথ সো সমুঝি করহু জনি ক্রোধা ॥
" ৪ তব কর অস বিমোহ অব নাহীঁ, রাম কথা পর রুচি মন মাহীঁ।
কহহু পুনীত রাম গুন গাথা, ভুজগরাজ ভূষন সুরনাথা ॥

দো ০১১৯ বন্দউঁ পদ ধরি ধরনি সিরু, বিনয় করুউঁ কর জোরি।
বরনহু রঘুবর বিসদ জসু, শ্রুতি সিদ্ধান্ত নিচোরি ॥
চৌ ০১ জদপি জোষিতা নহিঁ অধিকারী, দাসী মন ক্রম বচন তুহ্মারী।
গূঢ়উ তত্ত্ব ন সাধু দুরাবহিঁ, আরত অধিকারী জহঁ পাৱহিঁ ॥
" ২ অতি আরতি পূছউঁ সুররায়া, রঘুপতি কথা কহহু করি দায়া।
প্রথম সো কারণ কহহু বিচারী, নির্গুন ব্রহ্ম সগুন বপু ধারী ॥
" ৩ সুনি প্রভু কহহু রাম অৱতারা, বাল চরিত পুনি কহহু উদারা।
কহহু জথা জানকী বিবাহীঁ, রাজ তজা সো দূষণ কাহীঁ ॥
" ৪ বন বসি কীহ্নে চরিত অপারা, কহহু নাথ জিমি রাবন মারা।
রাজ বৈঠি কীহ্নীঁ বহু লীলা, সকল কহহু সঙ্কর সুখ সীলা ॥

দো ০১২০ বহুরি কহহু করুনায়তন, কীহ্ন জো অচরজ রাম।
প্রজা সহিত রঘুবঁস মনি, কিমি গৱনে নিজ ধাম ॥
চৌ ০১ পুনি প্রভু কহহু সো তত্ত্ব বখানী, জেহিঁ বিগ্যান মগন মুনি গ্যানী।
ভগতি গ্যান বিগ্যান বিরাগা, পুনি সব বরনহু সহিত বিভাগা ॥
" ২ ঔরউ রাম রহস্য অনেকা, কহহু নাথ অতি বিমল বিবেকা।
জো প্রভু মৈ পূছা নহিঁ হোঈ সোউ দয়ালু রাখহু জনি গোঈ ॥

চৌ ২ কল্পবৃক্ষ তরুতলে বাস করে যেবা, সে কি কভু করে থাকে দারিদ্রের সেবা।
বিচারি হৃদয়ে তব হে চন্দ্রশেখর, হরনাথ ভ্রান্তি যত মন হতে মোর ॥
" ৩ পরমার্থবাদী মুনি প্রভু সদা ক'ন, শ্রীরামচন্দ্রই ব্রহ্ম অদ্বিতীয় হ'ন।
শ্রুতি শেষ সরস্বতী অথবা পুরাণ, সর্বত্র করেন সবে রাম গুণগান ॥
" ৪ কামভস্মকারী' দেব তুমি দিন রাতে, রাম নাম কর জপ অতি আদরেতে।
অযোধ্যা নৃপতি সুত সেই কি তা'হলে, অথবা নির্গুণ অজ অলক্ষ্য যা বলে ॥
দো ১১৮ যদি রাজপুত্র তবে ব্রহ্ম সে কি হায়, পত্নীর বিরহে ঘোরে পাগলের প্রায়।
অথচ মহিমা তার শুনিয়া কিঞ্চিৎ, বুদ্ধি ভ্রম হয় মোর না বুঝি উচিত ॥
চৌ ১ যদি কেহ হয় বিভু ব্যাপক নিস্পৃহ, বুঝাইয়া কহ মোরে করি অনুগ্রহ।
জ্ঞানহীনা জানি মোরে করিওনা রোষ, মোহ মোর ঘোচে যা'তে কর আশুতোষ ॥
" ২ রামের মাহাত্ম্য পূর্বে দেখিয়াছি বনে, অতি ভয়ে তব কাছে রেখেছি গোপনে।
সে হেতু মলিন মনে বোধ নাহি মোর, উপযুক্ত ফলভোগ করিয়াছি ঘোর ॥
" ৩ এখনো সন্দেহ কিছু রহিয়াছে তবু, করজোড়ে ভিক্ষা মাগি কৃপা কর প্রভু।
অনেক অনেক শিক্ষা পেয়েছিনু আমি, সে কথা স্মরিয়া ক্রোধ করিওনা স্বামি ॥
" ৪ পূর্বের বিমোহ মোর নাহি এইক্ষণে, রাম কথা শুনিবারে রুচি জাগে মনে।
পুণ্য রামগুণ গাথা কহ সবিস্তারে, হে ফণিভূষণধারি মহাদেব মোরে ॥

দো ১১৯ প্রণমি চরণ ধরি' শিরে স্পর্শি ভূমি, করজোড়ে এ মিনতি প্রভু এবে তুমি।
রামগাথা সুনির্মল করহ বর্ণনা, শ্রুতির সিদ্ধান্ত সব করি আলোচনা ॥
চৌ ১ যদিও স্ত্রীজাতি আমি নহি অধিকারী, কায়মনোবাক্যে আমি দাসী যে তোমারি।
দীন অধিকারী যবে সাধু কাছে যায়, গূঢ় তত্ত্ব সাধু কভু না রাখে লুকায় ॥
" ২ অতি দীন যাচি আমি তুমি মহেশ্বর, রঘুপতি গাথা কহ দয়ার সাগর।
প্রথমে বুঝায় বল হয় কি প্রকারে, নির্গুণ ব্রহ্মের স্থিতি সগুণ আকারে ॥
" ৩ পুনঃ প্রভু কহ মোরে রাম অবতার, বাল্যের চরিত্র কহ যে কথা উদার॥
কহিও জানকী সাথে বিবাহ বন্ধন, কার দোষ রাজ্য ত্যাগরূপ অঘটন ॥
" ৪ বনবাস করিলেন চরিত উদার, কহ নাথ যে করিল রাবণ সংহার।
সিংহাসনে বসি পরে যত লীলা তার, সকল বৃত্তান্ত কহ শিব সুখাধার ॥

দো ১২০ কহ মোরে কৃপাধাম কে আশ্চর্য সেই, রঘুকুল শিরোমণি যাঁর তুল্য নাই।
অতঃপর প্রজা সাথে গেলেন কেমনে, অধিষ্ঠিত হইবারে তাঁর নিজ ধামে ॥
চৌ ১ কর প্রভু সেই তত্ত্ব বিস্তারে বর্ণন, যে বিশিষ্ট জ্ঞানে মগ্ন র'ন মুনিগণ।
বিজ্ঞান বৈরাগ্য জ্ঞান ভক্তি উপাসনা, পৃথক পৃথক ভাবে করহ বর্ণনা ॥
" ২ রামের চরিত্রে যাহা রহস্যে আবৃত, হে সচ্চিদানন্দ তাহা করহ বিবৃত।
যদি কিছু ভুলি আমি প্রশ্ন করিবারে, তাহাও বিবৃত কর গোপন না করে ॥

চৌ ৩ তুম্হ ত্রিভুবন গুরু বেদ বখানা, আন জীব পাঁবর কা জানা।
প্রশ্ন উমা কৈ সহজ সুহাঈ, ছল বিহীন সুনি সিব মন ভাঈ ॥
" ৪ হর হিয়ঁ রামচরিত সব আএ, প্রেম পুলক লোচন জল ছাএ।
শ্রীরঘুনাথ রূপ উর আবা, পরমানন্দ অমিত সুখ পাবা ॥
দো ০১২১ মগন ধ্যান রস দঁড জুগ, পুনি মন বাহের কীহ্ন।
রঘুপতি চরিত মহেস তব, হরষিত বরনৈ লীহ্ন ॥
চৌ ০১ ঝুঠেউ সত্য জাহি বিনু জানেঁ, জিমি ভুজঙ্গ বিনু রজু পহিচানেঁ।
জেহিঁ জানেঁ জগ জাঈ হেরাঈ, জাগেঁ জথা সপন ভ্রম জাঈ ॥
" ২ বন্দউঁ বালরূপ সোই রামূ, সব সিধি সুলভ জপত জিসু নামূ।
মঙ্গল ভবন অমঙ্গল হারী, দ্রবউ সো দসরথ অজির বিহারী ॥
" ৩ করি প্রনাম রামহি ত্রিপুরারী, হরষি সুধা সম গিরা উচারী।
ধন্য ধন্য গিরিরাজ কুমারী, তুম্হ সমান নহিঁ কোউ উপকারী ॥
" ৪ পূঁছেহু রঘুপতি কথা প্রসঙ্গা, সকল লোক জগ পাবনি গঙ্গা।
তুম্হ রঘুবীর চরন অনুরাগী, কীহ্নিহু প্রশ্ন জগত হিত লাগী ॥
দো ০১২২ রাম কৃপা তেঁ পারবতি, সপনেহুঁ তব মন মাহিঁ।
সোক মোহ সন্দেহ ভ্রম, মম বিচার কছু নাহিঁ
চৌ ০১ তদপি অসঙ্কা কীহ্নিহু সোঈ, কহত সুনত সব কর হিত হোঈ।
জিহ্ন হরিকথা সুনী কানা, শ্রবন রন্ধ্র অহিভবন সমানা ॥
" ২ নয়নহ্নি সন্ত দরস নহিঁ দেখা, লোচন মোর পঙ্খ কর লেখা।
রিসতে কটু তুম্বরি সম তূলা, জে ন নমত হরি গুর পদ মূলা ॥
" ৩ জিহ্ন হরি ভগতি হৃদয়ঁ নহি আনী, জীবত সব সমান তেই প্রানী।
জো নহি করই রামগুন গানা, জীহ সো দাহুর জীহ সমানা ॥
" ৪ কুলিস কঠোর নিঠুর সোঈ ছাতী, সুনি হরি চরিত ন জো হরষাতী।
গিরিজা সুনহু রাম কৈ লীলা, সুর হিত দনুজ বিমোহন সীলা ॥
দো ০১২৩ রাম কথা সুরধেনু সম, সেবত সবসুখ দানি।
সত সমাজ সুরলোক সব, কো ন সুনৈ অস জানি ॥
চৌ ০১ রাম কথা সুন্দর করতারী, সংসয় বিহগ উড়াব নিহারী।
রাম কথা কলি বিটপ কুঠারী, সাদর সুনু গিরিরাজ কুমারী ॥
" ২ রাম নাম গুন চরিত সুহাএ, জনম করম অগনিত শ্রুতি গাএ।
জথা অনন্ত রাম ভগবানা, তথা কথা কীরতি গুন গানা ॥
" ৩ তদপি জথা শ্রুত জসি মতি মোরী, কহিহউঁ দেখি প্রীতি অতি তোরী।
উমা প্রশ্ন তব সহজ সুহাঈ, সুখদ সন্ত সম্মত মোহি ভাঈ ॥

চৌ ৩ বেদেতে কথিত গুরু তুমি ত্রিভুবনে, অপর অধম জীব জানিবে কেমনে।
উমার সরল মনে ছলনা বিহীন, প্রশ্ন শুনি তুষ্ট শিব জ্ঞানে সমীচীন ॥

„ ৪ মনশ্চক্ষে শঙ্করের হল প্রতিভাত, শ্রীরামচন্দ্রের সেই অপার চরিত্র।
রোমাঞ্চিত হল গাত্র চক্ষে বহে নীর, রঘুনাথ রূপ হৃদে আনন্দে অধীর ॥

দো ১২১ দুই দণ্ড কাল ব্যাপি ধ্যানানন্দে রন, তৎপরে করেন শিব বহির্মুখ মন।
হৃষ্ট চিত্তে রঘুপতি চরিত্র মহান, আরম্ভ করেন তিনি করিতে বর্ণন ॥

চৌ ১ মিথ্যা সত্যে পরিণত যাঁহারে না জানি, রজ্জু যথা সর্প বলি ভ্রমবশে মানি।
যাঁহারে বিদিত হ'লে এ জগত ভ্রম, লুপ্ত হয় জাগ্রতের স্বপ্নভ্রম সম ॥

„ ২ বন্দি আমি বালরূপ সেই শ্রীরামেরে, যে নাম জপিলে সিদ্ধি সকল ব্যাপারে।
মঙ্গলের ধাম আর অমঙ্গলহারী, দশরথ অঙ্গনেতে যিনি ক্রীড়াচারী ॥

„ ৩ প্রণাম করিয়া রামে তবে ত্রিপুরারি, হর্ষান্বিত সুধা সম বচন উচ্চারি।
কহিলেন ধন্যা তুমি হে গিরি নন্দিনি, তব সম উপকারী কেহ নাহি জানি ॥

„ ৪ রঘুপতি প্রসঙ্গেতে যে প্রশ্ন তোমার, সর্বলোক হিতকারী গঙ্গা যে প্রকার।
রঘুবীর চরণেতে তুমি অনুরাগী, এ প্রশ্ন করেছো তুমি বিশ্বহিত লাগি ॥

দো ১২২ হে পার্বতি গিরি সুতা আমার বিচারে, রামকৃপা বশে কভু পশিতে না পারে।
তব মনে স্বপনেও ভুলভ্রান্তি আর, শোক মোহ সন্দেহের যতেক ব্যাপার ॥

চৌ ১ তথাপি তোমার মনে যে প্রশ্ন উদয়, কথনে শ্রবণে তাহা সর্ব হিত হয়।
হরি কথা শুনিবারে যেবা নাহি চায়, সর্প-গুহা সম তার কর্ণ রন্ধ্র হায় ॥

„ ২ যে নয়ন সাধু প্রতি দৃষ্টি নাহি দেয়, ময়ূরপুচ্ছেতে আঁকা নেত্র তার হয়।
শির তার তিক্ত শুষ্ক অলাবু প্রকার, হরি গুরু পদমূলে নতি নাই যার ॥

„ ৩ হরিভক্তি হৃদয়েতে নাহি দেয় স্থান, জীবিতাবস্থায় সে তো মৃতের সমান।
যেই জন নাহি করে রামগুণ গান, জিহ্বা তার দাদুরের জিহ্বার সমান ॥

„ ৪ হরি কথা শ্রবণেতে হরষিত নয়, কুলিশ কঠোর সম হয় সে হৃদয়।
হে গিরিজা শুন তুমি রামলীলা সব, দেবের কল্যাণকারী দৈত্য মোহোদ্ভব ॥

দো ১২৩ রামকথা শ্রবণ যে কামধেনু মত, সেবক জনের সদা সব সুখপ্রদ।
সাধুজনে দেবলোকে মানে ইহা সবে, এ জানিয়া শুনিবারে কেবা না চাহিবে ॥

চৌ ১ রামকথা সুমধুর যেন করতালি, সংশয় বিহঙ্গ সব উড়ি যায় চলি।
রাম কথা কলিবৃক্ষে কুঠারের প্রায়, হে গিরি নন্দিনি শুন সাদরে হৃদয় ॥

„ ২ শ্রুতিতে কীর্তন করে শ্রীরামচন্দ্রের, অগণিত গুণগাথা অপূর্ব ছন্দের।
যেরূপ অনন্ত হন রাম ভগবান, কর্ম কীর্তি গুণ গাথা তাহারি সমান ॥

„ ৩ তথাপি নির্দিষ্ট বাক্যে যাহা শুনিয়াছি, নিজ বুদ্ধি অনুসারে যাহা বুঝিয়াছি।
কহিব তোমার দেখি অনুরাগ প্রীতি, সুসঙ্গত প্রশ্ন তব তুষ্ট আমি অতি ॥

চৌ.৪ এক বাত নহিঁ মোহি সোহানী, জদপি মোহ বস কহেহু ভৱানী।
তুম্হ জো কহা রাম কেউ আনা, জেহি শ্রুতি গাৱ ধরহিঁ মুনি ধ্যানা।

দো ০১২৪ কহহিঁ সুনহিঁ অস অধম নর, গ্রসে জে মোহি পিসাচ।
পাখণ্ডী হরিপদ বিমুখ, জানহিঁ ঝুঠ ন সাচ॥

চৌ ০১ অগ্য অকোবিদ অন্ধ অভাগী, কাঈ বিষয় মুকুর মন লাগী।
লম্পট কপট কুটিল বিসেষী, সপনেহু সন্ত সভা নহিঁ দেখী॥

„ ২ কহহিঁ তে বেদ অসম্মত বাণী, জিহ্নকে সূঝ লাভু নহিঁ হানী।
মুকুর মলিন অরু নয়ন বিহীনা, রাম রূপ দেখহিঁ কিমি দীনা॥

„ ৩ জিহ্নকে অগুন ন সগুন বিবেকা, জল্পহিঁ কল্পিত বচন অনেকা।
হরি মায়া বস জগত ভ্রমাহীঁ, তিহ্নহি কহত কছু অঘটিত নাহীঁ॥

„ ৪ বাতুল ভূত বিবস মতৱারে, তেনহিঁ বোলহিঁ বচন বিচারে।
জিহ্ন কৃত মহামোহ মদ পানা, তিহ্ন কর কহা করিঅ, নহিঁ কানা॥

সো ০১৬ অস নিজ হৃদয়ঁ বিচারি, তজু সংসয় ভজু রাম পদ।
সুনু গিরিরাজ কুমারি, ভ্রম তম রবি কর বচন সম॥

চৌ ০১ সগুনহি অগুনহি নহিঁ কছু ভেদা, গাৱহিঁ সুনি পুরান বুধ বেদা।
অগুন অরূপ অলখ অজ জোঈ, ভগত প্রেম বস সগুন সো হোঈ॥

„ ২ জো গুন রহিত সগুন সোই কৈসে, জলু হিম উপল বিলগ নহিঁ জৈসে।
জাসু নাম ভ্রম তিমির পতঙ্গা, তেহি কিমি কহিঅ বিমোহ প্রসঙ্গা॥

„ ৩ রাম সচ্চিদানন্দ দিনেসা, নহিঁ তহঁ মোহ নিসা লৱলেসা
সহজ প্রকাসরূপ ভগৱানা, নহিঁ তহঁ পুনি বিগ্যান বিহানা॥

„ ৪ হরষ বিষাদ গ্যান অগ্যানা, জীৱ ধর্ম অহমিতি অভিমানা।
রাম ব্রহ্ম ব্যাপক জগ জানা, পরমানন্দ পরেস পুরানা॥

দো ০১২৫ পুরুষ প্রসিদ্ধ প্রকাস নিধি, প্রগট পরাবর নাথ।
রঘুকুলমনি মম স্বামি সোই, কহি সির নায়উ মাথ॥

চৌ ০১ নিজ ভ্রম নহিঁ সমুঝহিঁ অগ্যানী, প্রভু পর মোহ ধরহিঁ জড় প্রানী।
জথা গগন ঘন পটল নিহারী, ঝাঁপেউ ভানু কহহিঁ কুবিচারী॥

„ ২ চিতৱ জো লোচন অঙ্গুলি লাএঁ, প্রগট জুগল সসি তেহি কে ভাএঁ।
উমা রাম বিষইক অস মোহা, নভ তম ধূম ধূরি জিমি সোহা॥

„ ৩ বিষয় করন সুর জীৱ সমেতা, সকল এক তেঁ এক সচেতা।
সব কর পরম প্রকাসক জোঈ, রাম অনাদি অৱধপতি সোঈ॥

„ ৪ জগত প্রকাস্য প্রকাসক রামূ, মায়াধীস গ্যান গুন ধামূ।
জাসু সত্যতা তেঁ জড় মায়া, ভাস সত্য ইৱ মোহ সহায়া॥

চৌ ৪ তব এক বাক্য মোর ভাল লাগে নাই, মোহগ্রস্ত হয়েছিলে কহিয়াছ তাই।
তুমি যে বলিয়াছিলে অন্য সেই রাম, শ্রুতিতে কীর্তন যাঁর সদা মুনি ধ্যান ॥

দো ১২৪ পৈশাচিক মোহগ্রস্ত অধম যে জন, শোনে আর কহে সেই এরূপ বচন।
পাষণ্ড বিমুখ সে তো হরি চরণেতে, সত্য মিথ্যা জ্ঞান তার নাহি কোন মতে ॥

চৌ ১ বেদভ্রষ্ট মূর্খ অন্ধ হতভাগ্য দীন, মনের দর্পণ লেপা বিষয় মলিন।
কপট চরিত্রহীন বক্র স্বভাবের, স্বপ্নে নাহি ঘটে দেখা সাধু সমাজের ॥

" ২ কহে সদা বেদবিধি বিরুদ্ধ বচন, নিজ লাভ ক্ষতি যার নাহি নিরূপণ।
মলিনতা পূর্ণ মন দৃষ্টি লোপ যবে, রামরূপ সেই দীন কিরূপে দেখিবে ॥

" ৩ সগুণ ও নির্গুণের নাহি কোন জ্ঞান, কল্পনা প্রসূত কহে প্রলাপ বচন।
শ্রীহরির মায়া বশে জগতে ভ্রমণ, নহে কিছু অসম্ভব তাহার কথন ॥

" ৪ উন্মাদ বা প্রেতগ্রস্ত অথবা মাতাল, বিচার না করি কহে সদাই বেতাল।
মোহ মদ্য পানকারা তাহার বচনে, কর্ণপাত না করিও কভু হে অপর্ণে ॥

সো ১৬ এরূপ বিচার করি তব হৃদয়েতে, রামপদ ভজ তুমি নিঃসংশয় চিতে।
হে গিরি কুমারি শুন আমার বচন, তমে যথা সূর্য তথা ভ্রম বিদূরণ ॥

চৌ ১ সগুণ নির্গুণ মাঝে কিছু নাই ভেদ, গাহে মুনি পণ্ডিতেরা পুরাণ ও বেদ।
জন্মহীন নিরাকার অব্যক্ত নির্গুণ, সেই তো ভক্তের প্রেমে সাকার সগুণ ॥

" ২ নির্গুণ সগুণ হয় জানিবে কিরূপে, জল জমি' হিমশিলা হয় যেইরূপে।
যাঁর নামে মোহ নাশে তমঃ সূর্য যথা, তাঁহার সম্পর্কে মোহ কি শুনি এ কথা ॥

" ৩ সচ্চিদানন্দ রাম ভাস্কর সদাই, মোহ অন্ধকার তথা বিন্দুমাত্র নাই।
সহজ প্রকাশময় রাম ভগবান, নাহি সেথা তমনিশা প্রভাত বিজ্ঞান ॥

" ৪ জীব ধর্ম অহমিকা আর অভিমান, হরষ বিষাদ আর জ্ঞান ও অজ্ঞান।
সর্বব্যাপী ব্রহ্ম রাম আনন্দ পরম, পরম ঈশ্বর তিনি বিদিত ভুবন ॥

দো ১২৫ প্রসিদ্ধ পুরুষ যিনি প্রকাশ ভাণ্ডার, সব কার্য কারণের প্রভু সবাকার।
রঘুকুল শিরোমণি তিনি মোর নাথ, এত কহি নত করে শির ভূতনাথ ॥

চৌ ১ অজ্ঞান মানব নিজ ভ্রম নাহি দেখে, জড় প্রাণী নিজ মোহ প্রভু পরে রাখে।
ঘন ঘটা মেঘরাজি গগনে নেহারি, সূর্যাস্ত হয়েছে এবে ভাবে কুবিচারী ॥

" ২ নয়নে অঙ্গুলি ঠেলি যে করে দর্শন, যুগ্ম শশী আকাশেতে করে বিলোকন।
রাম প্রতি উমা এই মোহের সঞ্চার, নভে ধূম ধূলা তম দৃষ্টির বিকার ॥

" ৩ বিষয় ইন্দ্রিয় জীব অধিষ্ঠাতা সুর, একের সাহায্যে এক চেতনায় পুর।
পরম যে প্রকাশক এই সবাকার, অনাদি শ্রীরাম সেই রাজা অযোধ্যার ॥

" ৪ জগত প্রকাশমান প্রকাশক রাম, মায়াধীশ হন তিনি জ্ঞান গুণ ধাম।
যাঁর সত্তা গুণে হয় প্রতিভাত সব, সত্য রূপে মিথ্যা মায়া মোহের প্রভাব ॥

দো ০১২৬ রজত সীপ মহুঁ ভাস জিমি, জথা ভানু কর বারি।
জদপি মৃষা তিহুঁ কাল সোই, ভ্রম ন সকই কোউ টারি ॥

চৌ ০১ এহি বিধি জগ হরি আশ্রিত রহঈ, জদপি অসত্য দেত দুখ অহঈ।
জৌঁ সপনেঁ সির কাটৈ কোঈ, বিনু জাগেঁ ন দূরি দুখ হোঈ ॥

„ ২ জাসু কৃপাঁ অস ভ্রম মিটি জাঈ, গিরিজা সোই কৃপাল রঘুরাঈ।
আদি অন্ত কোউ জাসু ন পারা, মতি অনুমানি নিগম অস গারা ॥

„ ৩ বিনু পদ চলই সুনই বিনু কানা, কর বিনু করম করই বিধি নানা।
আনন রহিত সকল রস ভোগী, বিনু বানী বকতা বড় জোগী ॥

„ ৪ তন বিনু পরস নয়ন বিনু দেখা, গ্রহই ঘ্রান বিনু রাস অসেষা।
অসি সব ভাঁতি অলৌকিক করনী, মহিমা জাসু জাই নহিঁ বরনী ॥

দো ০১২৭ জেহি ইমি গারহিঁ বেদ বুধ, জাহি ধরহিঁ মুনি ধ্যান।
সোই দসরথ সুত ভগত হিত, কোসলপতি ভগৱান ॥

চৌ ০১ কাসী মরত জন্তু অৱলোকী, জাসু নাম বল করউঁ বিসোকী।
সোই প্রভু মোর চরাচর স্বামী, রঘুবর সব উর অন্তরজামী ॥

„ ২ বিবসহুঁ জাসু নাম নর কহহীঁ, জনম অনেক রচিত অঘ দহহীঁ।
সাদর সুমিরন জে নর করহীঁ, ভৱ বারিধি গোপদ ইৱ তরহীঁ ॥

„ ৩ রাম সো পরমাতমা ভৱানী, তহঁ ভ্রম অতি অবিহিত তৱ বানী।
অস সংসয় আনত উর মাহীঁ, গ্যান বিরাগ সকল গুন জাহীঁ ॥

„ ৪ সুনি সিৱ কে ভ্রম ভঞ্জন বচনা, মিটি গৈ সব কুতরক কৈ রচনা।
ভই রঘুপতি পদ প্রীতি প্রতীতী, দারুন অসম্ভাৱনা বীতী ॥

দো ০১২৮ পুনি পুনি প্রভুপদ কমল গহি, জোরি পঙ্করুহ পানি।
বোলীঁ গিরিজা বচন বর, মনহুঁ প্রেম রস সানি ॥

চৌ ০১ সসি কর সম সুনি গিরা তুম্হারী, মিটা মোহ সরদা তপ ভারী।
তুম্হ কৃপাল সবু সংসউ হরেউ, রাম স্বরূপ জানি মোহি পরেউ ॥

„ ২ নাথ কৃপা অব গয়উ বিষাদা, সুখী ভইউঁ প্রভু চরণ প্রসাদা।
অব মোহি আপনি কিঙ্করি জানী, জদপি সহজ জড় নারি অয়ানী ॥

„ ৩ প্রথম জো মৈঁ পূছা সোই কহহূ, জৌঁ মো পর প্রসন্ন প্রভু অহহূ।
রাম ব্রহ্ম চিনময় অবিনাসী, সর্ব রহিত সব উর পুর বাসী ॥

„ ৪ নাথ ধরেউ নরতনু কেহি হেতূ, মোহি সমুঝাই কহহু বৃষকেতূ।
উমা বচন সুনি পরম বিনীতা, রামকথা পর প্রীতি পুনীতা ॥

দো ১২৬ শুক্তি যথা রৌপ্য সম সূর্যের কিরণে, বারিভ্রম মরীচিকা মোহ আচ্ছাদনে।
ভূত ভবিষ্যতে আর বর্তমানকালে, মিথ্যা ইহা তবু নাহি বোঝে ত সকলে ॥

চৌ ১ এইরূপে এ জগত হরি মায়াশ্রয়, যদিও অসত্য সদা দুঃখ কষ্ট দেয়।
যেমন স্বপ্নের মাঝে শিরশ্ছেদ হলে, বিনা জাগরণে কেহ দুঃখ নাহি ভোলে ॥

„ ২ হে গিরিজা কৃপা যাঁর হলে ভ্রম কাটে, সেই তো শ্রীরামচন্দ্র রঘুরাজ বটে।
কেহ নাহি পায় আজো আদি অন্ত তাঁর, মতি অনুমানি এই শ্রুতিতে বিচার ॥

„ ৩ *সর্বত্র গমনশীল বিনা চরণেতে, কর্ণ বিনা সর্ব শ্রুতি যাঁর শ্রবণেতে।
হস্ত বিনা সর্ব কর্ম হয় সম্পাদন, সর্বরস ভোক্তা যিনি বিনা আস্বাদন ॥
আনন রহিত যিনি বক্তা সুচতুর, সর্বশ্রেষ্ঠ যোগী যিনি পরম মধুর ॥

„ ৪ *বিনা ত্বকে সর্বস্পর্শ যাঁর অনুভূতি, বিনা চক্ষে সর্বদৃশ্য হয় যে প্রতীতি।
সর্ব গন্ধ অনুভূতি ঘ্রাণেন্দ্রিয় বিনা, অলৌকিক মহিমার না যায় বর্ণনা ॥

দো ১২৭ এ হেন বর্ণন যাঁর বেদে প্রাজ্ঞজনে, মুনিগণ রূপ যাঁর ধ্যান করে মনে।
দশরথ সুত তিনি ভক্তের কল্যাণ, কোশলের অধীশ্বর রাম ভগবান ॥

চৌ ১ প্রাণীর মরণ হলে পুণ্য কাশীধামে, শোকহীন করি তারে সদা যাঁর নামে।
তিনিই আমার প্রভু চরাচর স্বামী, রঘুবর হন যিনি সর্ব অন্তর্যামী ॥**

„ ২ অবসন্ন হইয়াও যদি নাম লয়, শত জনমের পাপ হয় তার ক্ষয়।
সমাদরে জপে নাম যেই মহাশয়, এ ভব অর্ণব তার গোষ্পদের প্রায় ॥

„ ৩ হে ভবানি পরমাত্মা রাম রঘুপতি, তাঁর তরে ভ্রম তব অশোভন অতি।
এ সংশয় মন মাঝে হইলে উদয়, জ্ঞান ও বৈরাগ্য আদি গুণ নষ্ট হয় ॥

„ ৪ সংশয় ভঞ্জনকারী শিব বচনেতে, সকল কুতর্ক ঘোচে উমা মন হতে।
রঘুপতি পদে প্রীতি হইল প্রতীতি, দারুণ সন্দেহে হল সম্পূর্ণ বিরতি ॥

দো ১২৮ পুনঃ পুনঃ শিব পদ-পঙ্কজ স্পর্শিয়া, শ্রীকর কমল জুড়ি শিরে প্রণমিয়া।
প্রেম রসে সিক্ত করি মধুর বচনে, কহিতে লাগিল বাণী গিরিজা যতনে ॥

চৌ ১ শশীকর সম তব শীতল বাণীতে, শরৎ আতপ সম মোহ মোর চিতে।
মিটিয়াছে হে দয়াল সকল সংশয়, রামের স্বরূপ এবে চেকেছে হৃদয় ॥

„ ২ হে নাথ তোমার কৃপা নাশিছে বিষাদে, হয়েছি অতীব সুখী চরণ প্রসাদে।
যদিও স্বভাবে আমি মূর্খ জড় নারী, তথাপি তোমারি আমি অবলা কিঙ্করী।

„ ৩ প্রসন্ন হইয়া যদি থাক মোর প্রতি, প্রথমে যে প্রশ্ন মোর কহ বিশ্বপতি।
সত্য ইহা রামচন্দ্র চিন্ময় অব্যয়, স্বতন্ত্র ব্রহ্মই রন সকল হৃদয় ॥

„ ৪ নর দেহ রূপ তার ধারণ কি হেতু, বুঝাইয়া কহ মোরে এবে বৃষকেতু।
উমার বচন শুনি পরম বিনীত, রাম পদে প্রীতি দেখি এ অবিচলিত ॥

---

* গীতা—১৩/১৪ ১৮ ** পারায়ণ-সম্পূর্ণতা

দো ০১২৯ হিয়ঁ হরষে কামারি তব, সঙ্কর সহজ সুজান।
বহু বিধি উমহি প্রসংসি পুনি, বোলে কৃপানিধান ॥

সো ০১৭ সুনু সুভ কথা ভরানি, রামচরিতমানস বিমল।
কহা ভুসুণ্ডি বখানি, সুনা বিহগ নায়ক গরুড় ॥

„ ১৮ সো সম্বাদ উদার, জেহি বিধি ভা আগেঁ কহ।
সুনহু রাম অরতার, চরিত পরম সুন্দর অনঘ ॥

অবতারগ্রহণের কাল

„ ১৯ হরি গুন নাম অপার কথা রূপ অগনিত অমিত।
মৈঁ নিজ মতি অনুসার, কহউঁ উমা সাদর সুনহু ॥

চৌ ০১ সুনু গিরিজা হরিচরিত সুহাএ, বিপুল বিসদ নিগমাগম গাত্র।
হরি অরতার হেতু জেহি হোঈ, ইদমিত্থঁ কহি জাই ন সোঈ ॥

„ ২ রাম অতর্ক্য বুদ্ধি মন বানী, মত হমার অস সুনহি সয়ানী।
তদপি সন্ত মুনি বেদ পুরানা, জস কছু কহহিঁ স্বমতি অনুমানা ॥

„ ৩ তস মৈঁ সুমুখি সুনারউঁ তোহী, সমুঝি পরই জস কারন মোহী।
জব জব হোই ধরম কৈ হানী, বাঢ়হিঁ অসুর অধম অভিমানী ॥

„ ৪ করহিঁ অনীতি জাই নহিঁ বরনী, সীদহিঁ বিপ্র ধেনু সুর ধরনী।
তব তব প্রভু ধরি বিবিধ সরীরা, হরহিঁ কৃপানিধি সজ্জন পীরা ॥

দো ০১৩০ অসুর মারি থাপহিঁ সুরহু, রাখহিঁ নিজ শ্রুতি সেতু।
জগ বিস্তারহিঁ বিসদ জস, রাম জন্ম কর হেতু ॥

চৌ ০১ সোই জস গাই ভগত ভর তরহীঁ, কৃপাসিন্ধু জন হিত তনু ধরহীঁ।
রাম জনম কে হেতু অনেকা, পরম বিচিত্র এক তেঁ একা ॥

„ ২ জনম এক দুই কহউঁ বখানী, সারধান সুনু সুমতি ভরানী।
দ্বারপাল হরি কে প্রিয় দোউ, জয় অরু বিজয় জান সব কোউ ॥

„ ৩ বিপ্র শ্রাপ তেঁ দূনউ ভাঈ, তামস অসুর দেহ তিন্হ পাঈ।
কনককসিপু অরু হাটকলোচন, জগতবিদিত সুরপতি মদ মোচন ॥

„ ৪ বিজঈ সমর বীর বিখ্যাতা, ধরি বরাহ বপু এক নিপাতা।
হোই নরহরি দূসর পুনি মারা, জন প্রহ্লাদ সুজস বিস্তারা ॥

দো ০১৩১ ভএ নিসাচর জাই তেই, মহাবীর বলরান।
কুম্ভ করন রারন সুভট, সুর বিজঈ জগ জান ॥

দো ১২৯ মদন দহনকারী জ্ঞানী স্বভাবত, শঙ্কর হলেন চিতে অতি হর্ষান্বিত।
উমারে প্রশংসা করি বিবিধ প্রকারে, আরম্ভিলা কথা তাঁর শিব তারপরে ॥

নবাহ্ন পারায়ণ প্রথম বিশ্রাম

মাস পারায়ণ চতুর্থ বিশ্রাম

সো ১৭ শুনহ ভবানি তুমি অতি শুভ কথা, নির্মল মানস রাম চরিত বারতা।
বায়স ভুশুণ্ডি যাহা কহে সবিস্তারে, গরুড় বিহগ রাজ শোনে ভক্তিভরে ॥

„ ১৮ যে সংবাদ সর্বশ্রেষ্ঠ পরম উদার, কহিব সর্বাগ্রে আমি সেই সমাচার।
শুন রাম অবতার বৃত্তান্ত সকল, পরম সুন্দর যাহা নিষ্পাপ নির্মল ॥

অবতারগ্রহণের কাল

„ ১৯ শ্রীহরির নাম কথা শেষ নাই তার, রূপ গুণ সেইরূপ অমিত অপার।
কহিব নিজের বুদ্ধি বিবেচনা মত, সাদরে শ্রবণ কর হে উমা সতত ॥

চৌ ১ শুনহ গিরিজা হরি চরিত মহান, বিরাট নির্মল গাহে শ্রুতি ও পুরাণ।
হরি অবতার হেতু যে কারণে হয়, নিশ্চিত করিয়া তাহা বলা নাহি যায় ॥

„ ২ সুচতুরে শুন মোর মত কহিলাম, বুদ্ধি মন বাক্য দ্বারা অগম্য শ্রীরাম।
তবু সাধু মুনি আর বেদ ও পুরাণে, যা' কিছু কথিত স্বীয় বুদ্ধি অনুমানে ॥

„ ৩ হে সুমুখি শুনাইব তোমা তাহা হ'তে, যে কারণ বর্ণিয়াছে বুঝি বুদ্ধি মতে।
যখন যখন হয় গ্লানি ধরমেতে, জঘন্য অসুর হয় বৰ্দ্ধিত জগতে ॥

„ ৪ যে দুর্নীতি হয় তাহা না যায় বর্ণন, কষ্ট পায় ধেনু পৃথ্বি দেবতা ব্রাহ্মণ।
তখনি কৃপালু প্রভু নানা কলেবরে, মুক্তি দেন ক্লেশ হ'তে সজ্জন সবারে ॥

দো ১২০ অসুর বিধ্বংশ করি স্থাপি সুরগণে, নিজ শ্রুতি মর্যাদার ব্যাপৃত রক্ষণে।
সুনির্মল যশোগানে প্লাবিত জগত, রাম অবতার হয় কারণ এমত ॥

চৌ ১ সেই যশ গাহি ভক্ত উত্তীর্ণ সংসার, কৃপাসিন্ধু জনহিতে ধরেন আকার।
রামের জনম হেতু অনেক প্রকার, পরম বিচিত্র যত উপাখ্যান তার ॥

„ ২ তারি হতে দু'একটি শুনাব কাহিনী, মনোযোগ দিয়া শুন সুমতি ভবানি।
শ্রীহরির প্রিয় দুই দ্বারের রক্ষণে, জয় ও বিজয় নাম জানে সর্বজনে ॥

„ ৩ ব্রাহ্মণের অভিশাপে ভ্রাতা এই দুয়ে, তামস অসুর দেহ পরজন্মে পেয়ে।
হিরণ্যকশিপু আর হিরণাক্ষ নামে, ইন্দ্র গর্ব খর্ব করে বিদিত ত্রিধামে ॥

„ ৪ উভয়ে বিখ্যাত বীর নিপুন সমরে, বরাহ রূপেতে হরি একটি সংহারে।
নরসিংহ রূপে হরি বিনাশি অপরে, প্রহ্লাদের যশোগাথা ভুবনে বিস্তারে ॥

দো ১২১ দুই ভ্রাতা পরজন্মে জন্মিয়া আবার, অতিশয় পরাক্রান্ত বিক্রমে অপার।
রাবণ ও কুম্ভকর্ণ সমর কুশল, দেবজয়ী বিশ্বখ্যাত দুই মহাবল ॥

চৌ ০১ মুকুত ন ভএ হতে ভগৱানা, তীনি জনম দ্বিজ বচন প্ৰৱানা।
এক বার তিন্হকে হিত লাগী, ধরেউ সরীর ভগত অনুরাগী ॥
„ ২ কস্যপ অদিতি তহাঁ পিতু মাতা, দসরথ কৌসল্যা বিখ্যাতা।
এক কলপ এহি বিধি অৱতারা, চরিত পৱিত্র কিএ সংসারা ॥
„ ৩ এক কলপ সুর দেখি দুখারে, সমর জলন্ধর সন সব হারে।
সম্ভু কীন্হ সংগ্রাম অপারা, দনুজ মহাবল মরই ন মারা ॥
„ ৪ পরম সতী অসুরাধিপ নারী, তেহিঁ বল তাহি ন জিতহিঁ পুরারী।
দো ০১৩২ ছল করি টারেউ তাসু ব্রত, প্রভু সুর কারজ কীন্হ।
জব তেহিঁ জানেউ মরম তব, শ্রাপ কোপ করি দীন্হ ॥
চৌ ০১ তাসু শ্রাপ হরি দীন্হ প্রমানা, কৌতুকনিধি কৃপাল ভগৱানা।
তহাঁ জলন্ধর রাৱন ভয়উ, রন হিত রাম পরম পদ দয়উ ॥
„ ২ এক জনম কর কারন এহা, জেহি লগি রাম ধরী নরদেহা।
প্রতি অৱতার কথা প্রভু কেরী, সুনু মুনি বরনী কবিন্হ ঘনেরী ॥
„ ৩ নারদ শ্রাপ দীন্হ এক বারা, কলপ এক তেহি লগি অৱতারা।
গিরিজা চকিত ভঈঁ সুনি বানী, নারদ বিষ্নু ভগত পুনি গ্যানী ॥
„ ৪ কারন করন শ্রাপ মুনি দীন্হা, কা অপরাধ রমাপতি কীন্হা।
য়হ প্রসঙ্গ মোহি কহহু পুরারী, মুনি মন মোহ আচরজ ভারী ॥
দো ০১৩৩ বোলে বিহসি মহেস তব, গ্যানী মূঢ় ন কোই।
জেহি জস রঘুপতি করহিঁ জব, সো তস তেহি ছন হোই ॥
সো ০২০ কহউঁ রাম গুন গাথ, ভরদ্বাজ সাদর শুনহু।
ভৱ ভঞ্জন রঘুনাথ, ভজু তুলসী তজি মান মদ ॥
চৌ ০১ হিমগিরি গুহা একা অতি পাৱনি, বহ সমীপ সুরসরী সুহাৱনি।
আশ্রম পরম পুনীত সুহাৱা, দেখি দেৱরিষি মন অতি ভাৱা ॥
„ ২ নিরখি সৈল সরি বিপিন বিভাগা, ভয়উ রমাপতি পদ অনুরাগা।
সুমিরত হরিহি শ্রাপ গতি বাধী, সহজ বিমল মন লাগি সমাধী ॥
„ ৩ মুনি গতি দেখি সুরেস ডেরানা, কামহি বোলি কীন্হ সনমানা।
সহিত সহায় জাহু মম হেতূ, চলেউ হরষি হিয়ঁ জলচর কেতূ ॥
„ ৪ সুনাসীর মন মহুঁ অসি ত্রাসা, চহত দেৱরিষি মম পুর বাসা।
জে কামী লোলুপ জগ মাহীঁ, কুটিল কাক ইৱ সবহি ডেরাহীঁ ॥
দো ০১৩৪ সূখ হাড় লৈ ভাগ সঠ, স্বান নিরখি মৃগরাজ।
ছীনি লেই জনি জান জড়, তিমি সুরপতিহি ন লাজ ॥

চৌ ১ হরি হস্তে হ'য়ে হত তবু মুক্তি নাই, ব্রাহ্মণের অভিশাপে তিন জন্ম তাই ।
রাক্ষস জনম লভে হিতে ইহাদেরি, একবার জন্ম ল'ন ভক্তপ্রেমী হরি ॥

„ ২ কশ্যপ অদিতি তাঁর পিতা মাতা হন, দশরথ কৌশল্যাতে বিদিত ভুবন ।
এক কল্পে এইরূপে জন্ম লন হরি, জগতে পবিত্র লীলা পরিব্যাপ্ত করি ॥

„ ৩ এক কল্পে দেখি দুঃখ সব দেবতারি, জলন্ধর রাক্ষসের সাথে যুদ্ধে হারি ।
শঙ্কর প্রবল যুদ্ধ করিয়াও তারে, আহত করিয়া তবু নাশিতে না পারে ॥

„ ৪ অসুরাধিপতির পত্নী সতী সাধ্বী বটে, তারি তেজে শঙ্করের জয় নাহি ঘটে ॥

দো ১৩২ ছলনা করিয়া তার ব্রতভঙ্গ করি, দেব কার্য সমাধান করিলেন হরি ।
যখনি জানিল সাধ্বী ছলনা তাঁহার, অভিশাপ দেন তাঁরে ক্রোধেতে অপার ॥

চৌ ১ লীলার নিধান প্রভু দয়ার আধার, শিরোধার্য করিলেন অভিশাপ তার ।
পরজন্মে জলন্ধর রাবণের বেশে, রাম হস্তে মৃত্যু লভি মুক্তি পায় শেষে ॥

„ ২ ইহাই কারণ হয় এক জনমের, যে হেতু নরের দেহ ধারণ রামের ।
প্রতি অবতার কথা কহে জ্ঞানীজনে, যাজ্ঞবল্ক্য ঋষি কহে ভরদ্বাজ শোনে ॥

„ ৩ একদা নারদ দেন অভিশাপ তাঁরে, এক কল্পে অবতার হন তারি তরে ।
চকিত বিস্মিত হ'য়ে উমা কহে শুনি, বিষ্ণু ভক্ত মহাজ্ঞানী যে নারদ মুনি ॥

„ ৪ অভিশাপ সেই মুনি দেন কি কারণে, রমাপতি অপরাধ করেন কেমনে ।
কহ ত্রিপুরারি সেই প্রসঙ্গ বিস্তার, নারদের মনে মোহ এ কি চমৎকার ॥

দো ১৩৩ স্মিতহাস্যে অতঃপর কহেন মহেশ, মূর্খ জ্ঞানী কেহ নাহি হয় সবিশেষ ।
যখনি করেন যারে যাহা রঘুপতি, সে মুহূর্তে তার হয় সেইরূপ মতি ॥

সো ২০ রামগুণ গাথা গাহে যাজ্ঞবাল্ক্যমুনি, পরম আনন্দ পান ভরদ্বাজ শুনি ।
ভব ভয় নাশকারী রাম গুণবান, ভণয়ে তুলসী শুন ত্যজি গর্ব মান ॥

চৌ ১ সুপবিত্র গুহা এক হিমালয় শিরে, মনোরম গঙ্গা নদী পাশে বহে ধীরে ।
পরম পবিত্র এক দেখিয়া আশ্রম, দেবর্ষি নারদ অতি হর্ষান্বিত মন ॥

„ ২ পর্বত কান্তার নদী বিচিত্র বিভাগ, দেখি বিষ্ণু পদে হল অতি অনুরাগ ।
হরিকে স্মরণ মাত্র দক্ষ শাপ গতি, রুদ্ধ হ'য়ে প্রাপ্ত হন বিমল সমাধি ॥*

„ ৩ ইন্দ্রের সন্ত্রাস হল সমাধি দেখিয়া, সসম্মানে কামদেবে কহেন ডাকিয়া ।
সঙ্গীসহ যাও সেথা তুমি মোর হেতু, অতি হর্ষান্বিত চিতে চলে মীনকেতু ॥

„ ৪ ইন্দ্রের মনেতে হল এইরূপ ত্রাস, দেবর্ষির মন মাঝে ইন্দ্ররাজ্য আশ ।
কামনা লোলুপ যারা এ জগতময়, কুটিল বায়স প্রায় সব হতে ভয় ॥

দো ১৩৪ শুষ্ক অস্থি মুখে ল'য়ে বঞ্চক কুক্কুর, পলায়ন করে দেখি সিংহ পশুস্বর ।
ভাবে মূর্খ সিংহ বুঝি লবে ছিনাইয়া, ইন্দ্রে দেখি সেইরূপ লজ্জাহীন হিয়া ॥

---

* দক্ষ নারদকে শাপ দিয়াছিল 'যাযাবর বৃত্তি' হইবে, বিষ্ণুপদে অনুরাগ হওয়ায় তাহা খণ্ডন হইল

চৌ ০১ তেহি আশ্রমাহিঁ মদন জব গয়উ, নিজ মায়াঁ বসন্ত নিরময়উ।
কুসুমিত বিবিধ বিটপ বহু রঙ্গা, কূজহিঁ কোকিল গুঞ্জহিঁ ভৃঙ্গা॥
” ২ চলী সুহাৱনি ত্রিবিধ বয়ারী, কাম কৃসানু বঢ়াৱনিহারী।
রম্ভাদিক সুরনারি নবীনা, সকল অসমসর কলা প্রবীনা॥
” ৩ করহিঁ গান বহু তান তরঙ্গা, বহুবিধি ক্রীড়হিঁ পানি পতঙ্গা।
দেখি সহায় মদন হরষানা, কীহ্নেসি পুনি প্রপঞ্চ বিধি নানা॥
” ৪ কাম কলা কছু মুনিহি ন ব্যাপী, নিজ ভয়ঁ ডরেউ মনোভর পাপী।
সীম কি চাঁপি সকই কোউ তাসূ, বড় রখৱার রমাপতি জাসূ॥

দো ০১৩৫ সহিত সহায় সভীত অতি, মানি হারি মন মৈন।
গহেসি জাই মুনি চরন তব, কহি কুঠি আরত বৈন॥

চৌ ০১ ভয়উ ন নারদ মন কছু রোষা, কহি প্রিয় বচন কাম পরিতোষা।
নাই চরন সিরু আয়সু পাঈ, গয়উ মদন তব সহিত সহাঈ॥
” ২ মুনি সুসীলতা আপনি করনী, সুরপতি সভাঁ জাই সব বরনীঁ।
সুনি সব কেঁ মন অচরজু আৱা, মুনিহি প্রসংসি হরিহি সিরু নাৱা॥

নারদের গর্ব ও মায়ার প্রভাব

” ৩ তব নারদ গৱনে সিৱ পাহীঁ জিতা কাম অহমিতি মন মাহীঁ।
মার চরিত সঙ্করহি সুনাএ, অতিপ্রিয় জানি মহেস সিখাএ॥
” ৪ বার বার বিনৱউঁ মুনি তোহী, জিনি য়হ কথা সুনায়হু মোহী।
তিমি জনি হরিহি সুনারহু কবহূঁ, চলেহুঁ প্রসঙ্গা দুরাএহু তবহূ॥

দো ০১৩৬ সম্ভু দীহ্ন উপদেস হিত, নহিঁ নারদহি সোহান।
ভরদ্বাজ কৌতুক সুনহু, হরি ইচ্ছা বলৱান॥

চৌ ০১ রাম কীহ্ন চাহহিঁ সোই হোঈ, করৈ অন্যথা অস নহিঁ কোঈ।
সম্ভু বচন মুনি মন নহিঁ ভাএ তব বিরঞ্চিকে লোক সিধাএ॥
” ২ একবার করতল বর বীনা, গারত হরি গুন গান প্রবীনা।
ছীরসিন্ধু গৱনে মুনিনাথা, জহঁ বস শ্রীনিৱাস শ্রুতিমাথা॥
” ৩ হরষি মিলে উঠি রমানিকেতা, বৈঠে আসল রিষিহি সমেতা।
বোলে বিহসি চরাচর রায়া, বহুতে দিনন কীহ্নি মুনি দায়া॥
” ৪ কাম চরিত নারদ সব ভাষে, জদ্যপি প্রথম বরজি সিৱঁ রাখে।
অতি প্রচণ্ড রঘুপতি কৈ মায়া, জেহি ন মোহ অস কো জগ জায়া॥

দো ০১৩৭ রূখ বদন করি বচন মৃদু, বোলে শ্রীভগৱান।
তুম্হরে সুমিরন তেঁ মিটহিঁ, মোহ মার মদ মান॥

চৌ ১ সে আশ্রমে পঞ্চশর যবে উত্তরিলা, নিজ মায়া বিস্তারিয়া বসন্ত সৃজিলা।
কুসুমিত বহু বর্ণে তরুশ্রেণী সব, ভ্রমর গুঞ্জন আর ওঠে কুহুরব॥
" ২ শীতল সুগন্ধ মৃদু ত্রিবিধ পবন, প্রবাহিত হল করি কামাগ্নি বর্দ্ধন।
রম্ভা আদি সুন্দরীরা স্বর্গের অপ্সরা, কামকলা পারদর্শী সকলেই তারা॥
" ৩ তান লয় সমন্বয়ে আরম্ভিলা গীত, নৃত্য করে নানাবিধ হস্ত লীলায়িত।
সহায় সম্পূর্ণ দেখি কাম হরষিত, তার মায়াজাল পুনঃ করে বিস্তারিত॥
" ৪ কামছলা বিচলিত নাহি করে মুনি, কামদেব ত্রস্ত অতি অপরাধ গণি।
পারে কি টলাতে কেহ মর্যাদা তাহার, রক্ষক স্বয়ং নিজে রমাপতি যার॥

দো ১২৫ অতিশয় ভীত হ'য়ে সহচর সাথে, নিজ পরাজয় মানি কাম নত মাথে।
আর্ত দীন পরাভূত মধুর বচনে, মুনির চরণ তলে ক্ষমা মাগে মনে॥

চৌ ১ নারদের মনে নাহি জাগে কোন রোষ, প্রিয় বাক্যে মদনেরে করে পরিতোষ।
চরণেতে রাখি শির লইয়া আদেশ, সসঙ্গী মদন ত্যাগ করে সেই দেশ॥
" ২ মুনির চরিত্র আর নিজ কর্ম কথা, ইন্দ্রের সভায় গিয়া দিল সে বারতা।
আশ্চর্য হইল সবে শুনি সে বর্ণনা, মুনিরে প্রশংসি করে বিষ্ণুর বন্দনা॥

নারদের গর্ব ও মায়ার প্রভাব

" ৩ তখন নারদ চলে শিব সন্নিধানে, কাম জয় করি গর্ব হয় মুনি মনে।
মদনের পরাজয় শুনাল শঙ্করে, অতি প্রিয় জানি শিব শিক্ষা দেন তারে॥
" ৪ বার বার করি মুনি বিনতি তোমারে, কাম জয় যে প্রকারে শুনাইলে মোরে।
তাহা যেন শ্রীহরিরে শুনাওনা কভু, প্রসঙ্গ উঠিলে কোরো গোপনতা তবু॥

দো ১২৬ শঙ্কর দিলেও তারে হিত উপদেশ, নারদের মনঃপূত না হয় বিশেষ।
শুন ভরদ্বাজ তুমি কৌতুক লীলার, হরি ইচ্ছা বলবতী ব্যাপিয়া সংসার॥

চৌ ১ শ্রীরামের যাহা ইচ্ছা হইবে তাহাই, অন্যথা তাহার করে বিশ্বে কেহ নাই।
শিব বাক্য হয় নাই মনের মতন, ব্রহ্মলোকে নারদের প্রস্থান তখন॥
" ২ একদা হস্তেতে বীণা গীত বিশারদ, হরিগুণ গান মুখে দেবর্ষি নারদ।
ক্ষীরোদ সাগরশায়ী শ্রুতি শিরোমণি, বিষ্ণুর আবাস স্থানে চলেন আপনি॥
" ৩ দেখিয়া আনন্দ চিত্তে উঠি নারায়ণ, করেন মুনির সাথে আসন গ্রহণ।
স্মিত হাস্যে কহিলেন জগত ঈশ্বর, কৃপা করি এলে মুনি বহুদিন পর॥
" ৪ বর্ণন করেন মুনি চরিত্র কামের, যদিও কহিতে মানা ছিল শঙ্করের।
অতীব প্রচণ্ড মায়া শ্রীরঘুপতির, কে আছে জগত মাঝে মোহ মুক্ত ধীর॥

দো ১২৭ গাম্ভীর্য সহিত মৃদু বচনে শ্রীহরি, কহিলেন নারদেরে অতি স্পষ্ট করি।
তোমারে স্মরণ করি ল'য়ে তব নাম, বিদূরিত হয় মান মদ মোহ কাম॥

চৌ ০১ সুনু মুনি মোহ হোই মন তাকেঁ, গ্যান বিরাগ হৃদয় নহিঁ জাকেঁ।
ব্রহ্মচরজ ব্রত রত মতিধীরা, তুম্হহি কি করই মনোভব পীরা ॥
" ২ নারদ কহেউ সহিত অভিমানা, কৃপা তুম্হারি সকল ভগবানা।
করুনানিধি মন দীখ বিচারী, উর অঙ্কুরেউ গরব তরু ভারী॥
" ৩ বেগি সো মৈঁ ডারিহউঁ উখারী, পন হমার সেবক হিতকারী।
মুনি কর হিত মম কৌতুক হোঈ, অবসি উপায় করবি মৈঁ সোঈ ॥
" ৪ তব নারদ হরিপদ সির নাঈ, চলে হৃদয়ঁ অহমিতি অধিকাঈ।
শ্রীপতি নিজ মায়া তব প্রেরী, সুনহু কঠিন করনী তেহি কেরী ॥

দো ০১৩৮ বিরচেউ মগ মহুঁ নগর তেহিঁ, সত জোজন বিস্তার।
শ্রীনিবাসপুর তেঁ অধিক, রচনা বিবিধ প্রকার ॥

চৌ ০১ বসহি নগর সুন্দর নর নারী, জনু বহু মনসিজ রতি তনুধারী।
তেহিঁ পুর বসই সীলনিধি রাজা, অগনিত হয় গয় সেন সমাজা ॥
" ২ সত সুরেস সম বিভব বিলাসা, রূপ তেজ বল নীতি নিবাসা।
বিস্বমোহনি তাসু কুমারী, শ্রীবিমোহ জিসু রূপু নিহারী ॥
" ৩ সোই হরিমায়া সব গুন খানী, সোভা তাসু কি জাই বখানী।
করই স্বয়ম্বর সো নৃপবালা, আএ তহঁ অগনিত মহিপালা ॥
" ৪ মুনি কৌতুকী নগর তেহিঁ গয়ঊ, পুরবাসিন্হ সব পূছত ভয়ঊ।
সুনি সব চরিত ভূপগৃহঁ আএ, করি পূজা নৃপ মুনি বৈঠাএ।

দো ০১৩৯ আনি দেখাঈ নারদহি, ভূপতি রাজকুমারি।
কহহু নাথ গুন দোষ সব, এহি কে হৃদয়ঁ বিচারি ॥

চৌ ০১ দেখি রূপ মুনি বিরতি বিসারী, বড়ী বার লগি রহে নিহারী।
লচ্ছন তাসু বিলোকি ভুলানে, হৃদয়ঁ হরষ নহিঁ প্রগট বখানে ॥
" ২ জো এহি বরই অমর সোই হোঈ, সমরভূমি তেহি জীত ন কোঈ।
সেবহিঁ সকল চরাচর তাহী, বরই সীলনিধি কন্যা জাহী ॥
" ৩ লচ্ছন সব বিচারি উর রাখে, কছুক বনাই ভূপ সব ভাষে।
সুতা সুলচ্ছন কহি নৃপ পাহীঁ, নারদ চলে সোচ মগ মাহীঁ ॥
" ৪ করৌঁ জাই সোই জতন বিচারী, জেহি প্রকার মোহি বরৈ কুমারী।
জপ তপ কছু ন হোই তেহি কালা, হে বিধি মিলই কবন বিধি বালা ॥

দো ০১৪০ এহি অবসর চাহিঅ পরম, সোভা রূপ বিসাল।
জো বিলোকি রীঝৈ কুঅঁরি, তব মেলৈ জয় মাল ॥

চৌ ০১ হরি সন মাগৌঁ সুন্দরতাঈ, হোইহি জাত গহরু অতি ভাঈ।
মোরেঁ হিত হরি সম নহিঁ কোঊ, এহি অবসর সহায় সোই হোঊ ॥

চৌ ১ শুনহ নারদ হয় মনে মোহ তারি, জ্ঞান ও বৈরাগ্য নাহি হৃদয়ে যাহারি।
ব্রহ্মচর্য ব্রতী ধীর এরূপ তোমারে, মদন কি কোন মতে পীড়া দিতে পারে॥
" ২ নারদ কহিল তবে মনে অভিমান, সকলি তোমার কৃপা জানি ভগবান।
কৃপাসিন্ধু কাছে মুনি মন উদ্ভাসিত, দর্প তরু নারদের মনে অঙ্কুরিত॥
" ৩ এ অঙ্কুর উৎপাটন করিবই ত্বরা, সেবকের উপকার মোর পণ করা।
মুনির হইবে হিত মোর হবে লীলা, অবশ্য উপায় কিছু করি এই বেলা॥
" ৪ হরি পদে শির রাখি নারদ তখন, স্থান ত্যাগ করে ল'য়ে অহঙ্কত মন।
শ্রীপতি প্রেরণ করে নিজ মায়া সাথে, শুন মুনি কি দুঃসাধ্য কর্ম হয় তাতে॥
দো ১৩৮ সে মায়া নির্মাণ করে, পথিমধ্যে এক, সুরম্য নগর ব্যাপি যোজন শতেক।
নির্মাণ কৌশলে তার বিবিধ প্রকার, বৈকুণ্ঠ অপেক্ষা শোভা বিচিত্র তাহার॥
চৌ ১ নগরে বসতি করে বর নর নারী, মনে হয় যেন কাম রতি দেহধারী।
সে নগরে শীলনিধি রাজার বসতি, অগণিত গজ অশ্ব সৈন্যের সম্পত্তি॥
" ২ শত ইন্দ্র সম তার বৈভব বিলাস, রূপ তেজ বল বীর্য নীতির নিবাস।
বিশ্ব মোহিনী ছিল তনয়া তাহার, কমলাও মুগ্ধ হন রূপ দেখি যার॥
" ৩ হরি মায়া সৃষ্ট কন্যা সর্ব গুণাকর, ব্যক্ত করা সেই শোভা সাধ্য আছে কার।
স্বয়ম্বরা হইবেন সে নৃপ দুহিতা, অগণিত মহীপতি উপস্থিত সেথা॥
" ৪ সে মায়া নগরী মাঝে মুনি যবে আসে, পুরবাসী হতে সব বৃত্তান্ত জিজ্ঞাসে।
শুনিয়া সকল বার্তা আসে নৃপ ধামে, পাদ্য অর্ঘ দিয়া রাজা মুনিরে প্রণামে॥

দো ১৩৯ রাজকুমারীরে সেথা আনিয়া তখন, নারদের সন্নিধানে কহেন রাজন।
হে নাথ কন্যার সব দোষ আর গুণ, মনেতে বিচারি কৃপা করিয়া বলুন॥
চৌ ১ দেখিয়া কন্যার রূপ বৈরাগ্য ভুলিয়া, নির্নিমেষে দেখে মুনি চক্ষু বিস্তারিয়া।
কন্যা সুলক্ষণা দেখি আপনা বিস্মৃত, প্রকাশ না করে হৃদে হর্ষ উপজিত॥
" ২ যে করে বরণ এবে চীরঞ্জীব হবে, সমরে হইবে শত্রু পরাভূত সবে।
শীলনিধি কন্যা যারে করিবে বরণ, চরাচরে সবে তার সেবিবে চরণ॥
" ৩ লক্ষণ বিচার সব মনমধ্যে রহে, কিঞ্চিৎ রচনা করি ভূপতিরে কহে।
কন্যা তব সুলক্ষণা এতেক কহিয়া, নারদ কহেন উঠি চিন্তাগ্রস্ত হিয়া॥
" ৪ এখন যাইয়া করি যতনে বিচার, কি রূপে করিবে কন্যা বরণ আমার।
জপ তপে কোন ফল হবে না এ স্থানে, হে বিধাতঃ কোন মতে পাব সুলক্ষণে॥

দো ১৪০ এ সময়ে প্রয়োজন পরম শোভার, আর সেই রূপ যাতে সৌন্দর্য বিস্তার।
যাহার দর্শনে হবে বিমুগ্ধা কুমারী, জয়মাল্য মিলিবেই কণ্ঠেতে আমারি॥
" ১ মাগিব সৌন্দর্য তাঁর রমানাথ হতে, বিলম্ব হইবে এবে তাঁর কাছে যেতে।
বিষ্ণু সম কেহ মোর হিতকারী নাই, উপস্থিত তাঁরি কাছে প্রার্থনা জানাই॥

চৌ ২ বহুবিধি বিনয় কহি তেহি কালা, প্রগটেউ প্রভু কৌতুকী কৃপাল।
প্রভু বিলোকি মুনি নয়ন জুড়ানে, হোইহি কাজু হিএঁ হরষানে॥
” ৩ অতি আরতি কহি কথা সুনাঈ, করহু কৃপা করি হোহু সহাঈ।
আপন রূপ সেহু প্রভু মোহী, আন ভাঁতি নহিঁ পারৌঁ ওহী॥
” ৪ জেহি বিধি নাথ হোই হিত মোরা, করহু বেগি দাস মৈঁ তোরা।
নিজ মায়া বল দেখি বিসালা, হিয়ঁ হঁসি বোলে দীন দয়ালা॥
দো ০১৪১ জেহি বিধি হোইহি পরম হিত, নারদ সুনহু তুম্হার।
সোই হম করব ন আন কছু, বচন ন মৃষা হমার॥
চৌ ০১ কুপথ মাগ রুজ ব্যাকুল রোগী, বৈদন দেই সুনহু মুনি জোগী।
এহি বিধি হিত তুম্হার মৈঁ ঠয়উ, কহি অস অন্তর হিত প্রভু ভয়উ॥

বিশ্বমোহিনীর স্বয়ম্বর

” ২ মায়া বিবস ভএ মুনি মূঢ়া, সমুঝী নহিঁ হরি গিরা নিগূঢ়া।
গয়নে তুরত তহাঁ রিষিরাঈ, জহাঁ স্বয়ম্বর ভূমি বনাঈ॥
” ৩ নিজ নিজ আসন বৈঠে রাজা, বহু বনাব করি সহিত সমাজা।
মুনি মন হরষ রূপ অতি মোরেঁ, মোহি তজি আনহি বরিহি ন ভোরেঁ॥
” ৪ মুনি হিত কারন কৃপানিধানা, দীন্হ কুরূপণ-জাই বখানা।
সো চরিত্র লখি কাহুঁ ন পারা, নারদ জানি সবহিঁ সির নারা॥
দো ০১৪২ রহে তহাঁ দুই রুদ্র গন, তে জানহিঁ সব ভেউ।
বিপ্রবেষ দেখত ফিরহিঁ, পরম কৌতুকী তেউ॥
চৌ ০১ জেহিঁ সমাজ বৈঠে মুনি জাঈ, হৃদয়ঁ রূপ অহমিতি অধিকাঈ।
তহঁ বৈঠে মহেস গন দোউ, বিপ্রবেষ গতি লখই ন কোউ॥
” ২ করহিঁ কুটি নারদহি সুনাঈ, নীকি দীন্হি হরি সুন্দরতাঈ।
রীঝিহি রাজকুঅঁরি ছবি দেখী, ইন্হহি বরিহি হরি জানি বিসেষী॥
” ৩ মুনিহি মোহ মন হাথ পরাএঁ, হঁসহি সম্ভু গন অতি সচু পাএঁ।
জদপি সুনহিঁ মুনি অটপটি বানী, সমুঝি ন পরই বুদ্ধি ভ্রম সানী॥
” ৪ কাহুঁ ন লখা সো চরিত বিসেষা, সো সরূপ নৃপকন্যাঁ দেখা।
মর্কট বদন ভয়ঙ্কর দেহী, দেখত হৃদয়ঁ ক্রোধ ভা তেহী॥
দো ০১৪৩ সখীঁ সঙ্গ লৈ কুঅঁরি তব, চলি জনু রাজমরাল।
দেখত ফিরই মহীপ সব, কর সরোজ জয়মাল॥
চৌ ০১ জেহি দিসি বৈঠে নারদ ফুলী, সো দিসি তেহিঁ ন বিলোকী ভূলী।
পুনি পুনি মুনি উকসহিঁ অকুলাহীঁ, দেখি দসা হর গন মুসুকাহীঁ॥

চৌ ২ তখন হরিরে করে বিবিধ মিনতি, অবতীর্ণ লীলাপ্রিয় প্রভু কৃপা মতি।
দেখি তাঁরে দেবর্ষির জুড়াল নয়ন, কার্যসিদ্ধি হবে মানি হরষিত মন ॥
" ৩ দীন ভাবে কহে তারে সকল ব্যাপার, কৃপা করি সহায়তা করুন আমার।
আপনার রূপ কান্তি দিন মোরে প্রভু, অন্য রূপে সে কন্যারে পাইবনা কভু ॥
" ৪ যে রূপে মঙ্গল মোর হইবে সাধিত, সত্বর করুন দেব এ দাসে বাধিত।
নিজ মায়া-বল দেখি অতীব বিশাল, হাস্য করি মনে মনে কহেন দয়াল ॥
দো ১৪১ হে নারদ শুন তবে কহিনু তোমারে, পরম কল্যাণ তব সিদ্ধ হতে পারে।
এমনি করিব আমি আর কিছু নয়, আমার বচন কভু ব্যর্থ নাহি হয় ॥
চৌ ১ কুপথ্য প্রার্থনা করে রোগক্লিষ্ট রোগী, বৈদ্য তাহা নাহি দেয় শুন মুনি যোগী।
এ প্রকারে করিয়াছি স্থির তব হিত, এত কহি নারায়ণ হন অন্তর্হিত ॥

বিশ্বমোহিনীর স্বয়ম্বর

" ২ মায়াতে বিবস মুনি হ'য়ে মূঢ়মতি, নাহি বোঝে শ্রীহরির বাক্য গূঢ় অতি।
চলেন ত্বরিত গতি সেথা ঋষিবর, যেথায় নির্মিত সভা হবে স্বয়ম্বর ॥
" ৩ নিজ নিজ আসনেতে নৃপতিরা সাজে, অতীব সজ্জিত হ'য়ে নৃপতি সমাজে।
মুনি মনে হর্ষ জাগে রূপবান মোরে, ত্যজিয়া ভ্রমেও কন্যা বরিবেনা কারে ॥
" ৪ মুনির কল্যাণ লাগি কৃপার নিধান, দেছেন কুরূপ তারে না যায় বাখান।
শ্রীহরির লীলা আর কেহ বোঝে না ত, নারদে জানিয়া সবে শির করে নত ॥
দো ১৪২ উপস্থিত ছিল সেথা প্রমথেরা দুই, তাহারা জানিত হরি-লীলার সবই।
বিপ্র বেশে সব দেখি করিছে ভ্রমণ, অতীব কৌতুক প্রিয় তারা দুইজন ॥
চৌ ১ যেই স্থানে মুনিবর রূপ অহঙ্কারে, বসেছেন সর্ব নৃপ তুচ্ছ মনে করে।
সেই স্থানে প্রমথেরা বসিল ভিতরে, বিপ্রবেশ দেখি কেহ লক্ষ্য নাহি করে ॥
" ২ নারদে শুনায়ে কূট আলোচনা করে, আহা কি সুন্দর রূপ হরি দেন এঁরে।
এরূপ দেখিয়া মুগ্ধ হইবে কুমারী, বরমাল্য দিবে এঁরে হরি মনে করি ॥*
" ৩ মুনি মন মোহগ্রস্ত পর হস্তগত, প্রমথ গোপনে হাস্য করে অবিরত।
যদিও শুনেছে মুনিগণ ব্যঙ্গ বাণী, বুঝিতে পারেনা কিছু মোহ মুগ্ধ মুনি ॥
" ৪ মুনির বিশেষ রূপ অন্যের অলক্ষ্যে, শুধু রাজকন্যা তারে সেইরূপে দেখে।
মর্কট মুখের দেহ ভয়ঙ্কর অতি, দেখিয়া কন্যার মনে ক্রোধের উৎপত্তি ॥
দো ১৪৩ সখী ল'য়ে সাথে তবে কুমারী তখন, চলিল মরাল গতি ঘুরায়ে নয়ন।
কর কমলেতে ল'য়ে বরমাল্যখানি, চলিল যেথায় বসি যতেক নৃমণি ॥
চৌ ১ যেদিকে নারদ বসি রূপগর্বে স্ফীত, ভুলেও দেখেনা কন্যা সেদিক বিস্মৃত।
পুনঃ পুনঃ উৎকণ্ঠিত মুনি বিচলিত, দশা দেখি রুদ্রগণ হাস্যে বিকশিত ॥

---

* 'হরি' শব্দের এক অর্থ 'মর্কট'।

চৌ ২ ধরি নৃপতনু তহঁ গয়উ কৃপালা, কুঅঁরি হরষি মেলেউ জয়মালা।
দুলহিনি লৈ গে লচ্ছিনিরাসা, নৃপ সমাজ সব ভয়উ নিরাসা ॥
„ ৩ মুনি অতি বিকল মোহঁ মতি নাঠী, মনি গিরি গঈ ছুটি জনু গাঁঠী।
তব হর গন বোলে মুসুকাঈ, নিজ মুখ মুকুর বিলোকহু জাঈ ॥
„ ৪ অস কহি দোউ ভাগে ভয় ভারী, বদন দীখ মুনি বারি নিহারী।
বেষু বিলোকি ক্রোধ অতি বাঢ়া, তিন্হহি সরাপ দীন্হ অতি গাঢ়া ॥
দো ০১৪৪ হোহু নিসাচর জাই তুম্হ, কপটী পাপী দোউ।
হঁসেহু হমহি সো লেহু ফল, বহুরি হঁসেহু মুনি কোউ ॥

নারদের ক্রোধ, অভিশাপদান ও মোহভঙ্গ

চৌ ০১ পুনি জল দীখ রূপ নিজ পারা, তদপি হৃদয় সন্তোষ ন আরা।
ফরকত অধর কোপ মন মাহীঁ, সপদি চলে কমলাপতি পাহীঁ ॥
„ ২ দেহউঁ শ্রাপ কি মরি হউঁ জাঈ, জগত মোরি উপহাস করাঈ।
বীচহিঁ পন্থ মিলে দনুজারী, সঙ্গ রমা সোই রাজকুমারী ॥
„ ৩ বোলে মধুর বচন সুর সাঈঁ, মুনি কহঁ চলে বিকল কী নাঈঁ।
সুনত বচন উপজা অতি ক্রোধা, মায়া বস ন রহা মন বোধা ॥
„ ৪ পর সম্পদা সকহু নহিঁ দেখী, তুম্হরেঁ ইরিষা কপট বিসেষী।
মথত সিন্ধু রুদ্রহি বৌরায়হু, সুরহ্ন প্রেরি বিষ পান করায়হু ॥
দো ০১৪৫ অসুর সুরা বিষ সঙ্করহি, আপু রমা মনি চারু।
স্বারথ সাধক কুটিল তুম্হ, সদা কপট ব্যরহারু ॥
চৌ ০১ পরম স্বতন্ত্র ন সির পর কোঈ, ভাবই মনহি করহু তুম্হ সোঈ।
ভলেহি মন্দ মন্দেহি ভল করহূ, বিসময় হরষ ন হিয় কছু ধরহূ ॥
„ ২ ডহকি ডহকি পরিচেহু সব কাহূ, অতি অসঙ্ক মন সদা উছাহূ।
করম সুভাসুভ তুম্হহি ন বাধা, অব লগি তুম্হহি ন কাহূঁ সাধা ॥
„ ৩ ভলে ভবন অব বায়ন দীন্হা, পাবহুগে ফল আপন কীন্হা।
বঞ্চেহু মোহি জবনি ধরি দেহা, সোই তনু ধরহু শ্রাপ মম এহা ॥
„ ৪ কপি আকৃতি তুম্হ কীন্হি হমারী, করিহহিঁ কীস সহায় তুম্হারী।
মম অপকার কীন্হ তুম্হ ভারী, নারি বিরহঁ তুম্হ হোব দুখারী ॥
দো ০১৪৬ শ্রাপ সীস ধরি হরষি হিয়, প্রভু বহু বিনতী কীন্হি।
নিজ মায়া কৈ প্রবলতা, করষি কৃপানিধি লীন্হি ॥
চৌ ০১ জব হরি মায়া দূরি নিবারী, নহিঁ তহঁ রমা ন রাজকুমারী।
তব মুনি অতি সভীত হরি চরনা, গহে পাহি প্রনতারতি হরনা ॥

চৌ ২ নৃপবেশে বিষ্ণু পশে হরষিত বালা, সাদরে তাঁহার কণ্ঠে দিলা বরমালা।
নব বধূ লয়ে যান বৈকুণ্ঠ আলয়, নৃপগণ ব্যর্থতায় সভা ছাড়ি যায়॥

„ ৩ ব্যাকুল মোহান্ধ মুনি বুদ্ধি নাশ তায়, গ্রন্থি টুটি মনি যেন ভূতলে লুটায়।
তখন প্রমথদ্বয় মস্করা করিয়া, বলে মুনি মুখ দেখ মুকুর ধরিয়া॥

„ ৪ ইহা কহি উভয়েই করে পলায়ন, জল প্রতিবিম্বে মুনি দেখিল বদন।
আপন আনন দেখি ক্রোধে আত্মহারা, গণদ্বয়ে অভিশাপ দেন ভয়ঙ্করা॥

দো ১৪৪ আমারে দেখিয়া এত স্পর্দ্ধা হাস্যকর, কপটতা পাপ পূর্ণ হবে নিশাচর।
প্রতিফল ভোগ কর দোহে হাসিবার, ভবিষ্যতে দেখি মুনি হাসিবেনা আর॥

নারদের ক্রোধ, অভিশাপদান ও মোহভঙ্গ

চৌ ১ আবার জলেতে দেখি নিজ পূর্ব মুখ, তথাপি অন্তরে তার হইল না সুখ।
অধরোষ্ঠ কম্পমান ক্রোধে পূর্ণ মন, উদ্দেশে কমলাপতি ত্বরিত গমন॥

„ ২ ভাবে মুনি শাপ দিব কিংবা মৃত্যু বরি, বিশ্বে মোরে হাস্যাস্পদ করিলেন হরি।
পথিমধ্যে দেখা হল মুনি দানবারি, সঙ্গে লক্ষ্মীরূপী সেই রাজার কুমারী॥

„ ৩ সুরেশ্বর জিজ্ঞাসেন মধুর বচনে, কোথায় চলেছো মুনি বিভ্রান্ত বদনে।
শুনি প্রশ্ন হল মুনি ক্রোধান্বিত অতি, মায়া বশে মন তার বুদ্ধিহীন মতি॥

„ ৪ অপর সম্পদ তুমি দেখিতে পার না, তোমার দেখি ত' শুধু ঈর্ষা ও ছলনা।
করেছো উন্মাদ শিবে সমুদ্র মন্থনে, দেবতা পাঠায়ে কর বাধ্য বিষ পানে॥

দো ১৪৫ অসুরকে সুরাদান বিষ শূলপানী, নিজে নিলে রমা আর সে কৌস্তুভ মণি।
অতি স্বার্থপর তুমি স্বভাব কুটিল, সর্ব ব্যবহার তব ছলনা জটিল॥

চৌ ১ ভেবেছ সতন্ত্র তুমি তোমার উপর, কেহ নাই তাই তুমি যাহা ইচ্ছা কর।
সৎকে অসৎ কর অসতেরে সৎ, আনন্দ বা রোষ তুমি দেখ সমবৎ॥

„ ২ ছলনাতে সিদ্ধহস্ত সবাকার কাছে, মনে শঙ্কাহীন তাই উৎসাহটি আছে।
শুভ বা অশুভ কর্মে বাধ্য তুমি নহ, সংশোধন করে নাই আজো তোমা কেহ॥

„ ৩ দিয়েছ দাদন ভাল মোর মরমেতে, এবার বুঝিবে ফল নিজ করমতে।
যে দেহ স্মরিয়া মোরে প্রতারণা কর, মোর অভিশাপ তুমি সেই দেহ ধর।*

„ ৪ কপির আকৃতি করি আমারে বঞ্চনা, কপি সহায়তা হবে করিতে প্রার্থনা।
করেছো আমার তুমি ঘোর অপকার, পত্নীর বিরহে পাবে সম দুঃখ ভার॥

দো ১৪৬ শিরোধার্য করি শাপ হরষিত মনে, মুনিরে কৃতার্থ করি বিনয় বচনে।
প্রত্যাহার করিলেন কৃপার সাগর, নিজ মায়া প্রবলতা তিনি অতঃপর॥

চৌ ১ যখন প্রপঞ্চ মায়া হল অন্তর্হিত, তখন নারদ হন অতিশয় ভীত।
কোথা লক্ষ্মী কোথা সেই রাজার কুমারী, রক্ষা কর কহে মুনি বিষ্ণুপদ ধরি॥

* অর্থাৎ যে রাজার বেশে বঞ্চনা করিয়াছেন সেই মনুষ্য রাজার দেহ ধারণ করিতে হইবে।

চৌ ২ মৃষা হোউঁ মম শ্রাপ কৃপালা, মম ইচ্ছা কহ দীন দয়ালা।
মৈঁ দুর্বচন কহে বহুতেরে, কহ মুনি পাপ মিটিহিঁ কিমি মেরে॥
„ ৩ জপহু জাই সঙ্কর সত নামা, হোইহি হৃদয়ঁ তুরত বিশ্রামা।
কোউ নাহিঁ সির সমান প্রিয় মোরেঁ অসি পরতীত তজহু জসি ভোরেঁ॥
„ ৪ জেহি পর কৃপান করহিঁ পুরারী, সো ন পার মুনি ভগতি হমারী।
অস উর ধরি মহি বিচরহু জাঈ, অব ন তুম্হহি মায়া নিঅরাঈ॥

দো ০১৪৭ বহুবিধি মুনিহি প্রবোধি প্রভু, তব ভএ অন্তরধান।
সত্য লোক নারদ চলে, করত রাম গুন গান॥

চৌ ০১ হর গন মুনিহি জাত পথ দেখী, বিগত মোহ মন হরষ বিসেষী।
অতি সভীত নারদ পহিঁ আএ, গহি পদ আরত বচন সুনাএ॥
„ ২ হর গন হম ন বিপ্র মুনি রায়া, বড় অপরাধ কীহ্ন ফল পায়া।
শ্রাপ অনুগ্রহ করহু কৃপালা, বোলে নারদ দীন দয়ালা॥
„ ৩ নিসিচর জাই হোহু তুহ্ম দোউ, বৈভব বিপুল তেজ বল হোউ।
ভুজবল বিস্ব জিতব তুহ্ম জহিআ, ধরিহহিঁ বিষ্নু মনুজ তনু তহিআ॥
„ ৪ সমর মরন হরি হাথ তুহ্মারা, হোইহহু মুকুত ন পুনি সংসারা।
চলে যুগল মুনি পদ সির নাঈ, ভএ নিসাচর কালহি পাঈ॥

দো ০১৪৮ এক কলপ এহি হেতু প্রভু, লীহ্ন মনুজ অবতার।
সুর রঞ্জন সজ্জন সুখদ, হরি ভঞ্জন ভুবি ভার॥

চৌ ০১ এহি বিধি জনম করম হরি কেরে, সুন্দর সুখদ বিচিত্র ঘনেরে।
কলপ কলপ প্রতি প্রভু অবতরহীঁ, চারু চরিত নানাবিধি করহীঁ॥
„ ২ তব তব কথা মুনীসহ্ন গাঈ, পরম পুনীত প্রবন্ধ বনাঈ।
বিবিধ প্রসঙ্গ অনূপ বখানে, করহিঁন সুনি আচরজু সয়ানে॥
„ ৩ হরি অনন্ত হরি কথা অনন্তা, কাহহিঁ সুনহিঁ বহুবিধি সব সন্তা।
রামচন্দ্রকে চরিত সুহাএ, কলপ কোটি লগি জাহিঁ ন গাএ
„ ৪ য়হ প্রসঙ্গ মৈঁ কহা ভবানী, হরিমায়ঁা মোহহিঁ মুনি গ্যানী।
প্রভু কৌতুকী প্রনত হিতকারী, সেবত সুলভ সকল দুখ হারী॥

সো ০২১ সুর নর মুনি কোউ নাহিঁ, জেহি ন মোহ মায়া প্রবল।
অস বিচারি মন মাহিঁ, ভজিঅ মহামায়া পতিহি॥

চৌ ০১ অপর হেতু সুনু সৈলকুমারী, কহউঁ বিচিত্র কথা বিস্তারী।
জেহি কারন অজ অগুন অরূপা, ব্রহ্মা ভয়উ কোসলপুর ভূপা॥
„ ২ জো প্রভু বিপিন ফিরত তুহ্ম দেখা, বন্ধু সমেত ধরেঁ মুনিবেষা।
জাসু চরিত অবলোকি ভবানি, সতী সরীর রহিহু বৌরানী॥

চৌ ২ হোক মিথ্যা মোর শাপ ওগো কৃপাময়, সকলি আমারি ইচ্ছা কহে দয়াময়।
অনেক দুর্বাক্য প্রভু বলেছি তোমারে, কহে মুনি পাপ মোর যাবে কি প্রকারে ॥

„ ৩ শঙ্করের শত নাম গিয়া জপ কর, হৃদয় তোমার শান্ত হইবে সত্বর।
শঙ্করের সম প্রিয় নাহি মোর কেহ, ভুলেও করোনা তুমি ইহাতে সন্দেহ ॥

„ ৪ কৃপা নাহি যার প্রতি শ্রীত্রিপুরারির, অসমর্থ ভক্তি লাভে সে ত শ্রীহরির।
হৃদে ইহা ধরি' মহী কর বিচরণ, মোর মায়া তব কাছে হবে নিবারণ ॥

দো ১৪৭ মুনিরে প্রবোধ দিয়া বিবিধ বিধানে, গেলা চলি অতঃপর প্রভু অন্তর্ধানে।
সত্যলোকে চলে মুনি অতি ঊর্ধ্বে স্থিত, রামগুণ গান মুখে সতঃই ঝঙ্কৃত ॥

চৌ ১ রুদ্রগণ দেখে পথে মুনিরে যাইতে, মোহ মুক্ত হৃষ্ট চিত্ত প্রসন্ন মুখেতে।
অতি ভীত ভাবে তারা আসে মুনি পাশে, চরণ ধরিয়া তাঁর আর্ত বাক্যে ভাষে ॥

„ ২ মুনি শ্রেষ্ঠ বিপ্র নহি মোরা প্রমথরা, পেয়েছি উচিত ফল অপরাধী মোরা।
অভিশাপে অনুগ্রহ করুন এখন, দীনের দয়াল মুনি কহেন তখন ॥

„ ৩ হও গিয়া নিশাচর তোমরা দুজন, হইবে বিপুল তেজ বল বীর্য ধন।
বাহুবলে বিশ্বজয় করিবে সমরে, আবির্ভূত হবে বিষ্ণু নর দেহ ধরে ॥

„ ৪ সমরে হইবে মৃত্যু শ্রীহরির হাতে, মুক্তি পাবে নাহি পুনঃ জন্ম সংসারেতে।
চলিল উভয়ে তবে মুনি পদে নমি, কালক্রমে নিশাচর হইল জনমি ॥

দো ১৪৮ এককল্পে এই হেতু এদেরি লাগিয়া, অবতীর্ণ মর্তে প্রভু নর দেহ নিয়া।
দেবপ্রীতি সজ্জনের সুখদ উদ্ধার, করেন সংহার হরি ভব ভয় ভার ॥

চৌ ১ এই রূপে জন্ম কর্ম হরির বিচার, সুখদ সুন্দর হয় বৈচিত্র তাহার।
প্রতি কল্পে অবতীর্ণ প্রভু দয়াময়, সুচারু চরিত্র লীলা পরিদৃষ্ট হয় ॥

„ ২ এই সব লীলা গীতে মহামুনিগণ, পরম পবিত্র তাহা করেন বর্ণন।
বিবিধ প্রসঙ্গ অতি অপূর্ব বর্ণনে, বিস্মিত না হন কভু শুনি সুধিজনে ॥

„ ৩ শ্রীহরি অনন্ত তাঁর লীলাও অপার, আলোচিত সাধুগণে বিবিধ প্রকার।
রামের চরিত্র কথা অপূর্ব মোহন, কোটি কল্পে নাহি যায় তাহার বর্ণন ॥

চৌ ৪ এ প্রসঙ্গ কহিলাম তোমারে ভবানি, হরি মায়া মোহে মুগ্ধ করে মুনি জ্ঞানী।
মোর প্রভু লীলাপ্রিয় ভক্তহিত কারী, সেবক সুলভ তিনি সর্ব দুঃখ হারী ॥

সো ২১ দেব নর মুনি মাঝে কেহ নাহি হয়, এ প্রবল মায়া মুক্ত যাহার হৃদয়।
মন মাঝে এইরূপ করিয়া বিচার, সে মহামায়ার পতি ভজ তুমি সার ॥

চৌ ১ হে শৈল কুমারি শুন অপর কারণ, বিস্তারি কাহিনী সেই করিব বর্ণন।
যে কারণে অজ ব্রহ্ম নির্গুণ অরূপ, কোশল পুরের হন মহামতি ভূপ ॥

চৌ ২ যে প্রভুরে দেখেছিলে পূর্বজন্মে তুমি, ভ্রাতা সহ মুনিবেশে ভ্রমে বনভূমি।
যাঁহার চরিত্র দেখি হে গিরি নন্দিনী, সতীজন্মে হয়েছিলে তুমি উন্মাদিনী ॥

চৌ ৩ অজহুঁত ছায়া মিটতি তুহ্মারী, তাসু চরিত সুনু ভ্রম রুজ হারী।
লীলা কীহ্ন জো তেহিঁ অরতারা, সো সব কহিহউঁ মতি অনুসারা॥
” ৪ ভরদ্বাজ সুনি সঙ্কর বানী, সকুচি সপ্রেম উমা মুসুকানী।
লগে বহুরি বরনৈ বৃষকেতূ, সো অরতার ভয়উ জেহি হেতূ॥
দো ০১৪৯ সো মৈঁ তুহ্ম সন কহউঁ সবু, সুনু মুনীস মন লাই।
রাম কথা কলি মল হরনি, মঙ্গল করনি সুহাই॥

মনু-শতরূপা আখ্যান

চৌ ০১ স্বায়ম্ভূ মনু অরু সতরূপা, জিহ্ন তেঁ ভৈ নর সৃষ্টি অনূপা।
দম্পতি ধরম আচরন নীকা, অজহুঁগার শ্রুতি জিহ্নকৈ লীকা॥
” ২ নৃপ উত্তানপাদ সুত তাসূ, ধ্রুব হরিভগত ভয়উ সুত জাসূ।
লঘু সুত নাম প্রিয়ব্রত তাহী, বেদ পুরান প্রসংসহিঁ জাহী॥
” ৩ দেরহূতি পুনি তাসু কুমারী, জো মুনি কর্দম কৈ প্রিয় নারী।
আদিদের প্রভু দীনদয়ালা, জঠর ধরেউ জেহিঁ কপিল কৃপালা॥
” ৪ সাঙ্খ্য সাস্ত্র জিহ্ন প্রগট বখানা, তত্ত্ব বিচার নিপুন ভগরানা।
তেহিঁ মনু রাজ কীহ্ন বহু কালা, প্রভু আয়সু সব বিধি প্রতিপালা॥
সো ০২২ হোই ন দিষয় বিরাগ, ভরন বসত ভা চৌথপন।
হৃদয়ঁ বহুত দুখ লাগ, জনম গয়উ হরি ভগতি বিনু॥
চৌ ০১ বরবস রাজ সুত হি তব দীহ্না, নারি সমেত গরন বন কীহ্না।
তীরথ ধর নৈমিষ বিখ্যাতা, অতি পুনীত সাধক সিধি দাতা॥
” ২ বসহিঁ তহাঁ মুনি সিদ্ধ সমাজা, তহঁ হিয়ঁ হরষি চলেউ মনু রাজা।
পহ্ন জাত সোহহিঁ মতি ধীরা, গ্যান ভগতি জনু ধরেঁ সরীরা॥
” ৩ পহুঁচে জাই ধেনুমতি তীরা, হরষি নহানে নিরমল নীরা।
আএ মিলন সিদ্ধ মুনি গ্যানী, ধরম ধুরন্ধর নৃপরিষি জানী॥
” ৪ জহঁ জহঁ তীরথ রহে সুহাএ, মুনিহ্ন সকল সাদর কররাএ।
কৃস সরীর মুনিপট পরি ধানা, সত সমাজ নিত সুনহিঁ পুরানা॥
দো ০১৫০ দ্বাদস অচ্ছর মন্ত্র পুনি, জপহিঁ সহিত অনুরাগ।
বাসুদের পদ পঙ্করুহ, দম্পতি মন অতি লাগ॥
চৌ ০১ করহিঁ অহার সাক ফল কন্দা, সুমিরহিঁ ব্রহ্ম সচ্চিদানন্দা।
পুনি হরি হেতু করন তপ লাগে, বারি অধার মূল ফল ত্যাগে॥

চৌ ৩ আজিও মনের তব ছায়া সরে নাই, শুন ভ্রম রোগহারী চরিত্র তাহাই।
অবতার রূপে লীলা সকল প্রকার, কহিব সকল কথা বুদ্ধি অনুসার॥

চৌ ৪ শঙ্করের বাণী শুন ভরদ্বাজ ঋষি, সলজ্জ সপ্রেম উমা মুখে মৃদু হাসি।
অনন্তর যে কারণে রাম অবতার, বৃষকেতু আরম্ভিলা বর্ণন তাহার॥

দো ১৪৯ ভরদ্বাজ কহিতেছি সকল কাহিনী, মনোযোগ দিয়া তুমি শুন মহামুনি।
রাম গাথা কলিযুগে সর্ব পাপ হানে, পরম সুন্দর তাহা মঙ্গল প্রদানে॥

মনু-শতরূপা আখ্যান

চৌ ১ স্বায়ম্ভুব মনু পত্নী শতরূপা তার, যার সৃষ্টি অনুপম মানব সংসার।
এ দম্পতি আচরণ শ্রেষ্ঠ ধর্ম সার, আজিও বেদেতে গীত চরিত্র যাহার॥

চৌ ২ শ্রীউত্তানপাদ নৃপ সন্তান তাদের, হরিভক্ত ধ্রুব পুত্র উত্তান পাদের।
তাহার কনিষ্ঠ পুত্র প্রিয়ব্রত নাম, বেদ ও পুরাণ গাহে যাহার সুনাম॥

চৌ ৩ তাহার আত্মজা দেবী দেবহুতি পরে, কর্দম মুনীর প্রিয়া জঠরেতে ধরে।
আদিদেব প্রভু আর দীনের দয়াল, মহর্ষি কপিল যিনি পরম কৃপাল॥

চৌ ৪ সাংখ্য শাস্ত্র করেছেন প্রকৃষ্ট ব্যাখ্যান, তত্ত্ব বিচারেতে যিনি পূর্ণ ভগবান।
সেই মনু প্রভু আজ্ঞা শিরোধার্য করি, রাজত্ব করেন তিনি বহুকাল ধরি॥

সো ২২ ভবনে বসতি করি বার্দ্ধক্য রাজার, বিষয় বৈরাগ্য তবু না হইল তাঁর।
হৃদয়ে উপজে তাঁর দুঃখ অতিশয়, হরি ভক্তি বিনা যায় জীবন বৃথায়॥

চৌ ১ আদেশে পুত্রেরে করি রাজ্য সমর্পণ, পত্নী সহ বানপ্রস্থে করেন গমন।
বিখ্যাত নৈমিষ তীর্থ অতি পুণ্য স্থান, সাধকের সিদ্ধিদাতা তীর্থের প্রধান॥

চৌ ২ বসতি করেন তথা সিদ্ধ মুনিগণ, তথায় চলিল রাজা আনন্দিত মন।
পথে যবে ধীর মতি চলেন দম্পতি, মনে হয় তনু ধরে জ্ঞান ও ভকতি॥

চৌ ৩ যখন এলেন তাঁরা গোমতীর তীরে, সিনান করেন সুখে সুনির্মল নীরে।
আসিয়া মিলিত হন সিদ্ধ মুনি জ্ঞানী, ধর্মে ধুরন্ধর অতি রাজর্ষিরে জানি॥

চৌ ৪ মনোরম তীর্থ যাহা রহে কাছে ধারে, মুনিরা দেখান সবই তাহা দুজনারে।
কৃশ দেহ বেশ শুধু বল্কল বসন, নিত্য সাধু সঙ্গে বসি পুরাণ শ্রবণ॥

দো ১৫০ দ্বাদশ অক্ষর মন্ত্র নমো ভগবতে, বাসুদেবায় বলি প্রেমের সহিতে।*
বাসুদেব পাদপদ্মে রাজা আর রাণী, অর্পণ করেন তারা হৃদয় দুখানি॥

চৌ ১ আহার করেন শাক মূল আর ফল, ব্রহ্ম সচ্চিদানন্দ স্মরণ কেবল।
পুনঃ যবে হরি হেতু তপস্যা মহান, ফল মূল ত্যাগ করি শুধু জল পান॥

---

* বাসু (সর্বনিবাস, বিশ্বব্রহ্মাণ্ড লোমকূপে যাঁহার এই অর্থে) তাদৃশ যে দেব অর্থাৎ যিনি বিশ্বের আশ্রয়। এই অর্থে বাসুদেব, ব্রহ্ম বা পরমাত্মা অভিন্ন। এই মন্ত্রে তৎকালে বসুদেব পুত্র কৃষ্ণের উদ্দেশে না হইলেও তাঁহার উদ্দেশ পরে প্রযোজ্য। দ্বাদশ অক্ষরের মন্ত্র—"ওঁ নমো ভগবতে বাসুদেবায়"।

চৌ ২ উর অভিলাষ নিরন্তর হোঈ, দেখিঅ নয়ন পরম প্রভু সোঈ।
অগুন অখণ্ড অনন্ত অনাদী, জেহি চিতহিঁ পরমারথবাদী॥
„ ৩ নেতি নেতি জেহি বেদ নিরূপা, নিজানন্দ নিরুপাধি অনূপা।
সম্ভু বিরঞ্চি বিষ্‌নু ভগৱানা, উপজহিঁ জাসু অংস তেঁ নানা॥
„ ৪ ঐসেউ প্রভু সেৱক বস অহঈ, ভগত হেতু লীলা তনু গহঈ।
জৌঁ য়হ বচন সত্য শ্রুতি ভাষা, তৌ হমার পূজিহি অভিলাষা॥
দো ০১৫১ এহি বিধি বীতে বরষ ষট, সহস বারি আহার।
সম্বত সপ্ত সহস্র পুনি, রহে সমীর অধার॥
চৌ ০১ বরষ সহস দস ত্যাগেউ সোউ, ঠাঢ়ে রহে এক পদ দোউ।
বিধি হরি হর তপ দেখি অপারা, মনু সমীপ আএ বহু বারা॥
„ ২ মাগহু বর বহু ভাঁতি লোভাএ, পরম ধীর নহিঁ চলহিঁ চলাএ।
অস্থিমাত্র হোই রহে সরীরা, তদপি মনাগ মনহিঁ নহিঁ পীরা॥
„ ৩ প্রভু সর্বগ্য দাস নিজ জানী, গতি অনন্য তাপস নৃপ রানী।
মাগু মাগু বরু ভৈ নভ বানী, পরম গভীর কৃপামৃত সানী॥
„ ৪ মৃতক জিআরনি গিরা সুহাঈ, শ্রৱন রন্ধ্র হোই উর জব আঈ।
হৃষ্ট পুষ্ট তন ভএ সুহাএ, মানহুঁ অবহিঁ ভৱন তে আএ॥
দো ০১৫২ শ্রৱন সুধা সম বচন সুনি, পুলক প্রফুল্লিত গাত।
বোলে মনু করি দণ্ডৱত, প্রেম ন হৃদয়ঁ সমাত॥
চৌ ০১ সুনু সেৱক সুরতরু সুরধেনূ, বিধি হরি হর বন্দিত পদ রেনূ।
সেৱত সুলভ সকল সুখ দায়ক, প্রনত পাল সচরাচর নায়ক॥
„ ২ জৌঁ অনাথ হিত হম পর নেহূ, তৌ প্রসন্ন হোই য়হ বর দেহূ।
জো সরূপ বস শিৱ মন মাহীঁ, জেহি কারন মুনি জনত করাহীঁ॥
„ ৩ জো ভুসুণ্ডি মন মানস হংসা, সগুন অগুন জেহি নিগম প্রসংসা।
দেখহিঁ হম সো রূপ ভরি লোচন, কৃপা করহু প্রনতারতি মোচন॥
„ ৪ দম্পতি বচন পরম প্রিয় লাগে, মৃদুল বিনীত প্রেম রস পাগে।
ভগত বছল প্রভু কৃপা নিধানা, বিস্ববাস প্রগটে ভগৱানা॥

চৌ ২ হৃদয়েতে অভিলাষ নিরন্তর হয়, নয়নে পরম প্রভু যেন দেখা যায়।
অখণ্ড নির্গুণ আর অনন্ত অনাদি, যাঁরে সদা চিন্তা করে পরমার্থ বাদী ॥
চৌ ৩ নহে ইহা ইহা নহে শ্রুতির নির্ণয়, অনুপম নিরুপাধি চিদানন্দ ময়।
উপজিত অংশ মাত্র বিবিধ প্রকার, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর বিভূতি যাঁহার ॥
চৌ ৪ এ ভাবেই সেবকের বশ প্রভু হন, ভক্ত হেতু লীলা তনু করেন গ্রহণ।
এ কথা বিদিত বেদে সত্য যদি হয়, অবশ্য পুরিবে আশা পেয়েছি অভয় ॥
দো ১৫১ সহস্র বৎসর ষষ্ঠি মাত্র জল পানে, এরূপে কাটিল যবে জপ তপ ধ্যানে।
সহস্র বৎসর সপ্ত পুনরায় তাঁর, সমীরণ একমাত্র রহিল আহার ॥
চৌ ১ সহস্র বৎসর দশ তাহাও ত্যজিয়া, এক পদে উভয়েই রহে দাঁড়াইয়া।
ব্রহ্মা বিষ্ণু শম্ভু দেখি অপূর্ব তপস্যা, বহু বার কাছে তাঁর করিয়া দুরাশা ॥[১]
চৌ ২ প্রলোভনে লুব্ধ করি মাগ বর কহে, অতি ধৈর্যশালী দোঁহে অবিচল রহে।
অস্থিমাত্র সার হল উভয়ের দেহ, তথাপি মনের ক্লেশ নাহি পায় কেহ ॥[২]
চৌ ৩ সর্বজ্ঞ শ্রীভগবান অনন্য শরণ, তপোমগ্ন এ দম্পতি জানি ভৃত্য জন।
পরম গাম্ভীর্য পূর্ণ কৃপামৃত ছানি', মাগ বর বহু বার হল দৈববাণী ॥[৩]
চৌ ৪ মৃত সঞ্জীবণী রূপ এ অপূর্ব বাণী, কর্ণ রন্ধ্র দিয়া মর্মে পশিল যেমনি।
শীর্ণ দেহ পুষ্ট হল যেন মনে ভাসে, দিব্য কান্তি এই মাত্র গৃহ হতে আসে ॥
দো ১৫২ অমৃতের তুল্য বাণী করিয়া শ্রবণ, রোমাঞ্চিত গাত্র হল প্রফুল্লিত মন।
প্রেমের জোয়ার তার হৃদয়ে না ধরে, স্বয়ম্ভুব মনু কহে প্রণিপাত করে ॥
চৌ ১ কল্পতরু কামধেনু সেবকের কাছে, ব্রহ্মা বিষ্ণু শিব তব পদরেণু যাচে।
সুলভ সেবক কাছে সর্ব সুখদাতা, প্রণত জনেরে পাল চরাচর ধাতা ॥
চৌ ২ আর্তের মঙ্গলকারী যদি কর স্নেহ, প্রসন্ন হইয়া মোরে এই বর দেহ।
শঙ্করের ইষ্টদেব যে স্বরূপে যিনি, যাঁহার লাগিয়া যত্ন করে সর্ব মুনি ॥
চৌ ৩ রাজহংস* ভুশুণ্ডীর চিত্ত সরোবরে, সগুণ নির্গুণ যাঁরে শ্রুতি গান করে।
দীনের দয়াল প্রভু দাক্ষিণ্য করিয়া, দেখাও সে রূপ মোর নয়ন ভরিয়া ॥
চৌ ৪ দম্পতির প্রেমরস সিক্ত মৃদু বাণী, পরম দয়াল প্রভু অতি প্রিয় মানি।
ভক্তের বৎসল আর কৃপার নিধান, বিশ্বব্যাপ্ত আবির্ভূত হন ভগবান ॥

---

(১) ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর আসিয়া বরদান করিতে চাহিলেও স্বায়ম্ভুব মনু তপস্যায় অবিচলিত রহিলেন, কারণ, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ব্রহ্মের বিভূতি (গীঃ ১০/২১,২৩) এবং মনুর তপস্যা ব্রহ্মলাভের জন্য। (২) শারীরিক ক্লিষ্ট হইলেও মানসিক ক্লেশ কিছুই নাই বরং মানসিক শক্তির উৎকর্ষ সাধিত। (৩) যখন সর্বজ্ঞ ভগবান ব্রহ্ম মনুর অন্তরগ্রাহ্য হইলেন তখন মনুর আত্মোপলব্ধি হইল।

* রাজহংস=পরম হংস (সন্ন্যাসী)

দো ০১৫৩ নীল সরোরুহ নীল মনি, নীল নীর ধর স্যাম।
লাজহিঁ তন শোভা নিরখি, কোটি কোটি সত কাম॥
চৌ ০১ সরদ ময়ঙ্ক বদন ছবি সীঁরা, চারু কপোল চিবুক দর গ্রীরা।
অধর অরুন রদ সুন্দর নাসা, বিধু কর নিকর বিনিন্দক হাসা॥
„ ২ নর অম্বুজ অম্বক ছবি নীকী, চিতরনি ললিত ভারঁতী জী কী।
ভৃকুটি মনোজ চাপ ছবি হারী, তিলক ললাট পটল দ্যুতিকারী॥
„ ৩ কুণ্ডল মকর মুকুট সির ভ্রাজা, কুটিল কেস জনু মধুপ সমাজা।
উর শ্রীবৎস রুচির বনমালা, পদিক হার ভূষন মনিজালা॥
„ ৪ কেহরি কন্ধর চারু জনেউ, বাহু বিভূষন সুন্দর তেউ।
করি কর সরিস সুভগ ভুজদণ্ডা, কটি নিষঙ্গ কর সর কোদণ্ডা।

দো ০১৫৪ তড়িত বিনিন্দক পীত পট, উদর রেখ বর তীনি।
নাভি মনোহর লেতি জনু, জমুন ভরঁর ছবি ছীনি॥
চৌ ১ পদ রাজীর বরনি নহিঁ জাহীঁ, মুনি মন মধুপ বসহিঁ জেহু মাহীঁ।
বাম ভাগ সোভতি অনুকূলা, আদিসক্তি ছবিনিধি জগমূলা॥
„ ২ জাসু অংস উপজহিঁ গুনখানী, অগনিত লচ্ছি উমা ব্রহ্মানী।
ভৃকুটি বিলাস জাসু জগ হোঈ, রাম বাম দিসি সীতা সোঈ॥
„ ৩ ছবি সমুদ্র হরি রূপ বিলোকী, একটক রহে নয়ন পট রোকী।
চিতরহিঁ সাদর রূপ অনূপা, তৃপ্তি ন মানহিঁ মনু সতরূপা॥
„ ৪ হরষ বিবস তন দসা ভুলানী, পরে দণ্ড ইব গহি পদ পানী।
সির পরসে প্রভু নিজ কর কঞ্জা, তুরত উঠাএ করুনা পুঞ্জা॥

দো ০১৫৫ বোলে কৃপা নিধান পুনি, অতি প্রসন্ন মোহি জানি।
মাগহু বর জোই ভার মন, মহাদানি অনুমানি॥
চৌ ০১ সুনি প্রভু বচন জোরি জুগ পানী, ধীর ধীরজু বোলী মৃদু বানী।
নাথ দেখি পদ কমল তুম্হারে, অব পূরে সব কাম হমারে॥
„ ২ এক লালসা বড়ি উর মাহীঁ সুগম অগম কহি জাতি সো নাহীঁ।
তুম্হহি দেত অতি সুগম গোসাঈ, অগম লাগ মোহি নিজ কৃপনাঈ॥
„ ৩ জথা দরিদ্র বিবুধতরু পাঈ, বহু সম্পতি মাগত সকুচাঈ।
তাসু প্রভাউ জান নহিঁ সোঈ, তথা হৃদয় মম সংসয় হোঈ॥
„ ৪ সো তুম্হ জানহু অন্তরজামী, পুররহু মোর মনোরথ স্বামী।
সকুচ বিহাই মাগু নৃপ মোহী, মোরেঁ নহিঁ অদেয় কছু তোহী॥
দো ০১৫৬ দানি সিরোমনি কৃপানিধি, নাথ কহউঁ সতি ভাউ।
চাহউঁ তুম্হহি সমান সুত, প্রভু সন করন দুরাউ॥

দো ১৫৩ শতদল বিকশিত নীল পদ্ম সম, নীলমণি প্রতিভাত জলধর শ্যাম।
দেখিয়া এ তনু শোভা লজ্জায় আনত, কোটি কোটি মনসিজ শির করে নত॥
চৌ ১ শরতের পূর্ণ শশী বদন প্রভায়, সুচারু কপোল আর শঙ্খ গ্রীবা তায়।
অরুণ অধর শ্রেষ্ঠ দন্ত নাসিকা সে', চন্দ্র কর বিনিন্দিত তাঁর হাস্য পাশে॥
চৌ ২ কসুমিত পদ্ম সম নেত্র শোভা যাঁর, মনোজ্ঞ চৈতন্য প্রভু লালিত্য অপার।
ভ্রূভঙ্গী মনোজ ধনু হার মানে তায়, তিলক ললাট পটে দ্যুতি শোভা পায়॥
চৌ ৩ মস্তকে মুকুট কর্ণে মকর কুণ্ডল, নিকষ কুঞ্চিত কেশ ভ্রমরের দল।
রক্ষ রোমাবলী পরে রম্য বনমালা, চরণে নূপুর শোভে যেন মনি জ্বালা॥
চৌ ৪ যজ্ঞ উপবীত শোভে সিংহ স্কন্ধ পরে, কেয়ূর খচিত বাহু শোভা বৃদ্ধি করে।
গজ শুণ্ড সম হস্ত প্রচণ্ড প্রতাপ, কটিতে তূণীর শোভে হস্তে শর চাপ॥

দো ১৫৪ পরিধানে পীতাম্বর বিজলি নিন্দিত, উদরে ত্রিবলি রেখা অতি সুশোভিত।
নাভি সুগভীর অতি মনোহর তাহা, যমুনার ঘূর্ণাবর্ত ম্লান করে যাহা॥
চৌ ১ রাজীব চরণ তার না যায় বর্ণন, মুনির মধুপমন যেথা সঞ্চরণ।
বাম ভাগে অনুরূপ জগত মাতার, আদ্যাশক্তি চিত্র শোভে বিশ্বমূলাধার॥
চৌ ২ গুণের আকর যাঁর অংশে উপজিত, অগণিত রমা উমা ব্রহ্মানী সতত।
জগত উৎপত্তি যাঁর ভ্রূকুটি বিলাসে, শ্রীরামচন্দ্রের সীতা স্থিত বাম পাশে॥
চৌ ৩ সৌন্দর্য সাগর চিত্র রূপ শ্রীহরির, নির্নিমেষে রাখে ধরি' নয়ন অধীর।
পরম আদরে হেরি রূপ অনুপম, তৃপ্তি নাহি মানে মনু শতরূপা মন॥
চৌ ৪ হরষে বিবশ তনু দেহজ্ঞান হীন, ভূতলে পড়িয়া পদে দণ্ডবৎ লীন।
কৃপার নিধান প্রভু শ্রীকর কমলে, শির স্পর্শি উভয়েরে ধরিলেন তুলে॥

দো ১৫৫ অতঃপর কৃপা সিন্ধু কহেন মনুরে, অতীব প্রসন্ন আমি ইহা জানি মোরে।
মাগ যাহা ইচ্ছা তব ভরিয়া অন্তর, জানিবে আমারে সর্ব দানের ঈশ্বর॥
চৌ ১ প্রভুর বচন শুনি করজোড় করি, কহিলেন মৃদু বাণী অতি ধৈর্য ধরি।
হে নাথ হেরিয়া তব চরণ কমল, চরিতার্থ মোরা আজি জীবন সফল॥
চৌ ২ মনে তীব্র ইচ্ছা এক সদা জাগরিত, অযোগ্য অথবা যোগ্য মোরা চিন্তান্বিত।
নিজ দৈন্য হেতু তাহা দুষ্প্রাপ্যই মানি, যদিও অসাধ্য নহে কিছু তব জানি॥
চৌ ৩ পথের ভিখারী যথা কল্পতরু হতে, সঙ্কুচিত হয়ে পড়ে সাম্রাজ্য মাগিতে।
যে হেতু মর্যাদা সে ত না পারে বুঝিতে, সেরূপ সংশয় ঘোর উপজিত চিতে॥
চৌ ৪ অন্তর্যামী তুমি প্রভু জানত সবই, আমাদের মনোরথ পূর্ণ কর সেই।
হে নৃপ সঙ্কোচ ত্যজি মাগ মোর বর, তোমাকে অদেয় আর নাহি কিছু মোর॥
দো ১৫৬ দাতা শিরোমণি প্রভু কৃপার নিধান, কহিব সত্যই যবে অভয় প্রদান।
তব সম পুত্র মাগি আমরা দুজন, প্রভু কাছে গোপনতা কিবা প্রয়োজন॥

চৌ ১ দেখি প্রীতি সুনি বচন অমোলে, এরমস্তু করুনানিধি বোলে।
আপু সরিস খোজৌঁ কহঁ জাঈ, নৃপ তর তনয় হোব মৈঁ আঈ॥
" ২ সতরূপহি বিলোকি কর জোরেঁ, দেবি মাগু বরু জো রুচি তোরেঁ।
জো বরু নাথ চতুর নৃপ মাগা, সোই কৃপাল মোহি অতি প্রিয় লাগা॥
" ৩ প্রভু পরন্তু সুঠি হোতি ঢিঠাঈ, জদপি ভগত হিত তুহ্মহি সোহাঈ।
তুহ্ম ব্রহ্মাদি জনক জগ স্বামী, ব্রহ্ম সকল উর অন্তরজামী॥
" ৪ অস সমুঝত মন সংসয় হোঈ, কহা জো প্রভু প্ররান পুনি সোঈ।
জে নিজ ভগত নাথ তর অহহীঁ, জো সুখ পারহিঁ জো গতি লহহীঁ॥

দো ০১৫৭ সোই সুখ সোই গতি সোই ভগতি, সোই নিজ চরণ সনেহু।
সোই বিবেক সোই রহনি প্রভু, হমহি কৃপা করি দেহু॥
চৌ ১ সুনি মৃদু গূঢ় রুচির বর রচনা, কৃপাসিন্ধু বোলে মৃদু বচনা।
জো কছু রুচি তুহ্মরে মন মাহীঁ, মৈঁ সো দীহ্ন সব সংসয় নাহীঁ॥
" ২ মাতু বিবেক অলৌকিক তোরেঁ, কবহুঁ ন মিটহি অনুগ্রহ মোরেঁ।
বন্দি চরন মনু কহেউ বহোরী, অরর এক বিনতী প্রভু মোরী॥
" ৩ সুত বিষইক তর পদ রতি হোউ, মোহি বড় মূঢ় কহৈ কিন কোউ।
মনি বিনু ফনি জিমি জল বিনু মীনা, মম জীরন তিমি তুহ্মহি অধীনা॥

" ৪ অস বরু মাগি চরন গহি রহেউ, এরমস্তু করুনানিধি কহেউ।
অব তুহ্ম মম অনুসাসন মানী, বসহু জাঈ সুরপতি রজধানী॥
সো ০২৩ তহঁ করি ভোগ বিসাল, তাত গএঁ কছু কাল পুনি।
হোইহহু অরধ ভুআল, তব মৈঁ হোব তুহ্মার সুত॥
চৌ ০১ ইচ্ছাময় নরবেষ সঁরারেঁ, হোইহউঁ প্রগট নিকেত তুহ্মারে।
অংসহ্ন সহিত দেহ ধরি তাতা, করিহউঁ চরিত ভগত সুখদাতা॥
" ২ জে সুনি সাদর নর বড় ভাগী, ভর তরিহহিঁ মমতা মদ ত্যাগী।
আদি সক্তি জেহিঁ জগ উপজায়া, সোউ অরতরিহি মোরি য়হ মায়া॥
" ৩ পুরউব মৈঁ অভিলাষ তুহ্মারা, সত্য সত্য পন সত্য হমারা।
পুনি পুনি অস কহি কৃপা নিধানা, অন্তরধান ভএ ভগরানা॥
" ৪ দম্পতি উর ধরি ভগত কৃপালা, তেহিঁ আশ্রম নিরসে কছু কালা।
সময় পাই তনু তজি অনয়াসা, জাই কীহ্ন অমরারতি বাসা॥

দো ০১৫৮ য়হ ইতিহাস পুনীত অতি, উমহি কহী বৃষ কেতু।
ভরদ্বাজ সুনু অপর পুনি, রাম জনম কর হেতু॥

চৌ ১ অমূল্য বচন শুনি প্রীতি দেখি আর, তথাস্তু কহেন তবে করুণা আধার।
কোথায় খুঁজিব মোর সদৃশ আবার, হে নৃপ হইব নিজে তনয় তোমার॥
চৌ ২ কর জোড়ি শতরূপা দেখিয়া আনত, হে দেবী মাগহ বর তব রুচি মত।
মাগিয়াছে বিচক্ষণ নৃপ যেই বর, তাই মোর প্রিয় অতি করুণা আকর॥
চৌ ৩ ব্রহ্মাদি জনক তুমি জগতের স্বামী, হৃষীকেশ পরব্রহ্ম তুমি অন্তর্যামী।
হে প্রভু সম্পূর্ণ ইহা মোর ধৃষ্টতাই, ভক্তহিত লাগি জানি সহ্য কর তাই॥
চৌ ৪ জানিয়া তবুও মনে সন্দেহ উদয়, কিন্তু প্রভু যাহা কন সবি সত্য হয়।
হে নাথ যে ভক্ত তব আপনার জন, যে সুখ তাহার হয় যে পথে গমন॥

দো ১৫৭ সেই সুখ সেই গতি সেই ভক্তি আর, সেই স্নেহ অধিকার চরণ সেবার।
সে বিবেক সেই শক্তি সহ্য করিবার, দিও প্রভু আমাদের কৃপা পারাবার॥
চৌ ১ শুনি শ্রেষ্ঠ মৃদু বাণী গূঢ় মনোহর, কহেন কোমল কণ্ঠে কৃপার সাগর।
যে রুচি তোমার দেবী মন মাঝে হয়, সকলি দিলাম তোমা না কর সংশয়॥
চৌ ২ অলৌকিক জ্ঞান মাতঃ তোমার অন্তরে, কভু না হইবে ম্লান মোর কৃপাবরে।
চরণ বন্দিয়া মনু কহে অতঃপর, একটি প্রার্থনা আর পরম ঈশ্বর।
চৌ ৩ পুত্র তবু রহে মোর তব পদে রতি, যেন কেহ নাহি ভাবে মোরে মূর্খ মতি।
মণি হীন সর্প আর জল হীন মীন, মোর এ জীবন হবে তোমার বিহীন॥
দেহ মোরে এই বর জগতের পতি, তোমারি অধীনে থাকে সদা মোর মতি॥
চৌ ৪ এই বর মাগি' রহে ধরিয়া চরণ, তাহাই হউক তবে কৃপাসিন্ধু কন।
আমারি নির্দেশ সব যথাযথ মানি, ইন্দ্ররাজ্যে বাস কর তোমরা এখনি॥
সো ২৩ সেথায় বিশাল ভোগ ঐশ্বর্য ভুঞ্জিয়া, কিছুকাল গত হলে তুমি তাত গিয়া।
অযোধ্যার মহারাজ তুমি হবে যবে, তোমার কুমার হব আমি গিয়া ভবে॥
চৌ ১ ইচ্ছাকৃত নরবেশ করিয়া গ্রহণ, হব গিয়া অবতীর্ণ তোমার ভবন।
হে তাত ধরিয়া দেহ চারি অংশ ভাবে, রচিত চরিত্র যাতে ভক্ত সুখ পাবে॥

চৌ ২ ভাগ্যবান যে শুনিবে ইহা সমাদরে, মমত্ব মাৎসর্য ত্যজি তরিবে সংসারে।
আদ্যাশক্তি উপজিত জগত মায়ায়, সেই শক্তি অবতীর্ণ হইবে ধরায়॥

চৌ ৩ মন অভিলাষ তব করিব পূরণ, সত্য সত্য হবে ইহা সত্য মোর পণ।
পুনঃ পুনঃ কহি ইহা করুণা নিধান, অন্তর্হিত হইলেন তবে ভগবান॥

চৌ ৪ দম্পতির সদা ধ্যান ভক্ত কৃপা ধাম, সে আশ্রমে কিছু কাল করেন বিশ্রাম।
যথা কালে তনু ত্যজি সহজ প্রকারে, অমরাবতীতে বাস করেন তৎপরে॥

দো ১৫৮ অতি পুণ্যময় এই ইতিহাস যাহা, বৃষকেতু বলেছেন পার্বতীরে তাহা।
ভরদ্বাজ শুন পুনঃ অপর কারণ, রাম জনমের যাহা আছে বিবরণ॥

চৌ ০১ সুনু মুনি কথা পুনীত পুরানী, জো গিরিজা প্রতি সম্ভু বখানী।
বিস্ব বিদিত এক কৈকয় দেসূ, সত্যকেতু তহঁ বসই নরেসূ॥
" ২ ধরম ধুরন্ধর নীতি নিধানা, তেজ প্রতাপ সীল বলরানা।
তেহি কেঁ ভএ জুগল সুত বীরা, সব গুন ধাম মহা রনধীরা॥

প্রতাপভানুর আখ্যান

" ৩ রাজ ধনী জো জেঠ সুত আহী, নাম প্রতাপভানু অস তাহী।
অপর সুতহি অরিমর্দন নামা, ভুজবল অতুল অচল সংগ্রামা॥
" ৪ ভাইহি ভাইহি পরম সমীতী, সকল দোয ছল বরজিত প্রীতী।
জেঠে সুতহি রাজ নৃপ দীহ্না, হরি হিত আপু গরন বন কীহ্না॥

দো ০১৫৯ জব প্রতাপরবি ভয়উ নৃপ, ফিরী দোহাঈ দেস।
প্রজা পাল অতি বেদবিধি, কতহুঁ নহীঁ অঘ লেস॥
চৌ ১ নৃপ হিত কারক সচিব সয়ানা, নাম ধরম রুচি সুক্র সমানা।
সচিব সয়ান বন্ধু বলবীরা, আপু প্রতাপ পুঞ্জ রনধীরা॥
" ২ সেন সঙ্গ চতুরঙ্গ অপারা, অমিত সুভট সব সমর জুঝারা।
সেন বিলোকি রাউ হরষানা, অরু বাজে গহগহে নিসানা॥
" ৩ বিজয় হেতু কটকঈ বনাঈ, সুদিন সাধি নৃপ চলেউ বজাঈ।
জহঁ তহঁ পরীঁ অনেক লরাঈঁ, জীতে সকল ভূপ বরিআঈঁ॥
" ৪ সপ্ত দীপ ভুজবল বস কীহ্নে, লৈ লৈ দণ্ড ছাড়ি নৃপ দীহ্নে।
সকল অরনি মণ্ডল তেহি কালা, এক প্রতাপ ভানু মহিপালা॥

দো ০১৬০ স্ববস বিস্ব করি বাহুবল, নিজ পুর কীহ্ন প্রবেসু।
অরথ ধরম কামাদি সুখ, সেরই সময়ঁ নরেসু॥
চৌ ০১ ভূপ প্রতাপ ভানু বল পাঈ, কামধেনু ভৈ ভূমি সুহাঈ।
সব দুখ বরজিত প্রজা সুখারী, ধরমসীল সুন্দর নর নারী॥
" ২ সচিব ধরমরুচি হরিপদ প্রীতী, নৃপ হিত হেতু সিখব নিত নীতী।
গুর সুর সন্ত পিতর মহিদেবা, করই সদা নৃপ সব কৈ সেবা॥
" ৩ ভূপ ধরম জে বেদ বখানে, সকল করই সাদর সুখ মানে।
দিন প্রতি দেই বিবিধ বিধি দানা, সুনই সাস্ত্র বর বেদ পুরানা॥
" ৪ নানা বাপীঁ কূপ তড়াগা, সুমন বাটিকা সুন্দর বাগা।
বিপ্রভবন সুরভবন সুহাএ, সব তীরথহ্ন বিচিত্র বনাএ॥

দো ০১৬১ জহঁ লগি কহে পুরান শ্রুতি, এক এক সব জাগ।
বার সহস্র সহস্র নৃপ, কিএ সহিত অনুরাগ॥

চৌ ১ শুন মুনি পুণ্য এক কাহিনী পুরাণ, শম্ভু যাহা গিরিজারে করেন বাখান।
বিশ্বখ্যাত দেশ এক নামেতে কৈকয়, সত্যকেতু রাজা করে রাজত্ব তথায়॥
" ২ ধর্ম ধুরন্ধর তিনি সর্ব নীতিমান, শীলবান বীর্য তেজে মহা বলবান।
যুগল তনয় তার পরাক্রান্ত বীর, সর্ব গুণাধার আর যুদ্ধে মতি স্থির॥

প্রতাপভানুর আখ্যান

" ৩ রাজ্য উত্তরাধিকারী জ্যেষ্ঠ পুত্র যার, শ্রীপতাপভানু নাম সুবিদিত তার।
শ্রীঅরিমর্দন নাম অন্য পুত্র তার, সংগ্রামে অজেয় বলে নাহি তুল্য যার॥
" ৪ উভয় ভ্রাতার মাঝে মিলন কেবল, প্রীতি ছিল বিবর্জিত সর্ব দোষ ছল।
জ্যেষ্ঠ পুত্রে রাজা করি রাজ্য সমর্পন, হরি প্রেমে বানপ্রস্থে করিলা গমন॥

দো ১৫৯ শ্রীপ্রতাপভানু যবে রাজ সিংহাসনে, দেশব্যাপী নাম তার স্বতঃ উচ্চারণে।
করেন পালন প্রজা বেদবিধি মতে, কোন স্থানে নাহি পাপ তাহার রাজত্বে॥
চৌ ১ হিতকামী বুদ্ধিমান সচিব সহায়, ধর্মরুচি নাম তার শুক্রাচার্য প্রায়।
বুদ্ধিমান মন্ত্রী আর ভ্রাতা মহাবীর, নিজেও প্রতাপশালী যুদ্ধে মতি স্থির॥
" ২ চতুরঙ্গ বল সৈন্য অসংখ্য তাঁহার, যুদ্ধবিদ্যা বিশারদ সর্ব যোদ্ধা তার।
অবলোকি সৈন্য রাজা অতি হর্ষান্বিত, রণবাদ্য সঙ্গে বাজে অতি উত্তেজিত॥
" ৩ দিগ্বিজয় হেতু সৈন্য করি সুসজ্জিত, শুভদিনে যুদ্ধ যাত্রা ডঙ্কা নিনাদিত।
যত্র তত্র বহু রণ হইল বিজিত, অহঙ্কারী-সর্ব ভূপ হল পরাজিত॥
" ৪ সপ্তদ্বীপ ভুজবলে বশ্যতা বন্ধনে, রাজকর ল'য়ে মুক্তি দেন রাজগণে।
শ্রীপ্রতাপভানু তদা ভূমণ্ডল মাঝে, একচ্ছত্র মহীপাল হইয়া বিরাজে॥

দো ১৬০ বাহুবলে আনি বিশ্ব আপনার বশে, ফিরিলেন রাজধানী নৃপ অবশেষে।
ধর্মার্থ কামাদি সুখ যাহা প্রয়োজন, ভুঞ্জেন নৃপতি সুখে সময় মতন॥
চৌ ১ প্রতাপভানুর ছত্র-ছায়ার তলায়, ধরিত্রী সুখদ হল কামধেনু প্রায়।
সর্ব দুঃখ বিবর্জিত প্রজা সুখী অতি, ধর্মশীল নরনারী সুন্দর সুমতি॥
" ২ মন্ত্রী ধর্মরুচি তার হরি পদে প্রীতি, নৃপহিত লাগি দেন উপদেশ নিতি।
দেব গুরু সাধু আর ব্রাহ্মণেরে রাজা, সর্বদাই সকলেরে করিতেন পূজা॥
" ৩ রাজধর্ম যাহা আছে বেদেতে বর্ণন, সাদরে আনন্দে রাজা করেন পালন।
প্রতিদিন বিধিমতে করিতেন দান, শুনিতেন শ্রেষ্ঠ শাস্ত্র বেদ ও পুরাণ॥
" ৪ সরোবর পুষ্করিণী বহু কূপ আর, মনোহর অট্টালিকা উদ্যান বিস্তার।
সুন্দর মন্দির আর গৃহ ব্রাহ্মণের, সর্ব তীর্থে প্রতিষ্ঠান বিচিত্র সবের॥

দো ১৬১ উপদিষ্ট আছে যাহা বেদে ও পুরাণে, প্রতিটি যজ্ঞের বিধি যে অনুশাসনে।
সহস্র সহস্র বার সে সকল যাগ, সম্পূর্ণ করেন নৃপ হৃদে অনুরাগ॥

চৌ ১ হৃদয়ঁ ন কছু ফল অনুসন্ধানা, ভূপ বিবেকী পরম সুজানা।
করই জে ধরম করম মন বানী, বাসুদেব অর্পিত নৃপ গ্যানী ॥
„ ২ চঢ়ি বর বাজি বার এক রাজা, মৃগয়া কর সব সাজি সমাজা।
বিন্ধ্যাচল গভীর বন গয়উ, মৃগ পুনীত বহু মারত ভয়উ ॥
„ ৩ ফিরত বিপিন নৃপ দীখ বরাহূ, জনু বন দুরেউ সসিহি গ্রসি রাহূ।
বড় বিধু নহিঁ সমাত মুখ মাহীঁ, মনহুঁ ক্রোধ বস উগিলত নাহীঁ ॥
„ ৪ কোল করাল দসন ছবি গাঈ, তনু বিসাল পীবর অধিকাঈ।
ঘুরু ঘুরাত হয় আরৌ পাএঁ, চকিত বিলোকত কান উঠাএঁ ॥

দো ০১৬২ নীল মহীধর সিখর সম, দেখি বিসাল বরাহু।
চপরি চলেউ হয় সুটুকি নৃপ, হাঁকি ন হোই নিবাহু ॥

চৌ ০১ আবত দেখি অধিক রব বাজী, চলেউ বরাহ মরুত গতি ভাজী।
তুরত কীন্হ নৃপ সর সন্ধানা, মহি মিলি গয়উ বিলোকত বানা ॥
„ ২ তকি তকি তীর মহীস চলাবা, করি ছল সুঅর সরীর বচাবা।
প্রগটত দুরত জাই মৃগ ভাগা, রিস বস ভূপ চলেউ সঁগ লাগা ॥
„ ৩ গয়উ দূরি ঘন গহন বরাহূ, জহঁ নাহিন গজ বাজি নিবাহূ।
অতি অকেল বন বিপুল কলেসূ, তদপি ন মৃগ মগ তজই নরেসূ ॥
„ ৪ কোল বিলোকি ভূপ বড় ধীরা, ভাগি পৈঠ গিরিগুহাঁ গভীরা।
অগম দেখি নৃপ অতি পছিতাঈ, ফিরেউ মহাবন পরেউ ভুলাঈ ॥

দো ০১৬৩ খেদ খিন্ন ছুদ্ধিত তৃষিত, রাজা বাজি সমেত।
খোজত ব্যাকুল সরিত সর, জল বিনু ভয়উ অচেত ॥

চৌ ০১ ফিরত বিপিন আশ্রম এক দেখা, তহঁ বস নৃপতি কপট মুনি বেষা।
জাসু দেস নৃপ লীন্হ ছড়াঈ, সমর সেন তজি গয়উ পরাঈ ॥
„ ২ সময় প্রতাপ ভানু কর জানী, আপন অতি অসময় অনুমানী।
গয়উ ন গৃহ মন বহুত গলানী, মিলা ন রাজহি নৃপ অভিমানী ॥
„ ৩ রিস উর মারি রঙ্ক জিমি রাজা, বিপিন বসই তাপস কেঁ সাজা।
তাসু সমীপ গবন নৃপ কীন্হা, য়হ প্রতাপরবি তেহিঁ তব চীন্হা ॥
„ ৪ রাউ তৃষিত নহিঁ সো পহিচানা, দেখি সুবেষ মহামুনি জানা।
উতরি তুরগ তেঁ কীন্হ প্রনামা, পরম চতুর ন কহেউ নিজ নামা ॥

দো ০১৬৪ ভূপতি তৃষিত বিলোকি তেহিঁ, সরবরু দীন্হ দেখাই।
মজ্জন পান সমেত হয়, কীন্হ নৃপতি হরষাই ॥

চৌ ০১ গৈ শ্রম সকল সুখী নৃপ ভয়উ, নিজ আশ্রম তাপস লৈ গয়উ।
আসন দীন্হ অস্ত রবি জানী, পুনি তাপস বোলেউ মৃদু বানী ॥

চৌ ১ নাহিক প্রত্যাশা কিছু ফল কামনার, জ্ঞানী ও ধীমান ভূপ চিত্ত শুদ্ধ তার।
বাক্যে মনে যাহা কিছু করেন রাজন, ধর্ম কর্ম বাসুদেবে সবি সমর্পন॥

„ ২ একদা উত্তম অশ্বে করি আরোহণ, মৃগয়ার লাগি করি সব আয়োজন।
বিন্ধ্যাচল পর্বতের নিবিড় জঙ্গলে, বহু শ্রেষ্ঠ মৃগ যূথ বধি অবহেলে॥

„ ৩ ফিরিবার কালে বনে দেখেন শূকর, রাহু যেন গুপ্ত বনে গ্রাসি শশধর।
অতিকায় চন্দ্র যেন মুখের গহ্বরে, ক্রোধে মত্ত উদ্গিরণ না করিতে পারে॥

„ ৪ করাল দশন এই চিত্র বরাহের, সুবিশাল কলেবর প্রকাণ্ড দেহের।
অশ্ব ক্ষুর ধ্বনি শুনি চঞ্চল নয়নেতে, উৎকর্ণ কর্ণেতে দেখে সর্বত্র বনেতে॥

দো ১৬২ নীল বর্ণ গিরি শৃঙ্গ বরাহ মূরতি, বেত্রাঘাতে অশ্ব দ্রুত করেন নৃপতি।
কেননা জানেন নৃপ এ বরাহ বধ, দ্রুতগতি না চলিলে হবে অসম্ভব॥

চৌ ১ অশ্বক্ষুর মহাধ্বনি বিপদ সঙ্কেতে, পলায় বরাহ ধেয়ে বায়ুর গতিতে।
যোজনা করেন দ্রুত ধনুর্বাণ রায়, দেখি তা' শূকর শুই মহাতে মিলায়॥

„ ২ লক্ষ্য করি যত নৃপ নিক্ষেপেন বান, কৌশলে শূকর নিজ বাঁচায় পরাণ।
কভু দৃষ্টি পথে কভু হয় অদর্শন, নৃপ নাহি ত্যজে সঙ্গ ক্রোধের কারণ॥

„ ৩ বরাহ প্রবেশ করে নিবিড় গহনে, গজ অশ্ব অসম্ভব প্রবেশ যে স্থানে।
একাকী নৃপতি এবে পথ শ্রান্তি ক্লেশ, পশ্চাৎধাবন তবু না ত্যজে নরেশ॥

„ ৪ বরাহ ভূপের দেখি দৃঢ়বদ্ধ পণ, গভীর গুহার মাঝে করে পলায়ন।
অগম্য দেখিয়া গুহা মনস্তাপে জ্বলে, দিগভ্রান্ত হন নৃপ ফিরিবার কালে॥

দো ১৬৩ ব্যর্থতার গ্লানি আর ক্ষুধায় তৃষ্ণায়, অশ্বসহ মহারাজ হন মৃতপ্রায়।
ব্যাকুল চিত্তেতে খোঁজে নদী প্রস্রবন, বারি বিনা উভয়েই প্রায় অচেতন॥

চৌ ১ বনেতে ভ্রমন কালে দেখেন আশ্রম, সেথা মুনি বেশে এক নৃপ নরাধম।
রাজ্য যার মহারাজ করেন গ্রহণ, রণক্ষেত্রে সৈন্য ত্যজি করে পলায়ন॥

„ ২ প্রতাপভানুর ভাগ্য সুপ্রসন্ন মানি, নিজ ভাগ্য অতিশয় দুঃখময় জানি।
গ্লানিময় মনে গৃহে না করে গমন, অভিমানী ভূপ সাথে মিলিত না হন॥

„ ৩ সম্বরি মনের ক্রোধ দারিদ্র আবেশে, বাস করে এ বিপিনে নৃপ মুনি বেশে।
তারি কাছে যবে ভূপ করেন গমন, প্রতাপভানুরে চেনে সেই দুরাত্মন॥

„ ৪ তৃষ্ণার জ্বালায় ভূপ চিনিতে না পারে, উত্তম মুনির বেশে দেখিয়া তাহারে।
অশ্ব হতে উত্তরিয়া করিলা প্রণাম, ধূর্ত নৃপ নাহি বলে তাঁরে নিজ নাম॥

দো ১৬৪ তৃষ্ণার্ত দেখিয়া ভূপে কপট সে মুনি, সরোবর কোন পথে দেখাল আপনি।
অশ্বসহ মহারাজ সরোবরে গিয়া, স্নান করি জল পানে হরষিত হিয়া॥

চৌ ১ সর্ব ক্লান্তি হল দূর নৃপ সুখী হ'ল, তাপস আশ্রমে নিজ রাজারে আনিল।
সূর্য অস্ত প্রায় জানি প্রদানি আসন, অতঃপর কহে মুনি কোমল ভাষণ॥

চৌ ২ কো তুহ্ম কস বন ফিরহু অকেলেঁ, সুন্দর জুবা জীব্ল পরহেলেঁ।
চক্রবর্তিকে লচ্ছন তোরেঁ, দেখত দয়া লাগি অতি মোরেঁ ॥
,, ৩ নাম প্রতাপ ভানু অবনীসা, তাসু সচিব মৈঁ সুনহু মুনীসা।
ফিরত অহেরেঁ পরেউঁ ভুলাঈ, বড়ে ভাগ দেখেউঁ পদ আঈ ॥
,, ৪ হম কহঁ দুর্লভ দরস তুহ্মারা, জানত হৌঁ কছু ভল হোনিহারা।
কম মুনি তাত ভয়উ অঁধিয়ারা, জোজন সত্তরি নগরু তুহ্মারা ॥
দো ০১৬৫ নিসা ঘোর গম্ভীর বন, পন্থ ন সুনহু সুজান।
বসহু আজু অস জানি তুহ্ম, জাএহু হোত বিহান ॥
দো ০১৬৬ তুলসী জসি ভবতব্যতা, তৈসী মিলই সহাই।
আপনু আবই তাহি পহিঁ, তাহি তহাঁ লৈ জাই ॥
চৌ ০১ ভলেহিঁ নাথ আয়সু ধরি সীসা, বাঁধি তুরগ তরু বৈঠ মহীসা।
নৃপ বহু ভাঁতি প্রসংসেউ তাহী, চরন বন্দি নিজ ভাগ্য সরাহী ॥
,, ২ পুনি বোলেউ মৃদু গিরা সুহাঈ, জানি পিতা প্রভু করউঁ ঢিঠাঈ।
মোহি মুনীস সুত সেবক জানী, নাথ নাম নিজ কহহু বখানী ॥
,, ৩ তেহি ন জান নৃপ নৃপহি সো জানা, ভূপ সুহৃদ সো কপট সয়ানা।
বৈরী পুনি ছত্রী পুনি রাজা, ছল বল কীন্হ চহই নিজ কাজা ॥
,, ৪ সমুঝি রাজ সুখ দুখিত অরাতী, অবাঁ অনল ইব সুলগই ছাতী।
সরল বচন নৃপকে সুনি কানা, বয়র সঁভারি হৃদয়ঁ হরষানা ॥
দো ০১৬৭ কপট বোরি বানী মৃদুল, বোলেউ জুগুতি সমেত।
নাম হমার ভিখারি অব, নির্ধন রহিত নিকেত ॥
চৌ ০১ কহ নৃপ জে বিগ্যান নিধানা, তুহ্ম সারিখে গলিত অভিমানা।
সদা রহহিঁ অপনপৌ দুরাএঁ, সব বিধি কুসল কুবেষ বনাএঁ ॥
,, ২ তেহি তেঁ কহহিঁ সন্ত শ্রুতি টেরেঁ, পরম অকিঞ্চন প্রিয় হরি কেরেঁ।
তুহ্ম সম অধন ভিখারি অগেহা, হোত বিরঞ্চি সিবহি সন্দেহা ॥
,, ৩ জোসি সোসি তব চরন নমামী, মো পর কৃপা করিঅ অব স্বামী।
সহজ প্রীতি ভূপতি কৈ দেখী, আপু বিষয় বিস্বাস বিসেষী ॥
,, ৪ সব প্রকার রাজহি অপনাঈ, বোলেউ অধিক সনেহ জনাঈ।
সুনু সতিভাউ কহউঁ মহিপালা, ইহাঁ বসত বীতে বহু কালা ॥
দো ০১৬৮ অব লগি মোহি ন মিলেউ কোউ, মৈ ন জনাবউঁ কাহু।
লোকমান্যতা অনল সম, কর তপ কানন দাহু ॥
সো ০২৪ তুলসী দেখি সুবেষু, ভূলহিঁ মূঢ় ন চতুর নর।
সুন্দর কেকিহি পেখু, বচন সুধা সম অসন অহি ॥

চৌ ২ কে তুমি সুন্দর যুবা জীবনের ভয়, ত্যজিয়া একাকী তুমি ভ্রম বনময়।
রাজ চক্রবর্তী দেখি লক্ষণ তোমার, দেখিয়া হৃদয়ে মোর দয়ার সঞ্চার ॥

চৌ ৩ শ্রীপ্রতাপভানু নামে যিনি মহীপতি, আমি তাঁরি মহামন্ত্রী শুন মহামতি।
মৃগয়ার লাগি আমি ঘুরিতেছি বনে, পথভ্রান্ত হই' ভাগ্যে দেখা তব সনে ॥

চৌ ৪ তোমার দর্শনপ্রাপ্তি দুর্লভ আমার, জানি শুভাদৃষ্ট মোর মঙ্গল অপার।
মুনি কহে শুন বৎস হল অন্ধকার, সত্তর যোজন দূরে নগর তোমার ॥

দো ১৬৫ শুনহ সজ্জন নিশা ঘোর অন্ধকার, গভীর অরণ্য মাঝে পথ আবিষ্কার।
অসম্ভব জানি ইহা রহ রাত্রে হেথা, প্রাতঃকালে উঠি যেও যথা ইচ্ছা সেথা ॥

" ১৬৬ তুলসী ভণয়ে শুন নিয়তি বিধান, মানিতে হইবে সদা তুচ্ছ বা মহান।
নিয়তি আসেনা নিজে হইয়া প্রকট, আকর্ষণ করে সবে তাহার নিকট ॥

চৌ ১ শিরোধার্য তব আজ্ঞা প্রস্তাব উত্তম, বৃক্ষে অশ্ব বাঁধি নৃপ প্রবেশে আশ্রম।
বহুভাবে করিলেন মুনি গুণ গান, চরণ বন্দনা করি ভাবে ভাগ্যবান ॥

চৌ ২ অতঃপর কহে নৃপ সুমধুর বাণী, দৃষ্টতা করুন ক্ষমা পিতা বলে মানি।
তব ভৃত্য পুত্র জানি হে মুনীশ মোরে, কৃপা করি নিজ নাম বলুন বিস্তারে ॥

চৌ ৩ নৃপ তারে নাহি চেনে ভূপেরে সে চেনে, শুদ্ধচিত্ত ভূপ, মুনি কপটতা মনে।
একে শত্রু তাহে মুনি ক্ষত্রিয় তনয়, ছলে বলে নিজ স্বার্থ উদ্ধারিতে চায় ॥

চৌ ৪ গত রাজ্য সুখ স্মরি বৈরী দুঃখ তার, হৃদয় জ্বলিছে যেন চুল্লী কুম্ভকার।
রাজার সরল বাক্য পশি কর্ণে তার, শত্রুতা স্মরিয়া হৃদে আনন্দ অপার ॥

দো ১৬৭ ধূর্ততা করিয়া বৈরী অতি মৃদু বাণী, কহে সতর্কতা সহ বাক্যে যুক্তি আনি।
এখন আমার নাম বৈরাগী ভিখারী, নাহি ধন নাহি গৃহ আছি সব ছাড়ি ॥

চৌ ১ কহে নৃপ আপনার মত মহাজ্ঞানী, সর্ব অভিমান শূন্য সেই ত আপনি।
নিজেরে লুকায়ে রাখে ভিখারীর বেশে, সর্বদা মঙ্গল হয় সেই পরিবেশে ॥

চৌ ২ সে হেতু শ্রুতিতে আর সাধু সন্ত মতে, অতি দীন হ'তে হ'বে হরি প্রিয় হ'তে।
তব সম ভিক্ষুকেরে ধন গৃহহীন, দেখি ব্রহ্মা শম্ভু মনে বিস্ময় অসীম ॥

চৌ ৩ আপনি যাহাই হোন নমি তব পায়, করুন আমারে দয়া চরণ কৃপায়।
স্বাভাবিক প্রীত এবে ভূপেরে দেখিয়া, মুনি প্রতি বিশ্বাসের এ সুযোগ নিয়া ॥

চৌ ৪ অতি আপনার ভাবে তখন রাজারে, দেখাইয়া অতি স্নেহ কহিল তাহারে।
কহিতেছি সত্য কথা শুন মহীপাল, বাস মোর এই স্থানে গত বহুকাল ॥

দো ১৬৮ আজিকে পর্যন্ত কেহ দেখা করে নাই, আমিও বলিনি কারে কোথা মোর ঠাই।
প্রতিষ্ঠা লোকের মাঝে সদৃশ অনল, দগ্ধ করে তপ তরু সাথে তপোবল ॥

সো ২৪ তুলসী ভণয়ে হায় দেখিয়া সুবেশ, ভ্রান্ত হয় জ্ঞানী মূর্খ উভে নির্বিশেষ।
ময়ূর সুন্দর বচ কেকাধ্বনি তার, সুধা অন্তরেতে বিষ সর্পই আহার ॥

চৌ ০১ তাতেঁ গুপুত রহউঁ জগ মাহীঁ, হরি তজি কিমপি প্রয়োজন নাহীঁ।
প্রভূ জানত সব বিনহিঁ জনাএঁ, কহহু করনি সিধি লোক রিঝাএঁ॥
" ২ তুহ্ম সুচি সুমতি পরম প্রিয় মোরেঁ, প্রীতি প্রতীতি মোহি পর তোরেঁ।
অব জৌঁ তাত দুরাবউঁ তোহী, দারুন দোষ ঘটই অতি মোহী॥
" ৩ জিমি জিমি তাপসু কথই উদাসা, তিমি তিমি নৃপহি উপজ বিস্বাসা।
দেখা স্ববস কর্ম মন বানী, তব বোলা তাপস বগধ্যানী॥
" ৪ নাম হমার একতনু ভাঈ, সুনি নৃপ বোলেউ পুনি সিরু নাঈ।
কহহু নাম কর অরথ বখানী, মোহি সেবক অতি আপন জানী॥

দো ০১৬৯ আদি সৃষ্টি উপজী জবহিঁ, তব উতপতি ভৈ মোরি।
নাম একতনু হেতু তেহি, দেহ ন ধরী বহোরি॥

চৌ ০১ জনি আচরজু করহু মন মাহীঁ, সুত তপ তেঁ দুর্লভ কছু নাহীঁ।
তপবল তেঁ জগ সৃজই বিধাতা, তপবল বিষ্নু ভএ পরিত্রাতা॥
" ২ তপবল সম্ভূ করহিঁ সঙ্ঘারা, তপ তেঁ অগম ন কছু সংসারা।
তপবল সেষ ধরহিঁ মহিভারা, তপ অধার সব সৃষ্টি অপারা।
ভয়উ নৃপহি সুনি অতি অনুরাগা, কথা পুরাতন কহৈ সো লাগা॥
" ৩ করম ধরম ইতিহাস অনেকা, করই নিরূপন বিরতি বিবেকা।
উদভব পালন প্রলয় কহানী, কহেসি অমিত আচরজ বখানী॥
" ৪ সুনি মহীপ তাপস বস ভয়উ, আপন নাম কহন তব লয়উ।
কহ তাপস নৃপ জানউঁ তোহী, কীন্হেহু কপট লাগ ভল মোহী॥

সো ০২৫ সুনু মহীস অসি নীতি, জহঁ তহঁ নাম ন কহহিঁ নৃপ।
মোহি তোহি পর অতি প্রীতি, সোই চতুরতা বিচারি তব॥

চৌ ০১ নাম তুহ্মার প্রতাপ দিনেসা, সত্য কেতু তব পিতা নরেসা।
গুর প্রসাদ সব জানিঅ রাজা, কহিঅ ন আপন জানি অকাজা॥
" ২ দেখি তাত তব সহজ সুধাঈ, প্রীতি প্রতীতি নীতি নিপুনাঈ।
উপজি পরী মমতা মন মোরেঁ, কহউঁ কথা নিজ পূছে তোরেঁ॥
" ৩ অব প্রসন্ন মৈঁ সংসয় নাহীঁ, মাগু জো ভূপ ভাব মন মাহীঁ।
সুনি সুবচন ভূপতি হরষানা, গহি পদ বিনয় কীন্হি বিধি নানা॥
" ৪ কৃপাসিন্ধু মুনি দরসন তোরেঁ, চারি পদারথ করতল মোরেঁ।
প্রভুহি তথাপি প্রসন্ন বিলোকী, মাগি অগম বর হোউঁ অসোকী॥

দো ০১৭০ জরা মরন দুখ রহিত তনু, সমর জিতৈ জনি কোউ।
একছত্র রিপুহীন মহি, রাজকল্প সত হোউ॥

চৌ ১ সে কারণ রহি গুপ্ত হইতে সংসার, হরি ছাড়া কিছু নাই প্রয়োজন আর।
সকলি জানেন প্রভু না জানাতে তাঁরে, সিদ্ধি লভে কেবা কহ এ মায়া সংসারে ॥
চৌ ২ তুমি মোর প্রিয় আর শুচি বুদ্ধিমান, মোর পরে তব প্রীতি বিশ্বাস সমান।
হে বৎস তোমারে যদি করি গোপনতা, দারুণ দোষের সম মোরে লাগিবে তা ॥
চৌ ৩ যেমন তাপস কহে উদাসীর বাণী, নৃপের প্রতীতি জন্মে কথা সত্য মানি।
কায়-মনো-বাক্যে যবে হ'ল নৃপ বশ, কহে তবে বকধর্মী কপট তাপস ॥
চৌ ৪ একতনু নাম মোর শুন ভ্রাতঃ তুমি, শুনিয়া কহেন নৃপ নতশিরে নমি।
বলুন নামের অর্থ স্পষ্ট ব্যাখ্যা করে, আপনার অনুগত সেবক আমারে ॥

দো ১৬৯ আদি সৃষ্টি হল যবে বিশ্বজগতের, তখনি উৎপত্তি হল মোর এ দেহের।
একতনু নাম মোর ইহাই কারণ, পুনঃ পুনঃ দেহ মোর না করি ধারণ ॥
চৌ ১ শুনিয়া আশ্চর্য তুমি মন মাঝে হলে, দুর্লভ কিছুনা বৎস তপস্যার বলে।
তপোবলে এ জগত সৃজন ব্রহ্মার, তপোবলে বিষ্ণু লন রক্ষা কর্তা ভার ॥
চৌ ২ তপোবলে ভূতনাথ কর্তা সংহারের, তপের অগম্য কিছু নাহি সংসারের।
তপোবলে 'শেষ' ধরে এই মহীভার, যাহা কিছু সৃষ্টি জেনো তপের আধার ॥

চৌ ৩ শুনি ইহা নৃপতির অতি অনুরাগ, পুরাণ বৃত্তান্ত কহে করিয়া বিভাগ।
ধর্ম কর্ম ইতিহাস অনেক প্রকার, জ্ঞান ও বৈরাগ্য তত্ত্ব নির্ণয় তাহার ॥
চৌ ৪ সৃষ্টি স্থিতি প্রলয়ের সম্পূর্ণ কাহিনী, অতীব আশ্চর্য যাহা কহিল বাখানি।
শুনিয়া মহীশ হল মুনি বশ তবে, নিজ নাম কহিবারে উপক্রম যবে ॥
চৌ ৫ জানি আমি নাম তব তাপস কহিল, ছলনা করেছো মোরে লাগিয়াছে ভাল।
সো ২৫ শুনহ মহীশ রাজা যত্র তত্র স্থানে, নাহি লন আপনার নাম উচ্চারণে।
তোমার এ বিচক্ষণ বুদ্ধিমত্তা দেখি, তোমা প্রতি মোর স্নেহ হইয়াছি সুখী।
চৌ ১ শ্রীপ্রতাপভানু তব নাম জানিয়াছি, রাজা সত্যকেতু পিতা তাও বুঝিয়াছি ॥
গুরুর কৃপায় রাজা জানি সবি জেনো, নিজ হতে কহি নাই প্রকাশিব কেন ॥
" ২ হে বৎস দেখিয়া তব সরল প্রকৃতি, চমৎকার নীতি জ্ঞান প্রীতি ও প্রতীতি।
তব প্রতি স্নেহ মোর অতীব উদ্দাম, বুঝি তোমা তাই মোর কথা বলিলাম ॥
" ৩ অতীব প্রসন্ন আমি কোরোনা সংশয়, মাগ নৃপ যাহা তব মনে ইচ্ছা হয়।
এ আশ্বাস বাণী শুনি নৃপ হরষিত, বিবিধ বিনয় করি চরণে পতিত ॥
" ৪ কৃপাসিন্ধু মুনি তব দরশন লভি, করায়ত্ত চতুর্বর্গ আজি মোর সবি।
তথাপি প্রসন্ন দেখি প্রভুরে এমতে, মাগিব দুর্লভ বর শোক শূন্য হতে।

দো ১৭০ বার্দ্ধক্য মরণ দুঃখ যেন নাহি আসে, অজেয় সমরে যেন সবাকার পাশে।
ধরাতলে একচ্ছত্র রিপুহীন হই', শত কল্পযুগ ধরি যেন রাজ্যে রহি ॥

চৌ ০১ কহ তাপস নৃপ ঐসেই হোউ, কারন এক কঠিন সুনু সোউ।
কালউ তুঅ পদ নাইসি সীসা, এক বিপ্রকুল ছাড়ি মহীসা॥
„ ২ তপবল বিপ্রসদা বরিআরা, তিহ্নকে কোপ ন কোউ রখরারা।
জৌঁ বিপ্রহ্ন বস করহু নরেসা, তৌ তুঅ বস বিধি বিষ্নু মহেসা॥
„ ৩ চলন ব্রহ্ম কুল সন বরিআঈ, সত্য কহউঁ দোউ ভুজা উঠাঈ।
বিপ্র শ্রাপ বিনু সুনু মহিপালা, তোর নাস নহিঁ করনেহুঁ কালা।
„ ৪ হরষেউ রাউ বচন সুনি তাসূ, নাথ ন হোই মোর অব নাসূ।
তর প্রসাদ প্রভু কৃপা নিধানা, মো কহুঁ সর্ব কাল কল্যানা॥
দো ০১৭১ এরমস্তু কহি কপট মুনি, বোলা কুটিল বহোরি।
মিলব হমার ভুলাব নিজ, কহহু ত হমহি ন খোরি॥
চৌ ০১ তাতে মৈঁ তোহিঁ বরজউঁ রাজা, কহেঁ কথা তর পরম অকাজা।
ছঠেঁ শ্রবন য়হ পরত কহানী, নাস তুহ্মার সত্য মম বানী॥
„ ২ য়হ প্রগটেঁ অথরা দ্বিজশ্রাপা, নাস তোর সুনু ভানু প্রতাপা।
আন উপায়ঁ নিধন তর নাহীঁ, জৌঁ হরি হর কোপহিঁ মন মাহীঁ॥
„ ৩ সত্য নাথ পদ গহি নৃপ ভাষা, দ্বিজ গুর কোপ কহহু কো রাখা।
রাখই গুর জৌঁ কোপ বিধাতা, গুর বিরোধ নহিঁ কোউ জগ ত্রাতা॥
„ ৪ জৌঁ ন চলব হম কহে তুহ্মারেঁ, হোউ নাশ নহিঁ সোচ হমারেঁ।
একহিঁ ডর ডরপত মন মোরা, প্রভু মহিদের শ্রাপ অতি ঘোরা॥

দো ০১৭২ হোহিঁ বিপ্র বস করন বিধি, কহহু কৃপা করি সোউ।
তুহ্ম তজি দীন দয়াল নিজ, হিতূ ন দেখউঁ কোউ॥
চৌ ০১ সুনু নৃপ বিবিধ জতন জগ মাহীঁ, কষ্ট সাধ্য পুনি হোহিঁ কি নাহীঁ।
অহই এক অতি সুগম উপাঈ, তহাঁ পরন্তু এক কঠিনাঈ॥
„ ২ মম আধীন জুগুতি নৃপ সোঈ, মোর জাব তর নগর ন হোঈ।
আজু লগেঁ অরু জব তৈঁ ভয়উঁ, কাহূকে গৃহ গ্রাম ন গয়উঁ॥
„ ৩ জৌঁ ন জাউঁ তর হোই অকাজু, বনা আই অসমঞ্জস আজূ।
সুনি মহীস বোলেউ মৃদু বানী, নাথ নিগম অসি নীতি বখানী॥
„ ৪ বড়ে সনেহ লঘুহ্ন পর করহীঁ, গিরি নিজ সিরনি সদা তৃন ধরহীঁ।
জলধি অগাধ মৌলি বহ ফেনূ, সন্তত ধরনি ধরত সির রেনূ॥

দো ০১৭৩ অস কহি গহে নরেস পদ, স্বামী হোহু কৃপাল।
মোহি লাগি দুখ সহিঅ প্রভু, সজ্জন দীন দয়াল॥
চৌ ০১ জানি নৃপহি আপন আধীনা, বোলা তাপস কপট প্রবীনা।
সত্য কহউঁ ভূপতি সুনু তোহী, জগ নাগিন দুর্লভ কছু মোহী॥

চৌ ১ তাপস কহিল নৃপে হইবে তাহাই, কিন্তু সে কঠিন বড় কহি শুন তাই।
দ্বিজ ছাড়া সর্বভূত হবে পদানত, যমও তোমার বশ রহিবে সতত॥
„ ২ তপোবলে বলীয়ান ব্রাহ্মণ দুর্বার, বিপ্র ক্রোধে নাহি কেহ রক্ষা করিবার।
বিপ্রে বশ যদি নৃপ রাখ নিরন্তর, তব বশ হবে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর॥
„ ৩ বলের প্রয়োগ নাহি চলে বিপ্র প্রতি, ঊর্ধ্বে তুলি দুই বাহু কহি সত্য অতি।
বিপ্র অভিশাপ ছাড়া শুন মহীপাল, না হবে বিনাশ তব জেনো কোন কাল॥
„ ৪ তাহার বচনে হর্ষ নৃপের অন্তর, কোন কালে তবে প্রভু নাশ নাহি মোর।
তোমার প্রসাদে প্রভু হে কৃপানিধান, সর্ব কালে হবে মোর সাধিত কল্যাণ॥
দো ১৭১ ধূর্ত শঠ মুনি কহে হইবে তাহাই, কহে পুনঃ নৃপে তব পথভ্রান্তি এই।
আর মোর সাথে দেখা কহিও না কারে, কহ যদি দোষ তবে দিওনা আমারে॥
চৌ ১ এ কথা কহিলে তব বিলক্ষণ ক্ষতি, সে হেতু নিষেধ মোর জানিবে নৃপতি।
এ প্রসঙ্গ ষটকর্ণে হইলে গোচর, সত্য কহি মৃত্যু তব নাহি গত্যন্তর॥
„ ২ হে প্রতাপভানু শুন বিপ্র শাপ আর, একথা প্রচার করা তোমার সংহার।
তোমার নিধন পন্থা নাহিক অপর, কুপিত যদিও হ'ন বিষ্ণু মহেশ্বর॥
„ ৩ মুনির চরণ ধরি কহিল নৃপতি, দ্বিজ গুরু কোপে রাখে কাহার শকতি।
গুরু রক্ষা করে হলে কোপ বিধাতার, গুরু সাথে বিরোধেতে রাখে সাধ্য কার॥
„ ৪ তব উপদেশ মত না চলিলে মোর, হইবে সংহার ইথে চিন্তা নাহি ঘোর।
এক ভয়ে ভীত আমি উদ্বেলিত মতি, ব্রাহ্মণের অভিশাপ ভয়ঙ্কর অতি॥

দো ১৭২ কি প্রকারে করি বশ ব্রাহ্মণেরে আমি, কৃপা করি কহ তাহা আমারে হে স্বামি।
হে দীনদয়াল প্রভু তোমা ছাড়া আর, কাহাকেও দেখি না ত হিতার্থী আমার॥
চৌ ১ শুন নৃপ বহু আছে জগতে উপায়, কষ্টসাধ্য কার্য সিদ্ধি হয় বা না হয়।
একটি উপায় আছে সহজ প্রথায়, তারো মাঝে আছে এক কঠিনতা হায়॥
„ ২ আমার আয়ত্বে আছে বাধা ঘোচানোর, কিন্তু তব সঙ্গ নে'য়া হবেনা ত মোর।
আজ হতে যতদিন হয়েছে জনম, গৃহে কারো, গ্রামে কোন করিনি গমন॥
„ ৩ যদি নাহি যাই তব কর্মের ব্যাঘাত, আজ দেখি হল এক অতি বিসংবাদ।
শুনিয়া নৃপতি কহে অতি মৃদু স্বরে, শ্রুতিতে বিধান নাথ আছে এর পরে॥
„ ৪ গুরু করে লঘু প্রতি স্নেহ আচরণ, গিরি তার শিরে তৃণ করে যে ধারণ।
অগাধ জলধি ধরে ফেন বক্ষোপরে, ধরণী ধূলার রাশি ধরে শিরোপরে॥

দো ১৭৩ ইহা কহি নৃপ ধরে মুনির চরণ, দয়া করি কর প্রভু কৃপা প্রদর্শন।
মোর লাগি এই ক্লেশ সহিতেই হবে, দীনের দয়াল প্রভু হইয়াছ যবে॥
চৌ ১ নৃপেরে জানিয়া এবে নিজের অধীন, কহিল তাপস-বেশী কপট প্রবীন।
অতি সত্য কহিতেছি নৃপতি এ ভবে, আমার দুর্লভ কিছু নাহিক সম্ভবে॥

চৌ ২ অরসি কাজ মৈঁ করিহউঁ তোরা, মন তন বচন ভগত তৈঁ মোরা।
জোগ জুগুতি তপ মন্ত্র প্রভাউ, ফলই তবহিঁ জব করিঅ দুরাউ॥
" ৩ জৌঁ নরেস মৈঁ করৌঁ রসোঈ, তুম্হ পরসহু মোহি জান ন কোঈ।
অন্ন সো জোই জোই ভোজন করঈ, সোই সোই তর আয়সু অনুসরঈ॥
" ৪ পুনি তিন্হকে গৃহ জেরঁই জোউ, তর বস হোই ভূপ সুনু সোউ।
জাই উপায় রচহু নৃপ এহূ, সম্বত ভরি সঙ্কলপ করেহূ॥

দো •১৭৪ নিত নূতন দ্বিজ সহস সত, বরেহু সহিত পরিবার।
মৈঁ তুম্হরে সঙ্কল্প লগি, দিনহিঁ করবি জেরনার॥

চৌ ১ এহি বিধি ভূপ কষ্ট অতি থোরেঁ, হোইহহিঁ সকল বিপ্র বস তোরেঁ।
করিহহিঁ বিপ্র হোম মখ সেরা, তেহিঁ প্রসঙ্গ সহজেহিঁ বস দেরা॥
" ২ ঔর এক তোহি কহউঁ লখাউ, মৈঁ এহিঁ বেষ ন আউব কাউ।
তুম্হরে উপরোহিত কহু রায়া, হরি আনব মৈঁ করি নিজ মায়া॥
" ৩ তপ বল তেহি করি আপু সমানা, রখিহউঁ ইহাঁ বরষ পররানা।
মৈঁধরি তাসু বেষু সুনু রাজা, সব বিধি তোর সঁরারব কাজা॥
" ৪ গৈ নিসি বহুত সয়ন অব কীজে, মোহি তোহি ভূপ ভেঁট দিন তীজে।
মৈঁ তপবল তোহি তুরগ সমেতা, পহুঁচৈহউঁ সোরতহি নিকেতা॥

দো ০১৭৫ মৈঁ আউব সোই বেষু ধরি, পহিচানেহু তব মোহি।
জব একান্ত বোলাই সব, কথা সুনারৌ তোহি॥

চৌ ১ সয়ন কীন্হ নৃপ আয়সু মানী, আসন জাই বৈঠ ছল গ্যানী।
শ্রমিত ভূপ নিদ্রা অতি আঈ, সো কিমি সোর সোচ অধিকাঈ॥
" ২ কাল কেতু নিসিচর তহঁ আরা, জেহিঁ সূকর হোই নৃপহি ভুলারা।
পরম মিত্র তাপস নৃপ কেরা, জানই সো অতি কপট ঘনেরা॥
" ৩ তেহি কে সত সুত অরু দস ভাঈ, খল অতি অজয় দের দুখদাঈ।
প্রথমহিঁ ভূপ সমর সব মারে, বিপ্র সন্ত সুর দেখি দুখারে॥
" ৪ তেহিঁ খল পাছিল বয়রু সঁভারা, তাপস নৃপ মিলি মন্ত্র বিচারা।
জেহিঁ রিপু ছয় সোই রচেন্হি উপাউ, ভারী বস ন জান কছু রাউ॥

দো •১৭৬ রিপু তেজসী অকেল অপি, লঘু করি গনিঅ ন তাহু।
অজহুঁ দেত দুখ রবি সসিহি, সির অরসেষিত রাহু॥

চৌ ১ তাপস নৃপ নিজ সখহি নিহারী, হরষি মিলেউ উঠি ভয়উ সুখারী।
মিত্রহি কহি সব কথা সুনাঈ, জাতুধান বোলা সুখ পাঈ॥
" ২ অব সাধেউঁ রিপু সুনহু নরেসা, জৌঁ তুম্হ কীন্হ মোর উপদেসা।
পরিহরি সোচ রহহু তুম্হ সোঈ, বিনু ঔষধ বিআধি বিধি খোঈ॥

চৌ ২ অবশ্য করিব আমি তব কার্য্যোদ্ধার, কায়মনবাক্যে ভক্ত হইবে আমার।
যোগ যুক্ত মন্ত্র আর তপের প্রভাব, গোপন রহিলে ফল হয় আবির্ভাব ॥
" ৩ অন্ন পাক করি যদি রহিয়া গোপন, তুমি যদি কর তাহা সুপরিবেষণ।
যাহারা সে অন্নভাগ করিবে গ্রহণ, সর্ব্ব করিবে তারা তবানুসরণ ॥
" ৪ শুধু তারা নহে যারা তাহাদের ঘরে, বাস করে হবে বশ সবে তোমা পরে।
গৃহে ফিরি এইরূপ করিবে উপায়, বৎসর সময় কাল সঙ্কল্প বিধায় ॥
দো ১৭৪ নিতি নব লক্ষ দ্বিজ কর নিমন্ত্রণ, সপরিবারেতে সবে করাবে ভোজন।
তোমার সঙ্কল্প লাগি বৎসর ধরিয়া, প্রতি দিন দিব আমি সুখাদ্য করিয়া ॥
চৌ ১ এ প্রকারে হবে নৃপ অতি অল্প ক্লেশ, দ্বিজ হবে বশ তব সবে নির্বিশেষ।
যাগ যজ্ঞ দেব সেবা করিবে বিপ্রেরা, সহজে হইবে বশ সব দেবতারা।
" ২ আর এক বার্ত্তা তোমা কহিব বিশেষ, নাহি যাব কোন স্থানে ধরি নিজ বেশ।
শুন রাজা পুরোহিতে হরিয়া তোমার, আনিব হেথায় করি মায়ার বিস্তার ॥
" ৩ তপোবলে করি তারে আপনার প্রায়, বর্ষকাল ধরি তারে রাখিব হেথায়।
ধরিয়া তাহার রূপ আমি হে রাজন, সব কাজ তব সিদ্ধি করিব সাধন ॥
" ৪ অনেক হয়েছে রাত্রি করহ শয়ন, তিন দিনে তব সাথে হইবে মিলন।
তপোবলে অশ্ব সহ তোমারে রাজন, নিদ্রিত রহিবে যবে পাঠাব ভবন।

দো ১৭৫ আসিব ধরিয়া আমি পুরোহিত বেশ, একান্তে ডাকিয়া তোমা যবে সবিশেষ।
শুনাব সকল কথা বিশ্বাস ভাজন [illegible] পারিবে তুমি তখনি রাজন ॥
চৌ ১ করিল শয়ন রাজা মুনি আজ্ঞা [illegible] আসনে রহিল বসে সে কপট জ্ঞানী ॥
পরিশ্রম হেতু ভূপ গাঢ় নিদ্রা যায়, মুনি [illegible] নিদ্রা কোথা জড়িত চিন্তায় ॥
" ২ নিশাচর কালকেতু আসিল তথায় [illegible] সেই নৃপেরে ভুলায়।
প্রিয় বন্ধু হয় সেই তপস্বী রাজার, [illegible] অগাধ তাহার ॥
" ৩ শত পুত্র দশ ভ্রাতা আছিল তাহার, অতীব দুর্দান্ত খল দুঃখ দেবতার।
পূর্ব্বেই করেছে হত্যা সমরে ভূপতি, সাধু সন্ত দেবতার দুঃখ দেখি অতি ॥
" ৪ পূর্ব্বের শত্রুতা স্মরি' তাপসের সাথে, একত্রে মিলিত হ'য়ে রহে মন্ত্রণাতে।
যে প্রকারে শত্রু নাশ রচিল উপায়, জানিতে না পারে নৃপ নিয়তি বিধায় ॥

দো ১৭৬ একাকী তেজস্বী শত্রু থাকিলেও তারে, ভেবনা কখনো তুচ্ছ হেয় জ্ঞান করে।
রবি শশী উভয়েরে আজো দুঃখ দেয়, শির মাত্র অবশিষ্ট সে রাহুও হায় ॥
চৌ ১ তাপস দেখিল যবে সখারে তাহার, উঠি আলিঙ্গন করে প্রীতিতে অপার।
কহিল মিত্রেরে তার সকল বারতা, আনন্দিত নিশাচর বলিল এ কথা ॥
" ২ মোর উপদেশ মত চলেছ যখন, করিবই বশীভূত শত্রুরে এখন।
চিন্তা ত্যজি' তুমি এবে করহ শয়ন, ঔষধ বিনাই ব্যাধি বিধির হরণ ॥

চৌ ৩ কুল সমেত রিপু মূল বহাঈ, চৌথেঁ দিবস মিলব মৈঁ আঈ।
তাপস নৃপহি বহুত পরিতোষী, চলা মহা কপটী অতিরোষী ॥
„ ৪ ভানু প্রতাপহি বাজি সমেতা, পহুঁচাএসি ছন মাঝ নিকেতা।
নৃপহি নারি পহিঁ সয়ন করাঈ, হয় গৃহঁ বাঁধেসি বাজি বনাঈ ॥

দো ০১৭৭ রাজা কে উপরোহিতহি, হরি লৈ গয়উ বহোরি।
লৈ রাখেসি গিরি খোহ মহু, মায়াঁ করি মতি ভোরি ॥

চৌ ১ আপু বিরচি উপরোহিত রূপা, পরেউ জাই তেহি সেজ অনূপা।
জাগেউ নৃপ অনভএঁ বিহানা, দেখি ভবন অতি অচরজু মানা ॥
„ ২ মুনি মহিমা মন মহু অনুমানী, উঠেউ গবঁহিঁ জেহিঁ জান ন রানী।
কানন গয়উ বাজি চঢ়ি তেহীঁ, পুর নর নারি ন জানেউ কেহীঁ ॥
„ ৩ গএঁ জাম জুগ ভূপতি আবা, ঘর ঘর উৎসব বাজ বধাবা।
উপরোহিতহি দেখ জব রাজা, চকিত বিলোকি সুমিরি সোই কাজা ॥
„ ৪ জুগ সম নৃপহি গএ দিন তীনী, কপটী মুনি পদ রহ মতি লীনী।
সময় জানি উপরোহিত আবা, নৃপহি মতে সব কহি সমুঝাবা ॥

দো ০১৭৮ নৃপ হরষেউ পহিচানি গুরু, ভ্রম বস রহা ন চেত।
বরে তুরপ সত সহস বর, বিপ্র কুটুম্ব সমেত ॥

চৌ ১ উপরোহিত জেবনার বনাঈ, ছরস চারি বিধি জসি শ্রুতি গাঈ।
মায়াময় তেহিঁ কীহ্নি রসোঈ, বিঞ্জন বহু গনি সকই ন কোঈ ॥
„ ২ বিবিধ মৃগহ্ন কর আমিষ রাঁধা, তেহি মহুঁ বিপ্র মাঁসু খল সাঁধা।
ভোজন কহুঁ সব বিপ্র বোলাএ, পদ পখারি সাদর বৈঠাএ ॥
„ ৩ পরুসন জবহিঁ লাগ মহিপালা, ভৈ অকাসবানী তেহি কালা।
বিপ্রবৃন্দ উঠি উঠি গৃহ জাহূ, হৈ বড়ি হানি অন্ন জনি খাহূ ॥
„ ৪ ভয়উ রসোঈ ভূসুর মাঁসু, সব দ্বিজ উঠে মানি বিস্বাসূ।
ভূপ বিকল মতি মোহঁ ভুলানী, ভাবী বস ন আব মুখ বানী ॥

দো ০১৭৯ বোলে বিপ্র সকোপ তব, নহিঁ কছু কীহ্ন বিচার।
জাই নিসাচর হোহু নৃপ, মূঢ় সহিত পরিবার ॥

চৌ ০১ ছত্রবন্ধু তৈঁ বিপ্র বোলাঈ, ঘালৈ লিএ সহিত সমুদাঈ।
ঈশ্বর রাখা ধরম হমারা, জৈহসি তৈঁ সমেত পরিবারা ॥
„ ২ সম্বত মধ্য নাস তব হোউ, জল দাতা ন রহিহি কুল কোউ।
নৃপ সুনি শ্রাপ বিকল অতি ত্রাসা, ভৈ বহোরি বর গিরা অকাসা ॥
„ ৩ বিপ্রহু শ্রাপ বিচারি ন দীহ্না, নহিঁ অপরাধ ভূপ কছু কীহ্না।
চকিত বিপ্র সব মুনি নভ বানী, ভূপ গয়উ জহঁ ভোজন খানী ॥

চৌ ৩ সবংশে শত্রুর মূল করি উৎপাটন, চতুর্থ দিবসে তোমা দিব দরশন।
পরিতুষ্ট করি ভণ্ড তপস্বী রাজারে, মায়াবলী অগ্রসর হল ক্রোধভরে ॥

„ ৪ ভানুপ্রতাপেরে আর অশ্বেরে তাহার, পৌঁছাইল নিজ ধামে নিমেষ মাঝার।
নৃপতিরে স্ত্রীর পাশে করাল শয়ন, অশ্ব শালে অশ্ব রাখি করিল বন্ধন ॥

দো ১৭৭ অতঃপর রাজা হতে রাজ পুরোহিতে, হরণ করিয়া লয়ে অতি আচম্বিতে।
পর্বত গুহার মাঝে রাখিল তাহারে, মায়াবলে পুরোহিতে বুদ্ধিভ্রষ্ট করে ॥

চৌ ১ পুরোহিত রূপে তবে সাজায়ে নিজেরে, শয়ন করিল তার শুভ্র শয্যা পরে।
রাজার প্রত্যূষ পূর্বে নিদ্রাভঙ্গ হয়, আপন ভবন দেখি পরম বিস্ময় ॥

„ ২ মুনির মহিমা ইহা মন মাঝে মানি, শয্যা ত্যাজি' উঠে রাজা নাহি জাগে রানী।
সেই অশ্বে উঠি রাজা চলে মহাবনে, না জানিতে পারে কেহ পুরবাসি গণে ॥

„ ৩ ফিরিলেন নিজ ধামে গত দ্বিপ্রহরে, স্বাগত উৎসব চলে প্রতি ঘরে ঘরে।
পুরোহিতে দেখি নৃপে পরম বিস্ময়, স্মৃতিতে উদিত সেই কার্যের বিষয় ॥

„ ৪ যুগসম নৃপ কাছে লাগে তিন দিন, কপট মুনির পদে মন প্রাণ লীন।
সময় হয়েছে জানি পুরোহিত এলো, পূর্বের সিদ্ধান্ত মত রাজারে বোঝালো ॥

দো ১৭৮ চিনিতে পারিয়া গুরু নৃপ হর্ষান্বিত, স্বরূপ বুঝে না তার ভ্রান্তির বশত।
অতি শীঘ্র নিমন্ত্রণ লক্ষ ব্রাহ্মণেরে, করিলেন মহীপাল সহ পরিবারে ॥

চৌ ১ খাদ্যের সামগ্রী সব পুরোহিত করে, শ্রুতি মতে ছয় রস চতুর্বিধ তারে।
মায়াময় সে রাক্ষস করিল রন্ধন, অগণিত হল সেই বিবিধ ব্যঞ্জন ॥

„ ২ বিবিধ মৃগের মাংস প্রস্তুত করিয়া, তারি সাথে বিপ্র মাংস দেয় মিশাইয়া ॥
ভোজন লাগিয়া ডাকি সব ব্রাহ্মণেরে, সাদরে বসায় সবে পদ ধৌত করে ॥

„ ৩ নৃপ যবে সুরু করে খাদ্য বিতরণ, হইল আকাশবাণী ঠিক সেই ক্ষণ।
উঠ বিপ্র সবে দ্রুত ফিরহ ভবনে, পরম অনিষ্ট হবে এ খাদ্য ভোজনে ॥

„ ৪ এখাদ্য প্রস্তুত জেনো বিপ্রমাংস দিয়া, সকল ব্রাহ্মণ উঠে বিশ্বাস করিয়া।
নৃপতি ব্যাকুল মতি বুদ্ধি ত্যজে তারে, নিয়তির বশে তার বাক্য নাহি সরে ॥

দো ১৭৯ অতি ক্রোধে বিপ্রগণ কহে উচ্চৈ স্বরে, কোনই বিচার দেখি নাহিক অন্তরে।
অভিশাপ দিনু মোরা এই দুর্নিবার, হও গিয়া নিশাচর সহ পরিবার ॥

চৌ ১ হইয়া ক্ষত্রিয় তুই পরিবার সহ, ব্রাহ্মণের ধর্ম নষ্ট করিতে আগ্রহ।
ঈশ্বর রেখেছে আজ ধর্ম সদাকার, উৎসন্ন হইবি এবে সহ পরিবার ॥

„ ২ বৎসরেক মধ্যে তোর সর্বনাশ হবে, জল পিণ্ড দিতে কেহ বংশে নাহি রবে।
অভিশাপ শুনি রাজা বিকল ত্রাসেতে, পুনঃ শ্রেষ্ঠ দৈববাণী হল আকাশেতে।

„ ৩ বিপ্রগণ শাপ দিলে না করি বিচার, অপরাধ নাহি কিছু এক্ষেত্রে রাজার।
শুনি দৈববাণী সব বিপ্রের বিস্ময়, রন্ধন শালাতে নৃপ অতি দ্রুত যায় ॥

চৌ ৪ তহঁ ন অসন নহিঁ বিপ্র সুআরা, ফিরেউ রাউ মন সোচ অপারা।
সব প্রসঙ্গ মহি সুরন্হ সুনাঈ, ত্রসিত পরেউ অরনীঁ অকুলাঈ।

দো ০১৮০ ভূপতি ভারী মিটই নহিঁ, জদপি ন দূষন তোর।
কিএঁ অন্যথা হোই নহিঁ, বিপ্রশ্রাপ অতি ঘোর॥

চৌ ১ অস কহি সব মহিদেব সিধাএ, সমাচার পুরলোগন্হ পাএ।
সোচহিঁ দূষন দৈবহি দেহীঁ, বিরচত হংস কাগ কিয় জেহীঁ॥
„ ২ উপরোহিতহি ভবন পহুঁচাঈ, অসুর তাপসহি খবরি জনাঈ।
তেহিঁ খল জহঁ তহঁ পত্র পঠাএ, সজি সজি সেন ভূপ সব ধাএ॥
„ ৩ ঘেরেন্হি নগর নিসান বজাঈ, বিবিধ ভাঁতি নিত হোই লরাঈ।
জূঝে সকল সুভট করি করনী, বন্ধু সমেত পরেউ নৃপ ধরনী॥
„ ৪ সত্যকেতু কুল কোউ নহিঁ বাঁচা, বিপ্রশ্রাপ কিমি হোই অসাঁচা।
রিপু জিতি সব নৃপ নগর বসাঈ, নিজ পুর গবনে জয় জসু পাঈ॥

দো ০১৮১ ভরদ্বাজ সুনু জাহি জব, হোই বিধাতা বাম।
ধূরি মেরু সম জনক জম, তাহি ব্যালসম দাম॥

রাবণাদির জন্ম

চৌ ১ কাল পাই মুনি সুনু সোই রাজা, ভয়উ নিসাচর সহিত সমাজা।
দস সির তাহি বীস ভুজদণ্ডা, রাবন নাম বরিবণ্ডা॥
„ ২ ভূপ অনুজ অরিমর্দন নামা, ভয়উ সো কুম্ভকরন বলধামা।
সচিব জো রহা ধরমরুচি জাসু, ভয়উ বিমাত্র বন্ধু লঘু তাসু॥
„ ৩ নাম বিভীষন জেহি জগ জানা, বিষ্নু ভগত বিগ্যান নিধানা।
রহে জে সুত সেবক নৃপ কেরে, ভএ নিসাচর ঘোর ঘনেরে॥
„ ৪ কামরূপ খল জিনস অনেকা, কুটিল ভয়ঙ্কর বিগত বিবেকা।
কৃপা রহিত হিংসক সব পাপী, বরনি ন জাহিঁ বিস্ব পরিতাপী॥

দো ০১৮২ উপজে জদপি পুলস্ত্য কুল, পাবন অমল অনূপ।
তদপি মহীসুর শ্রাপ বস, ভএ সকল অঘরূপ॥

চৌ ১ কীন্হ বিবিধ তপ তীনিহুঁ ভাঈ, পরব উগ্র নহিঁ বরনি সো জাঈ।
গয়উ নিকট তপ দেখি বিধাতা, মাগহু বর প্রসন্ন মৈঁ তাতা॥
„ ২ করি বিনতী পদ গহি দসসীসা, বোলেউ বচন সুনহু জগদীসা।
হম কাহূকে মরহিঁ ন মারেঁ, বানর মনুজ জাতি দুই বারে॥
„ ৩ এবমস্তু তুম্হ বড় তপ কীন্হা, মৈঁ ব্রহ্মাঁ মিলি তেহি বর দীন্হা।
পুনি প্রভু কুম্ভকরন পহিঁ গয়উ, তেহি বিলোকি মন বিসময় ভয়উ॥

চৌ ৪ তথায় নাহিক খাদ্য নাহি সূপকার, ফিরে নৃপ মনে অনুশোচনা অপার।
সমস্ত বৃত্তান্ত কহে সকল ব্রাহ্মণে, ব্যাকুল ত্রাসেতে পড়ে ভূমিতল পানে ॥

দো ১৮০ যদ্যপি তোমার রাজা দোষ নাই এতে, ভাগ্যের লিখন বল কে পারে মিটাতে।
বিপ্রশাপ উচ্চারণ হলে একবার, অন্যথা করিতে কেহ না পারে ইহার ॥

চৌ ১ কহি ইহা বিপ্রগণ করিল প্রস্থান, যখন শুনিল ইহা পুরবাসিগণ।
দৈবে দোষারোপ করে সবে দুশ্চিন্তায়, বায়স করিল এবে রাজহংসে হায় ॥

„ ২ পুরোহিতে স্বগৃহেতে করিয়া স্থাপন, রাক্ষস জানাল গিয়া তাপসে তখন।
যত্র তত্র পত্র খল করিল প্রেরণ রণসজ্জা করি ধায় যত রাজগণ ॥

„ ৩ বাজাইয়া ডঙ্কা করে অবরোধ পুর, বিবিধ প্রকারে যুদ্ধ হইল প্রচুর।
করিল সংগ্রাম যোদ্ধা সাধ্য যত হয়, ভ্রাতার সহিত নৃপ ভূমি শয্যা লয় ॥

„ ৪ সত্যকেতু কুলে কেহ জীবিত না রয়, ব্রাহ্মণের শাপ মিথ্যা কখনো কি হয়।
জিনি শত্রু রাজগণ নগর স্থাপিয়া, ফিরে সবে নিজ রাজ্যে জয় যশ নিয়া ॥

দো ১৮১ শুন ভরদ্বাজ মুনি বিধি হলে বাম, ধূলি হয় তার কাছে পর্বত সমান।
পিতা হয় কালান্তক যমে পরিণত, রজ্জু সর্প রূপে করে দংশন সতত ॥

রাবণাদির জন্ম

চৌ ১ শুন মুনি কালক্রমে সেই মহাভূপে, সপরিবারেতে জন্মে নিশাচর রূপে।
বিংশতি বাহুর আর ল'য়ে দশ শির, রাবণ নামেতে সেই পরাক্রান্ত বীর ॥

„ ২ অরি মরদন নামে অনুজ তাহার, বলশালী কুম্ভকর্ণ ভীষণ আকার।
মন্ত্রী ধর্মরুচি নাম আছিল যাহার, বৈমাত্রেয় ভ্রাতা হল পরজন্মে তার ॥

„ ৩ বিভীষণ নামে খ্যাত জগত মাঝার, বিষ্ণু ভক্ত ছিল জ্ঞান বিজ্ঞান আধার।
নৃপের সেবক আর পুত্র ছিল যারা, ভয়ঙ্কর নিশাচর হইল তাহারা ॥

„ ৪ ইচ্ছারূপী বহু জাতি অতিখল হীন, ভীষণ কুটিল আর বিবেকবিহীন।
দয়াহীন হিংস্র আর পরিপূর্ণ পাপে, বর্ণনা অতীত হল বিশ্ব পরিতাপে ॥

দো ১৮২ নির্মল পবিত্র সেই অপূর্ব বংশেতে, যদিও উৎপন্ন এরা পুলস্ত কুলেতে।
তথাপি ব্রাহ্মণ শাপ বশবর্ত্তী হ'য়ে, হইল পাপাত্মা সবে ঘৃণ্য বৃত্তি ল'য়ে ॥

চৌ ১ করিল বিবিধ তপ ভ্রাতা এই তিন, প্রচণ্ড তপস্যা করে বর্ণনা বিহীন।
দেখি উগ্র তপ ব্রহ্মা সম্মুখীন তবে, হে বৎস প্রসন্ন আমি মাগ বর এবে ॥

„ ২ দশগ্রীব সবিনয়ে তাঁর পদ ধরি, কহিল হে জগদীশ শুন কৃপা করি।
কেহ যেন নাহি পারে মোরে মারিবারে, নর ও বানর ছাড়া এ বিশ্ব সংসারে ॥

„ ৩ করেছো ভীষণ তপ হইবে তাহাই, ব্রহ্মা শিব দোঁহে মিলি বর দেন তাই।
কুম্ভকর্ণ পাশে ব্রহ্মা যবে পঁহুছেন, অতিশয় চিন্তাগ্রস্ত তিনি হইলেন ॥

চৌ ৪ জৌঁ এহিঁ বল নিত করব অহারূ, হোইহি সব উজারি সংসারূ।
সারদ প্রেরি তাসু মতি ফেরী, মাগেসি নীদ মাস ষট কেরী ॥

দো ০১৮৩ গএ বিভীষন পাস পুনি, কহেউ পুত্র বর মাগু।
তেহিঁ মাগেউ ভগবন্ত পদ, কমল অমল অনুরাগু ॥

চৌ ১ তিন্হহি দেই বর ব্রহ্ম সিধাএ, হরষিত তে অপনে গৃহ আএ।
ময় তনুজা মন্দোদরি নামা, পরম সুন্দরী নারি ললামা ॥

" ২ সোই ময়ঁ দীন্হি রাৱনহি আনী, হোইহি জাতুধানপতি জানী।
হরষিত ভয়উ নারি ভলি পাঈ, পুনি দোউ বন্ধু বিআহেসি জাঈ ॥

" ৩ গিরি ত্রিকূট এক সিন্ধু মঝারী, বিধি নির্মিত দুর্গম অতি ভারী।
সেই ময় দানৱঁ বহুরি সঁৱারা, কনক রচিত মনিভৱন অপারা ॥

" ৪ ভোগাৱতি জসি অহিকুল বাসা, অমরাৱতি জসি সক্রনিৱাসা।
তিন্হ তেঁ অধিক রম্য অতি বঙ্কা, জগ বিখ্যাত নাম তেহি লঙ্কা ॥

দো ০১৮৪ খাঈঁ সিন্ধু গভীর অতি, চারিহুঁ দিসি ফিরি আৱ।
কনক কোট মনি খচিত দৃঢ়, বরনি ন জাই বনাৱ ॥

চৌ ০১৮৫ হরি প্রেরিত জেহিঁ কলপ জোই, জাতুধানপতি হোই।
সূর প্রতাপী অতুলবল, দল সমেত বস সোই ॥

চৌ ০১ রহে তহাঁ নিসিচর ভট ভারে, তে সব সুরন্হ সমর সঙ্ঘারে।
অব তহঁ রহহিঁ সক্র কে প্রেরে, রচ্ছক কোটি জচ্ছপতি কেরে ॥

" ২ দসমুখ কতহুঁ খবরি অসি পাঈ, সেন সাজি গঢ় ঘেরেসি জাঈ।
দেখি বিকট ভট বড়ি কটকাঈ, জচ্ছ জীৱ লৈ গত্র পরাঈ ॥

" ৩ ফিরি সব নগর দসানন দেখা, গয়উ সোচ সুখ ভয়উ বিসেষা।
সুন্দর সহজ অগম অনুমানী, কীন্হি তহাঁ রাৱন রজধানী ॥

" ৪ জেহি জস জোগ বাঁটি গৃহ দীন্হে, সুখী সকল রজনী চর কীন্হে।
এক বার কুবের পর ধারা, পুষ্পক জান জীতি লৈ আরা ॥

দো ০১৮৬ কৌতুকহিঁ কৈলাস পুনি, লীন্হেসি জাই উঠাই।
মনহুঁ তৌলি নিজ বাহুবল, চলা বহুত সুখ পাই ॥

চৌ ১ সুখ সম্পতি সুত সেন সহাঈ, জয় প্রতাপ বল বুদ্ধি বড়াঈ।
নিত নূতন সব বাঢ়ত জাঈ, জিমি প্রতিলাভ লোভ অধিকাঈ ॥

" ২ অতিবল কুম্ভকরন অস ভ্রাতা, জেহি কহুঁ নহিঁ প্রতিভট জগ জাতা।
করই পান সোৱই ষট মাসা, জাগত হোই তিহুঁ পুর ত্রাসা ॥

" ৩ জৌঁ দিন প্রতি অহার কর সোঈ, বিস্ব বেগি সব চৌপট হোঈ।
সমর বীর নহিঁ জাই বখানা, তেহি সম অনিত বীর বলৱানা ॥

চৌ ৪ এ রাক্ষস প্রতিদিন করিলে আহার, নিশ্চিহ্ন হইবে তবে জগত সংসার।
বাণীরে প্রেরণ করি বুদ্ধি ভ্রংশ করে, মাগে বর নিদ্রা যেন ছয় মাস ধরে॥
দো ১৮৩ বিভীষণ পাশে ব্রহ্মা যাইয়া তখন, কহে পুত্র মাগ বর যাহা চাহে মন।
সে মাগিল যেন রহে সদা শুদ্ধ মনে, অনুরাগ ভগবান কমল চরণে॥
চৌ ১ প্রস্থান করেন ব্রহ্মা বর দিয়া তিনে, হর্ষান্বিত চিত্তে তারা ফিরে গৃহ পানে।
ময় দানবের কন্যা নাম মন্দোদরী, রমনীগণের মধ্যে প্রধানা সুন্দরী॥
" ২ সম্প্রদান করে কন্যা রাবণেরে ময়, হইবে রাক্ষস পতি জানিয়া নিশ্চয়।
হল সুখী লাভ করি এ কন্যা রতন, দুভ্রাতা বিবাহ দিল তৎপর রাবণ॥
" ৩ ত্রিকুট পর্বত এক সাগরের মাঝে, বিধাতা নির্মিত দুর্গ দুর্ভেদ্য বিরাজে।
সে দুর্গ দানব ময় করিল সজ্জিত, মনিময় স্বর্ণগৃহ করিল রচিত॥
" ৪ ভোগবতী হয় যথা সর্প বাসস্থান, অমরাবতীতে যথা বাসবের ধাম।
তাহাপেক্ষা রমণীয় দুর্গম এ লোকে, লঙ্কা নামে দুর্গ সেই বিখ্যাত ত্রিলোকে॥
দো ১৮৪ অগাধ সমুদ্র দ্বারা চতুর্দিকে তার, পরিখা বেষ্টিত রহে অগম্য অপার।
স্বর্ণের প্রকোষ্ঠ দৃঢ় মানিক্য খচিত, কারুকার্য অনুপম না হয় বর্ণিত॥
" ১৮৫ বিষ্ণু মায়া প্রেরণাতে যে কল্পেতে যেই, রাক্ষসের অধিপতি যে হইত সেই।
(মহা শূর) মহা শূর আপনার অতুল প্রতাপে, বাস করে এই দুর্গে সৈন্যদল সাথে॥
চৌ ১ এ দুর্গে আছিল যত দুষ্ট নিশাচরে, দেবগণ সমরেতে নাশেন সবারে।
যক্ষাধিপতির কোটি রক্ষক এখন, বাস করে এই পুরে ইন্দ্রের শাসন॥
" ২ দশানন এ সংবাদ পাইল যখন, অবরোধ করে দুর্গসহ সৈন্যগণ।
বিকট যোদ্ধার দেখি সৈন্য অগণন, প্রাণ ল'য়ে যক্ষগণ করে পলায়ন॥
" ৩ নগর ভ্রমিয়া দেখি সুখী দশানন, বাসস্থান চিন্তা তার হল নিরসন।
শত্রুর অগম্য পুরা সহজ শোভন, নিজ রাজধানী তথা স্থাপিল রাবণ॥
" ৪ বণ্টন করিয়া গৃহ যথাযোগ্য স্থানে, রাবণ করিল সুখী নিশাচর গণে।
কুবেরেরে ইতিমধ্যে করি আক্রমণ, পুষ্পক বিমান তার করিল হরণ॥
দো ১৮৬ ক্রীড়াচ্ছলে একবার কৈলাস ভূধর, বাহুদ্বারা উত্তোলন করে নিশাচর।
বাহুবল পরিমাপ নিজ মনে করি, মহানন্দে দশানন আসে তবে ফিরি॥
চৌ ১ সহায় সম্পত্তি সুখ পুত্র সৈন্য তার, গৌরব প্রতাপ জয় বুদ্ধি অহঙ্কার।
নিতি নিতি নব ভাবে হইল বর্দ্ধিত, লাভ যত লোভ তত হল সমাগত॥
" ২ মহাবল কুম্ভকর্ণ অনুজ তাহার, সমযোদ্ধা এ জগতে জন্মে নাহি যার।
ভোজনান্তে ছয় মাস নিদ্রামগ্ন রহে, জাগ্রত হইলে পুরে ত্রাহী ত্রাস বহে॥
" ৩ যদি সে প্রত্যেক দিন করিত আহার, অতি দ্রুত এ জগত হত ছারখার।
সমরে অতীব দক্ষ না যায় বর্ণন, তার সম বীর ছিল তথা অগণন॥

চৌ ৪ বারিদনাদ জেঠ স্থুত তাস্থু, ভট মহুঁ প্রথম লীক জগ জাস্থু।
জেহি ন হোই রন সনমুখ কোঈ, স্থুরপুর নিতহিঁ পরারন হোঈ॥

দো ০১৮৭ কুমুখ অকম্পন কুলিসরদ, ধুমকেতূ অতিকায়।
এক এক জগ জীতি সক, ঐসে স্থুভট নিকায়॥

চৌ ০১ কামরূপ জানহিঁ সব মায়া, সপনেহুঁ জিন্হ কেঁ ধরম ন দায়া।
দসমুখ বৈঠ সভাঁ এক বারা, দেখি অমিত আপন পরিরারা॥
„ ২ স্থুত সমূহ জন পরিজন নাতী, গনৈ কো পার নিসাচর জাতী।
সেন বিলোকি সহজ অভিমানী, বোলা বচন ক্রোধ মদ সানী॥
„ ৩ স্থুনহু সকল রজনীচর জূথা, হমরে বৈরী বিবুধ ররূথা।
তে সনমুখ নহিঁ করিহঁ লরাঈ, দেখি সবল রিপু জাহিঁ পরাঈ॥
„ ৪ তেন্হ কর মরন এক বিধি হোঈ, কহউঁ বুঝাই স্থুনহু অব সোঈ।
দ্বিজ ভোজন মখ হোম সরাধা, সব কৈ জাই করহু তুম্হ বাধা॥

দো০ ১৮৮ ছুধা ছীন বলহীন স্থুর, সহজেহিঁ মিলিহহিঁ আই।
তব মারিহউঁ কি ছাড়িহউঁ, ভলী ভাঁতি অপনাই॥

চৌ ১ মেঘনাদ কহুঁ পুনি হঁকরারা, দীন্হী সিখ বলু বয়রু বঢ়ারা।
জে স্থুর সমর ধীর বলরানা, জিন্হকেঁ লরিবে কর অভিমানা॥
„ ২ তিন্হহি জীতি রন আনেস্থু বাঁধী, উঠি স্থুত পিতু অনুসাসন কাঁধী।
এহি বিধি সবহী অগ্যা দীন্হী, আপুনু চলেউ গদা কর লীন্হী॥
„ ৩ চলত দসাসন ডোলতি অরনী, গর্জত গর্ভ স্রবহিঁ স্থুর ররনী।
রারন আরত স্থুনেউ সকোহা, দেরন্হ তকে মেরু গিরি খোহা॥
„ ৪ দিগপালন্হ কে লোক স্থুহাএ, স্থুনে সকল দসানন পাএ।
পুনি পুনি সিজ্ঘনাদ করি ভারী, দেই দেরতন্হ গারি পচারী।
„ ৫ রন মদ মত্ত ফিরই জগ ধারা, প্রতিভট খোজত কতহুঁ ন পারা॥
রবি সসি পরন বরুন ধনধারী, অগিনি কাল জম সব অধিকারী।
„ ৬ কিন্নর সিদ্ধ মনুজ স্থুর নাগা, হঠি সবহী কে পন্থহিঁ লাগা॥
ব্রহ্ম স্থৃষ্টি জঁহ লগি তনুধারী, দস মুখ বসবর্তী নর নারী।
„ ৭ আয়স্থু করহি সকল ভয়ভীতা, নরহিঁ আই নিত চরন বিনীতা।

দো০ ১৮৯ ভুজবল বিশ্ব বস্থ করি, রাখেসি কোউ ন স্থুতন্ত্র।
মণ্ডলীক মনি রারন, রাজ করই নিজ মন্ত্র॥

চৌ ৪ রাবণের জ্যেষ্ঠ পুত্র মেঘনাদ নাম, যোদ্ধা মধ্যে প্রথম সে ব্যাপিয়া ত্রিধাম ।
সম্মুখে সমর করে কেহ নাই ভবে, সুরপুরে তার ভয়ে পলায়িত সবে ॥

দো ১৮৭ দুর্মুখ ও অকম্পন বজ্রদন্ত আর, ধূম্রকেতু অতিকায় সেনাপতি তার।
একাকী প্রত্যেকে পারে জিনিতে সংসার, এইরূপ যোদ্ধা ছিল অসংখ্য তাহার ॥

চৌ ১ ইচ্ছারূপী ছিল তারা জানে সব মায়া, স্বপ্নেও তাদের মনে নাহি ধর্ম দয়া ।
দশানন সভামাঝে বসি একবার, দেখিল অমিত এই নিজ পরিবার ॥
„ ২ পুত্রগণ পৌত্রগণ পোষ্য পরিজন, বিবিধ রাক্ষস জাতি কে করে গণন ।
হেরি' সৈন্য অগণন আত্ম অহঙ্কারে, ক্রোধে কহে দশানন অতি গর্বভরে ॥
„ ৩ হে রাক্ষসগণ সবে শুনহ তোমরা, আমাদের ঘোর শত্রু সব দেবতারা ।
সম্মুখ সমর তারা করিতে না চায়, শত্রুরে প্রবল দেখি' তাহারা পলায় ॥
„ ৪ তাহাদের মৃত্যু আছে একটি উপায়ে, শুন মন দিয়া সবে বলিব বুঝায়ে ।
যজ্ঞ হোম শ্রাদ্ধ আর ব্রাহ্মণ ভোজন, সর্বত্র করিবে পণ্ড তোমরা এখন ॥

দো ১৮৮ ক্ষুধাক্ষীণ বলহীন হলে দেবতারা, সহজে আয়ত্বে মোর আসিবে তাহারা ।
তখন করিব ধ্বংস সব দেবতারে, অথবা ছাড়িয়া দিব পদানত করে ॥

চৌ ১ মেঘনাদে কাছে ডাকি' শিক্ষা দিল তারে, উৎসাহ ও বৈরীভাব তার যাতে বাড়ে ।
যে দেবতা রণে বিজ্ঞ অতি বলবান, সমর সাধনে যার আছে অভিমান ॥
„ ২ রণে জিনি আন বাঁধি তারে পিতা কয়, শিরে ধরি পিতৃ আজ্ঞা উঠিল তনয় ।
এ প্রকারে সকলেরে যথা আজ্ঞা করি, আপনি চলিল রাজা হস্তে গদা ধরি ॥
„ ৩ মেদিনী কাঁপিল পদে চলিল রাবণ, দেবীদের গর্ভস্রাব শুনিয়া গর্জন ।
আসিছে রাবণ ক্রোধে শুনি দেবগণ, মেরুগুহা মধ্যে করে আশ্রয় গ্রহণ ॥
„ ৪ দিকপালদের সেই সুরম্য ভবন, পাইল সকলি শূন্য আসিয়া রাবণ ।
পুনঃ পুনঃ সিংহ-নাদ করিয়া বিকট, দেবগণে দিল গালি প্রচণ্ড উৎকট ॥
„ ৫ রণ মদে মত্ত হয়ে বিশ্ব মাঝে ঘোরে, প্রতি যোদ্ধা খুঁজি ফিরে নাহি পায় কারে ।
কুবের বরুণ বায়ু শশী ও তপন, যম অগ্নি কাল আদি অধিকারিগণ ॥
„ ৬ কিন্নর মনুষ্য সিদ্ধ নাগ ও দেবতা, সবারে যন্ত্রণা দেয় করিয়া হঠতা ।
ব্রহ্মার সৃষ্টির মাঝে যত দেহধারী, দশানন বশবর্তী সব নরনারী ॥
„ ৭ সকলি প্রাণের ভয়ে দশানন প্রতি, প্রত্যহ আসিয়া করে চরণে প্রণতি ।

দো ১৮৯ ভুজবলে সে রাক্ষস রাখে করি বিশ্ববশ,
স্বতন্ত্রতা নাহি কারো আর,
শিরোমণি মণ্ডলেতে রাজন্যবর্গের মাথে
ইচ্ছামত রাজ্য পালে তার ॥

দো০ ১৯০ দেব জক্ষ গন্ধর্ব নর, কিন্নর নাগকুমারী।
জীতি বরী নিজ বাহুবল, বহু সুন্দরি বরনারি ॥

চৌ ১ ইন্দ্রজীত সন জো কছু কহেউ, সে সব জনু পহিলেহিঁ করি রহেউ।
প্রথমহিঁ জিন্হ কহুঁ আয়সু দীন্হা, তিন্হ কর চরিত সুনহু জো কীন্হা ॥
„ ২ দেখত ভীমরূপ সব পাপী, নিসিচর নিকর দের পরিতাপী।
করহিঁ উপদ্রব অসুর নিকায়া, নানা রূপ ধরহিঁ করি মায়া ॥
„ ৩ জেহি বিধি হোই ধর্ম নির্মূলা, সো সব করহিঁ বেদ প্রতিকূলা।
জেহিঁ জেহিঁ দেহ ধেনু দ্বিজ পারহিঁ, নগর গাউঁ পুর আগি লগারহিঁ ॥
„ ৪ সুভ আচরন কতহুঁ নহিঁ হোঈ, দের বিপ্র গুরু মান ন কোঈ।
নহিঁ হরি ভগতি জগ্য তপ গ্যানা, সপনেহুঁ সুনিঅ ন বেদ পুরানা ॥

ছন্দ০ ১৮ জপ জোগ বিরাগা তপ মখ ভাগা শ্রবন সুনই দসসীসা।
আপনু উঠি ধারই রহৈ ন পারই ধরি সব খালই খীসা ॥
অস ভ্রষ্ট অচারা ভা সংসারা ধর্ম সুনিঅ নহিঁ কানা।
তেহি বহু বিধি ত্রাসই দেস নিকাসই জো কহ বেদ পুরানা ॥

সো০ ২৬ বরনি ন জাই অনীত, ঘোর নিসাচর জো করহিঁ।
হিংসা পর অতি প্রীতি, তিন্হ কে পাপহি করনি মিতি

চৌ০ ১ বাঢ়ে খল বহু চোর জুআরা, জে লম্পট পরধন পরদারা।
মানহিঁ মাতু পিতা নহিঁ দেরা, সাধুন্হ সন কররারহিঁ সেরা ॥
„ ২ জিন্হ কে যহ আচরন ভরানী, তে জানেহু নিসিচর সব প্রানী।
অতিসয় দেখি ধর্ম কৈ গ্লানী, পরম সভীত ধরা অকুলানী ॥
„ ৩ গিরি সরি সিন্ধু ভার নহিঁ মোহীঁ, জস মোহি গরুঅ এক পরদ্রোহী।
সকল ধর্ম দেখই বিপরীতা, কহি ন সকই রারন ভয় ভীতা ॥
„ ৪ ধেনু রূপ ধরি হৃদয়ঁ বিচারী, গঈ তহঁা জহঁ সুর মুনি ঝারী।
নিজ সন্তাপ সুনাএসি রোঈ, কাহূ তেঁ কছু কাজ ন হোঈ ॥

ছন্দ ০১৯ সুর মুনি গন্ধর্বা মিলি করি, সর্বা গে বিরঞ্চি কে লোকা।
সঁগ গোতনুধারী ভূমি বিচারী, পরম বিকল ভয় সোকা ॥
ব্রহ্মা সব জানা মন অনুমানা, মোর কছু ন বসাঈ।
জা করি তৈঁ দাসী সো অবিনাসী হমরেউ তোর সহাঈ ॥

দো ১৯০ গন্ধর্ব ও দেবতার নাগ নর যক্ষ আর
ছিল যত সুন্দর কুমারী
নিজ বাহু বলে তার জিনি ল'য়ে সে সবার
ভোগ লাগি করে সহচরী ॥

চৌ ১ ইন্দ্রজিতে পরামর্শ রাবণ যা দিল, সে যেন আদেশ পূর্বে তাহা করেছিল।
প্রথমে রাক্ষসগণে যা দিল আদেশ, তাহাতে হইল কিবা শুন সবিশেষ ॥
„ ২ ভীমরূপ পাপী সব ভীষণ দর্শন, দেব দুঃখ দাতা সেই নিশাচরগণ।
শুরু করে উপদ্রব অসুরের দল, ভিন্ন ভিন্ন রূপ ধরি করি মায়া বল ॥
„ ৩ ধর্ম যাতে হতে পারে সম্পূর্ণ নির্মূল, সেই সেই কর্ম করে বেদ প্রতিকূল।
গো ব্রাহ্মণ রহে যেথা, সেই সেই স্থান, বিনষ্ট করিতে থাকে করি অগ্নি দান ॥
„ ৪ শুভ কর্ম নাহি হয় আর কোন স্থানে, দেব বিপ্র গুরু আর কেহ নাহি মানে।
নাহি হরিভক্তি নাহি যজ্ঞ তপ জ্ঞান, স্বপ্নে নাহি শুনে কেহ বেদ ও পুরাণ ॥

ছ ১৮ যদি কর্ণে পশে তার জপ তপ যাগ, বৈরাগ্য যজ্ঞের ফলে দেবতার ভাগ।
নিজে উঠি দশানন সেথা দ্রুত ধায়, কেহ না বাঁচিতে পারে সব ধ্বংস পায়।
সকল আচার ভ্রষ্ট এ সংসারময়, ধর্মকথা আর কর্ণে নাহি শুনা যায়।
শ্রুতি ও পুরাণ যদি করে উচ্চারণ, ত্রাসের সহিত তারা নির্বাসিত হন ॥

সো ২৮ চরম দুর্নীতি সেই বর্ণনা অতীত, রাক্ষসেরা করে যাহা বিশ্বে প্রবর্তিত।
হিংসা প্রতি অতি প্রীতি শুধু যাহাদের, পাপ পরিমাপ মাত্রা কি কব তাদের ॥

মাস পারায়ণ, ষষ্ঠ বিশ্রাম।

চৌ ১ দ্যূতাসক্ত সমাজেতে লম্পট তস্কর, পরধনে পরস্ত্রীতে লোভেতে তৎপর।
পিতা মাতা দেবতায় নাহি মানে এরা, সাধু দ্বারা নিজ সেবা করাইল তারা ॥
„ ২ যাহাদের আচরণ এরূপ ভবানি, জানিও রাক্ষস হয় সেই রূপ প্রাণী।
দেখিয়া বিপুল গ্লানি ধর্মের এমন, ধরিত্রী ব্যাকুলা হল ভয় ভীত মন ॥
„ ৩ গিরি নদী সপ্তসিন্ধু নহে মোর ভার, পরদ্রোহী এক পৃষ্ঠে হয় গুরুভার।
সব ধর্ম বিপরীত পায় দেখিবারে, রাবণের ভয়ে ভীত কহিতে না পারে ॥
„ ৪ হৃদয়ে বিচার করি ধেনু রূপায়িত, যায় যথা দেব বিপ্র রহে লুক্কায়িত।
নিজের দুর্দশা কহে করিয়া রোদন, তার দুঃখ দূর করে নাহি কোন জন ॥

ছ ১৯ দেবতা গন্ধর্ব মুনি এক সাথ হ'য়ে, উপস্থিত হয় সবে ব্রহ্মার আলয়ে।
সাথে লয়ে ধেনুরূপী দীন ধরিত্রীকে, পরম ব্যাকুলা তিনি দুঃখ ভয় শোকে।
ব্রহ্মা হন জ্ঞাত সবি ভাবেন মনেতে, আমার করার কিছু নাহি এ পথে।
অবিনাশী হ'ন যিনি তুমি দাসী যার, তোমার আমার তিনি সহায় সবার ॥

সো ০২৭ ধরনি ধরহি মন ধীর, কহ বিরঞ্চি হরিপদ সুমিরু।
জানত জনকী পীর প্রভু, ভঞ্জিহি দারুন বিপতি ॥

চৌ ০১ বৈঠে সুর সব করহিঁ বিচারা, কহঁ পাইঅ প্রভু করিঅ পুকারা।
পুর বৈকুণ্ঠ জান কহ কোঈ, কোউ কহ পয়নিধি বস প্রভু সোঈ ॥
„ ২ জাকে হৃদয়ঁ ভগতি জসি প্রীতী, প্রভু তহঁ প্রগট সদা তেহিঁ রীতী।
তেহিঁ সমাজ গিরিজা মৈঁ রহেউঁ, অবসর পাই বচন এক কহেউঁ ॥
„ ৩ হরি ব্যাপক সর্বত্র সমানা, প্রেম তেঁ প্রগট হোহিঁ মৈ জানা।
দেস কাল দিসি বিদিসিহু মাহীঁ, কহহু সো কহাঁ জহাঁ প্রভু নাহীঁ ॥
„ ৪ অগ জগময় সব রহিত বিরাগী, প্রেম তেঁ প্রভু প্রগটই জিমি আগী।
মোর বচন সব কে মন মানা, সাধু সাধু করি ব্রহ্ম বখানা ॥

দো ০১৯১ সুনি বিরঞ্চি মন হরষ তন, পুলকি নয়ন বহ নীর।
অস্তুতি করত জোরি কর, সাবধান মতি ধীর ॥

ব্রহ্মার ভগবৎস্তুতি

ছন্দ ০২০ জয় জয় সুরনায়ক জন সুখদায়ক প্রনতপাল ভগবন্তা।
গো দ্বিজ হিত কারী জয় অসুরারী সিন্ধু সুতা প্রিয় কন্তা ॥
পালন সুর ধরনী অদ্ভুত করনী মরম ন জানই কোঈ।
জো সহজ কৃপালা দীনদয়ালা করউ অনুগ্রহ সোঈ ॥

„ ২১ জয় জয় অবিনাসী সব ঘট বাসী ব্যাপক পরমানন্দা।
অবিগত গোতীতঁ চরিত পুনীতঁ মায়ারহিত মুকুন্দা ॥
জেহি লাগি বিরাগী অতি অনুরাগী বিগত মোহ মুনিবৃন্দা।
নিসি বাসর ধ্যাবহিঁ গুনগন গাবহিঁ জয়তি সচ্চিদানন্দা ॥

সো ২৭ হে ধরণী ধৈর্য্য ধর করহ স্মরণ, হরির চরণ পদ্ম ব্রহ্মা তারে কন।
জানেন ভক্তের ক্লেশ বিপদ বারণ, হলেও দারুণ দুঃখ করেন হরণ ॥

চৌ ১ সকল দেবতা বসে বিতর্ক বিচারে, কোথায় প্রভুরে পাই ডাকিবারে তারে।
কেহ কহে বৈকুণ্ঠতে তাঁহার ভবন, ক্ষীরোদ সাগরে কেহ কহে নারায়ণ ॥
" ২ যাহার হৃদয়ে ভক্তি মন মাঝে প্রীতি, প্রকট রহেন প্রভু সদা তাঁর রীতি।
সে সমাজে ছিনু আমি শুন গিরি সুতা, অবসর পাই' কহি দু একটি কথা ॥
" ৩ সর্বত্র ব্যাপিয়া তিনি সর্বত্র সমান, প্রেমেতে প্রকট হন এই মোর জ্ঞান।
দেশ কালে উর্দ্ধ নিম্নে পূরব পশ্চিমে, বাসুদেব নাই কোথা বল ত অপর্ণে ॥
" ৪ চরাচর ব্যাপ্ত এক অনুরাগহীন, প্রেমেতে প্রকট যথা অগ্নি কাষ্ঠে লীন।
আমার বচন শুনি সব মনে আশা, সাধু সাধু কহি ব্রহ্মা করেন প্রশংসা ॥

দো ১৯১ শুনিয়া বচন ব্রহ্মা আনন্দে অস্থির, পুলকিত তনু তার চক্ষে বহে নীর।
ধীর স্থির ব্রহ্মা তবে হ'য়ে সাবধান, কর জুড়ি' আরম্ভিলা প্রভু স্তুতিগান ॥

ব্রহ্মার ভগবৎস্তুতি

ছন্দ ২০ জয় সুর নায়ক জন সুখ দায়ক
ভক্ত জনে পাল ভগবান,
গো ব্রাহ্মণ হিতকারী জয় জয় অসুরারি
সিন্ধু সুতা কান্ত প্রিয়প্রাণ।
ধরণী দেবতাগণে পালহ আপন মনে
লীলা তব কেহ নাহি জানে,
স্বভাবে কৃপাল যিনি দীনের দয়ার খনি
কর কৃপা যত অভাজনে ॥

ছন্দ ২১ জয় জয় অবিনাশী সবার অন্তরবাসী
ব্যাপ্ত তুমি আনন্দে চরম
অজ্ঞেয় ইন্দ্রিয়াতীত সুপবিত্র সে চরিত
মায়াতীত মুকুন্দ পরম।
যার লাগি সে বিরাগী চিত্তে সদা অনুরাগী
মুনিবৃন্দ মোহ শূন্য মতি
নিশিদিন করি ধ্যান করে সদা গুণগান
সৎ চিৎ আনন্দ জয়তি ॥

ছন্দ ২২ জেহিঁ সৃষ্টি উপাঈ ত্রিবিধ বনাঈ সঙ্গ সহায় ন দূজা।
সো করউ অভারী চিন্ত হমারী জানিঅ ভগতি ন পূজা॥
জো ভর ভয় ভঞ্জন মুনি মন রঞ্জন গঞ্জন বিপতি বরূথা।
মন বচ ক্রম বানী ছাড়ি সয়ানী সরন সকল সুর জূথা॥

" ২৩ সারদ শ্রুতি সেষা রিষয় অসেষা জা কহুঁ কোউ নহিঁ জানা।
জেহি দীন পিআরে বেদ পুকারে দ্রবউ সো শ্রীভগরানা॥
ভর বারিধি মন্দর সব বিধি সুন্দর গুন মন্দির সুখ পুঞ্জা।
মুনি সিদ্ধ সকল সুর পরম ভয়াতুর নমত নাথ পদ কঞ্জা॥

শ্রীহরির আশ্বাসবাণী

দো ০১৯২ জানি সভয় সুর ভূমি সুনি, বচন সমেত সনেহ।
গগনগিরা গম্ভীর ভই, হরনি সোক সন্দেহ॥

চৌ ০১ জনি ডরপহু মুনি সিদ্ধ সুরেসা, তুম্হহি লাগি ধরিহউঁ নর বেসা।
অংসহ্ন সহিত মনুজ অরতরা, লেহউঁ দিনকর বংস উদারা॥

" ২ কস্যপ অদিতি মহাতপ কীহ্না, তিহ্নঁ মৈঁ পূরব বর দীহ্না।
তে দসরথ কৌসল্যা রূপা, কোসলপুরীঁ প্রগট নরভূপা॥

" ৩ তিহ্ন কেঁ গৃহ অরতরিহউঁ জাঈ, রঘুকুলতিলক সো চারিউ ভাঈ।
নারদ বচন সত্য সব করিহউঁ, পরম সক্তি সমেত পরতরিহউঁ॥

" ৪ হরিহউঁ সকল ভূমি গরুআঈ, নির্ভয় হোহু দের সমুদাঈ।
গগন ব্রহ্মবানী সুনি কানা, তুরত ফিরে সুর হৃদয় জুড়ানা॥

" ৫ তব ব্রহ্মাঁ ধরনিহি সমুঝারা, অভয় ভঈ ভরোস জিয়ঁ আরা।

দো ০১৯৩ নিজ লোকহি বিরঞ্চি গে, দেরহ্ন ইহই সিখাই।
বানর তনু ধরি ধরি মহি, হরিপদ সেরহু জাই॥

চৌ ১ গএ দের সব নিজ নিজ ধামা, ভূমি সহিত মন কহুঁ বিশ্রামা।
জো কছু আয়সু ব্রহ্মা দীহ্না, হরষে দের বিলম্ব ন কীহ্না॥

ছন্দ ২২ ত্রয়ী সৃষ্টি এ মহান বিনা সঙ্গী উপাদান

নাহি দ্বৈত পুরুষ প্রকার

নাহি ভক্তি পূজা কভু কর নাশ পাপ প্রভু

চিত্ত হ'তে আমা সবাকার।

ভব ভয় নাশ কর মুনিগণ মন হর

বিপত্তির কর বিনাশন

কায়মনবাক্য দিয়া কপটতা বিসর্জিয়া

শরণ আগত সুর গণ ॥

ছন্দ ২৩ সরস্বতী শ্রুতি শেষ মুনি ঋষি নির্বিশেষ

কেহ যাহা জানিতে না পান

বেদেতে নির্ঘোষ যার দীনজনে কৃপাধার

দ্রবীভূত হও ভগবান।

এ ভব সাগর মাঝে মন্দর পর্বত সাজে

সুখ কর সর্ব গুণ ধাম

সিদ্ধ মুনি দেবতারা ভয়েতে বিহ্বল তারা

পাদপদ্মে করিছে প্রণাম ॥

শ্রীহরির আশ্বাসবাণী

দো ১৯২ জানি অতি ভীত সব দেবতা ধরণী, তাহাদের প্রেমপূর্ণ শুনি এই বাণী।
ঘোচাতে সন্দেহ শোক গম্ভীর ভাবেতে, হ'ল দৈববাণী এই স্তব্ধ আকাশেতে ॥

চৌ ১ ভীত হইও না মুনি সিদ্ধ সুর স্বামী, তোমা লাগি নর দেহে জন্ম লব আমি।
অংশের সহিত হব নর অবতার, সেই সূর্যবংশে যাহা অতীব উদার ॥

" ২ কশ্যপ অদিতি দোঁহে মহাতপ করে, উভয়েরে পূর্বে তুষ্ট করেছিনু বরে।
দশরথ ও কৌশল্যা রূপেতে তাহারা, অযোধ্যা পুরীতে এবে রাজারাণী এরা ॥

" ৩ তার গৃহে অবতীর্ণ হব ধরাতলে, চারি ভ্রাতা হ'য়ে জন্ম শ্রেষ্ঠ রঘুকুলে।
নারদ বচন সত্য অবশ্য করিব, পূর্ণ শক্তি ল'য়ে আমি অবতীর্ণ হব ॥

" ৪ ধরণীর সর্ব ভার করিব হরণ, নির্ভয় হও হে সবে যত দেবগণ।
আকাশে ব্রহ্মের বাণী কর্ণে শোনে যবে, দেবগণ শান্ত হ'য়ে গৃহে ফিরে সবে।

" ৫ ব্রহ্মা তবে ধরিত্রীরে দিলেন সান্ত্বনা, হৃদয়ে ভরষা ধরা হল নির্ভাবনা ॥

দো ১৯৩ কপি রূপ ধরি যাও পৃথিবী উপর, হরির চরণ সেবা করিতে তৎপর।
উপদেশ দিয়া এই সব দেবগণে, চলিলেন ব্রহ্মা তবে নিজ লোক পানে ॥

চৌ ১ সর্ব দেব চলিলেন নিজ নিজ ধাম, ধরণী সমেত লভে মনের বিশ্রাম।
যে সকল উপদেশ ব্রহ্মা দেন দেবে, বিলম্ব সহেনা কারো অতি তুষ্ট সবে ॥

চৌ ২ বনচর দেহ ধরী ছিতি মাহীঁ, অতুলিত বল প্রতাপ তিন্হ পাহীঁ।
গিরি তরু নখ আয়ুধ সব বীরা, হরি মারগ চিতবহিঁ মতি ধীরা ॥
" ৩ গিরি কানন জহঁ তহঁ ভরি পূরী, রহে নিজ নিজ অনীক রচি রূরী।
য়হ সব রুচির চরিত মৈঁ ভাষা, অব সো সুনহু জো বীচহিঁ রাখা ॥
" ৪ অবধপুরীঁ রঘুকুলমনি রাউ, বেদ বিদিত তেহি দসরথ নাউঁ।
ধরম ধুরন্ধর গুননিধি গ্যানী, হৃদয়ঁ ভগতি মতি সারঁগ পানী ॥

দো ০১৯৪ কৌসল্যাদি নারি প্রিয়, সব আচরন পুনীত।
পতি অনুকূল প্রেম দৃঢ়, হরি পদ কমল বিনীত ॥

চৌ ০১ একবার ভূপতি মন মাহীঁ, ভৈ গলানি মোরেঁ সুত নাহীঁ।
গুর গৃহ গয়উ তুরত মহিপালা, চরন লাগি করি বিনয় বিসালা ॥
" ২ নিজ দুখ সুখ সব গুরহি সুনায়উ, কহি বসিষ্ঠ বহুবিধি সমুঝায়উ।
ধরহু ধীর হোইহহিঁ সুত চারী, ত্রিভুবন বিদিত ভগত ভয় হারী ॥
" ৩ সৃঙ্গী রিষিহি বসিষ্ঠ বোলাবা, পুত্রকাম সুভ জগ্য করাবা।
ভগতি সহিত মুনি আহুতি দীন্হেঁ, প্রগটে অগিনি চরূ কর লীন্হেঁ ॥
" ৪ জো বসিষ্ঠ কছু হৃদয়ঁ বিচারা, সকল কাজু ভা সিদ্ধ তুম্হারা।
য়হ হবি বাঁটি দেহু নৃপ জাঈ, জথা জোগ জেহি ভাগ বনাঈ ॥

দো ০১৯৫ তব অদৃস্য ভএ পাবক, সকল সভহি সমুঝাই।
পরমানন্দ মগন নৃপ, হরষ ন হৃদয়ঁ সমাই ॥

চৌ ১ তবহিঁ রায়ঁ প্রিয় নারি বোলাঈঁ, কৌসল্যাদি তহাঁ চলি আঈঁ।
অর্ধ ভাগ কৌসল্যাহি দীন্হা, উভয় ভাগ আধে কর কীন্হা ॥
" ২ কৈকেঈ কহঁ নৃপ সো দয়উ, রহ্যো সো উভয় ভাগ পুনি ভয়উ।
কৌসল্যা কৈকেঈ হাথ ধরি, দীন্হ সুমিত্রহি মন প্রসন্ন করি ॥
" ৩ এহি বিধি গর্ভ সহিত সব নারী, ভঈঁ হৃদয়ঁ হরষিত সুখ ভারী।
জা দিন তেঁ হরি গর্ভহিঁ আএ, সকল লোক সুখ সম্পতি ছাএ ॥
" ৪ মন্দির মহঁ সব রাজহিঁ রানীঁ, সোভা সীল তেজ কী খানীঁ।
সুখ জুত কছুক কাল চলি গয়উ, জেহিঁ প্রভু প্রগট সো অবসর ভয়উ ॥

দো ০১৯৬ জোগ লগন গ্রহ বারি তিথি, সকল ভএ অনুকূল।
চর অরু অচর হর্ষ জুত, রাম জনম সুখমূল ॥

শ্রীরামচন্দ্রের আবির্ভাব ও বাল্যলীলা

চৌ ১ নৌমী তিথি মধু মাস পুনীতা, সুকল পচ্ছ অভিজিত হরি প্রীতা।
মধ্যদিবস অতি সীত ন ঘামা, পাবন কাল লোক বিশ্রামা ॥

চৌ ২ বনচর দেহ ধরি ধরাতলে যায়, অতুল প্রতাপ বল সবে তারা পায়।
তরু গিরি নখ দন্ত আয়ুধ সবার, হরি ভক্তি চিত্ত মাঝে ধৈর্য অবতার ॥

" ৩ বনে শৈলে যত্র তত্র পরিপূর্ণ মতে, লইয়া সৈন্যের দল রহে সুরুচিতে।
ধর্মে ধুরন্ধর তিনি [illegible] কথা করিনু বর্ণন, যাহা হয় এর পর শুনহ এখন ॥

দো ১৯৪ কৌশল্যাদি প্রিয় রাণী অতি পুণ্যবতী, স্বামী সোহ নাম দশরথ তার।

চৌ ১ নৃপতির মন মাঝে জাগ্রত সদাই, এই দুঃখ তাহাদের কোন পুত্র নাই।
একদা গুরুর গৃহে মহীপাল গিয়া, চরণ বন্দনা করে বিনয় করিয়া ॥

" ২ নিজ সুখ দুঃখ সব গুরুরে শুনায়, বশিষ্ঠ প্রবোধ দিয়া রাজারে বুঝায়।
ধৈর্য্য ধর পুত্র তব হইবেক চারি, ত্রিভুবনে সুবিখ্যাত ভক্ত ভয়হারী ॥

" ৩ ঋষ্যশৃঙ্গ ঋষি বরে বশিষ্ঠ আনিল, তারে দিয়া পুত্রকাম শুভ যজ্ঞ হল।
ভক্তিসহ দিলা মুনি আহুতি অগ্নিতে, অগ্নিদেব আবির্ভূত পরমান্ন হাতে ॥

" ৪ বশিষ্ঠ করেন যাহা মনেতে বিচার, সর্বকর্ম সিদ্ধ হবে তাহাতে তোমার।
এই পরমান্ন নৃপ করিয়া গ্রহণ, যাহা যোগ্য সেই ভাবে করহ বণ্টন ॥

দো ১৯৫ অনন্তর অগ্নিদেব হন অদর্শন, সভাস্থ সকল জনে করি সচেতন।
পরম আনন্দে মগ্ন মহীপতি হয়, হরষেতে উদ্বেলিত হইল হৃদয় ॥

চৌ ১ আহ্বান করিলা রাজা প্রিয় পত্নিগণে, কৌল্যাদি রাণীগণ আসেন সে স্থানে।
অর্ধ ভাগ পরমান্ন দেন কৌশল্যায়, উভয়েরে অর্ধ করি তাহা পুনরায় ॥

" ২ কৈকেয়ীরে এক ভাগ দিয়া তারপরে, দুই ভাগ এক সাথে অতি সমাদরে।
কৌশল্যা কৈকেয়ী দোঁহে নিজ হাতে করি, সুমিত্রারে তুষ্ট করে দুই ভাগ ধরি ॥

" ৩ যথাকালে সব রাণী হন গর্ভবতী, হৃদয়ে আনন্দ বহে দেহে সুখ অতি।
যে দিন শ্রীহরি হন গর্ভে অধিষ্ঠান, সুখ সম্পত্তিতে সবে সৌভাগ্য মগন ॥

" ৪ নিজের মন্দির মাঝে সকল রাণীরা, যেন শোভা শীল তেজ আকর তাহারা।
অতি সুখে কিছুকাল হইলে বিগত, ধরাতলে প্রভু তবে হন আবির্ভূত ॥

দো ১৯৬ গ্রহগণ লগ্ন যোগ আর তিথি বার, অনুকূল গতিবিধি ছিল সে সবার।
চরাচরে প্রসন্নতা উপজে বিপুল, রামজন্ম এ সবার হয় সুখ মূল ॥

শ্রীরামচন্দ্রের আবির্ভাব ও বাল্যলীলা

চৌ ১ পুণ্য মধুমাসে তিথি শুক্লা নবমীতে, হরিপ্রিয় অভিজিত শুভ মুহূর্ততে।
দিবসের মধ্যভাগে নাহি উষ্ণ শীত, এই পুণ্য কাল করে শান্তির বিহিত ॥

চৌ ২ সীতল মন্দ সুরভি বহ বাউ, হরষিত সুর সন্তন মন চাউ।
বন কুসুমিত গিরিগান মনিআরা, স্ররহি সকল সরিতাহমৃতধারা ॥
„ ৩ সো অরসর বিরঞ্চি জব জানা, চলে সকল সুল সাজি বিমানা।
... দুন্দুভী বাজী।
গগন বিমল ... নাগ মুনি দেরা, বহুবিধি লারহি নিজনিজ সেরা ॥

দো ০১৯৭ সুর সমূহ বিনতী করি, পহুঁচে নিজ নিজ ধাম।
জগনিরাস প্রভু প্রগটে, অখিল লোক বিশ্রাম ॥

ছন্দ ০২৪ ভএ প্রগট কৃপালা দীন দয়ালা কৌসল্যা হিতকারী।
হরষিত মহতারী মুনি মন হারী অদ্ভুত রূপ বিচারী ॥
লোচন অভিরামা তনু ঘনস্যামা নিজ আয়ুধ ভুজ চারী।
ভূষন বনমালা নয়ন বিসালা সোভাসিন্ধু খরারী ॥
„ ২৫ কহ দুই কর জোরী অস্তুতি তোরী কেহি বিধি করৌঁ অনন্তা।
মায়াগুন গ্যানাতীত অমানা বেদ পুরান ভনন্তা ॥
করুনা সুখ সাগর সব গুন আগর জেহি গারহি শ্রুতি সন্তা।
সো মম হিত লাগী জন অনুরাগী ভয়উ প্রগট শ্রীকন্তা ॥
„ ২৬ ব্রহ্মাণ্ড নিকায়া নির্মিত মায়া রোম প্রতি বেদ কহৈ।
মম উর সো বাসী য়হ উপহাসী সুনত ধীর মতি থির ন রহৈ ॥
উপজা জবগ্যানা প্রভু মুসুকানা চরিত বহুত বিধি কীন্হ চহৈ।
কহি কথা সুহাঈ মাতু বুঝাঈ জেহি প্রকার সুত প্রেম লহৈ ॥
„ ২৭ মাতাপুনি বোলী সো মতি ডোলী তজহু তাত য়হ রূপা।
কীজৈ সিসুলীলা অতিপ্রিয়সীলা য়হ সুখ পরম অনূপা ॥
সুনি বচন সুজানা রোদন ধানা হোই বালক সুরভূপা।
য়হ চরিত জে গারহি হরিপদ পারহি তেন পরহি ভর কূপা ॥

দো ০১৯৮ বিপ্র ধেনু সুর সন্ত হিত, লীন্হ মনুজ অরতার।
নিজ ইচ্ছা নির্মিত তনু, মায়া গুন গো পার ॥

চৌ ০১ সুনি সিসু রুদন পরম প্রিয় বানী, সম্ভ্রম চলি আঈঁ সব রানী।
হরষিত জহঁ তহঁ ধাঈঁ দাসী, আনঁদ মগন সকল পুরবাসী ॥
„ ২ দসরথ পুত্র জন্ম সুনি কানা, মানহুঁ ব্রহ্মানন্দ সমানা।
পরম প্রেম মন পুলক সরীরা, চাহত উঠন করত মতি ধীরা ॥
„ ৩ জাকর নাম সুনত সুভ হোঈ, মোরেঁ গৃহ আরা প্রভু সোঈ।
পরমানন্দ পূরি মন রাজা, কহা বোলাই বজারহু বাজা ॥

চৌ ২ শীতল সুগন্ধ মন্দ বহিল পবন, দেবতা প্রসন্ন সাধু উল্লাসে মগন।
কুসুমিত উপবন মণি শৈল শিরে, অমৃতের ধারা বহে যত নদী নীরে॥
" ৩ যখনি জানিল ব্রহ্মা এই শুভক্ষণ, বিমান সাজায় চলে যত দেবগণ।
নির্মল আকাশে সব সুর সমাগত, হরিগুণ গান গায় গন্ধর্বেরা যত॥
" ৪ সুন্দর অঞ্জলি হাতে যত দেবগণ, আকাশে দুন্দুভি সাথে পুষ্প বরিষণ।
দেব নাগ মুনী করে প্রশস্তি সম্মান, বহুবিধ উপহার করেন প্রদান॥

দো ১৯৭ সুরের সমূহ তবে করিয়া প্রণাম, সবে মিলি চলিলেন নিজ নিজ ধাম।
জগন্নিবাস প্রভু প্রকটিত হ'ন, অখিল বিশ্বের তরে বিশ্রাম বারণ॥

ছ ২৪ কৃপাসিন্ধু কৃপাবান আভির্ভূত ভগবান কৌশল্যার আনন্দ বর্দ্ধন।
মুনিগণ মনোহারী অপূর্ব সে রূপধারী দেখি মাতা হরষিত মন॥
নয়নের অভিরাম তনু নব ঘন শ্যাম চতুর্ভূজে নিজ অস্ত্র ধরি।
বনমালা সে ভূষণ সুবিশাল সে নয়ন শোভা সিন্ধু খরদৈত্য অরি॥
ছ ২৫ করজুড়ি মাতা কয় হে অনন্ত দয়াময় কোন ভাবে স্তুতি করি তব।
মায়াগুণ জ্ঞানাতীত শ্রুতি কয় মাত্রাতীত অপ্রমেয় কিবা করি স্তব।
শ্রুতি সাধুগণ যাঁরে কহে সুখ পারাবারে নিখিল গুণের নিকেতন।
সেই কি আমার লাগি জনগণ অনুরাগী আবির্ভূত কমলা রমণ॥
ছ ২৬ ব্রহ্মাণ্ড ত মায়াগুণে বিরচিত তব মনে রোমকূপে বেদেতে প্রচারে।
অপ্রমেয় সেই তুমি গর্ভে মোর আস নামি উপহাস সবে মনে করে॥
জ্ঞান যবে উপজয় মাতা মনে এ সময় মৃদু হাসে চাহে দেখাবারে।
বহুরূপ তারি সাজে মনোহর বাক্য মাঝে পুত্রস্নেহ দিয়া বাঁধে তারে॥
ছ ২৭ মাতা বুদ্ধি অন্যভাবে হ'ল যবে কহে তবে ত্যজ বাছা এরূপ সবে।
শিশুলীলা যা' শোভন কর মোর বাছাধন অনুপম সুখের সে হবে॥
শুনি মাতৃবাক্য সেই সর্বজ্ঞ শ্রীহরি যেঁই আরম্ভিলা করিতে রোদন।
এ চরিত যেবা গায় হরিপদ সেই পায় ভব কূপে না হয় পতন॥

দো ১৯৮ ধেনু বিপ্র সুর সিদ্ধ হিতার্থে সবার, অবতীর্ণ হন হরি মানব আকার।
কর্মফলে পুনর্জন্ম তিনি নাহি লন, মায়া ও ইন্দ্রিয় ঊর্দ্ধে ইচ্ছায় গ্রহণ॥
চৌ ১ শিশুর ক্রন্দন শুনি মন মুগ্ধকর, সমাদরে আসে চলি রাণীরা সত্বর।
হৃষ্ট চিত্তে যত্র তত্র ধায় দাসদাসী, আনন্দ সাগরে মগ্ন সব পুরবাসী॥
" ২ দশরথ পুত্র জন্ম শুনি কর্ণে তার, মন মাঝে ব্রহ্মানন্দ হইল অপার।
পরম প্রেমেতে হয় পুলক শরীরে, বুদ্ধি স্থির রাখি তিনি চান উঠিবারে॥
" ৩ নাম যার শুনি হয় পরম কল্যাণ, সেই প্রভু মোর গৃহে দিলেন দর্শন।
পরম আনন্দে পূর্ণ হ'য়ে সবিশেষ, ডাক বাদ্য নৃপ তবে করেন আদেশ॥

চৌ ৪ গুর বসিষ্ঠ কহঁ গয়উ হঁকারা, আএ দ্বিজন সহিত নৃপদ্বারা।
অনুপম বালক দেখেন্হি জাঈ, রূপ রাসি গুন কহি ন সিরাঈ ॥

দো ০১৯৯ নন্দীমুখ সরাধ করি, জাতকরম সব কীন্হ।
হাটক ধেনু বসন মনি, নৃপ বিপ্রন্হ কহঁ দীন্হ ॥

চৌ ১ ধ্বজ পতাক তোরন পুর ছারা, কহি ন জাই জেহি ভাঁতি বনারা।
সুমন বৃষ্টি অকাস তে হোঈ, ব্রহ্মানন্দ মগন সব লোঈ ॥

” ২ বৃন্দ বৃন্দ মিলি চলীँ লোগাঈ, সহজ সিঙ্গার কিএঁ উঠি ধাঈँ।
কনক কলস মঙ্গল ভরি থারা, গারত পৈঠহিँ ভূপ দুআরা ॥

” ৩ করি আরতি নেরছাররি করহীँ, বার বার সিসু চরনন্হি পরহীँ।
মাগধ সূত বন্দিগন গায়ক, পারন গুন গারহিँ রঘুনায়ক ॥

” ৪ সর্বস দান দীন্হ সব কাহূ, জেহিँ পারা রাখা নহিঁ তাহূ।
মৃগমদ চন্দন কুঙ্কুম কীচা, মচী সকল বীথিন্হ বিচ বীচা ॥

দো ০২০০ গৃহ গৃহ বাজ বধার সুভ, প্রগটে সুষমা কন্দ।
হরষ বন্ত সব জহঁ তহঁ, নগর নারি নর বৃন্দ ॥

চৌ ০১ কৈকয় সুতা সুমিত্রা দোউ, সুন্দর সুত জন মত ভৈ ওউ।
রহ সুখ সম্পতি সময় সমাজা, কহি ন সকই সারদ অহিরাজা ॥

” ২ অরধপুরী সোহই এহি ভাঁতি, প্রভু হি মিলন আঈ জনু রাতী।
দেখি ভানু জনু মন সকুচানী, তদপি বনী সন্ধ্যা অনুমানী ॥

” ৩ অগর ধূপ বহু জনু অঁধিআরী, উড়ই অবীর মনহুँ অরুনারী।
মন্দির মানি সমূহ জনু তারা, নৃপ গৃহ কলস সো ইন্দু উদারা ॥

” ৪ ভরন বেদধুনি অতি মৃদু বানী, জনু খগ মুখর সময়ঁ জনু সানী।
কৌতুক দেখি পতঙ্গ ভুলানা, এক মাস তেইঁ জাত ন জানা ॥

দো ০২০১ মাস দিরস কর দিরস ভা, মরম ন জানই কোই।
রথ সমেত রবি থাকেউ, নিসা করন বিধি হোই ॥

চৌ ১ য়হ রহস্য কাহূँ নহি জানা, দিন মনি চলে করত গুনগানা।
দেখি মহোৎসর সুর মুনি নাগা, চলে ভরন বরনত নিজ ভাগা ॥

চৌ ৪ সংবাদ পাঠান যবে গুরু বশিষ্ঠরে, বিপ্রসহ আসিলেন তিনি রাজদ্বারে।
অনুপম বালকেরে দেখিলেন তবে, রূপরাশি গুণ কথা শেষ নাই ভবে ॥

দো ১৯৯ শ্রাদ্ধ শান্তি নান্দীমুখ করিয়া রাজন, জাত কর্ম সংস্কারাদি করেন পালন।
ধেনু বস্ত্র স্বর্ণ মণি প্রতিটি ব্রাহ্মণে, দান করিলেন রাজা আনন্দিত মনে ॥

চৌ ১ তোরণ পতাকা ধ্বজে ছাইল নগরী, বর্ণনা না হয় শোভা কিবা বলিহারী।
আকাশ হইতে হল পুষ্পবৃষ্টি ধারা, ব্রহ্মানন্দে মগ্ন হল অযোধ্যাবাসীরা ॥

" ২ দলে দলে নারীগণ হইয়া মিলিত, স্বভাব সজ্জিত হ'য়ে হইল ধাবিত।
সুবর্ণ কলস কাঁখে মাঙ্গলিক থালে, রাজার দুয়ারে চলে সঙ্গীতের তালে ॥

" ৩ করিয়া আরতি কর ঘুরাইয়া শিরে, শিশুর চরণ প্রান্তে সমর্পণ করে।
বন্দীরা মাগধ সুত যত গায়কেরা, রঘুপতি গুণগাথা গাহিল তাহারা ॥

" ৪ সর্বস্ব করিল দান সকলেরে আজি, পায় যারা তাহারাও দিল তাহা ত্যজি।
কস্তুরী কুঙ্কুম আর চন্দনের স্রোতে, হইল পিচ্ছিল সব বীথিকার পথে ॥

দো ২০০* পরম সুখের মূল আবির্ভূত হরি, মাঙ্গলিক বাদ্য কাজে গৃহেতে সবারি।
স্ত্রী পুরুষ বৃদ্ধ যুবা নগরে সর্বত্র, হরষিত হয়ে ঘুরে ফিরে যত্র তত্র ॥

চৌ ১ কৈকেয়ী সুমিত্রা দোঁহে পুত্রে জন্ম দিল, অপূর্ব সুন্দর পুত্র উভয়ের হল।
সম্পত্তি সমাজ সুখ সে সময় সম, সারদা ও সর্পরাজ বর্ণিতে অক্ষম ॥

" ২ অযোধ্যার শোভা হল অতীব সুন্দর, প্রভুরে মিলিতে রাত্রি বদ্ধ পরিকর।
ভানুরে দেখিয়া যেন সঙ্কুচিত মন, সন্ধ্যা হল অনুমানি নিজেই তখন ॥

" ৩ অগুরু ধূপের ধূম যেন অন্ধকার, আবীর উড়িছে যত অরুণাভ তার।
মাণিক্য মন্দির গাত্রে নক্ষত্রের মত, রজত কলস গৃহে শশধর যত ॥

" ৪ সুমধুর বেদমন্ত্র রাজগৃহ হতে, পাখীর কূজন যেন প্রদোষ কালেতে।
এ শোভাতে যেন রবি ভুলিলেন গতি, মাস গেল কাহারো না বুঝিতে শকতি ॥

দো ২০১ এক মাস ধরি দিন রহিল স্থগিত, মরম ইহার কিবা কেহ কেহ বোঝে না ত'।
রথ সহ** দিনমণি রহেন অচল, কি করে' আসিবে নিশা বলিবে কে বল ॥

চৌ ১ কেহ না জানিতে পারে এ রহস্য ঘোর, দিনমণি গুণ গানে চলন মন্থর।
দেব মুনি নাগ দেখি এই মহোৎসব, গৃহে ফিরি নিজ ভাগ্য প্রশংসিলা সব ॥

---

* দো ২০০ একমাস ধরি সবে নিদ্রা বিস্মরণ, বোঝেনা কেহই ইহা কিসের কারন।
সশরীরে রঘুসূর্য আবির্ভূত ঘরে, কি করে আসিবে তম বলত আমারে ॥
চৌ ১ এ রহস্য কারো মনে প্রকট না হয়, গুণগানে মুখরিত দিন কেটে যায়।
দেখি এই মহোৎসব সুর মুনি নাগ, ফিরিলেন ধন্য মানি নিজ নিজ ভাগ ॥

** মূল "রথসমেত ; রথ এর এক অর্থ শরীর, অতএব রথসহ—সশরীরে দিনমণি, এ স্থলে রঘুকুল সূর্য (শ্রীরাম চন্দ্র) প্রকৃত অর্থ—

চৌ ২ ঔরউ এক কহউঁ নিজ চোরী, সুনু গিরিজা অতি দৃঢ় মতি তোরী।
কাকভুসুণ্ডি সঙ্গ হম দোউ, মনুজরূপ জানই নহিঁ কোউ ॥
" ৩ পরমানন্দ প্রেম সুখ ফূলে, বীথিন্হ ফিরহিঁ মগন মন ভূলে।
য়হ সুভ চরিত জান পৈ সোঈ, কৃপা রাম কৈ জাপর হোঈ ॥
" ৪ তেহি অবসর জো জেহি বিধি আৱা, দীন্হ ভূপ জো জেহি মন ভাৱা।
গজ রথ তুরগ হেম গো হীরা, দীন্হে নৃপ নানাবিধি চীরা।

দো ০২০২ মন সন্তোষে সবন্হিকে, জহঁ তহঁ দেহিঁ অসীস।
সকল তনয় চির জীৱহুঁ, তুলসিদাসকে ঈস ॥

চৌ ০১ কছুক দিৱস বীতে এহি ভাঁতি, জাত ন জানিঅ দিন অরু রাতী।
নামকরণ কর অৱসরু জানী, ভূপ বোলি পঠএ মুনি গ্যানী ॥
" ২ করি পূজা ভূপতি অস ভাষা, ধরিঅ নাম জো মুনি গুনি রাখা।
ইন্হ কে নাম অনেক অনূপা, মৈঁ নৃপ কহব স্বমতি অনুরূপা ॥
" ৩ জো আনন্দ সিন্ধু সুখরাসী, সীকর তেঁ ত্রৈলোক সুপাসী।
সো সুখ ধাম রাম অস নামা, অখিল লোক দায়ক বিশ্রামা ॥
" ৪ বিস্ব ভরন পোষণ কর জোঈ, তা কর নাম ভরত অস হোঈ।
জাকে সুমিরন তেঁ রিপু নাসা, নাম সত্রুহন বেদ প্রকাসা ॥

দো ০২০৩ লচ্ছন ধাম রাম প্রিয়, সকল জগত আধার।
গুরু বসিষ্ঠ তেহি রাখা, লছিমন নাম উদার ॥

চৌ ০১ ধরে নাম গুর হৃদয়ঁ বিচারী, বেদ তত্ত্ব নৃপ তৱ সুত চারী।
মুনি ধন জন সরবস সিৱ প্রানা, বাল কেলি রস তেহি সুখ মানা ॥
" ২ বারেহি তে নিজ হিত পতি জানী, লছিমন রাম চরন রতি মানী।
ভরত সত্রুহন দূনউ ভাঈ, প্রভু সেৱক জসি প্রীতি বড়াঈ ॥
" ৩ স্যাম গৌর সুন্দর দোউ জোরী, নিরখহিঁ ছবি জননীঁ তৃন তোরী।
চারিউ সীল রূপ গুন ধামা, তদপি অধিক সুখসাগর রামা।
" ৪ হৃদয়ঁ অনুগ্রহ ইন্দু প্রকাসা, সূচত কিরন মনোহর হাসা।
কবহুঁ উছঙ্গ কবহুঁ বর পলনা, মাতু দুলারই কহি প্রিয় ললনা ॥

দো ০২০৪ ব্যাপক ব্রহ্ম নিরঞ্জন, নির্গুন বিগত বিনোদ।
সো অজ প্রেম ভগতি বস, কৌসল্যা কেঁ গোদ ॥

চৌ ১ কাম কোটি ছবি স্যাম সরীরা, নীল কঞ্জ বারিদ গম্ভীরা।
অরুন চরন পঙ্কজ নখ জোতী, কমল দলন্হি বৈঠে জনু মোতী ॥
" ২ রেখ কুলিস ধ্বজ অঙ্কুস সোহে, নূপুর ধুনি সুনি মুনি মন মোহে।
কটি কিঙ্কিনী উদর ত্রয় রেখা, নাভি গম্ভীর জান জেহিঁ দেখা ॥

চৌ ২ এই গিরিজা বুদ্ধি তব অতি দৃঢ় তাই, চৌর্য বৃত্তি করেছিনু কহিব তাহাই।
কাক ভুশুণ্ডীর সাথে মানবের বেশে, জানিল না কেহ যবে যাই সেই দেশে ॥
" ৩ পরম আনন্দে মোরা প্রেম সুখে মেতে, পথে পথে ভ্রমি দোঁহে উদ্‌ভ্রান্ত মনেতে।
শ্রীরামচন্দ্রের কৃপা যার পর হয়, এ ভক্তি শুধু সে জানিতে পায় ॥
" ৪ এ শুভ সময়ে যারা আসে যেই ভাবে, মনের বাসনা রাজা পুরাইল সবে।
রথ হস্তী ধেনু অশ্ব যিনি যাহা চান, সুবর্ণ হীরক বহু বস্ত্র করে দান ॥

দো ২০২ সকলে সম্পূর্ণ সুখী হরষিত মন, যত্র তত্র আশীর্বাদ করে বিতরণ।
তুলসী দাসের প্রভু চারিটি তনয়, চিরজীবী হোক তারা মন এই চায় ॥

চৌ ১ কিছু কাল কি প্রকারে হইল যে গত, দিন রাত্রি বহে যায় কেহ জানে না ত।
সমাগত হলে নাম-করনের কাল, জ্ঞানী মুনি বশিষ্ঠেরে ডাকেন ভূপাল ॥
" ২ করি পূজা নরনাথ কহিলেন তাঁরে, তাঁহারি গণনা মত নাম রাখিবারে।
কহে মুনি বহু নাম আছে অনুপম, নিজ বুদ্ধি মত কহি শুনহ রাজন ॥
" ৩ আনন্দ সাগর প্রভু সুখরাশি ধাম, কণা মাত্র পেলে যাহা ত্রিলোক আরাম।
সেই সুখ ধাম তব জ্যেষ্ঠ পুত্র রাম, অখিল জনের তিনি পরম বিশ্রাম ॥
" ৪ ভরন পোষণ বিশ্ব যে করে ধীমান, দ্বিতীয় সন্তান তব ভরত সুনাম।
স্মরন মাত্রেতে যার শত্রু কম্পমান, শত্রুঘ্ন তাহারি নাম তৃতীয় সন্তান ॥

দো ২০৩ সর্ব সুলক্ষণ যুক্ত জগত আশ্রয়, রামের পরম প্রিয় মন রাম ময়।
মহর্ষি বশিষ্ঠ তাই করিয়া বিচার, লক্ষ্মণ রাখেন নাম পরম উদার ॥

চৌ ১ বশিষ্ঠ রাখেন নাম বিশেষ বিচারি, মূর্তিমান বেদতত্ত্ব তব পুত্র চারি ॥
মুনিধন শিব প্রাণ সর্বস্ব লোকের, বাল ক্রীড়া রসে এবে আনন্দ এদের।
" ২ জানি হিতকারী প্রভু শিশু কাল হ'তে, লক্ষ্মণের তীব্র প্রীতি রাম চরণেতে।
ভরত ও শত্রুঘ্ন অপর দুভ্রাতা, সেবক স্বামীর মত পরম মিত্রতা ॥
" ৩ শ্যাম গৌর দেখি দুই সুন্দর যুগল, তৃণ ছিন্ন করি দেখে মাতারা বিহ্বল।
চারি ভ্রাতা রূপশীল গুণের আগর, তন্মধ্যে শ্রীরাম যেন সুখের সাগর ॥
" ৪ হৃদয় মাধুরী যেন ইন্দুরূপে ভাসে, কিরণ সূচিত হয় মনোহর হাসে।
কভু ক্রোড়ে কভু তারে রাখিয়া দোলায়, বাছা মোর কহি মাতা কত চুমা খায় ॥

দো ২০৪ সর্ব ব্যাপী মায়াহীন অজ ভগবান, নির্গুণ বিগত যার হর্ষ শোক মান।
আজি সে প্রেমের বশে ভক্তের অন্তরে, ধরা দেয় সহজেই কৌশল্যার ক্রোড়ে ॥

চৌ ১ কোটি অনঙ্গের রূপ সে শ্যাম শরীরে, নীল পদ্ম ঘন ঘোর মেঘ শোভা ধরে।
অরুণ চরণ পরে নখের সে জ্যোতি, রক্তরাঙ্গা কমলেতে মুকুতার পাঁতি।
" ২ বজ্র ধ্বজ অঙ্কুশের চিহ্ন শোভে পদে, নূপুর ধ্বনিতে মুগ্ধ মুনি মন মদে ॥
কটিতে মেখলা শোভে ত্রিবলি উদরে, সেই জানে গভীরতা যে দেখে নাভীরে ॥

চৌ ৩ ভুজ বিসাল ভুষন জুত ভূরী, হিয়ঁ হরি নখ অতি সোভা রূরী।
উর মনিহার পদিক কী সোভা, বিপ্র চরণ দেখত মন লোভা ॥
,, ৪ কম্বু কণ্ঠ অতি বিবুক সুহাঈ, আনন অমিত মদন ছবি ছাঈ।
দুই দুই দসন অধর অরুনারে, নাসা তিলক কো বরনৈ পারে ॥
,, ৫ সুন্দর শ্রবন সুচারু কপোলা, অতি প্রিয় মধুর তোতরে বোলা।
চিক্কন কচ কুঞ্চিত গভুআরে, বহু প্রকার রচি নাতু সঁবারে ॥
,, ৬ পীত ঝঁগুলিআ তনু পহিরাঈ, জানু পানি বিচরনি মোহি ভাঈ।
রূপ সকহিঁ নহিঁ কহি শ্রুতি সেষা, সো জানই সপনেহুঁ জেহিঁ দেখা ॥

দো ০২০৫ সুখ সন্দোহ মোহ পর, গ্যান গিরা গোতীত।
দম্পতি পরম প্রেম বস, কর সিসুচরিত পুনীত ॥

চৌ ০১ এহি বিধি রাম জগত পিতু মাতা, কোসলপুর বাসিহ্ন সুখদাতা।
জিহ্ন রঘুনাথ চরন রতি মানী, তিহ্ন কী য়হ গতি প্রগট ভবানী ॥
,, ২ রঘুপতি বিমুখ জতন কর কোরী, করন সকই ভব বন্ধন ছোরী।
জীব চরাচর বস কৈ রাখে, সো মায়া প্রভু সোঁ ভয় ভাখে ॥
,, ৩ ভৃকুটি বিলাস নচাবই তাহী, অস প্রভু ছাড়ি ভজিঅ কহু কাহী।
মন ক্রম বচন ছাড়ি চতুরাঈ, ভজত কৃপা করিহহিঁ রঘুরাঈ ॥
,, ৪ এহি বিধি সিসুবিনোদ প্রভু কীহ্না, সকল নগরবাসিহ্ন সুখ দীহ্না।
লৈ উছঙ্গ কবহুঁক হলরাবৈ, করহুঁ পালনেঁ ঘালি ঝুলাবৈ ॥

দো০ ২০৬ প্রেম মগন কৌসল্যা, নিসি দিন জাত ন জান।
সুত সনেহ বস মাতা, বালচরিত কর গান ॥

চৌ ০১ এক বার জননীঁ অহ্নবাএ, করি সিঙ্গার পলনাঁ পৌঢ়াএ।
নিজ কুল ইষ্টদেব ভগবানা, পূজা হেতু কীহ্ন অসনানা ॥
,, ২ করি পূজা নৈবেদ্য চঢ়াবা, আপু গঈ জহঁ পাক বনাবা।
বহুরি মাতু তহবাঁ চলি আঈ, ভোজন করত দেখ সুত জাঈ ॥
,, ৩ গৈ জননী সিসু পহিঁ ভয় ভীতা, দেখা বাল তহাঁ পুনি সূতা।
বহুরি আই দেখা সুত সোঈ, হৃদয়ঁ কম্প মন ধীর ন হোঈ ॥
,, ৪ ইহাঁ উহাঁ দুই বালক দেখা, মতি ভ্রম মোর কি আন বিসেষা।
দেখি রাম জননী অকুলানী, প্রভু হঁসি দীহ্ন মধুর মুসুকানী ॥

দো০ ২০৭ দেখরাবা মাতহি নিজ, অদ্ভুত রূপ অখণ্ড।
রোম রোম প্রতি লাগে, কোটি কোটি ব্রহ্মাণ্ড ॥

চৌ০ ১ অগনিত রবি সসি সিব চতুরানন, বহু গিরি সরিত সিন্ধু মহি কানন।
কাল কর্ম গুন গ্যান সুভাউ, সোউ দেখা জো সুনা ন কাউ ॥

চৌ ৩ সুবিশাল ভুজে শোভে ভূষণ বিস্তর, ব্যাঘ্র নখ বক্ষে শোভে অতীব সুন্দর।
হৃদয়ে মণির মালা হীরকের শোভা, ভৃগুপদ চিহ্ন বক্ষে অতি মনলোভা ॥
„ ৪ শঙ্খগ্রীব কণ্ঠ তার চিবুক সুঠাম, আনন কান্তিতে যেন অগণিত কাম।
অরুণ অধর ফাঁকে তুটি দন্তপাতি, বর্ণন তিলক নাসা কাহার শকতি ॥
„ ৫ শ্রবণ সুন্দর তাঁর কপোল সুন্দর, আধ আধ বাক্য তার শ্রুতি মনোহর।
কুঞ্চিত ভ্রমর কৃষ্ণ জন্ম কেশদাম, রচে বহু ভাবে মাতা নাহিক বিরাম ॥
„ ৬ পীত অঙ্গরাখা গাত্রে হামাগুড়ি ভরে, বিচিত্র চলন মোরে অতি মুগ্ধ করে।
শ্রুতি শেষ নাহি পারে সে রূপ বর্ণিতে, সেই জানে স্বপনেতে যে পারে দেখিতে ॥

দো ২০৫ সুখ পুঞ্জ মোহাতীত রাম ভগবান, জ্ঞান বাক্য ইন্দ্রিয়ের অতীত মহান।
দম্পতির প্রেমে হ'য়ে বশীভূত সেই, বাল্যের পবিত্র লীলা খেলিছেন এই ॥

চৌ ১ এ জগত পিতা মাতা রাম ভগবান, করেন অযোধ্যা-জনে সর্ব সুখ দান।
রতি যার রঘুনাথ চরণ তুখানি, এ গতি প্রকট তার হইবে ভবানী ॥
„ ২ রঘুপতি বিমুখীরা কোটি উপায়েতে, এ ভব বন্ধন ছিন্ন পারে কি করিতে।
চরাচর জীবে বশে যে রাখে প্রণত, সেই মায়া প্রভু হতে অতিশয় ভীত ॥
„ ৩ ভ্রূকুটি বিলাস দ্বারা নাচান তাহারে, এই প্রভু ছাড়ি কহ ভজিব কাহারে।
কায়-মনোবাক্যে ছাড়ি সর্ব কপটতা, ভজনা করিলে পাবে প্রভু প্রসন্নতা ॥
„ ৪ এ প্রকারে বাললীলা প্রভু যে দেখান, নগরবাসীরে সবে করি সুখ দান।
দোলান তাঁহারে মাতা লইয়া কোলেতে, পালঙ্কে শায়িত কভু, কভু বা দোলাতে ॥

দো ২০৬ প্রেম মগ্ন কৌশল্যার দিবা রজনীতে, কি ভাবে কাটিয়া যায় না পারে জানিতে।
পুত্র স্নেহে বিগলিত প্রেমময় প্রাণ, ভুলাইতে শিশু মন গান' কত গান ॥

চৌ ১ একবার পুত্রে মাতা করাইয়া স্নান, সজ্জিত করিয়া তারে পালঙ্কে শয়ান।
নিজ স্নান সমাপন করেন তখন, ইষ্ট দেব ভগবানে করিতে পূজন ॥
„ ২ নৈবেদ্য নিবেদি' পূজা করি সমাপন, যেথা পাক হয় নিজে যান সেই স্থান।
সেথা হ'তে পূজা গৃহে যবে আসিলেন, নৈবেদ্য ভোজনে রত পুত্রে দেখিলেন ॥
„ ৩ ভীতত্রস্ত হ'য়ে মাতা যান শয্যা কাছে, পালঙ্কে দেখেন শিশু সুখে শুয়ে আছে।
পুনরায় পূজা গৃহে দেখে পুত্র সেই, হৃৎকম্প হইল শুরু মনে ধৈর্য নাই ॥
„ ৪ তুই শিশু দেখি আমি এখানে ওখানে, একি মতিভ্রম কিংবা বিশেষ কারণে।
দাশরথি দেখি হেন মাতারে ব্যাকুল, মৃহু মৃহু সুমধুর হাসিতে আকুল ॥

দো ২০৭ মাতারে অখণ্ড তার বিরাট সে রূপ, দেখালেন রঘুপতি নিজ বিশ্বরূপ।
সে রূপের প্রতি রোম কূপেতে তাঁহার, কোটি কোটি ব্রহ্মাণ্ডের বিশ্বের আধার

চৌ ১ সংখ্যাতীত চন্দ্র সূর্য শিব চতুর্মুখ, বহু গিরি নদ নদী সিন্ধু অভিমুখ।
মহাকাল গুণ কর্ম স্বভাব জ্ঞান, কভু যা শোনেনি কেহ তাহাই দেখান ॥

চৌ ২ দেখী মায়া সব বিধি গাঢ়ী, অতি সভীত জোরেঁ কর ঠাঢ়ী।
দেখা জীব নচাবই জাহী, দেখী ভগতি জো ছোরই তাহী ॥
" ৩ তন পুলকিত মুখ বচন ন আরা, নয়ন মূদি চরননি সিরু নারা।
বিসময়বন্ত দেখি মহাতারী, ভএ বহুরি সিসুরূপ খরারী ॥
" ৪ অস্তুতি করি ন জাই ভয় মানা, জগত পিতা মৈঁ সুত করি জানা।
হরি জননী বহুবিধি সমুঝাঈ, য়হ জনি কতহুঁ কহসি সুনু মাঈ ॥

দো০ ২০৮ বার বার কৌসল্যা, বিনয় করই কর জোরি।
অব জনি কবহূঁ ব্যাপৈ, প্রভু মোহি মায়া তোরি ॥

চৌ০ ১ বালচরিত হরি বহুবিধি কীন্হা, অতি অনন্দ দাসন্হ কহঁ দীন্হা।
কছুক কাল বীতেঁ সব ভাঈ, বড়ে ভএ পরিজন সুখদাঈ ॥
" ২ চূড়াকরন কীন্হ গুরু জাঈ, বিপ্রন্হ পুনি দছিনা বহু পাঈ।
পরম মনোহর চরিত অপারা, করত ফিরত চারিউ সুকুমারা ॥
" ৩ মন ক্রম বচন অগোচর জোঈ, দসরথ অজির বিচর প্রভু সোঈ।
ভোজন করত বোল জব রাজা, নহিঁ আবত তজি বাল সমাজা ॥
" ৪ কৌসল্যা জব বোলন জাঈ, ঠুমুকু ঠুমুকু প্রভু চলহিঁ পরাঈ।
নিগম নেতি সিব অন্ত ন পারা, তহি ধরৈ জননী হঠি ধারা ॥
" ৫ ধূসর ধূরি ভরে তনু আএ, ভূপতি বিহঁসি গোদ বৈঠাএ।

দো০ ২০৯ ভোজন করত চপল চিত, ইত উত অবসরু পাই।
ভাজি চলে কিলকত মুখ, দধি ওদন লপটাই ॥

চৌ ১ বালচরিত অতি সরল সুহাএ, সারদ সেষ সম্ভু শ্রুতি গাএ।
জিন্হ কর মন ইন্হ সন নহিঁ রাতা, তে জন বঞ্চিত কিএ বিধাতা ॥
" ২ ভএ কুমার জবহিঁ সব ভ্রাতা, দীন্হ জনেউ গুরু পিতু মাতা।
গুরগৃহঁ গএ পঢ়ন রঘুরাঈ, অলপ কাল বিদ্যা সব আঈ ॥
" ৩ জাকী সহজ স্বাস শ্রুতি চারী, সো হরি পঢ় য়হ কৌতুক ভারী।
বিদ্যা বিনয় নিপুন গুন সীলা, খেলহিঁ খেল সকল নৃপলীলা ॥
" ৪ করতল বান ধনুষ অতি সোহা, দেখত রূপ চরাচর মোহা।
জিন্হ বীথিন্হ বিহরহিঁ সব ভাঈ, থকিত হোহিঁ সব লোগ লুগাঈ ॥

দো০ ২১০ কোসলপুর বাসী নর, নারি বৃদ্ধ অরু বাল।
প্রানহু তে প্রিয় লাগত, সব কহুঁ রাম কৃপাল ॥

চৌ ১ বন্ধু সখা সঁগ লেহিঁ বোলাঈ, বন মৃগয়া নিত খেলহিঁ জাঈ।
পাবন মৃগ মারহিঁ জিয় জানী, দিন প্রতি নৃপহি দেখাবহিঁ আনী ॥

চৌ ২ প্রগাঢ় মায়ারে দেখি অতিশয় ভীত, রহেন দাঁড়ায় তিনি কৃতাঞ্জলি যুত।
জীবে দেখি মায়া নিত্য নাচান যাহারে, দেখি ভক্তি মায়া পাশ মুক্ত যেই করে॥
" ৩ রোমাঞ্চিত কলেবর বাক্যহীন মাতা, নয়ন মুদিত করি চরণে প্রণতা।
বিস্মিত দেখিয়া প্রভু মাতারে তাঁহার, খরারি ধরেন শিশু রূপ পুনর্বার॥
" ৪ স্তুতি নাহি এলো মনে ভীতার্ত অন্তর, জগতের পিতা যেই সে কি পুত্র মোর।
বুঝান মাতারে প্রভু বহু প্রকারেতে, প্রকাশ কোরনা মাতঃ ইহা কোন মতে॥

দো ২০৮ কৌশল্যা অনেক বার করজোড় করি, কহেন মিনতি করি দয়াল শ্রীহরি।
আর যেন তব মায়া ব্যাপ্ত বিশ্বময়, মোহাচ্ছন্ন নাহি করে মোরে দয়াময়॥

চৌ ১ বাল লীলা বহুবিধ করেন শ্রীহরি, প্রভূত আনন্দ হয় সব সেবকেরি।
কিছুকাল গত হলে ভ্রাতা চারিজন, বয়ঃপ্রাপ্ত হ'য়ে সুখী করে পরিজন॥
" ২ গুরু আসি করে চূড়া-করণ সংস্কার, বহু বিপ্র পায় পুনঃ দক্ষিণা অপার।
পরম মনোজ্ঞ চারি চরিত্র ভ্রাতার, বিচিত্র লীলার মাঝে ফিরে সুকুমার॥
" ৩ মন কর্ম বাক্যে যিনি অগোচর হন, দশরথ অঙ্গনেতে করেন ভ্রমণ।
ভোজন লাগিয়া নৃপ করেন আহ্বান, বাল সখা ছাড়ি তারা না আসিতে চান॥
" ৪ কৌশল্যা যখন গিয়া ডাকেন তাহারে, ঠুমুকি ঠুমুকি প্রভু পলায়ন করে।
শ্রুতি কহে নেতি শিব অন্ত নাহি পায়, কৌশল্যা আগ্রহে তারে ধরিতে দৌড়ায়॥
" ৫ ধূলি ধুসরিত অঙ্গ আসিয়া দাঁড়ায়, রাজা হাসি নিতে ক্রোড়ে দুবাহু বাড়ায়।

দো ২০৯ ভোজন করেন তবু চপল হৃদয়, যখনি সুযোগ পায় তখনি পালায়।
মুখময় দধি ভাত লেপা সারা মুখে, খিল খিল হাসে শুধু অতিশয় সুখে॥

চৌ ১ বাল্যের চরিত্র কথা সরল সুন্দর, বাণী শম্ভু শ্রুতি শেষ গাহিতে তৎপর।
এ লীলা শ্রবণে রতি নাহি হয় যার, পরম দুর্ভাগা বৃথা সৃষ্ট বিধাতার॥
" ২ কৈশোরেতে উপনীত যবে সব ভ্রাতা, দ্বিজত্ব সংস্কার করে গুরু পিতা মাতা।
গুরু গৃহে বিদ্যাভ্যাস করে রঘুনাথ, অল্প সময়েতে সর্ব বিদ্যা আত্মসাৎ॥
" ৩ বেদ বিদ্যা স্বাভাবিক নিশ্বাস যাঁহার, সেই করে বেদাভ্যাস আশ্চর্য ব্যাপার।
বিনয়ে বিদ্যাতে আর গুণে শীলে এঁরা, অনবদ্য অতি দক্ষ সর্ব রাজ ক্রীড়া॥
" ৪ হস্তে যবে ধনুর্বান অপরূপ শোভা, চরাচর মুগ্ধ দেখি দৃশ্য মনোলোভা।
পথ মাঝে চতুর্ভ্রাতা বিহরেন যবে, স্ত্রী পুরুষ নির্নিমেষে চেয়ে থাকে সবে॥

দো ২১০ বাল বৃদ্ধ নরনারী কোশল নগরে, প্রাণাপেক্ষা প্রিয় মানে শ্রীরামচন্দ্রেরে।

চৌ ১ ভ্রাতা সখা সবে ডাকি লয়ে নিজ সাথে, বন মাঝে গিয়া তাঁরা মৃগয়াতে মাতে।
মৃগ হত্যা করি সবে ক্ষাত্র ধর্ম মানি, নৃপেরে দেখান পশু প্রতিদিন আনি॥

চৌ ২ জো মৃগ রাম বান কে মারে, তে তনু তজি সুরলোক সিধারে।
অনুজ সখা সঁগ ভোজন করহীঁ, মাতু পিতা অগ্যা অনুসরহীঁ ॥
„ ৩ জেহি বিধি সুখী হোহিঁ পুর লোগা, করহিঁ কৃপানিধি সোই সঞ্জোগা।
বেদ পুরান সুনহিঁ মন লাঈ, আপু কহহি অনুজহ্ন সমুঝাঈ ॥
„ ৪ প্রাতকাল উঠি কৈ রঘুনাথা, মাতু পিতা গুরু নারহিঁ মাথা।
আয়সু মাগি করহিঁ পুর কাজা, দেখি চরিত হরষই মন রাজা ॥

দো০ ২১১ ব্যাপক অকল অনীহ অজ, নির্গুন নাম ন রূপ।
ভগত হেতু নানা বিধি, করত চরিত্র অনূপ ॥

মহর্ষি বিশ্বামিত্রের আগমন

চৌ০ ১ য়হ সব চরিত কহা মৈঁ গাঈ, আগিলি কথা সুনহু মন লাঈ।
বিস্বামিত্র মহামুনি গ্যানী, বসহিঁ বিপিন সুভ আশ্রম জানী ॥
„ ২ জহঁ জপ জগ্য জোগ মুনি করহীঁ, অতি মারীচ সুবাহুহি ডরহীঁ।
দেখত জগ্য নিসাচর ধাবহিঁ, করহিঁ উপদ্রব মুনি দুখ পাবহি ॥
„ ৩ গাধিতনয় মন চিন্তা ব্যাপী, হরি বিনু মরহিঁ ন নিসিচর পাপী।
তব মুনিবর মন কীহ্ন বিচারা, প্রভু অবতরেউ হরন মহি ভারা ॥
„ ৪ এহূঁ সিস দেখৌঁ পদ জাঈ, করি বিনতী আনৌঁ দোউ ভাঈ।
গ্যান বিরাগ সকল গুন অয়না, সো প্রভু মৈঁ দেখব ভরি নয়না ॥

দো০ ২১২ বহুবিধি করত মনোরথ, জাত লাগি নহিঁ বার।
করি মজ্জন সরউ জল, গএ ভূপ দরবার ॥

চৌ০ ১ মুনি আগমন সুনা জব রাজা, মিলন গয়উ লৈ বিপ্র সমাজা।
করি দণ্ডবত মুনিহি সনমানী, নিজ আসন বৈঠারেহ্নি আনী ॥
„ ২ চরন পখারি কীহ্নি অতি পূজা, মো সম আজু ধন্য নহিঁ দূজা।
বিবিধ ভাঁতি ভোজন করবারা, মুনিবর হৃদয়ঁ হরষ অতি পাবা ॥
„ ৩ পুনি চরননি মেলে সুত চারী, রাম দেখি মুনি দেহ বিসারী।
ভএ মগন দেখত মুখ সোভা, জনু চকোর পূরন সসি লোভা ॥
„ ৪ তব মন হরষি বচন কহ রাউ, মুনি অস কৃপা ন কীহ্নিহু কাউ।
কেহি কারন আগমন তুম্হারা, কহহু সো করত ন লাবউ বারা ॥
„ ৫ অসুর সমূহ সতাবহিঁ মোহী, মৈঁ জাচন আয়উঁ নৃপ তোহী।
অনুজ সমেত দেহু রঘুনাথা, নিসিচর বধ মৈঁ হোব সনাথা ॥

দো০ ২১৩ দেহু ভূপ মন হরষিত, তজহু মোহ অগ্যান।
ধর্ম সুজস প্রভু তুম্হ কৌঁ, ইহ্ন কহঁ অতি কল্যান ॥

চৌ ২ রাম বাণ বিদ্ধ মৃগ মৃত্যু বরে সেই, তনু ত্যাজি অবতীর্ণ দেবলোকে সেই।
অনুজ সবার সাথে একত্রে আহার, পিতা মাতা আজ্ঞা ক্রমে সর্ব কর্ম তাঁর ॥

,, ৩ পুরবাসী যে প্রকারে সবে সুখী হয়, কৃপানিধি সে ব্যবস্থা করেন নিশ্চয়।
বেদ ও পুরাণ পাঠ মন দিয়া শুনি, কনিষ্ঠ ভ্রাতারে সব বুঝান আপনি ॥

,, ৪ প্রাতঃ কালে শয্যা ত্যাজি অগ্রে রঘুরাম, মাতা পিতা গুরুপদে করেন প্রণাম।
আজ্ঞা ল'য়ে পৌর কর্ম করে সম্পাদন, দেখি এ চরিত্র সুখী হয় রাজমন ॥

দো ২১১ সর্বব্যাপী নিরাকার অজ উদাসীন, নাহি রূপ নাহি নাম সর্বগুণ হীন।
ভক্তের নিমিত্ত তিনি নানা প্রকারেতে, অপূর্ব লীলার খেলা দেখান জগতে ॥

মহর্ষি বিশ্বামিত্রের আগমন

চৌ ১ এ চরিত্র গাহিলাম যথা শক্তি মোর, মন দিয়া শুন অগ্রে যাহা অতঃপর।
বিশ্বামিত্র মহাযশ মহামুনি জ্ঞানী, আশ্রম করেন বনে সুপবিত্র জানি ॥

,, ২ ঐ স্থানে যাগ যোগ জপ করে মুনি, মারীচ সুবাহু হতে বিঘ্নভয় মানি।
দেখি যজ্ঞ ধেয়ে আসে নিশাচরগণে, উপদ্রবে যজ্ঞ পণ্ড দুঃখ মুনি মনে ॥

,, ৩ গাধির নন্দন মনে চিন্তা নিরন্তর, হরি বিনা মরিবে না পাপী নিশাচর।
মুনি মনে আসে তবে এমত বিচার, অবতীর্ণ প্রভু এবে হরিতে ভূভার ॥

,, ৪ এই সূত্রে গিয়া করি চরণ দর্শন, ভিক্ষা লব দুই ভ্রাতা বিঘ্ন বিনাশন।
জ্ঞান ও বৈরাগ্য আর সর্ব গুণ ধাম, দেখিব নয়ন ভরি রঘুপতি রাম ॥

দো ২১২ এই ইচ্ছা মন মধ্যে দৃঢ় বদ্ধ করি, বিলম্ব সহে না যেতে অযোধ্যা নগরী।
সরযূতে করি তবে স্নান সমাপন, রাজ দরবারে যান গাধির নন্দন ॥

চৌ ১ মুনি আগমন নৃপ করিয়া শ্রবণ, স্বাগত জানাতে যান লইয়া ব্রাহ্মণ।
সসম্মানে মুনিপদে দণ্ডবত করি, আপন আসন নৃপ দেন তারে ছাড়ি ॥

,, ২ চরণ প্রক্ষালি পূজা করিলেন তার, মোর সম ভাগ্যবান কেহ নাহি আর।
করেন বিবিধ ভাবে সন্তুষ্টি তাঁহার, সন্তুষ্ট হলেন মুনি হৃদয়ে অপার ॥

,, ৩ চারি পুত্র মুনি পদে করান প্রণাম, মুনি দেহ সংজ্ঞা লোপ দেখি রঘুরাম।
মুনি মন মুগ্ধ দেখি শ্রীমুখের শোভা, পূর্ণিমা চকোর যেন হেরি মনোলোভা ॥

,, ৪ আনন্দে উৎফুল্ল রাজা কহেন তখন, অতীব দুষ্প্রাপ্য প্রভু তব দরশন।
কি কারণ হল প্রভু তব আগমন, কহ প্রভু পূর্ণ করি শীঘ্র সযতন ॥

,, ৫ অসুর সমূহ করে মোরে জ্বালাতন, ইহা লাগি তব কাছে এ ভিক্ষা রাজন।
অনুজ সনেত মোরে দেহ রঘুরামে, নিশাচর হত হলে রহিব আরামে ॥

দো ২১৩ প্রসন্ন মনেতে দেহ পুত্রেরে তোমার, অজ্ঞান জনিত মোহ কর পরিহার।
পরম কল্যাণ নাথ হইবে সাধিত, ধর্ম রক্ষা যশ প্রাপ্তি হবে মনোমত ॥

চৌ ১ সুনি রাজা অতি অপ্রিয় বানী, হৃদয় কম্প মুখ দুতি কুমুলানী।
চৌথেঁপন পায়উঁ সুত চারী, বিপ্র বচন নহিঁ কহেহু বিচারী॥
" ২ মাগহু ভূমি ধেনু ধন কোসা, সর্বস দেউঁ আজু সহরোসা।
দেহ প্রান তেঁ প্রিয় কছু নাহীঁ, সোউ মুনি দেউঁ নিমিষ এক মাহীঁ॥
" ৩ সব সুত প্রিয় মোহি প্রাণ কী নাঈঁ, রাম দেত নহিঁ বনই গোসাঈঁ।
কহঁ নিসিচর অতি ঘোর কঠোরা, কহঁ সুন্দর সুত পরম কিসোরা॥
" ৪ সুনি নৃপ গিরা প্রেম রস সানী, হৃদয়ঁ হরষ মানা মুনি গ্যানী।
তব বসিষ্ঠ বহুবিধি সমুঝারা, নৃপ সন্দেহ নাস কহঁ পারা॥
" ৫ অতি আদর দোউ তনয় বোলাএ, হৃদয়ঁ লাই বহু ভাঁতি সিখাএ।
মেরে প্রান নাথ সুত দোউ, তুম্হ মুনি পিতা আন নহিঁ কোউ॥

দো০ ২১৪ সৌঁপে ভূপ রিষিহি সুত, বহুবিধি দেই অসীস।
জননী ভবন গএ প্রভু, চলে নাই পদ সীস॥

সো০ ২৮ পুরুষসিংহ দোউ বীর, হরষি চলে মুনি ভয় হরন।
কৃপাসিন্ধু মতি ধীর, অখিল বিস্ব কারন করন॥

চৌ ১ অরুণ নয়ন উর বাহু বিসালা, নীল জলজ তনু স্যাম তমালা।
কটি পট পীত কসেঁ বর ভাথা, রুচির চাপ সায়ক দুহুঁ হাথা॥
" ২ স্যাম গৌর সুন্দর দোউ ভাঈ, বিস্বামিত্র মহানিধি পাঈ।
প্রভু ব্রহ্মণ্যদেব মৈঁ জানা, মোহি নিত পিতা তজেউ ভগবানা॥

তাড়কাবধ

" ৩ চলে জাত মুনি দীন্হি দেখাঈ, মুনি তাড়কা ক্রোধ করি ধাঈ।
একহিঁ বান প্রান হরি লীন্হা, দীন জানি তেহি নিজ পদ দীন্হা॥
" ৪ তব রিষি নিজ নাথহি জিয়ঁ চীন্হী, বিদ্যানিধি কহুঁ বিদ্যা দীন্হী।
জাতে লাগ ন ছুধা পিপাসা, অতুলিত বল তনু তেজ প্রকাসা॥

দো০ ২১৫ আয়ুধ সর্ব সমর্পি কৈ, প্রভু নিজ আশ্রম আনি।
কন্দ মূল ফল ভোজন, দীন্হ ভগতি হিত জানি॥

চৌ ১ প্রাত কহা মুনি সন রঘুরাঈ, নির্ভয় জগ্য করহু তুম্হ জাঈ।
হোম করন লাগে মুনি ঝারী, আপু রহে মখ কীঁরখবারী॥

মারীচকে বাণাঘাত

" ২ সুনি মারীচ নিসাচর কোহী, লৈ সহায় ধাবা মুনিদ্রোহী।
বিনু ফর বান রাম তেহি মারা, সত জোজন গা সাগর পারা॥

চৌ ১ শুনি এ অপ্রিয় বাণী রাজার হৃদয়, কম্পমান মুখ দ্যুতি পরিশুষ্ক হয়।
চতুর্থ দশায় মোর এই পুত্র চারি, হে মুনি প্রার্থনা তব না হয় বিচারি ॥
" ২ ভূমি ধেনু রাজকোষ মাগ এই ক্ষণে, সর্বস্ব পারিব দিতে হরষিত মনে।
দেহ প্রাণ হতে প্রিয় আর কিছু নাই, হে মুনি পারিব দিতে নিমেষে তাহাই ॥
" ৩ সব পুত্র মোর কাছে প্রাণের সমান, তন্মধ্যে রামেরে দিতে নাহি চায় প্রাণ।
কোথা সুকুমার পুত্র সুন্দর কিশোর, কোথা সে রাক্ষস ঘোর অতি ভয়ঙ্কর ॥
" ৪ প্রেমে বিগলিত বাক্য শুনিয়া রাজার, মুনি মনে হর্ষ জাগে দেখি প্রেম তার।
বশিষ্ঠ রাজারে দেন বহু উপদেশ, সন্দেহ রাজার মনে ঘুচিল বিশেষ ॥
" ৫ দুই পুত্রে কাছে ডাকী অতীব আদরে, আলিঙ্গিয়া শিক্ষা দেন বিবিধ প্রকারে।
প্রাণাধিক পুত্রে নাথ দিনু তোমা দোঁহে, আজ হতে তুমি পিতা অন্য কেহ নহে ॥

দো ২১৪ আশীর্বাদি পুত্রে রাজা বিবিধ প্রকারে, ঋষি হস্তে পুত্র দ্বয়ে সমর্পন করে।
জননী মন্দিরে প্রভু যান তারপরে, মাতার চরণে শির নত করিবারে ॥

সো ২৮ দুভ্রাতা পুরুষ সিংহ বীর হৃষ্টমনে, চলিলেন ঋষিভয় হরণ কারণে।
কৃপাসিন্ধু ধীর মতি সমস্ত বিশ্বের, অদ্বৈত করণ তিনি কারণ সবের ॥
চৌ ১ অরুণ নয়ন বক্ষ, দুবাহু বিশাল, নীল ঘন শ্যাম তনু বর্ণ সে তমাল।
কটিতটে পীতাম্বর বন্ধনী সুন্দর, হস্তে শোভে উভয়েরি রম্য ধনুঃশর ॥
" ২ শ্যাম গৌর সৌন্দর্যের অপূর্ব দুভাই, মহানিধি প্রাপ্ত হই বিশ্বামিত্র তাই।
ভাবিলেন প্রভু ভক্ত ব্রাহ্মণের অতি, ত্যজি পিতা ভগবান কৃপা মোর প্রতি ॥

তাড়কাবধ

" ৩ চলিতে চলিতে মুনি দেন দেখাইয়া, শুনি শব্দ ক্রোধে ধায় তাড়কা আসিয়া।
একটি বাণেতে প্রভু লন তার প্রাণ, দীন দেখি দেন তারে স্বধাম প্রয়াণ ॥
" ৪ জানি মনে বিদ্যানিধি হয় প্রভু তার, তথাপি দিলেন তারে এক বিদ্যা সার।
যার বলে ক্ষুধা তৃষ্ণা করা যায় জয়, অতুল দেহের বল প্রকাশিত হয় ॥

দো ২১৫ সর্ব অস্ত্র যাহা ছিল সমর্পিয়া রামে, প্রভুরে লইয়া যান আপন আশ্রমে।
কন্দ মূল ফল আদি অতি ভক্তিভরে, অর্পণ করেন দোঁহে ভোজনের তরে ॥

চৌ ১ মুনিরে কহেন প্রাতে উঠি রঘুরাজ, নির্ভয়ে করুন যজ্ঞ আপনারা আজ।
হোম যাগ আরম্ভিলা মুনিগণ আর, রাম রহিলেন নিয়া যজ্ঞরক্ষা ভার ॥

মারীচকে বাণাঘাত

" ২ মারীচ রাক্ষস পেল এই বার্তা যবে, ক্রোধে আসে সঙ্গী সাথে মুনি দ্রোহী সবে।
ফলাহীন বাণে রাম তারে প্রহারিল, শত ক্রোশ দূরে সিন্ধু তটেতে ফেলিল ॥

সুবাহুনিধন

চৌ ৩ পারক সর সুবাহু পুনি মারা, অনুজ নিসাচর কটকু সাঁঘারা।
মারি অসুর দ্বিজ নির্ভয়কারী, অস্তুতি করহিঁ দেব মুনি ঝারী॥
” ৪ তহঁ পুনি কছুক দিবস রঘুরায়া, রহে কীহ্নি বিপ্রহ্ন পর দায়া।
ভগতি হেতু বহু কথা পুরানা, কহে বিপ্র জন্তপি প্রভু জানা॥

অহল্যা-উদ্ধার

” ৫ তব মুনি সাদর কহা বুঝাঈ, চরিত এক প্রভু দেখিঅ জাঈ।
ধনুষজগ্য সুনি রঘুকুল নাথা, হরষি চলে মুনিবর কে সাথা॥
” ৬ আশ্রম এক দীখ মহা মাহীঁ, খগ মৃগ জীব জন্তু তহঁ নাহীঁ।
পূছা মুনিহি সিলা প্রভু দেখী, সকল কথা মুনি কহা বিসেষী॥

দো০ ২১৬ গৌতম নারী শ্রাপ বস, উপল দেহ ধরি ধীর।
চরণ কমল রজ চাহতি, কৃপা করহু রঘুবীর॥

ছন্দ০ ২৮ পরসত পদ পাবন সোক নসাবন প্রগট ভঈ তপপুঞ্জ সহী।
দেখত রঘুনায়ক জন সুখদায়ক সনমুখ হোই কর জোরি রহী॥
অতি প্রেম অধীরা পুলক সরীরা মুখ নহিঁ আবই বচন কহী।
অতিসয় বড় ভাগী চরনহ্নি লাগী জুগল নয়ন জলধার বহী॥
” ২৯ ধীরজু মন কীহ্না প্রভু চীহ্না কহুঁ রঘুপতি কৃপাঁ ভগতি পাঈ।
অতি নির্মল বানীঁ অস্তুতি ঠানী গ্যানগম্য জয় রঘুরাই॥
মৈঁ নারী অপাবন প্রভু জগ পাবন রাবন রিপু জন সুখদাঈ।
রাজীব বিলোচন ভব ভয়মোচন পাহি পাহি সরনহিঁ আঈ॥
” ৩০ মুনি শ্রাপ জো দীহ্না অতি ভল কীহ্না পরম অনুগ্রহ মৈঁ মানা।
দেখেউঁ ভরি লোচন হরি ভব মোচন ইহই লাভ সঙ্কর জানা॥
বিনতী প্রভু মোরী মৈঁ মতি ভোরী নাথ ন মাগউঁ বর আনা।
পদ কমল পরাগা রস অনুরাগা মম মন মধুপ করৈ পানা॥
ছ০ ৩১ জেহিঁ পদ সুর সরিতা পরম পুনীতা প্রগট ভঈ সিব সীম ধরী।
সোঈ পদ পঙ্কজ জেহি পূজত অজ মম সির ধরেউ কৃপাল হরী॥
এহি ভাঁতি সিধারী গৌতম নারী বার বার হরি চরন পরী।
জো অতি মন ভাবা সো বরু পাবা গৈ পতিলোক অনন্দ ভরী॥

দো০ ২১৭ অস প্রভু দীনবন্ধু হরি, কারন রহিত দয়াল।
তুলসিদাস সঠ তেহি ভজু, ছাড়ি কপট জঞ্জাল॥

চৌ০ ১ চলে রাম লছিমন মুনি সঙ্গা, গএ জহাঁ জগ পাবনি গঙ্গা।
গাধিসূনু সব কথা সুনাঈ, জেহি প্রকার সুর সরি মহি আঈ॥

সুবাহুনিধন

চৌ ৩ অগ্নিবাণ দিয়া পুনঃ মারে সুবাহুরে, লক্ষ্মণ সংহার করে সমস্ত সৈন্যেরে।
বিপ্রভয়হারী রাম অসুর সংহারে, দেব মুনি জ্ঞানী সবে তাঁর স্তুতি করে॥
„ ৪ কিছু দিন ওই স্থানে করিয়া বিশ্রাম, ব্রাহ্মণের প্রতি দয়া করেন শ্রীরাম।
ভক্তি হেতু বিপ্রগণ কহেন পুরাণ, যদিও শ্রীরামচন্দ্র পূর্ণজ্ঞানবান॥

অহল্যা-উদ্ধার

„ ৫ আদরে কহেন মুনি বুঝাইয়া রামে, দেখিবে চরিত্র এক রাজর্ষির ধামে।
হরধনু যজ্ঞ কথা শুনি রঘুনাথ, আনন্দে চলেন প্রভু বিশ্বামিত্র সাথ॥
„ ৬ আশ্রম দেখেন এক পথিমধ্যে সেথা, জীব জন্তু মৃগ পক্ষী কিছু নাই যেথা।
শিলা দেখি জিজ্ঞাসেন রাম মুনিবরে, বিস্তারিয়া সব বার্তা মুনি ব্যক্ত করে॥

দো ২১৬ গৌতমের শাপগ্রস্তা পত্নী এই স্থানে, প্রস্তরের দেহে আছে ধৈর্য ধরি প্রাণে।
তব পাদ পদ্ম রজ করিয়া প্রত্যাশা, কৃপা কর তারে রাম কোরোনা নিরাশা॥
ছ ২৮ পবিত্র চরণ স্পর্শে যাহা শোক নাশে, তপোময়ী মূর্তি এক বাস্তবে প্রকাশে।
দেখি রঘুকুল রাজে জন সুখ দাতা, সমুখে দাঁড়ায় রয় কর জুড়ি সেথা॥
ভক্তি প্রেমে বিগলিত পুলক শরীরে, বাক্যস্ফূর্তি নাহি মুখে ধৈর্য নাহি ধরে।
অতীব সৌভাগ্যে তাঁর চরণে লুটায়, দুই চক্ষে অবিশ্রান্ত অশ্রুধারা বয়॥
ছ ২৯ মন স্থির হলে পরে প্রভুরে চিনিল, রঘুপতি কৃপাস্পর্শে মনে ভক্তি এলো।
সুনির্মল বাক্য দ্বারা স্তব স্তুতি করি, কহে জয় জ্ঞানগম্য রঘুপতি হরি॥
অপবিত্র নারী আমি পরম পাবন, ভক্তজনে সুখদাতা রাবণ শমন।
রাজীব লোচন প্রভু ত্রাণ-কর্তা স্বামী, ত্রাণ কর মোরে প্রভু শরণার্থী আমি॥
ছ ৩০ অভিশাপ মুনি দেন মোর প্রতি যাহা, অতি শ্রেয় হল মোর অনুগ্রহ তাহা।
নয়ন ভরিয়া দেখি প্রভু মোক্ষ দাতা, শ্রেষ্ঠ লাভ জানে ইহা শঙ্কর বিধাতা॥
মিনতি আমার প্রভু ক্ষুদ্র বুদ্ধি নারী, অন্য কিছু নাহি চাহি হে নাথ শ্রীহরি।
মন মধুকর মম যেন পান করে, চরণ কমল রেণু অনুরাগ ভরে॥
„ ৩১ যে চরণ হতে হয় গঙ্গা উৎপাদিত, পরম পবিত্র যাহা শিবশিরে ধৃত।
যে পদ পঙ্কজ সদা ব্রহ্মা পূজা করে, কৃপা করি দেহ প্রভু মোর শিরোপরে॥
এ প্রকারে বার বার ভার্য্যা গৌতমের, চরণে লুটায়ে স্তুতি করে শ্রীরামের।
অন্তরের মনোবাঞ্ছা তার পূর্ণ করি, পতিলোকে যাত্রা করে আনন্দে শিহরি॥
দো ২১৭ এমনি আমার প্রভু দীন বন্ধু হরি, কারণ রহিত দয়া প্রতি সকলেরি।
হে শঠ তুলসী দাস এখনো সময়, কপট জঞ্জাল ছাড়ি ভজ তারি পায়॥
চৌ ১ রাম ও লক্ষ্মণ চলে মুনির সহিত, পরম পবিত্র গঙ্গা যেথা প্রবাহিত।
গাধিপুত্র শুনালেন যাহা ইতিহাসে, যে প্রকারে স্বর্গ গঙ্গা নরলোকে আসে॥

চৌ ২ তব প্রভু রিষিন্হ সমেত নহাএ, বিবিধ দান মহিদেবন্হি পাএ।
হরষি চলে মুনি বৃন্দ সহায়া, বেগি বিদেহ নগর নিঅরায়া ॥

বিদেহনগর বর্ণনা

„ ৩ পুর রম্যতা রাম জব দেখী, হরষে অনুজ সমেত বিসেষী।
বাপীঁ কূপ সরিত সর নানা, সলিল সুধাসম মনি সোপানা ॥

„ ৪ গুঞ্জত মঞ্জু মত্ত রস ভৃঙ্গা, কূজত কল বহুবরণ বিহঙ্গা।
বরণ বরণ বিকসে বনজাতা, ত্রিবিধ সমীর সদা সুখদাতা ॥

দো• ২১৮ সুমন কটিকা বাগ বন, বিপুল বিহঙ্গ নিরাস।
ফুলত ফলত সুপল্লরত, সোহত পুর চহুঁ পাস ॥

চৌ• ১ ধনই ন বরনত নগর নিকাঈ, জহাঁ জাই মন তহঁই লোভাঈ।
চারু বজারু বিচিত্র অঁবারী, মনিময় বিধি জনু স্বকর সঁরারী ॥

„ ২ ধনিক বনিক বর ধনদ সমানা, বৈঠে সকল বস্তু লৈ নানা।
চৌহট সুন্দর গলীঁ সুহাঈ, সন্তত রহহিঁ সুগন্ধ সিঁচাঈ ॥

„ ৩ মঙ্গলময় মন্দির সব কেরেঁ, চিত্রিত জনু রতিনাথ চিতেরেঁ।
পুর নর নারি সুভগ সুচি সন্তা, ধরমসীল গ্যানী গুনবন্তা ॥

„ ৪ অতি অনূপ জহঁ জনক নিরাসূ, বিথকহিঁ বিবুধ বিলোকি বিলাসূ।
হোত চকিত চিত কোট বিলোকী, সকল ভুরন সোভা জনু রোকী ॥

দো• ২১৯ ধরল ধাম মনি পুরট পট, সুঘটিত নানা ভাঁতি।
সিয় নিরাস সুন্দর সদন, সোভা কিমি কহি জাতি ॥

চৌ •১ সুভগ দ্বার সব কুলিস কপাটা, ভূপ ভীর নট মাগধ ভাটা।
বনী বিসাল বাজি গজ সালা, হয় গয় রথ সঙ্কুল সব কালা ॥

„ ২ সূর সচির সেনপ বহুতেরে, নৃপগৃহ সরিস সদন সব কেরে।
পুর বাহের সর সরিত সমীপা, উতরে জহঁ তহঁ বিপুল মহীসা ॥

„ ৩ দেখি অনূপ এক অঁররাঈ, সব সুপাস সব ভাঁতি সুহাঈ।
কৌসিক কহেউ মোর মনু মানা, ইহাঁ রহিঅ রঘুবীর সুজানা ॥

„ ৪ ভলেহিঁ নাথ কহি কৃপানিকেতা, উতরে তহঁ মুনিবৃন্দ সমেতা।
বিস্বামিত্র মহামুনি আএ, সমাচার মিথিলাপতি পাএ ॥

দো •২২• সঙ্গ সচির সুচি ভূরি ভট, ভূসুর বর গুর গ্যাতি।
চলে মিলন মুনিনায়কহি, মুদিত রাউ এহি ভাঁতি ॥

চৌ •১ কীন্হ প্রনামু চরন ধরি মাথা, দীন্হি অসীস মুদিত মুনিনাথা।
বিপ্রবৃন্দ সব সাদর বন্দে, জানি ভাগ্য বড় রাউ অনন্দে ॥

চৌ ২ ঋষির সহিত প্রভু করিলেন স্নান, ব্রাহ্মণেরা প্রাপ্ত হল নানাবিধ দান।
মুনিবৃন্দ সাথে চলে আনন্দিত মনে, বিদেহ নগর তার সন্নিকট পানে ॥

বিদেহনগর বর্ণনা

„ ৩ সে পুরীর শোভা রাম দেখেন যখন, অনুজের সাথে তিনি আনন্দে মগন।
বাপী কূপ সরোবর নানা তটিনীর, সলিল অমৃত সম সোপান মণির ॥

„ ৪ ভ্রমর গুঞ্জন করে মত্ত মধুলোভে, কাকলী মুখর পক্ষী বহু বর্ণে শোভে।
নানা বর্ণ বনজাত পুষ্প প্রস্ফুটিত, ত্রিবিধ পবন সদা সুখে প্রবাহিত ॥

দো ২১৮ পুষ্প আচ্ছাদিত রহে বন উপবনে, বিবিধ বিহঙ্গ সেথা রহে হৃষ্টমনে।
ফলে পল্লবেতে ফুলে পরম শোভায়, নগরের চতুষ্পার্শে সৌন্দর্য বিলায় ॥

চৌ ১ নগরের শোভা হয় বর্ণনা অতীত, সকল স্থানেতে মন হইবে মোহিত।
বিপনী অলিন্দ রম্য অতি মনোহারী, মাণিক্য খচিত যেন ব্রহ্মা কারিগরী ॥

„ ২ কুবের সদৃশ ধনী যত ব্যবসায়ী, বসে সেথা বহু বস্তু লইয়া সাজাই ॥
চতুষ্পথ রমণীয় উপপথ সনে, সুবাসিত সততই সুগন্ধ সিঞ্চনে।

„ ৩ সকল আবাস স্থান মঙ্গল আধার, বিচিত্রিত যেন কর্তা কামদেব তার ॥
পুর নর নারী সবে অতি সাধু শুচি, ভাগ্যবান জ্ঞানবান ধর্মে শুধু রুচি।

„ ৪ জনকের বাস হেথা পুরী অনুপমা, দেবতা বিস্মিত হয় দেখিয়া সুষমা ॥
প্রকোষ্ঠ দেখিয়া মন চমকিত যেথা, বিশ্বের সৌন্দর্য যেন একত্রিত হেথা।

দো ২১৯ উজ্জ্বল মহল সব স্বর্ণময় দ্বার, মণি মুক্তা খচিত তা' অপূর্ব শোভার।
জানকী নিবাস ধাম শোভা যা তাহার, বর্ণনা করিবে কেবা সাধ্য আছে কার ॥

চৌ ১ কুলিশ কপাট দ্বার বিজলী ঠিকরে, ভূপ ভাট মাগধেরা সভা আলো করে।
অশ্ব-হস্তী-শালা সব প্রস্তুত বিশাল, পরিপূর্ণ গজ অশ্ব রথে সর্বকাল ॥

„ ২ মন্ত্রী সেনাপতি বীর সৈন্য অগণিত, সবার আবাস হয় রাজগৃহ মত।
সরসী সমীপে আর নদীর কিনারে, অনেক নৃপতি রহে নগর বাহিরে ॥

„ ৩ অপূর্ব আম্রের বন দেখিয়া বিশেষ, সকল সুবিধা সেথা শান্ত পরিবেশ।
কৌশিক কহেন তবে মোর মনে হয়, এ স্থানে যাপিব রাত শ্রেষ্ঠ রঘুরায় ॥

„ ৪ উত্তম এ কথা কহে কৃপানিধি রাম, মুনিবৃন্দ সহ সেথা করেন বিশ্রাম।
সমাগত বিশ্বামিত্র সেথা মহামতি, সমাচার প্রাপ্ত হন মিথিলাধিপতি ॥

দো ২২০ গুরু ও ব্রাহ্মণ সাথে শুচি শান্ত মনে, সচিব আত্মীয় আর সৈন্য শাস্ত্রী সনে।
রাজর্ষি জনক যান প্রসন্ন মনেতে, মুনি শ্রেষ্ঠ বিশ্বামিত্র সহিত মিলিতে ॥

চৌ ১ মুনির চরণে রাজা করেন প্রণাম, মুনিবর আশীর্বাদ করেন প্রদান।
সাদরে বন্দনা করি সব বিপ্রগণ, ভাগ্যবান মানি রাজা আনন্দিত হন ॥

চৌ ২ কুসল প্রস্ন কহি বারহিঁ বারা, বিস্বামিত্র নৃপহি বৈঠারা।
তেহি অরসর আএ দোউ ভাঈ, গএ রহে দেখন ফুলবাঈ॥
„ ৩ স্যাম গৌর মৃদু বয়স কিসোরা, লোচন সুখদ বিস্ব চিত চোরা।
উঠে সকল জব রঘুপতি আএ, বিস্বামিত্র নিকট বৈঠাএ॥
„ ৪ ভয় সব সুখী দেখি দোউ ভ্রাতা, বারি বিলোচন পুলকিত গাতা।
মূরতি মধুর মনোহর দেখী, ভয়উ বিদেহু বিদেহু বিসেষী॥

দো ০২২১ প্রেম মগন মনু জানি নৃপু, করি বিবেকু ধরি ধীর।
বোলেউ মুনিপদ নাই সিরু, গদগদ গিরা গভীর॥

চৌ ০১ কহহু নাথ সুন্দর দোউ বালক, মুনিকুল তিলক কি নৃপকুল পালক।
ব্রহ্ম জো নিগম নেতি কহি গারা, উভয় বেষ ধরি কী সোই আরা॥
„ ২ সহজ বিরাগরূপ মনু মোরা, থকিত হোত জিমি চন্দ চকোরা।
তাতে প্রভু পূছউঁ সতি ভাউ, কহহু নাথ জনি করহু দুরাউ॥
„ ৩ ইন্হহি বিলোকত অতি অনুরাগা, বরবস ব্রহ্মসুখহি মন ত্যাগা।
কহ মুনি বিহসি কহেহু নৃপ নীকা, বচন তুম্হার ন হোই অলীকা॥
চৌ ৪ য়ে প্রিয় সবহি জহঁা লগি প্রানী, মন মুসুকাহিঁ রামু সুনি বানী।
রঘুকুল মনি দসরথ কে জাএ, মম হিত লাগি নরেস পঠাএ॥

দো ০২২২ রমু লখনু দোউ বন্ধুবর, রূপ সীল বল ধাম।
মখ রাখেউ সবু সাখি জগু, জিতে অসুর সংগ্রাম॥

চৌ ০১ মুনি তর চরন দেখি কহ রাউ, কহি ন সকউঁ নিজ পুন্য প্রভাউ।
সুন্দর স্যাম গৌর দোউ ভ্রাতা, আনঁদহূ কে আনঁদ দাতা॥
„ ২ ইন্হ কৈ প্রীতি পরস্পর পাবনি, কহি ন জাই মন ভার সুহাবনি।
সুনহু নাথ কহ মুদিত বিদেহূ, ব্রহ্ম জীর ইর সহজ সনেহূ॥
„ ৩ পুনি পুনি প্রভুহি চিতর নরনাহূ, পুলক গাত উর অধিক উছাহূ।
মুনিহি প্রসংসি নাই পদ সীসূ, চলেউ লরাই নগর অরনীসূ।
„ ৪ সুন্দর সদনু সুখদ সব কালা, তহঁা বাসু লৈ দীন্হ ভুআলা।
করি পূজা সব বিধি সেরকাঈ, গয়উ রাউ গৃহ বিদা করাঈ॥

দো ০২২৩ রিষয় সঙ্গ রঘুবংস মনি, করি ভোজনু বিশ্রামু।
বৈঠে প্রভু ভ্রাতা সহিত, দিরসু রহা ভরি জামু॥

রামলক্ষ্মণের জনকপুরী দর্শন

চৌ ১ লখন হৃদয়ঁ লালসা বিসেষী, জাই জনকপুর আইঅ দেখী।
প্রভু ভয় বহুরি মুনিহি সকুচাহীঁ, প্রগট ন কহহিঁ মনহিঁ মুসুকাহীঁ॥

চৌ ২ কুশল বারতা তার বার বার শুনি, রাজারে বসান কাছে বিশ্বামিত্র মুনি।
পুষ্পোদ্যান দেখিবারে গিয়াছিল তথা, তথা হতে ফিরে আসে এবে দুই ভ্রাতা ॥
„ ৩ শ্যাম গৌর দুই ভ্রাতা বয়সে কিশোর, নয়ন আনন্দ দায়ী বিশ্ব হৃদি চোর।
রঘুপতি এলে সবে উঠিয়া দাঁড়ায়, কৌশিক বসান দোঁহে নিকটে ত্বরায় ॥
„ ৪ ভ্রাতা দ্বয়ে দেখি সবে অতি হরষিত, সজল নয়ন সবে গাত্র রোমাঞ্চিত।
মনোহর সে মধুর মুরতি দেখিয়া, বিদেহ বিদেহ হন অবশ হইয়া ॥

দো ২২১ প্রেমেতে মগন জানি নিজেকে রাজন, বুদ্ধির আশ্রয়ে করে ধৈর্যের ধারণ।
মুনির চরণ পরে সমর্পিয়া শির, গদগদ ভাষে কহে পরম গম্ভীর ॥
চৌ ১ কহ নাথ এই দুই বালক সুন্দর, ঋষিকুল মনি কিংবা রাজ বংশধর।
নেতি বলি যেই ব্রহ্ম বেদের বিচার, প্রকট যুগল রূপে হইল কি তার ॥
„ ২ স্বভাবত চিন্তা মোর বৈরাগ্য বারতা, চকোর চন্দ্রিমা মুগ্ধ মোর সে অবস্থা।
সে হেতু হে সত্যনিষ্ঠ মিনতি আমারি, কহ মোরে সব কথা গোপন না করি ॥
„ ৩ ইহাদের দেখি মোর অনুরাগ স্রোতে, ব্যর্থ হ'ল ব্রহ্ম সুখ ত্যাগ মন হতে।
সত্য কহিয়াছ রাজা মুনি কহে তবে, তোমার বচন মিথ্যা কভু নাহি হবে ॥
„ ৪ যেখানে প্রাণীর বাস সেথা প্রিয় ইনি, মনে মনে হাসে রাম শুনি এই বাণী।
দশরথ জাত এই রঘুকুল মণি, মম হিত লাগি রাজা পাঠান আপনি ॥

দো ২২২ ভ্রাতৃ প্রেম তীব্র দোঁহে লক্ষ্মণ শ্রীরাম, রূপে শীলে অদ্বিতীয় দোঁহে বলধাম।
অসুর সংহার করি যজ্ঞ রক্ষা করে, সমগ্র জগত সাক্ষী কত বল ধরে ॥
চৌ ১ হে মুনি দর্শন করি তোমার চরণ, কহে নৃপ ভাগ্য মোর না যায় বর্ণন।
শ্যাম গৌর সৌন্দর্য্যের দুই ভ্রাতা, পরিপূর্ণ আনন্দের আনন্দ প্রদাতা ॥
„ ২ ইহাদের পরস্পর পবিত্র প্রীতির, কথন না যায় ভাব সুন্দর মতির।
ব্রহ্ম জীব মাঝে যথা স্বাভাবিক স্নেহ, শুন নাথ আনন্দেতে কহেন বিদেহ ॥
„ ৩ পুনঃ পুনঃ ভূপতির প্রভু দেখা আশ, দেহ পুলকিত বহে হৃদয়ে উচ্ছ্বাস।
মুনিরে প্রশংসি আর করি পদে নতি, নগরে লইয়া যান সবারে ভূপতি।
„ ৪ সদা সুখপ্রদ এক সুন্দর সদন, বাসের ব্যবস্থা তথা করেন রাজন।
করি পূজা সেবা সবে সর্ব বিধিমতে, বিদায় লইয়া গৃহে যান তথা হতে ॥

দো ২২৩ রঘুবংশ শিরোমণি মুনিগণ সাথে, ভোজন করিয়া বসে ভ্রাতার সহিতে।
বিশ্রামের লাগি তবে দিবসের আর, একই প্রহর বাকী অবশিষ্ট তার ॥

রামলক্ষ্মণের জনকপুরী দর্শন

চৌ ১ লক্ষ্মণ হৃদয় মাঝে আগ্রহ উদয়, জনকের পুরী শোভা দেখিবারে চায়।
প্রভু ভয় মুনি কাছে সঙ্কোচের তরে, হাসি মুখে ভাবে শুধু প্রকাশ না করে ॥

চৌ ২ রাম অনুজ মন কী গতি জানী, ভগত বছলতা হিয়ঁ হুলসানী।
পরম বিনীত সকুচি মুসুকাঈ, বোলে গুর অনুসাসন পাঈ॥
" ৩ নাথ লখনু পুর দেখন চহহী, প্রভু সকোচ ডর প্রগট ন কহহীঁ।
জৌঁ রাউর আয়সু মৈঁ পাবৌঁ, নগর দেখাই তুরত লৈ আবৌঁ॥
" ৪ সুনি মুনীসু কহ বচন সপ্রীতী, বাস ন রাম তুম্হ রাখহু নীতী।
ধরম সেতু পালক তুম্হ তাতা, প্রেম বিবস সেবক সুখ দাতা॥

দো ০২২৪ জাই দেখি আবহু নগরু, সুখ নিধান দোউ ভাই।
করহু সুফল সব কে নয়ন, সুন্দর বদন দেখাই॥
চৌ ১ মুনি পদ কমল বন্দি দোউ ভ্রাতা, চলে লোক লোচন সুখদাতা।
বালক বৃন্দ দেখি অতি সোভা, লগে সঙ্গ লোচন মনু লোভা॥
" ২ পীত বসন পরিকর কটি ভাথা, চারু চাপ সর সোহত হাথা।
তন অনুহরত সুচন্দন খোরী, স্যামল গৌর মনোহর জোরী॥
" ৩ কেহরি কন্ধর বাহু বিসালা, উর অতি রুচির নাগমনি মালা।
সুভগ সোন সরসীরুহ লোচন, বদন ময়ঙ্ক তাপত্রয় মোচন॥
" ৪ কানহ্নি কনক ফুল ছবি দেহীঁ, চিতবত চিতহি চোরি জনু লেহীঁ।
চিতবনি চারু ভৃকুটি বর বাঁকী, তিলক রেখ সোভা জনু চাঁকী॥

দো ০২২৫ রুচির চৌতনীঁ সুভগ সির, মেচক কুঞ্চিত কেস।
নখ সিখ সুন্দর বন্ধু দোউ, সোভা সকল সুদেস॥
চৌ ০১ দেখন নগরু ভূপসুত আএ, সমাচার পুরবাসিহ্ন পাএ।
ধাএ ধাম কাম সব ত্যাগী, মনহুঁ রঙ্ক নিধি লূটন লাগী॥

রামলক্ষ্মণকে দেখে মহিলাদের জল্পনাকল্পনা

" ২ নিরখি সহজ সুন্দর দোউ ভাঈ, হোহিঁ সুখী লোচন ফল পাঈ।
জুবতীঁ ভবন ঝরোখহ্নি লাগীঁ, নিরখহিঁ রাম রূপ অনুরাগীঁ॥
" ৩ কহহিঁ পরস্পর বচন সপ্রীতী, সখি ইহ্ন কোটি কাম ছবি জীতী।
সুর নর অসুর নাগ মুনি মাহীঁ, সোভা অসি কহুঁ সুনি অতি নাহীঁ।
" ৪ বিষ্ণু চারি ভুজ বিধি মুখ চারী, বিকট বেষ মুখ পঞ্চ পুরারী।
অপর দেউ অস কোউ ন আহী, য়হ ছবি সখী পট তরিঅ জাহী॥

দো ০২২৬ বয় কিসোর সুষমা সদন, স্যাম গৌর সুখ ধাম।
অঙ্গ অঙ্গ পর বারিঅহিঁ, কোটি কোটি সত কাম॥

চৌ ১ কহহু সখী অস কো তনুধারী, জো ন মোহ য়হ রূপ নিহারী।
কোউ সপ্রেম বোলী মৃদু বানী, জো মৈঁ সুনা সো সুনহু সয়ানী॥

চৌ ২ অনুজ মনের ভাব জানিয়া শ্রীরাম, ভক্তের বাৎসল্য হেতু মন অভিরাম।
গুরু আজ্ঞা পাই প্রভু পরম বিনীত, স্মিত মুখে কহে তবে অতি সঙ্কোচিত॥
" ৩ হে নাথ লক্ষ্মণ চাহে নগর দেখিতে, সঙ্কোচ ও ভয়ে প্রভু না পারে কহিতে।
আপনার আজ্ঞা যদি পাই অতঃপর, নগর দেখায়ে আনি অতীব সত্বর॥
" ৪ মুনিশ্রেষ্ঠ কহিলেন প্রীতি ভরে অতি, কেমনে শ্রীরাম তুমি না মানিবে নীতি।
ধর্মের পালক সেতু হে বৎস আমার, প্রেমেতে বিবশ তুমি ভক্ত সুখাধার॥

দো ২২৪ যাও তবে দুই ভ্রাতা সুখ নিদর্শন, অযোধ্যা নগর শোভা কর নিরীক্ষণ।
করহ নয়ন তৃপ্ত সব দর্শকের, দেখায়ে যুগল শোভা তোমা উভয়ের॥
চৌ ১ মুনির চরণ পদ্ম প্রণমি দুভ্রাতা, চলে লোক লোচনের সর্ব সুখ দাতা।
দেখিয়া বালক বৃন্দ অতি শোভা দোঁহে, চলে সাথে লুব্ধ মনে দৃষ্টি সুখ মোহে॥
" ২ হরিদ্রা বর্ণের বস্ত্র তূণীর কটিতে, চারু ধনুঃ শর শোভে উভয়ের হাতে।
শ্যাম গৌর বর্ণ ভেদ প্রভেদ কেবল, সুশোভিত চন্দনেতে মনোজ্ঞ যুগল॥
" ৩ সিংহ গ্রীব সুবিশাল বাহুর বিস্তার, প্রশস্ত বক্ষের পরে গজ মুক্তা হার।
অরুণ কমল সম নেত্র শোভা পায়, তাপত্রয় বিমোচন মুখ চন্দ্রিমায়॥
" ৪ কর্ণেতে সোনার ফুল কিবা শোভা পায়, দর্শকের চিত্তহারী দেখিলে তাহায়।
বঙ্কিম ভ্রূভঙ্গী দৃষ্টি মনোহর আর, তিলক রেখাতে যেন নির্দেশ তাহার॥

দো ২২৫ শিরস্ত্রাণে শিশু শোভা চতুষ্পার্শে তার, কুঞ্চিত ভ্রমরকৃষ্ণ কেশের বাহার॥
নখাগ্র হইতে শিখা ভ্রাতা উভয়ের, যথাযোগ্য শোভা ধরে সকল অঙ্গের।
চৌ ১ নগর দেখিতে আসে রাজপুত্র দুই, পুরবাসী পায় যবে সমাচার এই।
গৃহ কর্ম ত্যাগ করি সবে চলে ধেয়ে, নিঃস্ব যথা লুণ্ঠনেতে গুপ্তধন পেয়ে॥

রামলক্ষ্মণকে দেখে মহিলাদের জল্পনাকল্পনা

চৌ ২ স্বভাব সুন্দর দেখি এই ভ্রাতৃদ্বয়, নেত্র সুধা পান রূপী ফলপ্রাপ্ত হয়।
যুবতী গবাক্ষ হতে অনুরাগ ভরে, নেত্র ভরি রামরূপ সুধা পান করে॥
" ৩ পরস্পর কহে সবে পরম প্রীতিতে, সখি এঁরে কোটি কাম না পারে জিনিতে।
দেবতা অসুর নর নাগ মুনি মাঝে, শুনিনি এমন রূপ কোথাও বিরাজে॥
" ৪ বিষ্ণু চতুর্ভুজ আর ব্রহ্মা চতুর্মুখ, ভীষণ ভূষণ যার শিব পঞ্চমুখ।
অন্য কোন দেবতারে নাহি জানি আর, ইহার সহিত সখি উপমা যাহার॥

দো ২২৬ বয়সে কিশোর দেহে সুষমা বিস্তার, শ্যাম গৌর দুই রূপে সুখের আধার।
প্রতি অঙ্গ প্রতি তার আহা মরে যাই, কোটি কাম করে যেন অর্চনা সদাই॥

চৌ ১ পার কি বলিতে সখি কোন তনুধারী, মোহগ্রস্ত নাহি হয় এ রূপ নেহারি।
স্নেহ প্রেমে বিগলিত কহে মৃদু বাণী, যাহা শুনিয়াছি আমি শুনহ সজনি॥

চৌ ২ এ দোউ দসরথকে ঢোটা, বাল মরালন্হি কে কল জোটা।
মুনি কৌসিক মখ কে রখবারে, জিন্হ রন অজির নিসাচর মারে ॥
„ ৩ স্যাম গাত কল কঞ্জ বিলোচন, জো মারীচ সুভুজ মদু মোচন।
কৌসল্যা সুত সো সুখ খানী, নামু রামু ধনু সায়ক পানী ॥
„ ৪ গৌর কিসোর বেষু বর কাছেঁ, কর সর চাপ রাম কে পাছেঁ।
লছিমনু নামু রাম লঘু ভ্রাতা, সুনু সখি তাসু সুমিত্রা মাতা ॥

দো ০২২৭ বিপ্রকাজু করি বন্ধু দোউ, মগ মুনি বধূ উধারি।
আএ দেখন চাপ মখ, সুনি হরষীঁ সব নারি ॥

চৌ ০১ দেখি রাম ছবি কোউ এক কহঈ, জোগু জানকিহি য়হ বরু অহঈ।
জৌঁ সখি ইন্হহি দেখ নরনাহূ, পন পরিহরি হঠি করই বিবাহূ ॥
„ ২ কোউ কহ এ ভূপতি পহিচানে, মুনি সমেত সাদর সনমানে।
সখি পরন্তু পনু রাউ ন তজঈ, বিধি বস হঠি অবিবেকহি ভজঈ ॥
„ ৩ কোউ কহ জৌঁ ভল অহই বিধাতা, সব কহঁ সুনিঅ উচিত ফলদাতা।
তৌ জানকিহি মিলিহি বরু এহূ, নাহিন আলি ইহাঁ সন্দেহূ।
„ ৪ জৌঁ বিধি বস অস বনৈ সঁজোগূ, তৌ কৃত কৃত্য হোই সব লোগূ।
সখি হমরেঁ আরতি অতি তাতেঁ, কবহুঁক এ আরহি এহি নাতেঁ ॥

দো ০২২৮ নাহিঁ ত হম কহুঁ সুনহু সখি, ইন্হ কর দরসনু দূরি।
য়হ সঙ্ঘটু তব হোই জব, পুন্য পুরাকৃত ভূরি ॥

চৌ ০১ বোলী অপর কহেহু সখি নীকা, এহিঁ বিআহ অতিহিত সবহী কা।
কোউ কহ সঙ্করে চাপ কঠোরা, এ স্যামল মৃদুগাত কিসোরা ॥
„ ২ সবু অসমঞ্জস অহই সয়ানী, য়হ সুনি অপর কহই মৃদু বানী।
সখি ইন্হ কহঁ কোউ কোউ অস কহহীঁ, বড় প্রভাউ দেখত লঘু অহহীঁ ॥
„ ৩ পরসি জাসু পদ পঙ্কজ ধূরী, তরী অহল্যা কৃত অঘ ভূরী।
সো কি রহিহি বিনু সিরধনু তোরেঁ, য়হ প্রতীতি পরিহরিঅ ন ভোরেঁ ॥
„ ৪ জেহিঁ বিরঞ্চি রচি সীয় সঁৱারী, তেহিঁ স্যামল বরু রচেউ বিচারী
তাসু বচন সুনি সব হরষানীঁ, ঐসেই হোউ কহহিঁ মৃদু বানীঁ ॥

দো ০২২৯ হিয় হরষহিঁ বরষহিঁ সুমন, সুমুখি সুলোচনি বৃন্দ।
জাহিঁ জহাঁ জহঁ বন্ধু দোউ, তহঁ তহঁ পরমানন্দ ॥

যজ্ঞভূমিবর্ণনা

চৌ ০১ পুর পূরব দিসি গে দোউ ভাঈ, জহঁ ধনুমখ হিত ভূমি বনাঈ।
অতি বিস্তার চারু গচ ঢারী, বিমল বেদিকা রুচির সঁৱারী ॥

চৌ ২ দশরথ রাজপুত্র হন এই দুই, কিশোর মরাল জুটি অপূর্ব দুভাই।
বিশ্বামিত্র যজ্ঞরক্ষা করিবার তরে, রাক্ষস নিধন করে রণাঙ্গন পরে ॥

„ ৩ কমল নয়ন শোভা শ্যাম বর্ণ যাঁর, মারীচ সুবাহু গর্ব করেন সংহার।
সুখের আকর হস্তে ধনুর্বাণ যাঁর, রাম নামে পরিচিত পুত্র কৌশল্যার।

„ ৪ গৌরবর্ণ বরবেশ ধারী যে কিশোর, রামের পশ্চাত ভাগে হস্তে ধনুঃশর।
রামের অনুজ নাম লক্ষ্মণ তাহার, শুন সখি পুত্র ইনি সুমিত্রা মাতার ॥

দো ২২৭ বিপ্রকার্য দুই ভ্রাতা পরিপূর্ণ করি, পথি মধ্যে মুনি পত্নী অহল্যা উদ্ধারি'।
ধনু যজ্ঞ দেখিবারে এসেছেন হেথা, হর্ষান্বিত সর্বনারী শুনি এ বারতা ॥

চৌ ১ রামেরে দেখিয়া কেহ কহেন বচন, জানকীর যোগ্য বর রামচন্দ্র হন।
যদি সখি এঁকে রাজা জনক দেখেন, পণ ত্যাজি সীতা সাথে বিবাহ দিবেন ॥

„ ২ কেহ কহে ভূপতির আছে পরিচয়, মুনি সাথে সসম্মানে আনেন হেথায়।
কিন্তু সখি পণ রাজা কভু না ত্যাজিবে, দৈব বশে হঠতায় নিজেই মজিবে ॥

„ ৩ কেহ বলে যদি কৃপা করেন বিধাতা, কহে সবে শুনি তিনি যোগ্য ফল দাতা।
জানকীর এই বর মিলিবে নিশ্চয়, জেন সখি ইথে কভু অন্যথা না হয় ॥

„ ৪ দৈবযোগে হয় যদি এ শুভ সংযোগ, কৃতার্থ হইব তবে মোরা সর্বলোক।
বিশেষ আমার এতে আরো আকুলতা, এ বিবাহ হলে রাম আসিবেন হেথা ॥

দো ২২৮ আবার কহিল সখি এ ভাগ্য কি হবে, রাম সীতা মিলনের দর্শন সম্ভবে।
পূর্বজন্ম কৃত পুণ্য রহিলে মোদের, সম্ভব দর্শন সুখ এই মিলনের ॥

চৌ ১ কহিয়াছ ভাল সখি বলে অন্য কেহ, সকল মঙ্গল-প্রদ হবে এ বিবাহ।
কেহ বলে হরধনু অতি ভয়ঙ্কর, কোমল শরীর এঁর শ্যামল কিশোর ॥

„ ২ এই ত সন্দেহ মোর হতেছে সজনি, ইহা শুনি অন্য কেহ কহে মৃদু বাণী।
এ বিষয়ে কেহ কেহ কহে জোর করে, প্রচণ্ড প্রভাব এর কোমল শরীরে ॥

„ ৩ চরণ কমল রজ স্পর্শ করি যাঁর, অহল্যা পাষাণময়ী পাইল উদ্ধার।
সে কি রহে হরধনু ভঙ্গ নাহি করে, ভুলেও ছাড়িও নাক এই বিশ্বাসেরে ॥

„ ৪ যত্নে সৃষ্টি যবে বিধি করিলা সীতারে, এ শ্যামল বর সৃষ্টি তাঁহারি বিচারে।
অতি হর্ষান্বিত সবে তার বাক্য শুনি, ইহাই হউক কহে সবে মৃদু বাণী ॥

দো ২২৯ সুলোচনা নারীবৃন্দ সুন্দর আনন, মনের আনন্দে করে পুষ্প বরিষন।
সেথায় যখন যান শ্রীরাম লক্ষ্মণ, পরম আনন্দ সেথা রহে অনুক্ষণ ॥

যজ্ঞভূমিবর্ণনা

চৌ ১ দুই ভ্রাতা পূর্ব পুরে করেন গমন, ধনুযজ্ঞ তরে যেথা প্রস্তুত প্রাঙ্গন।
প্রশস্ত ও বিস্তার অতি দৃঢ় ভূমি পর, বিমল বেদিকা শোভে অতীব সুন্দর ॥

চৌ ২ চহুঁ দিসি কঞ্চন মঞ্চ বিসালা, রচে জহাঁ বৈঠহি মহিপালা।
তেহি পাছেঁ সমীপ চহুঁপাসা, অপর মঞ্চ মণ্ডলী বিলাসা ॥
" ৩ কছুক উঁচি সব ভাঁতি সুহাঈ, বৈঠহিঁ নগর লোগ জহঁ জাঈ।
তিন্হ কে নিকট বিসাল সুহাএ, ধরল ধাম বহুবরন বনাএ ॥
" ৪ জহঁ বৈঠেঁ দেখহিঁ সব নারী, জথাজোগু নিজ কুল অনুহারী।
পুর বালক কহি কহি মৃদু বচনা, সাদর প্রভুহিঁ দেখাৱহিঁ রচনা ॥

দো ০২৩০ সব সিসু এহি মিস প্রেমবস, পরসি মনোহর গাত।
তন পুলকহিঁ অতি হরষু হিয়ঁ, দেখি দেখি দোউ ভ্রাত ॥

চৌ ০১ সিসু সব রাম প্রেমবস জানে, প্রীতি সমেত নিকেত বখানে।
নিজ নিজ রুচি সব লেহিঁ বোলাঈ, সহিত সনেহ জাহিঁ দোউ ভাঈ ॥
" ২ রাম দেখাৱহিঁ অনুজহি রচনা, কহি মৃদু মধুর মনোহর বচনা।
লৱ নিমেষ মহুঁ ভুৱন নিকায়া, রচই জাসু অনুসাসন মায়া ॥
" ৩ ভগতি হেতু সোই দীনদয়ালা, চিতৱত চকিত ধনুষ মখসালা।
কৌতুক দেখি চলে গুরু পাহীঁ, জানি বিলম্বু ত্রাস মন মাহীঁ ॥
" ৪ জাসু ত্রাস ডর কহুঁ ডর হোঈ, ভজন প্রভাউ দেখাৱত সোঈ।
কহি বাতেঁ মৃদু মধুর সুহাঈ, কিএ বিদা বালক বরি আঈ ॥

দো ০২৩১ সভয় সপ্রেম বিনীত অতি, সকুচ সহিত দোউ ভাই।
গুর পদ পঙ্কজ নাই সির, বৈঠে আয়সু পাই ॥

চৌ ০১ নিসি প্রবেস মুনি আয়সু দীন্হা, সবহীঁ সন্ধ্যা বন্দনু কীন্হা।
কহত কথা ইতিহাস পুরানী, রুচির রজনি জুগ জাম সিরানী ॥
" ২ মুনিবর সয়ন কীন্হি তব জাঈ, লগে চরন চাপন দোউ ভাঈ।
জিন্হ কে চরন সরোরুহ লাগী, করত বিবিধ জপ জোগ বিরাগী ॥
" ৩ তেই দোউ বন্ধু প্রেম জনু জীতে, গুর পদ কমল পলোটত প্রীতে।
বার বার মুনি অগ্যা দীন্হীঁ, রঘুবর জাই সয়ন তব কীন্হীঁ ॥
" ৪ চাপত চরন লখনু উর লাএঁ, সভয় সপ্রেম পরম সচু পাএঁ।
পুনি পুনি প্রভু কহ সোৱহু তাতা, পৌঢ়ে ধরি উর পদ জলজাতা ॥

দো ০২৩২ উঠে লখনু নিসি বিগত সুনি, অরুন সিখা ধুনি কান।
গুর তেঁ পহিলেহিঁ জগতপতি, জাগে রামু সুজান ॥

চৌ ০১ সকল সৌচ করি জাই নহাএ, নিত্য নিবাহি মুনিহি সির নাএ।
সময় জানি গুর আয়সু পাঈ, লেন প্রসূন চলে দোউ ভাঈ ॥

চৌ ২ সুবর্ণ নির্মিত মঞ্চ শোভে চতুর্দিকে, মহীপাল সবে যেথা বসিবেন সুখে।
তাহারি পশ্চাতে স্থিত সন্নিকটে তার, বিশাল অপর মঞ্চ মণ্ডল আকার॥

„ ৩ কিঞ্চিদূর্দ্ধ্ব মঞ্চ সেই সুন্দর গঠন, বসিবেক যার পরে পুরবাসিগণ।
তাহারি নিকটে শোভে বিশাল সুন্দর, বহু বর্ণে সুসজ্জিত শ্বেত বর্ণ ঘর॥

„ ৪ দেখিবে যেথায় বসি যত কুলনারী, যথাযোগ্য স্থানে রহি কুল অনুসারী।
নগর বালক বৃন্দ বচন মধুরে, দেখায় প্রভুরে তারা অতি সমাদরে॥

দো ২৩০ বালকেরা রামচন্দ্র প্রেমেতে কাতর, স্পর্শ করি এই ছলে গাত্র মনোহর।
পুলকিত তনু সবে হর্ষান্বিত মনে, বারে বারে দেখে চাহি ভ্রাতা দুইজনে॥

চৌ ১ রামচন্দ্রে প্রেমবশ জানি বালকেরা, প্রীতি ভরে নিজালয় দেখাইল তারা।
নিজ নিজ রুচি মতে ডাকিল তাঁহারে, সস্নেহে দুভ্রাতা যান তাহাদের ঘরে॥

„ ২ যাঁহার নির্দেশ মত যোগমায়া তার, নিমেষে ব্রহ্মাণ্ড রচে বিবিধ প্রকার।
সেই রামচন্দ্র তাঁর অনুজ লক্ষ্মণে, রচনা কৌশল কহে মধুর বচনে॥

„ ৩ ভক্ত হেতু সেই রাম দীন দয়াময়, ধনুর্যজ্ঞ শালা দেখি চকিত বিস্ময়।
বিচিত্র রচনা দেখি বিলম্ব বিধায়, মনে ভয় জাগে ফিরি গুরু কাছে যায়॥

„ ৪ যার ভয়ে ভীত ভয় সেই ভয়ঙ্কর, ভজন প্রভাবে তিনি কোমল সুন্দর।
মধুর কোমল বাক্যে সব বালকেরে, বিদায় দিলেন প্রভু প্রায় জোর করে॥

দো ২৩১ সভয়ে সপ্রেমে অতি পরম বিনীত, উভয় ভ্রাতাই রন অতি সঙ্কুচিত।
গুরুর চরণ পদ্মে করি নমস্কার, আসন উভয়ে লন পাই' আজ্ঞা তাঁর॥

চৌ ১ রাত্রি আগমনে মুনি দিলা আজ্ঞা তাঁর, বন্দনা করিল সবে তখন সন্ধ্যার।
পুরাণেতিহাস কথা কহিতে কহিতে, রাত্রি দ্বিপ্রহর হয় পরম সুখেতে॥

„ ২ শয়ন করিলা গিয়া মুনিবর যবে, দুভ্রাতা করেন সেবা তাঁর পদ তবে।
যাঁহার চরণ পদ্ম পাইবার লাগি, জপ যোগ বহু মতে করেন বিরাগী॥

„ ৩ সেই দুই ভ্রাতা এবে আধিক্যে প্রেমের, আনন্দে করিছে সেবা গুরু চরণের।
বার বার মুনি আজ্ঞা করেন যখন, রঘুবর গিয়া তবে করেন শয়ন॥

„ ৪ লক্ষ্মণ সভয়ে আর অতি সঙ্গোপনে, রামপদ বক্ষে চাপে পদসেবা সনে।
পুনঃ পুনঃ প্রভু কন করহ শয়ন, হৃদে ধরি পাদ পদ্ম শায়িত লক্ষ্মণ॥

দো ২৩২ উঠেন লক্ষ্মণ যবে কুক্কুটের স্বর, রাত্রি অবসান হলে পশে কর্ণ পর।
গুরুর অগ্রেই সেই জগতের পতি, জাগেন শ্রীরামচন্দ্র চিত্ত শুদ্ধ অতি॥

চৌ ১ শৌচাদি করিয়া তবে সিনান করিয়া, নিত্য কর্ম শেষ করি গুরু প্রণমিয়া।
গুরুর আদেশ লভি শুভ অবসরে, দুভ্রাতা চলেন পুষ্প চয়ণের তরে॥

পুষ্পবাটিকাভ্রমণ ও সীতাকে দর্শন

চৌ ২ ভূপ বাগু বর দেখেউ জাঈ, জহঁ বসন্ত রিতু রহী লোভাঈ।
লাগে বিটপ মনোহর নানা, বরন বরন বর বেলি বিতানা॥
„ ৩ নব পল্লব ফল সুমন সুহাএ, নিজ সম্পতি সুর রূখ লজাএ।
চাতক কোকিল কীর চকোরা, কূজত বিহগ নটত কল মোরা॥
„ ৪ মধ্য বাগ সরু সোহ সুহারা, মনি সোপান বিচিত্র বনারা।
বিমল সলিলু সরসিজ বহুরঙ্গা, জল খগ কূজত গুঞ্জত ভৃঙ্গা॥
দো ০২৩৩ বাগু তড়াগু বিলোকি প্রভু, হরষে বন্ধু সমেত।
পরম রম্য আরামু য়হু, জো রামহি সুখ দেত॥
চৌ ০১ চহুঁ দিসি চিতই পুঁছি মালীগন, লগে লেন দল ফূল মুদিত মন।
তেহি অবসর সীতা তহঁ আঈ, গিরিজা পূজন জননি পঠাঈ॥
„ ২ সঙ্গ সখীঁ সব সুভগ সয়ানীঁ, গাবহিঁ গীত মনোহর বানীঁ।
সর সমীপ গিরিজা গৃহ সোহা, বরনি ন জাই দেখি মনু মোহা॥
„ ৩ মজ্জনু করি সর সখিন্হ সমেতা, গঈ মুদিত মন গৌরি নিকেতা।
পূজা কীন্হি অধিক অনুরাগা, নিজ অনুরূপ সুভগ বরু মাগা॥
„ ৪ এক সখী সিয় সঙ্গু বিহাঈ, গঈ রহী দেখন ফুলবাঈ।
তেহিঁ দোউ বন্ধু বিলোকে জাঈ, প্রেম বিবস সীতা পহিঁ আঈ॥
দো ০২৩৪ তাসু দসা দেখী সখিন্হ, পুলক গাত জলু নৈন।
কহু কারনু নিজ হরষ কর, পুছহিঁ সব মৃদু বৈন॥
চৌ ০১ দেখন বাগু কুঅঁর দুই আএ, বয় কিসোর সব ভাঁতি সুহাএ।
স্যাম গৌর কিমি কহৌঁ বখানী, গিরা অনয়ন নয়ন বিনু বানী॥
„ ২ সুনি হরষীঁ সব সখী সয়ানী, সিয় হিয়ঁ অতি উতকণ্ঠা জানী।
এক কহই নৃপসুত তেই আলী, সুনে জে মুনি সঁগ আএ কালী॥
„ ৩ জিন্হ নিজ রূপ মোহনী ডারী, কীন্হে স্ববস নগর নর নারী।
বরনত ছবি জহঁ তহঁ সব লোগূ, অবসি দেখিঅহিঁ দেখন জোগূ॥
„ ৪ তাসু বচন অতি সিয়হি সোহানে, দরস লাগি লোচন অকুলানে।
চলী অগ্র করি প্রিয় সখি সোঈ, প্রীতি পুরাতন লখই ন কোঈ॥
দো ০২৩৫ সুমিরি সীয় নারদ বচন, উপজী প্রীতি পুনীত।
চকিত বিলোকতি সকল দিসি, জনু সিসু মৃগী সভীত॥

পুষ্পবাটিকাভ্রমণ ও সীতাকে দর্শন

চৌ ২ রাজোদ্যান শোভা দেখে যাইয়া উভয়ে, সেথায় বসন্ত ঋতু লুব্ধ হই' রহে।
মনোহর নানা বৃক্ষে সুশোভিত স্থান, বহু বর্ণ বিচিত্রিত লতার বিতান ॥

„ ৩ শোভে বহু ফল পুষ্প নব পল্লবেতে, কল্প বৃক্ষে লজ্জা দেয় নিজ সম্পত্তিতে।
চাতক কোকিল টিয়া চকোর গুঞ্জনে, ময়ূর নাচিছে সুখে সেই রাজোদ্যানে ॥

„ ৪ মধ্যভাগে সরোবর অতি সুশোভিত, ঘাটের সোপান যত মাণিক্য খচিত।
নির্মল সলিলে শোভে বিচিত্র কমল, জল বিহঙ্গেরা গাহে গুঞ্জে অলিদল ॥

দো ২৩৩ সরোবর রাজোদ্যান দেখি প্রভু মনে, হরষিত হইলেন লক্ষ্মণের সনে।
অতি রমনীয় সেই বিচিত্র আরাম, শ্রীরামেও সুখ দিল মনে অবিরাম ॥

চৌ ১ জিজ্ঞাসিয়া মালিগণে চাহি চারি ভিতে, বিকশিত পুষ্প তোলে আনন্দিত চিতে।
এই অবসরে সীতা আসেন সেখানে, জননী পাঠান তারে পার্বতী পূজনে ॥

„ ২ সঙ্গে সুচতুরা সখী সকলে সুন্দরী, সুমধুর কণ্ঠে সবে আসে গান করি।
সরোবর সন্নিকটে গৌরী নিকেতন, দেখিলে মোহিত মন না যায় বর্ণন ॥

„ ৩ স্নান করি সরোবরে সখিগণ সাথে, পার্বতী মন্দিরে যান প্রসন্ন মনেতে।
অর্চনা করেন তাঁর অতি নিষ্ঠা ভরে, নিজ যোগ্য শ্রেষ্ঠ বর মাগে যুক্ত করে ॥

„ ৪ এক সখী সীতা সঙ্গ করি পরিত্যাগ, ফুল শোভা দেখিবারে যায় ফুলবাগ।
তথায় যাইয়া দেখে শ্রীরাম লক্ষ্মণে, বিবশ প্রেমেতে চলে সীতা সন্নিধানে ॥

দো ২৩৪ সখিগণ দশা তার দেখিল বিস্মিত, নেত্রে বহে আনন্দাশ্রু গাত্র পুলকিত।
জিজ্ঞাসিল সখীগণ কোমল বচনে, অন্তরে হরষ এত কহ কি কারণে ॥

চৌ ১ উদ্যান দেখিতে এল দুইটি কুমার, বয়সে কিশোর দোঁহে অপূর্ব শোভার।
শ্যাম গৌর রূপ দুই কি কব বাখানি, বচনে ত চক্ষু নাই নয়নে না বানী ॥

„ ২ সুচতুরা সখী সবে সুখী হল শুনি, সীতার চিত্তের ধারা উৎকণ্ঠিত জানি।
এক সখী কহে সেই রাজার দুলাল, শুনেছি মুনির সাথে আসিয়াছে কাল ॥

„ ৩ রূপের মোহেতে যার পুরনরনারী, হইয়াছে বশীভূত সকলে তাঁহারি।
যত্র তত্র এই রূপ হতেছে বর্ণনা, অবশ্য দেখিতে হবে দেখা যোগ্য কিনা ॥

„ ৪ সখীর বর্ণনা ভাল লাগিল সীতার, দরশন লাগি নেত্র আকুলিত তার।
অগ্রে রাখি প্রিয় সখী সীতা অগ্রসরে, পূর্ব-জন্ম প্রীতি কেহ লক্ষ নাহি করে ॥

দো ২৩৫ নারদ বচন সব আসে স্মরণেতে, উপজে পবিত্র প্রেম সীতা হৃদয়েতে *
চকিত চাহনি তার সকল দিকেতে, মৃগ শিশু যেন ভয়ে সচকিত চিতে ॥

---

* পার্বতী মন্দিরে আসিবার পথে একদিন সীতার নারদের সাথে সাক্ষাৎ হয়। নারদ সীতাকে বলেন যে, এই স্থানেই রামের সহিত সীতার সাক্ষাৎ হইবে, এবং রামই সীতার স্বামী হইবে। প্রশ্ন করিতে নারদ বলেন যাহাকে দেখিয়া সীতা মোহিতা হইবেন তিনিই রাম। সেই পূর্বকথা সীতার স্মরণ হইল।

চৌ ০১ কঙ্কন কিঙ্কিনি নূপুর ধুনি সুনি, কহত লখন সন রামু হৃদয়ঁ গুনি।
মানহুঁ মদন দুন্দুভী দীহ্নী, মনসা বিস্ব বিজয় কহঁ কীহ্নী ॥
„ ২ অস কহি ফিরি চিতএ তেহি ওরা, সিয় মুখ সসি ভএ নয়ন চকোরা।
ভএ বিলোচন চারু অচঞ্চল, মনহুঁ সকুচি নিমি তজে দিগঞ্চল ॥
„ ৩ দেখি সীয় সোভা সুখু পাৱা, হৃদয়ঁ সরাহত বচনু ন আৱা।
জনু বিরঞ্চি সব নিজ নিপুনাঈ, বিরচি বিস্ব কহঁ প্রগটি দেখাঈ ॥
„ ৪ সুন্দরতা কহুঁ সুন্দর করঈ, ছবিগৃহঁ দীপসিখা জনু বরঈ।
সব উপমা কবি রহে জুঠারী, কেহিঁ পট তরৌঁ বিদেহ কুমারী ॥
দো ০২৩৬ সিয় সোভা হিয়ঁ বরনি প্রভু, আপনি দসা বিচারি।
বোলে সুচি মন অনুজ সন, বচন সময় অনুহারি ॥

চৌ ০১ তাত জনকতনয়া য়হ সোঈ, ধনুষজগ্য জেহি কারন হোঈ।
পূজন গৌরি সখীঁ লৈ আঈ, করত প্রকাসু ফিরই ফুলৱাঈঁ ॥
„ ২ জাসু বিলোকি অলৌকিক সোভা, সহজ পুনীত মোর মনু ছোভা।
সো সবু কারন জান বিধাতা, ফরকহিঁ সুভদ অঙ্গ সুনু ভ্রাতা ॥
„ ৩ রঘুবংসিহ্ন কর সহজ সুভাউ, মনু কুপঁথ পগু ধরই ন কাউ।
মোহি অতিসয় প্রতীতি মন কেরী, জেহিঁ সপনেহুঁ পরনারি ন হেরী ॥
„ ৪ জিহ্ন কৈ লহহিঁ ন রিপু রন পীঠী, নহিঁ পাৱহিঁ পরতিয় মনু ডীঠী।
মঁগন লহহিঁ ন জিহ্ন কৈ নাহীঁ, তে নরবর থোরে জগ মাহীঁ ॥

দো ০২৩৭ করত বতকহী অনুজ সন, মন সিয় রূপ লোভান।
মুখ সরোজ মকরন্দ ছবি, করই মধুপ ইৱ পান ॥

চৌ ১ চিতৱতি চকিত চহূঁ দিসি সীতা, কহঁ গএ নৃপকিসোর মনু চিন্তা।
জহঁ বিলোক মৃগ সাৱক নৈনী, জনু তহঁ বরিস কমল সিত শ্রেনী ॥
„ ২ লতা ওট তব সখিহ্ন লখাএ, স্যামল গৌর কিসোর সুহাএ।
দেখি রূপ লোচন ললচানে, হরষে জনু নিজ নিধি পহিচানে ॥
„ ৩ থকে নয়ন রঘুপতি ছবি দেখেঁ, পলকহ্নিহূঁ পরিহরীঁ নিমেষেঁ।
অধিক সনেহঁ দেহ ভৈ ভোরী, সরদ সসিহি জনু চিতৱ চকোরী ॥
„ ৪ লোচন মগ রামহি উর আনা, দীহ্নে পলক কপাট সয়ানী।
জব সিয় সখিহ্ন প্রেমবস জানী, কহি ন সকহিঁ কছু মন সকুচানী

চৌ ১ বিচারি কহেন রাম লক্ষ্মণেরে শুনি, কিঙ্কিন কিঙ্কণী আর নূপুরের ধ্বনি।
মনে হয় মন্মথের দুন্দুভি নিস্বণ, বিজয় বাসনা বিশ্ব পরিপূর্ণ মন ॥
„ ২ ইহা কহি দৃষ্টি দেন সেই দিক পানে, সীতা মুখ চন্দ্রিমাতে চকোর নয়নে।
নির্নিমেষ দৃষ্টি তার রহে অচঞ্চল, নিমেষ সঙ্কোচ যেন ত্যজে দৃগঞ্চল ॥*
„ ৩ দেখিয়া সীতার রূপ আনন্দিত হন, অন্তরে প্রশংসা মুখে না সরে বচন।
নিজ নিপুনতা যেন একত্র করিয়া, দেখান বিশ্বেরে ব্রহ্মা সীতারে গড়িয়া ॥
„ ৪ সৌন্দর্যেরে যেন আরো করেছে সুন্দর, দীপাশিখা প্রজ্জ্বলিত কান্তি গৃহ পর।
উচ্ছিষ্ট করেছে কবি যতেক উপমা, কার সাথে করি সীতা সৌন্দর্যের সীমা ॥

দো ২৩৬ সীতার সৌন্দর্য মনে করি আলোচনা, আপন অবস্থা প্রভু করি বিবেচনা।
অনুজ লক্ষ্মণে তাঁর পবিত্র মনেতে, সময় উচিত বাক্য লাগিলা কহিতে ॥

চৌ ১ হে বৎস ইনিই সেই জনক দুহিতা, যাঁর লাগি ধনুর্যজ্ঞ হইতেছে হেথা।
সখী সাথে গৌরীপূজা করিবার তরে, উদ্যানে ভ্রমিয়া তারে উজ্জ্বলিত করে ॥
„ ২ অলৌকিক শোভা যার করিয়া দর্শন, স্বভাব বিশুদ্ধ মোর ব্যাকুল সে মন।
ইহার কারণ সব জানেন বিধাতা, স্পন্দিত দক্ষিণ অঙ্গ আমার হে ভ্রাতা ॥
„ ৩ সহজ স্বভাব ইহা রঘুবংশীদের, কুপথেতে পদক্ষেপ নহে তাহাদের ॥
নিশ্চিত প্রতীতি মোর হয় মনে মনে, স্বপনেও নাহি দৃষ্টি পরস্ত্রীর পানে ॥
„ ৪ রণে যেই নাহি করে পৃষ্ঠ প্রদর্শন, পরস্ত্রী হরেনা যার নয়ন ও মন।
প্রার্থীকে কদাচ যেই বিমুখ না করে, নরশ্রেষ্ঠ সে দুর্লভ জগত মাঝারে ॥

দো ২৩৭ অনুজের সাথে করে বাক্য আলাপন, সীতা রূপে মুগ্ধরহে মন অনুক্ষণ।
মুখ ছবি সরোজের মকরন্দ পান, আগ্রহে করেন তিনি মধুপ সমান ॥

চৌ ১ চকিত চিত্তেতে চাহে চতুর্দিকে সীতা, কোথায় কিশোর সেই মনেতে দুশ্চিন্তা।
বাল মৃগ লোচনেতে যেথা দৃষ্টি তাঁর, শ্বেত কমলের বর্ষা যেন সেই ধার ॥
„ ২ লতা অন্তরালে সখী দেখাইল তাঁরে, শ্যাম গৌর রূপে দুই রাজার কুমারে।
রূপ দেখি নয়নের যেন তৃপ্তি নাই, চিনিতে পারিয়া হর্ষ নিজ নিধি তাই ॥
„ ৩ দৃষ্টি স্তব্ধ হল তাঁর হেরি রঘুপতি, পলক না পড়ে চোখে দৃষ্টি স্থির অতি।
অতি প্রেমে দেহ হল বিকল বিধুর, চকোরী চন্দ্রিমা দেখে শরৎ ঋতুর ॥
„ ৪ নয়নের দ্বার দিয়া হৃদয় মাঝারে, নয়ন মুদিত করি রামে ধ্যান করে।
সীতারে প্রেমের বশ জানি সখীগণ, কিছুই কহিতে নারে সঙ্কোচ কারণ ॥

---

* নিমি রাজা জনকের পূর্বপুরুষ। উঁহার অবস্থান চক্ষের পলকের উপর। তিনিই চক্ষের পলক মুদিত করান (নিমেষ)। নিজ কুল কন্যাকে (সীতাকে) প্রেমে মগ্ন হইতে দেখিয়া নিমি রাজ লজ্জায় স্থান ত্যাগ করিলেন। রাম ও সীতা উভয়ের চক্ষের পলক নির্নিমেষ হইল।

দো ০২৩৮ লতা ভরন তেঁ প্রগট ভে, তেহি অৱসর দোউ ভাই।
নিকসে জন্নু জুগ বিমল বিধু, জলদ পথল বিলগাই ॥

চৌ ১ সোভা সীৱঁ সুভগ দোউ বীৱা, নীল পীত জলজাত সরীরা।
মোর পঙ্খ সির সোহত নীকে, গুচ্ছে বিচ বিচ কুসুম কলী কে ॥

„ ২ ভাল তিলক শ্রমবিন্দু সুহাএ, শ্রৱন সুভগ ভূষন ছবি ছাএ।
বিকট ভৃকুটি কচ ঘূঘৱৱারে, নব সরোজ লোচন রতনারে ॥

„ ৩ চারু চিবুক নাসিকা কপোলা হাস বিলাস লেত মন্নু মোলা।
মুখছবি কহি ন জাই মোহি পাহীঁ, জো বিলোকি বহু কাম লজাহীঁ ॥

„ ৪ উর মনি মাল কম্বু কল গীৱা, কাম কলভ কার ভুজ বল সীৱঁা।
সুমন সমেত বাম কর দোনা, সাৱঁর কুআঁর সখী সুঠি লোনা ॥

দো ০২৩৯ কেহরি কটি পট পীত ধর, সুষমা সীল নিধান।
দেখি ভানুকুলভূষনহি, বিসরা সখিহ্ন অপান ॥

চৌ ০১ ধরি ধীরজু এক আলি সয়ানী, সীতা সন বোলী গহি পানী।
বহুরি গৌরি কর ধ্যান করেহূ, ভূপকিসোর দেখি কিন লেহূ ॥

„ ২ সকুচি সীয়ঁ তব নয়ন উঘারে, সনমুখ দোউ রঘুসিঁঘ নিহারে।
নখ সিখ দেখি রাম কৈ সোভা, সুমিরি পিতাপন্নু মন্নু অতি ছোভা ॥

„ ৩ পরবস্ সখিহ্ন লখী জব সীতা, ভয়উ গহরু সব কহহিঁ সভীতা।
পুনি আউব এহি বেরিআঁ কালী, অস কহি মন বিহসী এক আলী ॥

„ ৪ গূঢ় গিরা সুনি সিয় সকুচানী, ভয়উ বিলম্বু মাতু ভয় মানী।
ধরি বড়ি ধীর রামু উর আনে, ফিরী অপনপউ পিতু বস জানে ॥

দো ০২৪০ দেখন মিস মৃগ বিহগ তরু, ফিরই বহোরি বহোরি।
নিরখি নিরখি রঘুবীর ছবি, বাঢ়ই প্রীতি ন থোরি ॥

চৌ ০১ জানি কঠিন সিৱচাপ বিসূরতি, চলী রাখি উর স্যামল মূরতি।
প্রভু জব জাত জানকী জানী, সুখ সনেহ সোভা গুন খানী ॥

„ ২ পরম প্রেমময় মৃদু মসি কীহ্নী, চারু চিত্ত ভীতীঁ লিখি লীহ্নী।
গঈ ভৱানী ভৱন বহোরী, বন্দি চরন বোলী কর জোরী ॥

সীতার পার্বতীবন্দনা

„ ৩ জয় জয় গিরিবররাজ কিসোরী, জয় মহেস মুখ চন্দ চকোরী।
জয় গজ বদন ষড়ানন মাতা, জগত জননি দামিনি দ্যুতি গাতা ॥

„ ৪ নহিঁ তৱ আদি মধ্য অৱসানা, অমিত প্রভাউ বেদু নহিঁ জানা।
ভৱ ভৱ বিভৱ পরাভৱ কারিনি, বিশ্ব বিমোহনি স্ববস বিহারিনি ॥

দো ২৩৮ ইতি অবসরে সেই লতাকুঞ্জ হতে, নির্গত হলেন রাম অনুজের সাথে।
ঘন মেঘ অন্তরাল হতে মনে হয়, নির্মল শশাঙ্ক দুই যেন বাহিরায় ॥
চৌ ১ সৌন্দর্যের সীমা রূপে ভ্রাতা দুই বীর, নীল পীত কমলের মতন শরীর।
মস্তকে ময়ূর পুচ্ছ তারি মাঝে মাঝে, পুষ্প কোরকের শোভা কতনা বিরাজে ॥
,, ২ ললাটে তিলক সাথে শ্রমবিন্দু শোভা, কর্ণেতে কুণ্ডল দোলে অতি মনোলোভা।
বঙ্কিম ভ্রূভঙ্গি কেশ কুঞ্চিত গুচ্ছের, নব পদ্ম অরুণাভ বর্ণ লোচনের ॥
,, ৩ চিবুক কপোল নাসা সুন্দর শোভার, মৃদু হাস্যে হয় ক্রীত সমগ্র সংসার।
বর্ণনা সে মুখ ছবি সাধ্য নাই মোর, যাহা দেখি বহু কাম লজ্জিত অন্তর ॥
,, ৪ বক্ষে শোভে মণিমালা কম্বুকণ্ঠ গ্রীবা, শিশু করি শুণ্ড সম ভুজে বল কিবা।
বাম হস্তে পুষ্প পাত্র ঐ যিনি যান, শ্যামল কুমার সখী অতি শোভাবান ॥

দো ২৩৯ সিংহ কটি পীতাম্বর করি পরিধান, কৌলিন্যে সকল শ্রেষ্ঠ সুষমা নিধান।
সূর্যবংশ শিরোমণি দেখিয়া রামেরে, সখীগণ বিস্মৃতিতে ভোলে আপনারে ॥
চৌ ১ সুচতুরা সখী এক ধৈর্য ধরি মনে, ধারণ করিয়া কর কহে সীতা সনে।
পার্বতীর ধ্যান সখী কোরো অন্যক্ষণে, রাজার কুমারে কেন দেখনা এক্ষণে ॥
,, ২ সঙ্কুচিত সীতা করে নেত্র উন্মীলন, রঘুসিংহ দোঁহে করে সমুখে দর্শন ॥
আপাদ মস্তক হেরি রামের সে ছবি, পিতা পণ স্মরি' মনে ক্ষুব্ধ হন দেবী ॥
,, ৩ প্রেমেতে বিহ্বল সীতা দেখি সখীগণে, কহিল বিলম্ব হল সবে ভীত মনে।
আবার আসিব কালি এমত সময়, কহি মনে হাসে সখী চতুরা যে হয় ॥
,, ৪ শুনিয়া সখীর এই নিগূঢ় বচন, হইল মাতার ভয় বিলম্ব কারণ।
ধৈর্য ধরি রাম রূপ আনি হৃদয়েতে, পিতার অধীনা জানি ফিরে ভবনেতে ॥

দো ২৪০ মৃগ বৃক্ষ বিহঙ্গম দেখিবার ছলে, ফিরে ফিরে চাহে সীতা যবে ঘরে চলে।
যত দেখে রাম রূপ হৃদয়ে সীতার, রাম প্রেম প্রীতি বাড়ে অগাধ অপার ॥
চৌ ১ হরধনু সুকঠিন অতি চিন্তা মনে, শ্যাম মূর্তি হৃদে রাখি চলে সখীসনে।
প্রভু যবে যান সীতা পারিল জানিতে, সুখ স্নেহ গুণ শোভা শ্রীরাম খনিতে ॥
,, ২ নয়ন কজ্জলে তার পরম প্রেমের, চিত্ত পটে আঁকে চিত্র শ্রীরামচন্দ্রের।
ভবানী মন্দিরে তিনি যান অতঃপর, চরণ বন্দনা করে জুড়ি দুই কর ॥

সীতার পার্বতীবন্দনা

,, ৩ জয় জয় হে শঙ্করি হিমাদ্রি কিশোরী, জয় শিব মুখচন্দ্রে বিহ্বলা চকোরী।
জয় জয় গজানন কার্তিক জননী, জগত জননী তুমি বিজলী বরণী ॥
,, ৪ নাহি আদি মধ্য তব নাহি অবসান, অমিত প্রভাব বেদে নাহি পূর্ণ জ্ঞান।
উৎপত্তি পালন বিশ্ব প্রলয় কারিণী, বিমোহিত কর বিশ্ব ইচ্ছা বিহারিণী ॥

দো ০২৪১ পতিদেরতা স্নতীয় মহুঁ, মাতু প্রথম তর রেখ।
মহিমা অমিত ন সকহিঁ কহি, সহস সারদা সেষ ॥
চৌ ১ সেৱত তোহি সুলভ ফল চারী, বরদায়নী পুরারি পিআরী।
দেবি পূজি পদ কমল তুম্হারে, সুর নর মুনি সব হোহিঁ সুখারে ॥
„ ২ মোর মনোরথু জানহু নীকেঁ, বসহু সদা উর পুর সবহী কেঁ।
কীহ্নেউঁ প্রগট ন কারন তেহীঁ, অস কহি চরন গহে বৈদেহীঁ ॥
চৌ ৩ বিনয় প্রেম বস ভঈ ভৱানী, খসী মাল মূরতি মুসুকানী।
সাদর সিয়ঁ প্রসাদু সির ধরেউ, বোলী গৌরি হরষু হিয়ঁ ভরেউ ॥
„ ৪ সুনুসিয় সত্য অসীস হমারী, পূজিহি মন কামনা তুম্হারী।
নারদ বচন সদা সুচি সাচা, সো বরু মিলিহি জাহিঁ মনু রাচা ॥
ছন্দ ০৩২ মনু জাহিঁ রাচেউ মিলিহি সো বরু সহজ সুন্দর সাঁৱরো।
করুনা নিধান সুজান সীলু সনেহু জানত রাৱরো ॥
„ ৩৩ এহি ভাঁতি গৌরি অসীস সুনি সিয় সহিত হিয়ঁ হরষীঁ অলী।
তুলসী ভৱানিহি পূজি পুনি পুনি মুদিত মন মন্দির চলী ॥

সো ০২৯ জানি গৌরি অনুকূল, সিয় হিয় হরষু ন জাই কহি।
মঞ্জুল মঙ্গল মূল, বাম অঙ্গ ফরকন লগে ॥
চৌ ১ হৃদয়ঁ সরাহত সীয় লোনাঈ, গুর সমীপ গৱনে দোউ ভাঈ।
রাম কহা সবু কৌসিক পাহীঁ, সরল সুভাউ ছুঅত ছল নাহীঁ ॥
„ ২ সুমন পাই মুনি পূজা কীহ্নী পুনি অসীস দুহু ভাইহ্ন দীহ্নী।
সুফল মনোরথ হোহুঁ তুম্হারে, রামু লখনু সুনি ভএ সুখারে ॥
„ ৩ করি ভোজনু মুনিবর বিগ্যানী, লগে কহন কছু কথা পুরানী।
বিগত দিৱসু গুরু আয়সু পাঈ, সন্ধ্যা করন চলে দোউ ভাঈ ॥
„ ৪ প্রাচী দিসি সসি ভয়উ সুহাৱা, সিয় মুখ সরিস দেখি সুখু পাৱা।
বহুরি বিচারু কীহ্ন মন মাহীঁ, সীয় বদন সম হিমকর নাহীঁ ॥

দো ০২৪২ জনমু সিন্ধু পুনি বন্ধু বিষু, দিন মলীন সকলঙ্ক।
সিয় মুখ সমতা পাৱ কিমি, চন্দু বাপুরো রঙ্ক ॥
চৌ ১ ঘটই বঢ়ই বিরহিনি দুখদাঈ, গ্রসই রাহু নিজ সন্ধিহিঁ পাঈ।
কোক সোকপ্রদ পঙ্কজ দ্রোহী, অৱগুন বহুত চন্দ্রমা তোহী ॥
„ ২ বৈদেহী মুখ পটতর দীহ্নে, হোই দোষু বড় অনুচিত কীহ্নে।
সিয় মুখ ছবি বিধু ব্যাজ বখানী, গুর পহিঁ চলে নিসা বড়ি জানী ॥
„ ৩ করি মুনি চরণ সরোজ প্রনামা, আয়সু পাই কীহ্ন বিশ্রামা।
বিগত নিসা রঘুনায়ক জাগে, বন্ধু বিলোকি কহন অস লাগে ॥

দো ২৪১ পতিরে দেবতা মানে যত পতিব্রতা, সর্বাগ্রে প্রথম স্থান হয় তব মাতা।
অমিত মহিমা তব সরস্বতী শেষ, না পারে করিতে মাতঃ তাহার নির্দেশ ॥

চৌ ১ চতুর্বর্গ লাভ হয় তব পূজা করি, শঙ্কর বল্লভা তুমি বরদা শঙ্করী।
তব পাদ পদ্ম সেবি হে দেবি এ ভবে, দেব নর মুনিগণ সুখী হয় সবে ॥

„ ২ মনোবাঞ্ছা মোর মাগো জান ভাল মতে, বাস কর সদা তুমি সব হৃদয়েতে।
সে কারণ নাহি করি প্রকাশ জননী, ইহা কহি ধরে সীতা চরণ দুখানি ॥

„ ৩ সপ্রেম বিনয়ে বশ হইলা ভবানী, মালা খসি পড়ে তাঁর হাসি মুখ খানি।
সাদরে প্রসাদী মালা সীতা শিরে ধরে, আনন্দিত হই উমা কহেন সীতারে ॥

„ ৪ আশীর্বাদ লহ সীতা শুন তুমি আর, মনোবাঞ্ছা হবে পূর্ণ সত্যই তোমার।
নারদ বচন শুদ্ধ সদা সত্য তাহা, মিলিবে সে বর তব মন চায় যাহা ॥

ছ ৩২ অনুরক্ত হইয়াছে মন যার পর, সহজ সুন্দর শ্যাম মিলিবে সে বর।
করুণা নিধান তিনি সর্ব জ্ঞানবান, জানেন স্বভাব তব প্রেম পরিমান ॥

„ ৩৩ গৌরীর আশিস্ শুনি এই প্রকারেতে, গৃহে যান সখী সনে সীতা হৃষ্ট চিতে।
তুলসী ভনয়ে শুন পূজিয়া উমারে, সীতা দেবী আনন্দিত যান গৃহে ফিরে ॥

সো ২৯ গৌরী অনুকূল জানি সীতার হৃদয়, আনন্দেতে পরিপূর্ণ বর্ণন না যায়।
নির্দেশ করিয়া শুভ তখন সীতার, বামাঙ্গ স্পন্দিত হতে থকে বারবার ॥

চৌ ১ সীতার লাবণ্য ধ্যান মনেতে মগন, গুরু কাছে দুই ভ্রাতা করেন গমন।
সব কথা কহিলেন বিশ্বামিত্র সনে, সরল স্বভাব রাম ছল নাই মনে ॥

„ ২ পুষ্প পাই পূজা মুনি করেন তখন, করেন আশিস উভে পূজা সমাপন।
মনোরথ হোক পূর্ণ তোমা উভয়ের, আনন্দ অপার হয় রাম লক্ষ্মণের ॥

„ ৩ ভোজনান্তে মুনিবর পরম বিজ্ঞানী, কহিলেন নানা কথা পুরাণ কাহিনী।
সন্ধ্যার বন্দনা লাগি দুই ভাই চলে. গুরুর আদেশে দিবা অবসান হলে ॥

„ ৪ পূর্বদিকে সুশোভন চন্দ্রের উদয়, সীতা মুখ তুল্য ভাবি অতি সুখ হয়।
বিবেচনা করি পুনঃ মনে হয় তার, এ চন্দ্র সমান নহে লালিত্যে সীতার ॥

দো ২৪২ সমুদ্র সম্ভবা চন্দ্র গরলের সাথে, দিবসে মলিন মুখ যুক্ত কলঙ্কেতে।
সাদৃশ্য কোথায় পাব সীতার মুখের, দুর্ভাগা দরিদ্র দীন সহিত চন্দ্রের ॥

চৌ ১ হ্রাস বৃদ্ধি দেয় দুঃখ বিরহিনী সবে, রাহু গ্রাস করে তারে কাছে পায় যবে।
চক্রবাকে দুঃখদায়ী পদ্ম প্রতিযোগী, এত অপগুণ দেখি তোমার অভাগী ॥

„ ২ বৈদেহী মুখের সাথে উপমা তোমার, হবে দোষ অনুচিত কর্ম করিবার।
সীতা মুখ সুষমা সে ছলেতে বাখানি, গুরু কাছে যান তবে রাত্রি হল জানি ॥

„ ৩ মুনির চরণ পদ্মে করিয়া প্রণাম, আদেশ পাইয়া তবে করেন বিশ্রাম।
রাত্রি অবসানে জাগে রঘুকুল মণি, কহেন ভ্রাতারে দেখি একথা তখনি ॥

চৌ ৪ উয়উ অরুন অৱলোকহু তাতা, পঙ্কজ কোক লোক সুখদাতা।
বোলে লখনু জোরি জুগ পানী, প্রভু প্রভাউ সূচক মৃদু বানী ॥

দো ০২৪৩ অরুনোদয় সকুচে কুমুদ, উড়গন জোতি মলীন।
জিমি তুম্হার আগমন সুনি, ভএ নৃপতি বলহীন ॥

চৌ ০১ নৃপ সব নখত করহিঁ উজিআরী, টারি ন সকহিঁ চাপ তম ভারী।
কমল কোক মধুবার খগ নানা, হরষে সকল নিসা অবসানা ॥

” ২ ঐসেহিঁ প্রভু সব ভগত তুম্হারে, হোইহহিঁ টূটেঁ ধনুষ সুখারে।
উয়উ ভানু বিনু শ্রম তম নাসা, দুরে নখত জগ তেজু প্রকাসা ॥

” ৩ রবি নিজ উদয় ব্যাজ রঘুরায়া, প্রভু প্রতাপু সব নৃপহ্ন দিখায়া।
তব ভুজ বল মহিমা উদঘাটী, প্রগটী ধনু বিঘটন পরিপাটী ॥

” ৪ বন্ধু বচন সুনি প্রভু মুসুকানে, হোই সুচি সহজ পুনীত নহানে।
নিত্যক্রিয়া করি গুরুপহিঁ আএ, চরন সরোজ সুভগ সির নাএ ॥

” ৫ সতানন্দু তব জনক বোলাএ, কৌসিক মুনি পহিঁ তুরত পঠাএ।
জনক বিনয় তিহ্ন আই সুনাঈ, হরষে বোলি লিএ দোউ ভাঈ ॥

দো ০২৪৪ সতানন্দ পদ বন্দি প্রভু, বৈঠে গুর পহিঁ জাই।
চলহু তাত মুনি কহেউ তব পঠরা জনক বোলাই ॥

চৌ ০১ সীয় স্বয়ম্বরু দেখিঅ জাঈ, ঈসু কাহি ধৌঁ দেই বড়াঈ।
লখন কহা জস ভাজনু সোঈ নাথ কৃপা তব জাপর হোঈ ॥

” ২ হরষে মুনি সব সুনি বর বানী, দীহ্নি অসীস সবহিঁ সুখু মানী।
পুনি মুনিবৃন্দ সমেত কৃপালা, দেখন চলে ধনুষমখ সালা ॥

” ৩ রঙ্গভূমি আএ দোউ ভাঈ, অসি সুধি সব পুরবাসিহ্ন পাঈ।
চলে সকল গৃহ কাজ বিসারী, বাল জুবান জরঠ নর নারী ॥

” ৪ দেখী জনক ভীর ভৈ ভারী, সুচি সেবক সব লিএ হঁকারী।
তুরত সকল লোগহ্ন পহিঁ জাহূ, আসন উচিত দেহু সব কাহূ ॥

দো ০২৪৫ কহি মৃদু বচন বিনীত তিহ্ন, বৈঠারে নর নারি।
উত্তম মধ্যম নীচ লঘু, নিজ নিজ থল অনুহারি ॥

রামলক্ষ্মণের যজ্ঞভূমিতে প্রবেশ

চৌ ০১ রাজকুঁঅর তেহি অবসর আএ, মনহুঁ মনোহরতা তন ছাএ।
গুন সাগর নাগর বর বীরা, সুন্দর স্যামল গৌর সরীরা ॥

” ২ রাজ সমাজ বিরাজত রূরে, উড়গন মহুঁ জনু জুগ বিধু পূরে।
জিহ্ন কেঁ রহী ভাবনা জৈসী, প্রভু মূরতি তিহ্ন দেখী তৈসী ॥

চৌ ৪ অরুণ উদিত বৎস দেখ মেলি আঁখি, সবলোক সুখী সাথে পদ্ম চকাচকী।
লক্ষ্মণ উঠিয়া তবে জুড়ি যুগ পানি, প্রভুর প্রভাব বর্ণি কহে মৃদু বাণী ॥

দো ২৪৩ অরুণ উদয়ে হয় কুমুদ কুঞ্চিত, তারকার ক্ষুদ্র জ্যোতি হয় তিরোহিত।
তব আগমন শুনি সকল নৃপতি, হয়েছে নিষ্প্রভ সবে হীন বীর্য অতি ॥

চৌ ১ নৃপ সবে ইতস্তত নক্ষত্রের দ্যুতি, ঘুচাতে না পারে সেই তম ধনু অতি।
কমল বিহগ নানা চক্রবাক অলি, প্রভাত আগত হলে সুখী ত সকলি ॥

" ২ সেই রূপ প্রভু তব ভক্ত লোক দলে, অতিশয় সুখী হবে ধনুর্ভঙ্গ হলে।
সূর্যোদয়ে বিনা শ্রমে অন্ধকার নাশে, নক্ষত্র নিশ্চিহ্ন হয় প্রভার প্রকাশে ॥

" ৩ দেখায় উদয় হলে রবি রঘুপতি, প্রভুর প্রতাপ হেরে সকল নৃপতি।
তব ভুজ বল প্রভু করিতে প্রকট, ধনুর্যজ্ঞ আয়োজন এত সন্নিকট ॥

" ৪ ভ্রাতৃ বাক্য শুনি রাম মৃদু হাস্য করি, শৌচাদি করিয়া তবে পুণ্য স্নান সারি।
নিত্যক্রিয়া সাঙ্গ করি গুরুর চরণে, প্রণমিয়া বসে তবে তারি সন্নিধানে ॥

" ৫ জনক ডাকিয়া তবে শতানন্দে বলে, কৌষিক মুনির কাছে শীঘ্র যাও চলে।
সে আসিয়া জনকের আমন্ত্রণ দিল, হৃষ্ট মুনি দুই ভায়ে ডাকিয়া পাঠাল ॥

দো ২৪৪ প্রভু আসি শতানন্দ চরণ বন্দিয়া, বসেন গুরুর পাশে তার কাছে গিয়া।
হে বৎস জনক রাজা মোদের সবারে, ডেকেছেন আমন্ত্রণে চল তার ঘরে ॥

চৌ ১ দেখিব তথায় গিয়া সীতা স্বয়ম্বর, কাহার গৌরব বৃদ্ধি করেন ঈশ্বর।
কহিল লক্ষ্মণ সেই যশোভাগী হবে, হে নাথ তোমার কৃপা যাঁহারে বর্ষিবে ॥

" ২ এ উত্তম কথা শুনি সবে আনন্দিত, মুনিগণ আশিসিল সবে হৃষ্ট চিত।
অতঃপর মুনিগণ সাথে কৃপাময়, ধনুর্যজ্ঞ দেখিবারে চলেন তথায় ॥

" ৩ রঙ্গভূমি আসিছেন শ্রীরাম লক্ষ্মণ, সংবাদ পাইল যবে পুরবাসিগণ।
গৃহ কর্ম বিস্মরিয়া চলে দ্রুতগতি, বালবৃদ্ধ নরনারী যুবক যুবতী॥

" ৪ জনক দেখেন অতি জনারণ্য যবে, ডাকিয়া কহেন স্বেচ্ছাসেবকেরে সবে।
অতি দ্রুত যাও সবে লোকেদের কাছে, যথাযোগ্য স্থান দিও যার যাহা আছে ॥

দো ২৪৫ বিনীত বচনে মৃদু তাহারা তখন, বসাল সকল জনে নরনারীগণ।
উত্তম মধ্যম নীচ লঘু জনভারে, যাহার যে স্থান যোগ্য সেই অনুসারে ॥

রামলক্ষ্মণের যজ্ঞভূমিতে প্রবেশ

চৌ ১ রাজার কুমার আসে ইতি অবসরে, মনোজ্ঞ সুষমা যেন দেহেতে বিস্তারে।
গুণনিধি সুসাগত শ্রেষ্ঠ দুই বীর, সুন্দর শ্যামল গৌর বরণ শরীর ॥

" ২ রাজন্যবর্গের মাঝে সর্বোত্তম বসি, নক্ষত্রগণের মাঝে যেন যুগ্ম শশী।
যাহার ভাবনা রহে যেরূপ প্রকারে, সে দেখে প্রভুর মূর্তি সেরূপ আকারে ॥

চৌ ৩ দেখহি রূপ মহা রনধীরা, মনহুঁ বীর রসু ধরে সরীরা।
ডরে কুটিল নৃপ প্রভুহি নিহারী, মনহুঁ ভয়ানক মূরতি ভারী ॥
" ৪ রহে অসুর ছল ছোনিপ বেষা, তিন্হ প্রভু প্রগট কালসম দেখা।
পুরবাসিন্হ দেখে দোউ ভাঈ, নরভূষন লোচন সুখদাঈ ॥
দো ০২৪৬ নারি বিলোকহি হরষি হিয়, নিজ নিজ রুচি অনুরূপ।
জনু সোহত সিঙ্গার ধরি, মূরতি পরম অনূপ ॥
চৌ ০১ বিদুষন্হ প্রভু বিরাটময় দীসা, বহু মুখ কর পগ লোচন সীসা।
জনক জাতি অবলোকহি কৈসেঁ, সজন সগে প্রিয় লাগহি জৈসেঁ ॥
" ২ সহিত বিদেহ বিলোকহি রানী, সিসু সম প্রীতি ন জাতি বখানী।
জোগিন্হ পরম তত্ত্বময় ভাসা, সান্ত সুদ্ধ সহজ প্রকাসা ॥
" ৩ হরি ভগতন্হ দেখে দোউ ভ্রাতা, ইষ্টদেব ইব সব সুখ দাতা।
রামহি চিতব ভায় জেহি সীয়া, সো সনেহু সুখু নহি কথনীয়া ॥
" ৪ উর অনুভবতি ন কহি সক সোউ, কবন প্রকার কহৈ কবি কোউ।
এহি বিধি রহা জাহি জস ভাউ, তেহি তস দেখেউ কোসলরাউ ॥

দো ০২৪৭ রাজত রাজ সমাজ মহুঁ, কোসলরাজ কিসোর।
সুন্দর স্যামল গৌর তন, বিস্ব বিলোচন চোর ॥
চৌ ০১ সহজ মনোহর মূরতি দোউ, কোটিকাম উপমা লঘু সোউ।
সরদ চন্দ নিন্দক মুখ নীকে, নীরজ নয়ন ভাবতে জী কে।
" ২ চিতবনি চারু মার মনু হরনী, ভাবতি হৃদয় জানু নহি বরনী।
কল কপোল শ্রুতি কুণ্ডল লোলা, চিবুক অধর সুন্দর মৃদু বোলা ॥
" ৩ কুমুদবন্ধু কর নিন্দক হাঁসা, ভৃকুটী বিকট মনোহর নাসা।
ভাল বিসাল তিলক ঝলকাহীঁ, কচ বিলোকি অলি অবলি লজাহীঁ ॥
" ৪ পীত চৌতনীঁ সিরন্হি সুহাঈঁ, কুসুম কলীঁ বিচ বীচ বনাঈঁ।
রেখেঁ রুচির কম্বু কল গীবাঁ, জনু ত্রিভুবন সুষমা কী সীবাঁ ॥

দো ০২৪৮ কুঞ্জর মনি কণ্ঠা কলিত, উরন্হি তুলসিকা মাল।
বৃষভ কন্ধ কেহরি ঠবনি, বল নিধি বাহু বিসাল।
চৌ ০১ কটি তূনীর পীত পট বাঁধে, কর সর ধনুষ বাম বর কাঁধে।
পীত জগ্য উপবীত সুহাএ, নখ সিখ মঞ্জু মহাছবি ছাএ ॥
" ২ দেখি লোগ সব ভএ সুখারে, একটক লোচন চলত ন তারে।
হরষে জনকু দেখি দোউ ভাঈ, মুনি পদ কমল গহে তব জাঈ ॥
" ৩ করি বিনতী নিজ কথা সুনাঈ, রঙ্গ অবনি সব মুনিহি দেখাঈ।
জহঁ জহঁ জাহি কুঅর বর দোউ, তহঁ তহঁ চকিত চিতব সবু কোউ ॥

চৌ ৩ মহারণে ধীর নৃপ দেখিল তাহারে, বীররস মূর্ত্তি মান যেন দেহ ধরে।
কুটিল নৃপতি ভীত প্রভুরে নেহারি, ভয়ঙ্কর রস মূর্ত্তি দেখিল তাঁহারি ॥

„ ৪ নৃপ বেশে অসুরেরা সভার ভিতরে, রৌদ্র রসে কালরূপে দেখিল তাঁহারে।
পুরবাসী দেখে চেয়ে শ্যাম গৌর ভাই, নরলোক শিরোমণি নেত্র সুখদায়ী ॥

দো ২৪৬ নারীগণ নিজ নিজ রুচি অনুসারে, প্রসন্ন মনেতে দেখে উভয় ভ্রাতারে।
শৃঙ্গার রসের যেন মূর্ত্তি অনুপম, উভয় ভ্রাতার শোভা অতি মনোরম ॥

চৌ ১ জ্ঞানী ব্যক্তি দেখে রামে বিভৎস বিরাট, বহু হস্ত পদ চক্ষু মস্তকের ঠাট।
জনকের পরিবার দেখেন তাহারে, পরম আত্মীয় প্রিয় জগত মাঝারে ॥

„ ২ জনক ও রাজ্ঞীগণ দেখিলেন তারে, আপন সন্তানসম বাৎসল্য সাগরে।
যোগিগণ দেখিলেন তত্ত্বময় রূপ, শান্ত শুদ্ধ সহজের অদ্বৈত স্বরূপ ॥

„ ৩ হরিভক্ত-গণ দেখে সেই দুই ভ্রাতা, ইষ্টদেব সমতুল্য সর্ব সুখ দাতা।
জানকী দেখেন রামে আলোড়ন চিতে, সেই সুখ প্রেম প্রীতি কে পারে কহিতে ॥

„ ৪ সেই সুখ প্রীতি তারা অনুভব করে, বচনে প্রকাশ তারা করিতে না পারে।
কোন কবি সাধ্য ধরে তাহা বাখানিতে, যে যাহার স্বভাবেতে দেখে রঘুনাথে ॥

দো ২৪৭ সুন্দর শ্যামল গৌর অপূর্ব বরণ, বিশ্বের সকল চক্ষু করিয়া হরণ।
কোশল কিশোর পুত্র করি আলোকিত, রাজণ্যবর্গের মাঝে বসি সুশোভিত ॥

চৌ ১ সহজাত মনোহর মূর্ত্তি দুই জনে, উপমাতে কোটি কাম তুচ্ছ হয় মনে।
মুখ শোভা লজ্জা দেয় শরৎ চন্দ্রেরে, নীরজ নয়ন শোভা সব মন হরে ॥

„ ২ বিলোল কটাক্ষ হরে কাম দর্প সব, অন্তরে সুখানুভূতি বাক্য অসম্ভব।
কপোল ললিত দোলে কর্ণেতে কুণ্ডল, অধর চিবুক শোভা বাক্য সুকোমল ॥

„ ৩ ইন্দুকর নিন্দাকর হাস্য সুনির্মল, নাসিকা অতুল আর বক্র ভ্রূযুগল।
বিস্তৃত ললাট পরে তিলক উজ্জ্বল, কেশ দেখি লজ্জা পায় ভ্রমরের দল ॥

„ ৪ পীত শিরস্ত্রাণ শোভে মস্তক উপরে, পুষ্পকলি মধ্যে তারি আছে শোভাধরে।
কম্বু কণ্ঠে রেখা ত্রয় রহিত উপমা, মনে হয় ত্রিভুবনে সুষমার সীমা ॥

দো ২৪৮ কণ্ঠে তার গজ মুক্তা বক্ষেতে তাঁহার, তুলসীর মালা ধরে আহা কি শোভার।
চলনে সিংহের গতি বৃষস্কন্ধ আর, আজানুলম্বিত বাহু বলের আধার ॥

চৌ ১ পীতাম্বর কটিতটে তূণীর শোভিত, স্কন্ধোপরি পীতবর্ণ যজ্ঞ উপবীত।
দক্ষিণ হস্তেতে শর বাম স্কন্ধে ধনু, আপাদ মস্তক তাঁর শোভে বর তনু ॥

„ ২ তাহাদের দেখি লোকে সমাচ্ছন্ন সুখে, এক দৃষ্টে চেয়ে থাকে নিষ্পলক চোখে।
ভ্রাতা দুয়ে দেখি হর্ষ জনকের অতি, মুনি পাদ পদ্মে যাই করেন প্রণতি ॥

„ ৩ মুনিরে বিনয়ে রাজা করি আমন্ত্রণ, রঙ্গভূমি দেখালেন আপনি তখন।
যেথা যায় দাশরথী কুমার দুজন, বিস্ময় আপ্লুত চক্ষে দেখে সর্বজন ॥

চৌ ৪ নিজ নিজ রুখ রামহি সবু দেখা, কোউ ন জান কছু মরমু বিসেষা।
ভলি রচনা মুনি নৃপ সন কহেউ, রাজাঁ মুদিত মহাসুখ লহেউ ॥

দো ০২৪৯ সব মঞ্চহ্ন তেঁ মঞ্চ এক, সুন্দর বিসদ বিসাল।
মুনি সমেত দোউ বন্ধু তহঁ, বৈঠারে মহিপাল ॥

চৌ ০১ প্রভুহি দেখি সব নৃপ হিয়ঁ হারে, জনু রাকেস উদয় ভএঁ তারে।
অসি প্রতীতি সব কে মন মাহীঁ, রাম চাপ তোরব সক নাহীঁ ॥

„ ২ বিনু ভঞ্জেহুঁ ভব ধনুষু বিসালা, মেলিহি সীয় রাম উর মালা।
অস বিচারি গবনহু ঘর ভাঈ, জসু প্রতাপু বলু তেজু গবাঁঈ ॥

„ ৩ বিহসে অপর ভূপ সুনি বানী, জে অবিবেক অন্ধ অভিমানী।
তোরেহুঁ ধনুষু ব্যাহু অবগাহা, বিনু তোরেঁ কো কুঅঁরি বিআহা ॥

„ ৪ এক বার কালউ কিন হোউ, সিয় হিত সমর জিতব হম সোউ।
য়হ সুনি অবর মহিপ মুসুকানে, ধরমসীল হরিভগত সয়ানে ॥

সো ০৫০ সীয় বিআহবি রাম, গরব দূরি করি নৃপহ্ন কে।
জীতি কো সক সংগ্রাম, দসরথ কে রন বাঁকুরে ॥

চৌ ০১ ব্যর্থ মরহু জনি গাল বজাঈ, মন মোদকহ্নি কি ভূখ বুতাঈ।
সিখ হমারি সুনি পরম পুনীতা, জগদম্বা জানহু জিয়ঁ সীতা ॥

„ ২ জগত পিতা রঘুপতিহি বিচারী, ভরি লোচন ছবি লেহু নিহারী।
সুন্দর সুখদ সকল গুন রাসী, এ দোউ বন্ধু সম্ভু উর বাসী ॥

„ ৩ সুধা সমুদ্র সমীপ বিহাঈ, মৃগজলু নিরখি মরহু কত ধাঈ।
করহু জাই জা কহুঁ জোই ভাবা, হম তৌ আজু জনম ফলু পাবা ॥

„ ৪ অস কহি ভলে ভূপ অনুরাগে, রূপ অনূপ বিলোকন লাগে।
দেখহিঁ সুর নভ চঢ়ে বিমানা, বরষহিঁ সুমন করহিঁ কল গানা ॥

দো ০২৫০ জানি সুঅবসরু সীয় তব, পঠঈ জনক বোলাই।
চতুর সখীঁ সুন্দর সকল, সাদর চলীঁ লবাই ॥

চৌ ০১ সিয় সোভা নহিঁ জাই বখানী, জগদম্বিকারূপ গুন খানী।
উপমা সকল মোহি লঘু লাগীঁ, প্রাকৃত নারি অঙ্গ অনুরাগীঁ ॥

„ ২ সিয় বরনিঅ তেই উপমা দেঈ, কুকবি কহাই অজসু কোউ লেঈ।
জৌ পটতরিঅ তীয় সম সীয়া, জগ অসি জুবতি কহাঁ কমনীয়া ॥

„ ৩ গিরা মুখর তন অরধ ভবানী, রতি অতি দুখিত অতনু পতি জানী।
বিষ বারুনী বন্ধু প্রিয় জেহী, কহিঅ রমাসম কিমি বৈদেহী ॥

„ ৪ জৌ ছবি সুধা পয়োনিধি হোঈ, পরম রূপময় কচ্ছপু সোঈ।
সোভা রজু মন্দরু সিঙ্গারু, মথৈ পানি পঙ্কজ নিজ মারু ॥

চৌ ৪ সকলেই দেখে রাম চাহে তার প্রতি, বুঝিলনা কেহ এর গূঢ় মন অতি।
অতি রম্য রঙ্গভূমি কহিলেন মুনি, অতি আনন্দিত রাজা মুনি বাক্য শুনি ॥

দো ২৪৯ সব মঞ্চ হতে রম্য ছিল মঞ্চ যেই, সুন্দর বিশাল আর শ্রেষ্ঠ শোভাতেই।
সেই মঞ্চোপরি দুই ভ্রাতার সহিত, বসালেন মহীপাল মুনিরে বিহিত ॥

চৌ ১ রামচন্দ্রে দেখি নৃপ নক্ষত্র সমান, চন্দ্রের উদয়ে তারা হয় ম্রিয়মান।
সকলের মনে তবে এ প্রতীতি হয়, রাম ভাঙ্গিবেন ধনু নাহিক সংশয় ॥

„ ২ ভঙ্গ নাহি করিলেও হরধনু রাম, সীতা দিবে বরমাল্য তারে কহিলাম।
ইহাই বিচারি ভায়া যাও নিজ ঘরে, প্রতাপ ও তেজ বল যশ ত্যাগ করে ॥

„ ৩ কহিল অপর নৃপ শুনি এ বক্তৃতা, অন্ধ অভিমানী যার প্রচণ্ড অজ্ঞতা।
বিবাহ কঠিন ধনু ভাঙ্গিলেও হবে, কে করে বিবাহ ধনু না ভাঙ্গিয়া তবে ॥

„ ৪ হোক না স্বয়ং কাল তথাপি তাহারে, জিতিব প্রচণ্ড রণে জিনিতে সীতারে।
ধর্মশীল হরিভক্ত নৃপ একজন, হাসিতে লাগিল শুনি এ সব বচন ॥

সো ৩০ সর্ব নৃপ গর্ব যত খর্ব করি তিনি, সীতারে বিবাহ স্থির করিবেন যিনি।
সমর কুশলী সেই দাশরথী সনে, কোন প্রতিদ্বন্দী পারে জিনিবারে রণে ॥

চৌ ১ বাক্য আড়ম্বরে শুধু মরিবে বৃথায়, কল্পিত মোদকে কারো ক্ষুধা কভু যায়।
পরম পবিত্র মোর উপদেশ মান, সীতারে জগতমাতা মনে মনে জান ॥

„ ২ বিচারি জগত পিতা রঘুপতি রামে, নয়ন ভরিয়া মূর্ত্তি দেখ অবিশ্রামে।
সুখদ সুন্দর আর সর্ব গুণরাশি, দুই ভ্রাতা শঙ্করের হৃদয় নিবাসী ॥

„ ৩ সমুখে অমৃত সিন্ধু ত্যাগ করিয়াছ, মৃগতৃষ্ণিকার পাছে ছুটি মরিতেছে।
যে যার স্বভাব মত কর তাই গিয়া, আমিত পেয়েছি ফল জনম লভিয়া ॥

„ ৪ কহি ইহা ভক্ত নৃপ প্রেমেতে মগন, অপরূপ রূপ করে সতত দর্শন।
সুরগণ বিমানেতে দেখে নভ হ'তে, পুষ্পবৃষ্টি করে আর গাহে সাথে সাথে ॥

দো ২৫০ জানিয়া মুহূর্ত সব শুভ সমাবেশ, সীতারে আনিতে রাজা দিলেন আদেশ।
রূপবতী সুচতুরা সখিগণ তাঁরে, সাদরে লইয়া চলে সমভিব্যাহারে ॥

চৌ ১ সীতা শোভা নাহি সাধ্য কহি বর্ণনাতে, জগদম্বা গুণাকর রূপ সুষমাতে।
সকল উপমা তুচ্ছ লাগে মোর কাছে, কেননা প্রাকৃত নারী তাহে বর্ণিয়াছে ॥

„ ২ জানকীর বর্ণনায় সে উপমা দিয়া, কে লইবে অপযশ কুকবি বলিয়া।
তুলনা সীতার দিব সহিত যে নারী, জগতে কোথায় সেই সর্বাঙ্গ সুন্দরী ॥

„ ৩ বাণী সে মুখরা অতি উমা অর্দ্ধাঙ্গিনী, অতনু জানিয়া পতি রতি সে দুখিনী।
গরল বারুণি যার সহোদর হয়, সীতা সেই রমা সম বলা কভু যায় ॥

„ ৪ কান্তি রূপী অমৃতের সিন্ধু যদি হয়, কচ্ছপ যদি বা হয় অতি রূপময়।
শোভা রজ্জু মন্দরের শৃঙ্গার শোভন, কাম যদি পদ্মহস্তে করেন মন্থন ॥

দো ০২৫১ এহি বিধি উপজৈ লচ্ছি জব, সুন্দরতা সুখ মূল।
তদপি সকোচ সমেত কবি, কহহিঁ সীয় সমতূল ॥
চৌ ০১ চলীঁ সঙ্গ লৈ সখীঁ সয়ানী, গাৱত গীত মনোহর বানী।
সোহ নৱল তনু সুন্দর সারী, জগত জননি অতুলতি ছবি ভারী ॥
” ২ ভূষন সকল সুদেস সুহাএ, অঙ্গ অঙ্গ রচি সখিন্হ বনাএ।
রঙ্গ ভূমি জব সিয় পগু ধারী, দেখি রূপ মোহে নর নারী ॥
” ৩ হরষি সুরন্হ দুন্দুভীঁ বজাঈঁ, বরষি প্রসূন অপছরা গাঈঁ।
পানি সরোজ সোহ জয়মালা, অৱচট চিতএ সকল ভুআলা ॥
” ৪ সীয় চকিত চিত রামহি চাহা, ভএ মোহবস সব নরনাহা।
মুনি সমীপ দেখে দোউ ভাঈ, লগে ললকি লোচন নিধি পাঈ ॥
দো ০২৫২ গুরজন লাজ সমাজু বড়, দেখি সীয় সকুচানি।
লাগি বিলোকন সখিন্হ তন, রঘুবীরহি উর আনি ॥
চৌ ০১ রাম রূপু অরু সিয় ছবি দেখেঁ, নর নারিন্হ পরিহরীঁ নিমেষেঁ।
সোচহিঁ সকল কহত সকু চাহীঁ, বিধি সন বিনয় করহিঁ মন মাহীঁ ॥
” ২ হরু বিধি বেগি জনক জড়তাঈ, মতি হমারি অসি দেহি সুহাঈ।
বিনু বিচার পনু তজি নরনাহু, সীয় রাম কর করৈ বিবাহু ॥
” ৩ জগু ভল কহিহি ভাৱ সব কাহূ, হঠ কীন্হে অন্তহুঁ উর দাহূ।
এহিঁ লালসাঁ মগন সব লোগূ, বরু সাঁৱরো জানকী জোগূ ॥
” ৪ তব বন্দীজন জনক বোলাএ, বিরিদাৱলী কহত চলি আএ।
কহ নৃপু জাই কহহু পন মোরা, চলে ভাট হিয়ঁ হরষু ন থোরা ॥
দো ০২৫৩ বোলে বন্দী বচন বর, সুনহু সকল মহিপাল।
পন বিদেহ কর কহহিঁ হম, ভুজা উঠাই বিসাল ॥
চৌ ০১ নৃপ ভুজবল বিধু সিৱধনু রাহূ, গরুঅ কঠোর বিদিত সব কাহূ।
রাৱনু বানু মহাভট ভারে, দেখি সরাসন গবঁহিঁ সিধারে ॥
” ২ সোই পুরারি কোদণ্ডু কঠোরা, রাজ সমাজ আজু জোই তোরা।
ত্রিভুৱন জয় সমেত বৈদেহী, বিনহিঁ বিচার বরই হঠি তেহী ॥
” ৩ সুনি পন সকল ভূপ অভিলাষে, ভটমানী অতিসয় মন মাখে।
পরিকর বাঁধি উঠে অকুলাঈ, চলে ইষ্টদেৱন্হ সির নাঈ ॥
” ৪ তমকি তাকি তকি সিৱধনু ধরহীঁ, উঠইন কোটি ভাঁতি বলু করহীঁ।
জিন্হ কে কছু বিচারু মন মাহীঁ, চাপ সমীপ মহীপ ন জাহীঁ ॥

দো। ২৫১ সৌন্দর্য্য সুখের মূল যাহা নিরবধি, কমলা উৎপন্ন হন এই রূপে যদি।
তথাপি সংকোচ সাথে কবিগণ তারে, সীতা সমতুল্যা হন বলিবারে পারে॥

চৌ ১ সুচতুরা সখিগণ সীতারে লইয়া, চলিল মধুর স্বরে গাহিয়া গাহিয়া।
তরুণ দেহেতে তার বস্ত্র সুশোভন, জগদম্বা চিত্রে এই অতি অনুপম॥

" ২ স্বস্থানে আছিলা যেন সর্ব অলঙ্কার, সখীগণ সাজায়েছে প্রতি অঙ্গে তার।
রঙ্গস্থলে সীতা যবে করে পদার্পণ, রূপ দেখি মুহ্যমান নরনারীগণ॥

" ৩ দেবগণ হৃষ্ট অতি দুন্দুভি বাজায়, পুষ্পবৃষ্টি করি যত অপ্সরারা গায়।
সীতার কমল হস্তে জয়মাল্য শোভে, সকল নৃপতি দেখে সচকিত লোভে॥

" ৪ শঙ্কিত চিত্তেতে সীতা দেখে রাম পানে, মোহগ্রস্ত হ'য়ে পড়ে যত রাজগণে।
মুনি পাশে দেখিলেন সীতা দুই ভাই, সতৃষ্ণ নয়নে দেখে নিজ নিধি পাই॥

দো। ২৫২ সুবিশাল সভা আর লজ্জা গুরুজনে, সঙ্কুচিত হন সীতা ইহার কারণে।
রাখি রঘুবীর ছবি হৃদয়ে তাহার, সখী প্রতি চাহিলেন তিনি বারবার॥

চৌ ১ রামরূপ আর সীতা সুষমা দেখিয়া, নরনারী নির্নিমেষে দেখে দৃষ্টি দিয়া।
প্রকাশে সঙ্কোচ ভাবে সকলেই মনে, বিধাতারে কহে ডাকি বিনয় বচনে॥

" ২ জনক হঠতা দ্রুত হর ভগবান, শুভ বুদ্ধি দেহ তারে মোদের সমান।
না করি বিচার কিছু পণ ত্যজি তার, রামের সহিত দেন বিবাহ সীতার॥

" ৩ সবে এই চাহে ভাল জগতে কহিবে, হঠতা করিলে চিত্ত দারুণ জ্বলিবে।
এ লালসা মগ্ন হ'য়ে আছে সর্ব জন, জানকীর যোগ্য বর শ্যামল বরণ॥

" ৪ জনক ডাকেন তবে সেথা ভাটগণ, তাহারা গাহিল গান বংশের কীর্তন।
নৃপতি কহেন যাও বল মোর পণ, আজ্ঞা পাই চলে ভাট অতি প্রীত মন॥

দো। ২৫৩ বলে ভাট উচ্চৈস্বরে করহ শ্রবণ, সভা মাঝে আছে যত মহীপালগণ।
বিদেহ প্রচণ্ড পণ যাহা করিয়াছে, ঊর্দ্ধবাহু হ'য়ে আমি কহি সবা কাছে॥*

চৌ ১ রাহু চন্দ্রে হরধনু নৃপ ভুজবলে, গুরুভার কঠোরতা জানে ত সকলে।
রাবণও বাণাসুর দুই মহাবীরে, এ ধনু দেখিয়া তারা গেছে চলি ফিরে॥

" ২ কঠোর কোদণ্ড সেই আজ পুরারির, রাজন্যবর্গের মধ্যে ভাঙ্গে যেই বীর।
ত্রিভুবন জয় সাথে বৈদেহী তাহার, গলে মাল্য দিবে ডালি না করি বিচার॥

" ৩ পণ শুনি সব নৃপ মাতে অভিলাষে, বীরত্বের অভিমানে জ্বলে অতি রোষে।
বদ্ধ পরিকর হ'য়ে উঠে ব্যগ্র ভরে, স্মরি ইষ্ট দেবে তারা শির নত করে॥

" ৪ দর্প দৃষ্টি হানি ধরে হরধনু যেই, কোটি বল প্রকাশেও নড়েনা কিছুই।
কিছু মাত্র কাণ্ডজ্ঞান ছিল যার মনে, অগ্রসর নাহি হয় ধনুকের পানে॥

---

* সম্ভবতঃ সকলকে স্তব্ধ রহিবার উদ্দেশ্যে হাত তুলিয়া শব্দ করিতে মানা।

দো ০২৫৪ তমকি ধরহিঁ ধনু মূঢ় নৃপ, উঠই ন চলহিঁ লজাই।
মনহুঁ পাই ভট বাহু বলু, অধিকু অধিকু গরুআই ॥
চৌ ০১ ভূপ সহস দস একহি বারা, লগে উঠাবন টরই ন টারা।
ডগই ন সম্ভু সরা সনু কৈসেঁ, কামী বচন সতী মনু জৈসেঁ ॥
” ২ সব নৃপ ভএ জোগু উপহাসী, জৈসেঁ বিনু বিরাগ সন্ন্যাসী।
কীরতি বিজয় বীরতা ভারী, চলে চাপ কর বরবস হারী ॥
” ৩ শ্রীহত ভএ হারি হিয়ঁ রাজা, বৈঠে নিজ নিজ জাই সমাজা।
নৃপন্‌হ বিলোকি জনকু অকুলানে, বোলে বচন রোষ জনু সানে ॥
” ৪ দীপ দীপকে ভূপতি নানা, আএ সুনি হম জো পনু ঠানা।
দেব দনুজ ধরি মনুজ সরীরা, বিপুল বীর আএ রনধীরা ॥

দো ০২৫৫ কুঅঁরি মনোহর বিজয় বড়ি, কীরতি অতি কমনীয়।
পাবনিহার বিরঞ্চি জনু, রচেউ ন ধনু দমনীয় ॥
চৌ ০১ কহহু কাহি য়হু লাভু ন ভাবা, কাহুঁ ন সঙ্কর চাপ চঢ়াবা।
রহউ চঢ়াউব তোরব ভাঈ, তিলু ভরি ভূমি ন সকে ছড়াঈ ॥
” ২ অব জনি কোউ মাখৈ ভট মানী, বীর বিহীন মহী মৈঁ জানী।
তজহু আস নিজ নিজ গৃহ জাহূ, লিখা ন বিধি বৈদেহি বিবাহূ ॥
” ৩ সুকৃতু জাই জৌঁ পনু পরিহরউঁ, কুঅঁরি কুআরি রহউ কা করউঁ।
জৌঁ জনতেউঁ বিনু ভট ভুবি ভাঈ, তৌ পনু করি হোতেউঁ ন হঁসাঈ ॥
” ৪ জনক বচন সুনি সব নর নারী, দেখি জানকিহি ভএ দুখারী।
মাখে লখনু কুটিল ভই ভৌঁহেঁ, রদপট ফরকত নয়ন রিসৌঁহেঁ ॥

দো ০২৫৬ কহি ন সকত রঘুবীর ডর, লগে বচন জনু বান।
নাই রাম পদ কমল সিরু, বোলে গিরা প্রমান ॥
চৌ ০১ রঘুবংসিন্‌হ মহুঁ জহঁ কোউ হোঈ, তেহিঁ সমাজ অস কহই ন কোঈ।
কহী জনক জসি অনুচিত বানী, বিদ্যমান রঘুকুল মনি জানী ॥
” ২ সুনহু ভানুকুল পঙ্কজ ভানূ, কহউঁ সুভাউ ন কছু অভিমানূ।
জৌঁ তুম্হারি অনুসাসন পাবৌঁ, কন্দুক ইব ব্রহ্মাণ্ড উঠাবৌঁ ॥
” ৩ কাচে ঘট জিমি ডারৌঁ ফোরী, সকউঁ মেরু মূলক জিমি তোরী।
তব প্রতাপ মহিমা ভগবানা, কো বাপুরো পিনাক পুরানা ॥
” ৪ নাথ জানি অস আয়সু হোঊ, কৌতুকু করৌঁ বিলোকিঅ সোঊ।
কমল নাল জিমি চাপ চঢ়াবৌঁ, জোজন সত প্রমান লৈ ধাবৌঁ ॥
দো ০২৫৭ তোরৌঁ ছত্রক দণ্ড জিমি, তব প্রতাপ বল নাথ।
জৌঁ ন করৌঁ প্রভু পদ সপথ, কর ন ধরৌঁ ধনু মাথ ॥

দো ২৫৪ মূর্খ নৃপ দম্ভ ভরে হরধনু ধরে, স্থান ত্যজে লজ্জাভরে উঠাতে না পারে।
মনে হয় বহু বাহু বলের প্রয়োগে, গুরুতর হতে থাকে হরধনু যোগে ॥

চৌ ১ সহস্র দশেক ভূপ এক এক বারে, উঠাতে না পারে তবু একচুল তারে।
কামী বাক্যে অবিচল সতী রহে যথা, অটল অনড় রহে হরধনু তথা ॥

” ২ সন্ন্যাসী বৈরাগ্য বিনা উপহাস পায়, সেরূপ এ সব নৃপ হাস্যাস্পদ হয়।
কীর্তি জয় বীরত্বের সকল গরিমা, সর্বস্ব হারায় তারা ধনুর মহিমা ॥

” ৩ হতমান শ্রীবর্জিত সকল রাজন, হেঁট মুখে লয় গিয়া আপন আসন।
ব্যাকুলি জনক দেখে সব নৃপগণ, ধিক্কারে কহেন তিনি এরূপ বচন ॥

” ৪ দ্বীপ দেশান্তর হতে আসে রাজগণ, শুনিয়া আমার এই ধনুর্ভঙ্গ পণ।
দেব দৈত্য আসে হেথা মনুষ্য শরীরে, রণেতে নিপুন শুনি এই সব বীরে ॥

দো ২৫৫ ধনুর্ভঙ্গে লাভ করে অপূর্ব কুমারী, বিজয় গৌরব আর কীর্তি মনোহারী।
সংশয় হতেছে মনে এইরূপ বীর, ব্রহ্মা নাহি করে সৃষ্টি তরে পৃথিবীর ॥

চৌ ১ ধনুর্ভঙ্গে লাভ ভাল লাগে নাই কারে, ধনুকে জ্যা আরোপণ কেহ নাহি পারে।
জ্যা রোপণ ধনুর্ভঙ্গ করিবে ত' পরে, ভূমি থেকে এক চুল তুলিতে না পারে ॥

” ২ মনে হয় বীর নাহি আজ মহীপরে, কেহ যেন বীরত্বের গর্ব নাহি করে।
ত্যজি আশা স্বগৃহেতে যান ফিরে সবে, জানকী বিবাহ বুঝি লিখে নাই এবে ॥

” ৩ পরিহরি পণ যদি পুণ্য নষ্ট হবে, কি করি কুমারী মোর কুমারীই রবে।
বীরশূন্যা বসুন্ধরা যদি জানিতাম, পণ করি হাস্যাস্পদ নাহি হইতাম ॥

” ৪ জনক বচন শুনি যত নারী নর, সীতারে দেখিয়া সবে দুঃখিত অন্তর।
লক্ষণ মনেতে শুধু ক্রোধ উপজিল, নয়নে ভ্রূকুটি ওষ্ঠ বিকম্পিত হল ॥

দো ২৫৬ রঘুনাথ ভয়ে কিছু কহিতে না পারে, জনকের বাক্য লাগে বাণ সম তারে।
করিয়া মস্তক নত রামের চরণে, সমুচিত বাক্য বলে জনকের পানে ॥

চৌ ১ রঘুবংশী কেহ যবে রহে কোন স্থানে, কেহ নাহি কহে হেন কঠিন বচনে।
রঘুকুল শিরোমণি বিদ্যমান হেথা, জানি জনকের কহা অন্যায় এ কথা ॥

” ২ ইক্ষ্বাকু কমল ভানু শুন আমি কহি, স্বভাবত বলিতেছি অভিমানে নহি।
উঠাইতে পারি যদি তব আজ্ঞা হয়, এ বিশ্ব ব্রহ্মাণ্ড আমি কন্দুকের প্রায় ॥

” ৩ অপক্ক ঘটের ন্যায় পারি চূর্ণিবারে, সুমেরু মূলার ন্যায় খণ্ড খণ্ড করে।
প্রতাপ মহিমা তব পূর্ণ ভগবান, কোথা তার কাছে তুচ্ছ পিনাক পুরাণ ॥

” ৪ জানত সকলি প্রভু দেহ আজ্ঞা মোরে, কিঞ্চিৎ কৌতুক করি দেখ কৃপা করে।
মৃণাল নালের ন্যায় জ্যারোপন করি, শতেক যোজন পথ আসিবই ঘুরি ॥

দো ২৫৭ তোমার প্রতাপ বলে হে নাথ এখনি, ছত্রদণ্ড সম ভাঙ্গি হরধনুখানি।
প্রভুর চরণ বিনা যদি নাহি পারি, জীবনে কখনো যেন ধনু নাহি ধরি ॥

চৌ ০১ লখন সকোপ বচন জে বোলে, ডগমগানি মহি দিগ্‌গজ ডোলে।
সকল লোগ সব ভূপ ডেরানে, সিয় হিয়ঁ হরষু জনকু সকুচানে।
" ২ গুর রঘুপতি সব মুনি মন মাহীঁ মুদিত ভএ পুনি পুনি পুলকাহীঁ।
নয়নহিঁ রঘুপতি লখন্থ নেৱারে, প্রেম সমেত নিকট বৈঠারে ॥
" ৩ বিস্বামিত্র সময় সুভ জানী, বোলে অতি সনেহময় বানী।
উঠহু রাম ভঞ্জহু ভৱ চাপা, মেটহু তাত জনক পরিতাপা ॥
" ৪ সুনি গুরু বচন চরন সিরু নাৱা, হরষু বিষাদু ন কছু উর আৱা।
ঠাঢ়ে ভএ উঠি সহজ সুভাএঁ, ঠৱনি জুবা মৃগরাজু লজাএঁ ॥
দো ০২৫৪ উদিত উদয় গিরি মঞ্চ পর, রঘুবর বালপতঙ্গ।
বিকসে সন্ত সরোজ সব, হরষে লোচন ভৃঙ্গ ॥
চৌ ০১ নৃপন্হ কেরি আসা নিসি নাসী, বচন নখত অৱলীন প্রকাসী।
মানী মহিপ কুমুদ সকুচানে, কপটী ভূপ উলুক লুকানে ॥
" ২ ভএ বিসোক কোক মুনি দেৱা, বরিসহিঁ সুমন জনাৱহিঁ সেৱা।
গুর পদ বন্দি সহিত অনুরাগা, রাম মুনিন্হ সন আয়সু মাগা ॥
" ৩ সহজহিঁ চলে সকল জগ স্বামী, মত্ত মঞ্জু বর কুঞ্জর গামী।
চলত রাম সব পুর নর নারী, পুলক পূরি তন ভএ সুখারী ॥
" ৪ বন্দি পিতর সুর সুকৃত সঁভারে, জৌঁ কছু পুণ্য প্রভাউ হমারে।
তৌ সিরধনু মৃনাল কী নাঈঁ, তোরহুঁ রামু গনেস গোসাঈঁ ॥
দো ০২৫৯ রামহি প্রেম সমেত লখি, সখিন্হ সমীপ বোলাই।
সীতা মাতু সনেহ বস, বচন কহই বিলখাই ॥
চৌ ০১ সখি সব কৌতুকু দেখনিহারে, জেউ কহাৱত হিতূ হমারে।
কোউ ন বুঝাই কহই গুর পাহীঁ, এ বালক অসি হঠ ভলি নাহীঁ ॥
" ২ রাৱন বান ছুআ নহিঁ চাপা, হারে সকল ভূপ করি দাপা।
সো ধনু রাজকুঁঅর কর দেহীঁ, বাল মরাল কি মন্দর লেহীঁ ॥
" ৩ ভূপ সয়ানপ সকল সিরানী, সখি বিধি গতি কছু জাতি ন জানী।
বোলী চতুর সখী মৃদু বানী, তেজৱন্ত লঘু গনিঅ ন রানী ॥
" ৪ কহঁ কুম্ভজ কহঁ সিন্ধু অপারা, সোষেউ সুজসু সকল সংসারা।
রবি মণ্ডল দেখত লঘু লাগা, উদয়ঁ তাসু ত্রিভুৱন তম ভাগা ॥
দো ০২৬০ মন্ত্র পরম লঘু জাসু বস, বিধি হরি হর সুর সর্ব।
মহামত্ত গজরাজ কহুঁ, বস কর অঙ্কুস খর্ব ॥

চৌ ১ ক্রোধভরে কহিলেন সৌমিত্রি যখন, পৃথিবী কম্পিত সাথে দিগ্‌গজগণ।
ভীত হন নৃপগণ উপস্থিত জনে, জনক সঙ্কোচ মানে হর্ষ সীতা মনে ॥

" ২ শ্রীরাম কৌশিক আর যত মুনিগণ, হৃষ্ট চিত্ত সবে অতি পুলকিত মন।
নয়নে ইঙ্গিতে রাম সৌমিত্রির প্রতি, নিকটে বসান তারে প্রীতিভরে অতি ॥

" ৩ বিশ্বামিত্র অবসর তবে শুভ জানি, অতীব স্নেহের সাথে কহেন তখনি।
হে রাম উত্থান কর ভাঙ্গ ভব-চাপ, হে বৎস ঘুচাও এবে জনক সন্তাপ ॥

চৌ ৪ গুরুর বচন শুনি নত করি শির, আনন্দ বিষাদ হীন হৃদয় সুধীর।
সহজ সুন্দর ঠামে উঠিলেন হরি, ভঙ্গী দেখে লজ্জা পায় তরুণ কেশরী ॥

দো ২৫৮ উদয় গিরিতে যেন হইল উদিত, রামচন্দ্র বাল সূর্য দিক আমোদিত।
সাধুজন শ্বেত পদ্ম হল বিকশিত, নয়ন ভ্রমর রূপী হল হর্ষান্বিত ॥

চৌ ১ আশা নিশা নৃপগণে হল অবসান, বচন বিলুপ্ত হল নক্ষত্র সমান।
মানী রাজ কুমুদেরা হল সঙ্কুচিত, কপট পেচক সম নৃপ লুক্কায়িত ॥

" ২ দেব মুনি চক্রবাক শোকহীন হল, পুষ্প বরিষণ করি সেবা জানাইল।
গুরু পদ বন্দি রাম অতি অনুরাগে, সকল মুনির কাছে রাম আজ্ঞা মাগে ॥

" ৩ সর্ব জগতের স্বামী চলে স্বাভাবিক, মত্ত মাতঙ্গের গতি পরম নির্ভিক।
রামচন্দ্র চলিলেন যত পুরবাসী, আনন্দে মগন সবে পুলকে উচ্ছাসি ॥

" ৪ দেবপিতৃগণ বন্দি পুণ্যকর্ম স্মরি, কহিল মনেতে যদি পুণ্যার্জন করি।
শ্রীরাম ভাঙ্গেন যেন হরধনু ওই, মৃণাল নালের ন্যায় গণেশ গোঁসাই ॥

দো ২৫৯ অগ্রসর হতে দেখি শ্রীরামচন্দ্রেরে, সীতার জননী হন ব্যাকুল অন্তরে।
সখীগণে নিজ কাছে সবে ডাকি আনি, স্নেহাধিক্যে করিলেন বিলাপ আপনি ॥

চৌ ১ সখী সবে দেখ চাহি কি দুর্দৈব হয়, শুধু কি দর্শক এরা হিতকারী নয়।
কেহ কি বুঝায়ে নাহি গুরুদেবে কহে, শ্রীরাম বালক এই কর্ম তার নহে ॥

" ২ রাবণ ও বাণাসুর স্পর্শিতে না চায়, নৃপদর্প চূর্ণ করে যে ধনুক হায়।
সে ধনু ধরিতে চলে কুমার কিশোর, বাল হংস তুলিবে কি পর্বত মন্দর ॥

" ৩ স্তব্ধ মহারাজ দেখি বুদ্ধি লোপ নাকি, কিছু না বুঝিতে পারি বিধি লিপি সখি।
সুচতুরা সখী এক কহে মৃদু বাণী, গণনা কোরোনা লঘু তেজস্বীরে রাণি ॥

" ৪ কোথা কুম্ভজাত মুনি* কোথা সিন্ধু পার, শুষি সিন্ধু মুনি যশ বিদিত সংসার।
সবিতৃ মণ্ডল ক্ষুদ্র দেখি মনে হয়, উদিত হইলে তম ত্রিভুবনে যায় ॥

দো ২৬০ মন্ত্র ত পরম লঘু তবু তারি দ্বারা, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর তুষ্ট দেবতারা।
মদ মত্ত মাতঙ্গ যে বশ করে তারে, ক্ষুদ্র সে অঙ্কুশ তার প্রচণ্ড প্রহারে ॥

---

* অগস্ত্য মুনি

চৌ ০১ কাম কুসুম ধনু সায়ক লীন্হে, সকল ভুবন অপনেঁ বস কীন্হেঁ।
দেবি তজিঅ সংসউ অস জানী, ভঞ্জব ধনুষু রাম সুনু রানী॥
" ২ সখী বচন সুনি ভৈ পরতীতী, মিটা বিষাদু বঢ়ী অতি প্রীতী।
তব রামহি বিলোকি বৈদেহী, সভয় হৃদয়ঁ বিনরতি জেহি তেহী॥
" ৩ মনহীঁ মন মনাব অকুলানী, হোহু প্রসন্ন মহেস ভবানী।
করহু সফল আপনি সেবকাঈ, করি হিতু হরহু চাপ গরুআঈ॥
" ৪ গননায়ক বরদায়ক দেবা, আজু লগেঁ কীন্হিউঁ তুঅ সেবা।
বার বার বিনতী সুনি মোরী, করহু চাপ গুরুতা অতি থোরী॥

দো ০২৬১ দেখি দেখি রঘুবীর তন, সুর মনাব ধরি ধীর।
ভরে বিলোচন প্রেম জল, পুলকাবলী সরীর॥

চৌ ০১ নীকেঁ নিরখি নয়ন ভরি সোভা, পিতু পনু সুমিরি বহুরি মনু ছোভা।
অহহ তাত দারুনি হঠ ঠানী, সমুঝত নহিঁ কছু লাভু ন হানী॥
" ২ সচিব সভয় সিখ দেই ন কোঈ, বুধ সমাজ বড় অনুচিত হোঈ।
কহঁ ধনু কুলিসহু চাহি কঠোরা, কহঁ স্যামল মৃদুগাত কিসোরা॥
" ৩ বিধি কেহি ভাঁতি ধরৌঁ উর ধীরা, সিরস সুমন কন বেধিঅ হীরা।
সকল সভা কৈ মতি ভৈ ভোরী, অব মোহি সম্ভু চাপ গতি তোরী॥
" ৪ নিজ জড়তা লোগন্হ পর ডারী, হোহি হরুঅ রঘুপতিহি নিহারী।
অতি পরিতাপ সীয় মন মাহীঁ, লব নিমেষ জুগ সয় সম জাহীঁ॥

দো ০২৬২ প্রভুহি চিতই পুনি চিতব মহি, রাজত লোচন লোল।
খেলত মনসিজ মীন জুগ, জনু বিধু মণ্ডল ডোল॥

চৌ ০১ গিরা অলিনি মুখ পঙ্কজ রোকী, প্রগট ন লাজ নিসা অবলোকী।
লোচন জলু রহ লোচন কোনা, জৈসেঁ পরম কৃপন কর সোনা॥
" ২ সকুচী ব্যাকুলতা বড়ি জানী, ধরি ধীরজু প্রতীতি উর আনী।
তন মন বচন মোর পনু সাচা, রঘুপতি পদ সরোজ চিতু রাচা॥
" ৩ তৌ ভগবানু সকল উর বাসী, করিহি মোহি রঘুপতি কৈ দাসী।
জেহি কেঁ জেহি পর সত্য সনেহূ, সো তেহি মিলই ন কছু সন্দেহূ।
" ৪ প্রভু তন চিতই প্রেম তন ঠানা, কৃপানিধান রাম সবু জানা।
সিয়হি বিলোকি তকেউ ধনু কৈসেঁ, চিতব গরুরু লঘু ব্যালহি জৈসেঁ॥

দো ০২৬৩ লখন লখেউ রঘুবংশমনি, তাকেউ হর কোদণ্ডু।
পুলকি গাত বোলে বচন, চরন চাপি ব্রহ্মাণ্ডু॥

চৌ ০১ দিসিকুঞ্জরহু কমঠ অহি কোলা, ধরহু ধরনি ধরি ধীর ন ডোলা।
রামু চহহিঁ সঙ্কর ধনু তোরা, হোহু সজগ সুনি আয়সু মোরা॥

চৌ ১ মদন করেন বশ পুষ্প ধনুবাণে, ত্রিভুবন মাঝে যত নর নারীগণে।
বুঝি ইহা তাজরাণি সকল সংশয়, হরধনু ভঙ্গ রাম করিবে নিশ্চয় ॥
” ২ সখীর বচন শুনি হইল প্রতীতি, বিষাদ ঘুচিয়া হল হৃদয়েতে প্রীতি।
রামেরে যাইতে দেখি সীতা অতি ভীতা, যে কোন দেবেরে হন প্রার্থনায় রতা ॥
” ৩ প্রার্থনা করেন সীতা শঙ্কা মনে মানি, প্রসন্ন হউন মোরে মহেশ ভবানী।
যা কিছু করেছি সেবা করুন সফল, ধনুর গুরুত্ব হ্রাস করুন কেবল ॥
” ৪ হে গণনায়ক দেব বরদাতা তুমি, আজ তবে সেবিয়াছি তোমারেই নমি।
শুন দেব বারবার মোর এ মিনতি, গুরুভার ধনু কর লঘুভার অতি ॥

দো ২৬১ রঘুনাথ কান্তি দেখি ধৈর্য ধরি মনে, মানত করেন সীতা সর্ব দেবগণে।
নয়ন আপ্লুত হ'ল প্রেম অশ্রু দ্বারা, সর্বাঙ্গে পুলক জাগে যেন আত্মহারা ॥
চৌ ১ নয়ন ভরিয়া চাহি শ্রীরামের পানে, পিতৃপণ স্মরি হৃদে ক্ষোভ জাগে মনে।
হায় পিতা কি করিলে দৃঢ় পণ করি, লাভ ক্ষতি মনে তুমি নাহিক বিচারি ॥
” ২ ভয়ে মন্ত্রী নাহি দেন মন্ত্রণা বিহিত, জ্ঞানীর সমাজে ইহা অতি অনুচিত।
কোথা এই হরধনু কুলিশ কঠোর, কোথা কোমলাঙ্গ এই শ্যামল কিশোর ॥
” ৩ হা বিধাতা কি করিয়া মনে ধৈর্য রয়, শিরিষ কুসুমে কিবা হীরা ছিদ্র হয়।
মতিভ্রংশ হয়েছিল সভাসদ জনে, হরধনু গতি এবে তোমারি শরণে ॥
” ৪ নিজের জড়ত্ব লোকে সমর্পন কর, দেখি কোমলতা রামে হও লঘুতর।
সীতা মনে পরিতাপ হয় অতিশয়, মুহূর্ত তাঁহার কাছে যুগ মনে হয় ॥

দো ২৬২ প্রভুরে দেখিয়া দেখে মাতা ধরণীরে, নয়ন যুগল তাঁর যেন চন্দ্রাধারে।
শোভিত রহিল সেথা যেন মনে হয়, মন্মথের ক্রোড়ারত যুগ্ম মৎস্য প্রায় ॥
চৌ ১ বাণী অলি রুদ্ধ হল মুখ পদ্মে তার, প্রকট না হয় দেখি লজ্জা অন্ধকার।
অশ্রুবিন্দু অচঞ্চল রহে নেত্র কোনে, কৃপণ যেমন স্বর্ণ রাখে সঙ্গোপনে ॥
” ২ চিত্ত মাঝে ব্যাকুলতা তীব্র অতি জানি, ধৈর্য ধরি হৃদি মাঝে সে প্রতীতি আনি।
কায় মনো বাক্যে যদি সত্য মোর পণ, রঘুপতি পাদপদ্মে যদি মোর মন।
” ৩ তাহা হলে ভগবান হৃষীকেশ যিনি, রঘুবর দাসী মোরে করিবেন তিনি ॥
যার প্রতি যার হয় সত্য প্রেম স্নেহ, তাহার মিলিবে তাহা নাহিক সন্দেহ।
” ৪ প্রভু প্রতি দৃষ্টি রাখি পণ করে প্রাণা, জানিতে পারেন রাম কৃপার নিধান ॥
সীতা পানে চাহি পুনঃ চাহে ধনু প্রতি, যেমন গরুড় দেখে ক্ষুদ্র সর্প অতি।
দো ২৬৩ যখন লক্ষ্মণ দেখে রঘুকুল মণি, হরধনু প্রতি দৃষ্টি দেছেন আপনি ॥
গাত্র হল রোমাঞ্চিত পুলকিত মন, ব্রহ্মাণ্ড চরণে চাপি কহেন বচন।
চৌ ১ কূর্ম নাগ ও বরাহ দিগ গজ-গণ, ধরনী ধারণ কর কম্পিত না হন ॥
হরধনু ভঙ্গ লাগি রামচন্দ্র যান, শুনহ সতর্কবাণী হও সাবধান।

চৌ ২ চাপ সমীপ রামু জব আএ, নর নারিহ্ন সুর সুকৃত মনাএ।
সব কর সংসউ অরু অগ্যানূ, মন্দ মহীপহ্ন কর অভিমানূ॥
" ৩ ভৃগুপতি কেরি গরব গরুআঈ, সুর মুনিবরহ্ন কেরি কদরাঈ।
সিয় কর সোচু জনক পছিতাৱা, রানিহ্ন কর দারুন দুখ দাৱা॥
" ৪ সম্ভুচাপ বড় বোহিতু পাঈ, চঢ়ে জাই সব সঙ্গু বনাঈ।
রাম বাহুবল সিন্ধু অপারূ, চহত পারু নহি কোউ কড়হারূ॥

দো ০২৬৪ রাম বিলোকে লোগ সব, চিত্র লিখে সে দেখি।
চিতঈ সীয় কৃপায়তন, জানী বিকল বিসেষি॥

চৌ ০১ দেখী বিপুল বিকল বৈদেহী, নিমিষ বিহাত কলপ সম তেহী।
তৃষিত বারি বিনু জো তনু ত্যাগা, মুএ করই কা সুধা তড়াগা॥
" ২ কা বরষা সব কৃষী সুখানেঁ, সময় চুকেঁ পুনি কা পছিতানেঁ।
অস জিয়ঁ জানি জানকী দেখী, প্রভু পুলকে লখি প্রীতি বিসেষী॥
" ৩ গুরহি প্রনামু মনহিঁ মন কীহ্না, অতি লাঘৱঁ উঠাই ধনু লীহ্না।
দমকেউ দামিনি জিমি জব লয়উ, পুনি নভ ধনু মণ্ডল সম ভয়উ॥
" ৪ লেত চঢ়াৱত খৈঞ্চত গাঢ়েঁ, কাহুঁ ন লখা দেখ সবু ঠাঢ়েঁ।
তেহি ছন রাম মধ্য ধনু তোরা, ভরে ভুৱন ধুনি ঘোর কঠোরা॥

ছন্দ ০৩৪ ভরে ভুৱন ঘোর কঠোর রৱ রবি বাজি তজি মারগু চলে।
চিক্করহিঁ দিগ্‌গজ ডোল মহি অহি কোল কূরুম কলমলে॥
সুর অসুর মুনি কর কান দীহ্নেঁ সকল বিকল বিচারহীঁ।
কোদণ্ড খণ্ডেউ রাম তুলসী জয়তি বচন উচারহীঁ॥

সো ০৩১ সঙ্কর চাপু জহাজু, সাগরু রঘুবর বাহুবল।
বুড় সো সকল সমাজু, চঢ়া জো প্রথমহিঁ মোহ বস॥

চৌ ০১ প্রভু দোউ চাপ খণ্ড মহি ডারে, দেখি লোগ সব ভএ সুখারে।
কৌসিকরূপ পয়োনিধি পাৱন, প্রেম বারি অৱগাহু সুহাৱন॥
" ২ রামরূপ রাকেসু নিহারী, বঢ়ত বীচি পুলকাৱলি ভারী।
বাজে নভ গহ গহে নিসানা, দেৱবধূ নাচহিঁ করি গানা॥
" ৩ ব্রহ্মাদিক সুর সিদ্ধ মুনীসা, প্রভু হি প্রসংসহিঁ দেহিঁ অসীসা।
বরিসহিঁ সুমন রঙ্গ বহু মালা, গাৱহিঁ কিন্নর গীত রসালা॥
" ৪ রহী ভুৱন ভরি জয় জয় বানী, ধনুষ ভঙ্গ ধুনি জাত ন জানী।
মুদিত কহহিঁ জহঁ তহঁ নর নারী, ভঞ্জেউ রাম সম্ভু ধনু ভারী॥

দো ০২৬৫ বন্দী মাগধ সূতগন, বিরুদ বদহিঁ মতিধীর।
করহিঁ নিছাৱরি লোগ সব, হয় গয় ধন মনি চীর॥

চৌ ২ ধনুর নিকটে রাম যবে অগ্রসর, দেবেরে মানত করে পুণ্য নারী নর ॥
যতেক সংশয় আর যতেক অজ্ঞান, নরাধম নৃপতির যত অভিমান।

” ৩ পরশুরামের যত গুরুত্ব গর্বের, দেব মুনী কাতরতা ভয়ের সর্বের ॥
অনুতাপ জনকের চিন্তা জানকীর, দুঃখ দাবানল যত সকল রাণীর।

” ৪ হরধনু মহাপোতে পাইয়া আশ্রয়, এ সকল যাই তাতে সমবেত হয় ॥
রাম বাহুবল সিন্ধু অপার অসীম, উত্তরিতে চাহে কিন্তু কাণ্ডারী বিহীন।

দো ২৬৪ সকল দর্শক পানে চাহিলেন রাম, দেখিলেন চিত্রার্পিত সকলে সমান ॥
সীতা পানে চাহি পুনঃ দেখিলেন যবে, বিশেষ ব্যাকুল তাঁরে জানিলেন তবে।

চৌ ১ দেখিয়া ব্যাকুল ভাব অতীব সীতার, কল্প সম লাগে এক নিমেষ তাহার।
তৃষিত যে বারি বিনা তনু ত্যাগ করে, অমৃতের সরোবরে লাভ কিবা পরে ॥

” ২ কি লাভ বর্ষনে ক্ষেত্র যবে শুষ্ক হয়, কি লাভ পশ্চাত্তাপে অতীত সময়।
ইহা জানি জানকীর পানে দৃষ্টি দিয়া, প্রেমাধিক্য জানি তার পুলকিত হিয়া ॥

” ৩ মনে মনে গুরুদেবে করিয়া প্রণাম, অনায়াসে করে ধনু উঠান শ্রীরাম।
দমকে দামিনী যবে ধনু করে লয়, নবঘন শ্যাম রূপে রামধনু প্রায় ॥

” ৪ ধনু লয়ে জ্যারোপিয়া আকর্ণ বিস্তারে, নিমেষে ঘটিল কেহ দেখিতে না পারে।
সেই ক্ষণে ধনুমধ্য ভাঙ্গিলেন রাম, প্রচণ্ড ধ্বনিতে তার ভরিল ত্রিধাম ॥

ছ ৩৪ ভরিল প্রচণ্ড শব্দে সমগ্র ভুবন, মার্গচ্যুত হল রবি রথ অশ্বগণ।
চিৎকারে দিগ্‌গজ-গণ ধরা টলমল, নাগ ও বরাহ কূর্ম হইল চঞ্চল ॥
দেবতা ও মুনিগণ যতেক অসুরে, হস্ত দ্বারা কর্ণ ঢাকে ব্যাকুল বিচারে।
কোদণ্ড ভাঙ্গেন যবে রঘুপতি রাম, তুলসী ভণয়ে কহ জয়তু শ্রীরাম ॥

সো ৩১ রাম বাহুবল রূপ অপার সাগরে, হরধনু রূপ পোত তাহারি উপরে।
মোহবশে আরোহন যাহা করেছিল, ধনুর্ভঙ্গ হলে তাহা নিমজ্জিত হল ॥

চৌ ১ খণ্ড ধনু ফেলিলেন প্রভু ধরা তলে, দেখিয়া অতীব সুখী হইল সকলে।
বিশ্বামিত্র রূপ সেই পবিত্র জলধি, অগাধ সলিল তার শোভা নিরবধি ॥

” ২ রামভদ্র পূর্ণচন্দ্রে দেখি উদ্ভাসিত, পুলকের ঊর্মিমালা তরঙ্গে বর্ধিত।
গগনে দামামা বাজে গুরু গাম্ভীর্যেতে, সুরনারী নৃত্যে সবে রহিলেন মেতে ॥

” ৩ ব্রহ্মা আদি দেবগণ সিদ্ধ মুনীশ্বর, প্রভুরে প্রশংসে সবে আশীর্বাদ পর।
নানাবর্ণ পুষ্পমাল্য হল বরিষণ, রসগীতি গাহে দেব সুরকারগণ ॥

” ৪ ভুবন ভরিয়া গেল জয় জয় ধ্বনি, ধনুক ভঙ্গের শব্দ ছাপিয়া তখনি।
যত্রতত্র স্ত্রী পুরুষ পূর্ণ মনস্কাম, কহে হরধনু ভঙ্গ করেছেন রাম ॥

দো ২৬৫ বন্দী সূত ভাটগণ বীর বুদ্ধিমান, করিতে লাগিল সবে যশোগাথা গান।
গজ অশ্ব ধন মণি বস্ত্র লোকগণ, আনন্দের আতিশয্যে করে বিতরণ ॥

চৌ ০১ ঝাঁঝি মৃদঙ্গ সঙ্খ সহনাঈ, ভেরি ঢোল দুন্দুভী সুহাঈ।
বাজহিঁ বহু বাজনে সুহাএ, জহঁ তহঁ জুবতিহ্ন মঙ্গল গাএ॥
" ২ সখিহ্ন সহিত হরষী অতি রানী, সুখত ধান পরা জনু পানী।
জনক লহেউ সুখু সোচু বিহাঈ, পৈরত থকেঁ থাহ জনু পাঈ॥
" ৩ শ্রীহত ভএ ভূপ ধনু টূটে, জৈসেঁ দিৱস দীপ ছবি ছুটে।
সীয় সুখহি বরনিঅ কেহি ভাঁতী, জনু চাতকী পাই জলু স্বাতী॥
" ৪ রামহি লখনু বিলোকত কৈসেঁ, সসিহি চকোর কিসোরকু জৈসেঁ।
সতানন্দ তব আয়সু দীহ্না, সীতাঁ গমনু রাম পহিঁ কীহ্না॥

দো ০২৬৬ সঙ্গ সখী সুন্দর চতুর, গাৱহিঁ মঙ্গলচার।
গৱনী বাল মরাল গতি, সুষমা অঙ্গ অপার॥

চৌ ০১ সখিহ্ন মধ্য সিয় সোহতি কৈসেঁ, ছবিগন মধ্য মহাছবি জৈসেঁ।
কর সরোজ জয়মাল সুহাঈ, বিস্ব বিজয় সোভা জেহিঁ ছাঈ॥
" ২ তন সকোচু মন পরম উছাহূ, গূঢ় প্রেমু লখি পরই ন কাহূ।
জাই সমীপ রাম ছবি দেখী, রহি জনু কুআঁরি চিত্র অৱরেখী॥
" ৩ চতুর সখীঁ লখি কহা বুঝাঈ, পহিরাৱহু জয়মাল সুহাঈ।
সুনত জুগল কর মাল উঠাঈ, প্রেম বিবস পহিরাই ন জাঈ॥
" ৪ সোহত জনু জুগ জলজ সনালা, সসিহি সভীত দেত জয়মালা।
গাৱহিঁ ছবি অৱলোকি সহেলী, সিয়ঁ জয়মাল রাম উর মেলী॥

সো ০৩২ রঘুবর উর জয়মাল, দেখি দেৱ বরিসহিঁ সুমন।
সকুচে সকল ভুআল, জনু বিলোকি রবি কুমুদগন॥

চৌ ০১ পুর অরু ব্যোম বাজনে বাজে, খল ভএ মলিন সাধু সব রাজে।
সুর কিন্নর নর নাগ মুনীসা, জয় জয় জয় কহি দেহিঁ অসীসা॥
" ২ নাচহিঁ গাৱহিঁ বিবুধ বধূটীঁ, বার বার কুসুমাঞ্জলি ছূটীঁ।
জহঁ তহঁ বিপ্র বেদ ধুনি করহীঁ, বন্দী বিরিদাবলি উচ্চরহীঁ॥
" ৩ মহি পাতাল নাক জসু ব্যাপা, রাম বরী সিয় ভঞ্জেউ চাপা।
করহিঁ আরতী পুর নর নারী, দেহিঁ নিছাৱরি বিত্ত বিসারী॥
" ৪ সোহতি সীয় রাম কৈ জোরী, ছবি সিঙ্গারু মনহুঁ এক ঠৌরী।
সখীঁ কহহিঁ প্রভু পদ গহু সীতা, করতি ন চরন পরস অতি ভীতা॥

দো ০২৬৭ গৌতম তিয় গতি সুরতি করি, নহিঁ পরসতি পগ পানি।
মন বিহসে রঘুবংসমনি, প্রীতি অলৌকিক জানি॥

চৌ ০১ তব সিয় দেখি ভূপ অভিলাষে, কূর কপূত মূঢ় মন মাখে।
উঠি উঠি পহিরি সনাহ অভাগে, জহঁ তহঁ গাল বজাৱন লাগে॥

চৌ ১ মৃদঙ্গ সানাই ঝাঁঝ্ ভেরী ঢাক ঢোল, শঙ্খ ও দুন্দুভি কত সুললিত রোল।
বাজিল বিবিধ বাদ্য তান লয় গীত, যুবতী গাহিল সবে মঙ্গল সঙ্গীত॥
„ ২ সখীগণ সাথে রাণী অতি আনন্দিত, শুষ্ক ধান্য হল যেন জলেতে সিঞ্চিত।
জনক ত্যজিয়া শোক অতি সুখী হয়, শ্রান্ত সন্তরণকারী যেন ভূমি পায়॥
„ ৩ ধনুর্ভঙ্গ হলে সেথা যত রাজগণ, দিবসে দীপের ন্যায় দীপ্তিহীন হন।
সীতার মনের সুখ বর্ণিব কিরূপে, স্বাতীজল পাই' সুখী চাতকী যেরূপে॥
„ ৪ পূর্ণশশী দেখে যথা চকোর কিশোর, লক্ষ্মণ রামেরে দেখে তেমনি বিভোর।
সদানন্দ দেন আজ্ঞা তবে জানকীরে, রামচন্দ্র পাশে গিয়া দাঁড়াইতে ধীরে॥

দো ২৬৬ সঙ্গে চলে সখীগণ সুন্দরী চতুর, মঙ্গল আচার গীত গাহে সুমধুর।
জানকী চলেন শিশু মরালের গতি, সুষমাতে অঙ্গ ভরা প্রতি অঙ্গ প্রতি॥
চৌ ১ সখীগন মধ্যে শোভা সীতার মাধুরী, সুন্দরীর মাঝখানে পরম সুন্দরী।
কর কমলেতে তার জয়মালা বহে, বিশ্ব বিজয়ের শোভা সমাচ্ছন্ন রহে॥
„ ২ দেহেতে সঙ্কোচ মনে পরম উৎসাহ, সুগভীর প্রেম তার নাহি জানে কেহ।
রামের নিকটে আসি সে রূপ নেহারি, রহে যেন চিত্রাপিত সীতা সুকুমারী॥
„ ৩ দশা দেখি সুচতুরা সখীরা বোঝায়, জয়মাল্য দেও তব রামের গলায়।
শুনিয়া যুগল করে মালাটি উঠায়, প্রেমেতে বিবশ তনু পরাতে না পায়॥
„ ৪ সনাল কমল প্রায় হস্ত শোভা পায়, শশীরে সভয়ে যেন মালাটি পরায়।
এ ছবি দেখিয়া সব সখীগণ গায়, সীতা জয়মালা শোভে রামের গলায়॥
সো ৩২ রঘুবর বক্ষে দেখি জয়মালাখানি, দেবতা বর্ষণ পুষ্প করেন তখনি।
রবির দর্শনে যথা কুমুদ সকল, মহীপাল ছিল যত সঙ্কোচে বিকল॥
চৌ ১ নগরে ও অন্তরীক্ষে বাজিল বাজনা, ম্রিয়মান হল খল সাধু সুখীমনা।
সুর ও কিন্নর নর নাগ ও মুনীষ, জয় জয় কহি দেন সকলে আশিস্॥
„ ২ নাচিছে গাহিছে যত স্বর্গের বধূরা, কুসুম অঞ্জলি দেয় বারংবার তারা।
বেদমন্ত্র বিপ্রগণ গাহে অবিরত, বংশের কীর্তন গানে ভাটগণ রত॥
„ ৩ স্বর্গে মর্ত্যে রসাতলে সংবাদ ব্যাপিল, ধনুর্ভঙ্গ হলে সীতা রামেরে বরিল।
পুর নরনারী করে আরতী তাদের, উপহার দেয় বেশী নিজ সামর্থ্যের॥
„ ৪ সীতারাম যুগ্ম ছবি শোভা অন্ত নাই, আদিরস সুষমাতে যেন এক ঠাঁই।
সখী কহে প্রভু পদ স্পর্শ কর সীতা, চরণ স্পর্শিতে সীতা অতিশয় ভীতা॥

দো ২৬৭ গৌতম পত্নীর মুক্তি করিয়া স্মরণ, স্পর্শিতে না চান সীতা রামের চরণ।
জানকীর অলৌকিক প্রেম অনুমানি, মনে মনে হাস্য করে রঘুকুলমণি॥
চৌ ১ সীতা দেখি কোন নৃপ অভিলাষী মন, মূর্খ মূঢ় কুপুত্রেরা অতি ক্রুদ্ধ হন।
অভাগারা বর্ম পরি মত্ত অতি ঘোরে, বিস্তারিয়া বহ্বাস্ফোট করে বারে বারে॥

চৌ ২ লেহু ছড়াই সীয় কহ কোউ, ধরি বাঁধহু নৃপ বালক দোউ।
তোরেঁ ধনুষু চাড় নহিঁ সরঈ, জীৱত হমহি কুঅঁরি কো বরঈ॥
„ ৩ জৌঁ বিদেহু কছু করৈ সহাঈ, জীতহু সমর সহিত দোউ ভাঈ।
সাধু ভূপ বোলে সুনি বানী, রাজসমাজহি লাজ লজানী॥
„ ৪ বলু প্রতাপু বীরতা বড়াঈ, নাক পিনাকহি সঙ্গ সিধাঈ।
সোই সূরতা কি অব কহু পাঈ, অসি বুধি তো বিধি মুহঁ মসি লাঈ॥

দো ০২৬৮ দেখহু রামহি নয়ন ভরি, তজি ইরিষা মহু কোহু।
লখন রোষু পারকু প্রবল, জানি সলভ জনি হোহু॥
চৌ ০১ বৈনতেয় বলি জিমি হে কাগূ, জিমি সসু চহৈ নাগ অরি ভাগূ।
জিমি চহ কুসল অকারন কোহী, সব সম্পদা চহৈ সিরদ্রোহী॥
„ ২ লোভী লোলুপ কল কীরতি চহঈ, অকলঙ্কতা কি কামী লহঈ।
হরি পদ বিমুখ পরম গতি চাহা, তস তুম্হার লালচু নরনাহা॥
„ ৩ কোলাহলু সুনি সীয় সকানী, সখীঁ লৱাই গঈঁ জহঁ রানী।
রামু সুভায় চলে গুরু পাহীঁ, সিয় সনেহু বরনত মন মাহীঁ॥
„ ৪ রানিন্হ সহিত সোচবস সীয়া, অব ধৌঁ বিধিহি কাহ করনীয়া।
ভূপ বচন সুনি ইত উত তকহীঁ, লখনু রাম ডর বোলি ন সকহীঁ॥

দো ০২৬৯ অরুন নয়ন ভৃকুটী কুটিল, চিতৱত নৃপন্হ সকোপ।
মনহুঁ মত্ত গজগন নিরখি, সিংঘকিসোরহি চোপ॥

পরশুরামের আগমন

চৌ০ ১ খরভরু দেখি বিকল পুর নারীঁ, সব মিলি দেহিঁ মহীপন্হ গারীঁ।
তেহিঁ অৱসর সুনি সিৱ ধনু ভঙ্গা, আয়উ ভৃগুকুল কমল পতঙ্গা॥
„ ২ দেখি মহীপ সকল সকুচানে, বাজ ঝপট জনু লৱা লুকানে।
গৌরি সরীর ভূতি ভল ভ্রাজা, ভাল বিসাল ত্রিপুংড বিরাজা॥
„ ৩ সীস জটা সসিবদনু সুহারা, রিসবস কছুক অরুন হোই আৱা।
ভৃকুটী কুটিল নয়ন রিস রাতে, সহজহুঁ চিতৱত মনহুঁ রিসাতে॥
„ ৪ বৃষভ কন্ধ উর বাহু বিসালা, চারু জনেউ মাল মৃগছালা।
কটি মুনিবসন তূন দুই বাঁধেঁ, ধনু সর কর কুঠারু কল কাঁধেঁ॥

দো০ ২৭০ সান্ত বেষু করনী কঠিন, বরনি ন জাই সরূপ।
ধরি মুনিতনু জনু বীর রসু, আয়উ জহঁ সব ভূপ॥
চৌ০ ১ দেখত ভৃগুপতি বেষু করালা, উঠে সকল ভয় বিকল ভুআলা।
পিতু সমেত কহি কহি নিজ নামা, লগে করন সব দঁড প্রনামা॥

চৌ ২ কেহ কহে বাঁধ দুই রাজার কুমারে, সীতারে কাড়িয়া লও এবে জোর করে।
হরধনু ভাঙ্গিলেই শুধু নাহি হবে, জীবিত থাকিতে মোরা বিবাহ কে দেবে ॥
„ ৩ যদি চ জনক কিছু সহায়তা করে, পরাজিত করি রণে উভয় ভ্রাতারে।
শুনি বহ্বাস্ফোট কহে সাধু নৃপস্থধী, এ রাজ সমাজ দেখি লজ্জা অধমুখী ॥
„ ৪ ধনুর সহিত গেছে বীরত্ব বড়াই, প্রতাপ ও বলবীর্য যাহা ছিল ভাই।
সেই শৌর্য ফিরে পেলে এবে কার কাছে, সাধে কি বিধাতা মুখে মসী লেপিয়াছে ॥

দো ২৬৮ দেখহ শ্রীরামরূপ নয়ন ভরিয়া, হিংসা দ্বেষ অভিমান বর্জন করিয়া।
প্রবল পাবক সম লক্ষ্মণের রোষে, জানি শুনি জ্বলিওনা পতঙ্গের বেশে ॥
চৌ ১ বায়স গরুড় ভাগ চাহে যেইরূপ, শশক সিংহের ভাগ চাহিছে তদ্রূপ।
অকারণে ক্রোধী চায় নিজের কুশল, শিবদ্রোহী চাহিতেছে সম্পদ সকল ॥
„ ২ লোভী ও লোলুপ চাহে সুকীর্তি তাহার, কামী চাহে অকলঙ্ক নাম আপনার।
হরিপদে বিমুখ যে মোক্ষ সেও চায়, তোমাদের ললুপতা তেমনি সীতায় ॥
„ ৩ কোলাহল শুনি সীতা ভীত হন মনে, সখীরা লইয়া চলে রাণী সন্নিধানে।
সীতা প্রেম প্রশংশিয়া মনে মনে রাম, স্বাভাবিক ভাবে তিনি গুরু পাশে যান ॥
„ ৪ রাণীগণ সহ সীতা করেন চিন্তন, না জানি বিধাতা কিবা করেন এখন।
নৃপবাক্য শুনি দেখে চাহি চারিধারে, লক্ষ্মণ রামের ভয়ে কহিতে না পারে ॥

দো ২৬৯ ভ্রূকুঞ্চিত রক্তনেত্র লক্ষ্মণ তখন, সক্রোধে দেখেন চাহি মূর্খ নৃপগণ।
মদমত্ত মাতঙ্গেরে দেখি যেই মত, সিংহের শাবক হয় অতি উত্তেজিত ॥

পরশুরামের আগমন

চৌ ১ নারীরা বিহ্বলা হল এই কোলাহলে, সবে মিলি ধিককারিল মূর্খ নৃপদলে।
হরধনু ভঙ্গ বার্তা শুনি সেইক্ষণে, ভৃগু সরসিজ সূর্য আসেন সেখানে ॥
„ ২ দেখি তারে সর্ব নৃপ সঙ্কুচিত হয়, বাজপক্ষী পক্ষঝাঁটে তিতির লুকায়।
ভস্মলিপ্ত গৌর দেহে কিবা শোভা তাঁর, ত্রিপুণ্ড্র ললাট মাঝে শোভে চমৎকার ॥
„ ৩ শিরে জটা মুখচন্দ্র ক্রোধভরে তাঁর, কিঞ্চিৎ রক্তিম বর্ণ প্রকাশ আভার।
ভ্রূকুটি কুটিল রোষে চক্ষু রক্তান্বিত, ইহাই স্বভাব যেন প্রচণ্ড কুপিত ॥
„ ৪ বৃষস্কন্ধ সুবিশাল বক্ষ বাহু তাঁর, উপবীত মৃগচর্ম পরম শোভার।
কটির বল্কলে বদ্ধ দুটি তূণ তাঁর, হস্তে ধনুর্বাণ স্কন্ধে সুতীক্ষ্ণ কুঠার ॥

দো ২৭০ সন্ত বেশ কিন্তু কর্ম অতীব কঠোর, স্বরূপ বর্ণন করা নহে সাধ্য মোর।
মুনিবেশে বীররস যেন মূর্তিমান, এলেন ভূপেরা যেথা করে অবস্থান ॥
চৌ ১ দেখিয়া প্রচণ্ড সেই ভৃগুপতি রূপ, উঠিয়া দাঁড়ায় সেথা ছিল যত ভূপ।
পিতৃ পরিচয় দিয়া কহে নিজ নাম, দণ্ডবৎ হ'য়ে করে সকলে প্রণাম ॥

চৌ ২ জেহি সুভায়ঁ চিতরহিঁ হিতু জানী, সো জানই জনু আই খুটানী।
জনক বহোরি আই সিরু নারা, সীয় বোলাই প্রণামু করারা॥
„ ৩ আসিষ দীহ্নি সখীঁ হরষানীঁ, নিজ সমাজ লৈ গঈঁ সয়ানীঁ।
বিস্বামিত্র মিলে পুনি আঈ, পদ সরোজ মেলে দোউ ভাঈ॥
„ ৪ রাম লখনু দসরথকে ঢোটা, দীহ্নি অসীস দেখি ভল জোটা।
রামহি চিতই রহে থকি লোচন, রূপ অপার মার মদ মোচন॥

দো° ২৭১ বহুরি বিলোকি বিদেহ সন, কহহু কাহ অতি ভীর।
পূঁছত জানি অজান জিমি, ব্যাপেউ কোপু সরীর॥

চৌ° ১ সমাচার কহি জনক সুনাএ, জেহি কারন মহীপ সব আএ।
সুনত বচন ফিরি অনত নিহারে, দেখে চাপ খণ্ড মহি ডারে॥
„ ২ অতি রিস বোলে বচন কঠোরা, কহু জড় জনক ধনুষ কৈ তোরা।
বেগি দেখাউ মূঢ় ন ত আজূ, উলটউঁ মহি জহঁ লহি তব রাজূ॥
„ ৩ অতি ডরু উত্তরু দেত নৃপু নাহীঁ, কুটিল ভূপ হরষে মন মাহীঁ।
সুরে মুনি নাগ নগর নর নারী, সোচহিঁ সকল ত্রাস উর ভারী॥
„ ৪ মন পছিতাতি সীয় মহতারী, বিধি অব সঁবরী বাত বিগারী।
ভৃগুপতি কর সুভাউ সুনি সীতা, অরধ নিমেষ কলপ সম বীতা॥

দো° ২৭২ সভয় বিলোকে লোগ সব, জানি জানকী ভীরু।
হৃদয়ঁ ন হরষু বিষাদু কছু, বোলে শ্রীরঘুবীরু॥

চৌ° ১ নাথ সম্ভুধনু ভঞ্জনিহারা, হোইহি কেউ এক দাস তুম্হারা।
আয়সু কাহ কহিঅ কিন মোহী, সুনি রিসাই বোলে মুনি কোহী॥
„ ২ সেবকু সো জো করৈ সেবকাঈ, অরি করনী করি করিঅ লরাঈ।
সুনহু রাম জেহিঁ সিবধনু তোরা, সহসবাহু সম সো রিপু মোরা॥
„ ৩ সো বিলগাউ বিহাই সমাজা, ন ত মারে জৈহহিঁ সব রাজা।
সুনি মুনি বচন লখন মুসুকানে, বোলে পরসুধরহি অপমানে॥
„ ৪ বহু ধনুহীঁ তোরীঁ লরিকাঈ, কবহুঁ ন অসি রিস কীহ্নি গোসাঈঁ।
এহি ধনু পর মমতা কেহি হেতূ, সুনি রিসাই কহ ভৃগুকুলকেতূ॥

দো° ২৭৩ রে নৃপ বালক কাল বস, বোলত তোহি ন সঁভার।
ধনুহী সম ত্রিপুরারি ধনু, বিদিত সকল সংসার॥

চৌ° ১ লখন কহা হঁসি হমরেঁ জানা, সুনহু দেব সব ধনুষ সমানা।
কা ছতি লাভু জূন ধনু তোরেঁ, দেখা রাম নয়ন কে ভোরেঁ॥
„ ২ ছুঅত টূট রঘুপতিহু ন দোসূ, মুনি বিনু কাজ করিঅ কত রোসূ।
বোলে চিতই পরসু কী ওরা, রে সঠ সুনেহি সুভাউ ন মোরা॥

চৌ ২ হিত কামনায় যদি কারো প্রতি চান, সেই ভাবে বুঝি তার সমাপ্ত পরাণ।
জনক আসিয়া তবে শির করে নত, সীতারে আনিয়া করে চরণে প্রণত ॥
„ ৩ ভার্গব আশিস্ করে প্রসন্না সখীরা, সুচতুরা লয় নিজ মণ্ডলেতে তারা।
অতঃপর বিশ্বামিত্র মিলিলেন তারে, প্রণাম করান পদে উভয় ভ্রাতারে ॥
„ ৪ দশরথ নৃপ সুত রাম ও লক্ষ্মণ, আশিস করেন দোঁহে হেরি সুলক্ষণ।
রামরূপ দেখি চক্ষু রহে নিমিমেষ, অপার সে রূপ করে কাম গর্ব শেষ ॥
দো ২৭১ চতুর্দিক চাহি কহে জনকে ভার্গব, কি হেতু এ লোকারণ্য কি হেতু উৎসব।
প্রশ্ন করে জানিয়াও অজানার মত, সমগ্র শরীর হল ক্রোধে পরিণত ॥
চৌ ১ জনক শুনান তারে সব সমাচার, নৃপগণ উপস্থিতি কারণ সবার।
শুনিয়া তাহার কথা অন্যত্র নেহারি, দ্বিখণ্ডিত ধনু দেখে ভূমিতলে পড়ি ॥
„ ২ ক্রোধেতে কহেন বাক্য অতি তীব্র স্বরে, কে করিল ধনুর্ভঙ্গ কহ মূর্খ মোরে।
সত্বর দেখাও তারে নতুবা এখনি, তব রাজ্য সীমা পৃথ্বী উলটিব আমি ॥
„ ৩ ভয়েতে জনক মুখে উত্তর না হয়, কুটিল নৃপতি মনে হর্ষ উপজয়।
সুর মুনি নাগ আর পুর নর নারী, ভীতার্ত অতীব হয় রিষ্টি চিন্তাকরি ॥
„ ৪ সীতার মাতার হয় মনস্তাপ আজ, বিধি পণ্ড করে দেখি সুসম্পন্ন কাজ।
ভার্গব স্বভাব শুনি সীতার বিশেষ, মনে হয় কল্প সম অর্দ্ধেক নিমেষ ॥

দো ২৭২ ভীতার্ত দেখিয়া সবে দুঃখী জানকীরে, হরষ-বিষাদ-হীন রাম কহে ধীরে ॥

চৌ ১ হরধনু ভঙ্গ নাথ করিয়াছে যেই, আপনার সেবকের মধ্যে কেহ সেই।
কিবা আজ্ঞা মোরে কেন নাহি প্রকাশেন, ইহা শুনি ক্রোধভরে মুনি কহিলেন ॥
„ ২ সেবক সে সেবা করে ইহাই উচিত, যে করে শত্রুর কর্ম যুদ্ধ সমুচিত।
শুন রাম হরধনু ভঙ্গকারী যেই, সহস্রবাহুর মত মোর শত্রু সেই ॥
„ ৩ হোক সে পৃথক ত্যাগ করি এ সমাজ, নতুবা নৃপের সব রক্ষা নাই আজ।
মুনি বাক্য শুনি মৃদু হাসেন লক্ষ্মণ, পরশু ধারীরে কহে অমানী বচন ॥
„ ৪ বাল্যকালে বহু ধনু ভাঙ্গিয়াছি ভাই, তখন ত এত ক্রোধ করনি গোঁসাই।
এ ধনুর প্রতি এত মমতা কিহেতু, সক্রোধে কহেন তবে ভৃগুকুল-কেতু ॥

দো ২৭৩ রে নৃপ বালক তোর ঘনায়েছে কাল, অসংযত বাক্য কোস্ এমনি বাচাল।
জগত বিখ্যাত ধনু যা ত্রিপুরারির, সাধারণ ধনু সাথে হয় কভু স্থির ॥
চৌ ১ লক্ষ্মণ কহিল হাসি মোর যাহা জ্ঞান, শুন দেব সব ধনু দেখিত সমান।
জীর্ণ ধনু ভঙ্গ করি কিবা ক্ষতি লাভ, রামচন্দ্র নব ভ্রমে ধরেছেন চাপ ॥
„ ২ স্পর্শমাত্র ভাঙ্গিয়াছে রামের কি দোষ, অযথা হে মুনি তুমি করিতেছ রোষ।
কুঠারের পানে চাহি মুনির উত্তর, ওরে মূর্খ জানিসনা স্বভাব কি মোর ॥

চৌ ৩ বালকু বোলি বধউঁ নহিঁ তোহী, কেৱল মুনি জড় জানহি মোহী।
বাল ব্রহ্মচারী অতি কোহী, বিস্ব বিদিত ছত্রিয়কুল দ্রোহী ॥
„ ৪ ভুজবল ভূমি ভূপ বিন্নু কীহ্নী, বিপুল বার মহিদেৱহ্ন দীহ্নী।
সহসবাহু ভুজ ছেদনিহারা, পরসু বিলোকু মহীপকুমারা ॥
দো০ ২৭৪ মাতু পিতহি জনি সোচবস, করসি মহীসকিসোর।
গর্ভহ্ন কে অর্ভক দলন, পরসু মোর অতি ঘোর ॥
চৌ০ ১ বিহসি লখনু বোলে মৃদু বানী, অহো মুনীসু মহা ভটমানী।
পুনি পুনি মোহি দেখাৱ কুঠারূ, চহত উড়াৱন ফূঁকি পহারূ ॥
„ ২ ইহাঁ কুম্হড় বতিয়া কোউ নাহীঁ, জে তরজনী দেখি মরি জাহীঁ।
দেখি কুঠারু সরাসন বানা, মৈঁ কছু কহা সহিত অভিমানা ॥
„ ৩ ভৃগুসুত সমুঝি জনেউ বিলোকী, জো কছু কহহু সহউঁ রিস রোকী।
সুর মহিসুর হরিজন অরু গাঈ, হমরেঁ কুল ইন্হ পর ন সুরাঈ ॥
„ ৪ বধেঁ পাপু অপকীরতি হারেঁ, মারতহূঁ পা পরিঅ তুম্হারেঁ।
কোটি কুলিস সম বচনু তুম্হারা, ব্যর্থ ধরহু ধনু বান কুঠারা ॥

দো০ ২৭৫ জো বিলোকি অনুচিত কহেউঁ, ছমহু মহামুনি ধীর।
সুনি সরোষ ভৃগুবংসমনি, বোলে গিরা গভীর ॥
চৌ০ ১ কোসিক সুনহু মন্দ য়হু বালকু, কুটিল কালবস নিজ কুল ঘালকু।
ভানু বংস রাকেস কলঙ্কূ, নিপট নিরঙ্কুস অবুধ অসঙ্কূ ॥
„ ২ কাল কৱলু হোইহি ছন মাহীঁ, কহউঁ পুকারি খোরি মোহি নাহীঁ।
তুম্হ হটকহু জৌঁ চহহু উবারা, কহি প্রতাপু বলু রোষু হমারা ॥
„ ৩ লখন কহেউ মুনি সুজসু তুম্হারা, তুম্হহি অছত কো বরনৈ পারা।
অপনে মুঁহ তুম্হ আপনি করনী, বার অনেক ভাঁতি বহু বরনী ॥
„ ৪ নহিঁ সন্তোষু ত পুনি কছু কহহূ, জনি রিস রোকি দুসহ দুখ সহহূ।
বীরব্রতী তুম্হ ধীর অছোভা, গারী দেত ন পাৱহু সোভা ॥

দো০ ২৭৬ সূর সমর করনী করহিঁ, কহি ন জনাৱহিঁ আপু।
বিদ্যমান রন পাই রিপু, কায়র কথহিঁ প্রতাপু ॥
চৌ০ ১ তুম্হতৌ কালু হাঁক জনু লাৱা, বার বার মোহি লাগি বোলাৱা।
সুনত লখন কে বচন কঠোরা, পরসু সুধারি ধরেউ কর ঘোরা ॥
„ ২ অব জনি দেই দোসু মোহি লোগূ, কটুবাদী বালকু বধ জোগূ।
বাল বিলোকি বহুত মৈঁ বাঁচা, অব য়হু মরনিহার ভা সাঁচা ॥
„ ৩ কৌসিক কহা ছমিঅ অপরাধূ, বাল দোষ গুন গনহিঁ ন সাধূ।
খর কুঠার মৈঁ অকরুন কোহী, আগেঁ অপরাধী গুরুদ্রোহী।

চৌ ৩ বালক বলিয়া বধ নাহি করি তোরে, রে মূর্খ জানিস্ শুধু মুনি বলি মোরে।
বালব্রহ্মচারী অতি ক্রোধ সমন্বিত, ক্ষত্রকুল দ্রোহী আমি জগত বিদিত ॥

„ ৪ ভুজ বলে ভূমি ভূপ শূন্য করি আর, ব্রাহ্মণেরে ভূমি দান করি বহুবার।
সহস্র বাহুর এই ছেদন কর্তার, সুতীক্ষ্ণ কুঠার দেখ রাজারকুমার ॥

দো ২৭৪ রাজার দুলাল তুমি পিতার মাতার, হয়োনা কারণ তুমি দুর্ভাবনার।
আমার কুঠার এই অতি তীক্ষ্ণধার, গর্ভস্থ শিশুও হয় ইহাতে সংহার ॥

চৌ ১ হাসিয়া লক্ষ্মণ কহে হে মুনি ঈশ্বর, আপনাকে মহাবীর বুঝি মনে কর।
কুঠার দেখাও তুমি তাই বারে বারে, পর্বত উড়াইতে চাহ তোমার ফুৎকারে ॥

„ ২ কুষ্মাণ্ড লতার ন্যায় কেহ নাই হেথা, তর্জনী হেলনে তব মরিবে অযথা।
দেখিয়া কুঠার আর তব শরাশন, দর্প সহ বাণী কিছু করাব শ্রবণ ॥

„ ৩ দেখি উপবীত ভৃগু বংশজাত জানি, তব বাক্য বিনা ক্রোধে সহ্য করি আমি।
দেবতা ব্রাহ্মণ গাভী হরি ভক্তদের, বিদ্বেষ না করে কেহ ইক্ষ্বাকু বংশের ॥

„ ৪ কেননা বধিলে পাপ, অপকীর্তি হারি, আমারে বধিলে তবু পা ধরিতে পারি।
কোটি বজ্রসম মুনি বচন তোমার, কেন বৃথা ধনু ধর এবং কুঠার ॥

দো ২৭৫ যাহা দেখি যদি কিছু অনুচিত বলি, ক্ষমা কোরো মুনিবর তুমি ধৈর্যশালী।
ইহা শুনি মহা ক্রোধে ভৃগু বংশ-মণি, পরম গম্ভীর ভাবে কহেন তখনি ॥

চৌ ১ হে কৌশিক শুন তুমি মন্দ এ বালক, কুটিল কালের বশ স্বকুল নাশক।
চন্দ্ররূপী সূর্যবংশে দারুন কলঙ্ক, অতীব অবাধ্য হঠ প্রচণ্ড নিঃশঙ্ক ॥

„ ২ কালের কবলে যাবে মুহূর্তেক পরে, মোর দোষ নাহি দিও কহি স্পষ্ট করে।
নিষেধ করহ যদি বাঁচাইতে চাহ, কহি বল বীর্য মোর ক্রোধ জাত দাহ ॥

„ ৩ লক্ষ্মণ কহেন মুনি তব যশোগানে, সমর্থ হইবে কেবা তুমি বর্তমানে।
নিজমুখে বহুবার করেছো বর্ণনা, আপনার কর্ম কথা যা কিছু ঘটনা ॥

„ ৪ সন্তোষ না হ'লে পুনঃ কহ আরবার, ক্রোধ চাপি কি কারণে দুঃখ সহ তার।
বীরত্বের ব্রতধারী ধীর ক্ষোভহীন, ভর্ৎসনা তোমার মুখে নহে সমীচীন ॥

দো ২৭৬ শূর যে সে রণক্ষেত্রে দেখায় বীরত্ব, প্রচার না করে বাক্যে নিজের মহত্ত্ব।
পাইয়া শত্রুর দেখা যেবা রণস্থলে, দম্ভের প্রকাশ করে কাপুরুষ বলে।

চৌ ১ কালেরে আহ্বান কর যেন উচ্চৈস্বরে, শুনিতেছি বারবার শুধু মোর তরে।
শুনিয়া কঠোর এই লক্ষ্মণের বাণী, ধরেন ভার্গব করে সে কুঠারখানি ॥

„ ২ দোষ যেন নাহি দেয় কেহ মোরে এবে, বধযোগ্য এ বালক কটুবাক্য সেবে।
বালক দেখিয়া আমি বাঁচায়েছি এরে, সত্য এবে আসিয়াছে মরণের তরে ॥

„ ৩ কৌশিক কহেন ক্ষম অপরাধ এর, দোষ গুণ নাহি ধরে সাধু বালকের।
অকরুণ রোষ হস্তে সুতীক্ষ্ণ কুঠার, গুরু দ্রোহী অপরাধী সম্মুখে আমার ॥

চৌ ৪ উতর দেত ছোড়উঁ বিনু মারেঁ, কেবল কৌসিক সীল তুম্হারেঁ।
ন ত এহি কাটি কুঠার কঠোরেঁ, গুরহি উরিন হোতেউঁ শ্রম থোরেঁ।

দো০ ২৭৭ গাধিসূনু কহ হৃদয় হঁসি, মুনিহি হরিঅরই সূঝ।
অয়ময় খাঁড় ন উখময়, অজহুঁ ন বূঝ অবূঝ ॥

চৌ০ ১ কহেউ লখন মুনি সীলু তুম্হারা, কো নহিঁ জানি বিদিত সংসারা।
মাতা পিতহি উরিন ভএ নীকেঁ, গুর রিনু সোচু বড় জীকেঁ ॥

„ ২ সো জনু হমরেহি মাথে কাঢ়া, দিন চলি গএ ব্যাজ বড় বাঢ়া।
অব আনিঅ ব্যবহরিআ বোলী, তুরত দেউঁ মৈঁ থৈলী খোলী ॥

„ ৩ সুনি কটুবচন কুঠার সুধারা, হায় হায় সব সভা পুকারা।
ভৃগুবর পরসু দেখাবহু মোহী, বিপ্র বিচারি বচউঁ নৃপদ্রোহী ॥

„ ৪ মিলে ন কবহুঁ সুভট রন গাঢ়ে, দ্বিজ দেবতা ঘরহি কে বাঢ়ে।
অনুচিত কহি সব লোগ পুকারে, রঘুপতি সয়নহিঁ লখনু নেবারে ॥

দো০ ২৭৮ লখন উত্তর আহুতি সরিস, ভৃগুবর কোপু কৃসানু।
বঢ়ত দেখি জল সম বচন, বোলে রঘুকুল ভানু ॥

চৌ০ ১ নাথ করহু বালক পর ছোহূ, সূধ দূধমুখ করিঅ ন কোহূ।
জৌঁপৈ প্রভু প্রভাউ কছু জানা, তৌ কি বরাবরি করত অয়ানা ॥

„ ২ জৌঁ লরিকা কছু অচগরি করহীঁ, গুর পিতু মাতু মোদ মন ভরহীঁ।
করিঅ কৃপা সিসু সেবক জানী, তুম্হ সম সীল ধীর মুনি গ্যানী

„ ৩ রাম বচন সুনি কছুক জুড়ানে, কহি কছু লখনু বহুরি মুসুকানে।
হঁসত দেখি নখ সিখ রিস ব্যাপী, রাম তোর ভ্রাতা বড় পাপী ॥

„ ৪ গৌর সরীর স্যাম মন মাহীঁ, কাল কূট মুখ পয়মুখ নাহীঁ।
সহজ টেঢ় অনুহরই ন তোহী, নীচু মীচু সম দেখ ন মোহী ॥

দো০ ২৭৯ লখন কহেউ হঁসি সুনহু মুনি, ক্রোধু পাপ কর মূল।
জেহি বস জন অনুচিত করহিঁ, চরহিঁ বিস্ব প্রতিকূল ॥

চৌ০ ১ মৈঁ তুম্হার অনুচর মুনিরায়া, পরিহরি কোপু করিঅ অব দায়া।
টুট চাপ নহিঁ জুরি হি রিসানে, বৈঠিঅ হোইহিঁ পায় পিরানে ॥

„ ২ জৌঁ অতি প্রিয় তৌ করিঅ উপাঈ, জোরিঅ কোউ বড় গুনী বোলাঈ।
বোলত লখনহিঁ জনকু ডেরাহীঁ, মষ্ট করহু অনুচিত ভল নাহীঁ ॥

চৌ ৪ উত্তর দিতেছে তবু নাহি হত্যা করি, সে কেবল হে কৌশিক মর্যাদা তোমারি।
নতুবা কুঠারাঘাতে খণ্ড করিতাম, বিনাশ্রমে গুরু কাছে অঋণী হতাম ॥

দো ২৭৭ গাধির নন্দন হাসি ভাবেন মনেতে, ভার্গব হরিরে দেখে অরি প্রকারেতে।
হরধনু ভঙ্গ করে ইক্ষু দণ্ড প্রায়, তথাপি অবুঝ তাঁরে বুঝিতে না পায় ॥

চৌ ১ লক্ষ্মণ কহেন মুনি স্বভাব তোমার, কেবা নাহি জানে কহ বিদিত সংসার।
পিতৃমাতৃ ঋণ মুক্ত উত্তম রূপেতে,* গুরু ঋণ আছে বুঝি তাই দুখ চিতে ॥

" ২ সেই ঋণ যেন আজ মস্তক আমার, বহুদিন গত হ'ল সুদ গুরুভার।**
হিসাব কারীরে ডাক হে মুনি সত্বর, শুধিব সমস্ত ঋণ থলি খুলি মোর ॥

" ৩ লক্ষ্মণের কটুবাক্য শুনিয়া ভার্গব, কুঠার উদ্যত করে ওঠে হায় রব।
দেখাও কুঠার মোরে হে ভার্গব মুনি, বিপ্র বলি রাজদ্রোহী রক্ষা পাও তুমি ॥

" ৪ সংগ্রামে মেলেনি বীর যবে যুদ্ধ কর, হে দেব ব্রাহ্মণ তুমি ঘরেতেই বড়।
চিৎকারি কহিল সবে ইহা অনুচিত, লক্ষ্মণে করেন রাম নিষেধ ইঙ্গিত ॥

দো ২৭৮ লক্ষ্মণ উত্তর যত আহুতি সমান, পরশুরামের ক্রোধ হয় বহ্নিমান।
বারি সম স্নিগ্ধ শান্ত শীতল বচনে, রঘুকুল সূর্য রাম কহে ভৃগুসনে ॥

চৌ ১ হে নাথ বালক লাগি মাগি ভিক্ষা আজি, দুগ্ধপোষ্য বালকেরে ক্ষম ক্রোধ ত্যজি।
কিছুমাত্র জানিলেও প্রভাব তোমার, প্রতিদ্বন্দ্বী হইবার সাহস কি তার ॥

" ২ শিশু যবে চপলতা দেখায় তাহার, হর্ষে গুরুমন ভরে পিতার মাতার।
ক্ষমা কর এ শিশুরে তব ভৃত্য জানি, তোমা সম শীলব্রত ধীর মুনি জ্ঞানী ॥

" ৩ রামবাক্য শুনি মুনি কিছু শান্ত হন, মৃদু হাস্য করে শুনি তখন লক্ষ্মণ।
আপাদমস্তক জ্বলে হাস্য দেখি তার, রামে কহে অতিপাপী ভ্রাতাটি তোমার ॥

" ৪ গৌর তনু মন তবু অন্ধকার হয়, পয়োমুখী নহে এ তো মুখ বিষময়।
স্বভাবে কুটিল নহে অনুবর্ত্তী তোর, নীচ নাহি মানে মোরে মৃত্যু সম ঘোর ॥

দো ২৭৯ লক্ষ্মণ কহেন মুনি করহ শ্রবণ, পাপ মূল হয় ক্রোধ জান বিলক্ষণ।
যার বশে বহুলোক বিশ্ব প্রতিকূল, অনুচিত কর্ম করে মোহ সমাকুল ॥

চৌ ১ আমাকে সেবক জানি গুহে শ্রেষ্ঠ যতি, ক্রোধ ত্যজি কর কৃপা এবে মোর প্রতি।
ভগ্ন ধনু ক্রোধ দ্বারা জোড়া নাহি যায়, আসন গ্রহণ কর ব্যথা পাবে পায় ॥

" ২ ধনু যদি অতি প্রিয় করহ উপায়, ডাকিয়া উত্তম শিল্পী ধনু জোড়া যায়।
লক্ষ্মণের বাক্য শুনি জনকের ভয়, কহিওনা হেন কথা অনুচিত হয় ॥

---

* মাতার শিরচ্ছেদের শ্লেষ বাক্য।

** অর্থ তুমি আমার প্রতিযোদ্ধা নহ, তোমার গুরুকে (মহাদেবকে) ডাকিয়া আন, তাহার সহিত বোঝাপড়া করিব ॥

† ঘরেতে মাতার শিরচ্ছেদ করিয়াছিলে অতএব সেই স্থানেই তোমার বীরত্ব !

চৌ ৩ থর থর কাঁপহিঁ পুর নর নারী, ছোট কুমার খোট বড় ভারী।
ভৃগুপতি সুনি সুনি নিরভয় বানী, রিস তন জরই হোই বল হানী॥
„ ৪ বোলে রামহি দেই নিহোরা, বচউঁ বিচারি বন্ধু লঘু তোরা।
মনু মলীন তনু সুন্দর কৈসেঁ, বিষ রস ভরা কনক ঘট্ জৈসেঁ॥
দো ২৮০ সুনি লছিমন বিহসে বহুরি, নয়ন তরেরে বাম।
গুরু সমীপ গরনে সকুচি, পরিহরি বানী বাম॥
চৌ ১ অতি বিনীত মৃদু সীতল বানী, বোলে রামু জোরি জুগ পানী।
সুনহু নাথ তুম্হ সহজ সুজানা, বালক বচনু করিঅ নহিঁ নাকা॥
„ ২ বররৈ বালকু একু সুভাউ, ইন্হহি ন সন্ত বিদূসহিঁ কাউ।
তেহিঁ নাহীঁ কছু কাজ বিগারা, অপরাধী মৈ নাথ তুম্হারা॥
„ ৩ কৃপা কোপু বধু বঁধব গোসাঈঁ, মো পর করিঅ দাস কী নাঈঁ।
কহিঅ বেগি জেহি বিধি রিসজাঈ, মুনিনায়ক সোই করৌঁ উপাঈ॥
„ ৪ কহ মুনি রাম জাই রিস কৈসেঁ, অজহুঁ অনুজ তব চিতব অনৈসেঁ।
এহি কেঁ কণ্ঠ কুঠারু ন দীহ্না, তৌ মৈঁ কাহ কোপু করি কীহ্না॥
দো ২৮১ গর্ভ স্রবহিঁ অবনপি রবনি, সুনি কুঠার গতি ঘোর।
পরসু অছত দেখউঁ জিঅত, বৈরি ভূপকিসোর॥
চৌ ১ বহই ন হাথু দহই রিস ছাতী, ভা কুঠারু কুণ্ঠিত নৃপঘাতী।
ভয়উ বাম বিধি ফিরেউ সুভাউ, মোরে হৃদয়ঁ কৃপা কসি কাউ॥
„ ২ আজু দয়া দুখু দুসহ সহারা, সুনি সৌমিত্রি বিহসি সিরু নারা।
বাউ কৃপা মূরতি অনুকূলা, বোলত বচন ঝরত জনু ফুলা॥
„ ৩ জৌঁপৈ কৃপাঁ জরিহিঁ মুনি গাতা, ক্রোধ ভএ তনু রাখ বিধাতা।
দেখু জনক হঠি বালক এহূ, কীহ্ন চহত জড় জমপুর গেহূ॥
„ ৪ বেগি করহ কিন আঁখিন্হ ওটা, দেখত ছোট খোট নৃপ ঢোটা।
বিহসে লখনু কহা মন মাহীঁ মূদেঁ আঁখি কতহুঁ কোউ নাহীঁ॥
দো ২৮২ পরসুরামু তব রাম প্রতি, বোলে উর অতি ক্রোধু।
সম্ভু সরাসনু তোরি সঠ, করসি হমার প্রবোধু॥
চৌ ১ বন্ধু কহই কটু সম্মত তোরেঁ, তূ ছল বিনয় করসি কর জোরে।
করু পরিতোষু মোর সংগ্রামা, নাহিঁ ত ছাড় কাহাউব রামা॥
„ ২ ছলু তজি করহি সমরু সিবদ্রোহী, বন্ধু সহিত ন ত মারউঁ তোহী।
ভৃগুপতি বকহিঁ কুঠার উঠাএঁ, মন মুসুকাহিঁ রামু সির নাএঁ॥

চৌ ৩ থরথরি কম্পমান পুর নর নারী, কনিষ্ঠ কুমারে ভাবে ছেলে দুষ্ট ভারী।
ভৃগুপতি শুনি তার নির্ভীক সে বাণী, ক্রোধে কম্পমান দেহে হয় বল হানি॥
„ ৪ রামের সন্তুষ্টি লাগি কহেন রামকে, তোমার কনিষ্ঠ বলি রক্ষা করি একে।
স্বর্ণকুম্ভ বিষরস পরিপূর্ণ যথা, তেমনি মলিন মন তনু সুন্দরতা॥
দো ২৮০ শুনিয়া লক্ষ্মণ পুনঃ মৃদু হাস্য করে, তির্যক দৃষ্টিতে রাম চাহে তার পরে।
লক্ষ্মণ সঙ্কোচ মানি গুরু পাশে যায়, বিরুদ্ধ বচন বলা তবে ক্ষান্ত দেয়॥
চৌ ১ অতীব বিনীত মৃদু শীতল বচনে, জোড় হস্তে কহে রাম ভার্গবের সনে।
স্বভাবত বিজ্ঞ প্রভু তুমি বুদ্ধিমান, বালক বচনে নাথ নাহি দিও কান॥
„ ২ বরটা* বালক উভে এক স্বভাবের, সাধুগণ নাহি করে দ্বেষ ইহাদের।
অধিকন্তু আমি দোষী আপনার কাছে, লক্ষ্মণ ত কোন দোষ নাহি করিয়াছে॥
„ ৩ কৃপা ক্রোধ মৃত্যু কিংবা বন্ধন নিগড়, দাস মনে করি কর আমার উপর।
যে প্রকারে তব ক্রোধ দূরীভূত হয়, কহ মুনিরাজ তাহা করিব উপায়॥
„ ৪ মুনি কহে কি প্রকারে কহ ক্রোধ যায়, বক্র দৃষ্টি হানি তব ভ্রাতাটি তাকায়।
কণ্ঠে এর নাহি দিলে সুতীক্ষ্ণ কুঠার, কি হবে করিয়া ক্রোধ চিত্তেতে আমার॥

দো ২৮১ ভয়ঙ্কর কর্ম শুনি সেই কুঠারের, গর্ভপাত হয় যত রাজপত্নীদের।
সে কুঠার হস্তে মোর তথাপি জীবিত, শত্রু মোর রাজপুত্র অতি দুর্বিনীত॥

চৌ ১ অবসন্ন হস্ত ক্রোধে জ্বলিছে অন্তর, সঙ্কুচিত নৃপঘাতী সে কুঠার মোর।
বিধাতা বিমুখ মোরে কি করে সম্ভবে, স্বভাব বিরুদ্ধ মোর দয়া করি এবে॥
„ ২ বিধাতা দুঃসহ দুঃখ দেন এই মত, হাসিয়া লক্ষ্মণ কহে শির করি নত।
হে নাথ স্বয়ং তুমি দয়া মূর্তিমান, বাক্যে যেন পুষ্প ঝরে বৃষ্টির সমান॥
„ ৩ মুনিরাজ দয়া যদি শরীর জ্বালায়, ক্রোধে রক্ষা করে বুঝি দেহ বিধাতায়।
দেখহ জনক এই হঠ বালকেরে, শমন ভবনে চাহে বাস করিবারে॥
„ ৪ কেন এরে নাহি লও চক্ষু অন্তরালে, কনিষ্ঠ কুমার বুঝি দুর্দৈব বাধালে।
হাসিয়া লক্ষ্মণ কহে ঢাকনা নয়ন, নয়ন মুদিলে হবে অদর্শন॥

দো ২৮২ ভার্গব কহেন ক্রোধে তখন রামেরে, হরধনু ভাঙ্গি দেহ সান্ত্বনা আমারে॥

চৌ ১ তোর ভ্রাতা কহে কটু সম্মতিতে তোরি, দেখাস বিনয় ছলে দুই কর জুড়ি।
পরিতুষ্ট কর মোরে করিয়া সংগ্রাম, নচেৎ বর্জন কর তোর রাম নাম॥
„ ২ ছল ত্যজি যুদ্ধ কর শিবদ্রোহী ওরে, নতুবা ভ্রাতার সাথে বধ করি তোরে।
কুঠার উদ্যত করি ভৃগুপতি ভাষে, মাথা নত করি রাম মনে মনে হাসে॥

---

* বরটা (সং) = বোল্‌তা (বাং)

চৌ ৩ শুনহ লখন কর হম পর রোষু, কতহুঁ সুধাইহু তে বড় দোষু।
টেঢ় জানি সব বন্দই কাহু, বক্র চন্দ্রমহি গ্রসই ন রাহু॥
„ ৪ রাম কহেউ রিস তজিঅ মুনীসা, কর কুঠারু আগেঁ য়হ সীসা।
জেহিঁ রিস জাই করিঅ সোই স্বামী, মোহি জানিঅ আপন অনুগামী॥
দো ২৮৩ প্রভুহি সেবকহি সমরু কস, তজহু বিপ্রবর রোসু।
বেষু বিলোকেঁ কহেসি কছু, বালকহু নহিঁ দোসু॥
চৌ ১ দেখি কুঠার বান ধনু ধারী, ভৈ লরিকহি রিস বীরু বিচারী।
নামু জান পৈ তুম্হহি ন চীহ্না, বংস সুভায় উতরু তেহিঁ দীহ্না॥
„ ২ জৌঁ তুম্হ ঔতেহু মুনি কী নাঈঁ, পদ রজ সিরসিসু ধরত গোসাঈঁ।
ছমহু চূক অনজানত কেরী, চহিঅ বিপ্র উর কৃপা ঘনেরী॥
„ ৩ হমহি তুম্হহি সরিবরি কসি নাথা, কহহু ন কহাঁ চরন কহঁ মাথা।
রাম মাত্র লঘু নাম হমারা, পরসু সহিত বড় নাম তোহারা॥
„ ৪ দেব একু গুনু ধনুষ হমারেঁ, নব গুন পরম পুনীত তুম্হারেঁ।
সব প্রকার হম তুম্হ সন হারে, ছমহু বিপ্র অপরাধ হমারে॥

দো ২৮৪ বার বার মুনি বিপ্রবর, কহা রাম সন রাম।
বোলে ভৃগুপতি সরুষ হুই, তহূঁ বন্ধু সম বাম॥
চৌ ১ নিপটহিঁ দ্বিজ করি জানহি মোহী, মৈঁ জস বিপ্র সুনাবউঁ তোহী।
চাপ স্রুবা সর আহুতি জানূ, কোপু মোর অতি ঘোর কৃসানু॥
„ ২ সমিধি সেন চতুরঙ্গ সুহাঈ, মহা মহীপ ভএ পসু আঈ।
মৈঁ এহিঁ পরসু কাটি বলি দীহ্নে, সমর জগ্য জপ কোটিহ্ন কীহ্নে॥
„ ৩ মোর প্রভাউ বিদিত নহিঁ তোরেঁ, বোলসি নিদরি বিপ্রকে ভোরেঁ।
ভঞ্জেউ চাপু দাপু বড় বাঢ়া, অহমিতি মনহুঁ জীতি জগু ঠাঢ়া॥
„ ৪ রাম কহা মুনি কহহু বিচারী, রিস অতি লঘু চূক হমারী।
ছুঅতহিঁ টূট পিনাক পুরানা, মৈঁ কেহি হেতু করৌঁ অভিমানা॥

দো ২৮৫ জৌঁ হম নিন্দরহিঁ বিপ্রবদি, সত্য সুনহু ভৃগুনাথ।
তৌ অস কো জগ সুভটু জেহি, ভয় বস নারহিঁ মাথ॥
চৌ ১ দেব দনুজ ভূপতি ভট নানা, সমবল অধিক হোউ বলবানা।
জৌঁ রন হমহি পচারৈ কোউ, লরহিঁ সুখেন কালু কিন হোউ॥
„ ২ ছত্রিয় তনু ধরি সমর সকানা, কুল কলঙ্কু তেহিঁ পাবঁর আনা।
কহউঁ সুভাউন কুলহি প্রসংসী, কালহু ডরহিঁন রন রঘুবংসী॥
„ ৩ বিপ্রবংস কৈ অসি প্রভুতাঈ, অভয় হোই জো তুম্হহি ডেরাঈ।
সুনি মৃদু গূঢ় বচন রঘুপতি কে, উঘরে পটল পরসুধর মতি কে॥

চৌ ৩ অপরাধ লক্ষ্মণের ক্রোধ মোর পরে, সরলতা কিছু স্থানে দোষ হয়ে পড়ে।
বক্র দেখি শঙ্কা করে কেহবা তাহারে, বক্র চন্দ্রে রাহু কভু গ্রাস নাহি করে॥

„ ৪ কহে রাম ত্যজ ক্রোধ হে মুনি ঈশ্বর, হস্তেতে কুঠার তব শির নত মোর।
যাতে তব ক্রোধ যায় তাই কর স্বামী, জানিয়ো আমারে তব অতি অনুগামী॥

দো ২৮৩ সেবক স্বামীর সাথে রণ কি সম্ভব, বিপ্রশ্রেষ্ঠ কৃপা করি রোষ ত্যজ তব।
বীরবেশ রূপ দেখি বালক তোমার, বলিয়াছে কিছু কথা দোষ কি তাহার॥

চৌ ১ দেখি ধনুর্বাণ আর কুঠার ধারণ, বীর ভাবি বালকের ক্রোধের কারণ।
নাম জানে তোমাসাথে নাহি পরিচয়, ক্ষত্রিয় বংশের গুণে উত্তর সে দেয়॥

„ ২ যদি মুনি বেশে তুমি আসিতে হেথায়, তব পদরজ সে ত ধরিত মাথায়।
ক্ষমা কর অজানিতে অপরাধী তাকে, দ্বিজের হৃদয়ে দয়া পর্যাপ্তই থাকে॥

„ ৩ তোমার আমার সাথে তুলনা কি হয়, কোথায় মস্তক আর কোথা পদদ্বয়।
মোর নাম লঘু অতি দু অক্ষরে রাম, বহৎ পরশু সাথে যুক্ত তব নাম॥

„ ৪ হে দেব আমার ধনু একগুণ তা'তে, নবগুণ রহে জানি তব উপবীতে।
সর্ব প্রকারেই আমি হীন তব কাছে, ক্ষম বিপ্র অপরাধ যাহা মোর আছে॥

দো ২৮৪ বিপ্রশ্রেষ্ঠ মুনিশ্রেষ্ঠ কহে বার বার, পরশু-রামেরে রাম এতেক প্রকার।
ভৃগুপতি কহে তা'তে অতি ক্রোধ ভরে, কুটিল ভ্রাতার সম দেখি আমি তোরে॥

চৌ ০১ শুধু মাত্র বিপ্র বলি জানিস আমারে, কিরূপ ব্রাহ্মণ আমি শুনাইব তোরে।
ধনুক যজ্ঞের পাত্র শর সে আহুতি, কোপ মোর যজ্ঞাগ্নির ভীষণ প্রকৃতি॥

„ ২ চতুরঙ্গ রম্য সেনা সমিধ যজ্ঞের, সেই যজ্ঞে বলি পশু রাজন্যবর্গের।
এ কুঠারে বলি আমি তাদের দিয়াছি, সমর যজ্ঞের জপ কোঠি করিয়াছি॥

„ ৩ আমার প্রভাব তুই কিছুই না জানি, অনাদরে কথা কোস্ শুধু বিপ্র মানি।
হরধনু ভঙ্গ করি দর্প বাড়িয়াছে, অহঙ্কারে যেন ধরা জয়ি দাঁড়ায়েছে॥

„ ৪ হে মুনি কহেন রাম বলুন বিচারি, অতিশয় ক্রোধ তব ক্ষুদ্র দোষ মোরি।
ছুঁতে নাহি ছুঁতে ভাঙ্গে পিণাক পুরাণ, কোথায় দেখিলে তুমি মোর অভিমান॥

দো ০২৮৫ অনাদর করি যদি বলিয়া ব্রাহ্মণ, সত্য কহি ভৃগুনাথ আছে কোন জন।
এ জগতে হেন যোদ্ধা যার ভয়ে মম, মস্তক হইবে নত কাপুরুষ সম॥

চৌ ০১ দেবতা দানব নৃপ যোদ্ধা অগণিত, সমবল কিংবা যদি অধিক বর্দ্ধিত।
যদি কেহ দর্প ভরে সমরে আহ্বানে, হোন 'কাল' সুখে যুদ্ধ করি তার সনে॥

„ ২ ক্ষত্রিয়ের দেহ ধরি যে ভীত সংগ্রামে, কুলের কলঙ্ক সে ত পামর সে নামে।
স্বভাব কহিছি কুল প্রশংসা না করে, রঘুবংশী কালেরেও সমরে না ডরে॥

„ ৩ ব্রাহ্মণ বংশের হয় এরূপ মহিমা, যিনি ভীত বিপ্র কাছে সে নির্ভয়মনা।
শুনিয়া নিগূঢ় মৃদু বচন রামের, যবনিকা মুক্ত বুদ্ধি পরশুরামের॥

চৌ ৪ রাম রমাপতি কর ধনু লেহূ, খৈঞ্চহু মিটৈ মোর সন্দেহূ।
দেত চাপু আপুহিঁ চলি গয়উ, পরসুরাম মন বিসময় ভয়উ ॥

দো ২৮৬ জানা রাম প্রভাউ তব, পুলক প্রফুল্লিত গাত।
জোরি পানি বোলে বচন, হৃদয়ঁ ন প্রেমু অমাত ॥

চৌ ১ জয় রঘুবংস বনজ বন ভানূ, গহন দনুজ কুল দহন কৃসানূ।
জয় সুর বিপ্র ধেনু হিতকারী, জয় মদ মোহ কোহ ভ্রম হারী ॥
„ ২ বিনয় সীল করুনা গুন সাগর, জয়তি বচন রচনা অতি নাগর।
সেবক সুখদ সুভগ সব অঙ্গা, জয় সরীর ছবি কোটি অনঙ্গা ॥
„ ৩ করৌঁ কাহ মুখ এক প্রসংসা, জয় মহেস মন মানস হংসা।
অনুচিত বহুত কহেউঁ অগ্যাতা, ছমহু ছমামন্দির দোউ ভ্রাতা ॥
„ ৪ কহি জয় জয় জয় রঘুকুল কেতূ, ভৃগুপতি গএ বনহি দপ হেতূ।
অপভয়ঁ কুটিল মহীপ ডেরানে, জহঁ তহঁ কায়র গবঁহিঁ পরানে ॥

দো ২৮৭ দেবন্হ দীন্হীঁ দুন্দুভীঁ, প্রভু পর বরষহিঁ ফুল।
হরষে পুর নর নারি সব, মিটী মোহময় সূল ॥

জনক দূতের অযোধ্যায় আগমন

চৌ ১ অতি গহগহে বাজনে বাজে, সবহিঁ মনোহর মঙ্গল সাজে।
জূথ জূথ মিলি সুমুখি সুনয়নীঁ, করহিঁ গান কল কোকিল বয়নীঁ ॥
„ ২ সুখু বিদেহ কর বরনি ন জাঈ, জন্মদরিদ্র মনহুঁ নিধি পাঈ।
বিগত ত্রাস ভই সীয় সুখারী, জনু বিধু উদয়ঁ চকোর কুমারী ॥
„ ৩ জনক কীন্হ কৌসিকহি প্রনামা, প্রভু প্রসাদ ধনু ভঞ্জেউ রামা।
মোহি কৃতকৃত্য কীন্হ দুহুঁ ভাঈ, অব জো উচিত সো কহিঅ গোসাঈঁ।
„ ৪ কহ মুনি সুনু নর নাথ প্রবীনা, রহা বিবাহু চাপ আধীনা।
টুটতহীঁ ধনু ভয়উ বিবাহূ, সুর নরনাগ বিদিত সব কাহূ ॥

দো ২৮৮ তদপি জাই তুম্হ করহু অব, জথা বংস ব্যবহারু।
বূঝি বিপ্র কুলবৃদ্ধ গুর বেদ, বিদিত আচারু ॥

চৌ ১ দূত অবধপুর পঠবহু জাঈ, আনহিঁ নৃপ দশরথহি বোলাঈ।
মুদিত রাউ কহি ভলেহিঁ কৃপালা, পঠএ দূত বোলি তেহি কালা ॥
„ ২ বহুরি মহাজন সকল বোলাএ, আই সবন্হি সাদর সির নাএ।
হাট বাট মন্দির সুরবাসা, নগরু সঁবারহু চারিহুঁ পাসা ॥
„ ৩ হরষি চলে নিজ নিজ গৃহ আএ, পুনি পরিচারক বোলি পঠাএ।
রচহু বিচিত্র বিতান বনাঈ, সির ধরি বচন চলে সচু পাঈ ॥

চৌ ৪ রমাপতি ধনু রাম করে তুলে লহ, আকর্ষণ করি এরে ঘুচাও সন্দেহ।
দিবার পূর্বেই ধনু রাম হস্তে যায়, ভৃগুপতি মনে লাগে বিষম বিস্ময়॥

দো ০২৮৬ জানিল প্রভাব সব তখন রামের, গাত্র পুলকিত হল পরশু-রামের।
দুই কর জুড়ি তবে কহেন বচন, হৃদয়ে প্রেম না ধরে প্রেমে নিমজ্জন॥

চৌ ০১ জয় রঘুবংশ সূর্য কমল কাননে, দাবানল দৈত্য বংশ অরণ্য দহনে।
জয় দেববিপ্র ধেনু তুমি হিতকারী, জয় জয় মদ মোহ ক্রোধ ধ্বংস-কারী॥

„ ২ করুণা সাগর কৃপা শীল গুণময়, বচন রচনা পটু জয়তি তোমায়।
সেবক সুখদ তুমি সর্বাঙ্গে সুরূপ, শরীর সৌন্দর্য শোভা কোটি কাম রূপ॥

„ ৩ কত বা প্রশংসা করি এক মুখে আমি, মহেশ মানস হংস জয় হোক স্বামী।
বহু অনুচিত বাক্য কহেছি অজ্ঞানে, ক্ষমার মন্দির ক্ষম ভ্রাতা দুই জনে॥

„ ৪ কহি জয় জয় জয় রঘুকুল কেতু, যান বনে ভৃগুপতি তপস্যার হেতু।
অযথা হইয়া ভীত কাপুরুষ যত, নৃপেরা যেখানে হয় পলায়নে রত॥

দো ০২৮৭ দেবেরা প্রভুর পরে পুষ্পবৃষ্টি করে, দুন্দুভির বাদ্য বাজে চতুর্দিক ধরে।
পুর নরনারী সবে অতি হর্ষান্বিত, মোহময় শূল ব্যথা হল বিদূরিত॥

জনক দূতের অযোধ্যায় আগমন

চৌ ০১ বাদ্যে মুখরিত হল রাজ্যে সর্বস্থান, সকলে মঙ্গল বেশ করে পরিধান।
সুন্দরীরা সুনয়না সুসম্বদ্ধ ভাবে, গান করে কলকণ্ঠে পিককণ্ঠি সবে॥

„ ২ জনক সুখের কথা কি বর্ণিব আর, জন্ম দুঃখী পায় যেন পূর্ণ কোষাগার।
চকোর বালিকা যথা সুখী চন্দ্রোদয়ে, সীতা সুখী সেই মত হলেন নির্ভয়ে॥

„ ৩ জনক করেন তবে কৌশিকে প্রণাম, প্রভুর কৃপায় ধনু ভঙ্গ করে রাম।
কৃতার্থ করেন মোরে এরা দুই ভাই, এখন উচিত যাহা বলুন গোঁসাই॥

„ ৪ কহে মুনি নরনাথ শুন হে প্রবীন, সীতার বিবাহ ছিল ধনুর অধীন।
ধনুক হয়েছে ভঙ্গ বিবাহ সমাধা, দেব নর নাগ জানে কিবা আর বাধা॥

দো ০২৮৮ তথাপি যাইয়া তুমি কুলগুরু কাছে, বিপ্রে বৃদ্ধে জিজ্ঞাসিবে রীতি যাহা আছে।
করহ সম্পন্ন তুমি কুলাচার যত, বৈদিক বিধান আর অনুষ্ঠান মত॥

চৌ ০১ অযোধ্যা পুরীতে দূত পাঠাও এখনি, দশরথ নৃপে হেথা আন আমন্ত্রনি।
আনন্দিত রাজা কহে প্রস্তাব উত্তম, দূতে ডাকি আজ্ঞা দেন করিতে গমন॥

„ ২ তৎপরে ডাকেন যত ছিল মহাজন, মস্তক আনত সবে আসিল তখন।
পথ ঘাট দেবালয় মন্দির সত্বর, নগরের চতুর্দিক সুসজ্জিত কর।

„ ৩ হৃষ্টচিত্তে স্বগৃহেতে যায় তারা সবে, ডাকিয়া পাঠান রাজা ভৃত্যগণে তবে।
বিচিত্র বিতান কর রচনা তোমরা, শিরোধার্য করি আজ্ঞা সুখী হয় তারা॥

চৌ ৪ পঠএ বোলি গুনী তিন্হ নানা, জে বিতান বিধি কুসল সুজানা।
বিধিহি বন্দি তিন্হ কীন্হ অরম্ভা, বিরচে কনক কদলি কে খম্ভা ॥

দো ২৮৯ হরিত মনিন্হ কে পত্র ফল, পদুমরাগ কে ফুল।
রচনা দেখি বিচিত্র অতি, মনু বিরঞ্চি কর ভূল ॥

চৌ ১ বেনু হরিত মনিময় সব কীন্হে, সরল সপরব পরহিঁ নহিঁ চীন্হে।
কনক কলিত অহিবেলি বনাঈ, লখি নহি পরই সপরন সুহাঈ ॥
„ ২ তেহি কে রচিপচি বন্ধ বনাএ, বিচ বিচ মুকুতা দাম সুহাএ।
মানিক মরবাত কুলিস পিরোজা, চীর কোরি পচি রচে সরোজা ॥
„ ৩ কিএ ভৃঙ্গ বহুরঙ্গ বিহঙ্গা, গুঞ্জহিঁ কূজহিঁ পরন প্রসঙ্গা।
সুর প্রতিমা খম্ভন গঢ়ি কাঢ়ীঁ, মঙ্গল দ্রব্য লিএঁ সব ঢাঢ়ী ॥
„ ৪ চৌকেঁ ভাঁতি অনেক পুরাঈঁ, সিন্ধুর মনিময় সহজ সুহাঈ ॥

দো ২৯০ সৌরভ পল্লব সুভগ সুঠি, কিএ নীলমনি কোরি।
হেম বৌর মরকত ঘররি, সঙ্গত পাটময় ডোরি ॥

চৌ ১ রচে রুচির বর বন্দনিবারে, মনহুঁ মনোভব ফন্দ সঁবারে।
মঙ্গল কলস অনেক বনাএ, ধ্বজ পতাক পট চমর সুহাএ ॥
„ ২ দীপ মনোহর মনিময় নানা, জাই ন বরনি বিচিত্র বিতানা।
জেহিঁ মণ্ডপ দুলহিনি বৈদেহী, সো বরনৈ অসি মতি কবি কেহী ॥
„ ৩ দূলহু রামু রূপ গুন সাগর, সো বিতানু তিহুঁ লোক উজাগর।
জনক ভবন কৈ সোভা জৈসী, গৃহ গৃহ প্রতি পুর দেখিঅ তৈসী ॥
„ ৪ জেহিঁ তেরহুতি তেহি সময় নিহারী, তেহি লঘু লগহিঁ ভুবন দস চারী।
জো সম্পদা নীচ গৃহ সোহা, সো বিলোকি সুরনায়ক মোহা ॥

দো ২৯১ বসই নগর জেহিঁ লচ্ছি করি, কপট নারি বরবেষু।
তেহি পুর কৈ সোভা কহত, সকুচহিঁ সারদ সেষু ॥

চৌ ১ পহুঁচে রাম পুর পাবন, হরষে নগর বিলোকি সুহাবন।
ভূপ দ্বার তিন্হ খবরি জনাঈ, দসরথ নৃপ সুনি লিএ বোলাঈ ॥
„ ২ করি প্রনামু তিন্হপাতী দীন্হী, মুদিত মহীপ আপু উঠি লীন্হী।
বারি বিলোচন বাঁচত পাতী, পুলক গাত আঈ ভরি ছাতী ॥
„ ৩ রামু লখনু উর কর বর চীঠী, রহিগএ কহত ন খাটী মীঠী।
পুনি ধরি ধীর পত্রিকা বাঁচী, হরষী সভা বাত সুনি সাঁচী ॥
„ ৪ খেলত রহে তহাঁ সুধি পাঈ, আএ ভরতু সহিত হিত ভাঈ।
পূছত অতি সনেহঁ সকুচাঈ, তাত কহাঁ তেঁ পাতী আঈ ॥

চৌ ৪ মণ্ডপ নির্মানে দক্ষ গুণী যতজন, ডাকিয়া পাঠান রাজা তাদের তখন।
ব্রহ্মারে প্রণাম করি করিল আরম্ভ, সুবর্ণ নির্মিত করে কদলিকা স্তম্ভ॥
দো ০২৮৯ পান্নায় রচিত হল পত্র ফল যত, পদ্মরাগ মণি দ্বারা ফুল বিরচিত।
অতীব বিচিত্র এই দেখিয়া রচনা, স্বয়ং ব্রহ্মার হয় বাস্তব ধারণা॥

চৌ ০১ সবুজ পান্নার দ্বারা বিরচিত করে, সরল সপর্ণ বংশ চিনিতে না পারে।
স্বর্ণ দিয়া তাম্বুলের সুন্দর সে লতা, চিনিতে পারে না কেহ এত বাস্তবতা॥
„ ২ জড়োয়ার কারিগরী করিয়া তাহাতে, মতির ঝালর ঝোলে তাহারি মাঝেতে।
মানিক পান্নার আর হীরক ফিরোজ, সূচীকর্মে বস্ত্রোপরি বানায় সরোজ॥
„ ৩ রচিল ভ্রমর পক্ষী বিবিধ বরণে, গুঞ্জন কূজন করে সংসর্গ পবনে।
খোদিত করিল দেব মূর্ত্তি স্তম্ভোপরি, দাঁড়াইয়া মাঙ্গলিক দ্রব্য হস্তে ধরি॥
„ ৪ গজ মুক্তা সৌন্দর্যের সহজ ব্যঞ্জনা, অঙ্গনে অঙ্কন করে বিচিত্র আল্পনা।

দো ০২৯০ সুগন্ধী সুন্দর আম্র পল্লব সকল, নীলমণি মণি কাটি করি অবিকল॥
আম্র মুকুলের গুচ্ছ মণি পান্না দিয়া, রেশমে গ্রথিত করে' রাখে ঝুলাইয়া।

চৌ ০১ মাঙ্গলিক মাল্য রচে অপূর্ব শোভার, মনে হয় কামনার জালের বিস্তার॥
মঙ্গল কলস বহু করিল প্রস্তুত, পতাকা চামর ধ্বজ শোভায় অদ্ভুত॥
„ ২ মনোহর দীপ জ্বলে বহু মণিময়, সে বিচিত্র বিতানের বর্ণন না যায়।
যে মণ্ডপে সীতা দেবী বধুবেশে র'ন, কোন কবি স্পর্দ্ধা রাখে করিতে বর্ণন॥
„ ৩ রূপগুণ সিন্ধু রাম বর বেশে যেথা, ত্রিভুবনে সুপ্রসিদ্ধ নিশ্চয় একথা।
জনক ভবন শোভা যেইরূপ হয়, মিথিলার প্রতি গৃহ সেরূপ দেখায়॥
„ ৪ সে সময়ে যে দেখে জনকের পুরী, তুচ্ছ লাগে চতুর্দশ ভুবন তাহারি।
অধম ব্যক্তির গৃহে যে সম্পদ তার, ইন্দ্রও মোহিত হয় হেরি চমৎকার॥

দো ০২৯১ যে নগরে লক্ষ্মী দেবী করেন বসতি, সুন্দরী রমণী ছলে ধরিয়া মূরতি।
সে পুর শোভার কথা করিতে বর্ণন, স্বয়ং সারদা শেষ সঙ্কুচিত হন॥

চৌ ০১ পৌঁছে দূত রাম ধামে পবিত্র পরম, নগরের শোভা দেখি হরষিত মন।
রাজদ্বারে গিয়া দূত সংবাদ জানায়, দশরথ নৃপ দূতে নিকটে আনায়॥
„ ২ প্রণাম করিয়া লিপি করে সমর্পণ, আনন্দিত রাজা উঠি করেন গ্রহণ।
পত্র পাঠে প্রেমাশ্রুতে ভরিল নয়ন, হৃদয়ে পুলক গাত্রে বহে শিহরণ॥
„ ৩ রাম ও লক্ষ্মণ হৃদে হস্তে পত্র তার, শক্তি নাহি ভাল মন্দ কিছু কহিবার।
পত্র পাঠ করিলেন পুনঃ ধৈর্য ধরি, সঠিক সংবাদ শুনি আনন্দ সবারি॥
„ ৪ ভরত ক্রিড়াতে রত ছিল ভ্রাতা সনে, আসিল সভার মাঝে ল'য়ে শত্রুঘ্নে।
করিল জিজ্ঞাসা স্নেহে সঙ্কোচের সাথে, এ পত্র আসিল তাত কহ কোথা হতে॥

দো ২৯২ কুসল প্রানপ্রিয় বন্ধু দোউ, অহহিঁ কহহু কেহিঁ দেস।
স্থনি সনেহ সানে বচন, বাচী বহুরি নরেস ॥
চৌ ১ স্থনি পাতী পুলকে দোউ ভ্রাতা, অধিক সনেহু সমাত ন গাতা।
প্রীতি পুনীতি ভরত কৈ দেখী, সকল সভাঁ সুখু লহেউ বিসেষী ॥
„ ২ তব নৃপ দূত নিকট বৈঠারে, মধুর মনোহর বচন উচারে।
ভৈআ কহহু কুসল দোউ বারে, তুহ্ম নীকেঁ নিজ নয়ন নিহারে ॥
„ ৩ শ্যামল গৌর ধরেঁ ধনু ভাথা, বয় কিসোর কৌসিক মুনি সাথো।
পহিচানহু তুহ্ম কহহু স্থভাউ, প্রেম বিবস পুনি পুনি কহ রাউ ॥
„ ৪ জা দিন তেঁ মুনি গএ লৱাঈ, তব তেঁ আজু সাঁচি সুধি পাঈ।
কহহু বিদেহ করন বিধি জানে, স্থনি প্রিয় বচন দূত মুস্থকানে ॥
দো ২৯৩ স্থনহু মহীপতি মুকুট মনি, তুহ্ম সম ধন্য ন কোউ।
রামু লখনু জিহ্ন কে তনয়, বিশ্ব বিভূষন দোউ ॥
চৌ ১ পূছন জোগু ন তনয় তুহ্মারে, পুরুষসিংহ তিহু পুর উজিআরে।
জিহ্ন কে জস প্রতাপ কে আগে, সসি মলীন রবি সীতল লাগে ॥
„ ২ তিহ্ন কহঁ কহিঅ নাথ কিমি চীহ্নে, দেখিঅ রবি কি দীপ কর লীহ্নে।
সীয় স্বয়ম্বর ভূপ অনেকা, সমিটে স্থভট এক তেঁ একা ॥
„ ৩ সম্ভু সরাসনু কাহুঁ ন টারা, হারে সকল বীর বরি আরা।
তীনি লোক মহঁ জে ভটমানী, সভ কৈ সকতি সম্ভু ধনু ভানী ॥
„ ৪ সকই উঠাই সরাস্থর মেরু, সোউ হিয়ঁ হারি গয়উঁ করি ফেরু।
জেঁহি কৌতুক সির সৈলু উঠারা, সোউ তেহি সভাঁ পরাভউ পারা ॥
দো ২৯৪ তহাঁ রাম রঘুবংস মনি, স্থনিঅ মহা মহিপাল।
ভঞ্জেউ চাপ প্রয়াস বিনু, জিমি গজ পঙ্কজ নাল ॥
চৌ• ১ স্থনি সরোষ ভৃগুনায়কু আএ, বহুত ভাঁতি তিহ্ন আঁখি দেখাএ।
দেখি রাম বলু নিজ ধনু দীহ্না, করি বহু বিনয় গৱনু বন কীহ্না ॥
„ ২ রাজন রামু অতুলবল জৈসেঁ, তেজ নিধান লখনু পুনি তৈসেঁ।
কম্পহিঁ ভূপ বিলোকত জাকেঁ, জিমি গজ হরি কিসোর কে তাকেঁ ॥
„ ৩ দের দেখি তর বালক দোউ, অব ন আঁখি তর আর কোউ।
দূত বচন রচনা প্রিয় লাগী, প্রেম প্রতাপ বীররস পাগী ॥
„ ৪ সভা সমেত রাউ অনুরাগে, দূতহ্ন দেন নিছারি লাগে।
কহি অনীতি তে মূদহিঁ কানা, ধরমু বিচারি সবহিঁ স্থখমানা ॥
দো• ২৯৫ তব উঠি বসিষ্ঠ কহুঁ, দীহ্ন পত্রিকা জাই।
কথা স্থনাঈ গুরহি সব, সাদর দূত বোলাই ॥

দো ০২৯২ কুশল ত প্রাণপ্রিয় ভ্রাতা তুইজন, কোন দেশে অবস্থান করেন এখন।
প্রেমপূর্ণ শুনি এই বচন তাহার, লিপিটি শোনান নৃপ পড়ি পুনর্বার॥

চৌ ০১ পত্র শুনি তুই ভ্রাতা পুলকে অধীর, স্নেহ যেন নাহি ধরে সমস্ত শরীর।
ভরতের এ পবিত্র প্রেম নিদর্শনে, সভাস্থ সকলে সুখী সুঅন্তঃকরণে॥

„ ২ তাঁহার নিকটে নৃপ বসা'ন দূতেরে, মধুর ও মনোহর বাক্যেতে তাহারে।
শুধালেন কহ বৎস পুত্রের কুশল, স্বচক্ষে ত দেখিয়াছ তোমরা সকল॥

„ ৩ শ্যাম গৌর তনু দোহে টধুর্ধারী তূনী, কিশোর বয়স্ক সাথে বিশ্বামিত্র মুনি।
যদি পরিচয় থাকে কহ কর্ম তার, প্রেমেতে বিবশ রাজা কহে বারংবার।

„ ৪ যেদিন হইতে দোঁহে নিয়া যান মুনি, যথার্থ সংবাদ পেনু আজই প্রথমি॥
জনক চেনেন পুত্রে কহ কি প্রকারে, প্রিয় বাক্য শুনি দূত মৃদু হাস্য করে।

দো ০২৯৩ নৃপতি মুকট-মণি শুনহ রাজন, তোমা সম ধন্য কেহ নাহি কোন জন॥
সমগ্র বিশ্বের হন অপূর্ব ভূষণ, তোমার তনয় তুই শ্রীরাম লক্ষ্মণ।

চৌ ০১ প্রশ্ন যোগ্য নহে পুত্র তোমার হে ভূপ, ত্রিলোকে পুরুষ সিংহ প্রকাশ স্বরূপ॥
তাহার প্রতাপে আর যশে সমুজ্জ্বল, চন্দ্র সে মলিন হয় রবি সে শীতল।

„ ২ কেমনে চিনিলে তারে প্রশ্ন তব মনে, প্রদীপ সাহায্যে কেহ রবি দরশনে॥
সীতা স্বয়ম্বরে আসে বহু নরপতি, এক সে অপর চেয়ে বলবান অতি।

„ ৩ হরধনু কেহ নাহি উঠাইতে পারে, সব বলবান বীর ধনু কাছে হারে॥
ত্রিভুবনে বীরত্বের অভিমানী যারা, শঙ্করের এই ধনু সব শক্তি হরা।

„ ৪ বাণাসুর যেই নাকি সুমেরু উঠায়, হার মানি পরিক্রমি সেও চলে যায়।
কৌতুকে কৈলাস যেই তুই হস্তে তোলে, রাবণও পরাভব মানি যায় চলে॥

দো ০২৯৪ সেথা রাম রঘুপতি রঘুবংশ মণি, শ্রবণ করুন এবে নৃপশিরোমণি।
ভাঙ্গিলেন হরধনু না কিছু প্রয়াসে, করী যথা পদ্মবনে পদ্মনাল নাশে॥

চৌ ১ শুনিয়া সক্রোধে সেথা ভৃগুপতি আসে, রক্তচক্ষু দেখালেন তু'ভায়ে সরোষে।
রামের বিক্রমে নিজ ধনু করি দান, অনেক বিনতি করি বনে চলে যান॥

„ ২ অতুল বিক্রম রাম যথা হে রাজন, বলের নিধান হ'ন তেমনি লক্ষণ।
যাহারে দেখিয়া সব নৃপতি কম্পিত, সিংহশিশু দৃষ্টি দেখি হস্তী যথা ভীত॥

„ ৩ হে দেব দেখিয়া সেই তুটি বালকেরে, আর ত আঁখির পাতে কেহ নাহি ধরে।
প্রেমসিক্ত বীররসে দূতের বচন, সবারই লাগিল ভাল যে করে শ্রবণ॥

„ ৪ প্রেমে মগ্ন দশরথ সকলে সভার, প্রস্তাব করিল দূতে দিতে পুরস্কার।
কর্ণে হস্ত দিয়া কহে নীতি বিগর্হিত, দূত ধর্মবুদ্ধি দেখি সকলে হর্ষিত॥

দো ০২৯৫ তখন উঠিয়া রাজা গুরু বশিষ্ঠেরে, দেখালেন পত্র তারে অতি শ্রদ্ধাভরে।
সাদরে ডাকিয়া দূতে নিকটে তাঁহার, শুনান সংবাদ শুভ বিবিধ প্রকার॥

চৌ০ ১ সুনি বোলে গুর অতি সুখ পাঈ, পুন্য পুরুষ কহুঁ মহিসুখ ছাঈ।
জিমি সরিতা সাগর মহুঁ জাহীঁ, জদ্যপি তাহি কামনা নাহীঁ ॥
„ ২ তিমি সুখ সম্পতি বিনহিঁ বোলাএঁ, ধরমসীল পহিঁ জাহিঁ সুভাএঁ
তুম্হ গুর বিপ্রধেনু সুর সেবী, তসি পুনীত কৌসল্যা দেবী ॥
„ ৩ সুকৃতী তুম্হ সমান জগ মাহীঁ, ভয়উ ন হৈ কোউ হোনেউ নাহীঁ।
তুম্হ তে অধিক পুন্য বড় কাকেঁ, রাজন রাম সরিস সুত জাকেঁ ॥
„ ৪ বীর বিনীত ধরম ব্রতধারী, গুন সাগর বর বালক চারী।
তুম্হ কহুঁ সর্বকাল কল্যানা, সজহু বরাত বজাই নিসানা ॥
দো০ ২৯৬ চলহু বেগি সুনি গুর বচন, ভলেহিঁ নাথ সিরু নাই।
ভূপতি গৱনে ভৱন তব, দূতহ্ন বাসু দেৱাই ॥
চৌ০ ১ রাজা সবু রনিৱাস বোলাঈ, জনক পত্রিকা বাচি সুনাঈ।
সুনি সন্দেসু সকল হরষানা, অপর কথা সব ভূপ বখানীঁ ॥
„ ২ প্রেম প্রফুল্লিত রাজহিঁ রানী, মনহুঁ সিখিনি সুনি বারিদ বানী।
মুদিত অসীস দেহিঁ গুর নারীঁ, অতি আনন্দ মগন মহতারীঁ ॥
„ ৩ লেহিঁ পরস্পর অতি প্রিয় পাতী, হৃদয়ঁ লগাই জুড়াৱহিঁ ছাতী।
রাম লখন কৈকীরতি করনী, বারহিঁ বার ভূপবর বরনী ॥
„ ৪ মুনি প্রসাদু কহি দ্বার সিধাএ, রানিহ্ন তব মহিদেৱ বুলাএ।
দিএ দান আনন্দ সমেতা, চলে বিপ্রবর আসিষ দেতা ॥
সো০ ৩৩ জাচক লিএ হঁকারি, দীহ্নি নিছাৱরি কোটি বিধি।
চিরু জীৱহুঁ সুত চারি, চক্রবর্তি দসরথ কে ॥
চৌ০ ১ কহত চলে পহিরেঁ পট নানা, হরষি হনে গহগহে নিসানা।
সমাচার সব লোগহ্ন পাএ, লাগে ঘর ঘর হোন বধাএ ॥
„ ২ ভুৱন চারি দস ভরা উছাহূ, জনকসুতা রঘুবীর বিআহূ।
সুনি সুভ কথা লোগ অনুরাগে, মগ গৃহগলীঁ সঁৱারন লাগে ॥
„ ৩ জদ্যপি অৱধ সদৈৱ সুহাৱনি, রাম পুরী মঙ্গলময় পাৱনি।
তদপি প্রীতি কৈ প্রীতি সুহাঈ, মঙ্গল রচনা রচনা রচী বনাঈ ॥
„ ৪ ধ্বজ পতাক পট চামর চারু, ছাৱা পরম বিচিত্র বজারু।
কনক কলস তোরন মনি জালা, হরদ দূব দধি অচ্ছত মালা।
দো০ ২৯৭ মঙ্গলময় নিজ নিজ ভৱন, লোগহ্ন রচে বনাই।
বীথীঁ সীঁচীঁ চতুরসম, চৌকেঁ চারু পুরাই ॥
চৌ০ ১ জহঁ তহঁ জূথ জূথ মিলি ভামিনি, সজি নৱ সপ্ত সকল দুতি দামিনি।
বিধুবদনী মৃগ সাৱক লোচনি, নিজ সরূপ রতি মানু বিমোচনি ॥

চৌ০ ১ শুনিয়া গুরুর হয় সুখ অতিশয়, কহেন পুণ্যাত্মা হেতু ধরা সুখময়।
যেমন সাগর পানে নদী অবিরত, ধেয়ে চলে মিলিবারে কামনা রহিত ॥
" ২ সুখ ও সম্পত্তি যত বিনা প্রার্থনাতে, ধর্মাত্মা নিকটে আসে স্বাভাবিক মতে।
গো ব্রাহ্মণ গুরু-দেবে তুমি ভক্তিমান, কৌশল্যা দেবীও হন পুণ্যাত্মা সমান ॥
" ৩ পুণ্যাত্মা তোমার সম নাহিক জগতে, নাহি বর্তমানে নাহি হবে ভবিষ্যতে।
শ্রীরামচন্দ্রের সম তনয় যাহার, তাহার অধিক পুণ্য হইবে কাহার ॥
" ৪ ধর্মব্রত-ধারী অতি নম্র মহাধীর, গুণের সাগর তব চারিপুত্র বীর।
তব কাছে সর্ব দিন পরম শোভন, সমারোহে বরযাত্রা কর আয়োজন ॥
দো০ ২৯৬ ত্বরিত চলেন শুনি গুরুর বচন, উত্তম প্রস্তাব নাথ কহিয়া রাজন।
যোগ্য বাসস্থান দিতে জনক দূতেরে, আদেশ করিয়া তবে যান অন্তঃপুরে ॥
চৌ০ ১ অন্তঃপুর হতে সব নারীরে আহ্বানি, জনকের লিপি পড়ি শুনান তখনি।
শুনিয়া সংবাদ শুভ আনন্দ সবারি, অন্য সব বার্তা রাজা কহেন বিস্তারি ॥
" ২ মেঘের গর্জন শুনি ময়ূরী যেমন, প্রফুল্লিত সেই রূপ রাজরাণীগণ।
আশিসেন গুরুপত্নী আনন্দে মগন, পরিপূর্ণ আনন্দিত যত মাতৃগণ ॥
" ৩ সে প্রিয় লিপিকা ল'য়ে সবে পরস্পরে, শীতল করিতে হৃদি ধরে বক্ষোপরে।
শ্রীরাম লক্ষ্মণ কর্ম ও কীর্তিকলাপ, পুনঃ পুনঃ দশরথ করেন আলাপ ॥
" ৪ এ সবি মুনির কৃপা কহি যান দ্বারে, রাণীরা ব্রাহ্মণগণে আমন্ত্রণ করে।
ধনাদি করেন দান অতি আনন্দেতে, বিপ্রগণ আশীর্বাদ করে যেতে যেতে ॥
সো০ ৩৩ অতঃপর প্রার্থিগণে করিয়া আহ্বান, বহু ভাবে সকলেরে করিলেন দান।
আশীর্বাদ করে তারা চিরজীবী হ'ন, চক্রবর্তী দশরথ পুত্র চারি জন ॥
চৌ০ ১ কহিতে কহিতে চলে পরি বস্ত্র নানা, মহানন্দে বাদকেরা বাজায় বাজনা।
সর্ব লোক পায় যবে শুভ সমাচার, প্রতি গৃহে শুরু হয় মঙ্গল আচার ॥
" ২ রঘুবীর জানকীর হইবে বিবাহ, চতুর্দশ লোকে ভরে প্রচণ্ড উৎসাহ।
শুভ বার্তা শুনি সবে অতি অনুরাগে, গৃহ পথ অলি গলি সাজাইতে লাগে ॥
" ৩ যদ্যপি অযোধ্যাপুরী সদাই শোভিত, পরম মঙ্গলময় রামপুরী সে ত'।
তথাপি প্রীতির পরে প্রীতি উপজিত, মাঙ্গলিক রচি করে নগর সজ্জিত ॥
" ৪ ধ্বজা বস্ত্র রমনীয় পতাকা চামর, ছাইল বিপণী যত পরম সুন্দর।
তোরণে কলস স্বর্ণ মাণিক্যের ঝালা, হরিদ্রা তণ্ডুল দধি দূর্বা ফুল মালা ॥
দো ২৯৭ ঐ সব মাঙ্গলিক শুভ চিহ্ন দ্বারা, নিজ নিজ গৃহ করে সুসজ্জিত তারা।
বীথি বর্ত্মে চতুঃসম* করিল সিঞ্চন, অঙ্কন করিল দ্বারে শুভ আলিম্পন ॥
চৌ ১ যত্র তত্র দলে দলে মিলিল ভামিনী, ষোড়শ শৃঙ্গারে সাজি চমকি দামিনি।
শশী মুখী মৃগশিশু নয়ন লোচনী, রতি অভিমান নিজ রূপে বিমোচনি ॥

* চন্দন, কেশর, কর্পূর এবং কস্তুরী মিশ্রিত এক প্রকার সুগন্ধ দ্রব্যের নাম

চৌ ২ গারহিঁ মঙ্গল মঙ্গুল বানী, সুনি কল রব কলকণ্ঠি লজানী।
ভূপ ভবন কিমি জাই বখানা, বিশ্ব বিমোহন রচেউ বিতানা ॥
„ ৩ মঙ্গল দ্রব্য মনোহর নানা, রাজত বাজত বিপুল নিসানা।
কতহুঁ বিরিদ বন্দী উচ্চরহীঁ, কতহুঁ বেদ ধুনি ভূসুর করহীঁ ॥
„ ৪ গারহিঁ সুন্দরি মঙ্গল গীতা, লৈ লৈ নামু রামু অরু সীতা।
বহুত উছাহু ভবনু অতি থোরা, মানহুঁ উমগি চলা চহু ওরা ॥

দো৹ ২৯৮ সোভা দসরথ ভবন কই, কো কবি বরনৈ পার।
জহাঁ সকল সুর সীস মনি, রাম লীহ্ন অবতার ॥

চৌ৹ ১ ভূপ ভরত পুনি লিএ বোলাঈ, হয় গয় স্যন্দন সাজহু জাঈ।
চলহু বেগি রঘুবীর বরাতা, সুনত পুলক পূরে দোউ ভ্রাতা ॥
„ ২ ভরত সকল সাহনী বোলাএ, আয়সু দীহ্ন মুদিত উঠি ধাএ।
রচি রুচি জীন তুরগ তিহ্ন সাজে, বরন বরন বর বাজি বিরাজে ॥
„ ৩ সুভগ সকল সুঠি চঞ্চল করনী, অয় ইব জরত ধরত পগ ধরনী।
নানা জাতি ন জাহিঁ বখানে, নিদরি পবনু জনু চহত উড়ানে ॥
„ ৪ তিহ্ন সব ছয়ল ভএ অসবারা ভরত সরিস বয় রাজকুমারা।
সব সুন্দর সব ভূষনধারী, কর সর চাপ তূন কটি ভারী ॥

দো৹ ২৯৯ ছরে ছবীলে ছয়ল সব, সূর সুজান নবীন।
জুগ পদচর অসবার প্রতি, জে অসিকলা প্রবীন ॥

চৌ৹ ১ বাঁধে বিরদ বীর রন গাঢ়ে, নিকসি ভএ পুর বাহের ঠাঢ়ে।
ফেরহিঁ চতুর তুরগ গতি নানা, হরষহিঁ সুনি সুনি পনব নিসানা ॥
„ ২ রথ সারথিহ্ন বিচিত্র বনাএ, ধ্বজ পতাক মনি ভূষন লাএ।
চবঁর চারু কিঙ্কিনি ধুনি করহীঁ, ভানু জান সোভা অপহরহীঁ ॥
„ ৩ সাবঁ করন অগনিত হয় হোতে, তে তিহ্ন রথহ্ন সারথিহ্ন জোতে।
সুন্দর সকল অলঙ্কৃত সোহে, জিহ্নহি বিলোকত মুনি মন মোহে ॥
„ ৪ জে জল চলহিঁ থলহিঁ কী নাঈঁ, টাপ ন বূড় বেগ অধিকাঈঁ।
অস্ত্র সস্ত্র সবু সাজু বনাঈ, রথী সারথিহ্ন লিএ বোলাঈঁ ॥

দো৹ ৩০০ চঢ়ি চঢ়ি রথ বাহের নগর, লাগী জুরন বরাত।
হোত সগুন সুন্দর সবহি, জো জেহি কারজ জাত ॥

চৌ ১ কলিত করিবরহ্নি পরীঁ অঁবারীঁ, কহি ন জাহিঁ জেহি ভাঁতি সঁবারীঁ।
চলে মত্ত গজ ঘণ্ট বিরাজী, মনহুঁ সুভগ সাবন ঘন রাজী ॥
„ ২ বাহন অপর অনেক বিধানা, সিবিকা সুভগ সুখাসন জানা।
তিহ্ন চঢ়ি চলে বিপ্রবর বৃন্দা, জনু তনু ধরেঁ সকল শ্রুতি ছন্দা ॥

চৌ ২ কোকিলের কলকণ্ঠে করি লজ্জা দান, মঙ্গল সঙ্গীত গাহে সুললিত গান।
বিশ্ব বিমোহন সেই নৃপ নিকেতন, কিরূপে করিব বল তাহার বর্ণন ॥
„ ৩ মনোহর নানা দ্রব্য মাঙ্গলিক সব, বিরাজিত বাদ্য বাজে মঙ্গল উৎসব ॥
স্থানে স্থানে ভাট গায় কুল কীর্তি যত, বিপ্রগণ স্থানে স্থানে বেদ পাঠে রত।
„ ৪ সুন্দরীরা গাহে সবে মঙ্গল সঙ্গীত, রাম সীতা নাম যোগে সুললিত গীত।
গৃহ ক্ষুদ্র উৎসাহের উদ্যম প্রচুর, বিস্তারিত চতুর্দ্দিক সুখে ভরপূর ॥
দো ২৯৮ দশরথ ভবনের শোভার বর্ণন, কোন কবি বিস্তারিতে হইবে সক্ষম।
অমর বৃন্দের যেথা শিরোমণি রাম, অবতীর্ণ ধরাধামে করি নিজ ধাম ॥
চৌ ১ ভরতে ডাকিয়া পুনঃ কহেন রাজন, হস্তী অশ্ব রথ সজ্জা কর আয়োজন।
রঘুবীর বরযাত্রা অতি শীঘ্র যাবে, শুনিয়া দুভ্রাতা গাত্রে পুলক প্রবাহে ॥
„ ২ ভরত আদেশ দেন অশ্বাধ্যক্ষগণে, তাহারা আনন্দে ধায় অশ্বশালা পানে।
রমনীয় অশ্বসজ্জা করে অশ্বপরে, বিবিধ বরণ অশ্ব কাতারে কাতারে ॥
„ ৩ দর্শনীয় অশ্বগণ চঞ্চল চালেতে, পদক্ষেপ করে যেন উত্তপ্ত লৌহেতে।
বহু জাতি অশ্ব যেথা বর্ণন না যায়, উপেক্ষিয়া বায়ু যেন উড়িবারে চায় ॥
„ ৪ শৌখীন কিশোর হয় আরোহী তাহার, ভরত সদৃশ সব রাজার কুমার।
সকলে সুন্দর কান্তি ভূষণ মহান, কটি লগ্ন পূর্ণ তূণ হস্তে ধনুর্বাণ ॥

দো ২৯৯ কৃশতনু পরিপাটি নবীন সুন্দর, চতুর সৌখিন যত সবে বীরবর।
প্রতি অশ্বারোহী সাথে চলে দুইজন, পদাতিক অসিযুদ্ধে যারা বিচক্ষণ ॥
চৌ ১ যোদ্ধবেশে বীরগণ নিপুন সমরে, নগর বাহিরে তারা অবস্থান করে।
দক্ষ অশ্বারোহী অশ্বে নানা গতি তালে, বাদ্য সাথে মহানন্দে ছন্দ লয়ে চলে ॥
„ ২ রথের সারথি রথ বিচিত্র প্রথায়, ধ্বজা ও পতাকা মণি ভূষণে সাজায়।
ক্ষুদ্র ক্ষুদ্র ঘণ্টা বাজে চামর শোভিত, সূর্য রথ-শোভা যেন হল অপহৃত ॥
„ ৩ অগণিত শ্যামবর্ণ রথ অশ্ব ছিল, সারথিরা রথ সাথে যুক্ত করেছিল।
সুন্দর ও অলঙ্কৃত সে রথ এমন, দেখিয়া মুনিরও হয় বিমোহিত মন ॥
„ ৪ জলেতে স্থলের ন্যায় চলে অশ্বগণ, পদ সিক্ত নাহি হয় বেগের কারণ।
অস্ত্র শস্ত্র সাজ সজ্জা রথেতে রাখিয়া, রথি বৃন্দে সারথিরা লইল ডাকিয়া ॥

দো ৩০০ রথে আরোহন করি বরযাত্রি-গণ, নগর বাহিরে সবে সমবেত হন।
যে কর্ম লাগিয়া যাত্রা করে যেই জন, সুন্দর সাধিত হবে দেখে সুলক্ষণ ॥
চৌ ১ সুন্দর গজেন্দ্র পৃষ্ঠে শোভা সজ্জা যাহা, বাক্যে নাহি করা যায় বিস্তারিত তাহা।
ঘণ্টা ধ্বনি শুনি গর্জে মত্ত গজ গণ, মনে হয় শ্রাবনের মেঘ গরজন ॥
„ ২ অপর বাহন ছিল অনেক প্রকার, সুন্দর শিবিকা মাঝে স্থান বসিবার।
তাহাতে বসিয়া চলে যতেক ব্রাহ্মণ, বেদ যেন তনুধরি করে আগমন ॥

চৌ ৩ মাগধ সূত বন্দি গুন গায়ক, চলে জান চঢ়ি জো জেহি লায়ক।
বেসর ঊঁট বৃষভ বহু জাতী, চলে বস্তু ভরি অগনিত ভাঁতী॥
„ ৪ কোটিন্হ কাঁবরি চলে কহারা, বিবিধ বস্তু কো বরনৈ পারা।
চলে সকল সেবক সমুদাঈ, নিজ নিজ সাধু সমাজু বনাঈ॥

দো০ ৩০১ সব কেঁ বর নির্ভর হরষু, পূরতি পুলক সরীর।
কবহিঁ দেখিবে নয়ন ভরি, রামু লখনু দোউ বীর॥

চৌ ১ গরজহিঁ গজ ঘণ্টা ধুনি ঘোরা, রথ রব বাজি হিংস চহুঁ ওরা।
নিদরি ঘনহি ঘুর্মরহিঁ নিসানা, নিজ পরাই কছু সুনিঅ ন কানা॥
„ ২ মহাভীর ভূপতি কে দ্বারেঁ, রজ হোই জাই পষান পবারেঁ।
চঢ়ী অটারিন্হ দেখহিঁ নারী, লিএ আরতী মঙ্গল থারীঁ।
„ ৩ গাবহিঁ গীত মনোহর নানা, আত আনন্দু ন জাই বখানা।
তব সুমন্ত্র দুই স্যন্দন সাজী, জোতে রবি হয় নিন্দক বাজী॥
„ ৪ দোউ রথ রুচির ভূপ পহিঁ আনে, নহিঁ সারদ পহি জাহিঁ বখানে।
রাজ সমাজু এক রথ সাজা, দূসর তেজ পুঞ্জ অতি ভ্রাজা॥

দো০ ৩০২ তেহিঁ রথ রুচির বসিষ্ঠ কহুঁ, হরষি চঢ়াঈ নরেসু।
অপু চঢ়েউ স্যন্দন সুমিরি, হর গুর গৌরি গনেসু॥

চৌ ০১ সহিত বসিষ্ঠ সোহ নৃপ কৈসেঁ, সুর গুর সঙ্গ পুরন্দর জৈসেঁ।
করি কুল রীতি বেদ বিধি রাউ, দেখি সবহি সব ভাঁতি বনাউ॥
„ ২ সুমিরি রামু গুর আয়সু পাঈ, চলে মহীপতি সঙ্খ বজাঈ।
হরষে বিবুধ বিলোকি বরাতা, বরষহিঁ সুমন সুমঙ্গল দাতা॥
„ ৩ ভয়উ কোলাহল হয় গয় গাজে, ব্যোম বরাত বাজনে বাজে।
সুর নর নারী সুমঙ্গল গাঈঁ, সরস রাগ বাজহিঁ সহনাঈঁ॥
„ ৪ ঘণ্ট ঘণ্টি ধুনি বরনি ন জাহীঁ, সরব করহিঁ পাইক ফহরাহীঁ।
করহিঁ বিদূষক কৌতুক নানা, হাস কুসল কল গান সুজানা॥

দো ০৩০৩ তুরগ নচাবহি কুঅঁর বর, অকনি মৃদঙ্গ নিসান।
নাগর নট চিতবহিঁ চকিত, ডগহিঁ ন তায় বঁধান॥

চৌ ০১ বনইন বরনত বনী বরাতা, হোহিঁ সগুন সুন্দর সুভদাতা।
চারা চাষু বাম দিসি লেঈ, মনহুঁ সকল মঙ্গল কহি দেঈ॥
„ ২ দাহিন কাগ সুখেত সুহাবা, নকুল দরসু সব কাহূঁ পাবা।
সানুকূল বহ ত্রিবিধ বয়ারী, সঘট সবাল আব বর নারী॥
„ ৩ লোবা ফিরি ফিরি দরসু দেখাবা, সুরভী সনমুখ সিসুহি পিআবা।
মৃগমালা ফিরি দাহিনি আঈ, মঙ্গল গন জনু দীন্হি দেখাঈ॥

চৌ ৩ মাগধ গায়ক ভাট গুণ বর্ণনাতে, সকলে চলিল সাথে যোগ্য বাহনেতে।
অশ্বতর বৃষ আর উষ্ট্র নানা জাতে, বহুবিধ দ্রব ভারে চলে মিথিলাতে ॥
„ ৪ বাহকেরা অগণিত স্কন্ধভার লয়, বিবিধ প্রকার বস্তু বর্ণন না হয় ॥
সকল সেবক জন নিজ নিজ দলে, সুসজ্জিত হয়ে তারা এক সাথে চলে ॥

দো ৩০১ সকল হৃদয় আজি পূর্ণ হরষেতে, সকল শরীরে পূর্ণ হল পুলকেতে।
কখন দেখিবে তারা ভরিয়া নয়ন, দুই মহা বীর ভ্রাতা শ্রীরাম লক্ষ্মণ ॥

চৌ ১ হস্তীর বৃংহিত ঘোর ঘণ্টাধ্বনি শুনি, রথচক্র ঘর্ঘরিত অশ্ব হ্রেষা ধ্বনি।
মেঘের গর্জ্জন তুচ্ছ বাজিছে বিষাণ, নিজ বা অপর বাক্য শুনিতে না পান ॥
„ ২ সিংহদ্বারে যে প্রচণ্ড জনতার মেলা, প্রস্তর মুহূর্ত মাঝে হয়ে যায় ধূলা।
অলিন্দ উপরে গিয়া রমণীরা দেখে, মঙ্গল আরতি থালি সাথে সাথে রাখে ॥
„ ৩ সুললিত গীত গায় মন মুগ্ধকর, আনন্দের আতিশয্য বর্ণন দুষ্কর।
তখন সুমন্ত্র দুই রথ-সজ্জা তরে, অরুণাশ্ব হার মানে অশ্ব যুক্ত করে ॥
„ ৪ সরস্বতী হারি মানে যে শোভা বর্ণিতে, সেই দুই রথ আনে নৃপ সন্নিহিতে।
এক রথে রাজকীয় মর্যাদার শোভা, দ্বিতীয়তে তেজ পুঞ্জ বিচ্ছুরিত বিভা।

দো ৩০২ সুন্দর সে রথোপরি মুনি বশিষ্ঠেরে, স্থাপনা করেন নৃপ হর্ষিত অন্তরে।
দ্বিতীয় রথের পরে উঠিলেন নিজে, হর-গৌরী স্মরি গুরু গণেশেরে পূজে ॥

চৌ ১ বৃহস্পতি সাথে ইন্দ্র যেই শোভা পায়, বশিষ্ঠের সাথে নৃপে তেমনি দেখায়।
কুলাচার বেদবিধি করিয়া পালন, সুসজ্জিত সর্বত্রই দেখিয়া রাজন ॥
„ ২ শ্রীরামচন্দ্রেরে স্মরি গুরু আজ্ঞা পাই', চলিলেন মহীপতি সুশঙ্খ বাজাই'।
দেখি বরযাত্রী সুখী সকল দেবতা, পুষ্পবৃষ্টি করিলেন সুমঙ্গল দাতা ॥
„ ৩ অতি কোলাহল হস্তী অশ্বের গর্জনে, ব্যোমে বরযাত্রী দলে বিবিধ বাজনে।
স্বর্গের মর্ত্যের যত নারীবৃন্দ গায়, সুমধুর রাগিনীতে সানাই বাজায় ॥
„ ৪ ঘণ্টাতে ঘণ্টার ধ্বনি বর্ণন না যায়, সরবে পদাতি স্কন্ধে পতাকা উড়ায়।
গীত হাস্যে সুচতুর বিদূষক গণ, বিবিধ প্রকারে হয় কৌতুকে মগন ॥

দো ৩০৩ অশ্বে নৃত্য করাইল কুমারের দলে, মৃদঙ্গ নাকারা সাথে পরিপূর্ণ তালে।
যতেক নাগর নট দেখে বিস্ময়েতে, বিন্দুমাত্র তালভঙ্গ নাহিক ইহাতে ॥

চৌ ১ বানী নাহি বর্ণনাতে বরযাত্রী শোভা, সুন্দর সদ্‌গুণ শুভ প্রকাটিত কিবা।
খুঁটে চারা নীলকণ্ঠ পক্ষী বাম পাশে, কহে যেন শুভ বার্তা পরম বিশ্বাসে ॥
„ ২ সুন্দর ক্ষেত্রের মাঝে বায়স দক্ষিণে, নকুল দর্শন লভে সেথা সর্বজনে।
ত্রিবিধ পবন বহে অনুকূলে তারি, ঘট কাঁখে পুত্র সাথে আসে বরনারী ॥
„ ৩ বার বার পথ মাঝে শিবা দেখা দেয়, গাভী বৎসে দুগ্ধ পান সম্মুখে করায়।
মৃগযূথ বাম হতে দক্ষিণেতে আসে, মঙ্গলের নিদর্শন সর্বত্র বিকাশে ॥

চৌ ৪ ছেমকরী বাহ ছেম বিসেষী, স্যামা রাম সুতরু পর দেখী।
সনমুখ আয়উ দধি অরু মীনা, কর পুস্তক দুই বিপ্র প্রবীনা॥

দো ০৩০৪ মঙ্গলময় কল্যানময়, অভিমত ফল দাতার।
জনু সব সাচে হোন হিত, ভএ সগুন একবার॥

চৌ ০১ মঙ্গল সগুন সুভগ সব তাকেঁ, সগুন ব্রহ্ম সুন্দর সুত জাকেঁ।
রাম সরিস বরু দুলহিনি সীতা, সমধী দশরথু জনকু পুনীতা॥

" ২ সুনি অস ব্যাহু সগুন সব নাচে, অব কীন্হে বিরঞ্চি হম সাঁচে।
এহি বিধি কীন্হ বরাত পয়ানা, হয় গয় গাজহিঁ হনে নিসানা॥

" ৩ আরত জানি ভানুকুল কেতূ, সরিতন্হি জনক বধাএ সেতূ।
বীচ বীচ বর বাস বনাএ, সুর পুর সরিস সম্পদা ছাএ॥

" ৪ অসন সয়ন বর বসন সুহাএ, পারহিঁ সব নিজ নিজ মন ভাএ।
নিত নূতন সুখ লখি অনুকূলে, সকল বরাতিন্হ মন্দির ভূলে॥

দো ০৩০৫ আরত জানি বরাত বর, সুনি গহ গহে নিসান।
সজি গজ রথ পদচর তুরগ, লেন চলে অগরান॥

চৌ ০১ কনক কলস ভরি কোপর থারা, ভাজন ললিত অনেক প্রকারা।
ভরে সুধাসম সব পকরানে, নানা ভাঁতি ন জাহিঁ বখানে॥

" ২ ফল অনেক বর বস্তু সুহাঈ, হরষি ভেণ্ট হিত ভূপ পঠাঈঁ।
ভূষন বসন মহামনি নানা, খগ মৃগ হয় গয় বহুবিধি জানা॥

" ৩ মঙ্গল সগুন সুগন্ধ সুহাএ, বহুত ভাঁতি মহিপাল পঠাএ।
দধি চিউরা উপহার অপারা, ভরি ভরি কাঁররি চলে কহারা॥

বরযাত্রীদের জনকপুরে আগমন

চৌ ৪ অগরানন্হ জব দীখি বরাতা, উর আনন্দু পুলক ভর গাতা।
দেখি বনার সহিত অগরানা, মুদিত বরাতিন্হ হনে নিসানা॥

দো ০৩০৬ হরষি পরসপর মিলন হিত, কছুক চলে বগমেল।
জনু আনন্দ সমুদ্র দুই, মিলত বিহাই সুবেল॥

চৌ ০১ বরষি সুমন সুর সুন্দরি গারহিঁ মুদিত দেব দুন্দুভীঁ বজারহিঁ।
বস্তু সকল রাখীঁ নৃপ আগেঁ, বিনয় কীন্হি তিন্হ অতি অনুরাগেঁ॥

" ২ প্রেম সমেত রায় সবু লীন্হা, ভৈ বকসীস জাচকন্হি দীন্হা।
করি পূজা মান্যতা বড়াঈ, জনবাসে কহুঁ চলে লবাঈ॥

" ৩ বসন বিচিত্র পাঁরড়ে পরহীঁ, দেখি ধনদু ধন মদু পরিহরহীঁ।
অতি সুন্দর দীন্হেউ জনবাসা, জহঁ সব কহুঁ সব ভাঁতি সুপাসা॥

চৌ ৪ ক্ষেমঙ্করী শুভ্র চিল শুভ বার্তা কহে, শ্যামা পক্ষী বাম পার্শ্বে তরুপরে রহে।
মাঙ্গলিক দধি মৎস্য স্থিত সম্মুখেতে, জ্ঞানী বিপ্র আসিলেন পুস্তক হস্তেতে ॥

দো ৩০৪ মঙ্গল কল্যানময় করিবার তরে, শুভ চিহ্ন একযোগে আসে বারে বারে ॥

চৌ ১ পূর্ণব্রহ্ম সর্বগুণে যাহার তনয়, সকল মঙ্গল চিহ্ন তারি কাছে রয়।
রামের সদৃশ বর বধূ যার সীতা, বৈবাহিক দশরথ জনক পুণ্যাত্মা ॥
" ২ এ বিবাহ বার্তা শুনি শুভচিহ্ন সবে, নৃত্য ক'রে ব্রহ্মা বরে চরিতার্থ হবে।
এই ভাবে বরযাত্রী করিল গমন, বাদ্য সাথে হস্তী অশ্ব করিল গর্জন ॥
" ৩ জনক জানিল আসে সূর্যবংশ কেতু, সকল নদীর পরে বাঁধিলেন সেতু।
পথি মধ্যে স্থাপিলেন সুন্দর শিবির, সকল সম্পদ পূর্ণ যেন সে মন্দির ॥
" ৪ উত্তম ভোজন দ্রব্য শয়নের স্থান, বসন সুন্দর যাহা মনোমত পান।
নিতি নব সুখ ভোগ করি এই ক্ষণে, নিজ গৃহ ভুলেছিল বর যাত্রী গণে ॥

দো ৩০৫ গম্ভীর বাদ্যেতে সবে পারিল জানিতে, বরযাত্রী আসিতেছে সীতা বিবাহেতে।
হস্তী অশ্ব রথ সৈন্য লইয়া সাজায়, অভ্যর্থনা লাগি সবে অগ্রসর হয় ॥
চৌ ১ সুবর্ণ কলস বহু পরাত প্রমাণ, আধার অনেক রূপ দৃশ্য সুমহান।
পরিপূর্ণ সুধাসম পাকান্ন ভোজন, নানা স্বদে অপরূপ না যায় বর্ণন ॥
" ২ বিবিধ প্রকার ফল বস্তু সৌন্দর্যের, প্রেরিত সে উপহার আনন্দে ভূপের।
বসন ভূষণ মণি নানাবিধ মান, পশুপক্ষী হস্তী অশ্ব নানাবিধ যান ॥
" ৩ শুভচিহ্ন সুমঙ্গল সুগন্ধ সুন্দর, পাঠালেন বহু দ্রব্য জনক প্রবর।
দধি চিপিটক আদি বহুবিধ দান, শত ভারী ল'য়ে চলে দু কাঁধে সমান ॥

বরযাত্রীদের জনকপুরে আগমন

" ৪ অভ্যর্থনাকারি দল বরযাত্রী দেখি, রোমাঞ্চিত গাত্রে হয় অতিশয় সুখী।
তাহাদের দেখি তথা বরযাত্রী দল, নাকারা বাজায় তীব্র আনন্দে বিহ্বল ॥

দো ৩০৬ পরস্পর মিলিবার উল্লাসে আকুল, দল ছাড়ি ছোটে কেহ মিলিতে ব্যাকুল।
যেন দুই আনন্দের জলধি সেথায়, মিলিবারে বেলাভূমি অতিক্রমি' যায় ॥
চৌ ১ পুষ্প বৃষ্টি করি সুর সুন্দরীরা গায়, আনন্দে দেবতাগণ দুন্দুভি বাজায়।
দশরথ অগ্রে রাখি তত্ত্ব বস্তু যত, অভ্যর্থনাকারিগণ বিনয়ে আনত ॥
" ২ গ্রহণ করেন রাজা সব উপহার, যাচকগণেরে দেন বহু পুরস্কার।
পূজা সমাদর আর করিয়া সৎকার, সবারে লইয়া চলে অতিথি আগার ॥
" ৩ বিচিত্র গালিচা প্রতি পদক্ষেপে পাতা, ধন সব করে ত্যাগ কুবের দেখি তা।
সকল সুবিধা রয় যেথায় যাহার, বাসস্থান পায় সবে অপূর্ব শোভার ॥

চৌ ৪ জানী সিয় বরাত পুর আঈ, কছু নিজ মহিমা প্রগটি জনাঈ।
হৃদয় সুমিরি সব সিদ্ধি বেলাঈ, ভূপ পহুনঈ করন পঠাঈ ॥

দো ০৩০৭ সিধি সব সিয় আয়সু অকনি, গঈ জহাঁ জনরাস।
লিএ সম্পদা সকল সুখ, সুরপুর ভোগ বিলাস ॥

চৌ ০১ নিজ নিজ বাস বিলোকি বরাতী, সুর সুখ সকল সুলভ সব ভাঁতী।
বিভব ভেদ কছু দোউ ন জানা, সকল জনক কর করহি বখানা।

„ ২ সিয় মহিমা রঘুনায়ক জানী, হরষে হৃদয় হেতু পহিচানী।
পিতু আগমনু সুনত দোউ ভাঈ, হৃদয় ন অতি অনন্দু অমাঈ ॥

„ ৩ সকুচহ্ন কহি ন সকত গুরু পাহীঁ, পিতু দরসন লালচু মন মাহীঁ।
বিস্বামিত্র বিনয় বড়ি দেখী, উপজা উর সন্তোষু বিসেষী ॥

„ ৪ হরষি বন্ধু দোউ হৃদয় লগাএ, পুলক অঙ্গ অম্বক জল ছাএ।
চলে জহাঁ দসরথু জনরাসে, মনহুঁ সরোবর তকেউ পিআসে ॥

দো ০৩০৮ ভূপ বিলোকে জবহিঁ মুনি, আরত সুতহ্ন সমেত।
উঠে হরষি সুখসিন্ধু মহুঁ, চলে থাহ সী লেত ॥

চৌ ০১ মুনিহি দণ্ডবত কীহ্ন মহীসা, বার বার পদ রজ ধরি সীসা।
কৌসিক রাউ লিএ উর লাঈ, কহি অসীস পূছী কুসলাঈ ॥

„ ২ পুনি দণ্ডবত করত দোউ ভাঈ, দেখি নৃপতি উর সুখু ন সমাঈ।
সুত হিয় লাই দুসহ দুখ মেটে, মৃতক সরীর প্রান জনু ভেঁটে ॥

„ ৩ পুনি বসিষ্ঠ পদ সির তিহ্ন নাএ, প্রেম মুদিত মুনিবর উর লাএ।
বিপ্র বৃন্দ বন্দে দুহুঁ ভাঈ, মন ভাবতী অসীসেঁ পাঈ ॥

„ ৪ ভরত সহানুজ কীহ্ন প্রনামা, লিএ উঠাই লাই উর রামা।
হরষে লখন দেখি দোউ ভ্রাতা, মিলে প্রেম পরিপূরিত গাতা ॥

দো ০৩০৯ পুরজন পরিজন জাতিজন, জাচক মন্ত্রী মীত।
মিলে জথাবিধি সবহি প্রভু, পরম কৃপাল বিনীত ॥

চৌ ০১ রামহি দেখি বরাত জুড়ানী, প্রীতি কী রীতি ন জাতি বখানী।
নৃপ সমীপ সোহহিঁ সুত চারী, জনু ধন ধরমাদিক তনুধারী ॥

„ ২ সুতহ্ন সমেত দসরথহি দেখী, মুদিত নগর নর নারি বিসেষী।
সুমন বরিসি সুর হনহিঁ নিসানা, নাকনটীঁ নাচহিঁ করি গানা ॥

„ ৩ সতানন্দ অরু বিপ্র সচিব গন, মাগধ সূত বিদুষ বন্দীজন।
সহিত বরাত রাউ সনমানা, আয়সু মাগি ফিরে অগবানা ॥

„ ৪ প্রথম বরাত লগন তেঁ আঈ, তাতেঁ পুর প্রমোদু অধিকাঈ।
ব্রহ্মানন্দু লোগ সব লহহীঁ, বঢ়হুঁ দিবস নিসি বিধি সন কহহীঁ ॥

চৌ ৪ বরযাত্রী নগরেতে আসিতেছে জানি, সীতা দেবী দেখালেন মহিমা আপনি।
হৃদয়ে স্মরণ করি কর্ম সিদ্ধি গণে, পাঠালেন অতিথির সংকার সাধনে ॥

দো ৩০৭ সিদ্ধিগণ জানকীর আদেশ শ্রবণে, অবতীর্ণ হল সবে অতিথি ভবনে।
ভোগের বিলাস যাহা আছে সুর পুরে, তাহা লয়ে উপস্থিত অতিথি সংকারে ॥

চৌ ১ নিজ নিজ বাস স্থানে বরযাত্রিগণ, দেবতা সুলভ সুখে হইল মগন।
না পারে জানিতে কেহ রহস্য ইহার, সকলে প্রশংসা করে জনক রাজার ॥

„ ২ রঘুনাথ জানকীর মহিমা হেরিয়া, মনে মনে আনন্দিত কারণ জানিয়া।
পিতা আগমন বার্তা শুনি দুই ভায়ে, আনন্দের পরিসীমা না ধরে হৃদয়ে ॥

„ ৩ সঙ্কোচেতে গুরুদেবে কহিতে না পারে, পিতৃ দরশন ইচ্ছা প্রবল অন্তরে।
বিশ্বামিত্র দেখি ভক্তি উভয় ভ্রাতার, অতীব সন্তোষ হয় হৃদয়ে তাহার ॥

„ ৪ আনন্দে ভ্রাতারে দুই আলিঙ্গন করি, শরীরে পুলক লাগে নয়নেতে বারি।
সরোবরে যথা লয় পিপাসিত জনে, উপস্থিত হন তারা রাজ সন্নিধানে ॥

দো ৩০৮ যবে দেখিলেন রাজা বিশ্বামিত্র মুনি, দুই পুত্র সাথে তার নয়নের মণি।
মহানন্দে উঠিলেন সুখসিন্ধু মাঝে, পাইতে অতল তল যেথায় বিরাজে ॥

চৌ ১ দণ্ডবৎ করিলেন মুনিরে রাজন, বারবার পদধূলি শিরোপরি লন।
কৌশিক নৃপেরে ধরি বক্ষেতে তাহার, আশীর্বাদ করিলেন লয়ে সমাচার ॥

„ ২ যবে তাঁরে দুই ভ্রাতা প্রণিপাত করে, দেখিয়া নৃপতি হৃদে সুখ নাহি ধরে।
বক্ষে ল'য়ে দুই পুত্রে মিটে দুঃখ তার, মৃতের শরীরে যেন প্রাণের সঞ্চার ॥

„ ৩ বশিষ্ঠের পদে পুনঃ শির নত করে, প্রেমে বিগলিত মুনি বক্ষ পরে ধরে।
ব্রাহ্মণে প্রণাম করে দুই ভাই যবে, মনোবাঞ্ছা পূর্ণ হোক আশিসি'ল সবে ॥

„ ৪ ভরত অনুজ সহ করেন প্রণাম, বক্ষে দোঁহে লন তুলি তখনি শ্রীরাম।
ভ্রাতাদ্বয়ে দেখি তুষ্ট সৌমিত্রি সেখানে, প্রেমেতে মিলিত হন দুই ভাই সনে ॥

দো ৩০৯ আত্মীয় স্বজন আর নগরবাসীরা, সুহৃদ্ সচিব আর যত যাচকেরা।
মেলেন সবারে প্রভু বিধি যে প্রকার, পরম কৃপালু রাম বিনয়াবতার ॥

চৌ ১ রামেরে দেখিয়া শান্তি বরযাত্রী পায়, প্রীতির ধারার কথা বর্ণন না যায়।
নৃপের সমীপে বসে পুত্র তার চারি, ধর্ম অর্থ কাম মোক্ষ যেন তনুধারী ॥

„ ২ দশরথে পুত্র সহ দেখিয়া তথায়, অতি আনন্দিত পুর নরনারী হয়।
পুষ্পবৃষ্টি করে সুর বাজায়ে বাজানা, নৃত্য গান করে যত সুর বরাঙ্গনা ॥

„ ৩ শতানন্দ আর আর বিপ্র মন্ত্রিগণ, বিদ্বান মাগধ ভাট আর বন্দীজন।
সম্মানিয়া নৃপে সব বরযাত্রী সাথে, ফিরে রাজ আজ্ঞা পাই' তারা তথা হতে ॥

„ ৪ বরযাত্রী আসিয়াছে বিবাহের আগে, প্রমোদ তাহাতে পুরে অত্যধিক লাগে।
ব্রহ্মানন্দ যেন সবে করে উপভোগ, দীর্ঘতর দিবারাত্র মাগে সব লোক ॥

দো ০৩১০ রামু সীয় সোভা অবধি, সুকৃত অবধি দোউ রাজ।
জহঁ তহঁ পুরজন কহহিঁ অস, মিলি নর নারি সমাজ ॥

চৌ ০১ জনক সুকৃত মূরতি বৈদেহী, দসরথ সুকৃত রামু ধরে দেহী।
ইন্হ সম কাহুঁ ন সিব অবরাধে, কাহুঁ ন ইন্হ সমান ফল লাধে ॥
” ২ ইন্হ সম কোউ ন ভয়উ জগ মাহীঁ, হৈ নহিঁ কতহূঁ হোনেউ নাহীঁ।
হম সব সকল সুকৃত কৈ রাসী, ভএ জগ জনমি জনক পুরবাসী ॥
” ৩ জিন্হ জানকী রাম ছবি দেখী, কো সুকৃতী হম সরিস বিসেষী।
পুনি দেখব রঘুবীর বিআহূ, লেব ভলী বিধি লোচন লাহূ ॥
” ৪ কহহিঁ পরসপর কোকিলবয়নীঁ, এহি বিআহঁ বড় লাভু সুনয়নী।
বড়েঁ ভাগ বিধি বাত বনাঈ, নয়ন অতিথি হোইহহিঁ দোউ ভাঈ ॥

দো ০৩১১ বারহিঁ বার সনেহ বস, জনক বোলাউব সীয়।
লেন আইহহিঁ বন্ধু দোউ, কোটি কাম কমনীয় ॥

চৌ ০১ বিবিধ ভাঁতি হোইহি পহুনাঈ, প্রিয় ন কাহি অস সাসুর মাঈ।
তব তব রাম লখনহি নিহারী, হোইহহিঁ সব পুর লোগ সুখারী ॥
” ২ সখি জস রাম লখন কর জোটা, তৈসেই ভূপ সঙ্গ দুই ঢোটা।
স্যাম গৌর সব অঙ্গ সুহাএ, তে সব কহহিঁ দেখি জে আএ ॥
” ৩ কহা এক মৈঁ আজু নিহারে, জনু বিরঞ্চি নিজ হাথ সঁবারে।
ভরতু রামহী কী অনুহারী, সহসা লখি ন সকহিঁ নর নারী ॥
” ৪ লখনু সত্রু সূদনু একরূপা, নখ সিখ তে সব অঙ্গ অনূপা।
মন ভাবহিঁ মুখ বরনি ন জাহীঁ, উপমা কহুঁ ত্রিভুবন কোউ নাহীঁ ॥

ছন্দ ০৩৫ উপমান ন কোউ কহ দাস তুলসী কতহুঁ কবি কোবিদ কহৈঁ।
বল বিনয় বিদ্যা সীল সোভা সিন্ধু ইন্হ সে এই অহৈঁ ॥
পুর নারি সকল পসারি অঞ্চল বিধিহি বচন সুনাবহীঁ।
ব্যাহিঅহুঁ চারিউ ভাই এহিঁ পুর হম সুমঙ্গল গাবহীঁ ॥

সো০ ৩৪ কহহিঁ পরস্পর নারি, বারি বিলোচন পুলক তন।
সখি সবু করব পুরারি, পুন্য পয়োনিধি ভূপ দোউ ॥

চৌ০ ১ এহি বিধি সকল মনোরথ করহীঁ, আনঁদ উমগি উমগি উর ভরহীঁ।
জে নৃপ সীয় স্বয়ম্বর আএ, দেখি বন্ধুসব তিন্হ সুখ পাএ ॥
” ২ কহত রাম জসু বিসদ বিসালা, নিজ নিজ ভবন গএ মহিপালা।
গএ বীতি কছু দিন এহি ভাঁতী, প্রমুদিত পুরজন সকল বরাতী ॥

দো ৩১০ রামসীতা উভয়েই সৌন্দর্যের সীমা, উভয় রাজার পুণ্য যতেক গরিমা।
যত্র তত্র মিলে যবে পুরবাসী যত, নরনারী উভয়েই কহে এই মত ॥

চৌ ১ জনক সুকৃতি ধরে বৈদেহী মূরতি, দশরথ পুণ্য তথা রামের আকৃতি।
এদের সমান কেহ নাহি পূজে শিবে, এদের সমান কেহ ফল নাহি পাবে ॥
" ২ ইহাদের সমতুল্য নাহি এ জগতে, হয় নাই হইবেনা কেহ ভবিষ্যতে।
মোদের নিশ্চয় আছে পুণ্য রাশি রাশি, কেননা জন্মিয়া হই মিথিলার বাসী ॥
" ৩ যে আমরা দেখি ছবি সীতা ও রামের, কেবা পুণ্যবান আছে সম আমাদের।
অতঃপর রাম-সীতা বিবাহ দেখিয়া, নয়ন কৃতার্থ হবে সে ফল লভিয়া ॥
" ৪ রমণী কোকিল-কণ্ঠী পরস্পরে কয়, সুনয়নে এ বিবাহে সর্ব লাভ হয়।
বহু ভাগ্য আমাদের করে বিধি তাই, নয়ন অতিথি হয় এই দুই ভাই ॥

দো ৩১১ বার বার স্নেহবশে আনিবেন ঘরে, অযোধ্যা নগর হতে জনক সীতারে।
ফিরায়ে লইতে তারে আসিবেন সেথা, কোটি কাম সমতুল্য রূপে দুই ভ্রাতা ॥

চৌ ১ বিবিধ প্রকার হবে অতিথি সৎকার, এরূপ শ্বশুর ঘর প্রিয় না কাহার।
সেই অবসরে দেখি রাম লক্ষ্মণেরে, পুরবাসী হবে মগ্ন আনন্দ সাগরে ॥
" ২ রাম লক্ষ্মণের জুড়ি সেইরূপ সখি, এসেছে কুমার দুই রাজা সাথে দেখি।
শ্যাম গৌর অঙ্গ দুই অপূর্ব শোভার, যে দেখেছে সেই কহে কি রূপ উহার ॥
" ৩ একজন কহে আমি আজি দেখিয়াছি, বিধাতা গড়েছে যেন নিজ হাতে ছাঁচি।
ভরত রামের মত অবিকল দেহ, সহসা চিনিতে নারে নরনারী কেহ ॥
" ৪ লক্ষ্মণ শত্রুঘ্ন দোহে এক রূপে লীন, নখ শিখা সর্ব অঙ্গ উপমা বিহীন।
মনেতে অপূর্ব লাগে বর্ণন না হয়, কেননা উপমা নাহি ত্রিভুবনময় ॥

ছ ৩৫ দাস সে তুলসী কহে উপমা কোথায় রহে, কবি ও কোবিদগণ না পারে কহিতে।
বিনয় চরিত্র-বল বিদ্যাশোভা এ সকল, সাগর সমান এরা নিজেই নিজেতে ॥
পুরাঙ্গনা যত নারী অঞ্চল পাতিয়া ধরি, বিধিরে শুনায়ে হয় প্রার্থনাতে রত।
এ সুন্দর চারি ভ্রাতা বিবাহ করুক হেথা, গাহিব মঙ্গলগীত আমরা সতত ॥

সো ৩৪ বাষ্পাকুল নেত্রে আর রোমাঞ্চিত দেহে, নারীগণ সবে সেথা পরস্পরে কহে।
মনোবাঞ্ছা করিবেন পূর্ণ উমাপতি, পুণ্য পারাবার হন উভয় নৃপতি ॥

চৌ ১ এইরূপে মনোরথ করিয়া প্রকাশ, আনন্দ উল্লাসে সবে মিটাইল আশ।
যে সব নৃপতি ছিল সীতা স্বয়ম্বরে, তাহারাও সুখী হল দেখি ভ্রাতাদেরে ॥
" ২ শ্রীরামচন্দ্রের যশ নির্মল বিশাল, কহি নিজ গৃহে যান যত মহীপাল।
এইরূপে কিছুকাল হইলে বিগত, আনন্দিত পুরবাসী নরনারী যত ॥

রামসীতার বিবাহ

চৌ ৩ মঙ্গল মূল লগন দিন্নু আরা, হিম রিতু অগহনু মাস্থ সুহারা।
গ্রহ তিথি নখতু জোগু বর বারু, লগন সোধি বিধি কীহ্ন বিচারু ॥
" ৪ পঠৈ দীহ্নি নারদ সন সোঈ, গনী জনক কে গনকহ্ন জোঈ।
সুনী সকল লোগহ্ন য়হ বাতা, কহহিঁ জোতিষী আহিঁ বিধাতা ॥
দো০ ৩১২ ধেনুধুরি বেলা বিমল, সকল সুমঙ্গল মূল।
বিপ্রহ্ন কহেউ বিদেহ সন, জানি সগুন অনুকূল ॥
চৌ০ ১ উপরোহিতহি কহেউ নরনাহা, অব বিলম্ব কর কারনু কাহা।
সতানন্দ তব সচির বোলাএ, মঙ্গল সকল সাজি সব ল্যাএ ॥
" ২ সঙ্খ নিসান পনর বহু বাজে, মঙ্গল কলস সগুন সুভ সাজে।
সুভগ সুআসিনি গারহিঁ গীতা, করহিঁ বেদ ধুনি বিপ্র পুনীতা ॥
" ৩ লেন চলে সাদর এহি ভাঁতী, গএ জহঁা জনরাস বরাতী।
কোশলপতি কর দেখি সমাজূ, অতি লঘু লাগ তিহ্নহি সুররাজূ ॥
" ৪ ভয়উ সমউ অব ধারিঅ পাউ, য়হ সুনি পরা নিসানহিঁ ধাউ।
গুরহি পূছি করি কুল বিধি রাজা, চলে সঙ্গ মুনি সাধু সমাজা ॥
দো০ ৩১৩ ভাগ্য বিভর অরধেস কর, দেখি দের ব্রহ্মাদি।
লগে সরাহন সহস মুখ, জানি জনম নিজ বাদি ॥
চৌ০ ১ সুরহ্ন সুমঙ্গল অবসরু জানা, বরষহিঁ সুমন বজাই নিসানা।
সির ব্রহ্মাদিক বিবুধ বরূথা, চঢ়ে বিমানহ্নি নানা জূথা ॥
" ২ প্রেম পুলক তন হৃদয় উছাহূ, চলে বিলোকন রাম বিআহূ।
দেখি জনকপুরু সুর অনুরাগে, নিজ নিজ লোক সবহি লঘু লাগে ॥
" ৩ চিতরহিঁ চকিত বিচিত্র বিতানা, রচনা সকল অলৌকিক নানা।
নগর নারি নর রূপ নিধানা, সুঘর সুধরম সুসীল সুজানা ॥
" ৪ তিহ্নহি দেখি সব সুরনারী, ভএ নখত জনু বিধু উজিআরী।
বিধিহি ভয়উ আচরজু বিসেষী, নিজ করনী কছু কতহুঁ ন দেখী ॥
দো০ ৩১৪ সিরঁ সমুঝাএ দের সব, জনি আচরজ ভুলাহু।
হৃদয়ঁ বিচারহু ধীর ধরি, সিয় রঘুবীর বিআহু ॥
চৌ০ ১ জিহ্ন কর নামু লেত জগ মাহীঁ, সকল অমঙ্গল মূল নসাহীঁ।
করতল হোহিঁ পদারথ চারী, তেই সিয় রামু কহেউ কামারী ॥
" ২ এহি বিধি সম্ভু সুরহ্ন সমুঝারা, পুনি আগেঁ বর বসহ চলারা।
দেরহ্ন দেখে দসরথু জাতা, মহামোদ মন পুলকিত গাতা ॥

রামসীতার বিবাহ

চৌ ৩ হিম ঋতু মার্গশীর্ষ* মাস এল যবে, সকল আনন্দদায়ী শুভলগ্ন সবে।
গ্রহ তিথি নক্ষত্রের যোগাযোগ যথা, লগন শোধন করি বিচারে বিধাতা ॥

„ ৪ নারদের হস্তে আসে সেই সমাচার, জনক গণক করে একই বিচার ॥
লাগিল কহিতে সবে শুনিয়া একথা, জ্যোতিষী ঠাকুর যেন দ্বিতীয় বিধাতা ॥

দো ৩১২ জনক রাজারে কহে ব্রাহ্মণেরা সবে, নির্মল গোধূলি লগ্ন সর্বশ্রেষ্ঠ হবে।
সকল মঙ্গল-ময় শুভ লগ্ন ইহা, শুভ চিহ্ন অনুকূল সর্বদাই তাহা ॥

চৌ ১ নরনাথ পুরোহিতে কহেন তখন, কি হেতু বিলম্ব আর কহ কি কারণ।
শতানন্দ ডাকিলেন মন্ত্রীদের তবে, সকল মঙ্গল দ্রব্য সাজালেন সবে ॥

„ ২ শঙ্খ ভেরী পাখোয়াজ বহু বাদ্য বাজে, মঙ্গল কলস পূর্ণ শুভচিহ্ন সাজে ॥
সুহাসিনী গাহে সবে সৌভাগ্যবতীরা, শুদ্ধ ভাবে বেদ পাঠ করে ব্রাহ্মণেরা ॥

„ ৩ এ প্রকারে সমাদরে কহিতে স্বাগত, চলিলেন বরযাত্রী যেথা সমাগত।
কোশল পতীর দেখি বিশাল সমাজ, মনে হয় ইন্দ্র সভা পায় বুঝি লাজ ॥

„ ৪ আসিতে হউক আজ্ঞা হয়েছে সময়, শুনা মাত্র কাঠি পড়ে যত দামামায়।
গুরু আজ্ঞা ল'য়ে রাজা করি কুলাচার, সদলে চলেন সাথে সাধু মুনি আর ॥

দো ৩১৩ কোশলপতির দেখি সৌভাগ্য বিভব, ব্রহ্মাদি দেবতা মগ্ন প্রশংসায় সব।
সহস্র বদনে করে প্রশংসা তাহার, মনে করে নিজ জন্ম বুঝি ব্যর্থতার ॥

চৌ ১ সুমঙ্গল অবসর জানিয়া দেবেরা, বাদ্য সহ পুষ্প বৃষ্টি করেন তাহারা।
মহেশ্বর ব্রহ্মা আদি সর্ব দেবতারা, স্ববিমানে আসিলেন দলে দলে তারা ॥

„ ২ প্রেমেতে পুলকে তনু হৃদয়ে উৎসাহ, চলিলেন দেখিবারে রামের বিবাহ।
দেখিয়া জনক পুরী অতি প্রিয় লাগে, নিজ নিজ দেবলোক তুচ্ছ মনে জাগে ॥

„ ৩ চকিত চিত্তেতে দেখে বিচিত্র বিতান, অলৌকিক রচনার অপূর্ব বিজ্ঞান।
নগরের নরনারী রূপের আধার, ধার্মিক সুশীল দক্ষ সজ্জন অপার ॥

„ ৪ চন্দ্রালোকে নক্ষত্রেরা প্রভাহীন যথা, দেবতা ও দেবীগণ হইলেন তথা।
দেবসৃষ্ট কোন বস্তু না দেখি তথায়, পরম আশ্চর্য বোধ করে দেবতায় ॥

দো ৩১৪ সকল দেবতাগণে বোঝান শঙ্কর, ভুলেও হ'য়োনা কেহ বিস্মৃত অন্তর।
ধৈর্য ধরি হৃদয়েতে করহ বিচার, বিবাহ হইবে এথা রাম ও সীতার ॥

চৌ ১ যাঁর নাম গ্রহণেতে জগতের মাঝে, অমঙ্গল মূল নাশ হয় সর্ব কাজে।
চতুর্বর্গ হস্তগত হয় নামে যাঁরি, সেই সীতা রাম এঁরা কহেন কামারি ॥

„ ২ এইরূপে দেবগণে বুঝায়ে শঙ্কর, শ্রেষ্ঠ বৃষ বাহনেতে হন অগ্রসর।
দশরথ চলেছেন দেখে দেবগণ, পুলকিত দেহ তার আনন্দে মগন ॥

* অগ্রহায়ণ মাস

চৌ ৩ সাধু সমাজ সঙ্গ মহিদেৱা, জনু তনু ধরেঁ করহিঁ সুখ সেৱা।
সোহত সাথ সুভগ সুত চারী, জনু অপবরগ সকল তনু ধারী॥
„ ৪ মরকত কনক বরন বর জোৱা, দেখি সুরহ্নু ভৈ প্রীতি ন থোরী।
পুনি রামহি বিলোকি হিয়ঁ হরষে, নৃপহি সরাহি সুমন তিহ্নু বরষে॥
দো০ ৩১৫ রাম রূপু নখ সিখ সুভগ, বারহি বার নিহারি।
পুলক গাত লোচন সজল, উমা সমেত পুরারি॥
চৌ০ ১ কেকি কণ্ঠ দুতি স্যামল অঙ্গা, তড়িত বিনিন্দক বসন সুরঙ্গা।
ব্যাহ বিভূষন বিবিধ বনাএ, মঙ্গল সব সব ভাঁতি সুহাএ॥
„ ২ সরদ বিমল বিধু বদনু সুহাৱন, নয়ন নৱল রাজীৱ লজাৱন।
সকল অলৌকিক সুন্দরতাঈ, কহি ন জাই মনহীঁ মন ভাঈ॥
„ ৩ বন্ধু মনোহর সোহহিঁ সঙ্গা, জাত নচাৱত চপল তুরঙ্গা।
রাজকুঅঁর বর বাজি দেখাৱহিঁ, বংস প্রসংসক বিরিদ সুনাৱহিঁ॥
„ ৪ জেহি তুরঙ্গ পর রামু বিরাজে, গতি বিলোকি খগনায়কু লাজে।
কহি ন জাই সব ভাঁতি সুহাৱা, বাজি বেষু জনু কাম বনাৱা॥
ছন্দ০ ৩৬ জনু বাজি বেষু বনাই মনসিজু রাম হিত অতি সোহঈ।
আঁপনেঁ বয় বল রূপ গুন গতি সকল ভুৱন বিমোহঈ॥
জগমগত জীনু জরাৱ জোতি সুমোতি মনি মানিক লগে।
কিঙ্কিনি ললাম লগামু ললিত বিলোকি সুর নর মুনি ঠগে॥
দো০ ৩১৬ প্রভু মনসহিঁ লয়লীন মনু, চলত বাজি ছবি পাৱ।
ভূষিত উড়গন তড়িত ঘনু, জনু বর বরহি নচাৱ॥
চৌ০ ১ জেহিঁবর বাজি রামু অসৱারা, তেহি সারদউ ন বরনৈ পারা।
সঙ্করু রাম রূপ অনুরাগে, নয়ন পঞ্চদস অতি প্রিয় লাগে॥
„ ২ হরি হিত সহিত রামু জব জোহে, রমা সমেত রমাপতি মোহে।
নিরখি রামছবি বিধি হরষানে, আঠই নয়ন জানি পছিতানে॥
„ ৩ সুর সেনপ উর বহুত উছাহূ, বিধি তে ডেৱঢ় লোচন লাহূ।
রামহি চিতৱ সুরেস সুজানা, গৌতম শ্রাপু পরম হিত মানা॥
„ ৪ দেৱ সকল সুরপতিহি সিহাহীঁ, আজু পুরন্দর সম কোউ নাহীঁ।
মুদিত দেৱগন রামহি দেখী, নৃপসমাজ দুহুঁ হরষু বিসেষী॥
ছন্দ০ ৩৭ অতি হরষু রাজসমাজ দুহু দিসি দুন্দুভীঁ বাজহিঁ ঘনী।
বরষহিঁ সুমন সুর হরষি কহি জয় জয়তি জয় রঘুকুলমনী॥

চৌ ৩ সাধু সঙ্গ ব্রাহ্মণেরা আরো কত কেবা, যেন সুখ তনু ধরি করিতেছে সেবা।
সুকুমার চারি পুত্র সঙ্গে সুশোভিত, পরমাত্মা তনু ধরি যেন রহে স্থিত॥

৪ মরকত মণি আর সুবর্ণ যুগল, দেখি আহ্লাদিত হল দেবতা সকল।
পুনঃ দেখি রামরূপ সুখে আত্মহারা, নৃপেরে প্রশংসি করে পুষ্প বৃষ্টি তারা॥

দো ৩১৫ অপরূপ রামরূপ আপাদমস্তক, বার বার দেখে শিব নেত্র অপলক।
পুলকিত গাত্র হয় সজল নয়ন, পার্বতী সহিত দেখে তুষ্ট ত্রিলোচন॥

চৌ ১ কেকাকণ্ঠ বর্ণ দ্যুতি শ্যামল অঙ্গেতে, বিজলি নিন্দিত বর্ণ বসন রঙেতে।
বিবাহ ভূষণ যত বিবিধ প্রকারে, অঙ্গে শোভে সুমঙ্গল থরে ও বিথরে॥

„ ২ নির্মল শরত শশী মুখশোভা যাঁর, নবীন কমল লাজে নয়নে তাঁহার।
অলৌকিক সৌন্দর্যের সুষমা বিস্তার, বাক্যে নাহি কহা যায় প্রিয় সে চিন্তার॥

„ ৩ মনোহর প্রিয় ভ্রাতা সঙ্গে শোভে অতি, চঞ্চল অশ্বের পরে নৃত্যপরা গতি।
রাজার কুমার করে অশ্বে ছন্দ গতি, ভাট গণ করে গান বংশ কীর্তি মতি॥

„ ৪ যেই অশ্বে রামচন্দ্র হন বিরাজিত, গতি ছন্দ দেখি তার গরুড় লজ্জিত।
সকল সৌন্দর্য তার কহিতে না পারি, মনে হয় কাম দেব অশ্ববেশ ধারী॥

ছ ৩৬ মনে হয় রামচন্দ্র সেবার লাগিয়া, মনসিজ অশ্বরূপ ধারণ করিয়া।
শোভিত আপন গুণে রূপেতে বলেতে, মোহিত করেছে সবে আপন গতিতে॥
খচিত পর্য্যাণ* মণি মুকুতা মাণিকে, বিচ্ছুরিত জ্যোতি তার তপন আলোকে।
নূপুর শিঞ্জিত ছিল অশ্ব বল্গা যত, দেব নর মুনিগণ সবে সচকিত॥

দো ৩১৬ প্রভু মন করি লীন আপনার মনে, পরম সুন্দর অশ্ব শোভিত গমনে।
বিজলি নক্ষত্রে মেঘ অলঙ্কৃত যেন, নাচাইছে শ্রেষ্ঠ কেকা উল্লাসে এ হেন॥

চৌ ১ যেই শ্রেষ্ঠ অশ্বপরে শ্রীরাম আসীন, বর্ণিতে অক্ষম বাণী ভাষাই বিলীন।
শঙ্করের রামরূপে পরম আসক্তি, পঞ্চদশ চক্ষে** তার প্রিয় লাগে অতি॥

„ ২ সপ্রেমে যখন রামে দেখে নারায়ণ, কমলার সাথে হন বিমোহিত মন।
রামরূপ দেখে ব্রহ্মা আনন্দ অপার, শুধু অষ্ট চক্ষু আছে এই দুঃখ তার॥

„ ৩ দেব সেনাপতি তার উচ্ছ্বাস অপার, ব্রহ্মাপেক্ষা দেড়গুণ আছে চক্ষু তার।
রাম রূপ দেখি ইন্দ্র সহস্র লোচনে, কৃতার্থ গৌতম শাপে ভাবে মনে মনে॥

„ ৪ সুরবৃন্দ ইন্দ্রে দেখি ঈর্ষান্বিত হয়, পুরন্দর সম সুখী কেহ আজি নয়।
রামে দেখি হর্ষান্বিত সর্ব দেবগণ, নৃপতি সমাজ দুই আনন্দে মগন॥

ছ ৩৭ নৃপতি সমাজ সুখী উভয় পক্ষেতে, দুন্দুভি বাজিছে তীব্র সহস্র লক্ষেতে।
পুষ্পবৃষ্টি আর স্তুতি যত দেবতার, জয় রঘু কুল-মণি জয়তু তোমার॥

---

* ঘোড়ার পৃষ্ঠে বসিবার আসন (জিন)।

** পঞ্চাননের তিনটি করিয়া চক্ষু

এহি ভাঁতি জানি বরাত আৱত বাজনে বহু বাজহীঁ ।
রানী সুআসিনি বোলি পরিছনি হেতু মঙ্গল সাজহীঁ ॥

দো০ ৩১৭ সজি আরতী অনেক বিধি, মঙ্গল সকল সঁৱারি ।
চলীঁ মুদিত পরিছনি করন, গজ গামিনি বর নারি ॥

চৌ০ ১ বিধুবদনী সব সব মৃগলোচনি, সব নিজ তন ছবি রতি মদু মোচনি ।
পহিরেঁ বরন বরন বর চীরা, সকল বিভূষন সজেঁ সরীরা ॥

” ২ সকল সুমঙ্গল অঙ্গ বনাএঁ, করহিঁ গান কলকণ্ঠি লজাএঁ ।
কঙ্কন কিঙ্কিনি নূপুর বাজহিঁ, চালি বিলোকি কাম গম লাজহিঁ ॥

” ৩ বাজহিঁ বাজনে বিবিধ প্রকারা, নভ অরু নগর সুমঙ্গলচারা ।
সচী সারদা রমা ভৱানী, জে সুরতিয় সুচি সহজ সয়ানী ॥

” ৪ কপট নারি বর বেষ বনাঈ, মিলীঁ সকল রনিৱাসহিঁ জাঈ ।
করহিঁ গান কল মঙ্গল বানীঁ, হরষ বিবস সব কহুঁ ন জানীঁ ॥

ছন্দ০ ৩৮ কো জান কেহি আনন্দ বস সব ব্রহ্মু বর পরিছন চলী ।
কল গান মধুর নিসান বরষহিঁ সুমন সুর সোভা ভলী ॥
আনন্দকন্দু বিলোকি দূলহু সকল হিয়ঁ হরষিত ভঈ ।
অম্ভোজ অম্বক অম্বু উমগি সুঅঙ্গ পুলকাৱলি ছঈ ॥

দো০ ৩১৮ জো সুখু ভা সিয় মাতু মন, দেখি রাম বর বেষু ।
সো ন সকহিঁ কহি কলপ সত, সহস সারদা সেষু ॥

চৌ০ ১ নয়ন নীরু হটি মঙ্গল জানী, পরিছনি করহিঁ মুদিত মন রানী ।
বেদ বিহিত অরু কুল আচারূ, কীন্হ ভলী বিধি সব ব্যৱহারূ ॥

” ২ পঞ্চ সবদ ধুনি মঙ্গল গানা, পট পাঁৱড়ে পরহিঁ বিধি নানা ।
করি আরতী অরঘু তিন্হ দীন্হা, রাম গমনু মণ্ডপ তব কীন্হা ॥

” ৩ দসরথু সহিত সমাজ বিরাজে, বিভৱ বিলোকি লোকপতি লাজে ।
সময়ঁ সময়ঁ সুর বরষহিঁ ফূলা, সাঁতি পঢ়হিঁ মহিসুর অনুকূলা ॥

” ৪ নভ অরু নগর কোলাহল হোঈ, আপনি পর কছু সুনই ন কোঈ ।
এহি বিধি রামু মণ্ডপহিঁ আএ, অরঘু দেই আসন বৈঠাএ ॥

ছন্দ০ ৩৯ বৈঠারি আসন আরতী করি নিরখি বরু সুখু পাৱহীঁ ।
মনি বসন ভূষন ভূরি ৱারহিঁ নারি মঙ্গল গাৱহী ॥
ব্রহ্মাদি সুরবর বিপ্র বেষ বনাই কৌতুক দেখহীঁ ।
অৱলোকি রঘুকুল কমল রবি ছবি সুফল জীৱন লেখহীঁ ॥

এইরূপে বরযাত্রী আসিতেছে জানি, সৌভাগ্যবতীগণে ডাকিলেন রাণী।
সাজাইতে মাঙ্গলিক বরণের ডালা, বিবিধ বাজানা বাজে কর্ণে লাগে তালা ॥

দো ৩১৭ সাজায়ে আরতি সবে বিবিধ প্রকারে, মাঙ্গলিক দ্রব্য আদি রাখি থরে থরে।
গজেন্দ্রগামিনী চলে সুন্দরীরা তবে, বরণ করিতে রামে পুরনারী সবে ॥

চৌ ১ হরিণনয়না আর শশীমুখী নারী, অঙ্গ সৌন্দর্যেতে তারা রতি গর্বহারী।
বিবিধ বর্ণের বস্ত্র অঙ্গে শোভা পায়, অলঙ্কার সর্ব অঙ্গে সুশোভিত কায় ॥

„ ২ সুমঙ্গল সর্ব অঙ্গে শোভা ঠিকরায় গান গায় কোকিলেও শুনি লজ্জা পায়।
কঙ্কণ কিঙ্কিণি আর নূপুর ঝঙ্কারে, মদমত্ত হস্তী পায় লজ্জা গতি হেরে ॥

„ ৩ বাদ্য বাজে নানারূপ বিবিধ প্রকার, গগনে নগরে হয় মঙ্গল আচার।
শচী সরস্বতী লক্ষ্মী এবং পার্বতী, সুর ললনারা যত সবে বুদ্ধিমতী ॥

„ ৪ সুন্দরীর বেশ ধরি করিয়া ছলনা, অন্তঃপুরে যাই' মিলে যত বরাঙ্গনা।
কলকণ্ঠে গান গাহে সুমঙ্গল বাণী, আনন্দে বিবশা সবে দেবীরে না জানি ॥

ছ ৩৮ আনন্দে বিবশা সবে চিনিবে কে কারে, বরণ করিতে চলে পরব্রহ্ম বরে।
কলকণ্ঠে গান আর মৃদঙ্গ বাদনে, দেবতার পুষ্পবৃষ্টি শোভা সম্পাদনে ॥
দেখি আনন্দের মূল পাত্র বিবাহের, উল্লাসে হৃদয় মগ্ন হয় সকলের।
নলিনী নয়নে আসে প্রেম অশ্রু ধার, পুলকে হিল্লোল লাগে সুঅঙ্গে সবার ॥

দো ৩১৮ রামচন্দ্রে বরবেশে দেখি সেইক্ষণে, যে সুখ উৎপন্ন হয় সীতা মাতৃমনে।
শত কল্প ধরি কহি তথাপি না পারে, সহস্র সারদা শেষ বর্ণিতে তাহারে ॥

চৌ ১ মঙ্গল সময় জানি রুধি' চক্ষু জল, বরণ করেন রাণী আনন্দে বিহ্বল।
বৈদিক নির্দেশ আর যত কুলাচার, করেন নির্ভুল ভাবে সব ব্যবহার ॥

„ ২ *পঞ্চ শব্দ পঞ্চধ্বনি মঙ্গল সঙ্গীত, মহার্ঘ গালিচা রহে পথমধ্যে স্থিত।
আরতি করিয়া অর্ঘ করিলে প্রদান, মণ্ডপ উদ্দেশ্যে রাম করেন প্রস্থান ॥

„ ৩ সদল-বলেতে রাজা দশরথ স্থিত, তাহার ঐশ্বর্যে লোক-পালেরা লজ্জিত।
ক্ষণে ক্ষণে পুষ্পবৃষ্টি করে দেবতারা, অনুকূল শান্তি পাঠ করে ব্রাহ্মণেরা ॥

„ ৪ গগন নগর সব কোলাহলময়, নিজ বাক্য পর বাক্য বোধগম্য নয়।
মণ্ডপে আসেন রাম এ হেন সময়, প্রদান করিয়া অর্ঘ আসনে বসায় ॥

ছ ৩৯ আসনে বসায়ে রামে করিয়া আরতি, অতীব আনন্দ দেখি বরের মূরতি।
বসন ভূষণ মণি দিয়া উপহার, রমণীরা গাহে গান মঙ্গল আচার ॥
ব্রহ্মা আদি দেবগণ ব্রাহ্মণের বেশে, এ অপূর্ব দৃশ্য দেখে হৃদয় আবেশে।
রঘু কুল পদ্মনাথ সূর্য শোভা হেরি, জনম সফল হল সর্ব দেবতারি ॥

---

* পঞ্চশব্দ—তন্ত্রী, তাল, ঝাঁঝ, দুন্দুভি ও ভূবীবব, পঞ্চধ্বনি—বেদ ধ্বনি, বন্দিধ্বনি, জয়ধ্বনি ও হুলুধ্বনি।

দো০ ৩১৯ নাউ বারী ভাট নট, রাম নিছাররি পাই।
মুদিত অসীসহিঁ নাই সির, হরষু ন হৃদয়ঁ সমাই ॥

চৌ০ ১ মিলে জনকু দসরথু অতি প্রীতীঁ, করি বৈদিক লৌকিক সব রীতীঁ।
মিলত মহা দোউ রাজ বিরাজে, উপমা খোজি খোজি কবি লাজে ॥
" ২ লহী ন কতহুঁ হারি হিয়ঁ মানী, ইন্হ সম এই উপমা উর আনী।
সামধ দেখি দেব অনুরাগে, সুমন বরষি জসু গাবন লাগে ॥
" ৩ জগু বিরঞ্চি উপজাবা জব তেঁ, দেখে সুনে ব্যাহ বহু তব তেঁ।
সকল ভাঁতি সম সাজু সমাজূ, সম সমধী দেখে হম আজূ ॥
" ৪ দেব গিরা সুনি সুন্দর সাঁচী, প্রীতি অলৌকিক দুহু দিসি মাচী।
দেত পাঁবড়ে অরঘু সুহাএ, সাদর জনকু মণ্ডপহিঁ ল্যাএ ॥

ছন্দ০ ৪০ মণ্ডপু বিলোকি বিচিত্র রচনাঁ রুচিরতাঁ মুনি মন হরে।
নিজ পানি জনক সুজান সব কহুঁ আনি সিঙ্ঘাসন ধরে ॥
কুল ইষ্ট সরিস বসিষ্ঠ পূজে বিনয় করি আসিষ লহী।
কৌসিকহি পূজত পরম প্রীতি কি রীতি তৌ ন পরৈ কহী ॥

দো০ ৩২০ বামদেব আদিক রিষয়, পূজে মুদিত মহীস।
দিএ দিব্য আসন সবহি, সব সন লহী অসীস ॥

চৌ০ ১ বহুরি কীন্হি কোসলপতি পূজা, জানি ঈস সম ভাউ ন দূজা।
কীন্হি জোরি কর বিনয় বড়াঈ, কহি নিজ ভাগ্য বিভব বহুতাঈ ॥
" ২ পূজে ভূপতি সকল বরাতী, সমধী সম সাদর সব ভাঁতী।
আসন উচিত দিএ সব কাহূ, কহৌঁ কাহ মুখ এক উছাহূ ॥
" ৩ সকল বরাত জনক সনমানী, দান মান বিনতী বর বানী।
বিধি হরি হরু দিসিপতি দিনরাউ, জে জানহিঁ রঘুবীর প্রভাউ ॥
" ৪ কপট বিপ্র বর বেষ বনাএঁ, কৌতুক দেখহিঁ অতি সচু পাএঁ।
পূজে জনক দেব সম জানেঁ, দিএ সুআসন বিনু পহিচানেঁ ॥

ছন্দ০ ৪১ পহিচান কো কেহি জান সবহি অপান সুধি ভোরী ভঈ।
আনন্দ কন্দু বিলোকি দূলহু উভয় দিসি আনন্দমঈ ॥
সুর লখে রাম সুজান পূজে মানসিক আসন দএ।
অবলোকি সীলু সুভাউ প্রভু কো বিবুধ মন প্রমুদিত ভএ ॥

দো০ ৩২১ রামচন্দ্র মুখ চন্দ্র ছবি, লোচন চারু চকোর।
করত পান সাদর সকল, প্রেম প্রমোদু ন থোর ॥

দো ৩১৯ ভাট নট বারিগণ* আর ক্ষৌরকার, রাম স্পৃষ্ট দ্রব্য পাই আনন্দ অপার।
মস্তক করিয়া নত আশীর্বাদ করে, সবার হৃদয়ে আজ উল্লাস না ধরে॥

চৌ ১ জনক ও দশরথ মিলে প্রীতি ভরে, বৈদিক লৌকিক রীতি সমর্থন করে।
মিলনের কালে শোভা এ দুই রাজার, খুঁজি খুঁজি লজ্জা পায় কবি উপমার॥

" ২ উপমা না পাই কোথা হৃদে মানি হার, স্থির করে উপমাই এ হল উহার।
বৈবাহিক দ্বয়ে দেখি প্রীতি দেবতার, পুষ্প বৃষ্টি করি করে যশোগান আর॥

" ৩ যবে হ'তে বিশ্ব সৃষ্টি করে পিতামহ, দেখিয়াছি শুনিয়াছি অনেক বিবাহ।
সর্বরূপে সম ভাবে বৈভব সমাজ, বৈবাহিক সমরূপ দেখিলাম আজ॥

" ৪ দেবতার বাণী শুনি সত্য স্বাভাবিক, উভয় পক্ষতে ছায় প্রীতি অলৌকিক।
সুন্দর গালিচা পাতি অর্ঘ দান করি, সাদরে মণ্ডপে আনে দশরথে বরি॥

ছ ৪০ রচনা বিচিত্র অতি মণ্ডপের শোভা, অপূর্ব সে কারুকার্য মুনি মনলোভা।
নিজ হস্তে সিংহাসন জনক সজ্জন, ধরি দেন অতিথিরে সেথা যত জন॥
কুলগুরু ইষ্টদেব সম বশিষ্ঠরে, বিনয়ে পূজিয়া মাথে আশীর্বাদ ধরে।
পূজিলেন বিশ্বামিত্রে যে রূপ প্রীতিতে, রীতি তার নাহি পারে কেহই কহিতে॥

দো ৩২০ অতঃপর বামদেব আদি ঋষিগণে, পূজেন জনক রাজা সুপ্রসন্ন মনে।
সুন্দর আসন দিয়া সবারে রাজন, আশীর্বাদ সবা হতে করেন গ্রহণ॥

চৌ ১ ঈশ্বর ভাবিয়া পূজে পুনঃ দশরথে, অন্যভাব করি ত্যাগ আনন্দের সাথে।
এ ভাগ্য ঐশ্বর্যে তার গর্ব করি অতি, বিনয় করেন ব্যক্ত করিয়া প্রণতি॥

" ২ বরযাত্রিগণে রাজা বৈবাহিক প্রায়, সাদরে করেন পূজা যে আছে তথায়।
সবারে করেন যোগ্য আসন প্রদান, এক মুখে কি করিয়া করি তার গান॥

" ৩ দান মান মধু বাক্য বিনয়ের সনে, জনক সৎকার করে বরযাত্রিগণে।
রবি দিকপাল ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর, রঘুবীর প্রভা যারা জানেন বিস্তর॥

" ৪ ব্রাহ্মণের রূপ ধরি' ছলনা করিয়া, এ দৃশ্য দেখেন তারা সুখে মগ্ন হিয়া।
জনক পূজেন সবে দেবতুল্য করে, সুন্দর আসন দেন না চিনিয়া কারে॥

ছ ৪১ কে কারে চিনিবে বল জানে কি প্রকারে, স্মৃতিলোপ সবাকার এই অবসরে।
আনন্দের মূল দেখি বিবাহের বর, উভয় পক্ষের লোক আনন্দে বিভোর॥
সর্বজ্ঞ শ্রীরামচন্দ্র দেখি দেবগণে, মনেতে আসন দেন পূজি মনে মনে।
প্রভুর স্বভাব শীল দেখি দেবতারা, অতীব আনন্দ পান হৃদয়ে তাহারা॥

দো ৩২১ রামচন্দ্র মুখচন্দ্র অপূর্ব শোভায়, রুচিময় সর্ব নেত্র চকোরের প্রায়।
পান করে সমাদরে সকলে তথায়, প্রেমের উল্লাস কিছু কম নাহি হয়॥

---

* সম্প্রদায় বিশেষ।

চৌ০ ১ সমউ বিলোকি বসিষ্ঠ বোলাএ, সাদর সতানন্দু সুনি আএ।
বেগি কুঅঁরি অব আনহু জাঈ, চলে মুদিত মুনি আয়সু পাঈ ॥
" ২ রানী সুনি উপরোহিত বানী, প্রমুদিত সখিহ্ন সমেত সয়ানী।
বিপ্র বধূ কুলবৃদ্ধ বোলাঈ, করি কুল রীতি সুমঙ্গল গাঈ ॥
" ৩ নারি বেষ জে সুর বর বামা, সকল সুভায়ঁ সুন্দরী স্যামা।
তিন্হহি দেখি সুখু পারহিঁ নারীঁ, বিনু পহিচানি প্রানহু তে প্যারীঁ ॥
" ৪ বার বার সনমানহিঁ রানী উমা রমা সারদ সম জানী।
সীয় সঁরারি সমাজু বনাঈ, মুদিত মণ্ডপহিঁ চলীঁ লরাঈ ॥
ছন্দ০ ৪২ চলি ল্যাই সীতহি সখীঁ সাদর সজি সুমঙ্গল ভামিনীঁ।
নরসপ্ত সাজেঁ সুন্দরীঁ সব মত্ত কুঞ্জর গামিনীঁ ॥
কল গান সুনি মুনি ধ্যান ত্যাগহিঁ কাম কোকিল লাজহীঁ
মঞ্জীর নূপুর কলিত কঙ্কন তাল গতি বর বাজহীঁ ॥

দো০ ৩২২ সোহতি বনিতা বৃন্দ মহুঁ, সহজ সুহাবনি সীয়।
ছবি ললনা গন মধ্য জনু, সুষমা তিয় কমনীয় ॥
চৌ০ ১ সিয় সুন্দরতা বরনি ন জাঈ, লঘু মতি বহুত মনোহরতাঈ।
আরত দীখি বরাতিন্হ সীতা, রূপ রাসি সব ভাঁতি পুনীতা ॥
" ২ সবহি মনহিঁ মন কিএ প্রনামা, দেখি রাম ভএ পূরনকামা।
হরষে দসরথ সুতন্হ সমেতা, কহি ন জাই উর আনঁদু জেতা ॥
" ৩ সুর প্রনামু করি বরিসহিঁ ফূলা, মুনি অসীস ধুনি মঙ্গল মূলা।
গান নিসান কোলাহলু ভারী, প্রেম প্রমোদ মগন নর নারী ॥
" ৪ এহি বিধি সিয় মণ্ডপহিঁ আঈ, প্রমুদিত সাঁতি পঢ়হিঁ মুনিরাঈ।
তেহি অরসর কর বিধি ব্যরহারূ, দুহুঁ কুলগুর সব কীন্হ অচারূ ॥
ছন্দ০ ৪৩ আচারু করি গুর গৌরি গনপতি মুদিত বিপ্র পুজারহীঁ।
সুর প্রগটি পূজা লেহিঁ দেহিঁ অসীস অতি সুখু পারহীঁ ॥
মধুপর্ক মঙ্গল দ্রব্য জো জেহি সময় মুনি মন মহুঁ চহৈঁ।
ভরে কনক কোপর কলস সো তব লিএহিঁ পরিচারক রহৈঁ ॥
" ৪৪ কুল রীতি প্রীতি সমেত রবি কহি দেত সবু সাদর কিয়ো।
এহি ভাঁতি দেব পুজাই সীতহিঁ সুভগ সিঙ্ঘাসনু দিয়ো ॥
সিয় রাম অবলোকনি পরস্পর প্রেমু কাহু ন লখি পরৈ।
মন বুদ্ধি বর বানী অগোচর প্রগট কবি কৈসেঁ করৈ ॥

দো০ ৩২৩ হোম সময় তনু ধরি অনলু, অতি সুখ আহুতি লেহিঁ।
বিপ্র বেষ ধরি বেদ সব, কহি বিবাহ বিধি দেহিঁ ॥

চৌ ১ সময় হয়েছে দেখি বশিষ্ঠ ডাকেন, সমাদরে শতানন্দে শুনিয়া আসেন।
রাজকুমারীরে এবে আনহ সত্বর, মুনি আজ্ঞা পাই' চলে হর্ষিত অন্তর ॥
" ২ মহারাণী পুরোহিত মুখ বাক্য শুনি, সখী সাথে আনন্দিতা হইলেন তিনি।
কুলবৃদ্ধা ব্রাহ্মণীরে ডাকিয়া তথায়, কুলরীতি অনুষ্ঠানি সুমঙ্গল গায় ॥
" ৩ সুর ললনারা যারা তথা নারী বেশী, স্বভাব সুন্দরী সবে তরুণী ষোড়শী।
তাদের দর্শনে সুখ পায় কামিনীরা, প্রাণাপেক্ষা লাগে প্রিয় অজানা তাহারা ॥
" ৪ সম্মান দেখান রাণী বারবার সবে, উমা রমা সরস্বতী সম মনে ভাবে।
সীতারে সজ্জিত করি সবে দলে দলে, আনন্দে সীতারে লয়ে মণ্ডপেতে চলে ॥
ছ ৪২ সাজায়ে মঙ্গল থালি সখী রমণীরা, সাদরে সীতারে ল'য়ে চলিলেন তারা।
ষোড়শ শৃঙ্গারে সাজি' সকল কামিনী, চলিল ললিত ছন্দে কুঞ্জর গামিনী ॥
কলকণ্ঠ গানে মুনি ধ্যান ভঙ্গ হয়, মদন কোকিল শুনি অতি লজ্জা পায়।
ধ্বনিত কঙ্কণে আর মঞ্জীর নূপুরে, সুললিত বাজে তাল গতি অনুসারে ॥

দো ৩২২ ললনা গণের মাঝে অনিন্দিত কায়, স্বভাবসুন্দরী সীতা অতি শোভা পায়।
সুন্দরী কামিনী মাঝে শোভা পায় যেন, মূর্ত্তিমতী সুষমার ছবিখানি হেন ॥
চৌ ১ সীতার সৌন্দর্য শোভা বর্ণন না যায়, সৌন্দর্য অপার, মোর বুদ্ধি ক্ষুদ্র হায়।
পরম পবিত্র আর রূপরাশিময়, বরযাত্রী দেখে সীতা আসেন তথায় ॥
" ২ মনে মনে সকলেই করিল প্রণাম, দেখি তাহা রামচন্দ্র পূর্ণ মনস্কাম।
দশরথ সুতসহ হর্ষান্বিত হন, তাহার অন্তরে সুখ না যায় বর্ণন ॥
" ৩ সুরগণ প্রণমিয়া পুষ্পবৃষ্টি করে, মুনিরা আশিস্ করে সুমঙ্গল ভরে।
গীত ও বিবিধ বাদ্যে অতি কোলাহল, নরনারী নিমজ্জিত প্রেমেতে কেবল ॥
" ৪ মণ্ডপে আসেন সীতা এমত প্রকারে, আনন্দিত মুনিরাজ শান্তি পাঠ করে।
উভয় কুলের গুরু সেই অবসরে, বেদ বিধি কুল রীতি আচরণ করে ॥
ছ ৪৩ কুলাচার সাঙ্গ করি সুখী বিপ্র তবে, গুরু গৌরী গণপতি পূজিলেন সবে ॥
প্রত্যক্ষ হইয়া দেব দেবী পূজা লয়, আশীর্বাদ করি তারা অতি সুখ পায়।
মধুপর্ক মাঙ্গলিক দ্রব্য যাহা যাহা, স্মরণ করিলে মুনি সেবকেরা তাহা ॥
কনক কলসে আর প্রকাণ্ড থালেতে, বহন করিয়া আনে মুনি সম্মুখেতে।
" ৪৪ সূর্যবংশ কুলরীতি প্রেমে সূর্য কহে, সকলে পালন করে সাদরে সস্নেহে।
এরূপে করায়ে পূজা সব দেবগণে, সীতারে বসাল মুনি শুভ সিংহাসনে ॥
রাম সীতা উভে দেখে চাহি পরস্পরে, এ প্রেম কেহই তথা লক্ষ্য নাহি করে।
মন বুদ্ধি বাণীর যা অগোচর রহে, কেমনে প্রকট করি কবি তাহা কহে ॥

দো ৩২৩ হোমকালে অগ্নি তনু করিয়া ধারণ, অতি সুখে করিলেন আহুতি গ্রহণ।
বিপ্র বেশে চতুর্মুখ বিধি বিবাহের, দিলেন নির্দেশ সব সকল কার্যের ॥

চৌ ১ জনক পাটমহিষী জগ জানী, সীয় মাতু কিমি জাই বখানী।
সুজসু সুকৃত সুখ সুন্দরতাঈ, সব সমেটি বিধি রচী বনাঈ ॥
„ ২ সমউ জানি মুনিবরহু বোলাঈং, সুনত সুআসিনি সাদর ল্যাঈং।
জনক বাম দিসি সোহ সুনয়না, হিমগিরি সঙ্গ বনী জনু ময়না ॥
„ ৩ কনক কলস মনি কোপর রূরে, সুচি সুগন্ধ মঙ্গল জল পূরে।
নিজ কর মুদিত রায়ঁ অরু রানী, ধরে রাম কে আগেঁ আনী ॥
„ ৪ পঢ়হিঁ বেদ মুনি মঙ্গল বানী, গগন সুমন ঝরি অরসরু জানী।
বরু বিলোকি দম্পতি অনুরাগে, পায় পুনীত পখারন লাগে ॥

ছন্দ০ ৪৫ লাগে পখারন পায় পঙ্কজ প্রেম তন পুলকাবলী।
নভ নগর গান নিসান জয় ধুনি উমগি জনুচহুঁ দিসি চলী ॥
জে পদ সরোজ মনোজ অরি উর সর সদৈব বিরাজহীঁ।
জে সকৃত সুমিরত বিমলতা মন সকল কলি মল ভাজহীঁ ॥

ছ ৪৬ জে পরসি মুনি বনিতা লহী গতি রহী জো পাতকমঈ।
মকরন্দু জিন্হকো সম্ভু সির সুচিতা অবধি সুর বরনঈ ॥
করি মধুপ মন মুনি জোগিজন জে সেই অভিমত গতি লহৈঁ।
তে পদ পখারত ভাগ্যভাজনু জনকু জয় জয় সব কহৈঁ ॥
„ ৪৭ বর কুঅঁরি করতল জোরি সাখোচারু দোউ কুলগুর করৈঁ।
ভয়ো পানিগহনু বিলোকি বিধি সুর মনুজ মুতি আনঁদ ভরৈঁ ॥
সুখমূল দূলহু দেখি দম্পতি পুলক তন হুলস্যো হিয়ো।
করি লোক বেদ বিধানু কন্যাদানু নৃপভূষন কিয়ো ॥
„ ৪৮ হিমবন্ত জিমি গিরিজা মহেসহি হরিহি শ্রীসাগর দঈ।
তিমি জনক রামহি সিয় সমরপী বিস্ব কল কীরতি নঈ ॥
ক্যোঁ করৈ বিনয় বিদেহু কিয়ো বিদেহু মূরতি সাবঁরী।
করি হোমু বিধিবত গাঁঠি জোরী হোন লাগীঁ ভাবঁরী ॥

দো০ ৩২৪ জয়ধুনি বন্দী বেদ ধুনি, মঙ্গল গান নিসান।
সুনি হরষহিঁ বরষহিঁ বিবুধ, সুরতরু সুমন সুজান ॥
চৌ০ ১ কুঅঁরি কুঅঁরি কল ভাঁবঁরি দেহীঁ, নয়ন লাভু সব সাদর লেহীঁ।
জাই ন বরনি মনোহর জোরী, জো উপমা কছু কহৌঁ সো থোরী ॥
„ ২ রাম সীয় সুন্দর প্রতিছাহীঁ, জগমগাত মনি খম্ভন মাহীঁ।
মনহুঁ মদন রতি ধরি বহু রূপা, দেখত রাম বিআহু অনূপা ॥

চৌ ১ জনকের পাটরাণী সীতার মাতার, কি প্রকারে করি আমি বর্ণনা তাহার।
সুযশ সুকৃতি সুখ সৌন্দর্য সুষমা, একত্র লইয়া বিধি গড়েছে প্রতিমা ॥
„ ২ যথা সময়েতে মুনি করেন আহ্বান, সৌভাগ্যবতীরা শুনি তাঁহারে আনান।
সুলোচনা জনকের বামে শোভে কিবা, হিমালয় সঙ্গে যথা মেনকার শোভা ॥
„ ৩ প্রসন্ন চিত্তেতে উভে রাজা আর রাণী, স্থাপেন রামের অগ্রে নিজ হস্তে আনি।
সুবর্ণ কলস পূর্ণ গন্ধ পূত বারি, মণিময় সুবিস্তীর্ণ থালার উপরি ॥
„ ৪ মুনিরা পবিত্র বেদ পাঠে রত হন, শুভ অবসরে হয় পুষ্প বরিষণ।
আনন্দিত দেখি বর সে রাজ দম্পতি, পুণ্যপদ প্রক্ষালনে হন হৃষ্ট অতি ॥

ছ ৪৫ রামপদ প্রক্ষালন করেন যখন, প্রেমেতে রোমাঞ্চ গাত্র তাদের তখন।
আকাশে নগরে ওঠে জয় জয় ধ্বনি, গীতবাদ্য চতুর্দিকে ছাইল তেমনি ॥
মদনারি হৃদিরূপ সরোবর মাঝে, চরণ কমল যাহা সর্বদা বিরাজে।
যে চরণ স্মরণেতে শুদ্ধ হয় মন, কলি মল ধ্বংশ করে যেই শ্রীচরণ ॥

„ ৪৬ যে চরণ স্পর্শ পেয়ে মুনি বনিতায়, পাপ পঙ্কে পড়িয়াও পুণ্য গতী পায়।
যে চরণ মকরন্দ* শিব শিরে রয়, পবিত্রতা সীমা যারে দেবতারা কয় ॥
মুনি যোগী করি মন মধুপ সমান, মনোমত গতী পায় যাহা করি পান।
সে চরণ ধৌত করে মহা ভাগ্যবান, সবে করে জনকের জয় জয় গান ॥
„ ৪৭ বর কন্যা করতল একত্রিত হয়, বেদ মন্ত্র উচ্চারণ করে গুরুদ্বয়।
পাণি বদ্ধ হ'ল দেখি ব্রহ্মা আদি দেবে, পরিপূর্ণ আনন্দেতে মুনি নর সবে ॥
সর্ব সুখ মূল পাত্র দেখি দম্পতির, শরীরে পুলক হৃদে আনন্দ গভীর।
বেদের বিধান আর লোকাচার মানি, কন্যাদান করিলেন নৃপ শিরোমণি ॥
„ ৪৮ শঙ্করে সমর্পে উমা হিম শৈল পতি, বিষ্ণুরে সমর্পে রমা সাগর যেমতি।
তেমনি জনক দেন শ্রীরামে সীতারে, এ নব কীর্ত্তির কথা জগতে বিস্তারে ॥
কি ক'রে বিনয় করে বিদেহ ভূপতি, দেহ জ্ঞান শূন্য করে শ্যামল মূরতি।
হোম অন্তে গাঁট ছড়া বাঁধি বিধিমতে, আরম্ভিলা রাম সীতা সপ্তপদী যেতে ॥

দো ৩২৪ জয়ধ্বনি স্তুতিগান বেদমন্ত্র যত, মঙ্গল আচার গান বাদ্য শত শত।
শুনি বিজ্ঞ দেবতারা হর্ষান্বিত মন, কল্পতরু হতে পুষ্প করে বরিষণ ॥
চৌ ১ বর বধূ সপ্তপদী সেথা যবে যায়, সাদরে হেরিয়া নেত্র পরিতুষ্টি পায়।
মনোহর যুগলের না যায় বর্ণনা, অকিঞ্চিৎকর হয় সকল উপমা ॥
„ ২ রাম সীতা অপরূপ প্রতিবিম্ব ছায়া, মণিস্তম্ভে বিস্ফুরিত ধরে যেন কায়া।
মন্মথ ও রতি দেবী বহুরূপ ধরি, অপরূপ এ বিবাহ দেখেন নেহারি ॥

---

* চরণ মকরন্দ = চরণকমলের মধু—গঙ্গা

চৌ ৩ দরস লালসা সকুচ ন থোরী, প্রগটত দুরত বহোরি বহোরী।
ভএ মগন সব দেখনিহারে, জনক সমান অপান বিসারে ॥
" ৪ প্রমুদিত মুনিহ্ন ভাঁররী ফেরী, নেগসহিত সব রীতি নবেরী।
রাম সীয় সির সেন্দুর দেহী, সোভা কহি ন জাতি বিধি কেহী ॥
" ৫ অরুন পরাগ জলজু ভরি নীকেঁ, সসিহি ভূপ অহি লোভ অমী কেঁ।
বহুরি বসিষ্ঠ দীহ্নি অনুশাসন, বরু দুলহিনি বৈঠে এক আসন ॥
ছংদ০ ৪৯ বৈঠে বরাসন রামু জানকি মুদিত মন দসরথু ভএ।
তনু পুলক পুনি পুনি দেখি অপনে সুকৃত সুরতরু ফল নএ ॥
ভরি ভুবন রহা উছাহু রাম বিবাহু ভা সবহীঁ কহা।
কেহি ভাঁতি বরনি সিরাত রসনা এক য়হু মঙ্গলু মহা ॥
" ৫০ তব জনক পাই বসিষ্ঠ আয়সু ব্যাহ সাজ সঁবারি কৈ।
মাণ্ডবী শ্রুতিকীরতি উরমিলা কুঁঅরি লঈ হঁকারি কৈ ॥
কুসকেতু কন্যা প্রথম জো গুন সীল সুখ সোভামঈ।
সব রীতি প্রীতি সমেত করি সো ব্যাহি নৃপ ভরতহি দঈ ॥
" ৫১ জানকী লঘু ভগিনী সকল সুন্দরি সিরোমনি জানি কৈ।
সো তনয় দীহ্নী ব্যাহি লখনহি সকল বিধি সনমানি কৈ ॥
জেহি নামু শ্রুতকীরতি সুলোচনি সুমুখি সব গুন আগরী।
সো দঈ রিপুসূদনহি ভূপতি রূপ সীল উজাগরী ॥
" ৫২ অনুরূপ বর দুলহিনি পরস্পর লখি সকুচি হিয় হরষহীঁ।
সব মুদিত সুন্দরতা সরাহহিঁ সুমন সুর গন বরষহীঁ ॥
সুন্দরীঁ সুন্দর বরহ্ন সহ সব এক মণ্ডপ রাজহীঁ।
জনু জীব উর চারিউ অবস্থা বিভুন সহিত বিরাজহীঁ ॥
দো০ ৩২৫ মুদিত অবধপতি সকল সুত, বধুহ্ন সমেত নিহারি।
জনু পাএ মহিপাল মনি, ক্রিয়হ্ন সহিত ফল চারি ॥
চৌ০ ১ জসি রঘুবীর ব্যাহ বিধি বরনী, সকল কুঁঅর ব্যাহে তেহিঁ করনী।
কহি ন জাই কছু দাইজ ভূরী, রহা কনক মনি মণ্ডপ পূরী ॥
" ২ কম্বল বন বিচিত্র পটোরে, ভাতি ভাঁতি বহু মোল ন থোরে।
গজ রথ তুরগ দাস অরু দাসী, ধেনু অলঙ্কৃত কামদুহা সী ॥
" ৩ বস্তু অনেক করিঅ কিমি লেখা, কহি ন জাই জানহিঁ জিহ্ন দেখা।
লোকপাল অবলোকি সিহানে, লীহ্ন অবধপতি সবু সুখু মানে ॥

চৌ ৩ দর্শন লালসা তীব্র তবু সঙ্কুচিত, ক্ষণে ক্ষণে প্রকটিত ক্ষণে লুক্কায়িত।
সকল দর্শনকারী আনন্দে মগন, জনকের ন্যায় হয় আত্ম বিস্মরণ॥

„ ৪ মুনিগণ প্রমুদিত ব্যস্ত চারিভিতে, বৈদিক বিহিত প্রথা আচার সহিতে।
সিন্দুর সীতার শিরে রামচন্দ্র করে, সেই শোভা ব্রহ্মা নাহি পারে বর্নিবারে॥

„ ৫ মুখচন্দ্র সৌন্দর্যের অমৃতের লোভে, বাহু সর্প কর পদ্ম পরাগেতে শোভে।
অতঃপর বশিষ্ঠের সুঅনুশাসনে, বরকন্যা বসিলেন একই আসনে॥

ছ ৪৯ বরাসনে বসিলেন জানকী ও রাম, দশরথ চিত্ত মাঝে সুখ অবিরাম।
পুণ্য কর্ম কল্পবৃক্ষে দেখি নব ফল, বার বার তনু তার আনন্দে বিহ্বল॥
সমগ্র জগত পূর্ণ প্রচণ্ড উৎসাহ, সবে কহে রাম সীতা হইল বিবাহ।
একটি রসনা দিয়া বল কি প্রকারে, সম্পূর্ণ বর্ণন করি মহা মঙ্গলেরে॥

ছ ৫০ বশিষ্ঠ আদেশ লভি' জনক তখন, সাজান বিবাহ দ্রব্য যাহা প্রয়োজন।
মাণ্ডবী ও শ্রুতকীর্তি উর্ম্মিলা কুমারী, আনালেন বিবাহের তরে সবাকারি॥
কুশধ্বজ জ্যেষ্ঠা কন্যা গুণশীলা অতি, সুন্দরী ও সুহাসিনী সুশান্ত প্রকৃতি।
প্রীতির সহিত করি সকল আচার, ভরতের সাথে দেন বিবাহ তাহার॥

„ ৫১ জানকী কনিষ্ঠা ভগ্নী নৃপের বালারে, সুন্দরীর শিরোমণি জানিয়া তাহারে।
সম্মানি সকল ভাবে জনক আদরে, লক্ষ্মণের সাথে দেন বিবাহ তাহারে॥
শ্রুতকীর্তি নামে যার খ্যাতি সুলোচনা, সর্বগুণ-রত্নাকর সুমুখ দর্শনা।
জগত সংসারে যার রূপ শীলে খ্যাতি, শত্রুঘ্নরে কন্যাদান করেন নৃপতি॥

„ ৫২ অনুরূপ বর বধু দেখি পরস্পরে, হৃদয়ে আনন্দ লজ্জা সবারি অন্তরে।
সৌন্দর্য প্রশংসা করে আনন্দিত সবে, পুষ্পের বর্ষণ করে সুখী সর্ব দেবে॥
সুন্দর সুন্দরী সবে বরবধু গণ, একই মণ্ডপচ্ছায় অপূর্ব দর্শন।
জীবাত্মা আপন মনে যেন মনে হয়, বিভূ সনে বিরাজিত চারি অবস্থায় *॥

দো ৩২৫ অতীব আনন্দে মগ্ন অযোধ্যার পতি, বধু সহ চারি পুত্রে দেখিয়া সম্প্রতি।
যেন করিলেন এবে নৃপ মহাভাগ, চতুষ্টয় ক্রিয়া** সাথে চতুর্বর্গ*** লাভ॥

চৌ ১ শ্রীরাম বিবাহ বিধি যেরূপ বর্ণন, সকল কুমারে দিল বিবাহ তেমন।
যৌতুক সামগ্রী এত কহা নাহি যায়, মণ্ডপেতে স্বর্ণমণি পরিপূর্ণ প্রায়॥

„ ২ রেশম পশম আর পট্টবস্ত্র নানা, অল্প মূল্য বস্তু সেথা কিছুই ছিল না।
গজ অশ্ব রথ আদি দাস আর দাসী, কামধেনু তুল্য গাভী সজ্জা রাশি রাশি॥

„ ৩ এত বস্তু কিপ্রকারে গণিব সকল, যে দেখেছে সেই জানে তাহা অবিকল।
লোকপালগণ দেখি আনন্দিত হ'ন, দশরথ প্রীত মনে করেন গ্রহণ॥

---

* চারি অবস্থা—১) জাগ্রৎ, ২) স্বপ্ন, ৩) সুষুপ্তি, ৪) তুরীয়।

** চতুষ্টয় ক্রিয়া—১) যজ্ঞ, ২) শ্রদ্ধা, ৩) যোগ, ৪) জ্ঞান।

*** চতুর্বর্গ—১) ধর্ম্ম, ২) অর্থ, ৩) কাম ৪) মোক্ষ।

চৌ ৪ দীহ্ন জাচকহ্নি জো জেহি ভাবা, উবরা সো জনৱাসেহি আৱা।
তব কর জোরি জনকু মৃদু বানী, বোলে সব বরাত সনমানী ॥

ছন্দ০ ৫৩ সনমানি সকল বরাত আদর দান বিনয় বড়াই কৈ।
প্রমুদিত মহা মুনি বৃন্দ বন্দে পূজি প্রেম লড়াই কৈ ॥
সিরু নাই দেৱ মনাই সব সন কহত কর সম্পূট কিএঁ।
সুর সাধু চাহত ভাউ সিন্ধু কি তোষ জল অঞ্জলি দিএঁ ॥

„ ৫৪ কর জোরি জনকু বহোরি বন্ধু সমেত কোসলরায় সোঁ।
বোলে মনোহর বয়ন সানি সনেহ সীল সুভায় সোঁ ॥
সম্বন্ধ রাজন রাৱরেঁ হম বড়ে অব সব বিধি ভএ।
এহি রাজ সাজ সমেত সেৱক জানিবে বিনু গথ লএ ॥

„ ৫৫ এ দারিকা পরিচারিকা করি পালিবীঁ করুনা নঈ।
অপরাধু ছমিবো কোলি পঠএ বহুত হৌঁ ঢীট্যো কঈ ॥
পুনি ভানুকুল ভূষন সকল সনমান নিধি সমধী কিএ।
কহি জাতি নহিঁ বিনতী পরস্পর প্রেম পরিপূরন হিএ ॥

ছ ৫৬ বৃন্দারকা গন সুমন বরিসহিঁ রাউ জনৱাসেহি চলে।
দুন্দুভী জয় ধুনি বেদ ধুনি নভ নগর কৌতূহল ভলে ॥
তব সখীঁ মঙ্গল গান করত মুনীস আয়সু পাইকৈ।
দূলহ দুলহিনিহ্ন সহিত সুন্দরি চলীঁ কোহবর ল্যাইকৈ ॥

দো০ ৩২৬ পুনি পুনি রামহি চিতব সিয়, সকুচতি মনু সকুচৈন।
হরত মনোহর মীন ছবি, প্রেম পিআসে নৈন ॥

চৌ০ ১ স্যাম সরীরু সুভায়ঁ সুহাৱন, সোভা কোটি মনোজ লজাৱন।
জাৱক জুত পদ কমল সুহাএ, মুনি মন মধুপ রহত জিহ্ন ছাএ ॥

„ ২ পীত পুনীত মনোহর ধোতী, হরিত বাল রবি দামিনি জোতী।
কল কিঙ্কিনি কটি সূত্র মনোহর, বাহু বিসাল বিভূষন সুন্দর ॥

„ ৩ পীত জনেউ মহাছবি দেঈ, কর মুদ্রিকা চোরি চিতু লেঈ।
সোহত ব্যাহ সাজ সব সাজে, উর আয়ত উর ভূষন রাজে ॥

„ ৪ পিঅর উপরনা কাখাসোতী, দুহুঁ আঁচরহ্নি লগে মনি মোতী।
নয়ন কমল কল কুণ্ডল কানা, বদনু সকল সৌদর্জ নিধানা ॥

„ ৫ সুন্দর ভৃকুটি মনোহর নাসা, ভাল তিলকু রুচিরতা নিৱাসা।
সোহত মৌরু মনোহর মাথে, মঙ্গলময় মুকুতা মনি গাথে ॥

ছন্দ০ ৫৭ গাথে মহামনি মৌর মঞ্জুল অঙ্গ সব চিত চোরহীঁ।
পুর নারি সুর সুন্দরীঁ বরহি বিলোকি সব তিন তোরহীঁ ॥

চৌ ৪ প্রার্থীরে দিলেন তাহা যাহা তারা চায়, উদ্‌বৃত্ত রহিল যাহা জনবাসে যায়।
করজুড়ি মৃদুভাষে জনক তখন, আপ্যায়িত করিলেন বরযাত্রিগণ ॥

ছ ৫৩ বিনয়ে প্রশংসি' সবে সমাদরে দানে, জনক সম্মান করে বরযাত্রিগণে।
আনন্দে বন্দনা করি মহা মুনি বরে, সপ্রেমে জনক সবে পূজে ভক্তি ভরে ॥
মস্তক আনত করি সর্ব দেবতারে, কৃতাঞ্জলি হ'য়ে করে প্রার্থনা সবারে।
সুর সাধু আশা করে প্রেম পারাবার, অঞ্জলি ভরিয়া প্রেম নিবেদি আমার ॥

ছ ৫৪ পুনরায় করজুড়ি জনক রাজন, ভ্রাতা সাথে দশরথ সমীপস্থ হন।
স্নেহশীল সুশোভন প্রেমে সিক্ত মনে, মনোহর বাক্যে তাঁরে কহেন দুজনে ॥
সম্বন্ধ স্থাপন করি আপনার সনে, চরিতার্থ হইলাম আমরা দুজনে।
এ রাজ সম্পদসহ আমরা দুজন, জানিবেন বিনামূল্যে সেবক এখন ॥

ছ ৫৫ নিতি নব করুণায় অভিসিক্ত করি, পালিবেন দাসীরূপে এই কন্যাদেরি।
আহ্বান করেছি তোমা সেই ধৃষ্টতার, অপরাধ ক্ষমা কোরো মোদের অপার ॥
সূর্যবংশ অলঙ্কার সম্মানি উভয়ে, গৌরব সাগর কহে বৈবাহিক দ্বয়ে।
পরস্পর রহিলেন প্রেমেতে মগন, বিনয় সৌজন্য হয় দুঃসাধ্য বর্ণন ॥

ছ০ ৫৬ বর্ষণ করেন পুষ্প দেবগণ যত, জনবাসে চলিলেন তবে দশরথ।
বেদমন্ত্র জয়ধ্বনি বাদ্যধ্বনি দ্বারা, নগর বাতাস হল জয়োচ্ছ্বাসে ভরা ॥
মুনির আদেশ লভি' সখীগণ তবে, মঙ্গল সঙ্গীত গাহে এক সাথে সবে।
কুলদেবতার ঘরে বরকন্যা ল'য়ে, সকল সুন্দরী চলে একজোট হ'য়ে ॥

দো০ ৩২৬ বারবার রামরূপ দেখিয়া সীতার, চক্ষু লজ্জা পাইলেও আনন্দ অপার।
প্রেম পিপাসায় যেন তাঁহার নয়ন, মনোহর মীন ছবি করিল হরণ ॥

চৌ০ ১ স্বভাব সুন্দর সেই দূর্বাদল শ্যাম, রূপ দেখি লজ্জা পায় যেন কোটি কাম।
মুনিমন মক্ষী রাখে ছাই' সর্বক্ষণ, অলক্ত রঞ্জিত যুগ্ম কমল চরণ ॥

" ২ পরম পবিত্র পীত রম্য বস্ত্র পরি, প্রাতঃ সূর্য তড়িতের জ্যোতি লয় হরি।
কটিতে মেখলা শোভে নূপুর ধ্বনিত, আজানুলম্বিত বাহু অপূর্ব শোভিত ॥

" ৩ পীতবর্ণ উপবীত মহাশোভা ধরে, হস্তের অঙ্গুরীয় তার সর্বচিত্ত হরে।
অপরূপ শোভা পা'ন বিবাহের সাজে, আয়ত বক্ষের মাঝে মুক্তাহার রাজে ॥

" ৪ উত্তরীয় পীতবর্ণ স্কন্ধে সুশোভিত, উভয় অঞ্চল তার মাণিক্যে খচিত।
কমল নয়ন কর্ণে কুণ্ডল সুন্দর, মুখশশী সর্বরূপ সৌন্দর্যের আকর ॥

" ৫ ভ্রূকুটি সুন্দর তার নাসা মনোহর, ভালের তিলক সে তো অপূর্ব সুন্দর।
শিরোপরি শোভে তার কিবা মনোহর, খচিত মুকুতা মণি অপূর্ব টোপর ॥

ছ০ ৫৭ টোপরে মুকুতা মণি গ্রথিত সুন্দর, সর্ব অঙ্গ সে শোভাতে সর্ব চিত্ত চোর।
পুরনারী সুর নারী দেখি চারি বরে, কুদৃষ্টি কাটাতে সবে তৃণ খণ্ড করে ॥

মনি বসন ভূষণ বারি আরতি করহিঁ মঙ্গল গারহী।
সুর সুমন বরিসহিঁ সূত মাগধ বন্দি সুজসু সুনারহীঁ ॥
ছ ৫৮ কোহবরহিঁ আনে কুঅঁর কুঅঁরি সুআসিনিহ্ন সুখ পাই কৈ।
অতি প্রীতি লৌকিক রীতি লাগীঁ করন মঙ্গল গাই কৈ ॥
লহকৌরি গৌরি সিখার রামহি সীয় সন সারদ কহ।
রনিরাসু হাস বিলাস রস বস জন্ম কো ফলু সব লহৈ ॥
„ ৫৯ নিজ পানি মনি মহুঁ দেখি অতি মূরতি সুরূপ নিধান কী।
চালতি ন ভুজবল্লী বিলোকনি বিরহ ভয় বস জানকী ॥
কৌতুক বিনোদ প্রমোদু প্রেমু ন জাই করি জানহিঁ অলীঁ।
বর কুঅঁরি সুন্দর সকল সখীঁ লরাই জনরাসেহি চলিঁ ॥
ছ ৬০ তেহি সময় সুনিঅ অসীস জহঁ তহঁ নগর নভ আনঁদু মহা।
চিরু জিঅহুঁ জোরীঁ চারু চার্‍যো মুদিত মন সবহীঁ কহা ॥
জোগীঁন্দ্র সিদ্ধ মুনীস দেব বিলোকি প্রভু দুন্দুভি হনী।
চলে হরষি বরষি প্রসূন নিজ নিজ লোক জয় জয় জয় ভনী ॥

দো০ ৩২৭ সহিত বধূটিহ্ন কুঅঁর সব, তব আএ পিতু পাস।
সোভা মঙ্গল মোদ ভরি, উমগেউ জনু জনরাস ॥
চৌ০ ১ পুনি জেবনার ভঈ বহু ভাঁতী, পঠএ জনক বোলাই বরাতী।
পরত পাঁবড়ে বসন অনূপা, সুতহ্ন সমেত গরন কিয়ো ভূপা ॥
„ ২ সাদর সবকে পায় পখারে, জথাজোগু পীঢ়হ্ন বৈঠারে।
ধোএ জনক অরধপতি চরনা, সীলু সনেহু জাই নহিঁ বরনা ॥
„ ৩ বহুরি রাম পদ পঙ্কজ ধোএ, জে হর হৃদয় কমল মহুঁ গোএ।
তীনিউ ভাই রাম সম জানী, ধোএ চরন জনক মিজ পানী ॥
„ ৪ আসন উচিত সবহি নৃপ দীহ্নে, বোলি সূপকারী সব লীহ্নে।
সাদর লগে পরন পনরারে, কনক কীল গনি পান সঁরারে ॥

দো০ ৩২৮ সূপোদন সুরভী সরপি, সুন্দর স্বাদু পুনীত।
ছন মহুঁ সব কেঁ পরুসি গে, চতুর সুআর বিনীত ॥
চৌ০ ১ পঞ্চ করল করি জেবন লাগে, গারি গান সুনি অতি অনুরাগে।
ভাঁতি অনেক পরে পকরানে, সুধা সরিস নহিঁ জাহিঁ বখানে ॥
„ ২ পরুসন লগে সুআর সুজানা, বিঞ্জন বিবিধ নাম কো জানা।
চারি ভাঁতি ভোজন বিধি গাঈ, এক এক বিধি বরনি ন জাঈ ॥
„ ৩ ছরস রুচির বিঞ্জন বহু জাতী, এক এক রস অগনিত ভাঁতী।
জেবঁত দেহিঁ মধুর ধুনি গারী, লৈ লৈ নাম পুরুষ অরু নারী ॥

গাহিল মঙ্গল গান আরতি করিয়া, মণি বস্ত্র অলঙ্কার উপহার দিয়া।
দেবগণ পুষ্পবৃষ্টি করে বরিষণ, শোনায় কীর্ত্তির গাথা বন্দি ভাট গণ॥

ছ ৫৮ সৌভাগ্যবতীরা সব বর বধূ নিয়া, কুল দেবতার গৃহে অতি সুখে গিয়া।
স্ত্রী আচার মানি সবে অতি প্রীতি ভরে, মঙ্গল সঙ্গীত গাহে সুললিত স্বরে॥
পার্বতী শেখান রামে গ্রাস নিতে মুখে, সরস্বতী শিখালেন জানকীরে সুখে।
অন্তঃপুরে হাস্যরস বিলাসে সকল, মনে করে ইহ জন্ম হইল সফল॥

„ ৫৯ নিজ হস্ত মণি মধ্যে রূপের আধার, রামচন্দ্র প্রতিবিম্ব দেখিয়া সীতার।
দর্শন বিয়োগ ভয়ে বাহুরূপী লতা, আর দৃষ্টি নাহি পারে সরাইতে সীতা॥
কৌতুক বিনোদ প্রেম প্রমোদ তখন, সখীরাই জানে তাহা না যায় কথন।
অতঃপর বরবধূ সখীরা সুন্দরী, ল'য়ে চলে জনবাসে হ'য়ে সহচরী॥

„ ৬০ আশীর্বাদ শুনা যায় যেখানে সেখানে, আনন্দে নগর পূর্ণ আকাশে পবনে।
চিরজীবী হোক এই চারিটি যুগল, আশিস আনন্দ চিত্তে করিছে সকল॥
সিদ্ধ মুনি যোগেশ্বর দেবতারা সব, দুন্দুভি বাজা'য়ে করে আনন্দ উৎসব।
দেবতা বরষি' পুষ্প পরম হরষে, নিজ নিজ লোকে যান জয় জয় ভাষে॥

দো০ ৩২৭ বধূসহ কুমারেরা আসেন তৎপরে, পিতৃ সন্নিধানে সবে মিলিবার তরে।
সুমঙ্গল শোভা আর আনন্দের স্রোতে, জনবাস হল যেন প্লাবিত এমতে॥

চৌ ১ আমন্ত্রন করিলেন জনক সবারে, নানাবিধ ভোজ্য হ'ল সেথা তারপরে।
দশরথ চলিলেন পুত্রগণ সাথে, অপরূপ গালিচাটি পথ মধ্যে পাতে॥

„ ২ প্রক্ষালন করে পদ সবার সাদরে, যথাযোগ্য আসনেতে বসান সবারে।
জনক করেন ধৌত দশরথ পদ, না যায় বর্ণন করা চরিত্র সম্পদ॥

„ ৩ রামের চরণ পদ্ম ধোয়ান তৎপরে, শিব মন পদ্মে যাহা গুপ্ত স্থিতি করে।
রাম সম জানি তার তিনটি ভ্রাতারে, তাদের চরণ ধৌত নিজ হস্তে করে॥

„ ৪ উচিত আসন দেন জনক সবারে, আহ্বানি আনেন তবে যত সূপ কারে।
মণি পত্র স্বর্ণ কীলে জুড়িয়া তাহারে, সাদরে পাতেন তাহা সবাকার তরে॥

দো০ ৩২৮ দক্ষতা বিনয় সাথে সূপকার গণ, ক্ষণ মাত্রে করি গেল সুপরিবেষণ।
উৎকৃষ্ট সুস্বাদু সূপ সুগন্ধী পাবন, গব্যঘৃত অন্ন আদি অপর ব্যঞ্জন॥

চৌ০ ১ পঞ্চগ্রাস সমাপিয়া করিল ভোজন, গালি গীত অনুরাগে করিয়া শ্রবণ।
পক্কান্ন অনেক বিধ অমৃত সমান, সুপরিবেষিত হল না যায় বর্ণন॥

„ ২ দক্ষ সূপকার করে সুপরিবেষণ, বিবিধ ব্যঞ্জন নাম কে করে কথন।
চর্ব্য চোষ্য লেহ্য পেয় বিধিষ্ট ভোজন, প্রতিবিধ মাত্রা এত না যায় বর্ণন॥

„ ৩ ছয় রসে রুচিকর ব্যঞ্জন প্রচুর, অগণিত খাদ্য প্রতি রসে ভরপুর।
ভোজন স্থানেতে ছিল যত কামিনীরা, স্ত্রী পুরুষ নাম ল'য়ে গালি দেয় তারা॥

চৌ ৪ সময় সুহাবনি গারি বিরাজা, হঁসত রাউ সুনি সহিত সমাজা।
এহি বিধি সবহীঁ ভোজনু কীহ্না, আদর সহিত আচমনু দীহ্না ॥
দো০ ৩২৯ দেই পান পূজে জনক, দসরথু সহিত সমাজ।
জনবাসেহি গবনে মুদিত, সকল ভূপ সিরতাজ ॥
চৌ০ ১ নিত নূতন মঙ্গল পুর মাহীঁ, নিমিষ সরিস দিন জামিনি জাহীঁ।
বড়ে ভোর ভূপতি মনি জাগে, জাচক গুন গন গাবন লাগে ॥
„ ২ দেখি কুঅঁর বর বধুন্হ সমেতা, কিমি কহি জাত মোদু মন জেতা।
প্রাতক্রিয়া করি গে গুরু পাহীঁ, মহাপ্রমোদু প্রেমু মন মাহী ॥
„ ৩ করি প্রনামু পূজা কর জোরী, বোলে গিরা অমিঅঁ জনু বোরী।
তুম্হারী কৃপাঁ সুনহু মুনিরাজা, ভয়উঁ আজু মৈঁ পুরনকাজা ॥
„ ৪ অব সব প্রিয় বোলাই গোসাঈঁ, দেহু ধেনু সব ভাঁতি বনাঈঁ।
সুনি গুর করি মহিপাল বড়াঈ, পুনি পঠএ মুনি বৃন্দ বোলাই ॥
দো০ ৩৩০ বামদেউ অরু দেবরিষি, বাল্মীকি জাবালি।
আএ মুনিবর নিকর তব, কৌসিকাদি তপসালি ॥
চৌ ১ দণ্ড প্রনাম সবহি নৃপ কীন্হে, পূজি সপ্রেম বরাসন দীন্হে।
চারি লচ্ছ বর ধেনু মগাঈঁ, কামসুরভি সম সীল সুহাঈঁ ॥
„ ২ সব বিধি সকল অলঙ্কৃত কীন্হীঁ, মুদিত মহিপ মহিদেবন্হ দীন্হীঁ।
করত বিনয় বহু বিধি নরনাহূ, লহেউঁ আজু জগ জীবন লাহূ ॥
„ ৩ পাই অসীস মহীসু অনন্দা, লিএ বোলি পুনি জাচক বৃন্দা।
কনক বসন মনি হয় গয় স্যন্দন, দিএ বুঝি রুচি রবিকুলনন্দন ॥
„ ৪ চলে পঢ়ত গাবত গুন গাথা, জয় জয় জয় দিনকর কুল নাথা।
এহি বিধি রাম বিআহ উছাহূ, সকই ন বরনি সহস মুখ জাহূ ॥
দো০ ৩৩১ বার বার কৌসিক চরন, সীসু নাই কহ রাউ।
য়হ সবু সুখু মুনিরাজ তব, কৃপা কটাচ্ছ পসাউ ॥
চৌ০ ১ জনক সনেহ সীলু করতূতী, নৃপু সব ভাঁতি সরাহ বিভূতী।
দিন উঠি বিদা অবধপতি মাগা, রাখহিঁ জনকু সহিত অনুরাগা ॥
„ ২ নিত নূতন আদরু অধিকাঈ, দিন প্রতি সহস ভাঁতি পহুনাঈ।
নিত নব নগর অনন্দ উছাহূ, দসরথ গবনু সোহাই ন কাহূ
„ ৩ বহুত দিবস বীতে এহি ভাঁতী, জনু সনেহ রজু বঁধে বরাতী।
কৌসিক সতানন্দ তবঁ জাঈ, কহা বিদেহ নৃপতি সমুঝাঈ ॥
„ ৪ অব দসরথ কহঁ আয়সু দেহূ, জদ্যপি ছাড়ি় ন সকহু সনেহূ।
ভলেহিঁ নাথ কহি সচিব বোলাএ, কহি জয় জীব সীস তিন্হ নাএ ॥

চৌ ৪ সময়োপযোগী গালি সবে উপভোগে, হাস্য করে নৃপ নিজে বরযাত্রী যোগে।
ভোজন সমাধা হ'লে হাস্য পরিহাসে, আচমন করে সবে কৌতুকে সহাসে ॥

দো০ ৩২৯ তাম্বুল প্রদান করি জনক সেখানে, দশরথে পূজিলেন বরযাত্রী সনে।
নৃপতি মুকুট মণি দশরথ তবে, জনবাসে চলিলেন আনন্দিত সবে ॥

চৌ০ ১ পুরীতে নূতন নিত্য শুভ অনুষ্ঠান, নিমেষে দিবস নিশা হয় অবসান।
অতি প্রাতে নৃপমণি শয্যাত্যাগ করে, যাচকেরা গুণগান বন্দনাতে ধরে ॥

„ ২ দেখিয়া কুমার সবে সাথে বধূগণ, কেমনে করিব তার আনন্দ বর্ণন।
প্রাতঃকৃত্য সমাপিয়া যান গুরু পাশে, পরম আনন্দে আর প্রেমে মন ভাসে ॥

„ ৩ করিয়া প্রণাম পূজা জুড়ি দুই করে, অমিয় বচনে তিনি কহেন মুনিরে।
শুন শ্রেষ্ঠ মুনিবর তোমারি কৃপাতে, হইলাম পূর্ণকাম এই জনমেতে ॥

„ ৪ আহ্বান করুন বিপ্রে প্রভু কৃপা করে, সর্বরূপে সুসজ্জিত ধেনু দান তরে।
দশরথ নৃপে গুরু প্রশংসিল শুনি, ডাকিয়া পাঠান তবে যত ঋষি মুনি ॥

দো০ ৩৩০ নারদ ও বামদেব বাল্মীকি জাবালি, আসিলেন কৌশিকাদি শ্রেষ্ঠ তপশালী ॥

চৌ০ ১ দণ্ডবৎ করিলেন নৃপতি সবারে, সপ্রেমে বসান সবে বরাসন পরে।
চারি লক্ষ শ্রেষ্ঠ ধেনু আনালেন তবে, কামধেনু সম শীল শ্রেষ্ঠ ধেনু সবে ॥

„ ২ সকল প্রকারে ধেনু সুসজ্জিত ক'রে, আনন্দিত নৃপ দেন সব ব্রাহ্মণেরে।
অনেক প্রকারে করি বিনয় বচন, কহেন আজিকে মোর সফল জীবন ॥

„ ৩ বিপ্র আশীর্বাদে নৃপ সুখী হন অতি, ডাকেন যাচকবৃন্দে যার যাহা মতি।
কনক বসন মণি গজ অশ্ব রথ, দেন সূর্যকুলোদ্ভব রাজা দশরথ ॥

„ ৪ যাচকেরা গুণগাহি যাত্রা করি কয়, জয় সূর্য কুল নাথ জয় জয় জয়।
এ প্রকারে শ্রীরামের বিবাহ উৎসব, সহস্র মুখেও নহে বর্ণনা সম্ভব ॥

দো০ ৩৩১ বিশ্বামিত্র চরণেতে নৃপ বার বার, শির নত করি কহে হে মুনি আমার।
এ আনন্দ এই সুখ সম্ভব কেবল, কৃপা কটাক্ষের তব প্রভাব সকল ॥

চৌ০ ১ জনক স্বভাব স্নেহ কর্ম সম্পদের, প্রশংসা করেন রাজা সর্ব প্রকারের।
প্রত্যহ উঠিয়া প্রাতে মাগেন বিদায়, জনক ধরিয়া রাখে অনুরাগে তায় ॥

„ ২ নিতি নব আপ্যায়ন আদরের সাথে, অতিথি সৎকার চলে প্রত্যহ সে মতে।
নিতি নব আনন্দের উচ্ছ্বাস নগরে, নৃপ ফিরে যান কারো মনে নাহি ধরে ॥

„ ৩ এইরূপ বহুদিন বিগত হইল, স্নেহ রজ্জু দ্বারা সবে জনক বাঁধিল।
কৌশিক ও শতানন্দ তখন উভয়ে, যাইয়া বিদেহ ভূপে কহেন বুঝায়ে ॥

„ ৪ দশরথে যেতে আজ্ঞা হোক বর্তমানে, যদিও স্নেহের বশে শোক তব মনে।
তথাস্তু কহিয়া নৃপ ডাকেন মন্ত্রীরে, জয় হোক কহি মন্ত্রী আসে নত শিরে ॥

দো॰ ৩৩২ অৱধনাথু চাহত চলন, ভীতর করহু জনাউ।
ভএ প্রেমবস সচিৱ সুনি, বিপ্র সভাসদ রাউ॥

চৌ॰ ১ পুরবাসী সুনি চলিহি বরাতা, বূঝত বিকল পরস্পর বাতা।
সত্য গরনু সুনি সব বিলখানে, মনহুঁ সাঁঝ সরসিজ সকুচানে॥

„ ২ জহঁ জহঁ আৱত বসে বরাতী, তহঁ তহঁ সিদ্ধ চলা বহু ভাঁতী।
বিবিধ ভাঁতি মেৱা পকৱানা, ভোজন সাজু ন জাই বখানা॥

„ ৩ ভরি ভরি বসহঁ অপার কহারা, পঠঈ জনক অনেক সুআরা।
তুরগ লাখ রথ সহস পচীসা, সকল সৱাঁরে নখ অরু সীসা॥

„ ৪ মত্ত সহস দস সিন্ধুর সাজে, জিন্হহি দেখি দিসি কুঁজর লাজে।
কনক বসন মনি ভরি ভরি জানা, মহিষীঁ ধেনু বস্তু বিধি নানা॥

দো॰ ৩৩৩ দাইজ অমিত ন সকি অকহি, দীন্হ বিদেহঁ বহোরি।
জো অৱলোকত লোকপতি, লোক সম্পদা থোরি॥

চৌ॰ ১ সবু সমাজু এহি ভাঁতি বনাঈ, জনক অৱধপুর দীন্হ পঠাঈ।
চলিহি বরাত সুনত সব রানীঁ, বিকল মীনগন জনু লঘু পানীঁ॥

„ ২ পুনি পুনি সীয় গোদ করি লেহীঁ, দেই অসীস সিখাৱনু দেহীঁ।
হোএহু সন্তত পিয়হি পিআরী, চিরু অহিবাত অসীস হমারী॥

„ ৩ সাসু সসুর গুর সেৱা করেহু, পতি রুখ লখি আয়সু অনুসরেহু।
অতি সনেহ বস সখীঁ সয়ানী, নারি ধরম সিখৱহিঁ মৃদু বানী॥

„ ৪ সাদর সকল কুঅঁরি সমুঝাঈঁ, রানিন্হ বার বার উর লাঈঁ।
বহুরি বহুরি ভেটহিঁ মহতারীঁ, কহহিঁ বিরঞ্চি রচীঁ কত নারীঁ॥

দো॰ ৩৩৪ তেহি অৱসর ভাইন্হ সহিত, রামু ভানুকুল কেতু।
চলে জনক মন্দির মুদিত, বিদা করাৱন হেতু॥

চৌ॰ ১ চারিউ ভাই সুভায়ঁ সুহাএ, নগর নারি নর দেখন ধাএ।
কোউ কহ চলন চহত হহিঁ আজু, কীন্হ বিদেহ বিদা কর সাজু॥

„ ২ লেহু নয়ন ভরি রূপ নিহারী, প্রিয় পাহুনে ভূপ সুত চারী।
কো জানৈ কেহিঁ সুকৃত সয়ানী, নয়ন অতিথি কীন্হে বিধি আনী॥

„ ৩ মরনসীলু জিমি পাৱ পিঊষা, সুরতরু লহৈ জনমৈ কর ভূখা।
পাৱ নারকী হরিপদু জৈসেঁ, ইন্হ কর দরসনু হম কহ তৈসেঁ॥

„ ৪ নিরখি রাম সোভা উর ধরহূ, নিজ মন ফনি মূরতি মনি করহূ।
এহি বিধি সবহি নয়ন ফলু দেতা, গএ কুঅঁর সব রাজ নিকেতা॥

দো॰ ৩৩৫ রূপ সিন্ধু সব বন্ধু লখি, হরষি উঠা রনিৱাসু।
করহিঁ নিছাৱরি আরতী, মহা মুদিত মন সাসু॥

দো॰ ৩৩২ অযোধ্যার অধিপতি ফিরি যেতে চান, অন্তঃপুরে এ খবর এখনি পাঠান।
প্রেমে অভিভূত হয় শুনিয়া একথা, মন্ত্রী বিপ্র সভাসদ যারা ছিল তথা ॥

চৌ॰ ১ বরযাত্রী চলি যাবে পুরবাসী শুনে, এ উহাকে জিজ্ঞাসিল বিকল পরাণে।
সঠিক সংবাদ শুনি বিলাপে ব্যাপৃত, সন্ধ্যা সমাগমে যথা পদ্ম সঙ্কুচিত ॥

„ ২ বরযাত্রী আসি রহে যেই যেই স্থানে, অন্নাদি রন্ধন লাগি যায় সেইখানে।
আঙুর বেদানা আর পক্কান্ন ভোজন, বিবিধ প্রকার এত না যায় বর্ণন ॥

„ ৩ অসংখ্য বলদ পৃষ্ঠে পরিপূর্ণ ভার, পাঠান বাহক বহু স্কন্ধে গুরুভার।
লক্ষ অশ্ব চতুর্থাংশ রথের বাহার, নখাগ্র হইতে শিখা কিবা শোভা তার ॥

„ ৪ মদমত্ত হস্তী সাজে অযুত সংখ্যায়, যাহা দেখি দিক্‌গজ সবে লজ্জা পায়।
কনক বসন রত্ন বিবিধ যানেতে, চলিল মহিষ গাভী নানা বস্তু সাথে ॥

দো ৩৩৩ অসংখ্য যৌতুক যাহা বর্ণন না যায়, বিদেহ ভূপতি তাহা দেন পুনরায়।
যাহা দেখি লোকপাল লোকের বৈভব, তুচ্ছ মনে হয় তাহা যতই সে সব ॥

চৌ॰ ১ যৌতুক সামগ্রী যত সাজায়ে সাদরে, জনক পাঠান সব অযোধ্যা নগরে।
বরযাত্রী যায় চলি শুনি রাণী গণ. মীন যথা স্বল্প জলে আকুলিত হন ॥

„ ২ পুনঃ পুনঃ লন তারা সীতারে অঙ্কেতে, আশীর্বাদ শিক্ষা তারে দেন একসাথে।
হও প্রিয়া সদা তুমি পতি দেবতার, সদা এয়ো রবে তুমি আশিস আমার ॥

„ ৩ শ্বশুর শ্বাশুড়ী আর গুরু সেবা কর, পতি মনভাব বুঝি আজ্ঞা অনুসর।
বিজ্ঞ সখী স্নেহ ভরে অতি ভালবেসে, শিক্ষা দিল নারী ধর্ম অতি মৃদু ভাষে ॥

„ ৪ সকল কুমারীগণে বোঝাল সাদরে, রাণী গণ বক্ষ মাঝে লন বারে বারে।
বার বার মাতৃগণ মিলিয়া কহেন, নারীর সৃজন কেন বিধাতা করেন ॥

দো॰ ৩৩৪ সূর্যবংশ অবতংস এই অবসরে, চলিলেন ভ্রাতাদের তার সঙ্গে করে।
জনক ভবনে সবে প্রসন্ন মনেতে, বিদায় প্রার্থনা লাগি সবাকার হতে ॥

চৌ॰ ১ স্বভাব সুন্দর এই ভ্রাতা চতুষ্টয়, দেখিবারে নগরের নরনারী ধায়।
বিদায় লইতে চলে বলে কোন জন, জনক সাজায় রাখে সব প্রয়োজন ॥

„ ২ নয়ন ভরিয়া রূপ কর দরশন, অতিথি অতীব প্রিয় এ চারি নন্দন।
কোন পুণ্যফলে আজ কে জানে সজনি, নয়ন অতিথি ব্রহ্মা করিলেন আনি ॥

„ ৩ মুমূর্ষু ব্যক্তির কাছে অমৃত স্বরূপ, ক্ষুধার্তের কাছে যেন কল্পতরু রূপ।
নারকীর কাছে লাভ হরিপদ যথা, এদের দর্শন লাভ আমাদের তথা ॥

„ ৪ রামরূপ শোভা দেখি হৃদয়েতে ধর, নিজ মনসর্প শিরে মূর্তি মণি কর।
নয়ন আনন্দ ফল দিয়া সর্বজনে, সকল কুমার চলে রাজ নিকেতনে ॥

দো॰ ৩৩৫ রূপের সাগর দেখি ভ্রাতা চতুষ্টয়, অন্তঃপুরে আহ্লাদিত সর্বজনে হয়।
কুদৃষ্টি কাটায়ে করে আরতি মহান, শ্বশ্রূগণ উল্লসিত দেহ মন প্রাণ ॥

চৌ০ ১ দেখি রাম ছবি অতি অনুরাগীँ, প্রেম বিবস পুনি পুনি পদ লাগীँ।
রহী ন লাজ প্রীতি উর ছাঈ, সহজ সনেহু বরনি কিমি জাঈ॥
„ ২ ভাইন্হ সহিত উবটি অন্হবাএ, ছরস অসন অতি হেতু জেবঁাএ।
বোলে রামু সুঅবসরু জানী, সীল সনেহ সকুচময় বানী॥
„ ৩ রাউ অবধপুর চহত সিধাএ, বিদা হোন হম ইহাঁ পঠাএ।
মাতু মুদিত মন আয়সু দেহূ, বালক জানি করব নিত নেহূ॥
„ ৪ সুনত বচন বিলখেউ রনিবাসূ, বোলি ন সকহিঁ প্রেমবস সাসূ।
হৃদয়ঁ লগাই কুঅঁরি সব লীন্হী, পতিন্হ সৌঁপি বিনতী অতি কীন্হী॥

ছন্দ০ ৬১ করি বিনয় সিয় রামহি সমরপী জোরি কর পুনি পুনি কহৈ।
বলি জাউঁ তাত সুজান তুম্হ কহুঁ বিদিত গতি সব কী অহৈ॥
পরিবার পুরজন মোহি রাজহি প্রানপ্রিয় সিয় জানিবী।
তুলসীস সীলু সনেহু লখি নিজ কিঙ্করী করি মানিবী॥

সো০ ৩৫ তুম্হ পরিপূরন কাম, জান সিরোমনি ভাবপ্রিয়।
জনগুন গাহক রাম, দোষ দলন করুনায়তন॥

চৌ০ ১ অস কহি রহী চরন গহি রানী, প্রেম পঙ্ক জনু গিরা সমানী।
সুনি সনেহ সানী বর বানী, বহুবিধি রাম সাসু সনমানী॥
„ ২ রাম বিদা মাগত কর জোরী, কীন্হ প্রনামু বহোরি বহোরী।
পাই অসীস বহুরি সিরু নাঈ, ভাইন্হ সহিত চলে রঘুরাঈ॥
„ ৩ মঞ্জু মধুর মূরতি উর আনী, ভঈ সনেহ সিথিল সব রানী।
পুনি ধীরজু ধরি কুঅঁরি হঁকারী, বার বার ভেটহিঁ মহতারীँ॥
„ ৪ পহুঁচাবহিঁ ফিরি মিলহিঁ বহোরী, বঢ়ী পরস্পর প্রীতি নথোরী।
পুনি পুনি মিলত সখিন্হ বিলগাঈ, বাল বচ্ছ জিমি ধেনু লবাঈ॥

দো০ ৩৩৬ প্রেমবিবস নর নারি সব, সখিন্হ সহিত রনিবাসু।
মানহুঁ কীন্হ বিদেহপুর, করুনাঁ বিরহঁ নিবাসু॥

চৌ০ ১ সুক সারিকা জানকী জ্যাএ, কনক পিঞ্জরন্হি রাখি পঢ়াএ।
ব্যাকুল কহহিঁ কহাঁ বৈদেহী, সুনি ধীরজু পরিহরই ন কেহী॥

„ ২ ভএ বিকল খগ মৃগ এহি ভাঁতী, মনুজ দসা কৈসেঁ কহি জাতী।
বন্ধু সমেত জনকু তব আএ, প্রেম উমগি লোচন জল ছাএ॥
„ ৩ সীয় বিলোকি ধীরতা ভাগী, রহে কহাবত পরম বিরাগী।
লীন্হি রায়ঁ উর লাই জানকী, মিটী মহা মরজাদ গ্যান কী॥

চৌ০ ১ রামরূপ দেখি সবে অতীব হরষে, প্রেমবশে পুনঃপুনঃ চরণ পরশে।
ত্যজি লজ্জা সব হৃদি পরিপূর্ণ প্রেমে, স্বাভাবিক স্নেহ তাহা বর্ণিব কেমনে॥

„ ২ সভ্রাতা শ্রীরামে লেপি করাল সিনান, ছয় রস যুক্ত ভোজ্য ভোজন করান।
শুভ অবসর জানি সঙ্কোচে শ্রীরাম, স্নেহ শীল মৃদু বাক্যে কহে অভিরাম॥

„ ৩ অযোধ্যা পতির ইচ্ছা ফিরিয়া যাবার, বিদায় লইতে মোরা প্রেরিত এবার।
হে মাতঃ প্রসন্ন মনে আদেশ করুন, বালক বলিয়া স্নেহ থাক অনুক্ষণ॥

„ ৪ শুনিবাক্য অন্তঃপুর বিলাপে মগন, স্নেহে অভিভূত মাতা বাকরুদ্ধ হন।
কন্যাগণে বক্ষ মাঝে করিয়া গ্রহণ, পতি হস্তে করিলেন বিনীত অর্পণ॥

ছ০ ৬১ বিনয় করিয়া রামে সমর্পিয়া সীতা, কর জুড়ি বারবার কহিলেন মাতা।
হে বৎস জানত সবই তুমি বুদ্ধিমান, কি আর বলিব তুমি বুঝ মম প্রাণ॥
আত্মীয় স্বজন রাজা মোর সমধিক, জানিও জানকী প্রিয় প্রাণের অধিক।
স্নেহশীলা দেখি সীতা হে তুলসীপতি, তোমারি সেবিকা কোরো সীতা ভাগ্যবতী॥

সো০ ৩৫ তুমি পূর্ণকাম তুমি জ্ঞানি-শিরোমণি, ভবপ্রিয় তুমি রাম গুণের সন্ধানী।
তুমিই গ্রহণ কর ভক্ত গুণরাশি, কৃপা নিকেতন তুমি ভক্ত দোষ নাশি॥

চৌ০ ১ রামের চরণ ধ'রে কহি ইহা রাণী, প্রেম পঙ্কে নিমজ্জিত যেন তার বাণী।
স্নেহসিক্ত মধুবাণী রামচন্দ্র শুনে, সম্মানিল বহুভাবে শ্বশ্রূমাতাগণে॥

„ ২ বিদায় প্রার্থনা করে জুড়ি দুই কর, সবার চরণে নতি করিবার পর।
শির নত করি লয় আশিস মাথায়, ভ্রাতাদের সাথে চলে রাম রঘুরায়॥

„ ৩ মনোরম মূর্ত্তি হৃদে করিয়া ধারণ, বিবশ হইল রাণী স্নেহের কারণ।
পুনঃ ধৈর্য ধরি মাতা ডাকেন কন্যারে, বক্ষে ধরি আলিঙ্গন করে বারে বারে॥

„ ৪ বিদায় মিলন পুনঃ মিলন বিদায়, পরস্পর প্রেম প্রীতি তুলনা না হয়।
সখীরা পৃথক ক'রে দোঁহে পুনঃপুনঃ, নব বৎস গাভী হতে কাড়ি লয় যেন॥

দো০ ৩৩৬ অন্তঃপুরে নরনারী সবে অন্তরেতে, বিবশ হইল সবে প্রেমের বশেতে।
বিদেহ নগরে যেন হইল বসতি, করুণা বিরহ দোঁহে পাশাপাশি নিতি॥

চৌ০ ১ জানকী পালিত স্নেহে শুক সারী দুই, সোনার পিঞ্জরে রাখি পড়াতেন যেই।
ব্যাকুল চিত্তেতে কয় জানকী কোথায়, শুনিয়া একথা সবে ধৈর্যচ্যুত হয়॥
ব্যাকুল চিত্তেতে তারা বারে বারে কয়, জান কি তোমরা মোর জানকী কোথায়।
এ কথা শোনার পর যারা সেথা রয়, চক্ষে অশ্রু বহে আর ধৈর্যচ্যুত হয়॥

„ ২ পশু পক্ষী এইরূপ ব্যাকুল যেথায়, মানুষের দশা কহা কি করিয়া যায়।
ভ্রাতার সহিত যবে জনক আসেন, উচ্ছ্বসিত প্রেমাশ্রুতে তখন ভাসেন॥

„ ৩ পরম বৈরাগ্যবান বলি খ্যাত যিনি, সীতারে দেখিয়া ধৈর্যচ্যুত হন তিনি।
সীতারে বক্ষেতে চাপি পরম আদরে, জ্ঞানের মর্যাদা ছাড়ে জনক রাজারে॥

চৌ ৪ সমুঝাৱত সব সচিৱ সয়ানে, কীহ্ন বিচারু ন অৱসৰু জানে।
বারহিঁ বার সুতা উর লাঈঁ, সজি সুন্দর পালকীঁ মগাঈঁ ॥

দো০ ৩৩৭ প্রেমবিবস পরিৱারু সবু, জানি সুলগন নরেস।
কুঅঁর চঢ়াঈঁ পালকিহ্ন, সুমিরে সিদ্ধি গনেস ॥

চৌ০ ১ বহুবিধি ভূপ সুতা সমুঝাঈ, নারিধরমু কুলরীতি সিখাঈ।
দাসীঁ দাস দিএ বহুতেরে, সুচি সেৱক জে প্রিয় সিয় কেরে ॥

„ ২ সীয় চলত ব্যাকুল পুরবাসী, হোহিঁ সগুন সুভ মঙ্গল রাসী।
ভূসুর সচিৱ সমেত সমাজা, সঙ্গ চলে পহুঁচাৱন রাজা ॥

„ ৩ সময় বিলোকি বাজনে বাজে, রথ গজ বাজি বরাতিহ্ন সাজে।
দশরথ বিপ্র বোলি সব লীহ্নে, দান মান পরিপূরন কীহ্নে ॥

„ ৪ চরণ সরোজ ধূরি ধরি সীসা, মুদিত মহীপতি পাই অসীসা।
সুমিরি গজাননু কীহ্ন পয়ানা, মঙ্গলমূল সগুন ভএ নানা ॥

দো০ ৩৩৮ সুর প্রসূন বরষহিঁ হরষি, করহিঁ অপছরা গান।
চলে অৱধপতি অৱধপুর, মুদিত বজাই নিসান ॥

চৌ০ ১ নৃপ করি বিনয় মহাজন ফেরে, সাদর সকল মাগনে টেরে।
ভূষন বসন বাজি গজ দীহ্নে, প্রেম পোষি ঠাঢ়ে সব কীহ্নে ॥

„ ২ বার বার বিরিদাৱলি ভাষী, ফিরে সকল রামহি উর রাখী।
বহুরি বহুরি কোসলপতি কহহীঁ, জনকু প্রেমবস ফিরৈ ন চহহীঁ ॥

„ ৩ পুনি কহ ভূপতি বচন সুহাএ, ফিরিঅ মহীস দূরি বড়ি আএ।
রাউ বহোরি উতরি ভএ ঠাঢ়ে, প্রেম প্রবাহ বিলোচন বাঢ়েঁ ॥

„ ৪ তব বিদেহ বোলে কর জোরী, বচন সনেহ সুধাঁ জনু বোরী।
করৌঁ কৱন বিধি বিনয় বনাঈ, মহারাজ মোহি দীহ্নি বড়াঈ ॥

দো০ ৩৩৯ কোসলপতি সমধী সজন, সনমানে সব ভাঁতি।
মিলনি পরসপর বিনয় অতি, প্রীতি ন হৃদয়ঁ সমাতি ॥

চৌ০ ১ মুনি মণ্ডলিহি জনক সিরু নাৱা, আসিরবাদু সবহি সন পাৱা।
সাদর পুনি ভেঁটে জামাতা, রূপ সীলগুন নিধি সব ভ্রাতা ॥

২ „ জোরি পঙ্করুহ পানি সুহাএ, বলে বচন প্রেম জনু জাএ।
রাম করৌঁ কেহি ভাঁতি প্রসংসা, মুনি মহেস মন মানস হংসা ॥

৩ „ করহিঁ জোগ জোগী জেহি লাগী, কোহু মোহু মমতা মদু ত্যাগী।
ব্যাপকু ব্রহ্ম অলখু অবিনাসী, চিদানন্দু নিরগুন গুনরাসী ॥

৪ „ মন সমেত জেহি জান ন বানী, তরকী ন সকহিঁ সকল অনুমানী।
মহিমা নিগম নেতি কহি কহঈ, জো তিহুঁ কাল একরস রহঈ ॥

চৌ ৪ বিচক্ষণ মন্ত্রীগণ রাজারে বোঝায়, সময় বহিয়া যায় যত দেরী হয়।
কন্যারে বক্ষেতে ধরে চক্ষে অশ্রু বহে, সুসজ্জিত চতুর্দোলা আনিবারে কহে ॥

দো০ ৩৩৭ প্রেমেতে বিবশ হল যত পরিবার, শুভলগ্ন সমাগত জানি এই বার।
সিদ্ধিদাতা গণপতি করিয়া স্মরণ, চতুর্দোলা পরে কন্যা স্থাপিল রাজন ॥

চৌ০ ১ অনেক প্রকারে শিক্ষা দেন দুহিতারে, কুলরীতি নারীধর্ম শিখালেন তারে।
বহু দাস দাসী সাথে বিশ্বাস ভাজন, প্রিয় তারা জানকীর দিলেন রাজন ॥

„ ২ সীতার বিদায় কালে ব্যাকুল সকলে, শুভচিহ্ন প্রতিভাত হয় জলে স্থলে।
ব্রাহ্মণ সচিব সাথে সকল সমাজ, পঁহুচিতে চলিলেন সঙ্গে মহারাজ ॥

„ ৩ সময় আগত দেখি বহু বাদ্য বাজে, বরযাত্রী রথ গজ অশ্ব আদি সাজে।
আহ্বান করেন সব বিপ্রে দশরথ, ধনে মানে পুরালেন সর্ব মনোরথ ॥

চৌ০ ৪ পাদপদ্ম রজ করি মস্তকে ধারণ, আশীর্বাদ লভি রাজা আনন্দিত হন।
চলিলেন রাজা করি গণেশে স্মরণ, শুভচিহ্ন দেখি নানা মঙ্গল কারণ ॥

দো ৩৩৮ সুরগণ পুষ্পবৃষ্টি করে আনন্দেতে, স্বর্গের অপ্সরা গাহে অতি হৃষ্ট চিতে।
অযোধ্যার অধিপতি অযোধ্যায় যান, বহুবিধ বাদ্য বাজে আনন্দে মহান ॥

চৌ০ ১ বিনয়ে বিদায় দেন মান্য অতিথিরে, যাচকগণেরে তবে ডাকেন সাদরে।
বসনভূষণ অশ্ব গজ দান হয়, প্রেমে পুষ্ট সবে সেথা অবস্থিত রয় ॥

„ ২ বংশের কীর্তন করে তারা বারবার, ফিরে তারা রামরূপ হৃদয়ে সবার।
বহুবার দশরথ জনকে কহেন, প্রেমেতে জনক নাহি ফিরিতে চাহেন ॥

„ ৩ পুনঃ দশরথ কহে সুমধুর স্বরে, হে নৃপ ফিরুন এবে এসেছেন দূরে।
অতঃপর নামি রাজা দাঁড়ালেন পথে, প্রেমাশ্রুর বন্যা বহে দুনয়ন হ'তে ॥

„ ৪ জুড়ি দুই কর কহে বিদেহ তখন, স্নেহের অমিয় মাখা তাঁহার বচন।
কি করে বিনতি করি রাজ অধিরাজ, আমারে গৌরব দান করিয়াছ আজ ॥

দো০ ৩৩৯ আপন স্বজন সেই বৈবাহিক জনে, কোশল নৃপতি তারে অতীব সম্মানে।
পরস্পর মিলনেতে প্লাবিত বিনয়ে, প্রীতির উচ্ছ্বাস বুঝি না ধরে হৃদয়ে ॥

চৌ০ ১ মুনিবৃন্দে শির নত জনক করিলে, আশীর্বাদ করিলেন মুনিরা সকলে।
অতঃপর মিলিলেন সাদরে জামাতা, রূপ শীল গুণ নিধি চতুষ্টয় ভ্রাতা ॥

„ ২ সুন্দর কমল পাণি যুক্ত করি তাঁর, প্রেমেতে উৎপন্ন বাক্যে কহে বার বার।
হে রাম কেমনে করি প্রশংসা তোমার, শিব-মুনি-মন হ্রদ হংস যে সবার ॥

„ ৩ করে যোগ দিবারাতি যোগী যার লাগি, মমতা ক্রোধ ও মোহ মাৎসর্যত্যেয়াগি।
সর্বব্যাপী ব্রহ্ম যেই অলক্ষে নির্গুণ, অবিনাশী চিদানন্দ সদাই সগুণ ॥

„ ৪ মন সাথে বাক্য যারে জানিতে না পারে, তর্কে বহুদূর শুধু অনুমান করে।
মহিমা যাহার বেদে নেতি নেতি কহে, ত্রিকালেতে এক ভাবে অবস্থিতি রহে ॥

দো০ ৩৪০ নয়ন বিষয় মোকহুঁ ভয়উ, সো সমস্ত সুখ মূল।
সবই লাভু জগ জীব কহঁ, ভএঁ ঈসু অনুকূল ॥

চৌ০ ১ সবহিঁ ভাঁতি মোহি দীহ্নি বড়াঈ, নিজ জন জানি লীহ্ন অপনাঈ।
হোহিঁ সহস দস সারদ সেষা, করহিঁ কলপ কোটিক ভরি লেখা ॥
,, ২ মোর ভাগ্য রাউর গুন গাথা, কহি ন সিরাহিঁ সুনহু রঘুনাথ।
মৈঁ কছু কহউঁ এক বল মোরে, তুহ্ম রীঝহু সনেহ সুঠি থোরেঁ ॥
,, ৩ বার বার মাগউঁ কর জোরেঁ, মনু পরিহরৈ চরন জানি ভোরেঁ।
সুনি বর বচন প্রেম জনু পোষে, পূরনকাম রামু পরিতোষে ॥
,, ৪ করি বর বিনয় সসুর সনমানে, পিতু কৌসিক বসিষ্ঠ সম জানে।
বিনতী বহুরি ভরত সন কীহ্নী, মিলি সপ্রেমু পুনি আসিষ দীহ্নী ॥

দো০ ৩৪১ মিলে লখন রিপুসূদনহি, দীহ্নি অসীস মহীস।
মিলে পরসপর প্রেমবস, ফিরি ফিরি নাবহিঁ সীস ॥

চৌ০ ১ বার বার করি বিনয় বড়াঈ, রঘুপতি চলে সঙ্গ সব ভাঈ।
জনক গহে কৌসিক পদ জাঈ, চরন রেনু সির নয়নহ্ন লাঈ ॥
,, ২ সুনু মুনীস বর দরসন তোরেঁ, অগমু ন কছু প্রতীতি মন মোরেঁ।
জো সুখু সুজসু লোকপতি চহহীঁ, করত মনোরথ সকুচত অহহীঁ ॥
,, ৩ সো সুখু সুজসু সুলভ মোহি স্বামী, সব সিধি তব দরসন অনুগামী।
কীহ্ন বিনয় পুনি পুনি সিরু নাঈ, ফিরে মহীসু আসিষা পাঈ ॥
,, ৪ চলী বরাত নিসান বজাঈ, মুদিত ছোট বড় সব সমুদাঈ।
রামহি নিরখি গ্রাম নর নারী, পাই নয়ন ফলু হোহিঁ সুখারী ॥

বরযাত্রীদের আগমন ও অযোধ্যায় আনন্দোৎসব

দো০ ৩৪২ বীচ বীচ বর বাস করি, মগ লোগহ্ন সুখ দেত।
অবধ সমীপ পুনীত দিন, পহুঁচী আই জনেত ॥

চৌ০ ১ হনে নিসান পবন বর বাজে, ভেরি সঙ্খ ধুনি হয় গয় গাজে।
ঝাঁঝি বিরব ডিণ্ডিমীঁ সুহাঈ, সরস রাগ বাজহি সহনাঈ ॥
,, ২ পুর জন আবত অকনি বরাতা, মুদিত সকল পুলকাবলি গাতা।
নিজ নিজ সুন্দর সদন সঁবারে, হাট বাট চৌহট পুর দ্বারে ॥
,, ৩ গলীঁ সকল অবগজাঁ সিঁচাঈঁ, জহঁ তঁহ চৌকেঁ চারু পুরাঈঁ।
বনা বজারু ন জাই বখানা, তোরণ কেতু পতাক বিতানা ॥
,, ৪ সফল পুগফল কদলি রসালা, রোপে বকুল কদম্ব তমালা।
লগে সুভগ তরু পরসত ধরনী, মনিময় আলবাল কল করনী ॥

দো০ ৩৪০ সর্ব সুখ মূল যাহা আনন্দ স্বরূপ, নয়ন সমুখে মোর ধরি পুত্ররূপ।
পরমাত্মা অনুকূল হইলে এ ভবে, সর্ব জীবে এ জগতে সর্বলাভ হবে॥

চৌ০ ১ সর্বভাবে দেছো মোর ভাগ্য প্রসন্নতা, নিজ মনে করি মোরে দেছো আত্মীয়তা॥
অযুত সারদা শেষ কোটি কল্প ধরি, গণনা করিতে থাকে এরূপ বিচারি॥
„ ২ তবুও কহিতে নারে মোর ভাগ্য আর, শুন রঘুনাথ তব গুণের বিস্তার।
স্বল্প মাত্র অকপট স্নেহে তুষ্টি তব, একমাত্র বল মোর সেই বলে ক'ব॥
„ ৩ বার বার যুক্ত করে এ প্রার্থনা করি, ভুলেও না ত্যজে মন চরণ তোমারি।
প্রেমপূর্ণ শ্রেষ্ঠ বাক্য করিয়া শ্রবণ, পূর্ণকাম রামচন্দ্র পরিতুষ্ট হন॥
„ ৪ প্রভূত বিনতি করি শ্বশুরে সম্মানে, কৌশিক বশিষ্ঠ আর পিতা সম জ্ঞানে।
ভরতের সাথে তবে মেলেন রাজন, বিনতি করিয়া স্নেহে আশীর্বাণী ক'ন॥

দো ৩৪১ লক্ষ্মণ শত্রুঘ্ন সাথে মিলিয়া তখন, আশীর্বাদ উভয়েরে করেন রাজন।
পরস্পর প্রেমবশে দুপক্ষ কাতর, বার বার শির নত করেন তৎপর॥

চৌ০ ১ বিনীত প্রশংসা নৃপে বার বার করি, ভ্রাতা সহ রঘুপতি চলিলেন ফিরি।
কৌশিক চরণ ধরি পদরেণু তার, জনক লেপন করে নেত্রে শিরে তার॥
„ ২ শুনহ মুনীশ তব শুভ দরশনে, কিছু না অপ্রাপ্য রহে হয় মোর মনে।
যে সুখ সুযশ আদি চাহে লোকপাল, সঙ্কুচিত মনোরথ করিতে সফল॥
„ ৩ সেই সুখ সে সুযশ লভ্য মোর স্বামি, যেহেতু দর্শনে তব সিদ্ধি অনুগামী।
পুনঃ পুনঃ নত শিরে করিয়া বিনতি, আশিস্ লভিয়া সুখে ফিরেন ভূপতি॥
„ ৪ বরযাত্রী চলে তবে বাদ্য বিঘোষিত, উচ্চ নীচ সকলেই মহা আনন্দিত।
শ্রীরামে দেখিয়া গ্রামে যত নরনারী, নয়ন সার্থক করে আনন্দ সবারি॥

বরযাত্রীদের আগমন ও অযোধ্যায় আনন্দোৎসব

দো ৩৪২ পথি মধ্যে মাঝে মাঝে লভিয়া বিশ্রাম, সকল লোকের সুখ নয়নাভিরাম।
শুভদিনে শুভক্ষণে আসিয়া পৌঁছাল, অযোধ্যা নগর কাছে বরযাত্রী দল॥

চৌ০ ১ দামামা পণব বাজে তীব্র অতিশয়, ভেরী শঙ্খধ্বনি সাথে গর্জে গজ হয়।
ঝাঁঝ ও মৃদঙ্গ বাজে ঢোলক সুন্দর, সরস রাগেতে বাজে সানাই সুস্বর॥
„ ২ বরযাত্রী আসিতেছে শুনি পুরজন, আনন্দে পুলক গাত্রে রোমাঞ্চিত হন।
নিজ নিজ বাসস্থান পথ ঘাট আর, সাজাল চৌমাথা সবে নগরের দ্বার॥
„ ৩ সকল পথেতে করে সুগন্ধ সিঞ্চন, যত্র তত্র আঙ্গিনাতে আঁকে আলিম্পন।
তোরণ পতাকা ধ্বজা মণ্ডপ সাজায়, বিপণি প্রস্তুত করে বর্ণন না যায়॥
„ ৪ সুপারী কদলী আম্র বৃক্ষ ফল সাথে, তমাল বকুল রোপে কদম্ব পথেতে।
মেদিনী পরশ করে ফল ভারে নত, কারুকার্য মণিময় আলবালে কত॥

দো॰ ৩৪৩ বিবিধ ভাঁতি মঙ্গল কলস, গৃহ গৃহ রচে সঁরারি।
সুর ব্রহ্মাদি সিহাহিঁ সব, রঘুবর পুরী নিহারী॥
চৌ॰ ১ ভূপ ভৱনু তেহি অৱসর সোহা, রচনা দেখি মদন মনু মোহা।
মঙ্গল সগুন মনোহরতাঈ, রিধি সিধি সুখ সঁপদা সুহাঈ॥
" ২ জনু উছাহ সব সহজ সুহাএ, তনু ধরি ধরি দসরথ গৃহঁ ছাএ।
দেখন হেতু রাম বৈদেহী, কহহু লালসা হোহি ন কেহী॥
" ৩ জূথ জূথ মিলি চলীঁ সুআসিনি, নিজ ছবি নিদরহিঁ মদন বিলাসিনি।
সকল সুমঙ্গল সজেঁ আরতী, গাৱহিঁ জনু বহু বেষ ভারতী॥
" ৪ ভূপতি ভৱন কোলাহলু হোঈ, জাই ন বরনি সমউ সুখু সোঈ।
কৌসিল্যাদি রাম মহতারীঁ, প্রেমবিবস তন দসা বিসারীঁ॥

দো॰ ৩৪৪ দিয়ে দান বিপ্রন্হ বিপুল, পূজি গনেস পুরারি।
প্রমুদিত পরম দরিদ্র জনু, পাই পদারথ চারি॥
চৌ॰ ১ মোদ প্রমোদ বিবস সব মাতা, চলহিঁন চরন সিথিল ভএ গাতা।
রাম দরস হিত অতি অনুরাগীঁ, পরিছনি সাজু সজন সব লাগীঁ॥
" ২ বিবিধ বিধান বাজনে বাজে, মঙ্গল মুদিত সুমিত্রাঁ সাজে।
হরদ দূব দধি পল্লব ফুলা, পান পূগফল মঙ্গল মূলা॥
" ৩ অচ্ছত অঙ্কুর লোচন লাজা, মঞ্জুল মঞ্জরি তুলসি বিরাজা।
ছুহে পুরট খট সহজ সুহাএ, মদন সকুন জনু নীড় বনাএ॥
" ৪ সগুন সুগন্ধ জাহিঁ বখানী, মঙ্গল সকল সজহিঁ সব রানী।
রচীঁ আরতীঁ বহুত বিধানা, মুদিত করহিঁ কল মঙ্গল গানা।

দো॰ ৩৪৫ কনক থার ভরি মঙ্গলন্হি, কমল করন্হি লিএঁ মাত।
চলীঁ মুদিত পরিছনি করন, পুলক পল্লৱিত গাত॥
চৌ॰ ১ ধূপ ধূম নভু মেচক ভয়উ, সাৱন ঘন ঘমণ্ডু জনু ঠয়উ।
সুরতরু সুমন মাল সুর বরষহিঁ, মনহুঁ বলাক অৱলি মনু করষহিঁ॥
" ২ মঞ্জুল মনিময় বন্দনিৱারে, মনহুঁ পাকরিপু চাপ সঁৱারে।
প্রগটহিঁ দুরহিঁ অটন্হ পর ভামিনি, চারু চপল জনু দমকহিঁ দামিনি॥
" ৩ দুন্দুভি ধুনি ঘন গরজনি ঘোরা, জাচক চাতক দাদুর মোরা।
সুর সুগন্ধ সুচি বরষহিঁ বারী, সুখী সকল সসি পুর নর নারী॥
" ৪ সমউ জানি গুর আয়সু দীন্হা, পুর প্রবেসু রঘুকুলমনি কীন্হা।
সুমিরি সম্ভু গিরজা গনরাজা, মুদিত মহীপতি সহিত সমাজা॥
দো॰ ৩৪৬ হোহিঁ সগুন বরষহিঁ সুমন, সুর দুন্দুভীঁ বজাই।
বিবুধ বধূ নাচহিঁ মুদিত, মঞ্জুল মঙ্গল গাই॥

দো ৩৪৩ মঙ্গল কলস নানা কিবা শোভা তার, রচিল সকল লোক গৃহেতে সবার।
রঘুবর পুরী শোভা করিয়া দর্শন, ব্রহ্মা আদি দেবতারা হরষিত হন ॥
চৌ০ ১ রাজার প্রাসাদ হল অতি সুশোভিত, রচনা প্রণালী দেখি মদন মোহিত।
মাঙ্গলিক শুভচিহ্ন আর সৌন্দর্যের, একত্রে হইল ঋদ্ধি সিদ্ধি সম্পদের ॥
„ ২ উৎসাহ ধরিয়া তনু সহজ সুন্দর, দশরথ গৃহে যেন আসিয়া তৎপর।
শ্রীরাম বৈদেহী উভে আজিকে দেখিতে, কার না লালসা হয় পার কি বলিতে ॥
„ ৩ নিজ কান্তি রতি শোভা অনাদরে ফেলে, সৌভাগ্যবতীরা মিলি আসে দলে দলে।
সকল মঙ্গল দ্রব্যে করিয়া আরতি, গাহে গীত যেন বহু বেশেতে ভারতী ॥
„ ৪ কোলাহলে পূর্ণ হল রাজার ভবন, সেই সময়ের সুখ না যায় বর্ণন।
রাম মাতা কৌশল্যাদি সকল রাজ্ঞীর, দেহজ্ঞান লুপ্ত প্রেমে বিবশ শরীর

দো০ ৩৪৪ গণপতি পশুপতি পূজা সমাপনে, অতুল বৈভব দান করি বিপ্রগণে।
পরম দরিদ্র যথা চতুর্বর্গ লাভে, সে মহা আনন্দ পান মাতাগণ সবে ॥
চৌ০ ১ হর্ষ আনন্দেতে মাতা বিবশ সকল, চরণ না চলে কারো শরীর বিকল।
রামের দর্শন লাগি অতি অনুরাগে, বরণ সামগ্রী সব সাজাইতে লাগে ॥
„ ১ বিবিধ প্রকার বাদ্য কত না বাজাল, মহানন্দে মাঙ্গলিক সুমিত্রা সাজাল।
আম্রের পল্লব পান দুর্বাদল ফল, হরিদ্রা সুপারী দধি সর্ব সুমঙ্গল ॥
„ ৩ আতপ চাউল ধান্য গোরচনা লাজ, তুলসী মঞ্জরী দিয়া বরনের সাজ ॥
সুবর্ণ কলসে চিত্র সহজ সুন্দর, মদন বানায় যেন বিহঙ্গের ঘর ॥
„ ৪ সুগন্ধী মঙ্গল দ্রব্য বর্ণন না যায়, সর্ব মাঙ্গলিক দ্রব্য রানীরা সাজায়।
বহুভাবে সাজাইয়া ডালা আরতির, সুমধুর গান গাহে আনন্দে অধীর ॥

দো০ ৩৪৫ মাঙ্গলিক দ্রব্য সব ভরি স্বর্ণথালে, করকমলেতে ধরি মাতৃগণ চলে ॥
হৃষ্ট চিত্তে পুত্রবধূ করিতে বরণ, গাত্র পুলকিত হল আনন্দে মগন ॥
চৌ০ ১ ধূপ ধূমে কৃষ্ণবর্ণ হইল আকাশ, শ্রাবণ নিবিড় মেঘ যেন পরকাশ।
কল্প বৃক্ষ পুষ্পমাল্য দেবেরা বর্ষিল, বলাকা যেন তা' মেঘে মন আকর্ষিল ॥
„ ২ বন্দনা মালিকা শোভে মানিক্য খচিত, মনে হয় ইন্দ্র ধনু হয়েছে রচিত।
অলিন্দ উপরে দৃষ্ট যতেক কামিনী, চকিত চঞ্চল যেন চমকে দামিনী ॥
„ ৩ বাজিছে দুন্দুভি যেন মেঘ গরজন, যাচক চাতক ভেক্ ময়ূরের মন।
বরিষে সুগন্ধি বারি অমর নিকর, শস্য ক্ষেত্র সম হৃষ্ট পুর নারী নর ॥
„ ৪ সময় হয়েছে জানি গুরু আজ্ঞা দেন, রঘুপতি নগরেতে প্রবেশ করেন।
মহেশ পার্বতী স্মরি আর গণপতি, সদলে প্রবেশে পুরী আনন্দে নৃপতি ॥
দো০ ৩৪৬ সুমঙ্গল সুলক্ষণ পুষ্পবৃষ্টি হয়, মহানন্দে দেবগণ দুন্দুভি বাজায়।
আনন্দেতে দেবাঙ্গনা নৃত্য করে সাথে, মনোরম সুসঙ্গীত গাহিতে গাহিতে ॥

চৌ০ ১ মাগধ সূত বন্দি নট নাগর, গাৱহিঁ জস্মু তিহু লোক উজাগর।
জয় ধুনি বিমল বেদ বর মানী, দস দিসি সুনিঅ সুমঙ্গল সানী॥
" ২ বিপুল বাজনে বাজন লাগে, নভ সুর নগর লোগ অনুরাগে।
বান বরাতী বরনি ন জাহীঁ, মহা মুদিত মন সুখ ন সমাহীঁ॥
" ৩ পুরবাসীহ্ন তব রায় জোহারে, দেখত রামহি ভএ সুখারে।
করহিঁ নিছাৱরি মনিগন চীরা, বারি বিলোচন পুলক সরীরা॥
" ৪ আরতি করহিঁ মুদিত পুরনারী, হরষহিঁ নিরখি কুঅঁরি বর চারী।
সিবিকা সুভগ ওহার উঘারী দেখি দুলহিনিহ্ন হোহিঁ সুখারী॥

দো০ ৩৪৭ এহি বিধি সবহী দেত সুখু, আএ রাজদুআর।
মুদিত মাতু পরিছনি করহিঁ, বধুহ্ন সমেত কুমার॥

চৌ০ ১ করহিঁ আরতী করহিঁ বারা, প্রেম প্রমোদু কহৈ কো পারা।
ভূষন মনি পট নানা জাতী, করহিঁ নিছাৱরি অগনিত ভাঁতী॥
" ২ বধুহ্ন সমেত দেখি সুত চারী, পরমানন্দ মগন মহতারী।
পুনি পুনি সীয় রাম ছবি দেখী, মুদিত সফল জগ জীৱন লেখী॥
" ৩ সখীঁ সীয় মুখ পুনি পুনি চাহী, গান করহিঁ নিজ সুকৃত সরাহী।
বরষহিঁ সুমন ছনহিঁ ছন দেৱা, নাচহিঁ গাৱহিঁ লাৱহিঁ সেৱা॥
" ৪ দেখি মনোহর চারিউ জোরীঁ, সারদ উপমা সকল ঢঢোরীঁ।
দেত ন বনহিঁ নিপট লঘু লাগীঁ, একটক রহীঁ রূপ অনুরাগীঁ॥

দো০ ৩৪৮ নিগম নীতি কুলরীতি করি, অরঘ পাঁৱড়ে দেত।
বধুহ্ন সহিত সুত পরিছি সব, চলীঁ লৱাই নিকেত॥

চৌ০ ১ চারি সিংহাসন সহজ সুহাএ, জনু মনোজ নিজ হাথ বনাএ।
তিহ্ন পর কুঅঁরি কুঅঁর বৈঠারে, সাদর পায় পুনীত পখারে॥
" ২ ধূপ দীপ নৈৱেদ বেদ বিধি, পূর বর দুলহিনি মঙ্গলনিধি।
বারহিঁ বার আরতী করহীঁ, ব্যজন চারু চামর সির ঢরহীঁ॥
" ৩ বস্তু অনেক নিছাৱরি হোহীঁ, ভরী প্রমোদ মাতু সব সোহীঁ।
পাৱা পরম তত্ব জনু জোগীঁ, অমৃতু লহেউ জনু সন্তত রোগীঁ॥
" ৪ জনম রঙ্ক জনু পারস পাৱা, অন্ধহি লোচন লাভু সুহাৱা।
মুক বদন জনু সারদ ছাঈ, মানহুঁ সমর সূর জয় পাঈ॥

দো০ ৩৪৯ এহি সুখ তে সত কোটি গুন, পাৱহিঁ মাতু অনন্দু।
ভাইহ্ন সহিত বিআহি ঘর, আএ রঘুকুলচন্দু॥
" ৩৫০ লোক রীতি জননীঁ করহিঁ, বর দুলহিনি সকুচাহিঁ।
মোদু বিনোদু বিলোকি বড়, রাম মনহি মুসুকাহিঁ॥

চৌ০ ১ মাগধ নাগর নট বন্দী সূতগণে, ত্রিলোক উজল করে যশের কীর্তনে।
সুগম্ভীর বেদমন্ত্র হয় উচ্চারণ, দশদিকে প্রতিধ্বনি হয় প্রতিক্ষণ ॥
" ২ বহুবাদ্য এক সাথে বাজিতে লাগিল, স্বর্গে দেব মর্ত্যে নর আহ্লাদিত হল।
বরযাত্রী সাজ সজ্জা বর্ণন না যায়, অতি আহ্লাদিত মনে সুখ উপচায় ॥
" ৩ পুরবাসী দশরথে করিল প্রণাম, রামেরে দেখিয়া মনে সুখ অভিরাম।
বস্ত্র অলঙ্কার মণি দিল উপহার, শরীরে পুলক বহে নেত্রে অশ্রুভার ॥
" ৪ পুরনারী মহানন্দে করিল আরতি, দেখি রাজপুত্রে চার হৃষ্ট চিত্ত অতি।
সুন্দর শিবিকা পর্দা সরাইয়া তারা, দেখি নব বধূগণে হল আত্মহারা ॥

দো০ ৩৪৭ সুখভাগী সকলেরে করি এইভাবে, সিংহ দুয়ার পরে পহুঁছিল তবে।
মাতৃগণ অতি সুখে করেন বরণ, নববধূ সাথে চারি প্রিয় পুত্রগণ ॥
চৌ০ ১ আরতি করেন তারা ফিরি বার বার, প্রেমানন্দ তাহাদের কে করে বিচার।
বস্ত্র অলঙ্কার মণি নানা উপহার, করেন প্রদান তারা স্নেহেতে অপার ॥
" ২ বধূ সহ চারি পুত্রে দেখি মাতৃগণ, পরম আনন্দে তারা হলেন মগন।
বার বার দেখি শোভা রাম ও সীতার, জীবন সার্থক মানি আনন্দ অপার ॥
" ৩ সখীরা সীতার মুখ দেখি বার বার, গাহে গান নিজ পুণ্য স্মরি চমৎকার।
সেবা করে নৃত্য গীত ছন্দ লয় তানে, দেবতারা পুষ্প বৃষ্টি করে ক্ষণে ক্ষণে ॥
" ৪ যুগল মূরতি চারি দেখি সরস্বতী, সর্বত্র উপমা খুঁজি দিলেন বিরতি।
সকল উপমা লাগে অতি তুচ্ছ তাঁর, নির্নিমেষে মুগ্ধ রহে চাহি' শোভা চার ॥

দো০ ৩৪৮ বেদবিধি কুলরীতি মানিয়া মাতারা, পাদ্য অর্ঘ দিয়া বস্ত্র পাতি দেন তাঁরা।
বধূসহ পুত্র গণে পরম আদরে, আরতি করিয়া সবে লয়ে যান ঘরে ॥
চৌ০ ১ চারি সিংহাসন শোভা মনোহর স্বতঃ, মনে হয় নিজ হস্তে মনোজ নির্মিত।
তারি পরে বসাইয়া পুত্র বধূ সবে, পবিত্র চরণ ধৌত করিলেন তবে ॥
" ২ নৈবেদ্য ও ধূপ দীপ বৈদিক বিধানে, পূজে মঙ্গলের নিধি বরবধূ গণে।
আরতি করেন তারা সবে বার বার, সুচারু চামর শিরে ব্যজন সবার ॥
" ৩ পরমার্থ লভি যোগী যথা আনন্দিত, সুখী যথা ক্লিষ্ট রোগী লভিয়া অমৃত।
সেইরূপ আনন্দিত হন মাতৃগণ, বহুবস্তু উপহৃত হইল তখন ॥
" ৪ আজন্ম দরিদ্র যথা পেলে স্পর্শমণি, অন্ধের নয়ন লাভে আনন্দ যেমনি।
মূক জিহ্বা পরে যবে ভারতী বসতি, বীর যথা আনন্দিত ধর্মযুদ্ধে জিতি ॥
দো০ ৩৪৯ শতকোটি গুণ বেশী এ সুখের চেয়ে, পাইলেন মাতৃগণ আনন্দ হৃদয়ে।
রঘুকুল চন্দ্র যবে ভ্রাতাগণ সাথে, বিবাহ করিয়া আসে ফিরি অযোধ্যাতে ॥
" ৩৫০ স্ত্রী আচার করে যবে সব মাতাগণ, অন্তরেতে বরবধূ সুলজ্জিত হন।
এ কৌতুক এ উল্লাস দেখি সবাকার, মনে মনে হাস্য করে শ্রীরাম অপার ॥

চৌ০ ১ দেব পিতর পূজে বিধি নীকী, পূজীঁ সকল বাসনা জী কী।
সবহি বন্দি মাগহিঁ বরদানা, ভাইহ্ন সহিত রাম কল্যানা ॥
„ ২ অন্তরহিত সুর আসিষ দেহীঁ, মুদিত মাতু অঞ্চল ভরি লেহীঁ।
ভূপতি বোলি বরাতী লীহ্নে, জান বসন মনি ভূষন দীহ্নে ॥
„ ৩ আয়সু পাই রাখি উর রামহি, মুদিত গএ সব নিজ নিজ ধামহি।
পুর নর নারি সকল পহিরাএ, ঘর ঘর বাজন লগে বধাএ ॥
„ ২ জাচক জন জাচহিঁ জোই জোঈ, প্রমুদিত রাউ দেহিঁ সোই সোঈ।
সেবক সকল বজনিআ নানা, পূরণ কিএ দান সনমানা ॥

দো০ ৩৫১ দেহিঁ অসীস জোহারি সব, গাবহিঁ গুন গন গাথ।
তব গুর ভূসুর সহিত গৃহঁ, গবনু কীহ্ন নরনাথ ॥

চৌ০ ১ জো বসিষ্ঠ অনুসাসন দীহ্নী, লোক বেদ বিধি সাদর কীহ্নী।
ভূসুর ভীর দেখি সব রানী, সাদর উঠিঁ ভাগ্য বড় জানী ॥
„ ২ পায় পখারি সকল অহ্নবাএ, পূজি ভলী বিধি ভূপ জেবাঁএ।
আদর দান প্রেম পরিতোষে, দেত অসীস চলে মন তোষে ॥
„ ৩ বহু বিধি কীহ্নি গাধিসুত পূজা, নাথ মোহি সম ধন্য ন দূজা।
কীহ্নি প্রসংসা ভূপতি ভূরি, রানিহ্ন সহিত লীহ্নি পগ ধুরী ॥
„ ৪ ভীতর ভবন দীহ্ন বর বাসু, মন জোগবত রহ নৃপু রনিবাসু।
পুজে গুর পদ কমল বহোরী, কীহ্নি বিনয় উর প্রীতি ন থোরী ॥

দো০ ৩৫২ বধুহ্ন সমেত কুমার সব, রানিহ্ন সহিত মহীসু।
পুনি পুনি বন্দত গুর চরন, দেত অসীস মুনীসু ॥

চৌ০ ১ বিনয় কীহ্নি উর অতি অনুরাগেঁ, সুত সম্পদা রাখি সব আগেঁ।
নেগু মাগি মুনিনায়ক লীহ্না, আসিরবাদু বহুত বিধি দীহ্না ॥
„ ২ উর ধরি রামহি সীয় সমেতা, হরষি কীহ্ন গুর গবনু নিকেতা।
বিপ্রবধূ সব ভূপ বোলাঈ, চৈল চারু ভূষণ পহিরাঈ ॥
„ ৩ বহুরি বোলাই সুআসিনি লীহ্নীঁ, রুচি বিচারি পহিরাবনি দীহ্নীঁ।
নেগী নেগ জোগ সব লেহীঁ, রুচি অনুরূপ ভূপমনি দেহীঁ ॥
„ ৪ প্রিয় পাহুনে পূজ্য জে জানে ভূপতি ভলী ভাঁতি সনমানে।
দেব দেখি রঘুবীর বিবাহূ, বরষি প্রসূন প্রসংসি উছাহূ ॥

দো০ ৩৫৩ চলে নিসান বজাই সুর, নিজ নিজ পুর সুখ পাই।
কহত পরস্পর রাম জসু, প্রেম ন হৃদয়ঁ সমাই ॥

চৌ০ ১ সব বিধি সবহি সমদি নরনাহূ, রহা হৃদয়ঁ ভরি পূরি উছাহূ।
জহঁ রনিবাসু তহাঁ পগু ধারে, সহিত বহূটিহ্ন কুঅঁর নিহারে ॥

চৌ০ ১ সকল বাসনা পূর্ণ হল মাতৃ মন, পূজিয়া সুচারুরূপে দেব পিতৃগণ।
প্রণাম করিয়া সবে মাগে বরদান, বধূগণ ভ্রাতা সাথে রামের কল্যাণ ॥
,, ২ অন্তরীক্ষ হতে দেব আশীর্বাদ ঝরে, অঞ্চল ভরিয়া সব মাতৃগণ ধরে।
বরযাত্রিগণে তবে ভূপতি ডাকান, বস্ত্র যান মনি রত্ন করিলেন দান ॥
,, ৩ অতি তুষ্ট সবে স্মরি রামেরে মনেতে, রাজ আজ্ঞা পাই যায় নিজ ভবনেতে।
পুর নরনারী সাজে বস্ত্র অলঙ্কারে, বাদ্য বাজে অযোধ্যার প্রতি ঘরে ঘরে ॥
,, ৪ যাচকেরা জনে জনে যে চাহিল যাহা, আনন্দিত নরনাথ দান করে তাহা।
সকল সেবকে আর যত বাদ্যকারে, পরিতুষ্টি করিলেন দানেতে সবারে ॥
দো০ ৩৫১ তাহারা আশিস করে অভিবাদনেতে, সবে মিলি গাহে গান গুণ বর্ণনাতে।
বশিষ্ঠ ও বিপ্র সাথে নৃপতি তখন, চলিলেন হৃষ্ট চিতে আপন ভবন ॥
চৌ০ ১ বশিষ্ঠ দিলেন নৃপে যে অনুশাসন, লোক বেদমতে করে সযত্নে পালন।
সমাগত বিপ্রদের দেখি সব রানী, সাদরে দাঁড়ান উঠি নিজ ভাগ্য মানি ॥
,, ২ ধৌত করি স্নাত করে সকল চরণ, পূজিয়া করান রাজা উত্তম ভোজন।
পরিতুষ্টি হ'য়ে প্রেমে দানে সমাদরে, আশীর্বাদি হৃষ্ট মনে চলিলেন ফিরে ॥
,, ৩ পূজিলেন গাধিসুতে বিবিধ প্রকার, মোর সম ধন্য নাথ কেহ নাহি আর।
রানীগণ সাথে রাজা প্রশংসিয়া তাঁরে, লইলেন পদরজ মস্তক উপরে ॥
,, ৪ অন্তঃপুর মধ্যস্থলে দেন বাসস্থান, মনোমত কর্ম যাতে করিবারে পান।
গুরুর চরণ পদ্ম পূজেন আবার, হৃদয়ে প্রেমের মাত্রা নহে তুচ্ছ তার ॥

দো০ ৩৫২ বধূগণ সাথে চারি রাজকুমারেরা, মহীপতি রাণী সাথে সভক্তি তাঁহারা।
গুরুর চরণে নতি করে বারে বারে, মুনি শ্রেষ্ঠ আশীর্বাদ দিলেন সবারে ॥
চৌ০ ১ বিনয় করিয়া হৃদে অতি অনুরাগে, সুত ও সম্পদ রাখে গুরু পদ আগে।
আপন দক্ষিণা শুধু করেন গ্রহণ, সবারে কহেন গুরু আশিস্ বচন ॥
,, ২ সীতা সহ রামে হৃদে করিয়া ধারণ, হৃষ্ট গুরু নিজ গৃহে করেন গমন।
বিপ্র বধূ সবে নৃপ করিয়া আহ্বান, বসন ভূষন চারু সকলেরে দেন ॥
,, ৩ অতঃপর ডাকিলেন সৌভাগ্যবতীরে, পরিধেয় দেন সবে রুচি অনুসারে।
গ্রহণকারীরা লয় বিবাহের দান, রুচি অনুসারে নৃপ করেন বিধান ॥
,, ৪ যে অতিথি প্রিয় পূজ্য সে অতিথি গণে, বিবিধ প্রকারে নৃপ তোষেন সম্মানে।
দেবগণ রঘুবীর বিবাহ দেখিয়া, উৎসব প্রশংসা করে পুষ্প বরষিয়া ॥

দো০ ৩৫৩ আনন্দিত দেবগণ দুন্দুভি বাজায়, হৃষ্ট মনে নিজ ধামে সবে চলি যায়।
রাম যশ আলোচনা করে পরস্পরে, সবার হৃদয়ে আর প্রেম নাহি ধরে ॥
চৌ০ ১ সর্বভাবে করে নৃপ সম্মান সবার, হৃদয়ে উৎসাহ রহে পরিপূর্ণ তার।
পুনঃ অন্তঃপুর মাঝে করি পদার্পণ, বধূ সাথে পুত্রগণে করেন দর্শন ॥

চৌ ২ লিএ গোদ করি মোদ সমেতা, কো কহ সকই ভয়উ সুখ জেতা।
বধূ সপ্রেম গোদ বৈঠারীঁ, বার বার হিয়ঁ হরষি দুলারীঁ ॥
„ ৩ দেখি সমাজু মুদিত রনিবাসূ, সব কেঁ উর অনন্দ কিয়ো বাসূ।
কহেউ ভূপ জিমি ভয়উ বিবাহূ, সুনি সুনি হরষু হোতা সব কাহূ ॥
„ ৪ জনক রাজগুন সীলু বড়াঈ, প্রীতি রীতি সম্পদা সুহাঈ।
বহুবিধি ভূপ ভাট জিমি বরনী, রানীঁ সব প্রমুদিত সুনি করনী ॥

দো০ ৩৫৪ সুতন্হ সমেত নহাই নৃপ, বোলি বিপ্র গুর গ্যাতি।
ভোজন কীন্হ অনেক বিধি, ঘরী পঞ্চ গই রাতি ॥

চৌ০ ১ মঙ্গলগান করহিঁ বর ভামিনি, ভৈ সুখমূল মনোহর জামিনি।
অঁচই পান সব কাহূঁ পাএ, স্রগ সুগন্ধ ভূষিত ছবি ছাএ ॥
„ ২ রামহি দেখি রজায়সু পাঈ, নিজ নিজ ভবন চলে সির নাঈ।
প্রেমু প্রমোদু বিনোদু বড়াই, সমউ সমাজু মনোহরতাঈ ॥
„ ৩ করি ন সকহিঁ সত সারদ সেসূ, বেদ বিরঞ্চি মহেস গনেসূ।
সো মৈঁ কহৌঁ কবন বিধি বরনী, ভূমিনাগু সির ধরই কি ধরনী ॥
„ ৪ নৃপ সব ভাঁতি সবহি সনমানী, কহি মৃদু বচন বোলাঈ রানী।
বধূ লরিকনীঁ পর ঘর আঈঁ, রাখেহু নয়ন পলক কী নাঈঁ ॥

দো০ ৩৫৫ লরিকা শ্রমিত উনীদ বস, সয়ন করাবহু জাই।
অস কহি গে বিশ্রামগৃহঁ, রাম চরন চিতু লাই ॥

চৌ০ ১ ভূপ বচন সুনি সহজ সুহাএ, জরিত কনক মনি পলঁগ ডসাএ।
সুভগ সুরভি পয় ফেন সমানা, কোমল কলিত সুপেতী নানা ॥
„ ২ উপবরহন বর বরনি ন জাহীঁ, স্রগ সুগন্ধ মনিমন্দির মাহীঁ।
রতনদীপ সুঠি চারু চঁদোবা, কহত ন বনই জান জেহিঁ জোবা ॥
„ ৩ সেজ রুচির রচি রামু উঠাএ, প্রেম সমেত পলঁগ পৌঢ়াএ।
অগ্যা পুনি পুনি ভাইন্হ দীন্হী, নিজ নিজ সেজ সয়ন তিন্হ কীন্হী ॥
„ ৪ দেখি স্যাম মৃদু মঞ্জুল গাতা, কহহিঁ সপ্রেম বচন সব মাতা।
মারগ জাত ভয়াবনি ভারী, কেহি বিধি তাত তাড়কা মারী ॥

দো০ ৩৫৬ ঘোর নিসাচর বিকট ভট, সমর গনহিঁ নহিঁ কাহু।
মারে সহিত সহায় কিমি, খল মারীচ সুবাহু ॥

চৌ০ ১ মুনি প্রসাদ বলি তাত তুম্হারী, ঈস অনেক করবরেঁ টারী।
মখ রখবারী করি দুহুঁ ভাঈঁ, গুরু প্রসাদ সব বিদ্যা পাঈঁ ॥
„ ২ মুনিতিয় তরী লগত পগ ধূরী, কীরতি রহী ভুবন ভরি পূরী।
কমঠ পীঠি পবি কূট কঠোরা, নৃপ সমাজ মহুঁ সির ধনু তোরা ॥

চৌ ২ আনন্দে উঠান পুত্রে নিজ অঙ্ক পরে, হৃদয়ে কি সুখ তাঁর কহিতে কে পারে।
পুত্র বধুগণে স্নেহে লয়ে ক্রোড়ে তার, আনন্দে আদর করে সবে বার বার ॥
„ ৩ আত্মীয় স্বজন সবে করিয়া দর্শন, অন্তঃপুর বাসিনারা আনন্দিত হন।
বিবাহ বর্ণনা নৃপ করিলেন তবে, শুনিতে শুনিতে হয় উল্লসিত সবে ॥
„ ৪ জনক রাজের প্রীতি শ্রেষ্ঠত্ব গৌরব, গুণ শীল রীতি নীতি সম্পদ যা সব।
বর্ণনা করেন ভূপ ভাট করে যথা, রানী সবে আহ্লাদিত শুনি কর্ম-কথা ॥
দো০ ৩৫৪ পুত্রগণ সাথে স্নান করি সমাপণ, গুরু বিপ্র জ্ঞাতি সবে করি আমন্ত্রণ।
অনেক প্রকারে খাদ্য করান ভোজন, পঞ্চদণ্ড রাত্রি ক্রমে হয় অতিক্রম ॥
চৌ০ ১ মঙ্গল সঙ্গীত গাহে সুন্দরী কামিনী, সুখ মূল হল সেই মনোজ্ঞ যামিনী।
আচমন অন্তে পান করিয়া গ্রহণ, পুষ্প মাল্যে গন্ধ দ্রব্যে সুশোভিত হন ॥
„ ২ রামের দর্শন লভি রাজ আজ্ঞা পায়, মস্তক আনত করি নিজ গৃহে যায়।
প্রমোদ বিনোদ আর প্রেম প্রীতি সব, সময় সমাজ আর সৌন্দর্য গৌরব ॥
„ ৩ কহিতে না পারে শত সারদা ও শেষ, বেদ ব্রহ্মা মহেশ্বর অথবা গণেশ।
কি প্রকারে করি আমি তাহার বর্ণন, কৃমি কি করিবে শিরে ধরনা ধারন ॥
„ ৪ সকলে সম্মানি নৃপ বিবিধ প্রকারে, মৃদু বাক্যে আবাহন করেন রানীরে।
বধূরা বালিকা এবে আসে পর ঘরে, নয়ন পালক সম রাখিবে সবারে ॥

দো০ ৩৫৫ বালকেরা শান্ত এবে নিদ্রায় কাতর, শয়ন করাও এবে লয়ে শয্যা পর।
ইহা কহি রামপদ রাখি চিত্তে তার, চলিলেন নৃপ তবে বিশ্রাম আগার ॥
চৌ০ ১ ভূপের বচন শুনি সহজ সুন্দর, মাণিক্য খচিত সেই পালঙ্ক উপর।
দুগ্ধ ফেননিভ শয্যা রাখি পরপর, পাতিলেন দুগ্ধ শুভ্র বিস্তৃত চাদর ॥
„ ২ উত্তম সে উপাধান বর্ণন না যায়, সুগন্ধী মাল্যের শোভা গৃহ মণিময়।
রতন প্রদীপ শোভা চারু চন্দ্রাতপ, কহা নাহি যায় জানে যে দেখেছে সব ॥
„ ৩ মনোরম শয্যা রচি অতি স্নেহে সেথা, রামচন্দ্রে শয্যা পরে শোয়ালেন মাতা।
রামচন্দ্র ভ্রাতাদের বহুবার কন, নিজ শয্যা পরে তারা করিল শয়ন ॥
„ ৪ নিরখি শ্যামল মৃদু কোমল শরীর, সস্নেহে কহেন মাতা কহ দেখি বীর।
যেতে যেতে পথ মাঝে ভীষণ কুরূপে, তারকা রাক্ষসী তুমি মারিলে কিরূপে ॥

দো০ ৩৫৬ নিশাচর ঘোর যোদ্ধা বিকট দর্শন, সমরে কারেও তারা না করে গণন।
সবাহু মারীচ হয় যার সহায়ক, কিরূপে মারিলে তারে তুমি ত' বালক ॥
চৌ০ ১ মুনির প্রসাদে বাছা আপদ কাটায়, আমরা বালাই নিয়ে বাঁচাই তোমায়।
যজ্ঞ রক্ষা কর্তা হয়ে তোমরা দু ভ্রাতা, বহু বিদ্যা পেলে উভে গুরু প্রসাদে তা ॥
„ ২ মুনি পত্নী স্পর্শ মাত্র মুক্তি পেল তার, এই কীর্তি রবে করি জগৎ বিস্তার।
কূর্ম পৃষ্ঠ বজ্র শৈল হতে দৃঢ় তর, হর ধনু নৃপ মাঝে তুমি ভঙ্গ কর ॥

চৌ ৩ বিপ্র বিজয় জসু জানকি পাঈ, আএ ভবন ব্যাহি সব ভাঈ।
সকল অমানুষ করম তুম্হারে, কেবল কৌসিক কৃপা সুধারে॥
" ৪ আজু সুফল জগ জনমু হমারা, দেখি তাত বিধুবদন তুম্হারা!
জে দিন গএ তুম্হহি বিনু দেখেঁ, তে বিরঞ্চি জানি পারথিঁ লেখেঁ॥
দো০ ৩৫৭ রাম প্রতোষীঁ মাতু সব, কহি বিনীত বর বৈন।
সুমিরি সম্ভু গুর বিপ্র পদ, কিএ নীদবস নৈন॥
চৌ০ ১ নীদউঁ বদন সোহ সুঠি লোনা, মনহুঁ সাঁঝ সরসীরুহ সোনা।
ঘর ঘর করহিঁ জাগরন নারীঁ, দেহিঁ পরস্পর মঙ্গল গারীঁ॥
" ২ পুরী বিরাজতি রাজতি রজনী, রানীঁ কহহিঁ বিলোকহু সজনী।
সুন্দর বধুন্হ সাসু লৈ সোঈঁ, ফনিকন্হ জনু সিরমনি উর গোঈঁ॥
" ৩ প্রাত পুনীত কাল প্রভু জাগে, অরুনচূড় বর বোলন লাগে।
বন্দি মাগধন্হি গুনগন গাএ, পুরজন দ্বার জোহারন আএ॥
" ৪ বন্দি বিপ্র সুর গুরু পিতু মাতা, পাই অসীস মুদিত সব ভ্রাতা।
জননিন্হ সাদর বদন নিহারে, ভূপতি সঙ্গ দ্বার পগু ধারে॥

দো০ ৩৫৮ কীন্হি সোচ সব সহজ সুচি, সরিত পুনীত নহাই।
প্রাতক্রিয়া করি তাত পহিঁ, আএ চারিউ ভাই॥
চৌ০ ১ ভূপ বিলোকি লিএ উর লাঈ, বৈঠে হরষি রজায়সু পাঈ।
দেখি রামু সব সভা জুড়ানী, লোচন লাভ অবধি অনুমানী॥
" ২ পুনি বসিষ্ঠু মুনি কৌসিকু আএ, সুভগ আসনন্হি মুনি বৈঠাএ।
সুতন্হ সমেত পূজি পদ লাগে, নিরখি রামু দোউ গুর অনুরাগে॥
" ৩ কহহিঁ বসিষ্ঠু ধরম ইতিহাসা, সুনহিঁ মহীস সহিত রনিবাসা।
মুনি মন অগম গাধিসুত করনা, মুদিত বসিষ্ঠ বিপুল বিধি বরনী॥
" ৪ বোলে বামদেউ সব সাঁচী, কীরতি কলিত লোক তিহুঁ মাঁচী।
সুনি আনন্দু ভয়উ সব কাহূ, রাম লখন উর অধিক উছাহূ॥

দো০ ৩৫৯ মঙ্গল মোদ উছাহ নিত, জাহিঁ দিবস এহি ভাঁতি।
উমগী অবধ অনন্দ ভরি, অধিক অধিক অধিকাতি॥
চৌ০ ১ সুদিন সোধি কল কঙ্কন ছোরে, মঙ্গল মোদ বিনোদ ন থোরে।
নিত নব সুখু সুর দেখি সিহাহীঁ, অবধ জনম জাচহিঁ বিধি পাহীঁ॥
" ২ বিস্বামিত্র চলন নিত চহহীঁ, রাম সপ্রেম বিনয় বস রহহীঁ।
দিন দিন সয়গুন ভূপতি ভাউ, দেখি সরাহ মহামুনিরাউ॥
" ৩ মাগত বিদা রাউ অনুরাগে, সুতন্হ সমেত ঠাঢ় ভে আগে।
নাথ সকল সম্পদা তুম্হারী, মৈঁ সেবকু সমেত সুত নারী॥

চৌ ৩ বিশ্ব জয় করি জিনি জানকীরে তথা, বিবাহ করিয়া গৃহে আস সব ভ্রাতা।
সর্ব অলৌকিক কর্ম সম্ভব তোমায়, একমাত্র বিশ্বামিত্র মুনির কৃপায় ॥

” ৪ জনম সফল আজি জগতে মোদের, বাছা মোর দেখি মুখ চন্দ্র তোমাদের।
কেটেছে যে কয়দিন না দেখি তোদের, ব্রহ্মা যেন নাহি ধরে আয়ুতে মোদের ॥

দো০ ৩৫৭ বিনীত বচনে তাঁর রামচন্দ্র তবে, পরিতুষ্ট করিলেন মাতৃগণে সবে।
শিব গুরু বিপ্রপদ করিয়া স্মরণ, নিদ্রাবশ হয়ে রাম করেন শয়ন ॥

চৌ০ ১ নিদ্রাকালে মুখে তার লাবণ্য সে কিবা, সন্ধ্যা সমাগমে যেন রক্তপদ্ম শোভা।
প্রতি গৃহে নারীগণ জাগরিত রন, পরনিন্দা পরচর্চা করি সুখী হন ॥

” ২ রানীরা কহেন ডাকি শুনলো সজনী, কি শোভা পুরীর দেখ আজি এ রজনী।
সুন্দরী বধুর সাথে শ্বশ্রূমাতা শোয়, নাগিনী যেমন মণি হৃদয়ে লুকায় ॥

” ৩ পবিত্র প্রত্যুষে প্রভু হন জাগরিত, চতুর্দিক কুক্কুটের রবেতে শব্দিত।
ভাট ও মাগধগণ গাহে গুণ গান, পুরবাসী আসে দ্বারে করিতে প্রণাম ॥

” ৪ দেবতা ব্রাহ্মণ গুরু বন্দি পিতামাতা, আশিস্ পাইয়া হৃষ্ট হন চতুর্ভ্রাতা।
জননীরা মুখপানে চাহে সমাদরে, মহারাজ সাথে সবে আসে বহির্দ্বারে ॥

দো০ ৩৫৮ সাঙ্গ করি শৌচ কর্ম স্বভাব সুন্দর, সরযূ সলিলে করি স্নান তারপর।
প্রাতঃক্রিয়া নিত্যকর্ম সাঙ্গ যবে হয়, পিতার নিকটে আসে ভ্রাতা চতুষ্টয় ॥

চৌ০ ১ তাহাদের দেখি রাজা বক্ষে টানি লন, রাজার নির্দেশে তারা উপবিষ্ট হন।
রামচন্দ্রে দেখি সভা শান্ত ভাব ধরে, নেত্র তৃপ্তি শোভা সীমা ইহা ধার্য করে ॥

” ২ বিশ্বামিত্র আসিলেন বশিষ্ঠের সনে, মুনিদ্বয়ে বসালেন উত্তম আসনে।
সুতসহ পূজে রাজা কমল চরণ, রামে দেখি গুরুদ্বয় প্রেমে মগ্ন হন ॥

” ৩ ধর্ম ইতিহাস কহে বশিষ্ঠ তখন, দশরথ শোনে সাথে রাজ রানীগণ।
বিশ্বামিত্র কর্ম কথা মুনি মনাতীত, কহেন বশিষ্ঠ মুনি অতিশয় প্রীত ॥

” ৪ বামদেব কহিলেন সব সত্য জানি, ব্যাপ্ত ত্রিভুবন মাঝে কৌশিক কাহিনী।
শুনিয়া সকলে হয় অতি আনন্দিত, রাম ও লক্ষ্মণ দোঁহে অতি উৎসাহিত ॥

দো০ ৩৫৯ নিত্যই কল্যাণ আর আনন্দ উৎসব, এইরূপে কাটে দিন উল্লসিত সব।
অযোধ্যা নগর হয় আনন্দে প্লাবিত, আনন্দ আধিক্য হয় ক্রমশঃ বর্ধিত ॥

চৌ০ ১ শুভ দিনে শুভ লগ্নে কঙ্কন খুলিল, আনন্দ বিনোদ কিছু কম নাহি হল।
নিতি নব সুখ দেখি সুর লালসায়, ব্রহ্মা কাছে মাগে বর জন্ম অযোধ্যায় ॥

” ২ বিশ্বামিত্র প্রতিদিন চাহেন যাইতে, যেতে নাহি পারে রাম স্নেহ বিনয়েতে।
প্রতিদিন ভূপতির প্রেমে শতগুণ, প্রশংসা করেন মুনি তাহার সদগুণ ॥

” ৩ অবশেষে বিশ্বামিত্র চাহিলে বিদায়, প্রেমে নৃপ সুতসহ সম্মুখে দাঁড়ায়।
সকল সম্পদ মোর তব প্রয়োজনে, ভৃত্য আমি নারী পুত্র সহিত স্বজনে ॥

চৌ ৪ করব সদা লরিকন্হ পর ছোহূ, দরসন দেত রহব মুনি মোহূ।
অস কহি রাউ সহিত সুত রানী, পরেউ চরন মুখ আর ন বানী
„ ৫ দীন্হি অসী.স বিপ্র বহু ভাঁতী, চলে ন প্রীতি রীতি কহি জাতী।
রামু সপ্রেম সঙ্গ সব ভাঈ, আয়সু গাই ফিরে পহুঁচাই॥
দো০ ৩৬০ রাম রূপু ভুপতি ভগতি, ব্যাহু উছাহু অনন্দু।
জাত লরাহত মনহিঁ মন, মুদিত গাধিকুলচন্দু॥
চৌ০ ১ বামদেব রঘুকুল গুর গ্যানী, বহুরি গাধিসুত কথা কখানী।
সুনি মুনি সুজসু মনহিঁ মন রাউ, বরনত আপন পুন্য প্রভাউ॥
„ ২ বহুরে লোগ রজায়সু ভয়উ, সুতন্হ সমেত নৃপতি গৃহঁ গয়উ।
জহঁ তহঁ রাম ব্যাহু সবু গারা, সুজসু পুনীত লোক তিহুঁ ছারা॥
„ ৩ আএ ব্যাহি রামু ঘর জব তেঁ, বসই অনন্দ অরধ সব তব তেঁ।
প্রভু বিবাহঁ জস ভয়উ উছাহূ, সকহিঁন বরনি গিরা অহিনাহূ
„ ৪ কবিকুল জীবনু পারন জানী, রাম সীয় জসু মঙ্গল খানী।
তেহি তে মৈঁ কছু কহা বখানী, করন পুনীত হেতু নিজ বানী॥
ছন্দ০ ৬২ নিজ গিরা পারনি করন কারন রাম জসু তুলসীঁ কহ্যো।
রঘুবীর চরিত অপার বারিধি পারু কবি কৌনেঁ লহ্যো॥
উপবীত ব্যাহ উছাহ মঙ্গল সুনি জে সদার গাবহীঁ।
বৈদেহি রাম প্রসাদ তে জন সর্বদা সুখু পারহীঁ॥
সো০ ৩৬ সিয় রঘুবীর বিবাহু, জে সপ্রেম গারহিঁ সুনহিঁ।
তিন্হ কহুঁ সদা উছাহু, মঙ্গলায়তন রাম জসু॥

ইতি শ্রীমদ্রামচরিতমানসে সকলকলিকলুষবিধ্বংসনে
প্রথমঃ সোপানঃ সমাপ্তঃ।

—(বালকাণ্ড সমাপ্ত)—

— * —

চৌ ৪ বালকগণের প্রতি রেখো স্নেহ মুনি, দেখা দিও মোরে ইচ্ছা তোমার যখনি।
ইহা কহি রানী পুত্র সহিত রাজন, বাক্‌স্ফূর্তি নাহি হয় ধরেন চরণ ॥
„ ৫ ব্রাহ্মণ কৌশিক করে আশীর্বচন, প্রীতি প্রসন্নতা সীমা না যায় বর্ণন।
ভ্রাতা সহ রামচন্দ্র পঁহুছিতে যান, আদেশ পাইয়া করে প্রতি আগমন ॥
দো০ ৩৬০ গাধি কুল পূর্ণচন্দ্র বিশ্বামিত্র মুনি, স্মরণ করেন মনে কেবলি আপনি।
রামরূপ নৃপভক্তি বিবাহ উৎসব, আনন্দে বিদায় লন প্রশংসিয়া সব ॥
চৌ০ ১ বামদেব আর জ্ঞানী রঘুকুল গুরু, বিশ্বামিত্র কর্মকথা করিলেন শুরু।
মুনির সুযশ শুনি নৃপ মনে মনে, নিজ পুণ্য প্রভাবেরে ধন্য মনে মানে ॥
„ ২ রাজাদেশে সব লোক ফিরিয়া চলিল, পুত্র সহ নৃপ গৃহে ফিরিয়া আসিল।
রাম বিবাহের গাথা ব্যাপ্ত ত্রিভুবনে, পুণ্য যশোগাথা গাহি ধন্য মানে মনে ॥
„ ৩ বিবাহ করিয়া রাম গৃহে যবে হতে, সমগ্র আনন্দ বাস করে অযোধ্যাতে।
প্রভুর বিবাহে যত আনন্দ উৎসব, অক্ষম সারদা শেষ বর্ণিতে সে সব ॥
„ ৪ কবিকুল জীবনেতে যা' পবিত্রকারী, রাম সীতা যশোগাথা মঙ্গল সবারি।
তারি কিছু কহিলাম করিয়া বাখানি, পবিত্রতা পুণ্য যাতে পায় মোর বানী ॥
ছ০ ৬২ নিজ বানী পায় যাতে পূর্ণ পবিত্রতা, তুলসী কহিছে এই রাম যশোগাথা।
রঘুবীর চরিত্র সে বারিধি অপার, কোন কবি স্পর্দ্ধা রাখে পঁহুছিতে পার ॥
উপবীত বিবাহের মঙ্গল উৎসব, শুনি যারা যত্ন সহ গাহে গান সব।
শ্রীরাম বৈদেহী হ'তে প্রসাদে সে জন, সদাই রহিবে সুখে পরিপূর্ণ মন ॥
সো০ ৩৬ সীতা আর রঘুবীর বিবাহ সঙ্গীত, যে জন সপ্রেমে শোনে আর গাহে গীত।
সদাই আনন্দ চিত্তে রহে অনুক্ষণ, শ্রীরাম কল্যাণ আর যশ নিকেতন ॥

কলিযুগে পরিপূর্ণ পাপ ধ্বংসকারী, শ্রীরাম চরিত কথা মনের বিহারী।
তুলসী মানস কথা সনত কুমারে, অনুবাদে বালকাণ্ড যত্ন সহকারে ॥

শ্রীরামচরিত মানস বালকাণ্ড সমাপ্ত

—*—

অযোধ্যাকাণ্ড

অযোধ্যাকাণ্ড

মঙ্গলাচরণ

শ্লো ১ যস্যাঙ্কে চ বিভাতি ভূধরসুতা দেবাপগা মস্তকে
ভালে বালবিধুর্গলে চ গরলং যস্যোরসি ব্যালরাট্।
সোহয়ং ভূতিবিভূষণঃ সুরবরঃ সর্বাধিপঃ সর্বদা
শর্বঃ সর্বগতঃ শিবঃ শশিনিভঃ শ্রীশঙ্করঃ পাতু মাম্ ॥
„ ২ প্রসন্নতাং যা ন গতাভিষেকতস্তথা ন মম্লে বনবাসদুঃখতঃ।
মুখাম্বুজশ্রী রঘুনন্দনস্য মে সদাস্তু সা মঞ্জুলমঙ্গলপ্রদা ॥
„ ৩ নীলাম্বুজশ্যামলকোমলাঙ্গ সীতাসমারোপিতবামভাগম্।
পাণৌ মহাসায়কচারুচাপং নমামি রামং রঘুবংশনাথম্ ॥
দো॰ ১ শ্রীগুরু চরন সরোজ রজ, নিজ মনু মুকুরু সুধারি।
বরনউঁ রঘুবর বিমল জসু জো দায়কু ফল চারি ॥

অযোধ্যার আনন্দ

চৌ॰ ১ জব তেঁ রামু ব্যাহি ঘর আএ, নিত নব মঙ্গল মোদ বধাএ।
ভুবন চারিদস ভূধর ভারী, সুকৃত মেঘ বরষহিঁ সুখ বারী ॥
„ ২ রিধি সিধি সম্পতি নদীঁ সুহাঈ, উমগি অবধ অম্বুধি কহুঁ আঈ।
মনিগন পুর নর নারি সুজাতী, সুচি অমোল সুন্দর সব ভাঁতী ॥
„ ৩ কহি ন জাই কছু নগর বিভূতী, জনু এতনিঅ বিরঞ্চি করতূতী।
সব বিধি সব পুর লোগ সুখারী, রামচন্দ মুখ চন্দু নিহারী ॥
„ ৪ মুদিত মাতু সব সখীঁ সহেলী, ফলিত বিলোকি মনোরথ বেলী।
রাম রূপু গুন সীলু সুভাউ, প্রমুদিত হোই দেখি সুনি রাউ ॥
দো॰ ২ সব কেঁ উর অভিলাষু অস, কহহিঁ মনাই মহেসু।
আপ অছত জুবরাজ পদ, রামহি দেউ নরেসু ॥
চৌ॰ ১ এক সময় সব সহিত সমাজা, রাজসভাঁ রঘুরাজু বিরাজা।
সকল সুকৃত মূরতি নরনাহূ, রাম সুজসু সুনি অতিহি উছাহূ ॥
„ ২ নৃপ সব রহহিঁ কৃপা অভিলাষেঁ, লোকপ করহি প্রীতি রুখ রাখেঁ।
তিভুবন তীনি কাল জগ মাহীঁ, ভূরিভাগ দসরথ সম নাহীঁ ॥

অযোধ্যাকাণ্ড

মঙ্গলাচরণ

শ্লোক ঃ ১ বাম অঙ্কে গিরিসুতা গঙ্গা মস্তকেতে, ললাটে চন্দ্রার্দ্ধ যার গরল কণ্ঠেতে।
ভস্মলিপ্ত দেহে বক্ষে সর্প মাল্য ধারী, দেবশ্রেষ্ঠ সর্বেশ্বর সর্বধ্বংসকারী॥
সর্বত্র বিরাজময় কল্যাণ স্বরূপ, পূর্ণচন্দ্র শুভ্র কান্তি অপূর্ব সে রূপ।
তোমারে স্মরণে রাখি সদাচিত্তে মোর, কৃপা করি রক্ষা কোরো মোরে হে শঙ্কর॥

শ্লোক ঃ ২ অভিষেক বার্তা শুনি নাহি প্রসন্নতা, বনবাস দুঃখে যার নাহি কাতরতা।
সেই রঘুনন্দনের মুখপদ্ম রূপ, সদাই হউক মোর কল্যাণ স্বরূপ॥

শ্লোক ঃ ৩ শ্যামল কোমল নীল কমল অঙ্গেতে, বামভাগে সীতাদেবী অপূর্ব শোভাতে।
দক্ষিণে অমোঘ শর বামে শরাসন, রঘুবংশ নাথ সেই নমি অনুক্ষণ॥

দোঃ ১ গুরু পাদ পদ্ম রজ দিয়া অনুক্ষণ, মনের দর্পনে মোর করিয়া মার্জন।
চতুবর্গ ফলপ্রাপ্তি যাহাতে অর্জন, রঘুকুল যশোরাশি করিব বর্ণন॥

অযোধ্যার আনন্দ

চৌ ১ যবে হতে গৃহে রাম বিবাহের পরে, নিতি নব সুমঙ্গল আনন্দ বিতরে।
চতুর্দশ লোক সম পর্বত উপরে, সুকৃতি স্বরূপ মেঘ বরিষণ করে॥*

„ ২ সিদ্ধি ঋদ্ধি সুসম্পত্তি নদী মনোহর, প্লাবিত হইয়া মেলে অযোধ্যা সাগর॥*
পুরনর নারীগণ সদ্বংশ উদ্ভব, পবিত্র অমূল্য মণি সুন্দর সে সব॥

„ ৩ নগর ঐশ্বর্য সব বর্ণন না যায়, বিধাতার কীর্তি সীমা এই মনে হয়।
রামচন্দ্র মুখচন্দ্র সর্বলোক হেরি, সবভাবে সবরূপে সুখ অধিকারী॥

„ ৪ মাতাগণ সাথে সখী সহচরীগণ, মনলতা ফুল দেখি আনন্দে মগন।
রাম রূপ গুণশীল স্বভাব দর্শনে, অতিশয় আহ্লাদিত দশরথ মনে॥

দোঃ ২ সকলেরি অভিলাষ তীব্র মনে মনে, প্রার্থনা সদাই করে শঙ্কর চরণে।
যৌবরাজ্যে অভিষেক রামচন্দ্রে হয়, দশরথ নৃপতির জীবিতাবস্থায়॥

চৌ ১ পাত্র-মিত্র পরিবৃত একদা রাজন, বিরাজিত সভা মাঝে লইয়া আসন।
সকল সুকৃতি মূর্তি যেন নৃপমণি, উচ্ছ্বসিত অতিশয় রাম যশ শুনি॥

„ ২ সব নৃপ দশরথ কৃপা অভিলাষী, লোকপাল তার ইচ্ছা রাখিতে প্রয়াসী।
ত্রিভুবনে তিনকালে এ বিশ্ব সংসারে, নাহি কেহ দশরথ সম ভাগ্য ধরে॥

---

* চতুর্দশ লোক যেন পর্বত, সুকৃতি স্বরূপ (অর্থে যজ্ঞাদি ক্রিয়া কর্ম) যেন মেঘ, বর্ষণ-কর্তা ইন্দ্র যেন দশরথ, নদ-নদী যেন ঋদ্ধি সিদ্ধি। যজ্ঞের ফল স্বরূপ। ভাবার্থ – দশরথ বহু যজ্ঞাদি অনুষ্ঠান করিলেন এবং এই সুকৃতির ফল স্বরূপ নদ নদী সু প্লাবিত এবং অযোধ্যা সুসমৃদ্ধ হইল।

চৌ ৩ মঙ্গলমূল রামু সুত জাহূ, জো কঁছু কহি অথোর সবু তাসূ।
রায়ঁ সুভায়ঁ মুকুর কর লীহ্ণা, বদনু বিলোকি মুকুট সম কীহ্ণা॥

রাজার অভিলাষ

„ ৪ শ্রবন সমীপ ভএ সিত কেসা, মনহুঁ জরঠপনু অস উপদেসা।
নৃপ জুবরাজু রাম কহুঁ দেহূ, জীবন জনম লাহু কিন লেহূ॥

দো০ ৩ য়হ বিচারু উর আনি নৃপ, সুদিনু সুঅবসরু পাই।
প্রেম পুলকি তন মুদিত মন, গুরহি সুনায়উ জাই॥

চৌ০ ১ কহই ভুআলু সুমিঅ মুনিনায়ক, ভএ রাম সব বিধি সব লায়ক।
সেবক সচিব সকল পুরবাসী, জে হমারে অরি মিত্র উদাসী॥

„ ২ সবহি রামু প্রিয় জেহি বিধি মোহী, প্রভু অসীস জনু তনু ধরি সোহী।
বিপ্র সহিত পরিবার গোসাঈঁ, করহিঁ ছোহু সব রৌরিহি নাঈ॥

„ ৩ জে গুর চরন রেনু সির ধরহীঁ, তে জনু সকল বিভব বস করহীঁ।
মোহি সম য়হু অনুভয়উ ন দূজেঁ, সবু পায়উঁ রজ পাবনি পূজেঁ॥

চৌ ৪ অব অভিলাষু একু মন মোরেঁ, পূজিহি নাথ অনুগ্রহ তোরেঁ।
মুনি প্রসন্ন লখি সহজ সনেহূ, কহেউ নরেস রজায়সু দেহূ॥

দো০ ৪ রাজন রাউর নামু জসু, সব অভিমত দাতার।
ফল অনুগামী মহিপ মনি, মন অভিলাষু তুম্হার॥ ৪॥

চৌ০ ১ সব বিধি গুরু প্রসন্ন জিয়ঁ জানী, বোলেউ রাউ রহঁসি মৃদু বানী।
নাথ রামু করিঅহিঁ জুবরাজূ, কহিঅ কৃপা করি করিঅ সমাজূ॥

„ ২ মোহি অছত য়হু হোই উছাহূ, লহহিঁ লোগ সব লোচন লাহূ।
প্রভু প্রসাদ সিব সবই নিবাহীঁ, য়হ লালসা এক মন মাহীঁ॥

„ ৩ পুনি ন সোচ তনু রহউ কি জাউ, জেহিঁন হোই পাছেঁ পছিতাউ।
সুনি মুনি দসরথ বচন সুহাএ, মঙ্গল মোদ মূল মন ভাএ॥

„ ৪ সুনু নৃপ জাসু বিমুখ পছিতাহীঁ, জাসু ভজন বিনু জরনি ন জাহীঁ।
ভয়উ তুম্হার তনয় সোই স্বামী, রামু পুনীত প্রেম অনুগামী॥

দো০ ৫ বেগি বিলম্বু ন করিঅ নৃপ, সাজিঅ সবুই সমাজু।
সুদিন সুমঙ্গলু তবহিঁ জব, রামু হোহিঁ জুবরাজু॥৫॥

রামের রাজ্য অভিষেকের আয়োজন

চৌ০ ১ মুদিত মহীপতি মন্দির আএ, সেবক সচিব সুমন্ত্র বোলাএ।
কহি জয়জীব সীস তিহ্ন নাএ, ভূপ সুমঙ্গল বচন সুনাএ॥

„ ২ গুরু কঁহ মুদিত হমহী আজূ, বেগি করউ রামহি জুবরাজ।
জৌঁ পাঁচহি মত লাগৈ নীকা, করহু হরষি হিয়ঁ রামহি টীকা॥

চৌ ৩ সমগ্র মঙ্গল মূল রাম পুত্র যার, যা কিছু কহিব হবে অতি তুচ্ছ তার।
সুন্দর মুকুর করে ল'য়ে আপনার, মুকুট সমান করে প্রতিবিম্বে তার ॥

রাজার অভিলাষ

„ ৪ কর্ণ পার্শ্বে একগুচ্ছ শ্বেতবর্ণ কেশ, বার্দ্ধক্য যেন সে দিল এই উপদেশ।
যৌবরাজ্য দিয়া রামে শুন হে রাজন, কেন না সফল কর জনম জীবন ॥

দোঃ ৩ মনে মনে এ প্রস্তাব করিয়া বিচার, শুভদিনে শুভক্ষণ বাছি হ'য়ে তার।
পুলকিত দেহে আর আনন্দিত মনে, গুরুরে শোনান গিয়া তার সন্নিধানে ॥

চৌ ১ কহিলেন নরপতি শুন মুনিরাজ, সর্ব বিষয়েতে রাম হয় যোগ্য আজ।
সেবক সচিব আর সব পুরবাসী, শত্রু মিত্র মোর যত এবং উদাসী ॥

„ ২ মোর সম রাম প্রিয় হয় সবা কাছে, প্রভু আশীর্বাদ যেন মূর্ত হইয়াছে।
আত্মীয় স্বজন সহ সব বিপ্রগণ, তব সম স্নেহ করে রামেকে এখন ॥

„ ৩ গুরুপদ রেণু শিরে ধরেন যাহারা, সকল সম্পদ যেন বশ করে তারা।
এই অনুভূতি মম নাহি দ্বিতীয়তে, যা কিছু পেয়েছি পূজি পদরজ হতে ॥

„ ৪ অধুনা একটি মাত্র অভিলাষ হয়, পূর্ণ হতে পারে নাথ পূজিয়া তোমায়।
মুনিরে প্রসন্ন দেখি সহজাত স্নেহে, কহি যদি, অনুমতি দেন, রাজা কহে ॥

দোঃ ৪ হে রাজ সম্রাট তব যশ আর নাম, যাহা মনোবাঞ্ছা তব করে পূর্ণকাম।
ইচ্ছা তব হয় যবে নৃপ শিরোমণি, ফল অনুগামী হয় সে ইচ্ছা তখনি ॥

চৌ ১ গুরুরে প্রসন্ন জানি সকল প্রকারে, মৃদু হাসে কহে রাজা তখন তাঁহারে।
হে নাথ করুন রামে এবে যুবরাজ, তব কৃপা হলে করি বিদিত সমাজ ॥

„ ২ জীবিতাবস্থায় মোর এ উৎসব হোক, নয়ন সার্থক করি লবে সর্ব লোক।
প্রভুর প্রসাদে শিব করে পূর্ণ মম, সব ইচ্ছা, আছে শেষ ইচ্ছা সর্বোত্তম ॥

„ ৩ নাহি ভাবি তনু থাক অথবা যাউক, পশ্চাত্তাপের কোন কারণ না হোক।
মঙ্গল আনন্দ মূল রাজার এ বাণী, শুনিয়া আনন্দ পান অতিশয় মুনি ॥

„ ৪ যাহারে ত্যজিয়া লোকে পরিতাপ করে, যাহার ভজন বিনা জ্বালা নাহি সারে।
পবিত্র প্রেমের সেই অনুগামী স্বামী, তব পুত্র রামচন্দ্র শুনহ নৃমণি ॥

দোঃ ৫ শুভকর্মে বিলম্বের কিবা প্রয়োজন, অভিষেক লাগি সব কর আয়োজন।
শ্রীরামের অভিষেক যে দিনেই হোক, শুভদিন শুভ লগ্ন কহে সর্ব লোক ॥

রামের রাজ্য অভিষেকের আয়োজন

চৌ ১ হৃষ্ট চিত্তে আসে নৃপ নিজের মন্দিরে, ডাকিলেন অনুগত সুমন্ত্র মন্ত্রীরে।
জয়োস্তু কহিয়া আসে শির নত করে, শুভ বার্তা শুনালেন নৃপতি মন্ত্রীরে ॥

„ ২ আনন্দে কহেন গুরু আজিকে আমারে, যৌবরাজ্যে অভিষিক্ত করহ রামেরে।
যদি ইহা সব জনে ভাল মনে কর, রাম অভিষেক লাগি হবে অগ্রসর ॥

চৌ ৩ মন্ত্রী মুদিত সুনত প্রিয় বানী, অভিমত বিরবঁ পরেউ জনু পানী।
বিনতী সচির করহিঁ কর জোরী, জিঅহু জগতপতি বরিস করোরী ॥

„ ৪ জগ মঙ্গল ভল কাজু বিচারা, বেগিঅ নাথ ন লাইঅ বারা।
নৃপহি মোদু সুনি সচিব সুভাষা, বঢ়ত বৌড় জনু লহী সুসাখা ॥

দো০ ৬ কহেউ ভূপ মুনিরাজ কর, জোই জোই আয়সু হোই।
রাম রাজ অভিষেক হিত, বেগি করহু সোই সোই ॥

চৌ০ ১ হরষি মুনীস কহেউ মৃদু বানী, আনহু সকল সুতীরথ পানী।
ঔষধ মূল ফূল ফল পানা, কহে নাম গনি মঙ্গল নানা ॥

„ ২ চামর চরম বসন বহু ভাঁতী, রোম পাট পট অগনিত জাতী।
মনিগন মঙ্গল বস্তু অনেকা, জো জগ জোগু ভূপ অভিষেকা ॥

„ ৩ বেদ বিদিত কহি সকল বিধানা, কহেউ রচহু পুর বিবিধ বিতানা।
সকল রসাল পূগফল কেরা, রোপহু বীথিন্হ পুর চহুঁ ফেরা ॥

„ ৪ রচহু মঞ্জু মনি চৌকেঁ চারু, কহহু বনাৱন বেগি বজারু।
পূজহু গনপতি গুর কুলদেরা, সব বিধি করহু ভূমিসুর সেরা ॥

দো০ ৭ ধ্বজ পতাক তোরন কলস, সজহু তুরগ রথ নাগ।
সির ধরি মুনিবর বচন সবু, নিজ নিজ কাজহিঁ লাগ ॥

চৌ০ ১ জো মুনীস জেহি আয়সু দীন্হা, সো তেহিঁ কাজু প্রথম জনু কীন্হা।
বিপ্র সাধু সুর পূজত রাজা, করত রাম হিত মঙ্গল কাজা ॥

„ ২ সুনত রাম অভিষেক সুহারা, বাজ গহাগহ অরধ বধারা।
রাম সীয় তন সগুন জনাএ, ফরকহিঁ মঙ্গল অঙ্গ সুহাএ ॥

„ ৩ পুলকি সপ্রেম পরসপর কহহীঁ, ভরত আগমনু সূচক অহহীঁ।
ভএ বহুত দিন অতি অরসেরী, সগুন প্রতীতি ভেঁট প্রিয় কেরী ॥

„ ৪ ভরত সরিস প্রিয় কো জগ মাহীঁ, ইহই সগুন ফলু দূসর নাহীঁ।
রামহি বন্ধু সোচ দিন রাতী, অণ্ডন্হি কমঠ হৃদউ জেহি ভাঁতী ॥

দো০ ৮ এহি অরসর মঙ্গলু পরম, সুনি রহঁসেউ রনিরাসু।
সোভত লখি বিধু বঢ়ত জনু, বারিধি বীচি বিলাসু ॥

চৌ ১ প্রথম জাই জিন্হ বচন সুনাএ, ভূষন বসন ভূরি তিন্হ পাএ।
প্রেম পুলকি তন মন অনুরাগীঁ, মঙ্গল কলস সজন সব লাগীঁ ॥

„ ২ চৌকেঁ চারু সুমিত্রা পূরী, মনিময় বিবিধ ভাঁতি অতি রূরী।
আনঁদ মগন রাম মহতারী, দিএ দান বহু বিপ্র হঁকারী ॥

„ ৩ পূজীঁ গ্রামদেরি সুর নাগা, কহেউ বহোরি দেন বলিভাগা।
জেহি বিধি হোই রাম কল্যানূ, দেহু দয়া করি সো বরদানূ ॥

চৌ ৩ শুভবাণী শুনি মন্ত্রী আনন্দে মগন, বাঞ্ছা অঙ্কুরেতে যেন সলিল সিঞ্চন।
বিনয়ে আনত মন্ত্রী কহে কর জুড়ি, কোটি বর্ষ আয়ু হোক ধরা অধিকারী ॥

„ ৪ জগত মঙ্গল লাগি এ বিচার তব, বিলম্ব না করি প্রভু পূর্ণ কর সব।
মিষ্ট মন্ত্রিবাক্য শুনি নৃপ আনন্দিত, যেন শাখা অবলম্বি লতিকা বৰ্দ্ধিত ॥

দো৹ ৬ কহেন নৃপতি তবে গুরু বশিষ্ঠের, আদেশ নির্দেশ যাহা হয় সে সবের।
ব্যবস্থা করহ তাহা সকলে তোমরা, রাজ্য অভিষেক রামে যাতে হয় ত্বরা ॥

চৌ ১ হৃষ্ট মুনি মৃদু বাক্যে কহেন বিচারি, করিতে সংগ্রহ সব শুভ তীর্থ বারি।
ওষধি ও ফলমূল পত্র পুষ্প নানা, কহে শুভ দ্রব্য নাম করি বিবেচনা ॥

„ ২ চামর বসন মৃগ-চর্ম নানা জাতি, পশম রেশম পট্ট বস্ত্র নানা ভাঁতি।
মণিমুক্তা মাঙ্গলিক বস্তু যাহা সাজে, রাজ অভিষেক যোগ্য এ জগত মাঝে ॥

„ ৩ বেদের নির্দেশ মত সকল বিধান, নগরে মণ্ডপ পট করহ নির্মাণ।
রোপন করহ বৃক্ষ পথি পার্শ্বে যত, সুপারী কদলী আম্র বৃক্ষ শত শত ॥

„ ৪ মনোজ্ঞ মণির বেদী করহ রচনা, বিপণি সাজাতে আজ্ঞা বিলম্ব কোরোনা।
পূজ গণপতি গুরু কুল দেবতারে, সেবা কর ব্রাহ্মণেরে সকল প্রকারে ॥

দো৹ ৭ তোরণ পতাকা ধ্বজ কলস মঙ্গল, করহ সজ্জিত রথ হস্তী অশ্বদল।
শিরোধার্য করি মুনি আজ্ঞা সমুদয়, নিজ নিজ কার্যে সবে অতি ব্যস্ত হয় ॥

চৌ ১ মুনীশ্বর যাহা যাহা আজ্ঞা দিয়াছিল, সবে যেন পূর্ব হতে সম্পন্ন করিল।
দেব দ্বিজ সাধু পূজা করেন রাজন, রামের মঙ্গল লাগি ব্যস্ত সর্বক্ষণ ॥

„ ২ রাম অভিষেক বার্তা শুনি অযোধ্যাতে, মঙ্গল সূচক বাদ্য বাজে দিবারাতে।
রাম সীতা অঙ্গে শুভ যতেক লক্ষণ, মঙ্গল সূচক হল অঙ্গের স্পন্দন ॥

„ ৩ পুলকিত দোঁহে কহে পরস্পরে তাঁরা, ভরত আসিবে তাই কাঁপে অঙ্গ সারা।
মিলিতে ব্যগ্রতা মোর বহুদিন গত, এ শুভ লক্ষণ তারি নিদর্শন যত ॥

„ ৪ ভরত সমান প্রিয় কে বিশ্বে আমার, সুলক্ষণ চিহ্ন ইহা নহে কিছু আর।
দিবারাত্র ভ্রাতৃ চিন্তা রামের অপার, কর্ম যথা সদা চিন্তে ব্রহ্মাণ্ড তাহার ॥

দো৹ ৮ চন্দ্রকলা বৃদ্ধি হলে সিন্ধু উর্মি যথা, উচ্ছ্বসিত হয়ে ওঠে আনন্দেতে তথা।
এ শুভ সংবাদ শুনি সবে অন্তঃপুরে, উচ্ছ্বসিত হয়ে ওঠে আনন্দ না ধরে ॥

চৌ ১ প্রথমে যাহারা এই সংবাদ শুনাল, বসন-ভূষণ বহু পুরস্কার পেল।
আনন্দে পুলক দেহে প্রেমে মগ্ন মন, মঙ্গল কলস তারা সাজাল তখন ॥

„ ২ জননী সুমিত্রা করে বেদী মণিময়, গঠন সৌন্দর্যে তাহা অপরূপ হয়।
রাম মাতা মগ্ন হই আনন্দ সাগরে, আহ্বানি ব্রাহ্মণ বহু সবে দান করে ॥

„ ৩ গ্রাম্য দেবী সুরনাগ পূজিয়া সবারে, দিবে বলিদান পুনঃ এ আনত করে।
যেভাবে রামের হয় পরম কল্যাণ, সেভাবে মোদের দেহ সবে বরদান ॥

চৌ ৪ গাৱহি মঙ্গল কোকিলবয়নী বিধুবদনী মৃগসারকনয়নী।

দো০ ৯ রাম রাজ অভিষেকু সুনি, হিয় হরষে নর নারি।
লগে সুমঙ্গল সজন সব, বিধি অনুকূল বিচারি॥

চৌ০ ১ তব নরনাহঁ বসিষ্ঠু বোলাএ, রামধাম সিখ দেন পঠাএ।
গুর আগমনু সুনত রঘুনাথা, দ্বার আই পদ নায়উ মাথা॥
„ ২ সাদর অরঘ দেই ঘর আনে, সোরহ ভাঁতি পূজি সনমানে।
গহে চরণ সিয় সহিত বহোরী, বোলে রামু কমল কর জোরী॥
„ ৩ সেৱক সদন স্বামি আগমনূ, মঙ্গল মূল অমঙ্গল দমনূ।
তদপি উচিত জনু বোলি সপ্রীতী, পঠইঅ কাজ নাথ অসি নীতী॥
„ ৪ প্রভুতা তজি প্রভু কীহ্ন সনেহূ, ভয়উ পুনীত আজু য়হু গেহূ।
আয়সু হোই সো করৌ গোসাঈ, সেৱকু লহই স্বামি সেবকাঈ।

দো০ ১০ সুনি সনেহ সানে বচন, মুনি রঘুবরহি প্রসংস।
রাম কস ন তুহ্ম কহহু অস, হংস বংস অবতংস॥

চৌ ০১ বরনি রাম গুন সীলু সুভাউ, বোলে প্রেম পুলক মুনিরাউ।
ভূপ সজেউ অভিষেক সমাজূ, চাহত দেন তুহ্মহি জুবরাজূ॥
„ ২ রাম করহু সব সংজম আজূ, জৌ বিধি কুসল নিবাহৈ কাজূ।
গুরু সিখ দেই রায় পাহি গয়উ, রাম হৃদয় অস বিসমউ ভয়উ॥
„ ৩ জনমে এক সঙ্গ সব ভাঈ, ভোজন সয়ন কেলি লরিকাঈ।
করনবেধ উপবীত বিআহা, সঙ্গ সঙ্গ সব ভএ উছাহা॥
„ ৪ বিমল বংস য়হু অনুচিত একূ, বন্ধু বিহাই বড়েহি অভিষেকূ।
প্রভু সপ্রেম পছিতানি সুহাঈ, হরউ ভগত মন কে কুটিলাঈ॥

দো ০১১ তেহি অৱসর আএ লখন, মগন প্রেম আনন্দ।
সনমানে প্রিয় বচন কহি, রঘুকুল কৈরৱ চন্দ্র॥

চৌ ০১ বাজহি বাজনে বিবিধ বিধানা, পুর প্রমোদু নহি জাই বখানা।
ভরত আগমনু সকল মনাৱহি, আৱহুঁ বেগি নয়ন ফলু পাৱহি॥
„ ২ হাট বাট ঘর গলী অথাঈ, কহহি পরসপর লোগ লোগাঈ।
কালি লগন ভলি কেতিক বারা, পূজিহি বিধি অভিলাষু হমারা॥
„ ৩ কনক সিঙ্ঘাসন সীয় সমেতা, বৈঠহি রামু হোই চিতচেতা।
সকল কহহি কব হোইহি কালী, বিঘন মনাৱহি দেৱ কুচালী॥
„ ৪ তিহ্নহি সোহাইন অৱধ অধৱা, চোরহি চন্দিনি রাতিন ভাৱা।
সারদ বোলি বিনয় সুর করহী, বারহি বার পায় লৈ পরহী॥

চৌ ৪ চন্দ্রমুখী সুন্দরীরা হরিণ নয়না, পিককণ্ঠী গাহে গান অপূর্ব ব্যঞ্জনা ॥

দো° ৯ শুনি রাজ্য অভিষেক হইবে রামের, প্রতিটি ব্যক্তির মনে উদয় হর্ষের।
বিধি অনুকূল মানি আপন মনেতে, সাজ সজ্জা সুমঙ্গল লাগিল সাজিতে ॥

চৌ ১ নরনাথ বশিষ্ঠেরে করিয়া আহ্বান, রাম গৃহে পাঠালেন হেতু শিক্ষাদান।
গুরু আসিছেন শুনি করিয়া সম্মান, দ্বারদেশে নতশিরে শ্রীরাম দাঁড়ান ॥

„ ২ সাদরে পাদ্যর্ঘ দিয়া গৃহ মাঝে আনে, ষোড়শ প্রকারে পূজা করি সসম্মানে।
সীতা সহ পুনরায় গুরু পদ ধরে, শ্রীরাম কহেন জুড়ি কর কমলেরে ॥

„ ৩ সেবকের গৃহে স্বামী আসেন দয়ায়, মঙ্গলের হেতু সর্ব অমঙ্গল যায়।
তথাপি উচিত হত এ দাসের প্রতি, আজ্ঞা দান গুরু কার্য্যে এইত সুনীতি ॥

„ ৪ হে নাথ প্রভুত্ব ত্যজি তব এই স্নেহ, পরম পবিত্র করে আজি মোর গৃহ।
এইবার যাহা আজ্ঞা করুন গোঁসাই, স্বামীর সেবাতে ফল পায় সেবকেই ॥

দো ১০ স্নেহসিক্ত এইরূপ রাম বাক্য শুনি, প্রশংসিয়া রঘুরামে কহিলেন মুনি।
কেন না কহিবে হেন রঘুবংশী রাম, সূর্য্যবংশ শিরোমণি তুমি পূর্ণকাম ॥

চৌ ১ কহিয়া রামের যত গুণ-শীল গাথা, পুলকিত মুনিরাজ কহেন এ কথা।
যুবরাজ পদে তব অভিষেক তরে, সকল ব্যবস্থা রাজা দশরথ করে ॥

„ ২ সংযম করিবে আজি যার ফল হবে, নির্বাহ করিবে বিধি শুভ কর্ম সবে।
উপদেশ দিয়া গুরু যান নৃপ পাশে, রামচন্দ্র মন মাঝে এ সংশয় ভাসে ॥

„ ৩ একসাথে চারি ভ্রাতা জন্ম যবে লয়, ভোজন শয়ন বাল্য ক্রীড়া সমুদয়।
কর্ণবেধ উপবীত বিবাহ উৎসব, একসাথে হইয়াছে আমাদের সব ॥

„ ৪ রীতি বিপরীত দেখি শুদ্ধবংশে হেথা, জ্যেষ্ঠে রাজ্য অভিষেক ছাড়ি সব ভ্রাতা।
প্রভুর সপ্রেম মনে এ অনুশোচন, ভক্ত মন কুটিলতা করে যে হরণ ॥

দো ১১ এমত সময় সেথা সৌমিত্রি আসেন, প্রেমে মগ্ন হ'য়ে শুধু আনন্দে ভাসেন।
রঘুকুল শ্বেতপদ্ম সে বিকাশকারী, রামচন্দ্র করিলেন সম্মান তাহারি ॥

চৌ ১ বিবিধ প্রকারে বাজে যতেক বাজানা, নগর আনন্দ সীমা না যায় বর্ণনা।
ভরতের আগমন চাহে সর্ব মন, সত্বর করুক আসি সফল নয়ন ॥

„ ২ হাটে বাটে নগরের গৃহেতে গলিতে, সবলোক পরস্পরে লাগিল বলিতে।
শুভলগ্ন কল্য সেই আসিবে কখন, অভিলাষ পূর্ণ বিধি করেন যখন ॥

„ ৩ স্বর্ণ সিংহাসনে বসে সীতা সনে রাম, হরষে ভরিবে চিত্ত পূর্ণ মনস্কাম।
সকলেরি এক প্রশ্ন কবে আসে কাল, কুচক্রী দেবতা বোনে যত বিঘ্ন জাল ॥

„ ৪ জোৎস্নারাতি তস্করের অপছন্দ যথা, অযোধ্যায় উৎসবাদি দেবগণে তথা।
আহ্বানি সারদা [illegible] করেন বিনতি, বারবার চরণেতে করিয়া প্রণতি ॥

দো ০১২ বিপতি হমারি বিলোকি বড়ি, মাতু করিঅ সোই আজু।
রামু জাহিঁ বন রাজু তজি, হোই সকল সুরকাজু॥

চৌ ০১ সুনি সুর বিনয় ঠাঢ়ি পছিতাতী, ভইউঁ সরোজ বিপিন হিমরাতী।
দেখি দেব পুনি কহহিঁ নিহোরী, মাতু তোহি নহিঁ থোরিউ খোরী॥

„ ২ বিসময় হরষ রহিত রঘুরাউ, তুহ্ম জানহু সব রাম প্রভাউ।
জীব করম বস সুখ দুখ ভাগী, জাইঅ অবধ দেব হিত লাগী॥

„ ৩ বার বার গহি চরন সঁকোচী, চলী বিচারি বিবুধ মতি পোচী।
উঁচ নিবাসু নীচি করতূতী, দেখি ন সকহিঁ পরাই বিভূতী॥

„ ৪ আগিল কাজু বিচারি বহোরী, করিহহিঁ চাহ কুসল কবি মোরী।
হরষি হৃদয়ঁ দসরথ পুর আঈ, জনু গ্রহ দসা দুসহ দুখদাঈ॥

সরস্বতীর অযোধ্যায় আগমন ও মন্থরার বুদ্ধিভ্রংসন

দো ০১৩ নামু মন্থরা মন্দমতি, চেরী কৈকই কেরি।
অজস পেটারী তাহি করি, গঈ গিরা মতি ফেরি॥

চৌ ০১ দীখ মন্থরা নগরু বনারা, মঞ্জুল মঙ্গল বাজ বধারা।
পূছেসি লোগহ্ন কাহ উছাহূ, রাম তিলকু সুনি ভা উর দাহূ॥

মন্থরার কুমন্ত্রণা

„ ২ করই বিচারু কুবুদ্ধি কুজাতী, হোই অকাজু কবনি বিধি রাতী।
দেখি লাগি মধু কুটিল কিরাতী, জিমি গবঁ তকই লেউঁ কেহি ভাঁতী॥

„ ৩ ভরত মাতু পহি গই বিলখানী, কা অনমনি হসি কহ হঁসি রানী।
উতরু দেই ন লেই উসাসূ, নারি চরিত করি ঢারই আঁসূ॥

„ ৪ হঁসি কহ রানি গালু বড় তোরেঁ, দীহ্ন লখন সিখ অস মন মোরেঁ।
তবহুঁ ন বোল চেরি বড়ি পাপিনি, ছাড়ই স্বাস কারি জনু সাঁপিনি॥

দো ০১৪ সভয় রানি কহ কহসি কিন, কুসল রামু মহিপালু।
লখনু ভরতু রিপুদমনু সুনি, ভা কুবরী উর সালু॥

চৌ ০১ কা সোরতি সুহাগ অভিমানী, নিকট মরন ভয় কছু নহিঁ জানী।
কত সিখ দেই হমহি কোউ মাঈ, গালু করব কেহি কর বলু পাঈ॥

„ ২ রামহি ছাড়ি কুসল কেহি আজূ, জেহি জনেসু দেই জুবরাজূ।
ভয়উ কৌসিলহি বিধি অতি দাহিন, দেখত গরব রহত উর নাহিন॥

„ ৩ দেখহু কস ন জাই সব সোভা, জো অবলোকি মোর মনু ছোভা॥
পূতু বিদেস ন সোচু তুহ্মারেঁ, জানতি হহু বস নাহু হমারেঁ।

দো ১২ বিপত্তি দেখি যে আজি আমাদের মাথে, করহ উপায় মাতঃ এরূপ যাহাতে।
রাজ্য ত্যজি রাম যাতে বনবাসে যায়, দেবকার্য সুসম্পন্ন হইবে তাহায় ॥

চৌ ১ দেবের প্রার্থনা শুনি পরিতাপে বাণী, ভাবে পদ্মবন নাশে হিমরাতি আনি।
মাতারে চিন্তিত দেখি কহে দেবগণ, কিছুমাত্র দোষ তোমা না করে স্পর্শন ॥

„ ২ তুমি ত জানই মাতঃ রামের প্রভাব, সুখ দুঃখ বিরহিত তাহার স্বভাব।
কর্মবশে জীব হয় সুখ দুঃখ ভাগী, অযোধ্যায় যাও মাতা দেবহিত লাগি ॥

„ ৩ বার বার ধরে পদ রাণী সঙ্কুচিতা, দেবেরা কুটিল চিত্ত ইহা জানে মাতা।
অতি উচ্চে বাসস্থান কর্ম নীচ হয়, অপর সৌভাগ্য এরা দেখিতে না পায় ॥

„ ৪ ভবিতব্য কর্ম * পুনঃ করি বিবেচনা, কুশলী সুকবি মোরে করিবে প্রার্থনা।
হৃষ্ট চিত্তে আসিলেন অযোধ্যা নগরে, দুঃসহ কুগ্রহ যথা আসে দুঃখ ভরে ॥

সরস্বতীর অযোধ্যায় আগমন ও মন্থরার বুদ্ধিভ্রংসন

দো ১৩ মন্থরা নামের দাসী কৈকেয়ী রাণীর, বুদ্ধিহীনা সেই হল পছন্দ বাণীর।
অপযশ ভাগী তারে সম্পূর্ণ করিয়া, সারদা গেলেন চলি বুদ্ধি বিপর্জিয়া ॥

চৌ ১ মন্থরা দেখিল অতি সুসজ্জিত পুর, মনোজ্ঞ মঙ্গলময় বাদ্যে ভরপূর।
লোকেরে করিল প্রশ্ন উৎসব কিসের, রাম অভিষেক শুনি জ্বলন বিষের ॥

মন্থরার কুমন্ত্রণা

" ২ কুবুদ্ধি কুজাতি দাসী মন্থরা বিচারে, কি করিয়া রাত্রি মাঝে সব পণ্ড করে।
মৌচাক দেখিয়া দুষ্ট ব্যাধপত্নী ভাবে, মধু প্রাপ্তি হবে তার কি করি কিভাবে ॥

" ৩ ভরতের মাতা কাছে গেল ম্লান মুখে, স্মিত হাসে রাণী কহে উদাসী কি দুখে।
না দেয় উত্তর কিছু দীর্ঘশ্বাস সার, স্ত্রী চরিত্র অভিনয়ে ফেলে অশ্রু তার ॥

" ৪ স্মিত মুখে রাণী কহে গালি দিস সবে, লক্ষণ দিয়াছে শিক্ষা মনে হয় ভাবে।
তথাপি নির্বাক রহে দাসী সে পাপিনী, দীর্ঘশ্বাস ফেলে ক্রুদ্ধা যেন সে সর্পিনী ॥

দো .৪ কথা না বলিস কেন ভয়ে রাণী কহে, মহারাজ আর রাম কুশলে ত' রহে।
লক্ষণ ভরত আর শত্রুঘ্ন ত' ভাল, শুনি ক্রোধে মন্থরার অন্তর জ্বালাল ॥

চৌ ১ সোহাগিনী কত রবে সুখের স্বপনে, নিকটে প্রচণ্ড ভয় ডর নাহি মনে।
কত শিক্ষা দিব আর হায়রে বিধাতা, গালি দিব কার বলে কেবা কার মাতা ॥

" ২ রাম ছাড়া কুশলেতে কেবা রবে আজ, যুবরাজ পদ তারে দেন মহারাজ।
বিধাতা প্রসন্ন অতি কৌশল্যার প্রতি, হৃদয়ে না ধরে গর্ব গরবিনী অতি ॥

" ৩ যাও না দেখ না গিয়া শোভা কত তার, দেখিয়া অন্তর মোর জ্বলি ছারখার।
সন্তান বিদেশে তব কোন চিন্তা নাই, মনে কর মহারাজ তব বশ তাই ॥

---

* অর্থাৎ রাবণ বধাদি কার্যেতে সুকাব ইহা বর্ণনা করিবার জন্য আমার প্রার্থনা করিবে। (সুকাব্য লিখিবার জন্য)

চৌ ৪ নীদ বহুত প্রিয় সেজ তুরাঈ, লখহু ন ভূপ কপট চতুরাঈ।
সুনি প্রিয় বচন মলিন মনু জানী, ঝুকী রানি অব রহু অরগানী॥
„ ৫ পুনি অস কবহুঁ কহসি ঘরফোরী, তব ধরি জীভ কঢ়াবউঁ তোরী॥

দো ০১৫ কানে খোরে কূবরে, কুটিল কুচালী জানি।
তিয় বিসেষি পুনি চেরি কহি, ভরতমাতু মুসুকানি॥

চৌ ০১ প্রিয়বাদিনি সিখ দীহ্নিউঁ তোহী, সপনেহুঁ তো পর কোপু ন মোহী।
সুদিনু সুমঙ্গল দায়কু সোঈ, তোর কহা ফুর জেহি দিন হোঈ॥
„ ২ জেঠ স্বামি সেবক লঘু ভাঈ, য়হ দিনকর কুল রীতি সুহাঈ।
রাম তিলকু জৌঁ সাঁচেহু কালী, দেউঁ মাগু মন ভাবত আলী॥
„ ৩ কৌসল্যা সম সব মহতারী, রামহি সহজ সুভায়ঁ পিআরী।
মো পর করহিঁ সনেহু বিসেষী, মৈঁ করি প্রীতি পরীছা দেখী॥
„ ৪ জৌঁ বিধি জনমু দেই করি ছোহূ, হোহুঁ রাম সিয় পূত পুতোহূ।
প্রান তেঁ অধিক রামু প্রিয় মোরেঁ, তিহ্ন কেঁ তিলক ছোভু কস তোরেঁ॥

দো ০১৬ ভরত সপথ তোহি সত্য কহু, পরিহরি কপট দুরাউ।
হরষ সময় বিসমউ করসি, কারন মোহি সুনাউ॥

চৌ ০১ একহিঁ বার আস সব পূজী, অব কছু কহব জীভ করি দূজী।
ফোরৈ জোগু কপারু অভাগা, ভলেউ কহত দুখ রউরেহি লাগা॥
„ ২ কহহিঁ ঝূঠি ফুরি বাত বনাঈ, তে প্রিয় তুহ্মহি করুই মৈঁ মাঈ।
হমহুঁ কহবি অব ঠকুর সোহাতী, নাহিঁ ত মৌন রহব দিনু রাতী॥
„ ৩ করি কুরূপ বিধি পরবস কীহ্না, বরা সো লুনিঅ লহিঅ জো দীহ্না।
কোউ নৃপ হেউ হমহি কা হানী, চেরি ছাড়ি অব হোব কি রানী॥
„ ৪ জারৈ জোগু সুভাউ হমারা, অনভল দেখি ন জাই তুহ্মারা।
তাতেঁ কছুক বাত অনুসারী, ছমিঅ দেবি বড়ি চূক হমারী॥

দো ০১৭ গূঢ় কপট প্রিয় বচন সুনি, তীয় অধরবুধি রানি।
সুরমায়া বস বৈরিনিহি, সুহৃদ জানি পতিআনি॥

চৌ ০১ সাদর পুনি পুনি পূঁছতি ওহী, সবরী গান মৃগী জনু মোহী।
তসি মতি ফিরী অহই জসি ভাবী, রহসী চেরি ঘাত জনু ফাবী॥
„ ২ তুহ্ম পূঁছহু মৈঁ কহত ডেরাউঁ, ধরেহু মোর ঘরফোরী নাউঁ।
সজি প্রতীতি বহু বিধি গঢ়ি ছোলী, অবধ সাঢ়সাতী তব বোলী॥
„ ৩ প্রিয় সিয় রামু কহা তুহ্ম রানী, রামহি তুহ্ম প্রিয় সো ফুরি বানী।
রহা প্রথম অব তে দিন বীতে, সময় ফিরেঁ রিপু হোহিঁ পিরীতে॥

চৌ ৪ কমনীয় শয্যা পরে নিদ্রা প্রিয়তর, নৃপতির কপটতা লক্ষ্য নাহি কর।
প্রিয় বাক্য পিছে জানি মলিন অন্তর, তিরস্কার করি রাণী কহে চুপ কর॥
„ ৫ এ ঘর ভাঙ্গানী কথা ফের যদি কহ, কাটাইব তোর জিহ্বা নাহিক সন্দেহ।

দো ১৫ অন্ধ খঞ্জ কুব্জ এরা স্বভাবত জানি, কুটিল কুকর্মী হয় কহিলেন রাণী।
স্ত্রী হলে ত কথা নাই বিশেষত দাসী, ভরতের মাতৃদেবী কহিলেন হাসি॥
চৌ ১ হে প্রিয়বাদিনী কহি শিক্ষা হেতু তোর, স্বপনেও তোর প্রতি ক্রোধ নাহি মোর।
সেই শুভদিন হবে সুমঙ্গলময়, তোর বাক্য যথার্থই সত্য যবে হয়॥
„ ২ জ্যেষ্ঠ ভ্রাতা হয় স্বামী কনিষ্ঠ সেবক, সূর্যবংশে কুলরীতি বিদিত ত্রিলোক।
রামটিকা সত্য যদি হয় কল্য ভোরে, যাহা তোর ইচ্ছা হয় দিব সখি তোরে॥
„ ৩ রাণী কৌশল্যার মত সর্ব মাতাগণ, স্বভাবত শ্রীরামের প্রিয় সর্বজন।
মোর পরে শ্রীরামের সবিশেষ স্নেহ, দেখেছি পরীক্ষা করি জানেনা ত কেহ॥
„ ৪ বিধাতা জনম যদি দেন আরবার, রাম যেন পুত্র হয় সীতা বধূ তার।
প্রাণের অধিক প্রিয় রাম পুত্র মোর, তাহারি তিলক হবে ক্ষোভ কিসে তোর॥

দো ১৬ ভরত শপথ তোরে, ছাড় কপটতা, ছল ত্যজি বল মোরে আজি সত্য কথা।
উৎসব সময়ে তুই করিস বিষাদ, বল মোরে কি কারণ ছাড়ি অবসাদ॥
চৌ ১ রাণীর বচন শুনি মন্থরা কুপিতা, কহে অভিমানে ভরা ছল কপটতা।
একবার কহিয়াই আশা মিটিয়াছে, দেখি ত দ্বিতীয় জিহ্ব পাই কার কাছে॥
„ ২ আমার কপাল মন্দ যোগ্য ভাঙ্গিবার, ভাল কথা কহিলাম অসুখ তোমার।
বানিয়ে যে মিছা কথা বলে তব কাছে, সেই প্রিয় মোর বাক্য কটু হইয়াছে॥
„ ৩ আমিও কহিব এবে খোসামুদী কথা, চুপ করি দিবারাত্র রহিব অন্যথা।
কুরূপা করেছে বিধি পরবশ আছি, বুঝেছি যা কেটেছি তা পেয়েছি দিয়াছি॥
„ ৪ যে কেউ হউক রাজা আমার কি হানি, আছি দাসী রব দাসী হব না ত রাণী।
এ পোড়া স্বভাব মোর কি করিব বল, অনিষ্ট চাহিনা তব চাহি শুধু ভাল॥
„ ৫ সে হেতু উচিত কিছু কহিয়াছি তোরে, বড় ভুল হয়ে গেছে ক্ষমিও আমারে॥
দো ১৭ কপটতা পূর্ণ গূঢ় প্রিয় বাক্য ভাষে, চঞ্চল বুদ্ধির নারী দেব মায়া বশে।
শত্রুকে ভাবিয়া মিত্র তাহার কথাতে, কৈকেয়ী বিশ্বাস করে পরিপূর্ণ মতে॥
চৌ ১ বারবার সমাদরে প্রশ্ন করে রাণী, শবরী সঙ্গীতে যেন মোহিতা হরিণী।
নিয়তি যে পথে যায় বুদ্ধি সেই পথে, সুযোগ হয়েছে জানি দাসী হর্ষে মাতে॥
„ ২ তুমি প্রশ্ন কর আর আমি মরি ডরে, ঘর ভাঙ্গানীর নাম দিয়েছো ত মোরে।
মাজিয়া ঘষিয়া বহু বিশ্বাসেতে আনি, অযোধ্যার শনি গ্রহ কহিল এ বাণী॥
„ ৩ তুমি যে বলেছ রাণী প্রিয় রাম সীতা, তুমিও রামের প্রিয় মানিব সত্যতা।
প্রথমে তাহাই ছিল বহুদিন গত, সময় ফিরিলে প্রিয় হয় রিপু মত॥

চৌ ৪ ভানু কমল কুল পোষনিহারা, বিনু জল জারি করই সোই ছারা।
জরি তুহ্মারি চহ সরতি উখারী, রূঁধহু করি উপাউ বর বারী॥

দো ০১৮ তুহ্মহি ন সোচু সোহাগ বল, নিজ বস জানহু রাউ।
মন মলীন মুহ মীঠ নৃপু, রাউর সরল সুভাউ॥

চৌ ০১ চতুর গভীর রাম মহতারী, বীচু পাই নিজ বাত সঁবারী।
পঠএ ভরতু ভূপ ননিঅউরেঁ, রাম মাতু মত জানব রউরেঁ॥
” ২ সেবহিঁ সকল সবতি মোহি নীকেঁ, গরবিত ভরত মাতু বল পীকেঁ।
সালু তুহ্মার কৌসিলহি মাঈ, কপট চতুর নহিঁ হোই জনাঈ॥
” ৩ রাজহি তুহ্ম পর প্রেমু বিসেষী, সবতি সুভাউ সকই নহিঁ দেখী।
রচি প্রপঞ্চু ভূপহি অপনাঈ, রাম তিলক হিত লগন ধরাঈ॥
” ৪ য়হ কুল উচিত রাম কহু টীকা, সবহি সোহাই মোহি সুঠি নীকা।
আগিলি বাত সমুঝি ডরু মোহী, দেউ দৈউ ফিরি সো ফলু ওহী॥

দো ০১৯ রচি পচি কোটিক কুটিলপন, কীন্হেসি কপট প্রবোধু।
কহিসি কথা সত সবতি কৈ, জেহি বিধি বাঢ় বিরোধু॥

চৌ ০১ ভাবী বস প্রতীতি উর আঈ, পুঁছ রানি পুনি সপথ দেবাঈ।
কা পূঁছহু তুহ্ম অবহুঁ ন জানা, নিজ হিত অনহিত পসু পহিচানা॥
” ২ ভয়উ পাখু দিন সজত সমাজূ, তুহ্ম পাঈ সুধি মোহি সন আজূ।
খাইঅ পহিরিঅ রাজ তুহ্মারেঁ, সত্য কহেঁ নহিঁ দোষু হমারেঁ॥
” ৩ জৌঁ অসত্য কছু কহব বনাঈ, তৌ বিধি দেইহি হমহি সজাঈ।
রামহি তিলক কালি জৌঁ ভয়উ, তুহ্ম কহুঁ বিপতি বীজু বিধি বয়উ॥
” ৪ রেখ খঁচাই কহউঁ বলু ভাষী, ভামিনি ভইহু দূধ কই মাখী।
জৌঁ সুত সহিত করহু সেবকাঈ, তৌ ঘর রহহু ন আন উপাঈ॥

দো ০২০ কদ্রুঁ বিনতহি দীন্হ দুখু, তুহ্মহি কৌসিলাঁ দেব।
ভরতু বন্দিগৃহ সেইহহি, লখনু রাম কে নেব॥

চৌ ০১ কৈকয়সুতা সুনত কটু বানী, কহি ন সকই কছু সহমি সুখানী।
তন পসেউ কদলী জিমি কাঁপী, কুবরীঁ দসন জীভ তব চাঁপী॥
” ২ কহি কহি কোটিক কপট কহানী, ধীরজ ধরহু প্রবোধিনি রানী।
কীন্হেসি কঠিন পঢ়াই কুপাঠূ, জিমি ন নবৈ ফিরি উকঠি কুকাঠূ॥
” ৩ কিরা করমু প্রিয় লাগি কুচালী, বকিহি সরাহই মানি মরালী।
সুনু মন্থরা বাত ফুর তোরী, দহিনি আঁখি নিত ফরকই মোরী॥
” ৪ দিন প্রতি দেখউঁ রাতি কুসপনা, কহউঁ ন তোহি মোহবস অপনা।
কাহ করৌঁ সখি সূধ সুভাউ, দাহিন বাম ন জানউঁ কাউ॥

চৌ ৪ ভানু যে কমলকুল করেন পালন, বারি বিনা সেই দগ্ধ করে পদ্মবন।
উৎপাটন করে মূল সপত্নী তোমায়, উপায় সলিল দিয়া রোধ কর তায়॥

দো ১৮ নিজ সৌভাগ্যের বলে নাহি চিন্তা কোন, রাজারে নিজের বশ তুমি মনে মান।
মনেতে মলিন নৃপ মুখে মিষ্ট অতি, সরল স্বভাব তব সরলতা মতি॥

চৌ ১ চতুর গভীর বুদ্ধি রামের মাতার, সুযোগ পেলেই করে কর্ম সিদ্ধ তার।
ভরতে পাঠায় নৃপ মাতুল গৃহেতে, রামের মাতার আছে দুষ্ট বুদ্ধি এতে॥

" ২ সেবা করে সতীনেরা শুধু তুমি ছাড়া, পতির গরবে তুমি হলে আত্মহারা।
সে হেতু তুমিই হলে কাঁটা কৌশল্যার, চতুর ছলনা বোঝা অতিশয় ভার॥

" ৩ তোমা প্রতি নৃপতির বিশেষ প্রেমেতে, সপত্নী স্বভাবে তাহা না পারে দেখিতে।
কৌশলে নৃপেরে করি নিজ বশীভূত, রাম অভিষেক লগ্ন করে নির্ধারিত॥

" ৪ রাজটিকা হয় রামে ইহা কুল রীতি, সর্বলোক আনন্দিত মোরও হয় প্রীতি।
ভবিষ্যত ভাবি শুধু ভয় হয় মোর, দৈব ত মানিতে হবে যতই কঠোর॥

দো ১৯ রচিয়া কুটিল কথা শতকোটি প্রায়, মন্থরা প্রবোধ দিল বিপরীত হায়।
সপত্নীগণের কথা অযথার্থ শত, কহিল বিরোধ যাতে হইল বর্ধিত॥

চৌ ১ নিয়তি আনিল মনে বিশ্বাস তখনি, দিব্য দিয়া বারবার প্রশ্ন করে রাণী।
কি প্রশ্ন করিছ মনে এখনো জাননা, হিত ও অহিত শুনি পশু কাছে জানা॥

" ২ একপক্ষ কাল ধরে চলিছে উৎসব, শুধু আজি মোর কাছে জান তুমি সব।
খাই পরি বাস করি তোমার কৃপাতে, তোমারে কহিলে সত্য দোষ নাই তাতে॥

" ৩ যদি কিছু মিছা বলি বানিয়ে তোমারে, বিধাতার দণ্ড যেন পড়ে মোর শিরে।
রামের তিলক যদি হয় কালি প্রাতে, তোমারি বিপত্তি বীজ বিধি বোনে তাতে॥

" ৪ খড়ি পাতি কহি আমি জোরের সহিত, দুধেতে মক্ষিকা তুমি হয়েছ বিহিত।
পুত্রসহ পার যদি সেবিতে হেথায়, গৃহেতে পাইবে স্থান নহে অন্যথায়॥

দো ২০ কদ্রু দিয়েছিল দুঃখ বিনতারে বেশ, কৌশল্যা তোমারে দিবে ততোধিক ক্লেশ।
ভরত রহিবে বন্দী কারাগার মাঝে, লক্ষণ অধ্যক্ষ হবে রামের অকাজে॥

চৌ ১ মন্থরার কটুবাক্য শুনিয়া কৈকেয়ী, বাক্যস্ফুর্তি নাহি হয় ভয়ে শুষ্ক হই।
ঘর্মাক্ত শরীরে কাঁপে কদলীর প্রায়, কাটিল দন্তেতে জিহ্বা কুব্জা তথায়॥

" ২ কোটি চাটুবাক্য কুব্জা কহিয়া তখন, প্রবোধিয়া কহে ধৈর্য করহ ধারণ।
করিল কঠিন মন মন্ত্র দিয়া কানে, শুষ্ক কাষ্ঠ নমনীয় নহে যথা জানে॥

" ৩ ভাগ্য চক্র বিপর্যস্ত কুমন্ত্রণা শুনি, প্রশংসিল রাণী বকে রাজহংস মানি।
মন্থরা শুন্‌লো সই কথা সত্য তোর, দক্ষিণ নয়ন কাঁপে অবিরত মোর॥

" ৪ প্রতি রাতে দেখিতেছি দুঃস্বপ্ন দারুণ, বলি নাই তোরে আমি ভুলো মোর মন।
কি যে করি সখি মোর সরল স্বভাব, শত্রু মিত্র নাহি বুঝি ভাব অসদ্ভাব॥

দো ০২১ অপনে চলত ন আজু লগি, অনভল কাহুক কীহ্ন।
কেহিঁ অঘ একহি বার মোহি, দৈঅঁ দুসহ দুখু দীহ্ন॥
চৌ ০১ নৈহর জনমু ভরব বরু জাঈ, জিঅত ন করবি সরতি সেৱকাঈ।
• অরি বস দৈউ জিআৱত জাহী, মরনু নীক তেহি জীৱন চাহী।
„ ২ দীন বচন কহ বহু বিধি রানী, সুনি কুবরীঁ তিয়মায়া ধানী।
অস কস কহহু মানি মহ ঊনা, সুখু সোহাগু তুহ্ম কহঁ দিন দূনা॥
„ ৩ জেহিঁ রাউর অতি অনভল তাকা, সোই পাইহি য়হু ফলু পরিপাকা।
জব তেঁ কুমত সুনা মৈঁ স্বামিনি, ভূখ ন বাসর নীদ ন জামিনি॥
„ ৪ পূছেউঁ গুনিহ্ন রেখ তিহ্ন খাঁচী, ভরত ভুআল হোহিঁ য়হ সাঁচী।
ভামিনি করহু ত কহৌঁ উপাউ, হৈ তুহ্মরী সেৱা বস রাউ॥

দো •২২ পরউঁ কূপ তুঅ বচন পর, সকউঁ পূত পতি ত্যাগি।
কহসি মোর দুখু দেখি বড়, কস ন করব হিত লাগি॥
চৌ ০১ কুবরীঁ করি কবুলী কৈকেঈ, কপট ছুরী উর পাহন টেঈ।
লখই ন রানি নিকট দুখু কৈসেঁ, চরই হরিত তিন বলিপসু জৈসেঁ॥
„ ২ সুনত বাত মৃদু অন্ত কঠোরী, দেতি মনহুঁ মধু মাহুর ঘোরী।
কহই চেরি সুধি অহই কি নাহীঁ, স্বামিনি কহিহু কথা মোহি পাহীঁ॥
„ ৩ দুই বরদান ভূপ সন থাতী, মাগহু আজু জুড়াৱহু ছাতী।
সুতহি রাজু রামহি বনবাসূ, দেহু লেহু সব সরতি হুলাসূ॥
„ ৪ ভূপতি রাম সপথ জব করঈ, তব মাগেহু জেহিঁ বচনু ন টরঈ।
হোই অকাজু আজু নিসি বীতেঁ, বচনু মোর প্রিয় মানেহু জী তেঁ॥

দো ০২৩ বড় কুঘাতু করি পাত-কিনি, কহেসি কোপগৃহঁ জাহু।
কাজু সঁৱারেহু সজগ সবু, সহসা জনি পতিআহু॥
চৌ ০১ কুবরিহি রানি প্রানপ্রিয় জানী, বার বার বড়ি বুদ্ধি বখানী।
তোহি সম হিত ন মোর সংসারা, বহে জাত কই ভইসি অধারা॥
„ ২ জৌঁ বিধি পুরব মনোরথু কালী, করৌঁ তোহি চখ পূতরি আলী।
বহুবিধি চেরিহি আদরু দৈঈ, কোপ ভৱন গৱনী কৈকেঈ॥
„ ৩ বিপতি বীজু বরষা রিতু চেরী, ভুই ভই কুমতি কৈকঈ কেরী।
পাই কপট জলু অঙ্কুর জামা, বর দোউ দল দুখ ফল পরিনামা॥

কৈকেয়ীর কোপগৃহে গমন

„ ৪ কোপ সমাজু সাজি সবু সোঈ, রাজু করত নিজ কুমতি বিগোঈ।
রাউর নগর কোলাহল হোঈ, য়হ কুচালি কছু জান ন কোঈ॥

দো ২১ যবে থেকে জ্ঞান মোর তবে থেকে আজ, কাহারো অনিষ্ট হয় করিনি সে কাজ।
বিধাতা এ হেন কোন পাপে একবারে, দিলেন দুঃসহ দুঃখ মোর শিরোপরে ॥

চৌ ১ সারাজন্ম পিত্রালয়ে কাটাইব তবু, জীবনে সপত্নী সেবা করিব না কভু।
নিয়তি বাঁচায়ে রাখে শত্রু বশে যারে, জীবন অপেক্ষা সেই চাহে মরণেরে ॥

,, ২ বহুবিধ দীন-হীন ক্ষেদ করে রাণী, কুব্জা কহিল শুনি স্ত্রী স্বভাব আনি।
ক্ষুদ্রতা মানিয়া মনে কেন এই কথা, দ্বিগুণ হইবে তব সুখ স্বচ্ছন্দতা ॥

,, ৩ যে শ্রীমতী চাহিতেছে অনিষ্ট তোমার, সেই পাবে প্রতিফল সমুচিত তার।
যবে হতে দুঃসংবাদ শুনেছি স্বামিনি, দিনে ক্ষুধা গেছে মোর বিনিদ্র যামিনী ॥

,, ৪ গণনা করিতে বলি গণক ঠাকুরে, ভরত হইবে রাজা বলিয়াছে মোরে।
চাহত ভামিনি আমি বলিব উপায়, নৃপ ত' তোমার সেবা বশে সদা রয় ॥

দো ২২ পতি পুত্র ত্যাগ করি তোরই কথাতে, ঝাঁপাইতে পারি আমি কূপের মধ্যেতে।
অতি দুঃখ দেখি মোর যা কহিবি তুই, তাহাই করিব আমি হিত লাগি সই ॥

চৌ ১ কুব্জা বলির পশু করিল রাণীরে, কপটতা ছুরী শানে হৃদয় পাথরে।
নাহি দেখে রাণী কিছু নিকট দুঃখেরে, সবুজ তৃণের মাঠে বলি পশু চরে ॥

,, ২ শুনিতে মধুর কথা কঠিন শেষেতে, যেন মধু দেয় খেতে মিশিয়ে বিষেতে।
কহে দাসী আছে কিগো স্মরণে তোমার, হে স্বামিনি বলেছিলে আমারে সেবার ॥

,, ৩ আছে রাখা দুটি বর নৃপের সে দান, মাগিয়া আজিকে তাহা জুড়াও পরান।
পুত্রে তব কর রাজা রামে বনবাস, কাড়িয়া লওনা কেন সপত্নী উল্লাস ॥

,, ৪ রামের শপথ যবে লইবে রাজন, টলিও না বাক্যে বর মাগিবে তখন।
তা' না হলে নিশিভোরে হবে সর্বনাশ, মোর বাক্য প্রাণাপেক্ষা করিও বিশ্বাস ॥

দো ২৩ পাপিনীর কূট বুদ্ধি কহিল রাণীরে, রাত্রি বাস কর গিয়ে তব গোঁসা ঘরে।
সহজ ভাবেতে কার্য করিবে উদ্ধার, সহসা মানিবে নাকো পতিরে তোমার ॥

চৌ ১ কুব্জারে জানিয়া রাণী প্রাণ প্রিয় তার, বুদ্ধির প্রশংসা তার করে বার বার।
তোর সম হিতকারী কেহ নাহি মোর, এ দুঃখ সাগরে ভাসি আশ্রয়েতে তোর ॥

,, ২ বিধি পূর্ণ করে সাধ যদি কাল ভোরে, নয়ন পুত্তলী করি রাখিবই তোরে।
বহু ভাবে মন্থরারে করি সমাদর, কৈকেয়ী পশিল গিয়া তার গোঁসা ঘর ॥

,, ৩ বিপত্তি হইল বীজ বর্ষা ঋতু দাসী, কৈকেয়ী কুমতি রূপ ভূমি মাঝে পশি।
অঙ্কুর উৎপাত হল কপটতা জলে, বর দুটি পত্র দুঃখ পরিণাম ফলে ॥

কৈকেয়ীর কোপগৃহে গমন

,, ৪ কুপিতা ছাড়িয়া সাজ ভূমি পরে শোয়, নিজের গৌরব গেল ধরার ধূলায়।
রাজগৃহ নগরেতে কোলাহল মাঝে, কেহ না জানিল এই কুচালীর সাজে ॥

দো ০২৪ প্রমুদিত পুর নর নারি সব, সজহিঁ সুমঙ্গল চার।
এক প্রবিসহিঁ এক নির্গমহিঁ, ভীর ভূপ দরবার॥

চৌ ০১ বাল সখা সুনি হিয়ঁ হরষাহীঁ, মিলি দস পাঁচ রাম পহিঁ জাহীঁ।
প্রভু আদরহিঁ প্রেমু পহিচানী, পূঁছহিঁ কুসল খেম মৃদু বানী॥
„ ২ ফিরহিঁ ভবন প্রিয় আয়সু পাঈ, করত পরস্পর রাম বড়াঈ।
কো রঘুবীর সরিস সংসারা, সীলু সনেহু নিবাহ নিহারা॥
„ ৩ জেহিঁ জেহিঁ জোনি করম বস ভ্রমহীঁ, তহঁ তহঁ ঈসু দেউ য়হ হমহীঁ।
সেবক হম স্বামী সিয়নাহূ, হোউ নাত য়হ ওর নিবাহূ॥
„ ৪ অস অভিলাষু নগর সব কাহূ, কৈকয়সুতা হৃদয়ঁ অতি দাহূ।
কো ন কুসঙ্গতি পাই নসাঈ, রহই ন নীচ মতেঁ চতুরাঈ॥

দো ০২৫ সাঁঝ সময় সানন্দ নৃপ, গয়উ কৈকঈ গেহঁ।
গবনু নিঠুরতা নিকট কিয়, জনু ধরি দেহ সনেহঁ॥

চৌ ০১ কোপভবন সুনি সকুচেউ রাউ, ভয় বস অগহুড় পরই ন পাউ।
সুরপতি বসই বাহঁবল জাকেঁ, নরপতি সকল রহহিঁ রুখ তাকেঁ॥
„ ২ সো সুনি তিয় রিস গয়উ সুখাঈ, দেখহু কাম প্রতাপ বড়াঈ।
সূল কুলিস অসি অঁগবনিহারে, তে রতিনাথ সুমন সর মারে॥
„ ৩ সভয় নরেসু প্রিয়া পহিঁ গয়উ, দেখি দসা দুখু দারুন ভয়উ।
ভূমি সয়ন পটু মোট পুরানা, দিএ ডারি তন ভূষন নানা॥
„ ৪ কুমতিহি কসি কুবেষতা ফাবী, অন অহিবাতু সূচ জনু ভাবী।
জাই নিকট নৃপু কহ মৃদু বানী, প্রানপ্রিয়া কেহি হেতু রিসানী॥

কৈকেয়ী-দশরথ সংবাদ

ছন্দ ০১ কেহি হেতু রানি রিসানি পরসত পানি পতিহি নেবারঈ।
মানহুঁ সরোষ ভুঅঙ্গ ভামিনি বিষম ভাঁতি নিহারঈ॥
দোউ বাসনা রসনা দসন বর মরম ঠাহরু দেখঈ।
তুলসী নৃপতি ভবতব্যতা বস কাম কৌতুক লেখঈ॥

সো ০১ বার বার কহ রাউ, সুমুখি সুলোচনি পিকবচনি।
কারন মোহি সুনাউ, গজগামিনি নিজ কোপ কর॥

চৌ ০১ অনহিত তোর প্রিয়া কেইঁ কীন্হা, কেহি দুই সির কেহি জমু চহ লীন্হা।
কহু কেহি রঙ্কহি করৌঁ নরেসূ, কহু কেহি নৃপহি নিকাসৌ দেসূ॥
„ ২ সকউঁ তোর অরি অমরউ মারী, কাহ কীট বপুরে নর নারী।
জানসি মোর সুভাউ বরোরূ, মনু তব আনন চন্দ চকোরূ॥

দো ২৪ নগরের নর নারী মহা আনন্দিত, মঙ্গল সজ্জাতে সবে হয় সুসজ্জিত।
লোকারণ্য দরবারে আজি সবিশেষ, নিষ্ক্রান্ত হতেছে যবে করিছে প্রবেশ ॥

চৌ ১ বাল্য সখা শ্রীরামের শুনি আনন্দিত, দশ পাঁচ একসাথে রামেরে মিলিত।
প্রেম পরিচয় পাই' তাদের তখন, কুশল জিজ্ঞাসি প্রভু করে আপ্যায়ন ॥

„ ২ প্রভুর আদেশ লভি' প্রাসাদেতে ঘোরে, রামের প্রশংসা করে সবে পরস্পরে।
রঘুবীর সম আছে কেই বা সংসারে, বন্ধুগণ স্নেহশীল তাঁর ব্যবহারে ॥

„ ৩ কর্মবশে যে যোনিতে লভিব জনম, ভগবান দেন যেন সৌভাগ্য এমন।
আমরা সেবক হব সীতানাথ স্বামী, এইরূপে চলে যেন কভু নাহি থামি' ॥

„ ৪ এই অভিলাষ হয় নগরে সবার, কেকয় সুতার হৃদে দাহ দুনিবার।
কুসঙ্গে বিনষ্ট কেবা নাহি হয় বলে, কুমতে চলিলে বুদ্ধি যায় রসাতলে ॥

দো ২৫ সন্ধ্যার সময়ে নৃপ আনন্দিত মনে, চলিলেন কৈকেয়ীর প্রাসাদ ভবনে।
রাজা দশরথ যেন স্নেহ দেহ ধরি, নিষ্ঠুরতা পাশে চলে রাণী কৈকেয়ীরি ॥

চৌ ১ ক্রোধাগারে আছে শুনি চিন্তিত রাজন, ভয়ে অগ্রসর হতে না চাহে চরণ।
বাহুবলে ইন্দ্রদেব বশবর্তী তাঁর, কৃপা ভিক্ষা মাগে সর্ব নরপতি যাঁর ॥

„ ২ সেই শুনি স্ত্রীর রোষে শুকাইয়া যায়, মদন প্রতাপ দেখ বলিব কি তায়।
ত্রিশূল কুলিশ অসি অঙ্গে যাঁর সয়, মদনের পুষ্পবাণ মৃত্যুবাণ হয় ॥

„ ৩ ভীতান্তকরণ রাজা প্রিয়া কাছে যান, প্রিয় ভার্যা দশা দেখি মনে দুঃখ পান।
সর্ব অলঙ্কার অঙ্গে করিয়া বর্জন, অঙ্গে জীর্ণ স্থূল বস্ত্র ভূমিতে শয়ন ॥

„ ৪ দুর্বুদ্ধি সে কৈকেয়ীর কুবেশ আচার, আশু বৈধব্যের বার্তা করে যে প্রচার।
কহেন মধুর বাণী কাছে নৃপ গিয়া, কি হেতু এরোষ তব কহ প্রাণপ্রিয়া ॥

কৈকেয়ী-দশরথ সংবাদ

ছ ১ রোষ কেন রাণী তব কহিয়া রাজন, স্পর্শ করে কৈকেয়ীরে প্রেমেতে তখন।
ক্রুদ্ধা রাণী সবেগেতে হস্তটি সরায়, ভামিনী সর্পিনী যেন সরোষে তাকায় ॥
বাসনা দুইটি যেন রসনা দশন, মর্মস্থল দেখে যেথা করিবে দংশন।
নৃপতি ভাবিল বুঝি কামকেলি দেখি, তুলসী কহিছে হায় ভবিতব্য একি ॥

সো ১ বার বার নৃপ কহে অয়ি সুলোচনা, পিককণ্ঠি কহ মোরে অয়ি সুদর্শনা।
তব রোষ হেতু কিবা শুনাও আমারে, গজেন্দ্রগামিনী কহ মোরে কৃপা করে ॥

চৌ ১ তোমার অপ্রিয় কর্ম প্রিয়া কেবা করে, কাহার মস্তক দুটি যম চাহে কারে।
বল কোন দরিদ্রকে করিব সম্রাট, কোন নৃপে করি ছাড়া তার দেশ পাট ॥

„ ২ তব শত্রু নাশ করি হলেও দেবতা, কীট পতঙ্গের ন্যায় মানুষ কি কথা।
সুবদনী জান তুমি মম মোর প্রিয়া, তব মুখচন্দ্র পানে চকোর এ হিয়া ॥

চৌ ৩ প্রিয়া প্রান সুত সরবস্থ মোরেঁ, পরিজন প্রজা সকল বস তোরেঁ।
জৌঁ কছু কহৌঁ কপটু করি তোহী, ভামিনি রাম সপথ সত মোহী॥
„ ৪ বিহসি মাগু মনভারতি বাতা, ভূষন সজহি মনোহর গাতা।
ঘরী কুঘরী সমুঝি জিয়ঁ দেখূ, বেগি প্রিয়া পরিহরহি কুবেষূ॥
দো ০২৬ য়হ সুনি মন গুনি সপথ বড়ি, বিহসি উঠী মতি মন্দ।
ভূষন সজতি বিলোকি মৃগু, মনহুঁ কিরাতিনি ফন্দ॥
চৌ ১ পুনি কহ রাউ সুহৃদ জিয়ঁ জানী, প্রেম পুলকি মৃদু মঞ্জুল বানী।
ভামিনি ভয়উ তোর মন ভারা, ঘর ঘর নগর অনন্দ বধারা॥
„ ২ রামহি দেউঁ কালি জুবরাজূ, সজহি সুলোচনি মঙ্গল সাজূ।
দলকি উঠেউ সুনি হৃদউ কঠোরূ, জনু ছুই গয়উ পাক বরতোরূ॥
„ ৩ ঐসিউ পীর বিহসি তেহিঁ গোঈ, চোর নারি জিমি প্রগটি ন রোঈ।
লখহিঁ ন ভূপ কপট চতুরাঈ, কোটি কুটিল মনি গুরূ পঢ়াঈ॥
„ ৪ জদ্যপি নীতি নিপুন নরনাহূ, নারি চরিত জলনিধি অবগাহূ।
কপট সনেহু বঢ়াই বহোরী, বোলী বিহসি নয়ন মুহ মোরী॥
দো ০২৭ মাগু মাগু পৈ কহহু পিয়, কবহুঁ ন দেহু ন লেহু।
দেন কহেহু বরদান দুই, তেউ পাবত সন্দেহু॥
চৌ ০১ জানেউঁ মরমু রাউ হঁসি কহঈ, তুম্হহি কোহাব পরম প্রিয় অহঈ।
থাতী রাখি ন মাগিহু কাউ, বিসরি গয়উ মোহি ভোর সুভাউ॥
„ ২ ঝূঠেহুঁ হমহি দোষু জনি দেহূ, দুই কৈ চারি মাগি মকু লেহূ।
রঘুকুল রীতি সদা চলি আঈ, প্রান জাহুঁ বরু বচনু ন জাঈ॥
„ ৩ নহিঁ অসত্য সম পাতক পুঞ্জা, গিরি সম হোহিঁ কি কোটিক গুঞ্জা।
সত্যমূল সব সুকৃত সুহাএ, বেদ পুরান বিদিত মনু গাএ॥
„ ৪ তেহি পর রাম সপথ করি আঈ, সুকৃত সনেহ অবধি রঘুরাঈ।
বাত দৃঢ়াই কুমতি হঁসি বোলী, কুমত কুবিহগ কুলহ জনু খোলী॥
দো ০২৮ ভূপ মনোরথ সুভগ বনু, সুখ সুবিহঙ্গ সমাজু।
ভিল্লিনি জিমি ছাড়ন চহতি, বচনু ভয়ঙ্করু বাজু॥
চৌ ১ সুনহু প্রানপ্রিয় ভারত জী কা, দেহু এক বর ভরতহি টীকা।
মাগউঁ দূসর বর কর জোরী, পুরবহু নাথ মনোরথ মোরী॥
„ ২ তাপস বেষ বিসেষি উদাসী, চৌদহ বরিস রামু বনবাসী।
সুনি মৃদু বচন ভূপ হিয়ঁ সোকূ, সসি কর ছুঅত বিকল জিমি কোকূ॥
„ ৩ গয়উ সহমি নহিঁ কছু কহি আরা, জনু সচান বন ঝপটেউ লারা।
বিবরন ভয়উ নিপট নরপালূ, দামিনি হনেউ মনহুঁ তরু তালূ॥

চৌ ৩ হে প্রিয়া তোমার বশ প্রজাবৃন্দ আর, প্রাণ পুত্র পরিজন সর্বস্ব আমার।
যদি কিছু কপটতা করি তব সনে, শতবার রাম দিব্য কহি বরাঙ্গনে ॥
,, ৪ হাসি মুখে চাহ যাহা মনোভাব তব, কর সজ্জা বর অঙ্গে অলঙ্কারে নব।
সুসময় কুসময় করি বিবেচনা, করহ কুবেশ ত্যাগ হে প্রিয় দর্শনা ॥
দো ২৬ রামের শপথ শুনি বড় মানি মনে, হাসিয়া উঠিল রাণী কুটিলতা সনে।
সাজিল ভূষণে যত যেন কিরাতিনী, মৃগেরে দেখিয়া জাল ফাঁদিল তখনি ॥
চৌ ১ জীবন-সঙ্গিনী জানি রাণীরে সতত, পুনঃ মৃদু মধু কহে নৃপ পুলকিত।
মনোবাঞ্ছা পূর্ণ তব হল কি ভামিনী, আজি পুর গৃহে গৃহে আনন্দ যামিনী ॥
,, ২ রামে যৌবরাজ্য দিব কাল প্রাতে আমি, মঙ্গল সজ্জাতে সাজ সুলোচনা তুমি।
কঠিন হৃদয় ফাটে শুনি এ বচন, যেন দুষ্ট ব্রণ কেহ করে নিষ্পেষণ ॥
,, ৩ দারুণ যন্ত্রণা হাসি করিল গোপন, চৌর বধূ প্রকাশ্যেতে না করে ক্রন্দন।
কপট চাতুর্য নৃপ বুঝিতে না পায়, কোটি কুটিলতা ধনী গুরু * শিক্ষা দেয় ॥
,, ৪ নীতিজ্ঞান পরিপূর্ণ হলেও রাজার, স্ত্রী চরিত্র মহার্নব তল পাওয়া ভার।
অভিনয় করি পুনঃ প্রেমের সতত, কহে রাণী নেত্র মুখে ছল করি কত ॥
দো ২৭ মাগহ মাগহ প্রিয় কহত সদাই, কভু'ত দেওনি কিছু কভু পাই নাই।
দুটি বর দিবে মোরে কহেছিলে কবে, হতেছে সন্দেহ মনে পাওয়া কি সম্ভবে ॥
চৌ ১ হাসিয়া কহেন রাজা সব বুঝিলাম, অতি প্রিয় তব কাছে মান অভিমান।
রেখেছো করিয়া জমা কভু মাগ নাই, স্বভাব যেমন মোর ভুলিয়াছি তাই ॥
,, ২ বৃথাই দিওনা দোষ মোরে প্রিয়তমা, লহ চার দুই কেন যাহা আছে জমা।
রঘুকুল রীতি এই চিরকাল ধরে, প্রাণ যাক তবু কভু বচন না নরে ॥
,, ৩ নাহিক অসত্য আর পাপরাশি মত, পাপপুঞ্জ কুঞ্চিকাতে হয় কি পর্বত।
সর্ব পুণ্য আদি মূল জানিবে সত্যই, বেদ ও পুরান গাহে মনু বলে তাই ॥
,, ৪ নিয়াছি রামের দিব্য তারো পরে আর, স্নেহ পূর্ণ সর্ব সীমা যে রাম আমার।
কৈকেয়ী হাসিয়া বলে শুনি দিব্য হেন, কুমতি রূপিনী পক্ষী মেলে যেন ॥
দো ২৮ নৃপ মনোরথ যেন মনোজ্ঞ কানন, সুখ বিহঙ্গম সেথা করে উড্ডয়ন।
ব্যাধিনী যেমন চাহে কৈকেয়ী তথায়, ছাড়িল বচন তার বাজপক্ষী প্রায় ॥
চৌ ১ শুন প্রাণপতি মোর মনে যাহা ধরে, ভরতেরে রাজটীকা দেহ এক বরে।
মাগির দ্বিতীয় বর জুড়ি দুই পাণি, মনোরথ পূর্ণ কর হে নাথ এখনি ॥
,, ২ তাপসের বেশে রাম উদাসীর ভাবে, বনবাসে চতুর্দশ বৎসর কাটাবে।
স্ত্রীর বাক্য শুনি রাজা শোকে মোহমান, শশীকর স্পর্শে চক্র-বাকের সমান ॥
,, ৩ ভয়ে রাজা কহিবার শক্তি নাহি ধরে, তিতির পক্ষীরা পরে যেন বাজ পড়ে।
বজ্রাঘাতে তালবৃক্ষ যেইরূপ হয়, বিবর্ণ হলেন রাজা মনে অতি ভয় ॥

---

* মন্থরা

চৌ ৪ মাথেঁ হাথ মূদি দোউ লোচন, তনু ধরি সোচু লাগ জনু সোচন।
মোর মনোরথু সুরতরু ফূলা, ফরত করিনি জিমি হতেউ সমূলা ॥
„ ৫ অবধ উজারি কীহ্নি কৈকেঈ, দীহ্নিসি অচল বিপতি ঐক নেঈ।

দো ০২৯ করনেঁ অরসর কা ভয়উ, গয়উঁ নারি বিশ্বাস।
জোগ সিদ্ধি ফল সময় জিমি, জতিহি অবিদ্যা নাস ॥

চৌ ০১ এহি বিধি রাউ মনহিঁ মন ঝাঁখা, দেখি কুভাঁতি কুমতি মন মাখা।
ভরতু কি রাউর পূত ন হোঁহী, আনেহু মোল বেসাহি কি মোহী ॥
„ ২ জো সুনি সরু অস লাগ তুহ্মারেঁ, কোহে ন বোলহু বচনু সঁভারেঁ।
দেহু উতরু অনু করহু কি নাহীঁ, সত্যসন্ধ তুহ্ম রঘুকুল মাহীঁ ॥
„ ৩ দেন কহেহু অব জনি বরু দেহূ তজহু সত্য জগ অপজসু লেহূ।
সত্য সরাহি কহেহু বরু দেনা, জানেহু লেইহি মাগি চবেনা ॥
„ ৪ সিবি দধীচি বলি জো কুছু ভাষা, তনু ধনু তজেউ বচন পনু রাখা।
অতি কটু বচন কহতি কৈকেঈ, মানহুঁ লোন জরে পর দেঈ ॥

দো ০৩০ ধরম ধূরন্ধর ধীর ধরি, নয়ন উখারে রায়ঁ।
সিরু ধুনি লীহ্নি উদাস অসি, মারেসি মোহি কুঠায়ঁ ॥

চৌ ০১ আগেঁ দীখি জরত রিস ভারী, মনহুঁ রোষ তররারি উখারী।
মূঠি কুবুদ্ধি ধার নিঠুরাঈ, ধরী কূবরীঁ সান বনাঈ ॥
„ ২ লখী মহীপ করাল কঠোরা, সত্য কি জীরনু লেইহি মোরা।
বোলে রাউ কঠিন করি ছাতী, বানী সবিনয় তাসু সোহাতী ॥
„ ৩ প্রিয়া বচন কস কহসি কুভাঁতী, রীতি প্রতীতি প্রীতি করি হাঁতী।
মোরেঁ ভরতু রামু ত্নুই আঁখী, সত্য কহউঁ করি সঙ্করু সাখী ॥
„ ৪ অরসি দূতু মৈঁ পঠইব প্রাতা, ঐহহিঁ বেগি সুনত দোউ ভ্রাতা।
সুদিন সোধি সবু সাজু সজাঈ, দেউঁ ভরত কহুঁ রাজু বজাঈ ॥

দো ০৩১ লোভু ন রামহি রাজু কর, বহুত ভরত পর প্রীতি।
মৈঁ বড় ছোট বিচারি জিয়ঁ, করত রহেঁউ নৃপনীতি ॥

চৌ ০১ রাম সপথ সত কহউঁ সুভাউ, রামমাতু কছু কহেউ ন কাউ।
মৈঁ সবু কীহ্ন তোহি বিনু পূছেঁ, তেহি তেঁ পরেউ মনোরথ ছূছেঁ ॥
„ ২ রিস পরিহরু অব মঙ্গল সাজূ, কছু দিন গএঁ ভরত জুবরাজূ।
একহি বাত মোহি দুখু লাগা, বর দূসর অসমঞ্জস মাগা ॥
„ ৩ অজহূঁ হৃদউ জরত তেহি আঁচা, রিস পরিহাস কি সাঁচেহুঁ সাঁচা।
কহু তজি রোষ রাম অপরাধু, সবু কোউ কহই রামু সুঠি সাধু ॥

চৌ ৪ দুই চক্ষু মুদি রাখি হস্ত শিরোপরে, উদ্বেগ ধরিয়া তনু যেন দুঃখ করে।
মনোরথ কল্পতরু মূল যবে ধরে, অফলা হস্তিনী মূল উৎপাটন করে॥
„ ৫ অযোধ্যা করিল নিঃস্ব কৈকেয়ী এখন, অচল বিপত্তি ভিত্তি করিল স্থাপন।

দো ২৯ কি হতে কি হল করি নারীরে বিশ্বাস, যোগ সিদ্ধিকালে যেন অবিদ্যায় নাশ॥

চৌ ১ মন মাঝে ক্ষেদ নৃপ এরূপে করেন, দেখিয়া দুর্দশা ক্রোধে কুমতি কহেন।
ভরতে কি রাজপুত্র মনে নাহি হয়, আমারে এনেছ তুমি করিয়া কি ক্রয়॥
„ ২ যাহা শুনি বাণ সম লাগিল তোমার, কেন বলেছিলে কথা না করি বিচার।
কেন না উত্তর দাও হাঁ না কিছু বলে. মনে রেখো সত্য-সন্ধ তুমি রঘুকুলে॥
„ ৩ বর দিবে বলি এবে নাহি দিলে বর, ত্যজি সত্য বিশ্বে হবে অপযশ কর।
গর্ব করে বর দিবে বলেছিলে রাজা, তখন কি ভেবেছিলে চা'ব ছোলা ভাজা॥
„ ৪ দধীচি ও বলি শিবি যাহা বলেছিল, ধন প্রাণ করি ত্যাগ কথা রেখেছিল।
কৈকেয়ী কহিল যত কথা কটু অতি, ক্ষততে লবণ যেন দিল সে কুমতি॥

দো ৩০ ধর্ম ধুরন্ধর রাজা তবে ধৈর্য ধরি, অতি কষ্টে দুই নেত্র উন্মোচন করি।
শির সঞ্চালনে কহে নিয়া দীর্ঘশ্বাস, মর্মস্থলে হানে মোরে চূর্ণিয়া বিশ্বাস॥

চৌ ১ অগ্রেতে দেখেন চাহি ক্রোধে বহ্নিমান, কৈকেয়ী মনের ক্রোধ উন্মুক্ত কৃপান।
মুষ্টি তার কূটবুদ্ধি ধার নিষ্ঠুরতা, কুব্জারূপা শিলা পরে তীক্ষ্ণ শানিত তা॥
„ ২ নৃপতি দেখিলা মূর্ত্তি করাল কঠোর, সত্য কি রমণী এই ল'বে প্রাণ মোর।
মনেরে কঠিন করি কহিল ভূপতি. রাণীর তুষ্টির লাগি করিয়া বিনতি॥
„ ৩ হে প্রিয়া কহিছ কেন বিরুদ্ধ বচন, রীতি প্রীতি বিশ্বাসেরে করিয়া হনন।
কব আমি দৃঢ় বাক্যে শিব সাক্ষী হন, রাম ও ভরত মোর দুইটি নয়ন॥
„ ৪ অবশ্য পাঠাব দূত কল্য অতি ভোরে, দু'ভ্রাতা আসিবে শুনি অতি ত্বরা করে।
সকল ব্যবস্থা করি দিন ক্ষণ হেরি, ভরতেরে দিব রাজা অভিষিক্ত করি॥

দো ৩১ রামের নাহিক লোভ এই রাজ্য প্রতি, ভরতেরে জানি রাম স্নেহ করে অতি।
আমি মনে ছোট বড় করিয়া বিচার, রাজনীতি মেনেছিনু আয়োজন তার॥

চৌ ১ রামের শপথ লই কহি সত্য কথা, কভু কিছু বলে নাই মোরে রাম মাতা।
জিজ্ঞাসা না করি তোমা করি আয়োজন, সকলি হইল ব্যর্থ তাহারি কারণ॥
„ ২ রোষ ত্যজি কর আজি সুমঙ্গল সাজ, নিশ্চয় ভরত শীঘ্র হবে যুবরাজ।
একটি কথাতে মোর দুঃখ অতিশয়. প্রার্থনা দ্বিতীয় বর অসঙ্গত হয়॥
„ ৩ এখনো হৃদয় মোর জ্বলিছে তাপেতে, ক্রোধ পরিহাস কিবা সত্য আছে এতে।
রাম দোষ কহ ক্রোধ করিয়া বর্জন, সবে রামে কহে জানি অতীব সজ্জন॥

চৌ ৪ তুহূঁ সরাহসি করসি সনেহূ, অব সুনি মোহি ভয়উ সন্দেহূ।
জাসু সুভাউ অরিহি অনুকূলা, সো কিমি করিহি মাতু প্রতিকূলা ॥

দো ০৩২ প্রিয়া হাস রিস পরিহরহি, মাগু বিচারি বিবেকু।
জেহিঁ দেখৌঁ অব নয়ন ভরি, ভরত রাজ অভিষেকু ॥

চৌ ০১ জিঐ মীন বরু বারি বিহীনা, মনি বিনু ফনিকু জিঐ দুখ দীনা।
কহউঁ সুভাউ ন ছলু মন মাহীঁ, জীরনু মোর রাম বিনু নাহীঁ ॥

„ ২ সমুঝি দেখু জিয় প্রিয়া প্রবীনা, জীরন রাম দরস আধীনা।
সুনি মৃদু বচন কুমতি অতি জরঈ, মনহুঁ অনল আহুতি ঘৃত পরঈ ॥

„ ৩ কহই করহু কিন কোটি উপায়া, ইহাঁ ন লাগিহি রাউরি মায়া।
দেহু কি লেহু অজসু করি নাহীঁ, মোহি ন বহুত প্রপঞ্চ সোহাহীঁ ॥

„ ৪ রামু সাধু তুম্হ সাধু সয়ানে, রামমাতু ভলি সব পহিচানে।
জস কোসিলাঁ মোর ভল তাকা, তস ফলু উন্হহি দেউঁ করি সাকা ॥

দো ০৩৩ হোত প্রাতু মুনিবেষ ধরি, জৌঁ ন রামু বন জাহিঁ।
মোর মরনু রাউর অজস, নৃপ সমুঝিঅ মন মাহিঁ ॥

চৌ ০১ অস কহি কুটিল ভঈ উঠি ধাঢ়ী, মানহুঁ রোষ তরঙ্গিনি বাঢ়ী।
পাপ পহার প্রগট ভই সোঈ, ভরী ক্রোধ জল জাই ন জোঈ ॥

„ ২ দোউ বর কূল কঠিন হঠ ধারা, ভবঁর কূবরী বচন প্রচারা।
ঢাকত ভূপরূপ তরু মূলা, চলী বিপতি বারিধি অনুকূলা ॥

„ ৩ লখী নরেস বাত ফুরি সাঁচী, তিয় মিস মীচু সীস পর নাচী।
গহি পদ বিনয় কীন্হ বৈঠারী, জনি দিনকর কুল হোসি কুঠারী ॥

„ ৪ মাগু মাথ অবহীঁ দেউঁ তোহী, রাম বিরহঁ জনি মারিসি মোহী।
রাখু রাম কহুঁ জেহি তেহি ভাঁতী, নাহিঁ ত জরিহি জনম ভরি ছাতী ॥

দো ০৩৪ দেখী ব্যাধি অসাধ নৃপু, পরেউ ধরনি ধুনি মাথ।
কহত পরম আরত বচন, রাম রাম রঘুনাথ ॥

চৌ ০১ ব্যাকুল রাউ সিথিল সব গাতা, করিনি কলপতরু মনহুঁ নিপাতা।
কণ্ঠ সূখ মুখ আর ন বানী, জনু পাঠীনু দীন বিনু পানী ॥

„ ২ পুনি কহ কটু কঠোর কৈকেঈ, মনহুঁ ঘায় মহু মাহুর দেঈ।
জৌঁ অন্তহুঁ অস করতবু রহেউ, মাগু মাগু তুম্হ কেহিঁ বল কহেউ ॥

„ ৩ দুই কি হোঈ এক সময় ভুআলা, হঁসব ঠঠাই ফুলাউব গালা।
দানি কহাউব অরু কৃপনাঈ, হোই কি খেম কুসল রৌতাঈ ॥

„ ৪ ছাড়হু বচনু কি ধীরজু ধরহূ, জনি অবলা জিমি করুনা করহূ।
তনু তিয় তনয় ধামু ধনু ধরনী, সত্যসন্ধ কহুঁ তৃন সম বরনী ॥

চৌ ৪ তুমিও প্রশংসা কর রামে স্নেহ মানি, সন্দেহ হতেছে এবে শুনি তব বাণী।
স্বভাবে যাহার হয় শত্রু অনুকূল, সে কি কভু হতে পারে মাতা প্রতিকূল ॥

দো ৩২ হে প্রিয়ে ত্যজিয়া রোষ আর পরিহাস, বিবেক বিচার করি মাগ যাহা আশ ॥
যাহাতে দেখিতে পারি ভরিয়া নয়ন, ভরতের অভিষেক সে শুভ দর্শন ॥

চৌ ১ হয়ত বাঁচিতে পারে মৎস্য জল বিনা, হয়ত বাঁচিবে দুঃখে সর্প মণি হীনা।
অকপটে বলিতেছি করহ শ্রবণ, রাম বিনা রহিবেনা আমার জীবন ॥

„ ২ ভাবিয়া দেখহ প্রিয়া তুমি বুদ্ধিমতী, রামের দর্শন বিনা নাহি মোর গতি।
শুনি মৃদু নৃপ বাক্য জ্বলিল কুমতি, অনলে পড়িল যেন ঘৃতের আহুতি ॥

„ ৩ যতই কহনা কেন কোটি উপায়েতে, চাতুরী চলিবে নাকো এই ব্যাপারেতে।
দেহ বর নহে লহ অযশ তা হ'লে, চাতুরী লাগেনা ভাল এতসব ছলে ॥

„ ৪ রাম সাধু তুমি সাধু চতুর কে তবে, রাম মাতা অতি ভাল চিনিয়াছি সবে।
কৌশল্যা যেমন চাহে মোর ভাল হ'তে, দিব তারে সেইরূপ রবে স্মরণেতে ॥

দো ৩৩ কাল প্রাতে মুনিবেশ করিয়া ধারণ, রাম যদি বনবাসে না করে গমন।
দেখিবে আমার মৃত্যু অপযশ তব, ভাবিয়া দেখহ নৃপ মনে এইসব ॥

চৌ০ ১ কুটিলা কৈকেয়ী কহি উঠিয়া দাঁড়ায়, রোষ রূপী নদী মাঝে যেন বন্যা বয়।
পাপের পর্বত হতে হয়েছে উৎপন্না, ক্রোধ জলে পরিপূর্ণ নাহি যায় চেনা ॥

„ ২ কূল দুই বর ধারা হঠতা কঠিন, ঘূর্ণাবর্ত মন্থরার মন্ত্রণা অধীন।
ভূপরূপ তরু বরে উৎপাটন করে, বিপত্তি সমুদ্র পানে ল'য়ে যায় তারে ॥

„ ৩ বুঝিতে পারেন নৃপ ইহা বাস্তবিক, পত্নীর আকাঙ্খা নাচে শিরে মৃত্যু ঠিক।
পদ ধরি বসাইয়া কহে নরপতি, হইও না সূর্যবংশে কুঠার প্রকৃতি ॥

„ ৪ শির চাহ দিতে পারি এখনি তাহারে, রামের বিহনে হত্যা করোনা আমারে।
রামেরে নিকটে রাখ যেন তেন ভাবে, হৃদয় জ্বলিবে মোর তাহার অভাবে ॥

দো ৩৪ দেখিয়া অসাধ্য ব্যাধি তবে নৃপমণি, ভূমি শয্যা ল'ন শিরে করাঘাত হানি।
কহিতে লাগিলা দুঃখে আর্তস্বরে অতি, হায় রাম রঘুরাম কি হইবে গতি ॥

চৌ০ ১ শিথিল হইল গাত্র ব্যাকুল নৃমণি, যেন কল্পতরু নাশে প্রমত্তা হস্তিনী।
কণ্ঠ হল শুষ্ক মুখে বাণী নাহি সরে, যেন মৎস্য বারি বিনা মৃত্যু মুখে পড়ে ॥

„ ২ কৈকেয়ী কঠোর কটু বাক্য পুনঃ কয়, ক্ষতস্থানে যেন দিল লবণ ছিটায়।
শেষে যদি এইরূপ অবস্থাই হবে, মাগ বর বলেছিলে কি সাহসে তবে ॥

„ ৩ দুই কর্ম একসাথে হয় কি ভূপাল, উচ্ছ্বসিত হাস্য সাথে ফুলাইবে গাল।
দাতা নাম চাহ সাথে কর কৃপণতা, রাজা হয়ে চাহ শুধু নিজ কুশলতা ॥

„ ৪ প্রতিজ্ঞা করহ ত্যাগ কিবা ধৈর্য্য ধর, ক্রন্দন অবলা প্রায় কি কারণ কর।
তনু পত্নী গৃহ পুত্র অথবা ধরণী, সত্যসন্ধ দেখে তাহা তৃণসম জানি ॥

দো ০৩৫ মরন বচন সুনি রাউ কহ, কহু কছু দোষু ন তোর।
লাগেউ তোহি পিসাচ জিমি, কালু কহাৱত মোর॥
চৌ ০১ চহত ন ভরত ভূপতহি ভোরেঁ, বিধি বস কুমতি বসী জিয় তোরেঁ।
সো সবু মোর পাপ পরিনামূ, ভয়উ কুঠাহর জেহিঁ বিধি রামূ॥
„ ২ সুবস বসিহি ফিরি অৱধ সুহাঈ, সহ গুন ধাম রাম প্রভুতাঈ।
করিহহিঁ ভাই সকল সেৱকাঈ, হোইহি তিহুঁ পুর রাম বড়াঈ॥
„ ৩ তোর কলঙ্ক মোর পছিতাউ, মুএহুঁ ন মিটিহি ন জাইহি কাউ।
অব তোহি নীক লাগ করু সোঈ, লোচন ওট বৈঠু মুহু গোঈ॥
„ ৪ জব লগি জিওঁ কহউঁ কর জোরী, তব লগি জনি কছু কহসি বহোরী।
ফিরি পছিতৈহসি অন্ত অভাগী, মারসি গাই নহারু লাগী॥
দো ০৩৬ পরেউ রাউ কহি কোটি বিধি, কাহে করসি নিদানু।
কপট সয়ানি ন কহতি কছু, জাগতি মনহুঁ মসানু॥
চৌ ০১ রাম রাম রট বিকল ভুআলূ, জনু বিনু পঙ্খ বিহঙ্গ বেহালূ।
হৃদয়ঁ মনাৱ ভোরু জনি হোঈ, রামহি জাই কহৈ জনি কোঈ॥
„ ২ উদউ করহু জনি রবি রঘুকুল গুর, অৱধ বিলোকি সূল হোইহি উর।
ভূপপ্রীতি কৈকই কঠিনাঈ, উভয় অৱধি বিধি রচী বনাঈ॥
„ ৩ বিলপত নৃপহি ভয়উ ভিনুসারা, বীনা বেনু সঙ্খ ধুনি দ্বারা।
পঢ়হিঁ ভাট গুন গাৱহিঁ গায়ক, সুনত নৃপহি জনু লাগহিঁ সায়ক॥
„ ৪ মঙ্গল সকল সোহাহিঁ ন কৈসেঁ, সহগামিনিহি বিভুষন জৈসেঁ।
তেহি নিসি নীদ পরী নহিঁ কাহূ, রাম দরস লালসা উছাহূ॥
দো ০৩৭ দ্বার ভীর সেৱক সচিৱ, কহহিঁ উদিত রবি দেখি।
জাগেউ অজহুঁ ন অৱধপতি, কারনু কারন বিসেষি॥
চৌ ০১ পছিলে পহর ভূপু নিত জাগা, আজু হমহি বড় অচরজু লাগা।
জাহু সুমন্ত্র জগাৱহু জাঈ, কীজিঅ কাজু রজায়সু পাঈ॥
„ ২ গএ সুমন্ত্র তব রাউর মাহীঁ, দেখি ভয়াৱন জাত ডেরাহীঁ।
খাই খাই জনু জাই ন হেরা, মানহুঁ বিপতি বিষাদ বসেরা॥
„ ৩ পূছেঁ কোউ ন উতরু দেঈ, গএ জেহিঁ ভৱন ভূপ কৈকেঈ।
কহি জয় জীৱ বৈঠ সিরু নাঈ, দেখি ভূপ গতি গয়উ সুখাঈ॥
„ ৪ সোচ বিকল বিবরন মহি পরেউ, মানহুঁ কমল মূলু পরিহরেউ।
সচিউ সভীত সকই নহিঁ পূঁছী, বোলী অসুভ ভরী সুভ ছূছী॥
দো ০৩৮ পরী ন রাজহি নীদ নিসি, হেতু জান জগদীসু।
রামু রামু রটি ভোরু কিয়, কহই ন মরমু মহীসু॥

দো ৩৫ কৈকেয়ীর মর্মান্তিক বাক্য শুনি এই, রাজা কহে বুঝি তোর দোষ কিছু নেই।
তোর মাঝে কালরূপী পিশাচ কঠোর, বলাইছে এইসব মুখ দিয়া তোর ॥

চৌ০ ১ ভুলেও ভরত নাহি চাহে রাজ্য সব, নিয়তির বশে তোর কুবুদ্ধি উদ্ভব।
এ কেবল পরিণাম মোর পাপরাশি, বিধি মোর বাম হল কুসময় আসি ॥

" ২ সুন্দরী অযোধ্যা মোর হাসিবে আবার, সব গুণধাম রাম হবে প্রভু তার।
ভ্রাতারা হইবে ধন্য সেবিয়া চরণ, রাম যশ ব্যাপ্ত হবে ছাই' ত্রিভুবন ॥

" ৩ তোর এ কলঙ্ক আর পরিতাপ মোর, কভু না মিটিবে জানি মরেণেরো পর।
যাহা তোর ভাল লাগে করিস সকালে, গোপন করগে মুখ চোখের আড়ালে ॥

" ৪ যতক্ষণ বেঁচে আছি কহি করজোড়ে, আর না বলিস কিছু রে পাপিনী মোরে।
শেষকালে পরিতাপ রে অভাগী হবে, গো হত্যা করিয়া যথা বাজপাখী ভাবে ॥*

দো ৩৬ ভূমিতে পড়েন ভূপ কহি কোটিবার, কি হেতু করিস নাশ এ বংশ আমার।
ছলেতে চতুরা রাণী কিছু নাহি কয়, শ্মশান সিদ্ধির মত মৌনব্রতী রয় ॥

চৌ০ ১ রাম রাম আর্তস্বরে করেন ভূপতি, পক্ষহীন পক্ষী যেন ব্যাকুলিত অতি।
মাগে মনে কল্য যেন ভোর নাহি হয়, রামেরে যাইয়া কেহ সংবাদ না দেয় ॥

" ২ রঘুকুল গুরু রবি না হও উদয়, অযোধ্যার দশা দেখি পাবে দুঃখ হায়।
নৃপ প্রেম কৈকেয়ীর নিষ্ঠুরতা যত, রচিয়াছে যেন বিধি দুই সীমা মত ॥

" ৩ রাজার বিলাপে রাত্রি হইল অতীত, বেণু বীণা শঙ্খধ্বনি হল নিনাদিত।
ভাট ও গায়কগণ করে যশো-গান, শুনি নৃপ মনে লাগে অতি তীক্ষ্ণ বাণ ॥

" ৪ চিতা পরে সতী-অঙ্গে অলঙ্কার যথা, না লাগে মাঙ্গল্য ভাল নৃপ কাছে তথা।
সেই রাত্রে নিদ্রা বিনা সবে রহে জাগি, শ্রীরাম দর্শন হেতু উৎসাহের লাগি ॥

দো ৩৭ রাজদ্বারে সমাগত বিশ্বস্ত মন্ত্রীরা, সূর্যোদয় হ'য়ে গেল চিন্তিত তাহারা।
এখনো উঠেন নাই অযোধ্যার পতি, বিশেষ কি কারণেতে হইল এমতি ॥

চৌ০ ১ শয্যা ত্যজে রাজা নিত্য অন্তিম প্রহরে, অত্যাশ্চর্য লাগে আজি এই ব্যবহারে।
হে সুমন্ত্র গিয়া তুমি উঠাও নৃপেরে, রাজাজ্ঞা পাইলে করি কর্ম তারপরে ॥

" ২ তখন সুমন্ত্র যায় রাজার ভবনে, অমঙ্গল দেখি অতি ভয় পায় মনে।
বিপত্তি বিষাদ যেন বাসা করি রয়, ধেয়ে যেন খেতে আসে দেখা নাহি যায় ॥

" ৩ জিজ্ঞাসা করিলে কেহ উত্তর না দেয়, নৃপতি কৈকেয়ী যথা সেথা মন্ত্রী যায়।
জয়স্তু কহিয়া শির করে অবনত, নৃপতির দশা দেখে শুষ্ক পত্র মত ॥

" ৪ বিবর্ণ ধরাতে পড়ি ব্যাকুল শোকেতে, কমল পড়িয়া যেন সমূল উৎখাতে।
ভীত মন্ত্রী নাহি পারে প্রশ্ন করিবারে, অলক্ষ্মী অশুভ তবে কহিল তাহারে ॥

দো ৩৮ কাটান বিহীন নিদ্রা কল্য নিশি যামি, কারণ জানেন এর শুধু অন্তর্যামী।
রাম রাম উচ্চারণে কাটান শর্বরী, মর্ম এর নাহি কিছু উদ্ঘাটন করি ॥

---

* বাজপক্ষী গোমাংস খায় না কথিত আছে

চৌ ০১ আনহু রামহি বেগি বোলাঈ, সমাচার তব পূঁছেহু আঈ।
চলেউ সুমন্ত্র রায় রুখ জানী, লখী কুচালি কীহ্নি কছু রানী ॥
„ ২ সোচ বিকল মগ পরই ন পাঊ, রামহি বোলি কহিহি কা রাউ।
উর ধরি ধীরজু গয়উ দুআরেঁ, পূঁছহিঁ সকল দেখি মনু মারেঁ ॥
„ ৩ সমাধানু করি সো সবহী কা, গয়উ জহঁা দিনকর কুল টীকা।
রাম সুমন্ত্রহি আরত দেখা, আদরু কীহ্ন পিতা সম লেখা ॥
চৌ ৪ নিরখি বদনু কহি ভূপ রজাঈ, রঘুকুলদীপহি চলেউ লেরাঈ।
রামু কুভাঁতি সচির সঁগ জাহীঁ, দেখি লোগ জহঁ তহঁ বিলখাহীঁ ॥

দো ০৩৯ জাই দীখ রঘুবংসমনি, নরপতি নিপট কুসাজু।
সহমি পরেউ লখি সিঁঘিনিহি, মনহু বৃদ্ধ গজরাজু ॥
চৌ ০১ সূখহিঁ অধর জরই সবু অঙ্গু, মনহুঁ দীন মনিহীন ভুঅঙ্গু।
সরুষ সমীপ দীখি কৈকেঈ, মানহুঁ মীচু ঘরীঁ গনি লেঈ ॥

রামকৈকেয়ী-সংবাদ

„ ২ করুণাময় মৃদু রাম সুভাউ, প্রথম দীখ দুখু সুনা ন কাউ।
তদপি ধীর ধরি সমউ বিচারী, পূঁছী মধুর বচন মহতারী ॥
„ ৩ মোহি কহু মাতু তাত দুখ কারন, করিঅ জতন জোহিঁ হোই নিরারন।
সুনহু রাম সবু কারনু এহূ, রাজহি তুহ্ম পর বহুত সনেহূ ॥
„ ৪ দেন কহেহ্নি মোহি দুই বরদানা, মাগেউঁ জো কছু মোহি সোহানা।
সো সুনি ভয়উ ভূপ উর সোচূ, ছাড়ি ন সকহিঁ তুহ্মার সঁকোচূ ॥

দো ০৪০ সুত সনেহু ইত বচনু উত, সঙ্কট পরেউ নরেসু।
সকহু ত আয়সু ধরহু সির, মেটহু কঠিন কলেসু ॥
চৌ ০১ নিধরক বৈঠি কহই কটু বানী, সুনত কঠিনতা অতি অকুলানী।
জীভ কমান বচন সর নানা, মনহুঁ মহিপ মৃদু লচ্ছ সমানা ॥
„ ২ জনু কঠোরপনু ধরেঁ সরীরু, সিখই ধনুষবিদ্যা বর বীরু।
সবু প্রসঙ্গু রঘুপতিহি সুনাঈ, বৈঠি মনহুঁ তনু ধরি নিঠুরাঈ ॥
„ ৩ মন মুসুকাই ভানুকুল ভানূ, রামু সহজ আনন্দ নিধানূ।
বোলে বচন বিগত সব দূষন, মৃদু মঞ্জুল জনু বাগ বিভূষন ॥
„ ৪ সুনু জননী সোই সুতু বড়ভাগী, জো পিতু মাতু বচন অনুরাগী।
তনয় মাতু পিতু তোষনিহারা, দুর্লভ জননি সকল সংসারা ॥
দো ০৪১ মুনিগন মিলনু বিসেষি বন, সবহি ভাঁতি হিত মোর।
তেহি মহঁ পিতু আয়সু বহুরি, সম্মত জননী তোর ॥

চৌ০ ১ রামেরে আনহ শীঘ্র তারপর আসি, জিজ্ঞাসা করিও যত সমাচার রাশি।
নৃপ অভিলাষ ভাবি সুমন্ত্র চলেন, রাণীর কুচক্র নাহি লক্ষ্য করিলেন ॥
„ ২ চিন্তায় বিকল পথে চরণ না চলে, রামেরে ডাকিয়া নৃপ কিবা এবে বলে।
হৃদয়ে ধরিয়া ধৈর্য্য যবে দ্বারে আসে, তাহারে বিমর্ষ দেখি সবাই জিজ্ঞাসে ॥
„ ৩ সবারে বুঝায়ে মন্ত্রী সেথা হতে আসে, তিলক রঘুর কুলে সেই রাম পাশে।
সুমন্ত্রে আসিতে দেখি উঠি রঘুমণি, স্বাগত করেন তারে পিতা সম মানি ॥
„ ৪ রামচন্দ্র মুখ দেখি সুমন্ত্র তখন, রাজাজ্ঞা কহিয়া তারে সঙ্গে করিলন।
এক বস্ত্রে তবে রাম মন্ত্রী সাথে চলে, দেখি পথে লোক সব হায় হায় বলে ॥

দো ৩৯ রঘুবংশ মণি তথা দেখিলেন গিয়া, বিস্ৰস্ত বেশেতে রাজা ভূমি শয্যা নিয়া।
সিংহিনী দেখিয়া যথা শুকাইয়া যায়, বৃদ্ধ গজ রাজ লয় ভূমি শয্যা হায় ॥
চৌ০ ১ অতি শুষ্ক ওষ্ঠাধর অঙ্গ জ্বলে যেন, মণিহীণ সর্প যথা দীন-হীন হেন।
সমুখে কৈকেয়ী বসি সক্রোধে ভীষণ, মৃত্যু যেন গণিতেছে অন্তিম সে ক্ষণ ॥

রামকৈকেয়ী-সংবাদ

„ ২ কৃপাময় রাম মৃদু স্বভাব যেমন, না শুনি কখনো দুঃখ দেখেন প্রথম।
তথাপি ধরিয়া ধৈর্য্য বিচারিয়া মনে, জিজ্ঞাসেন বিমাতারে মধুর বচনে ॥
„ ৩ পিতার কি দুঃখ মাতা বলুন আমারে, করিব যতন আমি নিবারিতে তারে।
শুন রাম কহি তোমা সকল কারণ, তোমারে করেন স্নেহ অতীব রাজন ॥
„ ৪ করেছেন তিনি মোরে দুই বর দান, চাহিয়াছি আমি তাই যাহা চাহে প্রাণ।
শুনিয়া রাজার মনে চিন্তার উদয়, তোমারে করেন স্নেহ তাই এ সংশয় ॥

দো ৪০ পুত্র স্নেহ একদিকে প্রতিজ্ঞা অপরে, উভয় সঙ্কট মাঝে নৃপ যান পড়ে।
পিতৃ আজ্ঞা লহ শিরে যদি সাধ্য থাকে, ঘুচাও সঙ্কোচ দুঃখ পিতার বিপাকে ॥
চৌ০ ১ নিঃসঙ্কোচে বসি রাণী কহে কটু বাণী, কঠোরতা আকুলিত লজ্জা পায় শুনি।
রসনা ধনুক যেন বচন সে শর, লক্ষ্য তার নৃপতির মৃদু হৃদি পর ॥
„ ২ কঠোরতা যেন বীর যোদ্ধারূপ ধরি, ধনুর্বিদ্যা শিক্ষা করে নৃপে লক্ষ্য করি।
সকল প্রসঙ্গ কহি রঘুপতি কাছে, ব'সে যেন কঠোরতা দেহ ধরি আছে ॥
„ ৩ রবি কুল রবি মনে মৃদু হাস্য করি, স্বভাব আনন্দময় মৃদু বাক্য তাঁরি।
কহিলেন সর্বদোষ করি পরিহার, বাক্য যেন অলঙ্কার সারদা মাতার ॥
„ ৪ হে মাতঃ শুনুন সেই পুত্র ভাগ্যবান, পিতা মাতা বাক্য প্রতি অনুরক্ত হন।
পিতা মাতা পরিতুষ্টি দুর্লভ জগতে, পুত্র কাছে হে জননী জানি ভাল মতে ॥
দো ৪১ বিশেষত বন মাঝে মুনি মিলনেতে, হইবে মঙ্গল মোর সব প্রকারেতে।
তারো পরে আছে এতে পিতার সম্মতি, আপনারো আজ্ঞা আছে এতে মোর প্রতি ॥

চৌ ০১ ভরতু প্রানপ্রিয় পাৱহিঁ রাজ, বিধি সব বিধি মোহী সনমুখ আজূ।
জোঁ ন জাউঁ বন ঐসেহু কাজা, প্রথম গনিঅ মোহি মূঢ় সমাজা॥
„ ২ সেৱহিঁ অরণ্ডু কলপতরু ত্যাগী, পরিহরি অমৃত লেহিঁ বিষু মাগী।
তেউ ন পাই অস সমউ চুকাহীঁ, দেখু বিচারী মাতু মন মাহীঁ॥
„ ৩ অম্ব এক দুখু মোহি বিসেষী, নিপট বিকল নরনায়কু দেখী।
থোরিহি বাত পিতহি দুখ ভারী, হোতি প্রতীতি ন মোহি মহতারী॥
„ ৪ রাউ ধীর গুন উদধি অগাধূ, ভা মোহি তেঁ কছু বড় অপরাধূ।
জাতেঁ মোহি ন কহত কছু রাউ, মোরি সপথ তোহি কহু সতিভাউ॥

দো ০৪২ সহজ সরল রঘুবর বচন, কুমতি কুটিল করি জান।
চলই জোঁক জল বক্রগতি, জদ্যপি সলিলু সমান॥
চৌ ০১ রহমী রানি রাম রুখ পাঈ, বোলী কপট সনেহু জনাঈ।
সপথ তুম্হার ভরত কৈ আনা, হেতু ন দূসর মৈঁ কছু জানা॥
„ ২ তুম্হ অপরাধ জোগু নহিঁ তাতা, জননী জনক বন্ধু সুখদাতা।
রাম সত্য সবু জো কছু কহহূ, তুম্হ পিতু মাতু বচন রত অহহূ॥
„ ৩ পিতহি বুঝাই কহহু বলি সোঈ, চৌথেপন জেহিঁ অজসু ন হোঈ।
তুম্হ সম সুঅন সুকৃত জেহিঁ দীন্হে, উচিত ন তাসু নিরাদরু কীন্হে॥
„ ৪ লাগহিঁ কুমুখ বচন সুভ কৈসে, মগহঁ গয়াদিক তীরথ জৈসে।
রামহি মাতু বচন সব ভাএ, জিমি সুরসরি গত সলিল সুহাএ॥

শ্রীরামদশরথ সংবাদ

দো ০৪৩ গই মুরুছা রামহি সুমিরি, নৃপ ফিরি করবট লীন্হ।
সচিৱ রাম আগমন কহি, বিনয় সময় সম কীন্হ॥
চৌ ০১ অরনিপ অকনি রামু পগু ধারে, ধরি ধীরজু তব নয়ন উঘারে।
সচিৱঁ সঁভারি রাউ বৈঠারে, চরন পরত নৃপ রামু নিহারে॥
„ ২ লিএ সনেহ বিকল উর লাঈ, গৈ মনি মনহুঁ ফনিক ফিরি পাঈ।
রামহি চিতই রহেউ নরনাহূ, চলা বিলোচন বারি প্রবাহূ॥
„ ৩ সোক বিবস কছু কহৈ ন পারা, হৃদয়ঁ লগারত বারহিঁ বারা।
বিধিহি মনাৱ রাউ মন মাহীঁ, জেহিঁ রঘুনাথ ন কানন জাহীঁ॥
„ ৪ সুমিরি মহেসহি কহই নিহোরী, বিনতী সুনহু সদাসিৱ মোরী।
আসুতোষ তুম্হ অৱঢর দানী, আরতি হরহু দীন জনু জানী॥

দো ০৪৪ তুম্হ প্রেরক সব কে হৃদয়ঁ, সো মতি রামহি দেহু।
বচনু মোর তজি রহহিঁ ঘর, পরিহরি সীলু সনেহু॥

চৌ০ ১ প্রাণপ্রিয় যে ভরত সেই রাজা হবে, বিধি আজ অনুকূল মোরে সর্বভাবে।
এতেও না যাই যদি আমি বনবাসে, মূর্খ মাঝে প্রথমেই মোর নাম আসে ॥
„ ২ কল্পতরু ত্যাগ করি এ রণ্ড যে পূজে, অমৃত করিয়া ত্যাগ বিষ যেই খোঁজে।
সুযোগ পাইয়া সেও ভুল নাহি করে, বিচার করিয়া মাতঃ দেখ এর পরে ॥
„ ৩ শুধু এক দুঃখ মাতঃ মনেতে আমার, দুঃসহ দারুণ দুঃখ দেখি যে পিতার।
এত তুচ্ছ কথা তাতে এত দুঃখ কেন, বিশ্বাস না হয় মাতা মন মাঝে হেন ॥
„ ৪ অগাধ গুণের সিন্ধু যাঁর পিতা মোর, করেছি কি কিছু আমি অপরাধ ঘোর।
যেই হেতু নরনাথ কথা নাহি কন, মোর দিব্য কহিবেন সত্য যা বচন ॥

দো৷ ৪২ সহজ সরল এই রঘুবর রাণী, কুটিল ও বক্র ভাবে ধরে নিল রাণী।
সহজ জলের মাঝে জলৌকা যেমতি, যাতায়াত করে সদা অতি বক্র গতি ॥
চৌ০ ১ রাম আকৃতিতে জানি মনোভাব তার, কপট স্নেহেতে কহে কৈকেয়ী আবার।
ভরত ও তব দিব্য আমি মনে মানি, ইহা ছাড়া অন্য কোন কারণ না জানি ॥
„ ২ অপরাধ যোগ্য নহ হে বৎস আমারি, পিতা মাতা ভ্রাতাগণে সুখদানকারী।
যা কিছু বলেছ রাম সত্য সবি তার, নিরন্তর আজ্ঞা পাল পিতার মাতার ॥
„ ৩ পিতারে বুঝায়ে রাম বল তুমি যাতে, অপযশ নাহি হয় বৃদ্ধ বয়সেতে।
তোমা সম পুত্র মেলে কর্মফলে যার, সে সুকর্মে অনাদর উচিৎ কি তাঁর ॥
„ ৪ কৈকেয়ী কুমুখ বাক্য হইল কিরূপ, মগধে গয়ার মত তীর্থ যেইরূপ।
মাতার বচন শুনি রামে লাগে ভাল, গঙ্গাতে পবিত্র হয় অপবিত্র জলও ॥

শ্রীরামদশরথ সংবাদ

দো৷ ৪৩ মূর্চ্ছা ভঙ্গে রাম রাম করিয়া স্মরণ, পাশ ফিরি শুইলেন নৃপতি তখন।
বিনয়ে সময় মতে সুমন্ত্র তাহারে, রাম আগমন বার্তা নিবেদন করে ॥
চৌ০ ১ রাম আগমন বার্তা করিয়া শ্রবণ, নেত্র খোলে নৃপ ধৈর্য্য করিয়া ধারণ।
মন্ত্রী তারে বসাইয়া দেন সাবধানে, রামেরে দেখেন নৃপ পতিত চরণে ॥
„ ২ স্নেহেতে বিকল নৃপ রামে বক্ষে ধরে, হারান মণিটি যেন সর্প পেল ফিরে।
চাহিয়া রহিল নৃপ রাম মুখপানে, প্রবাহ অশ্রুর বহে তার দু'নয়নে ॥
„ ৩ শোকে মোহমান রাজা বাক্য নাহি সরে, বারবার রামে চাপে নিজ বক্ষ পরে।
মানত করেন রাজা মনে মনে হায়, রঘুনাথ বনবাসে যেন নাহি যায় ॥
„ ৪ মহেশ্বরে স্মরি কহে প্রার্থনাতে নমি, শুনহ বিনতি মোর সদা শিব তুমি।
আশুতোষ অসম্ভব বর তুমি দাও, দীনদাস জানি মোরে বিপত্তি ঘুচাও ॥

দো৷ ৪৪ তুমিই প্রেরণা দাও হৃদে সবাকার, রামের হৃদয়ে বুদ্ধি দাও এ প্রকার।
না মানি বচন মোর রহে যেন ঘরে, স্নেহশীল সদাচার সবি ত্যাগ করে ॥

চৌ ০১ অজসু হোউ জগ সুজসু নসাউ, নরক পরোঁ বরু সুরপুরু জাউ।
সব দুখ দুসহ সহাবহু মোহী, লোচন ওট রামু জনি হোঁহী॥
„ ২ অস মন গুনই রাউ নহিঁ বোলা, পীপর পাত সরিস মনু ডোলা।
রঘুপতি পিতহি প্রেমবস জানী, পুনি কছু কহিহি মাতু অনুমানী॥
„ ৩ দেস কাল অবসর অনুসারী, বোলে বচন বিনীত বিচারী।
তাত কহউঁ কছু করউ ঢিঠাঈ, অনুচিতু ছমব জানি লরিকাঈ॥
„ ৪ অতি লঘু বাত লাগি দুখু পাবা, কাহুঁ ন মোহি কহি প্রথম জনাবা।
দেখি গোসাইঁহি পূঁছিউঁ মাতা, সুনি প্রসঙ্গু ভএ সীতল গাতা॥

দো০ ৪৫ মঙ্গল সময় সনেহ বস, সোচ পরিহরিঅ তাত।
আয়সু দেইঅ হরষি হিয়ঁ, কহি পুলকে প্রভু গাত॥
চৌ০ ১ ধন্য জনমু জগতীতল তাসূ, পিতহি প্রমোদু চরিত সুনি জাসূ।
চারি পদারথ করতল তাকেঁ, প্রিয় পিতু মাতু প্রান সম জাকেঁ॥
„ ২ আয়সু পালি জনম ফলু পাঈ, ঐহউঁ বেগিহিঁ হোউ রজাঈ।
বিদা মাতু সন আবউঁ মাগী, চলিহউঁ বনহি বহুরি পগ লাগী॥
„ ৩ অস কহি রাম গবনু তব কীহ্না, ভূপ সোক বস উতরু ন দীহ্না॥
নগর ব্যাপি গই বাত সুতীছী, ছুঅত চঢ়ী জনু সব তন বীছী॥

অযোধ্যাবাসীর শোক

„ ৪ সুনি ভএ বিকল সকল নরনারী, বেলি বিটপ জিমি দেখি দবারী।
জো জহঁ সুনই ধুনই সিরু সোঈ, বড় বিষাদু নহিঁ ধীরজু হোঈ॥
দো০ ৪৬ মুখ সুখাহিঁ লোচন স্রবহিঁ, সোকু ন হৃদয়ঁ সমাই।
মনহুঁ করুন রস কটকঈ, উতরী অবধ বজাই॥
চৌ০ ১ মিলেহি মাঝ বিধি বাত বেগারী, জহঁ তহঁ দেহিঁ কৈকইহি গারী।
এহি পাপিনিহি বুঝি কা পরেউ, ছাই ভবন পর পাবক ধরেউ॥
„ ২ নিজ কর নয়ন কাঢ়ি চহ দীখা, ডারি সুধা বিষু চাহত চীখা।
কুটিল কঠোর কুবুদ্ধি অভাগী, ভই রঘুবংস বেনু বন আগী॥
„ ৩ পালব বৈঠি পেড়ু এহিঁ কাটা, সুখ মহুঁ সোক ঠাটু ধরি ঠাটা।
সদা রামু এহি প্রান সমানা, কারন কবন কটিলপনু ঠানা॥
„ ৪ সত্য কহহিঁ কবি নারি সুভাউ, সব বিধি অগহু অগাধ দুরাউ।
নিজ প্রতিবিম্বু বরুকু গহি জাঈ, জানি ন জাই নারি গতি ভাঈ॥
দো০ ৪৭ কাহ ন পাবকু জারি সক, কা ন সমুদ্র সমাই।
কান করৈ অবলা প্রবল, কেহি জগ কালু ন খাই॥

চৌ° ১ সুযশ নাশিয়া হোক কুযশ জগতে, নরকে পতিত হই না গিয়া স্বর্গেতে।
দুঃসহ সকল দুঃখ সহায়ো আমায়, চোখের আড়ালে রাম যেন নাহি হয়॥
„ ২ নৃপ মনে এই চিন্তা নাহিক বচন, অশ্বত্থ পত্রের ন্যায় কম্পমান মন।
পিতারে স্নেহের বশ রঘুপতি জানি, মাতা কিছু কহিবেন এই অনুমানি॥
„ ৩ স্থান কাল অবস্থার সব অনুসারে, বিনীত বচনে রাম বলে তারপরে।
বলিবারে চাহি কিছু যদিও ধৃষ্টতা, বালকের চপলতা ক্ষমা কোরো পিতা॥
„ ৪ অতি তুচ্ছ কথা লাগি দুঃখ পান পিতঃ, প্রথমে আমারে কেন জানাননি তাত।
জিজ্ঞাসি মাতারে দেখি তব দশা পিতা, শরীর শীতল হল শুনি সব কথা॥

দো ৪৫ পুলকিত গাত্রে রাম করজোড় করে, কহিলেন শোকক্লিষ্ট তাহার পিতারে।
এ শুভ লগ্নেতে তাত চিন্তা পরিহর, প্রসন্ন মনেতে মোরে আজ্ঞা দান কর॥
চৌ° ১ সার্থক জীবন জানি জগত মাঝার, যাহার চরিত্র শুনি আনন্দ বিতার।
চতুর্বর্গ হস্তগত হয়ে থাকে তার, পিতা মাতা প্রাণসম জীবন যাহার॥
„ ২ তব আজ্ঞা পালি' করি সার্থক জীবন, আসি শীঘ্র বনবাস করি সমাপন।
বিদায় মাতার কাছে মাগি তারপরে, বনবাসে যাব চলি প্রণমি তোমারে॥
„ ৩ ইহা কহি রামচন্দ্র যান তথা হতে, শোকে নৃপ নাহি পারে কিছুই কহিতে।
বৃশ্চিক দংশন মাত্র যথা বিষ ছায়, সুতীব্র এ বার্তা তথা নগরে ছড়ায়॥

অযোধ্যাবাসীর শোক

„ ৪ লতা বৃক্ষ দাবাগ্নিতে যেরূপ বিকল, শুনি বার্তা নর নারী স্তম্ভিত সকল।
যেথায় শুনিল তথা কর হানি শিরে, অধীর হইল সবে বিষাদ সাগরে॥
দো° ৪৬ সবাকার শুষ্ক মুখ নেত্রে ধারা ঝরে, হৃদয়ে শোকের মাত্রা ধরিতে না পারে।
করুণ রসের সেনা যেন মনে হয়, উত্তরিল অতি দর্পে আজি অযোধ্যায়॥
চৌ ১ বিধি আজ মাঝখানে যজ্ঞ পণ্ড করে, যত্র তত্র গালি দেয় সবে কৈকেয়ীরে।
পাপিনী কৈকেয়ী তার কিবা বুদ্ধি হল, এ সুখ ভবন ব্যাপি আগুন ধরাল॥
„ ২ নিজ হস্তে চক্ষু তুলি চাহে দেখিবারে, অমৃত ফেলিয়া বিষ চাহে চাখিবারে।
কুটিল কঠোর এই হতভাগ্য রাণী, রঘুবংশ বেণুবন ছায় অগ্নি আনি॥
„ ৩ পল্লবে বসিয়া বৃক্ষ করিল ছেদন, সুখকে শোকের দ্বারা করে আচ্ছাদন।
প্রাণসম রাম ছিল ইহার ধারণা, কেন এবে কুটিলতা বুঝিতে পারি না॥
„ ৪ পণ্ডিতে ঠিকই বলে নারীর স্বভাব, দুর্গম অগাধ গুপ্ত সতত এভাব।
নিজ প্রতিবিম্ব ধরা সাধ্য তবু হয়, নারীর মনের কথা বোঝা নাহি যায়॥

দো° ৪৭ কাহারে না পারে দগ্ধ করিতে অনল, কারে না গ্রাসিতে পারে সমুদ্র প্রবল।
অবলা প্রবল হলে কিবা নাহি পারে, কাহারে না পারে কাল গ্রাস করিবারে॥

চৌ০ ১ কা সুনাই বিধি কাহ সুনাৱা, কা দেখাই চহ কাহ দেখাৱা।
এক কহহিঁ ভল ভূপ ন কীহ্না, বরু বিচারি নহিঁ কুমতিহি দীহ্না॥

„ ২ জো হঠি ভয়উ সকল দুখ ভাজনু, অবলা বিবস গ্যানু গুনু গা জনু।
এক ধরম পরিমিতি পহিচানে, নৃপহি দোসু নহিঁ দেহিঁ সয়ানে॥

„ ৩ সিবি দধীচি হরিচন্দ কহানী, এক এক সন কহহিঁ বখানী।
এক ভরত কর সম্মত কহহীঁ, এক উদাস ভয়েঁ সুনি রহহীঁ॥

„ ৪ কান মূদি কর রদ গহি জীহা, এক কহহিঁ য়হ বাত অলীহা।
সুকৃত জাহিঁ অস কহত তুম্হারে, রামু ভরত কহুঁ প্রানপিআরে॥

দো০ ৪৮ চন্দু চবৈ বরু অনল কন, সুধা হোই বিষতুল।
সপনেহুঁ কবহুঁ ন করহিঁ কিছু, ভরতু রাম প্রতিকূল॥

চৌ০ ১ এক বিধাতহি দূষনু দেহীঁ, সুধা দেখাই দীহ্ন বিষু জেহীঁ।
খরভরু নগর সোচু সব কাহূ, দুসহ দাহু উর মিটা উছাহূ॥

„ ২ বিপ্রবধূ কুলমান্য জঠেরী, জে প্রিয় পরম কৈকঈ কেরী।
লগীঁ দেন সিখ সিলু সরাহী, বচন বানসম লাগহিঁ তাহী॥

„ ৩ ভরত ন মোহি প্রিয় রাম সমানা, সদা কহহু য়হু সবু জগু জানা।
করহু রাম পর সহজ সনেহূ, কেহিঁ অপরাধ আজু বনু দেহূ॥

„ ৪ কবহুঁ ন কিয়হু সরতি আরেসূ, প্রীতি প্রতীতি জান সবু দেসূ।
কৌসল্যা অব কাহ বিগারা তুম্হ জেহি লাগি বজ্র পুর পারা॥

দো০ ৪৯ সীয় কি পিয় সঁগু পরিহরিহি, লখনু কি রহিহহিঁ ধাম।
রাজু কি ভূঁজব ভরত পুর, নৃপু কি জিইহি বিনু রাম॥

চৌ০ ১ অস বিচারি উর ছাড়হু কোহূ, সোক কলঙ্ক কোঠি জনি হোহূ।
ভরতহি অরসি দেহু জুবরাজূ, কানন কাহ রাম কর কাজু॥

„ ২ নাহিন রামু রাজ কে ভূখে, ধরম দূরীন বিষয় রস রূখে।
গুর গৃহ বসহুঁ রামু তজি গেহূ, নৃপ সন অস বরু দূসর লেহূ॥

„ ৩ রাম সরিস সুত কানন জোগূ কাহ কহিহি সুনি তুম্হ কহুঁ লোগূ।
জৌ নহিঁ লগিহহু কহে হমারে, নহি লাগিহি কছু হাথ তুম্হারে॥

„ ৪ জৌঁ পরিহাস কীহ্ন কছু হোঈ, তৌ কহি প্রগট জনাৱহু মোই।
উঠহু বেগি সোই করহু উপাঈ, জেহিবিধি নাকু কলঙ্কু নসাঈ॥

ছন্দ০ ২ জেহি ভাঁতি সোকু কলঙ্কু জাঈ উপায় করি কুল পালহী।
হঠি ফেরু রামহি জাত বন জনি বাত দূসরী চালহী॥
জিমি ভানু বিনু দিনু প্রান বিনু তনু চন্দ বিনু জিমি জামিনী।
তিমি অৱধ তুলসীদাস প্রভু বিনু সমুঝি ধৌঁ জিয়ঁ ভামিনী॥

চৌ ১ কিবা শুনাইতে বিধি কিবা শুনাইল, কি দেখাতে চাহি আজি কিবা দেখাইল।
কেহ বলে ভাল কাজ নৃপ নাহি করে, বিচার না করি দেন বর কুমতিরে।
„ ২ হঠকারিতায় রাজা এত দুঃখ পায়, স্ত্রীর বশে জ্ঞান গুণ জলাঞ্জলি দেয়।
জ্ঞানী যারা জানিতেন সীমা ধরমের, রাজারে না দোষ দেন কোন করমের॥
„ ৩ একে কহে আর জনে বাখানিয়া সেথা, শিবি হরিশ্চন্দ্র আর দধীচির কথা।
কেহ রহে উদাসীন সকল কথাতে, কেহ বলে ভরতের সম্মতি ইহাতে॥
„ ৪ দন্তে চাপি জিহ্বা কর্ণ রুধি হস্ত দিয়া, কেহ বলে মিথ্যা কথা কহিও না ইহা।
পুণ্যক্ষয় হবে তব কহিলে এ কথা, রামচন্দ্র ভরতের প্রাণাধিক ভ্রাতা॥

দো° ৪৮ বর্ষণ সম্ভব হয় অগ্নি চন্দ্র হতে, হতে পারে পরিণত অমৃত বিষেতে।
স্বপ্নেও ভরত কভু কল্পনা না করে, শ্রীরামের প্রতিদ্বন্দ্বী হইতে সে পারে॥
চৌ ১ কেহ কেহ দোষী করে আজ বিধাতারে, অমৃত দেখায়ে পরে বিষ দান করে।
নগরে চাঞ্চল্য দেখি শোকান্বিত মন, উৎসাহ ভুলিয়া দাহ হৃদয়ে ভীষণ॥
„ ২ বয়ঃ জ্যেষ্ঠা বিপ্র বধূ কুলমান্য যারা, কৈকেয়ীর অতি প্রিয় আছিলা তাহারা।
বাণসম লাগে বাক্য হৃদয় মাঝারে, শালীনতা প্রশংসিয়া শিক্ষা দেন তারে॥
„ ৩ ভরত রামের সম না প্রিয় আমার, কহ সদা এই কথা বিদিত সংসার।
স্বাভাবিক স্নেহ তব ছিল রাম প্রতি, কোন অপরাধে তার বনবাস গতি॥
„ ৪ কোনদিন কর নাই সতীনের দ্বেষ, তোমাদের মধ্যে প্রীতি জানে সব দেশ।
কি ক্ষতি করেছে এবে কৌশল্যা তোমারে, যেহেতু এ বজ্র হান নগর উপরে॥

দো° ৪৯ জানকী কি পতি সঙ্গ রবে ত্যাগ করি, লক্ষ্মণ কি রবে গৃহে তার রামে ছাড়ি।
ভরত কি রাজ্য ভোগ করিতে পারিবে, রাজা কি শ্রীরাম বিনা জীবিত রহিবে॥
চৌ ১ ত্যাগ কর ক্রোধ তব ইহাই বিচারি, কলঙ্ক শোকের বোঝা নিজে পরিহরি।
ভরতে করিতে চাহ কর যুবরাজ, রামে বনবাসে দিয়া কিবা হবে কাজ॥
„ ২ রাম নহে অভিলাষী সাম্রাজ্য ভোগের, ধার্মিক ও স্পৃহাহীন বিষয় সুখের।
দ্বিতীয় এ বর লও নৃপ কাছে সাধি', গৃহ ছাড়ি গুরু গৃহে রবে নিরবধি॥
„ ৩ বনবাস যোগ্য কভু শ্রীরাম কি হয়, শুনিয়া কি কথা লোকে বলিবে তোমায়।
যদি আমাদের কথা নাহি শুন ধনি, তব হাতে আসিবে না কিছুই কামিনী॥
„ ৪ যদি ইহা হয় তব পরিহাস করা, প্রকাশ্যে জানাও তবে সকলেরে ত্বরা।
উঠ ত্বরা করি কর উপায় এ মতে, এ কলঙ্ক শোক নাশ হইবে যাহাতে॥
ছ° ২ যে প্রকারে শোক আর এ কলঙ্ক যায়, সূর্যবংশ রক্ষা কর করিয়া উপায়।
ফিরাও রামেরে আজি যেতে বনবাসে, দ্বিতীয় কথাটি যেন মনেতে না আসে॥
রবি বিনা দিবা যথা তনু প্রাণ বিনা, শশাঙ্ক বিহনে রাত্রি যথা শোভাহীনা।
তুলসী ভনয়ে তার প্রভুর বিহনে, অযোধ্যা অবস্থা বোঝ হৃদয়ে ললনে।

সো০ ২ সখিন্হ সিখাবনু দীন্হ, সুনত মধুর পরিনাম হিত।
তেই কছু কান ন কীন্হ, কুটিল প্রবোধী কূবরী ॥

চৌ০ ১ উতরু ন দেই দুসহ রিস রূখী, মৃগিন্হ চিতব জনু বাঘিনী ভূখী।
ব্যাধি অসাধি জানি তিন্হ ত্যাগী, চলীঁ কহত মতিমন্দ অভাগী ॥
„ ২ রাজু করত য়হ দৈঅঁ বিগোঈ, কীন্হেসি অস জস করই ন কোঈ।
এহি বিধি বিলপহিঁ পুর নর নারীঁ, দেহিঁ কুচালিহি কোটিক গারীঁ ॥
„ ৩ জরহিঁ বিষম জর লেহিঁ উসাসা, কবনি রাম বিনু জীবন আসা।
বিপুল বিয়োগ প্রজা অকুলানী, জনু জলচর গন সূখত পানী ॥
„ ৪ অতি বিষাদ বস লোগ লোগাঈঁ, গএ মাতু পহিঁ রামু গোসাঈঁ।
মুখ প্রসন্ন চিত চৌগুন চাউ, মিটা সোচু জনি রাখৈ রাউ ॥

দো০ ৫০ নব গয়ন্দু রঘুবীর মনু, রাজু অলান সমান।
ছূট জানি বন গবনু সুনি, উর অনন্দু অধিকান ॥

শ্রীরামকৌশল্যাসংবাদ

চৌ০ ১ রঘুকুলতিলক জোরি দোউ হাথা, মুদিত মাতু পদ নায়উ মাথা।
দীন্হি অসীস লাই উর লীন্হে, ভূষন বসন নিছাবরি কীন্হে ॥
„ ২ বার বার মুখ চুম্বতি মাতা, নয়ন নেহ জলু পুলকিত গাতা।
গোদ রাখি পুনি হৃদয়ঁ লগাএ, স্রবত প্রেমরস পয়দ সুহাএ ॥
„ ৩ প্রেম প্রমোদু ন কছু কহি জাঈ, রঙ্ক ধনদ পদবী জনু পাঈ।
সাদর সুন্দর বদনু নিহারী, বোলী মধুর বচন মহতারী ॥
„ ৪ কহহু তাত জননী বলিহারী, কবহিঁ লগন মুদ মঙ্গলকারী।
সুকৃত সীল সুখ সীবঁ সুহাঈ, জনম লাভ কই অবধি অবাঈ ॥

দো০ ৫১ জেহি চাহত নর নারি সব, অতি আরত এহি ভাঁতি।
জিমি চাতক চাতকি তৃষিত, বৃষ্টি সরদরিতু স্বাতি ॥

চৌ০ ১ তাত জাউঁ বলি বেগি নহাহূ, জো মন ভাবে মধুর কছু খাহূ।
পিতু সমীপ তব জাএহু ভৈআ, ভই বড়ি বার জাই বলি মৈআ ॥
„ ২ মাতু বচন সুনি অতি অনুকূলা, জনু সনেহ সুরতরু কে ফূলা।
সুখ মকরন্দ ভরে শ্রিয়মূলা, নিরখি রাম মনু ভবঁরু ন ভূলা ॥
„ ৩ ধরম ধুরীন ধরম গতি জানী, কহেউ মাতু সন অতি মৃদু বানী।
পিতাঁ দীন্হ মোহি কানন রাজূ, জহঁ সব ভাঁতি মোর বড় কাজূ ॥
„ ৪ আয়সু দেহি মুদিত মন মাতা, জেহিঁ মুদ মঙ্গল কানন জাতা।
জনি সনেহ বস ডরপসি ভোরেঁ, আনঁদু অম্ব অনুগ্রহ তোরেঁ ॥

সৌ০ ২ পরিণামে হিত আর শুনিতে মধুর, সখীগণ পরামর্শ দিল যে প্রচুর।
কুটিল মন্থরা শিক্ষাদান করে যারে, কর্ণপাত নাহি করে রাণী এ সবারে॥
চৌ ১ দুঃসহ ক্রোধেতে ক্ষিপ্ত উত্তর না দেয়, ক্ষুধিতা ব্যাঘ্রিনী যথা মৃগ প্রতি চায়।
অসাধ্য জানিয়া রোগ সখীগণ চলে, হতভাগী মন্দমতি কৈকেয়ীরে বলে॥
„ ২ পতিকূলে করে দৈব রাজপাটে বসি, কেন না করিত হেন, কৈকেয়ী রাক্ষসী
এরূপ বিলাপে রত নর নারী যত, দুষ্টা কৈকেয়ীরে দিল গালি শত শত॥
„ ৩ বিষম জ্বরের জ্বালা বহে দীর্ঘশ্বাস, কহে রাম বিনা মিটে জীবনের আশ।
বিপুল বিয়োগ ভয়ে প্রজা আকুলিত, জল বিনা জলচর যথা সশঙ্কিত॥
চৌ ৪ বিরাট বিষাদ ভরে নর নারী চিতে, জিতেন্দ্রিয় রাম চলে মাতারে মিলিতে।
প্রসন্ন মুখেতে চিত্তে প্রবল উৎসাহ, রাজা রাখিবে না ধরি মিটেছে সন্দেহ॥
দো০ ৫০ নব ধৃত হস্তি তুল্য রঘুপতি মন, যৌবরাজ্যে অভিষেক স্তম্ভের বন্ধন।
চূর্ণ হল শুনি হবে যেতে বনবাসে, হৃদয় তাহার অতি আনন্দেতে ভাসে॥

শ্রীরামকৌশল্যাসংবাদ

চৌ ১ রঘুকুল মণি সুখে জুড়ি দুই কর, শির নত করে মাতা চরণ উপর
আশিস্ করিয়া ল'ন বক্ষ মাঝে টানি, উপহার করিলেন মণি বস্ত্র আনি॥
„ ২ চুম্বিল বদন তার মাতা বার বার, নয়নে প্রেমাশ্রু গাত্রে পুলক সঞ্চার।
ল'ন ক্রোড়ে ক্ষণ পরে বক্ষেতে ধারণ, স্নেহে মাতৃ স্তনে দুগ্ধ হইল ক্ষরণ॥
„ ৩ প্রেমে বাক্য নাহি সরে মুখেতে মাতার, যেন নিঃস্বে কুবেরের ধন রত্ন ভার।
সাদরে সুন্দর মুখ নিরখি তখন, কহেন রামেরে মাতা মধুর বচন॥
„ ৪ মোর পুণ্য সুকৃতির সকল সুফল, জনম লাভের মোর পরিপূর্ণ ফল।
বল কবে আনন্দের লগ্ন ত্বরা করি, বাছার বালাই নিয়ে আমি যেন মরি॥
দো০ ৫১ ব্যাকুল হইয়া আজি নর নারী যত, সে শুভ মুহূর্ত মাগে তারা অবিরত।
যেরূপ চাতক চাহে তৃষ্ণায় বিকল, শরৎ ঋতুতে স্বাতী নক্ষত্রের জল॥
চৌ ১ বালাই আমার বাছা স্নান করি যাও, মিষ্টান্ন মনের মত মুখে কিছু দাও।
পিতা সাথে দেখা কর বিলম্ব না হয়, তোমার বালাই সব মাতাতে বর্তায়॥
„ ২ মাতার বচন শুনি তারি অনুকূলে, স্নেহরূপী কল্পতরু তারি ফল ফুলে।
সুখরূপী মকরন্দ দেখিয়াও তবু, রামচন্দ্র মন অলি মুগ্ধ নহে কভু।
„ ৩ ধর্ম ধুরন্ধর রাম ধর্ম গতি জানি, মাতারে কহেন তিনি অতি মৃদু বাণী।
পিতা মোরে করেছেন বনরাজ্য দান, সেথা মোর বহু কাজ কর্তব্য সমান॥
„ ৪ দেহ আজ্ঞা মোরে মাতঃ প্রসন্ন মনেতে, বনে যাত্রা সুখে হয় মঙ্গল যাহাতে।
ভুলেও হয়োনা মাতঃ স্নেহবশে ভীত, তব অনুগ্রহে মাতঃ হব আনন্দিত॥

দো০ ৫২ বরষ চারিদস বিপিন বসি, করি পিতু বচন প্রমান।
আই পায় পুনি দেখিহউঁ, মনু জনি করসি মলান ॥
চৌ০ ১ বচন বিনীত মধুর রঘুবর কে, সর সম লগে মাতু উর করকে।
সহমি সূখি সুনি সীতলি বানী, জিমি জরাস পরেঁ পারস পানী ॥
„ ২ কহিন জাই কছু হৃদয় বিষাদূ, মনহুঁ মৃগী সুনি কেহরী নাদূ।
নয়ন সজল তন থর থর কাঁপী, মাজহি খাই মীন জনু মাপী ॥
„ ৩ ধরি ধীরজু সুত বদনু নিহারী, গদগদ বচন কহতি মহতারী।
তাত পিতহি তুম্হ প্রানপিআরে, দেখি মুদিত নিত চরিত তুম্হারে ॥
„ ৪ রাজু দেন কহুঁ সুভ দিন সাধা, কহেউ জান বন কেহিঁ অপরাধা।
তাত সুনারহু মোহি নিদানূ, কো দিনকর কুল ভয়উ কৃসানূ ॥
দো০ ৫৩ নিরখি রাম রুখ সচিবসুত, কারনু কহেউ বুঝাই।
সুনি প্রসঙ্গু রহি মূক জিমি, দসা বরনি নহিঁ জাই ॥
চৌ০ ১ রাখি ন সকই ন কহি সক জাহূ, দুহুঁ ভাঁতি উর দারুন দাহূ।
লিখত সুধাকর গা লিখি রাহূ, বিধি গতি বাম সদা সব কাহূ ॥
„ ২ ধরম সনেহ উভয়ঁ মতি ঘেরী, ভই গতি সাঁপ ছুছুন্দরি কেরী।
রাখউঁ সুতাহি করউঁ অনুরোধূ, ধরমু জাই অরু বন্ধু বিরোধূ ॥
„ ৩ কহউঁ জাউ বন তৌ বড়ি হানী, সঙ্কট সোচ বিবস ভই রানী।
বহুরি সমুঝি তিয় ধরমু সয়ানী, রামু ভরতু দোউ সুত সম জানী ॥
„ ৪ সরল সুভাউ রাম মহতারী, বোলী বচন ধীর ধরি ভারী।
তাত জাউঁ বলি কীন্হেহু নীকা, পিতু আয়সু সব ধরমক টীকা ॥
দো০ ৫৪ রাজু দেন কহি দীন্হ বনু, মোহি ন সো দুখ লেসু।
তুম্হ বিনু ভরতহি ভূপতিহি, প্রজহি প্রচণ্ড কলেসু ॥
চৌ০ ১ জৌঁ কেবল পিতু আয়সু তাতা, তৌ জনি জাহু জানি বড়ি মাতা।
জৌঁ পিতু মাতু কহেউ বন জানা, তৌ কানন সত অবধ সমানা ॥
„ ২ পিতু বনদেব মাতু বনদেবী, খগ মৃগ চরন সরোরুহ সেবী।
অন্তহুঁ উচিত নৃপহি বনবাসূ, বয় বিলোকি হিয়ঁ হোই হরাঁসূ ॥
„ ৩ বড় ভাগী বনু অবধ অভাগী, জো রঘুবংসতিলক তুম্হ ত্যাগী।
জৌঁ সুত কহৌঁ সঙ্গ মোহি লেহূ, তুম্হরে হৃদয়ঁ হোই সন্দেহূ ॥
„ ৪ পূত পরম প্রিয় তুম্হ সবহী কে, প্রান প্রান কে জীবন জী কে।
তে তুম্হ কহহু মাতু বন জাউঁ, মৈঁ সুনি বচন বৈঠি পছিতাউঁ ॥

দো০ ৫২ চতুর্দ্দশ বর্ষ বনে বসতি করিয়া, পিতৃপণ পূর্ণ করি আসিব ফিরিয়া।
আবার করিব তব চরণ দর্শন, ম্লান করি রাখিও না আপনার মন ॥

চৌ ১ বিনীত মধুর এই রঘুবর বাণী, মাতার হৃদয়ে বাজে বাণসম হানি।
শুনি এ শীতল বাণী শুকাইয়া যায়, জবাস* তৃণের পরে জল যথা হায় ॥

„ ২ হৃদয় বিষাদ তার বর্ণন না হয়, সিংহের গর্জন যেন মৃগী মূর্চ্ছা যায়।
থর থর কাঁপে তনু নয়ন সজল, মীন যথা পান করি আদি বর্ষা জল ॥**

„ ৩ ধৈর্য্য ধরি পুত্র মুখ তখন নেহারি, কহিলেন গদ গদ ভাবে মাতা তারি।
প্রাণসম প্রিয় বৎস তুমি যে পিতার, তোমার চরিত্রে তার আনন্দ অপার ॥

„ ৪ তোমারে দিবেন রাজ্য শুভদিন দেখি, বনবাস কেন এবে অপরাধ সেকি।
ইহার কারণ বৎস শুনাও আমারে, কেবা অগ্নি সূর্য্যবংশে নাশ করিবারে ॥

দো০ ৫৩ দেখি শ্রীরামের মুখ মন্ত্রী সুত তবে, কহিল কারণ যত বুঝাইয়া সবে।
প্রসঙ্গ শুনিয়া মাতা রহে মূক প্রায়, তখন তাহার দশা বর্ণন না যায় ॥

চৌ ১ না পারে রাখিতে কিংবা যাও বাছা বলা, উভয় প্রকারে হৃদে নিদারুণ জ্বালা।
বিধাতার বিধি দেখ বিপরীত সাজে, সুধাকর লিখিবারে রাহু হয় কাজে ॥

„ ২ স্নেহ আর ধর্ম্ম দুয়ে বুদ্ধি আচ্ছাদিত, গন্ধ মূষিকেরে গ্রাসি সর্প যেই মত।
অনুরোধ করি পুত্রে রাখিলে নগরে ধর্ম নষ্ট ভ্রাতৃদ্রোহ হইবারে পারে ॥

„ ৩ দারুণ অনর্থ হবে বনে যেতে বলা, দুঃখ দুশ্চিন্তার মাঝে বিবশা কৌশল্যা।
পুনঃ বুদ্ধিমতী রাণী নারী' ধর্ম্ম মানি, রাম ও ভরত উভে পুত্রসম জানি ॥

„ ৪ রাম মাতা কৌশল্যার সরল স্বভাব, ধৈর্য্য ধরি বলিলেন অতি মৃদু ভাব।
করেছো ভালই বাছা লইনু বালাই, পিতার আদেশ পুত্রে শ্রেষ্ঠ ধর্ম্ম সেই ॥

দো০ ৫৪ রাজ্য দিবে বলি রাজা দিয়াছেন বন, লেশ মাত্র দুঃখ তাতে নাহি পায় মন।
ভরত ও রাজা প্রজা তোমার বিহনে, অতিশয় পাবে ক্লেশ জানি তাহা মনে ॥

চৌ ১ পিতার আদেশ শুধু যদি তুমি পাও, মাতারে অধিক জানি বনে নাহি যাও।
পিতা মাতা উভে যদি বলে যাও বনে, সপ্ত অযোধ্যার সুখ পাইবে সেখানে ॥

„ ২ বনদেব হবে পিতা মাতা বনদেবী, পশু পক্ষী ধন্য হবে পাদ পদ্ম সেবি।
বার্দ্ধক্যে নৃপতিদের বনবাস রীতি, বয়স দেখিয়া তব হয় দুঃখ অতি ॥

„ ৩ বনের পরমভাগ্য অযোধ্যা অভাগী, রঘুবংশ কুলটিকা তুমিই বিরাগী।
যদি পুত্র কহি মোরে সঙ্গে তব লহ, তোমার হৃদয়ে জানি হইবে সন্দেহ ॥

„ ৪ হে পুত্র পরম প্রিয় সবার সমান, জীবের জীবন তুমি প্রাণের যে প্রাণ।
সেই তুমি কহ মোরে মাতা বনে যাই, শুনি এ বচন শোক রাখিবার নাই ॥

---

* জবাস এক প্রকার তৃণ, জল পড়িলে শুকাইয়া যায়। ** মূলে 'মাঝ' শব্দ আছে অর্থ প্রথম বর্ষার কেন জল।

দো০ ৫৫ য়হ বিচারি নহিঁ করউঁ হঠ, ঝূঠ সনেহু বঢ়াই।
মানি মাতু কর নাত বলি, সুরতি বিসরি জনি জাই॥

চৌ০ ১ দেৱ পিতর সব তুম্হহি গোসাঈঁ রাখহুঁ পলক নয়ন কী নাঈঁ।
অৱধি অম্বু প্রিয় পরিজন মীনা, তুম্হ করুনাকর ধরম ধুরীনা॥

„ ২ অস বিচারি সোই করহু উপাঈ, সবহি জিঅত জোহিঁ ভেটহু আঈ।
জাহু সুখেন বনহি বলি জাউঁ, করি অনাথ জন পরিজন গাউঁ॥

„ ৩ সব কর আজু সুকৃত ফল বীতা, ভয়উ করাল কালু বিপরীতা।
বহুবিধি বিলপি চরণ লপটাহী, পরম অভাগিনি আপুহি জানী॥

„ ৪ দারুন দুসহ দাহু উর ব্যাপা, বরনি ন জাহিঁ বিলাপ কলাপা।
রাম উঠাই মাতু উর লাঈ, কহি মৃদু বচন বহুরি সমুঝাঈ॥

জানকী-রাম-সংবাদ

দো০ ৫৬ সমাচার তেহি সময় সুনি, সীয় উঠী অকুলাই।
জাই সাসু পদ কমল জুগ, বন্দি বৈঠি সিরু নাই॥

চৌ০ ১ দীন্হি অসীস সাসু মৃদু বানী, অতি সুকুমারি দেখি অকুলানী।
বৈঠি নমিতমুখ সোচতি সীতা, রূপ রাসি পতি প্রেম পুনীতা॥

„ ২ চলন চহত বন জীৱননাথূ, কেহি সুকৃতী সন হোইহি সাথূ।
কী তনু প্রান কি কেৱল প্রানা, বিধি করতবু কছু জাই ন জানা॥

„ ৩ চারু চরন নখ লেখতি ধরনী, নূপুর মুখর মধুর কবি বরনী।
মনহুঁ প্রেম বস বিনতী করহীঁ, হমহি সীয় পদ জনি পরিহরহীঁ॥

„ ৪ মঞ্জু বিলোচন মোচতি বারী, বোলী দেখি রাম মহতারী।
তাত সুনহু সিয় অতি সুকুমারী, সাস সসুর পরিজনহি পিআরী॥

দো০ ৫৭ পিতা জনক ভূপাল মনি, সসুর ভানুকুল ভানু।
পতি রবিকুল কৈরৱ বিপিন, বিধু গুন রূপ নিধানু॥

চৌ০ ১ মৈঁ পুনি পুত্রবধূ প্রিয় পাঈ, রূপ রাসি গুন সীল সুহাঈ।
নয়ন পুতরি করি প্রীতি বঢ়াঈ, রাখেউঁ প্রান জানকিহিঁ লাঈ॥

„ ২ কলপবেলি জিমি বহুবিধি লালী, সীঁচি সনেহ সলিল প্রতিপালী।
ফূলত ফলত ভয়উ বিধি বামা, জানি ন জাই কাহ পরিনামা॥

„ ৩ পলঁগ পীঠ তজি গোদ হিণ্ডোরা, সিয়ঁ ন দীন্হ পগু অৱনি কঠোরা।
জিঅন মূরি জিমি জোগৱত রহউঁ, দীপ বাতি নহিঁ টারন কহউঁ॥

„ ৪ সোই সিয় চলন চহতি বন সাথা, আয়সু কাহ হোই রঘুনাথা।
চন্দ কিরন রস রসিক চকোরী, রবি রুখ নয়ন সকই কিমি জোরী॥

দো০ ৫৫ বৃথাই বাড়ায়ে স্নেহ মনে আপনারি, লোভ করিব না আর ইহাই বিচারি।
মাতার সম্বন্ধ মানি রেখো মনে স্মরি, তোমার বালাই নিয়ে আমি যেন মরি ॥

চৌ ১ নয়ন পলক যথা নয়নেরে রাখে, দেব পিতৃ জিতেন্দ্রিয় রাখিবে তোমাকে।
চতুর্দশ বর্ষ জলে মীন পরিজন, ধর্ম ধুরন্ধর তুমি করুণায়তন ॥

„ ২ ইহাই বিচারি তুমি করহ উপায়, সবাই জীবিতকালে যেন দেখা পায়।
যাও সুখে বনবাসে লইনু বালাই, অনাথ করিয়া ভৃত্যে পরিজন ভাই ॥

„ ৩ পুণ্যফল গত হল আজি সবাকার, ভয়ঙ্কর কাল নিল বিরূপ আকার।
অতি অভাগিনী জানি মাতা আপনারে, অনেক বিলাপ করে ধরে চরণেরে ॥

„ ৪ দারুণ দুঃসহ দুঃখ ব্যাপে হৃদয়েতে, মাতার বিলাপ যত বাখানি কি মতে।
মাতারে উঠায়ে রাম হৃদয়েতে ধরে, কোমল বচনে দেন সান্ত্বনা তাহারে ॥

জানকী-রাম-সংবাদ

দো০ ৫৬ এই অবসরে সীতা শুনি সমাচার, ব্যাকুলিত শশ্রূমাতা কাছে গিয়া তার।
চরণ কমল দুটি করিয়া বন্দনা, নতশিরে বসিলেন যেন বাক্য হীনা ॥

চৌ ১ আশিসিলা মাতা তারে অতি মৃদু ভাষে, বালিকা দেখিয়া তারে উৎকণ্ঠিত ত্রাসে।
পতি প্রেমে পুণ্যছবি রূপ রাশিময়, নতশিরে ভাবে সীতা কত চিন্তা হয় ॥

„ ২ বনেতে যাইতে চান মোর প্রাণনাথ, কোন পুণ্যফলে লই সঙ্গ তার সাথ।
তনু প্রাণ যাবে সাথে কিংবা শুধু প্রাণ, কিছু বুঝিতে নারি বিধির বিধান ॥

„ ৩ রুচির চরণ নখে খুঁটিছে ধরণী, নূপুর ঝঙ্কারে কবি করিছে বরণী।
কহিছে নূপুর পদে করি লুটোপুটি, নাহি ত্যজে যেন মোরে সীতা পদ দুটি ॥

„ ৪ সুচারু নয়নে তার অশ্রুধারা ঝরে, দেখি রাম মাতা কহে তখন রামেরে।
হে বৎস শুনহ সীতা অতি সুকুমারী, শ্বশুর শাশুড়ী প্রিয়া সাথে সবাকারই ॥

দো০ ৫৭ জনক ইহার পিতা নৃপ শিরোমণি, সূর্যবংশ সূর্য প্রায় শ্বশুর আপনি।
পতি এর রবিকুল কুমুদ বিপিনে, শশাঙ্ক সমান রূপ পরিপূর্ণ গুণে ॥

চৌ ১ স্বভাবেতে গুণশীল রূপ নহে শুধু, আমিও পেয়েছি মোর প্রিয় পুত্রবধূ।
নয়নে পুতলী করি প্রীতি মোর ঢালি, জানকীরে রাখিয়াছি মোর প্রাণ মেলি ॥

„ ২ কল্পলতার ন্যায় বহু প্রকারেতে, পালন করেছি স্নেহ বারি সিঞ্চনেতে।
ফল ও ফুলের কালে বিধি হল বাম,.না জানি হইবে কিবা এর পরিণাম।

„ ৩ পালঙ্ক ঝুলনা ক্রোড় ত্যজি সিংহাসন, কঠিন ভূমির পরে না রাখে চরণ।
সঞ্জীবনী মূল সম করি দেখাশুনা, কভুনা করিতে দিই প্রদীপ উস্কানা ॥

„ ৪ সেই সীতা চাহে যেতে তব সাথে বনে, রঘুনাথ কি বিচার হয় তব মনে।
শশাঙ্ক কিরণ রস পিয়াসী চকোরী, সূর্যেরে দেখাতে নেত্র উন্মীলন করি।

দো০ ৫৮ করি কেহরি নিসিচর চরহিঁ, দুষ্ট জন্তু বন ভূরি।
বিষ বাটিকাঁ কি সোহ সুত, সুভগ সজীরনি মূরি ॥

চৌ০ ১ বন হিত কোল কিরাত কিসোরী, রচীঁ বিরঞ্চি বিষয় সুখ ভোরী।
পাহন কৃমি জিমি কঠিন সুভাউ, তিন্হহি কলেসু ন কানন কাউ ॥

„ ২ কৈ তাপস তিয় কানন জোগূ, জিন্হ তপ হেতু তজা সব ভোগূ।
সিয় বন বসিহি তাত কেহি ভাঁতী, চিত্র লিখিত কপি দেখি ডেরাতী ॥

„ ৩ সুরসর সুভগ বনজ বন চারী, ডাবর জোগু কি হংসকুমারী।
অস বিচারি জস আয়সু হোঈ, মৈঁ সিখ দেউঁ জানকিহি সোঈ ॥

„ ৪ জৌঁ সিয় ভরন রহৈ কহ অম্বা, মোহি কহঁ হোই বহুত অরলম্বা।
সুনি রঘুবীর মাতু প্রিয় বানী, সীল সনেহ সুধাঁ জনু সানী ॥

দো০ ৫৯ কহি প্রিয় বচন বিবেকময়, কীন্হি মাতু পরিতোষ।
লগে প্রবোধন জানকিহি, প্রগটি বিপিন গুন দোষ ॥

চৌ০ ১ মাতু সমীপ কহত সকুচাহীঁ, বোলে সমউ সমুঝি মন মাহীঁ।
রাজকুমারি সিখারনু সুনহূ, আন ভাঁতি জিয়ঁ জনি কছু গুনহূ ॥

„ ২ আপন মোর নীক জৌঁ চহহূ, বচনু হমার মানি গৃহ রহহূ।
আয়সু মোর সাসু সেরকাঈ, সব বিধি ভামিনি ভরন ভলাঈ ॥

„ ৩ এহি তে অধিক ধরমু নহি দূজা, সাদর সাসু সসুর পদ পূজা।
জব জব মাতু করিহি সুধি মোরী, হোইহি প্রেম বিকল মতি ভোরী ॥

„ ৪ তব তব তুম্হ কহি কথা পুরানী, সুন্দরি সমুঝা এহু মৃদু বানী।
কহউঁ সুভায়ঁ সপথ সত মোহী, সুমুখি মাতু হিত রাখউঁ তোহী ॥

দো০ ৬০ গুর শ্রুতি সম্মত ধরম ফলু, পাইঅ বিনহিঁ কলেস।
হঠ বস সব সঙ্কট সহে, গালর নহুষ নরেস ॥

চৌ০ ১ মৈঁ পুনি করি প্ররান পিতু বানী, বেগি ফিরব সুনু সুমুখি সয়ানী।
দিরস জাত নহিঁ লাগিহি বারা, সুন্দরি সিখরনু সুনহু হমারা ॥

„ ২ জৌঁ হঠ করহু প্রেম বস বামা, তৌ তুম্হ দুখু পাউব পরিনামা।
কাননু কঠিন ভয়ঙ্করু ভারী, ঘোর ঘামু হিম বারি বয়ারী ॥

„ ৩ কুস কণ্টক মগ কাঁকর নানা, চলব পয়াদেহিঁ বিনু পদত্রানা।
চরন কমল মৃদু মঞ্জু তুম্হারে, মারগ অগম ভূমিধর ভারে ॥

„ ৪ কন্দর খোহ নদীঁ নদ নারে, অগম অগাধ ন জাহিঁ নিহারে।
ভালু বাঘ বৃক কেহরি নাগা, করহিঁ নাদ সুনি ধীরজু ভাগা ॥

দো০ ৬১ ভূমি সয়ন বলকল বসনু, অসনু কন্দ ফল মূল।
তে কি সদা সব দিন মিলহিঁ, সবুই সময় অনুকূল ॥

দো° ৫৮ হিংস্র জন্তু হস্তী সিংহ আর নিশাচর, বনেতে ভ্রমন করে তারা নিরন্তর।
বিষের উদ্যানে পুত্র কহ কি সম্ভব, সুন্দর সে সঞ্জীবনী মূল শোভা সব॥

চৌ ১ ব্রহ্মা সৃষ্টি করেছেন বনে বাস তরে, সুখ বিবর্জিত কোল ভীলের কন্যারে।
প্রস্তর কীটের ন্যায় কঠিন স্বভাব, বনবাসে নাহি হয় কোন অসদ্ভাব॥

„ ২ কিংবা তপস্বিনী মুখ দিয়া বিসর্জনে, তপস্যার হেতু যোগ্য রহিবারে বনে।
যেই সীতা হয় ভীতা কপি চিত্র দেখি, কহ বৎস বনে বাস উচিত তার কি॥

„ ৩ মানসসরের পদ্মবনের বিহারী, রাজহংস কন্যা কভু ক্ষুদ্র জলচারী।
যাহা আজ্ঞা হয় শুনি তোমার বিচারে, সেইরূপ শিক্ষা দেবো আমি জানকীরে॥

„ ৪ সীতা যদি রহে গৃহে কহিলেন মাতা, সুঅবলম্বন মোরে দিবেন বিধাতা।
অমৃত সিঞ্চিত এই স্নেহশীল বাণী, শুনিয়া মাতারে তার কহে রঘুমণি॥

দো° ৫৯ কহিয়া বচন প্রভু বিবেক প্রধান, করিলেন কৌশল্যার সন্তোষ বিধান।
জানকীরে বুঝালেন দোষ গুণ সব, বনবাসে হতে পারে যা সব উদ্ভব॥

চৌ ১ সঙ্কোচ কহিতে কথা সমুখে মাতার, সময় বুঝিয়া কহে সীতারে তাহার।
হে রাজকুমারি শুন উপদেশ মোর, ভুল বুঝিও না কভু তুমি অতঃপর॥

„ ২ যদি চাহ ভাল মোর আর আপনার, রহিবে গৃহেতে মানি বচন আমার।
শ্বশ্রূমাতা সেবা কর আদেশ আমার, গৃহে অবস্থান ভাল হইবে তোমার॥

„ ৩ শ্বশুর শাশুড়ী পদ সাদরেতে পূজি, ইহার অধিক ধর্ম নাহি পাবে খুঁজি।
যখনি হবেন মাতা প্রেমেতে বিহ্বল, স্মরিয়া আমার কথা হবেন বিকল॥

„ ৪ তখনি সুন্দরি তব কোমল বচনে, পুরানো ঘটনা বলি বুঝাবে যতনে।
শুনহ সুমুখি বলি শত শপথেতে, তোমারে রাখিতে চাহি জননীর হিতে॥

দো° ৬০ শ্রুতি অনুযায়ী গুরু বচন শুনিয়া, বিনা ক্লেশে লবে তুমি ধরম জিনিয়া।
হঠতা করিলে হবে সঙ্কট দুস্তর, নহুষ গালব মুনি পেয়েছে বিস্তর॥

চৌ ১ পালিয়া পিতার আজ্ঞা ওগো বুদ্ধিমতি, সত্বর আসিব ফিরি সুমুখী সুমতি।
দেখিতে দেখিতে যাবে দিবস যামিনী, শুনহ সুন্দরি মম উপদেশ বাণী॥

„ ২ প্রেম বশে কর যদি দুরাকাঙ্ক্ষা ধনি, পাবে দুঃখ অতিশয় পরিণামে জানি।
অরণ্য কঠিন বড় ভয়ঙ্কর স্থান, অতি গ্রীষ্ম অতি শৈত্য বর্ষণ উদ্দান॥

„ ৩ কঙ্কর কণ্টক কুশে ছায়া বনপথে, রিক্ত পদে এই মার্গে হইবে যাইতে।
চরণ কমল তব অতীব কোমল, পথেতে পর্বত আছে অগম সকল॥

„ ৪ গুহা গর্ত নদ-নদী বদ্ধ জলাশয়, অগম অগাধ তাহা দেখা নাহি যায়॥
বৃক ব্যাঘ্র সিংহ হস্তী ভল্লুক বিস্তর, বিকট চিৎকারে ধৈর্য রাখাই দুষ্কর॥

দো° ৬১ ভূমিতে শয়ন হবে বসন বল্কল, ভোজনে মিলিবে শুধু কন্দ মূল ফল।
তাও কি মিলিবে সদা সব দিন বনে, ফল মূল হয় সব সময়ানুসারে॥

চৌ০ ১ নর অহার রজনীচর চরহীँ, কপট বেষ বিধি কোটিক করহীँ।
লাগই অতি পহার কর পানী, বিপিন বিপতি নহিँ জাই বখানী ॥
„ ২ ব্যাল করাল বিহগ বন ঘোরা, নিসিচর নিকর নারি নর চোরা।
ডরপহিँ ধীর গহন সুধি আএঁ, মৃগলোচনি তুহ্ম ভীরু সুভাএঁ ॥
„ ৩ হংসগবনি তুহ্ম নহিँ বন জোগূ, সুনি অপজসু মোহি দেইহি লোগূ ॥
মানস সলিল সুধাঁ প্রতিপালী, জিঅই কি লবন পয়োধি মরালী ॥
„ ৪ নব রসাল বন বিহরনসীলা, সোহ কি কোকিল বিপিন করীলা।
রহহু ভবন অস হৃদয়ঁ বিচারী, চন্দবদনি দুখু কানন ভারী ॥

দো০ ৬২ সহজ সুহৃদ গুরু স্বামি সিখ, জো ন করই সির মানি।
সো পছিতাই অঘাই উর, অবসি হোই হিত হানি ॥

চৌ০ ১ সুনি মৃদু বচন মনোহর পিয় কে, লোচন ললিত ভরে জল সিয় কে।
সীতল সিখ দাহক ভই কৈসেঁ, চকইহি সরদ চন্দ নিসি জৈসেঁ ॥
„ ২ উতরু ন আব বিকল বৈদেহী, তজন চহত সুচি স্বামি সনেহী।
বরবস রোকি বিলোচন বারী, ধরি ধীরজু উর অবনিকুমারী ॥
„ ৩ লাগি সাসু পগ কহ কর জোরী, ছমবি দেবি বড়ি অবিনয় মোরী।
দীহ্নি প্রানপতি মোহি সিখ সোঈ, জেহি বিধি মোর পরম হিত হোঈ ॥
„ ৪ মৈঁ পুনি সমুঝি দীখি মন মাহীঁ, পিয় বিয়োগ সম দুখু জগ নাহীঁ।

দো০ ৬৩ প্রাননাথ করুনায়তন, সুন্দর সুখদ সুজান।
তুহ্ম বিনু রঘুকুল কুমুদ বিধু, সুর পুর নরক সমান ॥

চৌ০ ১ মাতু পিতা ভগিনী প্রিয় ভাঈ, প্রিয় পরিবারু সুহৃদ সমুদাঈ।
সাসু সসুর গুর সজন সহাঈ, সুত সুন্দর সুসীল সুখদাঈ ॥
„ ২ জহঁ লগি নাথ নেহ অরু নাতে, পিয় বিনু তিয়হি তরনিহু তে তাতে।
তনু ধনু ধামু ধরনি পুর রাজূ, পতি বিহীন সবু সোক সমাজূ ॥
„ ৩ ভোগ রোগসম ভূষন ভারূ, জম জাতনা সরিস সংসারূ।
প্রান নাথ তুহ্ম বিনু জগ মাহীঁ, মো কহুঁ সুখদ কতহুঁ কছু নাহীঁ ॥
„ ৪ জিয় বিনু দেহ নদী বিনু বারী, তৈসিঅ নাথ পুরুষ বিনু নারী।
নাথ সকল সুখ সাথ তুহ্মারেঁ, সরদ বিমল বিধু বদনু নিহারেঁ ॥

দো০ ৬৪ খগ মৃগ পরিজন নগরু বনু, বলকল বিমল দুকূল।
নাথ সাথ সুরসদন সম, পরনসাল সুখ মূল ॥

চৌ০ ১ বনদেবীঁ বনদেব উদারা, করিহহিঁ সাসু সসুর সম সারা।
কুস কিসলয় সাথরী সুহাঈ, প্রভু সঁগ মঞ্জু মনোজ তুরাঈ ॥

চৌ ১ নরভোজী নিশাচর বন মাঝে চরে, শতকোটি বেশ ধরি কপটতা করে।
প্রচণ্ড প্রহার করে শুধু হস্ত দ্বারা, অরণ্য বিপদ সীমা নাহি যায় ধরা ॥
" ২ বিষধর সর্প আর পক্ষী ভয়ঙ্কর, রাক্ষস সমূহ ঘোরে মনুষ্য তস্কর।
সাহসী ব্যক্তিও বন স্মরণেতে ভীত, হে মৃগ লোচনি তুমি ভীরু স্বভাবত ॥
" ৩ বনবাস যোগ্য নহ হে হংস-গামিনী, অপযশ দিবে মোরে লোকে ইহা শুনি।
মানসসরের জলে অমৃত পালিনী, রহে কি লবণ জলে জীবিতা হংসিনী ॥
" ৪ মুকুলিত আম্রবনে বিহরণ কালে, বসে কি কোকিল শুষ্ক অরণ্যের ডালে।
গৃহ মাঝে রহ তুমি এ সব বিচারি, হে চন্দ্র বদনা বনে দুঃখ ভূরি ভূরি ॥

দো০ ৬২ সহজ সুহৃদ গুরু স্বামী উপদেশ, যে শিরে ধারণ নাহি করে সবিশেষ।
হয় পরিতাপ পরে হৃদয়ে তাহার, অবশ্যই অমঙ্গল হবে তারপর ॥

চৌ ১ প্রিয় পতি মৃদু বাক্য শুনি সুমধুর, ললিত নয়নে অশ্রু শোকেতে বিধুর।
শারদ নিশির চন্দ্রে যথা চখা বধূ, রামের শীতল বাণী দিল দুঃখ শুধু ॥
" ২ মুখেতে উত্তর নাহি বিকল জানকী, স্নেহময় স্বামী মোরে ত্যজিতে চাহে কি।
প্রবল চেষ্টাতে রুধি নয়নের বারি, রহিলেন ধৈর্য ধরি ধরিত্রী কুমারী ॥
" ৩ শ্বশ্রূমাতা চরণেতে নমি করজোড়ে, কহে অপরাধ দেবি ক্ষমা কর মোরে।
প্রাণনাথ দিয়াছেন উপদেশ সার, হইবে পরম হিত যাহাতে আমার ॥
" ৪ আমি পুনঃ মনমাঝে করিনু বিচার, পতির বিয়োগ সম দুঃখ নাই আর।

দো০ ৬৩ প্রাণনাথ তুমি মোর করুণায়তন, সুখদাতা তুমি প্রভু শ্রেষ্ঠ বিচক্ষণ।
রাঘব কুমুদচন্দ্র মোর কাছে হায়, তোমা ছাড়া স্বর্গরাজ্য নরকের প্রায় ॥

চৌ ১ পিতা-মাতা ভগিনীরা আর প্রিয় ভ্রাতা, সু-চরিত্র সুদর্শন পুত্র সুখ দাতা।
শ্বশুর শাশুড়ী গুরু প্রিয় পরিজন, সুহৃদ সহায় বর্গ সুন্দর স্বজন ॥
" ২ হে নাথ যদিও স্নেহ সম্বন্ধ রহিবে, পতি বিনা সূর্যাধিক পত্নীরে দহিবে।
পতি বিনা তনু ধাম সম্পদ ও রাজ, পৃথিবী নগর পাট শোকের সমাজ ॥
" ৩ রোগ তুল্য ভোগ সব অলঙ্কার ভার, যম যাতনার মত সমগ্র সংসার।
তোমা বিনা প্রাণনাথ এ জগত মাঝে, কোথাও আমারে কিছু সুখ দেয় না যে ॥
" ৪ প্রাণ বিনা দেহ আর নদী শূন্য বারি, সেইরূপ হয় নাথ পতি বিনা নারী।
তব সঙ্গ লাভে নাথ সর্ব সুখ, শারদ বিমল শশী হেরি তব মুখ ॥

দো০ ৬৪ পশু পাখী হবে মোর প্রিয় পরিজন, বল্কল হইবে মোর বিমল ভূষণ।
সকল সুখের মূল তব সাথে যবে, পর্ণের কুটির মোর স্বর্গ বাস হবে ॥

চৌ ১ বনদেব বনদেবী উদার হৃদয়ে, শ্বশুর শাশুড়ী সম রাখিবে সদয়ে।
প্রভু যবে কাছে রহে শয্যা তৃণময়, মনোজ্ঞ তোষক সম মোর কাছে হয় ॥

চৌ ২ কন্দ মূল ফল অমিঅ অহারূ, অবধ সৌধ সত সরিস পহারূ।
ছিনু ছিনু প্রভুপদ কমল বিলোকী, রহিহউঁ মুদিত দিবস জিমি কোকী॥
„ ৩ বন দুখ নাথ কহে বহুতেরে, ভয় বিষাদ পরিতাপ ঘনেরে।
প্রভু বিয়োগ লবলেস সমানা, সব মিলি হোহিঁ ন কৃপানিধানা॥
„ ৪ অস জিয়ঁ জানি সুজান সিরোমনি, লেইঅ সঙ্গ মোহি ছাড়িঅ জনি।
বিনতি বহুত করৌঁ কা স্বামী, করুনাময় উর অন্তরজামী॥

দো৹ ৬৫ রাখিঅ অবধ জো অবধি লগি, রহত ন জনিঅহিঁ প্রান।
দীনবন্ধু সুন্দর সুখদ, সীল সনেহ নিধান॥
চৌ৹ ১ মোহি মগ চলত ন হোইহি হারী, ছিনু ছিনু চরন সরোজ নিহারী।
সবহি ভাঁতি পিয় সেবা করিহৌঁ, মারগ জনিত সকল শ্রম হরিহৌঁ॥
„ ২ পায় পখারি বৈঠি তরু ছাহীঁ, করিহউঁ বাউ মুদিত মন মাহীঁ।
শ্রম কন সহিত স্যাম তনু দেখেঁ, কহঁ দুখ সমউ প্রানপতি পেখেঁ॥
„ ৩ সম মহি তৃন তরুপল্লব ভাসী, পায় পলোটিহি সব নিসি দাসী।
বার বার মৃদু মূরতি জোহী, লাগিহি তাত বয়ারি ন মোহী॥
„ ৪ কো প্রভু সঁগ মোহি চিতবনিহারা, সিংঘবধুহি জিমি সসক সিআরা।
মৈ সুকুমারি নাথ বন জোগূ, তুম্হহি উচিত তপ মো কহুঁ ভোগূ॥
দো৹ ৬৬ ঐসেউ বচন কঠোর সুনি, জৌঁ ন হৃদউ বিলগান।
তৌ প্রভু বিষম বিয়োগ দুখ, সহিহহিঁ পাবঁর প্রান॥

শ্রীরাম-কৌশল্যা-সীতা সংবাদ

চৌ৹ ১ অস কহি সীয় বিকল ভই ভারী, বচন বিয়োগু ন সকী সঁভারী।
দেখি দসা রঘুপতি জিয়ঁ জানা, হঠি রাখেঁ নহিঁ রাখিহি প্রানা॥
„ ২ কহেউ কৃপাল ভানুকুলনাথা, পরিহরি সোচু চলহু বন সাথা।
নহিঁ বিষাদ কর অবসরু আজূ, বেগি করহু বন গবন সমাজূ॥
„ ৩ কহি প্রিয় বচন প্রিয়া সমুঝাঈ, লগে মাতু পদ অসিষ পাঈ।
বেগি প্রজা দুখ মেটব আঈ, জননী নিঠুর বিসরি জনি জাঈ॥
„ ৪ ফিরিহি দসা বিধি বহুরি কি মোরী, দেখিহউঁ নয়ন মনোহর জোরী।
সুদিন সুঘরী তাত কব হোইহি, জননী জিঅত বদন বিধু জোইহি॥
দো৹ ৬৭ বহুরি বচ্ছ কহি লালু কহি, রঘুপতি রঘুবর তাত।
করহিঁ বোলাই লগাই হিয়ঁ, হরষি নিরখিহউঁ গাত॥
চৌ৹ ১ লখি সনেহ কাতরি মহতারী, বচনু ন আব বিকল ভই ভারী।
রাম প্রবোধু কীন্হ বিধি নানা, সমউ সনেহু ন জাই বখানা॥

চৌ ২ কন্দ মূল ফল মোর অমৃত আহার, অযোধ্যা প্রাসাদ চূড়া হইবে পাহাড়।
ক্ষণে ক্ষণে প্রভু পদ কমল নেহারি, দিবসে চখীর ন্যায় আনন্দ আমারি ॥

„ ৩ বন দুঃখ কষ্ট নাথ যা কিছু সম্ভব, বিষাদ ভয়ের আর পরিতাপ সব।
বলেছো তথাপি প্রভু বিয়োগ ব্যথার, সমতুল্য নাহি হয় সবে মিলি তার ॥

„ ৪ সবই জান ত প্রভু জ্ঞানী শিরোমণি, বিনতি আমার প্রভু জুড়ি দুই পানি।
আমারে তোমার সাথে সাথী কর স্বামী, ছেড়োনা এখানে মোরে তুমি অন্তর্যামী ॥

দো০ ৬৫ রাখ যদি অযোধ্যায় যবে রবে বনে, নাহি রবে প্রাণ মোর স্থির জেনো মনে।
দীনবন্ধু হে সুন্দর তুমি প্রাণদাতা, স্নেহশীল তুমি মোর পরম বিধাতা ॥

চৌ ১ পথ শ্রান্তি সব মোর হবে নিরসন, বারে বারে পাদপদ্ম করি দরশন ॥
সর্ব রূপে করি সেবা প্রিয়েরে আমার, হবে দূর সব ক্লান্তি পথ চলিবার ॥

„ ২ চরণ করিয়া ধৌত তরুতল ছায়ে, করিব বীজন সুখে বিগলিত কায়ে।
শ্রমবিন্দু প্রাণপতি শ্যাম তনু পরে, দেখি কোথা অবসর দুঃখ করিবারে ॥

„ ৩ সমভূমি পরে তৃণ পল্লব বিছায়ে, সারারাত দাসী তব চরণ সেবায়ে।
দেখিয়া কোমল মূর্ত্তি সুখে বার বার, উত্তপ্ত বায়ুর স্পর্শ লাগিবে না আর ॥

„ ৪ কে চাহিবে মোর পানে প্রভু সাথে রহে, শশক শৃগাল যথা সিংহিনীর ভয়ে।
আমি সুকুমারী আর তুমি যোগ্য বনে, তোমার উচিত তপ মোর ভোগাসনে ॥

দো০ ৬৬ এরূপ কঠোর বাক্য শুনি তব মুখে, হৃদয় বিদীর্ণ যদি নাহি হয় দুঃখে।
তবে প্রভু মনে হয় বিষম বিরহ, এ পাষাণ প্রাণ মোর সহিবে অসহ ॥

শ্রীরাম-কৌশল্যা-সীতা সংবাদ

চৌ ১ ইহা কহি হন অতি ব্যাকুলিত সীতা, বচনেও নাহি সহে বিরহের ব্যথা।
দশা দেখি রঘুপতি বুঝিলেন মনে, যাইবে সীতার প্রাণ রাখিলে এখানে ॥

„ ২ সূর্যকুল নাথ কহে করুণ বচনে, পরিহরি শোক চল বনে মোর সনে।
অবসর নাহি আজ মান অভিমানে, প্রস্তুত হওগে ত্বরা বনেতে গমনে ॥

„ ৩ প্রিয় বাক্যে বুঝালেন প্রিয়ারে তাঁহার, আশিস্ পাইল নমি চরণে মাতার।
ভুলিও না এ নিঠুরা জননীরে তব, সত্বর ফিরিয়া নাশ প্রজা দুঃখ সব ॥

„ ৪ ফিরাবে কি দশা মোর বিধি অতঃপর, দেখিব আবার এই জোড় মনোহর।
কখন আসিবে বাছা সে শুভ লগন, দেখিব জীবিতকালে ও চাঁদ বদন ॥

দো০ ৬৭ রঘুপতি রঘুবর প্রিয় বৎস মোর, নানাবিধ সম্বোধনে বুকের উপর।
টানি লয়ে প্রেম ভরে মুখ শশী তোর, আবার দেখার ভাগ্য কবে হবে মোর ॥

চৌ ১ স্নেহেতে কাতর দেখে জননীরে হায়, বাকাস্ফূর্তি নাহি হয় ব্যাকুল ব্যথায়।
নানাভাবে রাম দেন প্রবোধ তখন, স্নেহের প্লাবন সেথা না যায় বর্ণন ॥

চৌ ২ তব জানকী সাসু পগ লাগী, সুনিঅ মায় মৈঁ পরম অভাগী।
সেবা সময় দৈঅঁ বনু দীন্হা, মোর মনোরথু সফল ন কীন্হা ॥
„ ৩ তজব ছোভু জনি ছাড়িঅ ছোহূ, করমু কঠিন কছু দোসু ন মোহূ।
সুনি সিয় বচন সাসু অকুলানী, দসা কবনি বিধি কহৌঁ বখানী ॥
„ ৪ বারহিঁ বার লাই উর লীন্হী, ধরি ধীরজু সিখ আসিষ দীন্হী।
অচল হোউ অহিবাতু তুম্হারা, জব লগি গঙ্গ জমুন জল ধারা ॥
দো০ ৬৮ সীতহি সাসু অসীস সিখ, দীন্হি অনেক প্রকার।
চলী নাই পদ পদুম সিরু, অতি হিত বারহিঁ বার ॥

শ্রীরাম-লক্ষ্মণ-সংবাদ

চৌ০ ১ সমাচার জব লছিমন পাএ, ব্যাকুল বিলখ বদন উঠি ধাএ।
কম্প পুলক তন নয়ন সনীরা, গহে চরন অতি প্রেম অধীরা ॥
„ ২ কহি ন সকত কছু চিতবত ঠাঢ়ে, মীনু দীন জনু জল তেঁ কাঢ়ে।
সোচু হৃদয়ঁ বিধি কা হোনিহারা, সবু সুখু সুকৃতু সিরান হমারা ॥
„ ৩ মো কহু কাহ কহব রঘুনাথা, রখিহহিঁ ভবন লেহহিঁ সাথা।
রাম বিলোকি বন্ধু কর জোরেঁ, দেহ গেহ সব সন তৃনু তোরেঁ ॥
„ ৪ বোলে বচনু রাম নয় নাগর, সীল সনেহ সরল সুখ সাগর।
তাত প্রেম বস জনি কদরাহূ, সমুঝি হৃদয়ঁ পরিনাম উছাহূ ॥
দো০ ৬৯ মাতু পিতা গুরু স্বামি সিখ, সির ধরি করহিঁ সুভায়ঁ।
লহেউ লাভু তিন্হ জনম কর, নতরু জনমু জগ জায়ঁ ॥
চৌ০ ১ অস জিয়ঁ জানি সুনহু সিখ ভাঈ, করহু মাতু পিতু পদ সেবকাঈ।
ভবন ভরতু রিপুসূদন নাহীঁ, রাউ বৃদ্ধ মম দুখু মন মাহীঁ ॥
„ ২ মৈঁ বন জাউঁ তুম্হহি লেই সাথা, হোই সবহি বিধি অবধ অনাথা।
গুরু পিতু মাতু প্রজা পরিবারূ, সব কহুঁ পরই দুসহ দুখ ভারূ ॥
„ ৩ রহহু করহু সব কর পরিতোষূ, নতরু তাত হোইহি বড় দোষূ।
জাসু রাজ প্রিয় প্রজা দুখারী, সো নৃপু অবসি নরক অধিকারী।
„ ৪ রহহু তাত অসি নীতি বিচারী, সুনত লখনু ভএ ব্যাকুল ভারী।
সিঅরেঁ বচন সূখি গএ কৈসেঁ, পরসত তুহিন তামরসু জৈসেঁ ॥
দো০ ৭০ উতরু ন আবত প্রেম বস, গহে চরন অকুলাই।
নাথ দাসু মৈঁ স্বামি তুম্হ, তজহু ত কাহ বসাই ॥
চৌ০ ১ দীন্হি মোহি সিখ নীকি গোসাঈ, লাগি অগম অপনী কদরাঈ।
নরবর ধীর ধরম ধুর ধারী, নিগম নীতি কহুঁ তে অধিকারী ॥

চৌ ২ জানকী কহেন তাঁর মাতারে প্রণমি, শুনুন জননী অতি অভাগিনী আমি।
সেবার সময় দৈব দিলা বনবাস, সফল না করি মোর কোনই প্রত্যাশ॥
,, ৩ ত্যজি ক্ষোভ রেখো মেনে স্নেহ আপনার, কর্মের কঠিন গতি কি দোষ আমার।
সীতার বচন শুনি মাতা আকুলিত, দশা তার কি প্রকারে করিব বর্ণিত॥
,, ৪ বারে বারে বক্ষে তাঁরে করিয়া গ্রহণ, উপদেশ আশীর্বাদ দিলেন তখন।
গঙ্গা ও যমুনা ধারা যতদিন র'বে, এয়োতির চিহ্ন তব ততদিন র'বে॥
দো০ ৬৮ সীতারে আশিস দেন শ্বশ্রূমাতা তার, উপদেশ শিক্ষা দেন অনেক প্রকার।
প্রেম ভক্তি সাথে তার চরণ করলে, প্রণমি অনেক বার সীতাদেবী চলে॥

শ্রীরাম-লক্ষ্মণ-সংবাদ

চৌ ১ লক্ষ্মণ শুনিয়া যবে সমাচার পায়, ব্যাকুল বিষণ্ণ মনে ধাবিত তথায়।
রোমাঞ্চিত হল তনু শরীর কম্পিত, বাষ্পনেত্রে প্রেমাধার চরণে পতিত॥
,, ২ কহিতে না পারে কিছু চিত্রাপিত রয়, জলের বাহিরে মৎস্য দুঃখি যথা হয়।
চিন্তা করে মনে মনে ভবিতব্য একি, মোর সব পুণ্য সুখ শূন্য হল নাকি॥
,, ৩ কি কহিবে রঘুনাথ এখন আমারে, গৃহে রাখি যাবে কিংবা লবে সঙ্গে করে।
রাম প্রতি রহে চাহি ভ্রাতা কর জুড়ি, গৃহ দেহ সব সাথে যোগসূত্র ছাড়ি॥
,, ৪ নীতি-জ্ঞানী স্নেহশীল সুখের সাগর, সরলতা পূর্ণ রাম কহে অতঃপর।
পরিণাম ভাবি' রাখ উৎসাহ অন্তরে, হ'য়োনা কাতর বৎস এবে মোর তরে॥

দো০ ৬৯ পিতা-মাতা গুরু স্বামী উপদেশ বাণী, শিরোধার্য করি পালে যেবা মনে মানি।
সফল জীবন তার এ জগত মাঝে, নতুবা জীবন তার বৃথাই সমাজে॥
চৌ ১ ইহা জানি শুন বৎস মম উপদেশ, পিতা-মাতা পদ সেবা করহ বিশেষ।
ভরত শত্রুঘ্ন এবে অযোধ্যায় নাহি, বৃদ্ধ মহারাজ মোর শোকে শয্যাশায়ী॥
,, ২ যদি বনে যাই সাথে লইয়া তোমারে, অযোধ্যা অনাথ হবে সকল প্রকারে।
গুরু পিতা-মাতা আর প্রজা পরিবার, পড়িবে সবার মাথে দুঃখ মহাভার॥
,, ৩ গৃহে রহি সকলেরে পরিতুষ্ট কর, নতুবা হইবে দোষ অতি ঘোরতর।
যাহার রাজ্যেতে প্রিয় প্রজা দুঃখী হয়, সে নৃপ অবশ্য জেনে নরকেতে যায়॥
,, ৪ হে বৎস গৃহেতে রহ বিচারি এ নীতি, শুনিয়া লক্ষ্মণ হয় ব্যাকুলিত অতি।
শীতল বচন শুনি শুকাইয়া যায়, হিমের পরশ লাগি পদ্ম যাহা হয়॥

দো০ ৭০ লক্ষ্মণ অবশ প্রেমে বাক্য নাহি সরে, শ্রীরাম চরণ দুটি আকুলিয়া ধরে।
হে নাথ সেবক আমি তুমি মোর স্বামী, যদি ত্যাগ কর মোরে কি করিব আমি॥
চৌ ১ জিতেন্দ্রিয় দেহ মোরে শ্রেষ্ঠ উপদেশ, নিজ কাতরতা হেতু বুঝিনা বিশেষ।
ধর্ম ধুরন্ধর সেই নরশ্রেষ্ঠ যিনি, শান্তি নীতি অধিকারী হন শুধু তিনি॥

চৌ ২ মৈঁ সিসু প্রভু সনেহঁ প্রতিপালা, মন্দরু মেরু কি লেহিঁ মরালা।
গুর পিতু মাতু ন জানউঁ কাহূ, কহউঁ সুভাউ নাথ পতিআহূ॥
„ ৩ জহঁ লগি জগত সনেহ সগাঈ, প্রীতি প্রতীতি নিগম নিজু গাঈ।
মোরে সবই এক তুহ্ম স্বামী, দীনবন্ধু উর অন্তরজামী॥
„ ৪ ধরম নীতি উপদেসিঅ তাহী, কীরতি ভূতি সুগতি প্রিয় জাহী।
মন ক্রম বচন চরন রত হোঈ, কৃপাসিন্ধু পরিহরিঅ কি সোঈ॥

লক্ষ্মণ-সুমিত্রা সংবাদ

দো০ ৭১ করুনাসিন্ধু সুবন্ধু কে, সুনি মৃদু বচন বিনীত।
সমুঝাএ উর লাই প্রভু, জানি সনেহঁ সভীত॥
চৌ০ ১ মাগহু বিদা মাতু সন জাঈ, আবহু বেগি চলহু বন ভাঈ।
মুদিত ভএ সুনি রঘুবর বানী, ভয়উ লাভ বড় গই বড়ি হানী॥
„ ২ হরষিত হৃদয় মাতু পহিং আএ, মনহুঁ অন্ধ ফিরি লোচন পাএ।
জাই জননি পগ নায়উ মাথা, মনু রঘুনন্দন জানকি সাথা॥
„ ৩ পূঁছে মাতু মলিন মন দেখী, লখন কহী সব কথা বিসেষী।
গঈ সহমি সুনি বচন কঠোরা, মৃগী দেখি দব জনু চহু ওরা॥
„ ৪ লখন লখেউ ভা অনরথ আজূ, এহিঁ সনেহ বস করব অকাজূ।
মাগত বিদা সভয় সকুচাহীঁ, জাই সঙ্গ বিধি কহিহি কি নাহীঁ॥

দো০ ৭২ সমুঝি সুমিত্রাঁ রাম সিয়, রূপু সুসীলু সুভাউ।
নৃপ সনেহু লখি ধুনেউ সিরু, পাপিনি দীহ্ন কুদাউ॥
চৌ০ ১ ধীরজু ধরেউ কুঅবসর জানী, সহজ সুহৃদ বোলী মৃদু বানী।
তাত তুহ্মারি মাতু বৈদেহী, পিতা রামু সব ভাঁতি সনেহী॥
„ ২ অবধ তহাঁ জহঁ রাম নিবাসূ, তহঁই দিবসূ জহঁ ভানু প্রকাসূ।
জৌঁ পৈ সীয় রামু বন জাহীঁ, অবধ তুহ্মার কাজু কছু নাহীঁ॥
„ ৩ গুর পিতু মাতু বন্ধু সুর সাঈ, সেইঅহিঁ সকল প্রান কী নাঈ।
রামু প্রানপ্রিয় জীবন জী কে, স্বারথ রহিত সখা সবহী কে॥
„ ৪ পূজনীয় প্রিয় পরম জহাঁ তেঁ, সব মানিঅহিঁ রাম কে নাতে।
অস জিয়ঁ জানি সঙ্গ বন জাহূ, লেহু তাত জগ জীবন লাহূ॥

দো০ ৭৩ ভূরি ভাগ ভাজনু ভয়হু, মোহি সমেত বলি জাউঁ।
জৌঁ তুহ্মরেং মন ছাড়ি ছলু, কীহ্ন রাম পদ ঠাউঁ॥
চৌ০ ১ পুত্রবতী জুবতী জগ সোঈ, রঘুপতি ভগতু জাসু সুতু হোঈ।
নতরু বাঁঝ ভলি বাদি বিআনী, রাম বিমুখ সুত তেঁ হিত জানী॥

চৌ ২ স্নেহেতে পালিত শিশু আমি ত তোমার, পারে কি উঠাতে হংস মন্দর পাহাড়।
করহ বিশ্বাস প্রভু কহি কায় মনে, গুরু পিতা মাতা এই দাস নাহি জানে॥
„ ৩ স্নেহ-প্রীতি এ জগতে যতদূর যায়, প্রীতির তাৎপর্য বেদ যাহা কিছু গায়।
মোর কাছে একমাত্র তুমি মোর স্বামী, জানত সকলি প্রভু মোর অন্তর্যামী॥
„ ৪ ধর্ম নীতি উপদেশ তারি প্রয়োজন, সুকীর্তি সদ্গতি ভূতি যার আকর্ষণ।
কায় মনোবাক্য যার মতি তব পায়, কৃপা সিন্ধু পারিবে কি ত্যজিতে তাহায়॥

লক্ষ্মণ-সুমিত্রা সংবাদ

দো০ ৭১ করুণা সাগর তার প্রিয় ভ্রাতা হতে, শুনিয়া কোমল বাণী বিনীত প্রথাতে।
বুঝালেন বক্ষ মাঝে টানি লয়ে তারে, জানিলেন ভ্রাতা তার ভীত স্নেহ ভারে॥
চৌ ১ বিদায় মাগহ তবে মাতা কাছে ভাই, ত্বরায় ফিরিয়া এসো চল বনে যাই।
রঘুবর বাণী শুনি আনন্দিত মনে, হয় অতি লাভ যায় ক্ষতি অন্তর্ধানে॥
„ ২ মাতৃ পাশে আনন্দেতে করিল গমন, মনে হয় অন্ধ যেন পেয়েছে নয়ন।
যাইয়া জননী পদে নত করে শির, মন রহে সাথে রাম আর জানকীর॥
„ ৩ মলিন দেখিয়া মুখ মাতা জিজ্ঞাসিল, লক্ষ্মণ বিস্তারি সব বার্তা জানাইল।
চতুর্দিকে দাবানল দেখি মৃগী যথা, ভীতা হন শুনি এই ভয়ঙ্কর কথা॥
„ ৪ লক্ষ্মণ দেখিল হবে সর্বনাশ আজ, স্নেহবশে করিবেন মাতা অপকাজ।
বিদায় মাগিতে হয় ভীত সঙ্কুচিত, হা বিধাতা রাম সনে যেতে পারিব ত'॥

দো০ ৭২ সুমিত্রা জানেন সব রামের সীতার, সুশীল স্বভাব আর রূপ চমৎকার।
নৃপ স্নেহ অবিচল তবু এ আঘাত, পাপিনী করেছে জানি শিরে দেন হাত।
চৌ ১ দুঃসময়ে ধৈর্য ধরি কোমল হৃদয়া, সুমিত্রা কহেন মৃদু উপদেশ দিয়া।
হে বৎস জানকী জেনো জননী তোমার, পিতা তব রামচন্দ্র স্নেহের আগার॥
„ ২ অযোধ্যা তোমার যেথা রাম করে বাস, দিন যথা হয় যেথা ভানুর প্রকাশ॥
যদি রাম সীতা যান বনবাসে আজ, অযোধ্যায় নাহি রবে তব কোন কাজ॥
„ ৩ গুরু পিতা-মাতা বন্ধু স্বামী ও দেবতা, কর্তব্য সবার সেবা প্রাণের সমতা।
সর্বপ্রাণ প্রিয় রাম হৃদয় স্পন্দন, নিঃস্বার্থ সখাই হ'ন শ্রীরঘুনন্দন॥
„ ৪ যাহা কিছু পূজনীয় ধরা মাঝে প্রিয়, সকলি শ্রীরাম হতে সম্বন্ধ জানিও।
ইহা মানি মনে বৎস যাও সাথে বনে, জনম লাভের ফল লভ এ জীবনে॥

দো০ ৭৩ বলিহারি যাই বাছা অকপট ভরে, যদি তব চিত্ত রহে রাম পদ পরে।
অতি ভাগ্যবান তুমি হে পুত্র আমার, আমিও ভাগ্যবতী সমান তোমার॥
চৌ ১ সে যুবতী পুত্রবতী যথার্থ জগতে, রাম ভক্ত পুত্র যার হয় সর্বমতে।
নতুবা প্রসব বিনা বন্ধ্যা শ্রেয়স্কর, শ্রীরামে বিমুখ পুত্র সে ত ভয়ঙ্কর॥

চৌ ২ তুহ্মরেহিঁ ভাগ রামু বন জাহীঁ, দুসর হেতু তাত কছু নাহীঁ ॥
সকল সুকৃত কর বড় ফলু এহূ, রাম সীয় পদ সহজ সনেহূ ॥
„ ৩ রাগু রোযু ইরিষা মদু মোহূ, জনি সপনেহুঁ ইন্হ কে বস হোহূ।
সকল প্রকার বিকার বিহাঈ, মন ক্রম বচন করেহু সেৱকাঈ ॥
„ ৪ তুহ্ম কহুঁ বন সব ভাঁতি সুপাসূ, সঁগ পিতু মাতু রামু সিয় জাসূ।
জেহিঁ ন রামু বন লহহিঁ কলেসূ, সুত সোই করেহু ইহই উপদেসূ ॥
ছন্দ০ ৩ উপদেসু য়হু জেহিঁ তাত তুহ্মরে রাম সিয় সুখ পাৱহীঁ।
পিতু মাতু প্রিয় পরিৱার পুর সুখ সুরতি বন বিসরাৱহীঁ ॥
তুলসী প্রভুহি সিখ দেই আয়সু দীন্হ পুনি আসিষ দঈ।
রতি হোউ অবিরল অমল সিয় রঘুবীর পদ নিত নিত নঈ ॥

সো০ ৩ মাতু চরন সিরু নাই, চলে তুরত সঙ্কিত হৃদয়ঁ।
বাগুর বিষম তোরাই, মনহুঁ ভাগ মৃগু ভাগ বস ॥
চৌ০ ১ গএ লখনু জহঁ জানকিনাথূ, ভে মন মুদিত পাই প্রিয় সাথূ
বন্দি রাম সিয় চরন সুহাএ, চলে সঙ্গ নৃপমন্দির আএ ॥
„ ২ কহহিঁ পরসপর পুর নর নারী, ভলি বনাই বিধি বাত বিগারী।
তন কৃস মন দুখু বদন মলীনে, বিকল মনহুঁ মাখী মধু ছীনে ॥
„ ৩ কর মীজহিঁ সিরু ধুনি পছিতাহীঁ, জনু বিনু পঙ্খ বিহগ অকুলাহীঁ।
ভই বড়ি ভীর ভূপ দরবারা, বরনি ন জাই বিষাদু অপারা ॥
„ ৪ সচিৱঁ উঠাই রাউ বৈঠারে, কহি প্রিয় বচন রামু পগু ধারে।
সিয় সমেত দোউ তনয় নিহারী, ব্যাকুল ভয়উ ভূমিপতি ভারী ॥

দো০ ৭৪ সীয় সহিত সুত সুভষ দোউ, দেখি দেখি অকুলাই।
বারহিঁ বার সনেহ বস, রাউ লেই উর লাই ॥
চৌ ০১ সকই ন বোলি বিকল নরনাহূ, সোক জনিত উর দারুন দাহূ।
নাই সীসু পদ অতি অনুরাগা, উঠি রঘুবীর বিদা তব মাগা ॥
„ ২ পিতু অসীস আয়সু মোহি দীজৈ, হরষ সময় বিসমউ কত কীজৈ।
তাত কিএঁ প্রিয় প্রেম প্রমাদূ, জসু জগ জাই হোই অপবাদূ ॥
„ ৩ সুনি সনেহ বস উঠি নরনাহাঁ, বৈঠারে রঘুপতি গহি বাহাঁ।
সুনহু তাত তুহ্ম কহুঁ মুনি কহহীঁ, রামু চরাচর নায়ক অহহীঁ ॥
„ ৪ সুভ অরু অসুভ করম অনুহারী, ঈসু দেই ফলু হৃদয়ঁ বিচারী।
করই জো করম পাৱ ফল সোঈ, নিগম নীতি অসি কহ সবু কোঈ ॥
দো০ ৭৫ ঔরু করৈ অপরাধু কোউ, ঔর পাৱ ফল ভোগু।
অতি বিচিত্র ভগৱন্ত গতি, কো জন জানৈ জোগু ॥

চৌ ২ তব ভাগ্য বলে রাম যাইতেছে বনে, অপর কারণ কিছু পাইনা ত মনে।
সকল সুকৃতি ফল জেনো শ্রেষ্ঠ এই, রাম সীতা চরণেতে সহজ স্নেহই ॥
,, ৩ রাগদ্বেষ ঈর্ষা মোহ আর অহঙ্কার, স্বপনেও নাহি হবে বশ এ সবার।
কোরো সেবা ত্যজি তব সকল বিকার, কায় মনোবাক্য দ্বারা রাম ও সীতার ॥
,, ৪ বন মাঝে সর্ব সুখ হইবে তোমার, রাম সীতা পিতা-মাতা সঙ্গে রয় যার।
রাম যাতে বন মাঝে নাহি পায় ক্লেশ, দেখিবে তাহাই পুত্র মোর উপদেশ ॥
ছ০ ৩ উপদেশ এই মোর যেন তোমা হতে, রাম সীতা পায় সুখ বনে সর্বমতে।
পিতা-মাতা পরিজন পুর সুখ-স্মৃতি, ভুলে থাকে বনে তারা যেন দিবারাতি ॥
তুলসী ভনয়ে সুতে শিক্ষাদেন শুন, বনবাসে আজ্ঞা দিয়া আশিসেন পুনঃ।
নীতি নব হোক তব নিবিড় প্রণয়, রাম সীতা পদে মতি অবিচল রয় ॥

সো০ ৩ মাতার চরণে শির করি অবনত, ত্বরিত লক্ষ্মণ চলে হৃদয়ে শঙ্কিত।
ভাগ্য বশে যেন মৃগ ব্যাধ জাল ছিঁড়ি, পলায়ন করে দ্রুত ভবিষ্য বিচারি ॥
চৌ ১ লক্ষ্মণ চলিল সেথা যেথা সীতা পতি, প্রিয় মিলনেতে হ'ল আনন্দিত অতি।
বন্দি রাম সীতা পদ কমল সুন্দর, নৃপের ভবনে চলে সাথে অতঃপর ॥
,, ২ মধু কেড়ে নিলে মক্ষী ব্যাকুল যেমন, কৃশ তনু দুঃখী মন উদাস বদন।
পুর নর নারী সবে কহে পরস্পর, দেখ দৈব পণ্ড করে উৎসব সুন্দর ॥
,, ৩ বদ্ধ হস্তে শির হানি শোক করে সবে, আকুলিত যেন পক্ষী পক্ষহীন যবে।
নৃপ দরবারে হয় প্রচণ্ড জনতা, বর্ণনা না হয় সেই শোক ব্যাকুলতা ॥
,, ৪ উঠায় বসান মন্ত্রী নৃপে সাবধানে, রাম উপস্থিতি কহে মধুর বচনে।
সীতা সহ দুই পুত্রে দেখিয়া রাজন, অতীব ব্যাকুল হ'য়ে পড়েন তখন ॥

দো০ ৭৪ সুন্দর উভয় পুত্রে সীতার সহিত, দেখিয়া না মিটে আশ হইল ব্যথিত।
স্নেহের আধিক্য বশে সবে বারংবার, বুকেতে টানিয়া লন নৃপ আপনার ॥
চৌ ১ মুখে বাক্য নাহি সরে বিকল নৃপতি, হৃদয়ে দারুণ দাহ হেতু শোক অতি।
পিতার চরণে শির রাখি অনুরাগে, বিদায় তাহার কাছে রঘুবীর মাগে ॥
,, ২ আদেশ আশিস পিতা মোরে দিন এবে, আনন্দ সময়ে পিতঃ দুঃখ কেন হবে।
কর্তব্য লঙ্ঘিলে পিতঃ প্রিয় প্রেম বশে, যশ লুপ্ত হ'য়ে বিশ্ব ভরে অপযশে ॥
,, ৩ শুনি স্নেহ বশে উঠি বসে নরনাথ, রঘুনাথে বসালেন ধরি তাঁর হাত।
শুন বৎস মুনিগণ গায় অবিরাম, স্থাবর জঙ্গম স্বামী রঘুপতি রাম ॥
,, ৪ শুভ ও অশুভ যত কর্ম অনুসারে, ঈশ্বর বিচার করি ফলদান করে।
যেরূপ যে কর্ম করে পায় ফল সেই, বেদের বিধান ইহা কহে সকলেই ॥
দো০ ৭৫ অপরাধ করে এক ফল পায় আর, বিচিত্র বিধান কেবা জানে দেবতার।

চৌ০ ১ রায়ঁ রাম রাখন হিত লাগী, বহুত উপায় কিএ ছলু ত্যাগী।
লখী রাম রুখ রহত না জানে, ধরম ধুরন্ধর ধীর সয়ানে॥
„ ২ তব নৃপ সীয় লাই উর লীহ্নী, অতি হিত বহুত ভাঁতি সিখ দীহ্নী।
কহি বন কে দুখ দুসহ সুনাএ, সাসু সসুর পিতু সুখ সমুঝাএ॥
„ ৩ সিয় মনু রাম চরন অনুরাগা, ঘরু ন সুগমু বনু বিষমু ন লাগা।
ঔরউ সবহিঁ সীয় সমুঝাঈ, কহি কহি বিপিন বিপতি অধিকাঈ॥
„ ৪ সচিব নারি গুর নারী সয়ানী, সহিত সনেহ কহহিঁ মৃদু বানী।
তুহ্ম কহুঁ তৌ ন দীহ্ন বনবাসূ, করহু জো কহহিঁ সসুর গুর সাসূ॥

দো০ ৭৬ সিখ সীতলি হিত মধুর মৃদু, সুনি সীতহি ন সোহানি।
সরদ চন্দ চন্দিনি লগত, জনু চকঈ অকুলানি॥

চৌ০ ১ সীয় সকুচ বস উতরু ন দেঈ, সো সুনি তমকি উঠী কৈকেঈ।
মুনি পট ভূষন ভাজন আনী, আগেঁ ধরি বোলী মৃদু বানী॥
„ ২ নৃপহি প্রানপ্রিয় তুহ্ম রঘুবীরা, সীল সনেহ ন ছাড়িহি ভীরা।
সুকৃতু সুজসু পরলোকু নসাউ, তুহ্মহি জান বন কহহি ন কাউ॥
„ ৩ অস বিচারি সোই করহু জো ভারা, রাম জননি সিখ সুনি সুখ পারা।
ভূপহি বচন বানসম লাগে, করহিঁ ন প্রান পয়ান অভাগে॥
„ ৪ লোগ বিকল মুরুছিত নরনাহূ, কাহ করিঅ কছু সূঝ ন কাহূ।
রামু তুরত মুনি বেষু বনাঈ, চলে জনক জননিহি সিরু নাঈ॥

দো০ ৭৭ সজি বন সাজু সমাজু সবু, বনিতা বন্ধু সমেত।
বন্দি বিপ্র গুর চরন প্রভু, চলে করি সবহি অচেত॥

রামের বন-গমন

চৌ০ ১ নিকসি বসিষ্ঠ দ্বার ভএ ঠাঢ়ে, দেখে লোগ বিরহ দব দাঢ়ে।
কহি প্রিয় বচন সকল সমুঝাএ, বিপ্র বৃন্দ রঘুবীর বোলাএ॥
„ ২ গুর সন কহি বরষাসন দীহ্নে, আদর দান বিনয় বস কীহ্নে।
জাচক দান মান সন্তোষে, মীত পুনীত প্রেম পরিতোষে॥
„ ৩ দাসীঁ দাস বোলাই বহোরী, গুরহি সৌঁপি বোলে কর জোরী।
সব কৈ সার সঁভার গোসাঈ, করবি জনক জননী কী নাঈ॥
„ ৪ বারহিঁ বার জোরি জুগ পানী, কহত রামু সব সন মৃদু বানী।
সোই সব ভাঁতি মোর হিতকারী, জেহি তেঁ রহৈ ভুআল সুখারী॥

দো০ ৭৮ মাতু সকল মোরে বিরহঁ, জেহিঁ ন হোহিঁ দুখ দীন।
সোই উপায় তুহ্ম করেহু সব, পুর জন পরম প্রবীন॥

চৌ ১ রামে রাখিবার হেতু কত না উপায়, অকপটে করিলেন নরনাথ হায়।
রাম প্রতি চাহি বোঝে রহিবেনা রাম, ধর্ম ধুরন্ধর ধীর তিনি বুদ্ধিমান ॥
„ ২ সীতারে লইয়া বুকে তখনি নৃপতি, উপদেশ দেন তাঁরে স্নেহ সাথে অতি।
শুনালেন তারে সবে বনবাস দুখ, শ্বশুর শাশুড়ী পিতা গৃহে বাস সুখ ॥
„ ৩ সীতা মন রাম পদে অনুরাগী রয়, গৃহে ভাল নাহি লাগে বনে নাহি ভয়।
অপর সকলে কহে সীতারে তখন, অধিক বিপদ বার্তা বনে সর্বক্ষণ ॥
„ ৪ মন্ত্রী পত্নী গুরু পত্নী জ্ঞানী বুদ্ধিমতী, কোমল বচনে কহে স্নেহ ভরে অতি।
তব লাগি বনবাস কেহ কহে নাই, শ্বশুর শাশুড়ী যাহা কহে কর তাই ॥

দো০ ৭৬ শীতল মধুর মৃদু হিত উপদেশ, শুনিয়া আকুল সীতা হইল বিশেষ।
শরচ্চন্দ্রের জ্যোৎস্না নিরখি যেমতি, চখা চখী হয় দোঁহে ব্যাকুলিত অতি ॥
চৌ ১ উত্তর না দেন সীতা সঙ্কোচ বশত, ইহা দেখি ক্রোধভরে কৈকেয়ী উদিত।
মুনিবেশ জপমালা ভিক্ষা পাত্র আনি, রামের সমুখে রাখি কহে মৃদু বাণী ॥
„ ২ প্রাণের অধিক প্রিয় তুমি যে রাজার, স্নেহের স্বভাব ভীরু ছাড়িবে না তার।
কীর্তি যশ পরলোক সব যদি যায়, বলিবে না বনে যেতে তথাপি তোমায় ॥
„ ৩ ইহাই বিচারি কর মনে যাহা ভাল, জননীর শিক্ষা রামে ভালই লাগিল।
নৃপ বুকে এ বচন বাণ সম হায়, ভাবে মনে প্রাণ কেন এখনো না যায় ॥
„ ৪ শোকেতে ব্যাকুল নৃপ হলেন মূর্ছিত, কেহ নাহি বোঝে এবে কি করা উচিত।
মুনিবেশ করি ত্বরা অতঃপর রাম, চলে পিতা-মাতা পদে করিয়া প্রণাম ॥

দো০ ৭৭ ভার্যা ও ভ্রাতার সাথে আর যাহা যাহা, বনবাস যোগ্য দ্রব্য গুছাইয়া তাহা।
গুরুর চরণ বন্দি নমি ব্রাহ্মণেরে, চলিলেন অভিভূত করিয়া সবারে ॥

রামের বন-গমন

চৌ ১ নিষ্ক্রান্ত হইয়া গুরু বশিষ্ঠের দ্বারে, দাঁড়াইয়া দেখিলেন কাতারে কাতারে।
বিরহ অগ্নিতে লোক জ্বলিছে বিপাকে, সবারে বুঝায়ে রাম বিপ্রগণে ডাকে ॥
„ ২ গুরুরে কহিয়া ভোজ্য বৎসরের তরে, বিনয়ে আদরে দেন প্রেমে বশ করে।
সন্তুষ্ট করেন দানে যাচক-গণেরে, পুণ্য প্রেমে পরিতুষ্ট করেন নিজেরে ॥
„ ৩ দাস দাসী ডাকি পুনঃ সঁপিয়া গুরুরে, কহিলেন রামচন্দ্র তবে করজোড়ে।
পিতার মাতার সম হে গুরু গোঁসাই, রক্ষা কোরো ইহাদের তুমি সর্বদাই ॥
„ ৪ বার বার যুক্ত করি তার যুগ্ম পাণি, সবারে কহেন রাম অতি মৃদু বাণী।
মহারাজ রহিবেন সুখে যে প্রকারে, সর্বভাবে পরিতুষ্ট করিবে আমারে ॥
দো০ ৭৮ আমার বিহনে শোকে মোর মাতাগণ, শোক দুঃখে মোহ মান যাতে নাহি হন।
পরম প্রবীণ মোর পুরবাসী সব, করুন সেরূপ কিছু উপায় উদ্ভব ॥

চৌ০ ১ এহি বিধি রাম সবহি সমুঝারা, গুর পদ পদুম হরষি সিরু নারা।
গনপতি গৌরি গিরীসু মনাঈ, চলে অসীস পাই রঘুরাঈ ॥
„ ২ রাম চলত অতি ভয়উ বিষাদূ, সুনি ন জাই পুর আরত নাদূ।
কুসগুন লঙ্ক অরধ অতি সোকূ, হরষ বিষাদ বিবস সুরলোকূ ॥
„ ৩ গই মুরুছা তব ভূপতি জাগে, বোলি সুমন্ত্র কহন অস লাগে।
রামু চলে বন প্রান ন জাহীঁ, কেহি সুখ লগি রহত তনু মাহীঁ ॥
„ ৪ এহি তেঁ করন ব্যথা বলরানা, জো দুখু পাই তজহিঁ তনু প্রানা।
পুনি ধরি ধীর কহই নরনাহূ, লৈ রথু সঙ্গ সখা তুম্হ জাহূ ॥

দো০ ৭৯ সুঠি সুকুমার কুমার দোউ, জনকসুতা সুকুমারি।
রথ চঢ়াই দেখরাই বনু, ফিরেহু গএঁ দিন চারি ॥

চৌ০ ১ জৌঁ নাহঁ ফিরহিঁ ধীর দোউ ভাঈ, সত্যসন্ধ দৃঢ়ব্রত রঘুরাঈ।
তৌ তুম্হ বিনয় করেহু কর জোরী, ফেরিঅ প্রভু মিথিলেসকিসোরী ॥
„ ২ জব সিয় কানন দেখি ডেরাঈ, কহেহু মোরি সিখ অবসরু পাঈ।
সাসু সসুর অস কহেউ সঁদেসূ, পুত্রি ফিরিঅ বন বহুত কলেসূ ॥
„ ৩ পিতুগৃহ কবহুঁ কবহুঁ সসুরারী, রহেহু জহাঁ রুচি হোই তুম্হারী।
এহি বিধি করেহু উপায় কদম্বা, ফিরই ত হোই প্রান অবলম্বা ॥
„ ৪ নাহিঁ ত মোর মরনু পরিনামা, কছু ন বসাই ভএঁ বিধি বামা।
অস কহি মুরুছি পরা মহি রাউ, রামু লখনু সিয় আনি দেখাউ ॥

দো০ ৮০ পাই রজায়সু নাই সিরু, রথু অতি বেগ বনাই।
গয়উ জহাঁ বাহের নগর, সীয় সহিত দোউ ভাই ॥

চৌ০ ১ তব সুমন্ত্র নৃপ বচন সুনাএ, করি বিনতী রথ রামু চঢ়াএ
চঢ়ি রথ সীয় সহিত দোউ ভাঈ, চলে হৃদয় অবধহি সিরু নাঈ ॥
„ ২ চলত রামু লখি অবধ অনাথা, বিকল লোগ সব লাগে সাথা।
কৃপাসিন্ধু বহুবিধি সমুঝাবহিঁ, ফিরহিঁ প্রেম বস পুনি ফিরি আবহিঁ ॥
„ ৩ লাগতি অবধ ভয়াবনি ভারী, মানহুঁ কালরাতি অঁধিআরী।
ঘোর জন্তু সম পুর নর নারী, ডরপহিঁ একহি এক নিহারী ॥
„ ৪ ঘর মসান পরিজন জনু ভূতা, সুত হিত মীত মনহুঁ জমদূতা।
বাগন্হ বিটপ বৈলি কুম্হিলাহীঁ, সরিত সরোবর দেখি ন জাহী ॥

দো০ ৮১ হয় গয় কোটিন্হ কেলিমৃগ, পুরপসু চাতক মোর।
পিক রথাঙ্গ সুক সারিকা, সারস হংস চকোর ॥

চৌ০ ১ রাম বিয়োগ বিকল সব ঠাঢ়ে, জহঁ তহঁ মনহুঁ চিত্র লিখি কাঢ়ে।
নগরু সকল বনু গহবর ভারী, খগ মৃগ বিপুল সকল নর নারী ॥

চৌ ১ এ প্রকারে সকলেরে বুঝাইয়া রাম, গুরু পাদপদ্মে করে আনন্দে প্রণাম।
প্রার্থনা করিয়া গৌরী গণপতি শিবে, আশীর্বাদ লাভ করি চলিলেন তবে॥

,, ২ চলিলেন রাম যবে বিষাদ ছড়ায়, অযোধ্যার আর্তনাদ শুনা নাহি যায়।
লঙ্কাতে অশুভ চিহ্নে অযোধ্যার শোকে, সুখ দুঃখে মোহ্য-মান সবে সুরলোকে॥

,, ৩ মূর্চ্ছা অন্তে নরপতি যখনি জাগিল, সুমন্ত্রে ডাকিয়া কহে কেন এই হল।
রাম বনে যায় তবু আছে প্রাণ মোর, কি সুখ লাগিয়া তনু রাখিল ঈশ্বর॥

,, ৪ এর চেয়ে বলবতী কোন ব্যথা আর, প্রাণ ত্যাগ করে দেহ দুঃখেতে যাহার।
ধৈর্য ধরি নরনাথ কহিলেন তবে, রথ ল'য়ে তুমি সখা সাথে তার যাবে॥

দোঃ ৭৯ সুকুমার দুই পুত্রে সীতা সুকুমারী, রথে ল'য়ে যাবে তুমি তব সঙ্গে করি।
অরণ্য দেখায়ে তবে দিন চারি পরে, ফিরিয়া আসিও তুমি সবে ল'য়ে ঘরে॥

চৌ ১ দুই ভ্রাতা যদি নাহি ফিরিবারে চায়, সত্যনিষ্ঠ দৃঢ় ব্রত রাম রঘু রায়॥
বিনয়ে কহিবে তুমি দুই কর জুড়ি, ফিরাইয়া দিন প্রভু মিথিলা কুমারী॥

,, ২ সীতা যবে ভীত হবে দেখি বন ঘোর, স্মরণ করা'য়ো তারে উপদেশ মোর।
শ্বশুর শাশুড়ী এই অনুরোধ করে, অরণ্য ভীষণ পুত্রী ফিরে এসো ঘরে॥

,, ৩ পিতৃগৃহে কখনো বা শ্বশুরের ঘরে, যথা ইচ্ছা থেকো তুমি পরম আদরে।
এই ভাবে নানাবিধ করিবে উপায়, অবলম্ব হবে মোর আনিলে সীতায়॥

,, ৪ নতুবা মরণ মোর হবে পরিণাম, ভাগ্য মোর বশ নহে বিধি মোর বাম।
আনিয়া দেখাও রাম সীতা লক্ষ্মণেরে, কহি ইহা মূর্চ্ছা যায় নৃপ ভূমি পরে॥

দোঃ ৮০ রাজার আদেশ পাই নত করি শির, রথ সজ্জা করি ত্বরা হইল বাহির।
চলিল নগর প্রান্তে দুই ভাই যেথা, সীতা সহ অবস্থান করিতেছে তথা॥

চৌ ১ সুমন্ত্র রাজার বাক্য শুনালেন তবে, বিনতি করিয়া রথে তুলিলেন সবে।
রথে চড়ি দুই ভাই জানকীর সাথে, চলিলেন অযোধ্যারে প্রণমি' মনেতে॥

,, ২ অযোধ্যা অনাথ দেখি রামের বিহনে, বিকল হইয়া চলে সবে রাম সনে।
কৃপাসিন্ধু বহু ভাবে বুঝাইলে ফিরে, পুনরায় প্রেম বশে ফিরে আসে ধীরে॥

,, ৩ অযোধ্যা ভীষণ লাগে সবাকার মনে, মনে হয় কাল রাত্রি অন্ধকার সনে।
মনে হয় ঘোর জন্তু পুর নর নারী, একে দেখি অপরের ভয় সবাকারি॥

,, ৪ ভবন শ্মশান যেন পরিজন ভূত, পুত্র মিত্র হিতকারী যেন যমদূত।
উদ্যানে শুখায় যায় যত বৃক্ষ লতা, দেখা নাহি যায় নদী সরোবর তথা॥

দোঃ ৮১ হস্তী অশ্ব কোটি কোটি ক্রীড়া মৃগ যত, ময়ূর চাতক আর পুর পশু শত।
চখা চখী পিক শুক সারিকারা আর, চকোর সারস হংস যত পরিবার॥

চৌ ১ রামের বিয়োগে হল ব্যাকুল সকলে, যত্র তত্র চিত্রাপিত রহে দলে দলে।
নগর অরণ্য রূপে প্রতিভাত হেন, নর নারী পশু পক্ষী একাকার যেন॥

চৌ ২ বিধি কৈকেঈ কিরাতিনি কীহ্নী, জেহিঁ দর দুসহ দসহুঁ দিসি দীহ্নী।
সহি ন সকে রঘুবর বিরহাগী, চলে লোগ সব ব্যাকুল ভাগী ॥
„ ৩ সবহিঁ বিচারু কীহ্ন মন মাহীঁ, রাম লখন সিয় বিনু সুখু নাহীঁ।
জহঁা রামু তহঁ সবুই সমাজূ, বিনু রঘুবীর অরধ নহিঁ কাজূ ॥
„ ৪ চলে সাথ অস মন্ত্রু দৃঢ়াঈ, সুর দুর্লভ সুখ সদন বিহাঈ।
রাম চরন পঙ্কজ প্রিয় জিহ্নহী, বিষয় ভোগ বস করহিঁ কি তিহ্নহী ॥
দো০ ৮২ বালক বৃদ্ধ বিহাই গৃহঁ, লগে লোগ সব সাথ।
তমসা তীর নিবাসু কিয়, প্রথম দিবস রঘুনাথ ॥
চৌ০ ১ রঘুপতি প্রজা প্রেমবস দেখী, সদয় হৃদয় দুখু ভয়উ বিসেষী।
করুণাময় রঘুনাথ গোসাঁঈ, বেগি পাইঅহিঁ পীর পরাঈ ॥
„ ২ কহি সপ্রেম মৃদু বচন সুহাএ, বহুবিধি রাম লোগ সমুঝাএ।
কিএ ধরম উপদেস ঘনেরে, লোগ প্রেম বস ফিরহিঁ ন ফেরে ॥
„ ৩ সীলু সনেহু ছাড়ি নহিঁ জাঈ, অসমঞ্জস বস ভে রঘুরাঈ।
লোগ সোগ শ্রম বস গএ সোঈ, কছুক দেবমায়াঁ মতি মোঈ ॥
„ ৪ জবহিঁ জাম জুগ জামিনি বীতী, রামসচিব সন কহেউ সপ্রীতী।
খোজ মারি রথু হাঁকহু তাতা, আন উপায়ঁ বনিহি নহিঁ বাতা ॥
দো০ ৮৩ রাম লখন সিয় জান চঢ়ি, সম্ভু চরন সিরু নাই।
সচিবঁ চলায়উ তুরত রথু, ইত উত খোজ দুরাই ॥
চৌ০ ১ জাগে সকল লোগ ভএঁ ভোরু, গে রঘুনাথ ভয়উ অতি সোরু।
রথ কর খোজ কতহুঁ নহিঁ পাবহি, রাম রাম কহি চহুঁ দিসি ধাবহি ॥
„ ২ মনহুঁ বারিনিধি বূড় জহাজূ, ভয়উ বিকল বড় বনিক সমাজূ।
একহি এক দেহিঁ উপদেসূ, তজে রাম হম জানি কলেসূ ॥
„ ৩ নিন্দহিঁ আপু সরাহহিঁ মীনা, ধিগ জীবনু রঘুবীর বিহীনা।
জৌঁ পৈ প্রিয় বিয়োগু বিধি কীহ্না, তৌ কস মরনু ন মাগেঁ দীহ্না ॥
„ ৪ এহি বিধি করত প্রলাপ কলাপা, আএ অবধ ভরে পরিতাপা।
বিষম বিয়োগু ন জাই বখানা, অবধি আস সব রাখহিঁ প্রানা ॥
দো০ ৮৪ রাম দরস হিত নেম ব্রত, লগে করন নর নারি।
মনহুঁ কোক কোকী কমল, দীন বিহীন তমারি ॥
চৌ০ ১ সীতা সচিব সহিত দোউ ভাঈ, সৃঙ্গবেরপুর পহুঁচে জাঈ।
উত্তরে রাম দেবসরি দেখী, কীহ্ন দণ্ড বত হরষু বিসেষী ॥

চৌ ২ কৈকেয়ী ব্যাধিনী যেন বিধাতা করিল, দাবানল সম দুঃখ দশ দিকে দিল।
রামের বিরহ অগ্নি সহিতে না পারে, ব্যাকুল সকল লোক পলায়ন করে ॥
,, ৩ সকলে বিচার করে নিজ মনে চাহি, শ্রীরাম লক্ষ্মণ সীতা বিনা সুখ নাহি।
যেথা রাম আমাদের সেথাই সমাজ, রাম বিনা অযোধ্যায় নাহি কোন কাজ ॥
,, ৪ এরূপ দৃঢ়তা চিত্তে ল'য়ে লোক সব, সাথে চলে ত্যজি গৃহ দেবতা দুর্লভ।
রামের চরণ পদ্ম কাছে টানে যারে, পারে কি বিষয় ভোগ বশ করিবারে ॥
দো০ ৮২ বাল বৃদ্ধ সর্বলোক গৃহ ত্যাগ করি, সাথে সাথে চলে সবে রাম সঙ্গ ধরি।
প্রথম দিবসে রাম বন পথ ধরে, তমসা নদীর তীরে অবস্থান করে ॥
চৌ ১ প্রজাগণে প্রেমবশ দেখি রঘুপতি, সদয় হৃদয়ে তাঁর হয় দুঃখ অতি।
কৃপাসিন্ধু রঘুনাথ পরম গোঁসাই*, অপরের মনঃপীড়া শীঘ্র প্রাপ্ত হই' ॥
,, ২ কহিলেন প্রেম ভরে কোমল বচনে, বহুবিধ বোঝালেন প্রতি জনে জনে।
ধর্ম উপদেশ দেন বহু প্রকারেতে, প্রেম বশে কেহ নাহি চাহে ফিরে যেতে ॥
,, ৩ স্নেহের স্বভাব কেহ ত্যাগ নাহি করে, বিপাকে ফেলিল ইহা রাম রঘুবরে।
পথ শ্রান্ত হ'য়ে লোকে করিল শয়ন, দেবমায়া মোহে চিত্ত মুদিত নয়ন ॥
,, ৪ দ্বিতীয় প্রহর রাত্রি হইল যখন, সুমন্ত্রে কহেন রাম সপ্রেমে তখন।
এরূপে চালাও রথ চক্র চিহ্ন তাত, নষ্ট হয় আর কিছু পথ দেখিনা ত ॥
দো০ ৮৩ শ্রীরাম লক্ষ্মণ সীতা উঠে রথোপরি, শঙ্কর চরণ পদ্মে শির নত করি।
সুমন্ত্র চালাল রথ বেগে ইতস্ততঃ, বুঝিতে না পারে যাতে চক্র চিহ্ন যত ॥
চৌ ১ প্রত্যুষে যখন জাগি দেখিল সকলে, রঘুনাথ গেছে চলি মাতে হট্টগোলে।
রথের ঠিকানা কিছু না পেয়ে তখন, হা রাম চিৎকার করি করে অন্বেষণ ॥
,, ২ মনে হল বারিধিতে ডুবেছে জাহাজ, ভয়েতে বিকল যেন বণিক সমাজ।
একে দেয় অপরেরে এই উপদেশ, রাম ত্যজে আমাদের জানি হবে ক্লেশ ॥
,, ৩ নিজ নিন্দা করে তারা প্রশংসিয়া মীনে**, ধিক্ ধক্ জীবনেরে রামের বিহনে।
প্রিয়ের বিয়োগ দেন যে বিধাতা হেন, চাহিলেও নাহি দেন মরণেরে কেন ॥
,, ৪ এরূপ প্রলাপ বাণী কহিতে কহিতে, আযোধ্যায় ফিরে আসে পরিতাপ সাথে।
বিয়োগ ব্যথার সেই না যায় বাখান, বনবাস শেষাবধি সবে রাখে প্রাণ ॥
দো০ ৮৪ রামের দর্শন লাগি যত নর নারী, নিয়ম পালন করি হল ব্রতধারী।
দুঃখী চখা চখী আর সরসিজ যথা, তপন বিহীনে দীন পায় মলিনতা ॥
চৌ ১ সুমন্ত্র সহিত সীতা আর দুই ভাই, শৃঙ্গবের পুর যেথা পঁহুছিল যাই।
দেব নদী গঙ্গা দেখি উতরিল রাম, আনন্দিত হ'য়ে অতি করিল প্রণাম ॥

* গো, ইন্দ্রিয়, সাঁই=স্বামী, পরম গোঁসাই=সর্বশ্রেষ্ঠ জিতেন্দ্রিয়।

** জল বিনা মৎস্য বাঁচিতে পারে না।

শৃঙ্গবেরপুরে আগমন ও নিষাদদের সেবা

চৌ ২ লখন সচিবঁ সিয়ঁ কিএ প্রনামা, সবহি সহিত সুখু পায়উ রামা।
গঙ্গ সকল মুদ মঙ্গল মূলা, সব সুখ করনি হরনি সব সূলা॥
„ ৩ কহি কহি কোটিক কথা প্রসঙ্গা, রামু বিলোকহিঁ গঙ্গ তরঙ্গা।
সচিবহি অনুজহি প্রিয়হি সুনাঈ, বিবুধ নদী মহিমা অধিকাঈ॥
„ ৪ মজ্জনু কীহ্ন পন্থ শ্রম গয়উ, সুচি জলু পিঅত মুদিত মন ভয়উ।
সুমিরত জাহি মিটই শ্রম ভারূ, তেহি শ্রম য়হ লৌকিক ব্যবহারূ॥
দো॰ ৮৫ সুদ্ধ সচ্চিদানন্দময়, কন্দ ভানুকুল কেতু।
চরিত করত নর অনুহরত, সংসৃতি সাগর সেতু॥
চৌ॰ ১ য়হ সুধি গুহঁ নিষাদ জব পাঈ, মুদিত লিএ প্রিয় বন্ধু বোলাঈ।
লিএ ফল মূল ভেণ্ট ভরি ভারা, মিলন চলেউ হিয়ঁ হরষু অপারা॥
„ ২ করি দণ্ডবত ভেণ্ট ধরি আগেঁ, প্রভুহি বিলোকত অতি অনুরাগেঁ।
সহজ সনেহ বিবস রঘুরাঈ, পূঁছী কুসল নিকট বৈঠাঈ॥
„ ৩ নাথ কুসল পদ পঙ্কজ দেখেঁ, ভয়উঁ ভাগভাজন জন লেখেঁ।
দেব ধরনি ধনু ধামু তুহ্মারা, মৈঁ জনু নীচু সহিত পরিবারা॥
„ ৪ কৃপা করিঅ পুর ধারিঅ পাউ, থাপিয় জনু সবু লোগু সিহাউ।
কহেহু সত্য সবু সখা সুজানা, মোহি দীহ্ন পিতু আয়সু আনা॥
দো॰ ৮৬ বরষ চারিদস বাসু বন, মুনি ব্রত বেষু অহারু।
গ্রাম বাসু নহিঁ উচিত সুনি, গুহহি ভয়উ দুখু ভারু॥
চৌ॰ ১ রাম লখন সিয় রূপ নিহারী, কহহিঁ সপ্রেম গ্রাম নর নারী।
তে পিতু মাতু কহহু সখি কৈসে, জিহ্ন পঠএ বন বালক ঐসে॥
„ ২ এক কহহিঁ ভল ভূপতি কীহ্না, লোয়ন লাহু হমহি বিধি দীহ্না।
তব নিষাদপতি উর অনুমানা, তরু সিংসুপা মনোহর জানা॥
„ ৩ লৈ রঘুনাথহি ঠাউঁ দেখাবা, কহেউ রাম সব ভাঁতি সুহাবা।
পুরজন করি জোহারু ঘর আএ, রঘুবর সন্ধ্যা করন সিধাএ॥
„ ৪ গুহঁ সঁবারি সাঁথরী ডসাঈ, কুস কিসলয়ময় মৃদুল সুহাঈ।
সুচি ফল মূল মধুর মৃদু জানী, দোনা ভরি ভরি রাখেসি পানী॥
দো ০৮৭ সিয় সুমন্ত্র ভ্রাতা সহিত, কন্দ মূল ফল খাই।
নয়ন কীহ্ন রঘুবংসমনি, পায় পলোটত ভাই॥

লক্ষ্মণ-নিষাদ সংবাদ

চৌ ০১ উঠে লখনু প্রভু সোবত জানী, কহি সচিবহি সোবন মৃদু বানী।
কছুক দূরি সজি বান সরাসন, জাগন লগে বৈঠি বীরাসন॥

শৃঙ্গবের পুরে আগমন ও নিষাদদের সেবা

চৌ ২ লক্ষ্মণ সুমন্ত্র সীতা করিল প্রণাম, সবা সাথে আনন্দিত হলেন শ্রীরাম।
সকল মঙ্গল আর আনন্দের মূল, সুখদাত্রী দুঃখ হরা গঙ্গা অনুকূল ॥

„ ৩ উপাখ্যান বহুবিধ কহিতে কহিতে, গঙ্গার তরঙ্গ রাম দেখে হৃষ্ট চিতে।
মন্ত্রীরে অনুজে কহে প্রিয়ারে তাঁহার, সুর-তরঙ্গিনী গঙ্গা মহিমা অপার ॥

„ ৪ অবগাহি গঙ্গাজলে পথশ্রম যায়, পবিত্র সলিল পানে মহানন্দ পায়।
রামের স্মরণ মাত্রে সর্ব শ্রম যায়, তারি শ্রম একি কথা, লোকাচার পায় ॥

দো ৮৫ সৎ চিৎ আনন্দের শ্রীরাম যে মূল, সূর্যবংশ অবতংস কেতু সমতুল।
নর আচরণ তার সে উদাহরণ, এ ভব সাগর পার করণ কারণ ॥

চৌ ১ গুহক নিষাদ যবে পাইল সংবাদ, ডাকিল আত্মীয় বন্ধু অতীব আহ্লাদ।
ভারী ভরি ভেট লয় ফলমূল যত, রামের দর্শন হেতু চলে হর্ষান্বিত ॥

„ ২ দণ্ডবৎ হ'য়ে ভেট রাখি অগ্রভাগে, নিরখে প্রভুর মুখ অতি অনুরাগে।
স্বভাব স্নেহেতে রাম অভিভূত হয়, কুশল জিজ্ঞাসা করি নিকটে বসায় ॥

„ ৩ পাদপদ্ম দেখি' নাথ কুশল সবার, ভাগ্যবান মধ্যে আমি যোগ্য গণনার।
এই ভূমি গৃহ ধন হে দেব তোমার, অধম সেবক আমি সহ পরিবার ॥

„ ৪ কৃপা করি পদধূলা দেহ মোর পুরে, ভাগ্যবান বলি' যাতে দাস কর মোরে।
যা কহেছো সবি সত্য সখা বুদ্ধিমান, পিতৃ আজ্ঞা অন্যরূপ কহেন শ্রীরাম ॥

দো ৮৬ বনবাস চতুর্দশ বরষ ধরিয়া, ব্রত বেশ মুনি মত আহার করিয়া।
গ্রামে বাস এ সময়ে উচিত না হয়, শুনিয়া গুহক দুঃখ পায় অতিশয় ॥

চৌ ১ রাম সীতা লক্ষ্মণের সে রূপ নেহারি, কহিল সপ্রেমে যত গ্রাম্য নর নারী।
ইহাদের পিতা-মাতা বল সখি বল, কিরূপে পাঠাল বনে বালক কেবল ॥

„ ২ কেহ কহে নরপতি করেছেন ভাল, নয়ন মোদের তাই পরিতৃপ্ত হল।
তখন নিষাদ পতি অনুমানি মনে, শিংশপা তরুর তল মনোহর জ্ঞানে ॥

„ ৩ রঘুনাথে ল'য়ে স্থান দেখালেন তারে, রাম কহে স্থান ভাল সকল প্রকারে।
বন্দনা করিয়া যায় পুরজন ঘরে, রঘুবর যান তবে সন্ধ্যা করিবারে ॥

„ ৪ গুহক আনিয়া কুশ মৃদু কুশলয়, করিল উত্তম শয্যা পাতি সমুদয়।
মিষ্ট মৃদু শুদ্ধ জানি ফলমূল যত, দোনায় ভরিয়া রাখে পরিপাটি মত ॥

দো ৮৭ সীতা ভ্রাতা সুমন্ত্রের সহিত তখন, রঘুবর ফলমূল করেন গ্রহণ।
শয়ন করেন যবে রঘুবংশ মণি, পদসেবা করে তার লক্ষ্মণ আপনি ॥

লক্ষ্মণ–নিষাদ সংবাদ

চৌ ১ রামচন্দ্রে নিদ্রামগ্ন জানিয়া লক্ষ্মণ, মন্ত্রীরে শুইতে বলে মৃদু সম্ভাষণ।
কিছুদূর গিয়া সাজি বাণ শরাসনে, জাগিয়া বসেন গিয়া নিজ বীরাসনে ॥

চৌ ২ গুহঁ বোলাই পাহরু প্রতীতী, ঠাবঁ ঠাবঁ রাখে অতি প্রীতী।
আপু লখন পহিঁ বৈঠেউ জাঈ, কটি ভাথী সর চাপ চঢ়াঈ॥
„ ৩ সোবত প্রভুহি নিহারি নিষাদূ, ভয়উ প্রেম বস হৃদয়ঁ বিষাদূ।
তনু পুলকিত জলু লোচন বহঈ, বচন সপ্রেম লখন সন কহঈ॥
„ ৪ ভূপতি ভবন সুভায়ঁ সুহারা, সুরপতি সদনু ন পটতর পারা।
মনিময় রচিত চারু চৌবারে, জনু রতিপতি নিজ হাথ সঁবারে॥

দো ০৮৮ সুচি সুবিচিত্র সুভোগময়, সুমন সুগন্ধ সুবাস।
পলঁগ মঞ্জু মনিদীপ জহঁ, সব বিধি সকল সুপাস॥
চৌ ০১ বিবিধ বসন উপধান তুরাঈ, ছীন ফেন মৃদু বিসদ সুহাঈ।
তহঁ সিয় রামু সয়ন নিসি করহীঁ, নিজ ছবি রতি মনোজ মৃদু হরহীঁ॥
„ ২ তে সিয় রামু সাধরী সোএ, শ্রমিত বসন বিনু জাহিঁ ন জোএ।
মাতু পিতা পরিজন পুরবাসী, সখা সুসীল দাস অরু দাসী॥
„ ৩ জোগবহিঁ জিন্হহি প্রান কী নাঈ, মহি সোবত তেই রাম গোসাঈ।
পিতা জনক জগ বিদিত প্রভাউ, সসুর সুরেস সখা রঘুরাউ॥
„ ৪ রামচন্দ পতি সো বৈদেহী, সোবত মহি বিধি বাম ন কেহী।
সিয় রঘুবীর কি কানন জোগূ, করম প্রধান সত্য কহ লোগূ॥

দো ০৮৯ কৈকয়নন্দিনি মন্দমতি, কঠিন কুটিলপনু কীন্হ।
জেহিঁ রঘুনন্দন জানকিহি, সুখ অবসর দুখু দীন্হ॥
চৌ ০১ ভই দিনকর কুল বিটপ কুঠারী, কুমতি কীন্হ সব বিস্ব দুখারী।
ভয়উ বিষাদু নিষাদহি ভারী, রাম সীয় মহি সয়ন নিহারী॥
„ ২ বোলে লখন মধুর মৃদু বানী, গ্যান বিরাগ ভগতি রস সানী।
কাহু ন কোউ সুখ দুখ করদাতা, নিজ কৃত করম ভোগ সবু ভ্রাতা॥
„ ৩ জোগ বিয়োগ ভোগ ভল মন্দা, হিত অনহিত মধ্যম ভ্রম ফন্দা।
জনমু মরনু জহঁ লগি জগ জালু, সম্পতি বিপতি করমু অরু কালূ॥
„ ৪ ধরনি ধামু ধনু পুর পরিবারূ, সরগু নরকু জহঁ লগি ব্যবহারূ।
দেখিঅ সুনিঅ গুনিঅ মন মাহীঁ, মোহ মূল পরমারথু নাহীঁ॥

দো ০৯০ সপনেঁ হোই ভিখারী নৃপু, রঙ্কু নাকপতি হোই।
জাগেঁ লাভু ন হানি কছু, তিমি প্রপঞ্চ জিয়ঁ জোই॥
চৌ ০১ অস বিচারি নহিঁ কীজিঅ রোসূ, কাহুহি বাদি ন দেইঅ দোসূ।
মোহ নিসাঁ সবু সোবনিহারা, দেখিঅ সপন অনেক প্রকারা॥

চৌ ২ বিশ্বাসী প্রহরীগণে গুহক তখন, স্থাপিল বিবিধ স্থানে প্রীতিতে মগন।
লক্ষ্মণের পার্শ্বে নিজে লইল আসন, কটিদেশে তূণ হস্তে বাণ শরাসন॥
„ ৩ এরূপে শুইতে দেখি প্রভুরে নিষাদ, প্রেম বশে বিচলিত হৃদয়ে বিষাদ।
পুলকিত হল তনু নেত্রে অশ্রু ঝরে, লক্ষ্মণের সাথে কথা কহে প্রীতিভরে॥
„ ৪ স্বভাবত মনোহর প্রাসাদ রাজার, ইন্দ্রপুরী নাহি হয় সমতুল্য যার।
মাণিক্যে রচিত গৃহ মনোহর অতি, নিজ হাতে সাজায়েছে যেন রতিপতি॥

দো ৮৮ পরিচ্ছন্ন নানা বর্ণে ভোগৈশ্বর্যময়, পুষ্প গন্ধে সুবাসিত যেই গৃহ হয়।
অপূর্ব পালঙ্ক মণিদীপ প্রজ্বলিত, সর্বভোগ সুখ যেথা সদা প্রকটিত॥
চৌ ১ শ্রেষ্ঠ উপাধান আর বসন নির্মল, দুগ্ধ ফেননিভ শুভ্র শয্যা সুকোমল।
সেই স্থানে রাম সীতা করিত শয়ন, রতি মদনের দর্প করিয়া হরণ॥
„ ২ সেই সীতা রাম শ্রান্ত কুশাদি বিছায়, বিনা আচ্ছাদনে শোয় দেখা নাহি যায়।
পিতা-মাতা পরিজন যত পুরবাসী, প্রিয় সখা সখী আর যত দাস দাসী॥
„ ৩ সযতনে রক্ষা করে প্রাণের সমান, ভূমি তলে শু'য়ে আজি সেই প্রভু রাম।
জনক যাঁহার পিতা বিখ্যাত সংসার, ইন্দ্রের পরম সখা শ্বশুর যাহার॥
„ ৪ আজ সে বৈদেহী হায় পতি যার রাম, ভূমিতে শয়ান বিধি কাহারে না বাম।
যোগ্য কভু রাম সীতা বনবাসে যান, সত্য বটে লোকে বলে কর্মই প্রধান॥

দো ৮৯ কেকয় নন্দিনী রাণী মন্দমতি তার, কুটিলতা করি করে অতি অবিচার।
রঘুনন্দনেরে আর জানকী মাতায়, সুখের সময় দিল অতি দুঃখ হায়॥
চৌ ১ সূর্যবংশ বৃক্ষে তাহা হইল কুঠার, কুমতি ভরিল দুঃখে এ বিশ্ব সংসার।
নিষাদ বিষাদময় হল অতিশয়, সীতা রামে ভূমিশায়ী দেখিয়া তথায়॥
„ ২ মৃদু মধু বাণী কহে লক্ষ্মণ তাহারে, জ্ঞান ও বৈরাগ্য ভক্তি রসে সিক্ত করে।
কেহ কারো নাহি হয় সুখ দুঃখ দাতা, কৃত কর্ম ফলভোগ সবে করে ভ্রাতা॥
„ ৩ মিলন বিচ্ছেদ ভোগ ভাল মন্দ সব, শত্রু মিত্র উদাসীন মায়াতে উদ্ভব।
জন্ম মৃত্যু ব্যবধানে সংসারের পাশ, সুযোগ দুর্যোগ কর্ম কালের নিশ্বাস॥
„ ৪ গৃহ ভূমি ধন পুর যত পরিবার, স্বরগ নরক ভোগ লোক ব্যবহার।
দেখিয়া শুনিয়া আর বিচারি মনেতে, পরমার্থ নাহি কিছু, মোহ মূল এতে॥

দো ৯০ স্বপনে ভিক্ষুক হয় সম্রাট যেমতি, দরিদ্র যেমন হয় স্বর্গ অধিপতি।
জাগ্রত হইলে যথা লাভ ক্ষতি নাই, সংসার প্রপঞ্চ তথা জানিবে সদাই॥
চৌ ১ ইহাই বিচারি মনে করিও না রোষ, অযথা কাহারো সখা নাহি দিও দোষ।
মোহ রাত্রি মাঝে সবে করিয়া শয়ন, বিবিধ প্রকার স্বপ্ন করে যে দর্শন॥

চৌ ২ এহি জগ জামিনি জাগহিঁ জোগী, পরমারথী প্রপঞ্চ বিয়োগী।
জানিঅ তবহিঁ জীব জগ জাগা, জব সব বিষয় বিলাস বিরাগা॥
„ ৩ হোই বিবেকু মোহ ভ্রম ভাগা, তব রঘুনাথ চরন অনুরাগা।
সখা পরম পরমারথু এহূ, মন ক্রম বচন রাম পদ নেহূ॥
„ ৪ রাম ব্রহ্ম পরমারথ রূপা, অবিগত অলখ অনাদি অনূপা।
সকল বিকার রহিত গতভেদা, কহি নিত নেতি নিরূপহিঁ বেদা॥
দো ০৯১ ভগত ভূমি ভূসুর সুরভি, সুর হিত লাগি কৃপাল।
করত চরিত ধরি মনুজ তনু, সুনত মিটহিঁ জগ জাল॥
চৌ ০১ সখা সমুঝি অস পরিহরি মোহূ, সিয় রঘুবীর চরন রত হোহূ।
কহত রাম গুন ভা ভিনুসারা, জাগে জগ মঙ্গল সুখদারা॥
„ ২ সকল সৌচ করি রাম নহারা, সুচি সুজান বট ছীর মগারা।
অনুজ সহিত সির জটা বনাএ, দেখি সুমন্ত্র নয়ন জল ছাএ॥
„ ৩ হৃদয়ঁ দাহু অতি বদন মলীনা, কহ কর জোরি বচন অতি দীনা।
নাথ কহেউ অস কোসলনাথা, লৈ রথু জাহু রাম কেঁ সাথা॥
„ ৪ বনু দেখাই সুরসরি অন্হবাঈ, আনেহু ফেরি বেগি দোউ ভাঈ।
লখনু রামু সিয় আনেহু ফেরী, সংসয় সকল সঁকোচ নিবেরী॥
দো ০৯২ নৃপ অস কহেউ গোসাইঁ জস, কহই করৌঁ বলি সোই।
করি বিনতী পায়ন্হ পরেউ, দীন্হ বাল জিমি রোই॥
চৌ ০১ তাত কৃপা করি কীজিঅ সোঈ, জাতেঁ অবধ অনাথ ন হোঈ।
মন্ত্রিহি রাম উঠাই প্রবোধা, তাত ধরম মতু তুম্হ সবু সোধা॥
„ ২ সিবি দধীচ হরিচন্দ নরেসা, সহে ধরম হিত কোটি কলেসা॥
রন্তিদেব বলি ভূপ সুজানা, ধরমু ধরেউ সহি সঙ্কট নানা॥
„ ৩ ধরমু ন দূসর সত্য সমানা, আগম নিগম পুরান বখানা।
মৈঁ সোই ধরমু সুলভ করি পারা, তজেঁ তিহূঁ পুর অপজসু ছারা॥
চৌ ৪ সম্ভারিত কহু অপজস লাহূ, মরন কোটি সম দারুন দাহূ।
তুম্হ সন তাত বহুত কা কহউঁ, দিএঁ উতরু ফিরি পাতকু লহউঁ॥
দো ০৯৩ পিতু পদ গহি কহি কোটি নতি, বিনয় করব কর জোরি।
চিন্তা কবনিহু বাত কৈ, তাত করিঅ জনি মোরি॥
চৌ ০১ তুম্হ পুনি পিতু সম অতি হিত মোরেঁ, বিনতী করউ তাত কর জোরেঁ।
সব বিধি সোই করতব্য তুম্হারেঁ, দুখু ন পাব পিতু সোচ হমারেঁ॥

চৌ ২ এ জগত যামিনীতে জাগরিত যোগী, ব্রহ্মজ্ঞানী বিরক্ত সে সংসার বিরাগী।
জগতে জাগিয়া জীব তখনি জানিবে, বিষয় বিলাসে যবে বিরাগ লভিবে ॥*

„ ৩ জ্ঞানের উদয় হলে ভ্রম মোহ যায়, তখনি শ্রীরাম পদে অনুরাগ হয়।
ইহাই পরম সখা পরমার্থ হেন, কায়মনোবাক্যে যবে রাম পদে প্রেম ॥

„ ৪ রামচন্দ্র পরমার্থ ব্রহ্মরূপ ময়, অনাদি ব্যাপক আর উপমা না হয়।
অগোচর অবিকার নাহি ভেদাভেদ, নেতি নিত্য কহি তারে নিরূপায় বেদ ॥

দো ৯১ ধরণী গোজাতি আর দেবতা ব্রাহ্মণ, ভক্তহিতে কৃপাময় নরদেহ লন।
যে খেলা খেলেন তিনি তাঁর লীলাছলে, সংসার বন্ধন যায় শ্রবণ করিলে ॥

চৌ ১ হে সখা বুঝিয়া ইহা মোহ পরিহর, রাম সীতা পাদপদ্ম সদা চিন্তা কর।
পোহাল শর্বরী গাহি রাম গুণ গান, বিশ্ব শুভ সুখদাতা করে গাত্রোত্থান ॥

„ ২ প্রাতঃকৃত্য সারি' রাম করিলেন স্নান, বট রস আনালেন শুদ্ধ বুদ্ধিমান।
অনুজ সহিত জটা শিরে করে চূড়া, সুমন্ত্রের দুই চক্ষে বহে অশ্রুধারা ॥

„ ৩ হৃদয় দহন অতি মলিন বদন, করজোড় করি দীন কহেন তখন।
হে নাথ কোশল পতি কহেন আমারে, রথ ল'য়ে রাম সাথে যাও ত্বরা করে ॥

„ ৪ অরণ্য দেখায়ে আর গঙ্গা স্নান সারি, ফিরায়ে আনিবে দুই ভায়ে তাড়াতাড়ি।
রাম সীতা লক্ষ্মণেরে আনিবে ফিরায়ে, ত্যজিয়া সঙ্কোচ আর সকল সংশয়ে ॥

দো ৯২ এইরূপ বলেছেন মোরে মহারাজ, হে নাথ করিব তব আজ্ঞা মত কাজ।
আত্ম সমর্পণে তার করিয়া বিনতি, কাঁদেন চরণে পড়ি বালক যেমতি ॥

চৌ ১ হে তাত করিয়া কৃপা করুন উপায়, অযোধ্যানগরী যাতে অনাথ না হয়।
প্রবোধ দিলেন রাম উঠায়ে মন্ত্রীরে, ধর্মতত্ত্ব সূক্ষ্ম তাত জান ভাল করে ॥

„ ২ হরিশ্চন্দ্র শিবি রাজা দধীচি সবার, ধর্ম হেতু ক্লেশ সহ্য অগাধ অপার।
রন্তিদেব বলি রাজা বিবেক কারণ, সঙ্কট সহেন ধর্ম করিয়া ধারণ ॥

„ ৩ সত্যের সমান ধর্ম দ্বিতীয় নাহি তা, বেদ ও পুরাণ কহে একই সে কথা।
সেই ধর্ম পাইয়াছি অতীব সুলভে, ত্যজি যদি ত্রিভুবনে অপযশ হবে ॥

„ ৪ অপযশ লভে যদি সম্মানিত কেহ, কোটি মৃত্যু সম হয় দারুণ সে দাহ।
তোমা সনে আমি তাত কি কব অধিক, ফিরিয়া উত্তর দিলে পাপ সমধিক ॥

দো ৯৩ পিতার চরণ ধরি কোটি নতি করি, কহিও বিনয়ে তারে দুই কর জুড়ি।
মোর বাক্য তাঁর পদে তুমি কৃপা করে, চিন্তা নাহি কোরো পিতঃ তুমি মোর তরে ॥

চৌ ১ পরম হিতৈষী মোর তুমি পিতৃসম, করজোড়ে কহি তাত এ বিনতি মম।
দেখিও তোমরা সবে কর্তব্য সমান, মোর তরে পিতা যেন দুঃখ নাহি পান ॥

---

* যা নিশা সর্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥ গীতা ২.৬৯

চৌ ২ সুনি রঘুনাথ সচির সম্বাদূ, ভয়উ সপরিজন বিকল নিষাদূ।
পুনি কছু লখন কহী কটু বানী, প্রভু বরজে বড় অনুচিত জানী ॥

„ ৩ সকুচি রাম নিজ সপথ দেৱাঈ, লখন সঁদেসু কহিঅ জনি জাঈ।
কহ সুমন্ত্র পুনি ভূপ সঁদেসূ, সহিন সকিহি সিয় বিপিন কলেসূ ॥

„ ৪ জেহি বিধি অৱধ আর ফিরি সীয়া, সোই রঘুবরহি তুম্হহি করনীয়া।
নতরু নিপট অৱলম্ব বিহীনা, মৈঁ ন জিঅব জিমি জল বিনু মীনা ॥

দো ০৯৪ মইকেঁ সসুরেঁ সকল সুখ, জবহিঁ জহাঁ মনু মান।
তহঁ তব রহিহি সুখেন সিয়, জব লগি বিপতি বিহান ॥

চৌ ০১ বিনতী ভূপ কীহ্ন জেহি ভাঁতী, আরতি প্রীতি ন সো কহি জাতী।
পিতু সঁদেসু সুনি কৃপানিধানা, সিয়হি দীহ্ন সিখ কোটি বিধানা ॥

„ ২ সাসু সসুর গুর প্রিয় পরিৱারূ, ফিরহু ত সব কর মিটৈ খভারূ।
সুনি পতি বচন কহতি বৈদেহী, সুনহু প্রানপতি পরম সনেহী ॥

„ ৩ প্রভু করুনাময় পরম বিবেকী, তনু তজি রহতি ছাঁদ কিমি ছেঁকী।
প্রভা জাই কহঁ ভানু বিহাঈ, কহঁ চন্দ্রিকা চন্দু তজি জাঈ ॥

„ ৪ পতিহি প্রেমময় বিনয় সুনাঈ, কহতি সচিৱ সন গিরা সুহাঈ।
তুম্হ পিতু সসুর সরিস হিতকারী, উতরু দেউঁ ফিরি অনুচিত ভারী ॥

দো ০৯৫ আরতি বস সনমুখ ভইউঁ, বিলগু ন মানব তাত।
আরজ সুত পদ কমল বিনু, বাদি জহাঁ লগি নাত ॥

চৌ ০১ পিতু বৈভৱ বিলাস মৈঁ ডীঠা, নৃপ মনি মুকুট মিলিত পদ পীঠা।
সুখ নিধান অস পিতু গৃহ মোরেঁ, পিয় বিহীন মন ভাৱ ন ভোরেঁ ॥

„ ২ সসুর চক্কৱই কোসলরাউ, ভুৱন চারিদস প্রগট প্রভাউ।
আগেঁ হোই জেহি সুরপতি লেঈ, অৱধ সিংঘাসন আসনু দেঈ ॥

„ ৩ সসুর এতাদৃস অৱধ নিবাসূ, প্রিয় পরিৱারু মাতু সম সাসূ।
বিনু রঘুপতি পদ পদুম পরাগা, মোহি কেউ সপনেহুঁ সুখদ ন লাগা ॥

„ ৪ অগম পন্থ বনভূমি পহারা, করি কেহরি সর সরিত অপারা।
কোল কিরাত কুরঙ্গ বিহঙ্গা, মোহি সব সুখদ প্রানপতি সঙ্গা ॥

দো ০৯৬ সাসু সসুর সন মোরি হুঁতি, বিনয় করবি পরি পায়ঁ।
মোর সোচু জানি করিঅ কছু, মৈঁ বন সুখী সুভায়ঁ ॥

চৌ ০১ প্রাননাথ প্রিয় দেৱর সাথা, বীর ধুরীন ধরেঁ ধনু ভাথা।
নহিঁ মগ শ্রমু ভ্রমু দুখ মন মোরেঁ, মোহি লগি সোচু করিঅ জনি ভোরেঁ ॥

„ ২ সুনি সুমন্ত্র সিয় সীতলি বানী, ভয়উ বিকল জনু ফনি মনি হানী।
নয়ন সূঝ নহিঁ সুনই ন কানা, কহি ন সকই কছু অতি অকুলানা ॥

চৌ॰ ২ রঘুনাথ সুমন্ত্রের কথোপকথন, শুনিয়া গুহক দুঃখী সহ পরিজন।
লক্ষ্মণ কহিল পুনঃ কিছু কটু বাণী, নিষেধ করেন প্রভু অনুচিত জানি॥

„ ৩ সসঙ্কোচে সুমন্ত্রেরে রাম দিব্য দেন, লক্ষ্মণের বাক্য যেন নৃপ না শোনেন।
সুমন্ত্র কহিল পুনঃ রাজার আদেশ, জানকীর সহ্য নাহি হবে বনক্লেশ॥

„ ৪ জানকী যাহাতে আসে অযোধ্যায় ফিরে, কর্তব্য তোমার তাহা আর রঘুবরে।
নতুবা মরিব আমি অবলম্ব বিনা, মৎস্য যথা জল বিনা জীবিত রহে না॥

দো॰ ৯৪ মাতা কিংবা শ্বশ্রূগৃহে সুখ বর্তমান, রহিতে পারিবে সীতা যেথা চাহে প্রাণ।
যতদিনে বিপত্তির হবে অবসান, ততদিন সেই গৃহে করিবে বিশ্রাম॥

চৌ॰ ১ অনুনয় করেছেন যেভাবে রাজন, প্রীতি আর্ত্তি তাঁর সেই না যায় বর্ণন।
পিতার মিনতি শুনি কৃপার নিধান, সীতারে করেন বহু উপদেশ দান॥

„ ২ শ্বশুর শ্বাশুড়ী গুরু প্রিয় পরিবার, তুমি গৃহে গেলে দুঃখ মিটিবে সবার।
পতির বচন শুনি কহেন বৈদেহী, প্রেমময় প্রাণপতি শুন যাহা কহি॥

„ ৩ কৃপাময় তুমি প্রভু অতি জ্ঞানবান, কায়া বিনা ছায়া কভু রয় বর্তমান।
প্রভা কি রহিতে পারে ভাস্কর বিহীন, জ্যোৎস্না কোথা যাবে বল হই' চন্দ্রহীন॥

„ ৪ প্রেমময় নিবেদন পতিরে শুনায়, মধুর বাক্যেতে তবে মন্ত্রীবরে কয়।
হিতকারী তুমি পিতা শ্বশুরের সম, প্রত্যুত্তর করি যদি অপরাধ মম॥

দো॰ ৯৫ অতি দুঃখে আসিয়াছি সম্মুখে তোমার, অপরাধ লইও না হে তাত আমার।
আর্যপুত্র পাদপদ্ম ত্যজি বিশ্বমাঝে, যা কিছু সম্বন্ধ আছে কিছু দেখি না যে॥

চৌ॰ ১ ঐশ্বর্য্য বিলাস মোর পিতার ভবনে, সর্ব নৃপ পদানত হইত যেখানে।
সুখের নিধান মোর পিতৃগৃহ এই, পতি বিনা মনে মোর পড়িতেছে কই॥

„ ২ রাজচক্রবর্তী হন শ্বশুর আমার, চতুর্দশ ভুবনেতে প্রসিদ্ধি যাঁহার।
স্বাগত করেন আসি ইন্দ্রদেব যাঁরে, অর্দ্ধ সিংহাসন দেন বসিবার তরে॥

„ ৩ এরূপ শ্বশুর মোর রাজা অযোধ্যার, শ্বশ্রূমাতা মাতৃসম প্রিয় পরিবার।
রঘুপতি পাদপদ্ম পরাগবিহীনে, স্বপনেও নাহি সুখ আমার জীবনে॥

„ ৪ অগম্য বনের পথ পর্বত কান্তার, হস্তী সিংহ সরোবর তটিনী অপার।
কুরঙ্গ বিহঙ্গ কোল ভীল নানা জাতি, সকলি সুখের যবে সঙ্গে প্রাণপতি॥

দো॰ ৯৬ শ্বশুর শ্বাশুড়ী সনে মোর হ'য়ে তাত, করিও বিনতি দোঁহে করি প্রণিপাত।
কিছু না করেন যেন চিন্তা মোর তরে, স্বভাবত রব সুখী বনের ভিতরে॥

চৌ॰ ১ প্রাণনাথ আর মোর দেবরের সাথে, বীর অগ্রগণ্য ধরি ধনুঃশর হাতে।
পথশ্রান্তি ভয় দুঃখ সব গেছে সরে, ভুলেও না করে যেন চিন্তা মোর তরে॥

„ ২ সুমন্ত্র শুনিয়া বাণী সীতার শীতল, মণিহারা ফণী যথা হইল বিকল।
নয়নে না দৃষ্টি রয় না শোনে কর্ণেতে, অতি ব্যাকুলিত কিছু না পারে কহিতে॥

চৌ ৩ রাম প্রবোধু কীহ্ন বহু ভাঁতী, তদপি হোতি নহিঁ সীতলি ছাতী।
জনত অনেক সাথ হিত কীহ্নে, উচিত উতর রঘুনন্দন দীহ্নে ॥
„ ৪ মেটি জাই নহি রাম রজাঈ, কঠিন করম গতি কছু ন বসাঈ।
রাম লখন সিয় পদ সিরু নাঈ, ফিরেউ বনিক জিমি মূর গবাঈ ॥
দো ০৯৭ রথু হাঁকেউ হয় রাম তন, হেরি হেরি হিহিনাহিঁ।
দেখি নিষাদ বিষাদ বস, ধুনহিঁ সীস পছিতাহিঁ ॥
চৌ ০১ জাসু বিয়োগ বিকল পসু ঐসেঁ, প্রজা মাতু পিতু জিইহহিঁ কৈসেঁ।
বরবস রাম সুমন্ত্রু পঠাএ, সুরসরি তীর আপু তব আএ ॥

শ্রীরামের গঙ্গা-উত্তরণ

„ ২ মাগী নাব ন কেবটু আনা, কহই তুম্হার মরমু মৈঁ জানা।
চরন কমল রজ কহু সবু কহঈ, মানুষ করনি মূরি কছু অহঈ ॥
„ ৩ ছুঅত সিলা ভই নারি সুহাঈ, পাহন তেঁ ন কাঠ কঠিনাঈ।
তরনিউ মুনি ঘরিনী হোই জাঈ, বাট পরই মোরি নাব উড়াঈ ॥
„ ৪ এহিঁ প্রতিপালউঁ সবু পরিবারূ, নহিঁ জানউঁ কছু অউর কবারূ।
জৌ প্রভু পার অবসি গা চহহূ, মোহি পদ পদুম পখারন কহহূ ॥
ছন্দ০ ৪ পদ কমল ধোই চঢ়াই নাব ন নাথ উতরাঈ চহৌঁ।
মোহি রাম রাউরি আন দসরথ সপথ সব সাচী কহৌঁ ॥
বরু তীর মারহু লখনু পৈ জব লগি ন পায় পখারিহৌঁ।
তব লগি ন তুলসীদাস নাথ কৃপাল পারু উতারিহৌঁ ॥
সো০ ৪ সুনি কেবট কে বৈন, প্রেম লপেটে অটপটে।
বিহসে করুনা ঐন, চিতই জানকী লখন তন ॥
চৌ ১ কৃপাসিন্ধু বোলে মুসুকাঈ, সোই করু জেহি তব নাব ন জাঈ।
বেগি আনু জল পায় পখারূ, হোত বিলম্বু উতারহি পারূ ॥
„ ২ জাসু নাম সুমিরত এক বারা, উতরহিঁ নর ভবসিন্ধু অপারা।
সোই কৃপালু কেবটহিঁ নিহোরা, জেহিঁ জগু কিয় তিহু পগহু তে থোরা ॥
„ ৩ পদ নখ নিরখি দেবসরি হরষী, সুনি প্রভু বচন মোহঁ মতি করষী।
কেবট রাম রজায়সু পাবা, পানি কঠবতা ভরি লেই আবা ॥
„ ৪ অতি আনন্দ উমগি অনুরাগা, চরন সরোজ পখারন লাগা।
বরষি সুমন সুর সকল সিহাহীঁ, এহি সম পুন্যপুঞ্জ কোউ নাহীঁ ॥
দো০ ৯৮ পদ পখারি জলু পান করি, আপু সহিত পরিবার।
পিতর পারু করি প্রভুহি পুনি, মুদিত গয়উ লেই পার ॥

চৌ• ৩ শ্রীরাম প্রবোধ দেন তারে বহুরূপে, তথাপি শীতল নাহি বক্ষ অনুতাপে।
অনেক যতন করে ফিরায়ে লইতে, উচিত উত্তর দেন শ্রীরাম তাহাতে ॥
„ ৪ রামের আদেশ নাহি পারে লঙ্ঘিবারে, কর্মের গহন গতি কেবা বশ করে।
রাম সীতা লক্ষ্মণের নমিয়া চরণে, ফিরিল বণিক যথা সর্বস্ব হরণে ॥
দো• ৯৭ চালনা করিল রথ সুমন্ত্র যেমনি, রাম পানে ফিরি অশ্ব করে হ্রেষাধ্বনি।
দেখিয়া বিষাদ হয় বিষাদে মগন, পরিতাপ করে শির হানিয়া তখন ॥
চৌ• ১ যাহার বিচ্ছেদে হয় পশু উচাটন, মাতা পিতা প্রজাদের রবে কি জীবন।
জোর করি ফিরালেন রাম সুমন্ত্রে, অনন্তর আনিলেন নিজে গঙ্গা তীরে ॥

শ্রীরামের গঙ্গা-উত্তরণ

চৌ• ২ নৌকা যবে চাহিলেন মাঝি মাথা নাড়ে, তব কীর্তি জানা আছে কহে বারে বারে।
তব পাদপদ্ম রজ সবে কহে জানি, মানুষ করণী মূল ঔষধ যেমনি ॥
„ ৩ স্পর্শমাত্র শিলা নিল মানবীর রূপ, প্রস্তর কাঠিন্য কাষ্ঠে নাহি কোনরূপ।
নৌকা মোর মুনিপত্নী যদি হ'য়ে যায় জীবিকা আমার যাবে হ'ব নিরুপায় ॥
„ ৪ এ প্রতিপালন করে সব পরিবার, আর কিছু নাহি আসে কাজ করিবার।
যদি প্রভু অবশ্যই যা'বেন ওপারে, আজ্ঞা দিন পাদপদ্ম ধৌত করিবারে ॥
ছ• ৪ চরণ কমল তব ধৌত করি তুলি লব, পারাণীর কড়ি নাহি চাই।
হে রাম দোহাই তব পিতার শপথ লব সত্য কহিতেছি ভাই ॥
লক্ষ্মণ সুতীক্ষ্ণ বাণে ভিন্ন করে যদি প্রাণে তাও ভাল সহি বাণ তার।
চরণ না ধৌত করি হে তুলসীদাস হরি তোমারে ত না করিব পার ॥
সো• ৪ মাঝির প্রলাপ শুনি প্রেম অনুমান, লক্ষ্মণ সীতার পানে চাহি হাসে রাম।

চৌ ১ কৃপাসিন্ধু রাম কহে মৃদু হাসি তায়, তাই কর যাতে তব নৌকা রক্ষা পায় ॥
ত্বরায় আনহ জল প্রক্ষালন সারি, ওপারে লইয়া চল বিলম্ব না করি ॥
„ ২ যার নাম স্মরণেতে শুধু একবার, অপার সে ভবসিন্ধু হয় সবে পার।
ত্রিলোক আবরি যাঁর তিন পদ ভরে, মাঝিরে প্রার্থনা করে সেই পার তরে ॥
„ ৩ প্রভু পদনখ দেখি গঙ্গা হরষিত, প্রভুর বচনে কিন্তু হইল মোহিত ।*
রাম আজ্ঞা লভি মাঝি আনিল তখন, সেঁউতিতে জল ভরি ধুইতে চরণ ॥
„ ৪ মহানন্দে অনুরাগে হইয়া মগন, চরণ কমল তাঁর করে প্রক্ষালন।
দেবগণ পুষ্পবৃষ্টি করে মুগ্ধ মনে, পুণ্যাত্মা ইহার সম নাহি কোন খানে।
দো• ৯৮ চরণ কমল ধুয়ে সেই জল পান, করিল স্বজনসহ অমৃত সমান।
পিতৃপুরুষেরে করি এরূপে উদ্ধার, আনন্দে প্রভুরে লয় গঙ্গার ওপার ॥

* প্রভু পার হইতে চাহিতেছেন শুনিয়া ভাবিতেছে এ বুঝি সে প্রভু নয়, সামান্য মানুষ।

চৌ ০১ উতরি ঠাঢ় ভএ সুরসরি রেতা, সীয় রামু গুহ লখন সমেতা।
কেরট উতরি দণ্ডবত কীহ্না, প্রভুহি সকুচ এহি নহিঁ কছু দীহ্না ॥
„ ২ পিয় হিয় কী সিয় জান নিহারী, মনি মুদরী মন মুদিত উতারী।
কহেউ কৃপাল লেহি উতরাঈ, কেবট চরন গহে অকুলাঈ ॥
„ ৩ নাথ আজু মৈঁ কাহ ন পারা, মিটে দোষ দুখ দারিদ দারা।
বহুত কাল মৈঁ কীহ্নি মজূরী, আজু দীহ্ন বিধি বনি ভলি ভূরী ॥
„ ৪ অব কছু নাথ ন চাহিঅ মোরেঁ, দীনদয়াল অনুগ্রহ তোরেঁ।
ফিরতী বার মোহি জো দেবা, সো প্রসাদু মৈঁ সির ধরি লেবা ॥

দো০ ৯৯ বহুত কীহ্ন প্রভু লখন সিয়ঁ, নহিঁ কছু কেবটু লেই।
বিদা কীহ্ন করুনায়তন, ভগতি বিমল বরু দেই ॥
চৌ০ ১ তব মজ্জনু করি রঘু কুলনাথা, পূজি পারথিব নায়উ মাথা।
সিয়ঁ সুরসরিহি কহেউ কর জোরী, মাতু মনোরথ পুরউবি মোরী ॥
„ ২ পতি দেবর সঁগ কুসল বহোরী, আই করৌঁ জেহিঁ পূজা তোরী।
সুন সিয় বিনয় প্রেম রস সানী, ভই তব বিমল বারি বর বানী ॥
„ ৩ সুনু রঘুবীর প্রিয়া বৈদেহী, তব প্রভাউ জগ বিদিত ন কেহী।
লোকপ হোহিঁ বিলোকত তোরেঁ, তোহি সেবহিঁ সব সিধি কর জোরেঁ ॥
„ ৪ তুম্হ জো হমহি বড়ি বিনয় সুনাঈ, কৃপা কীহ্নি মোহি দীহ্নি বড়াঈ।
তদপি দেবি মৈঁ দেবি অসীসা, সফল হোন হিত নিজ বাগীসা ॥

দো০ ১০০ প্রাননাথ দেবর সহিত, কুসল কোসলা আই।
পূজিহি সব মনকামনা, সুজসু রহিহি জগ ছাই ॥
চৌ ১ গঙ্গ বচন সুনি মঙ্গল মূলা, মুদিত সীয় সুরসরি অনুকূলা।
তব প্রভু গুহহি কহেউ ঘর জাহূ, সুনত সূখ মুখু ভা উর দাহূ
„ ২ দীন বচন গুহ কহ কর জোরী, বিনয় সুনহু রঘুকুলমনি মোরী।
নাথ সাথ রহি পন্থ দেখাঈ, করি দিন চারি চরন সেবকাঈ ॥
„ ৩ জহিঁ বন জাই রহব রঘুরাঈ, পরনকুটী মৈঁ করবি সুহাঈ।
তব মোহি কহঁ জসি দেব রজাঈ, সোই করিহউঁ রঘুবীর দোহাঈ ॥
„ ৪ সহজ সনেহ রাম লখি তাসূ, সঙ্গ লীহ্ন গুহ হৃদয় হুলাসূ।
সুনি গুহ গ্যাতি বোলি সব লীহ্নে, করি পরিতোষু বিদা তব কীহ্নে ॥

দো০ ১০১ তব গনপতি সির সুমিরি প্রভু, নাই সুরসরিহি মাথ।
সখা অনুজ সিয় সহিত বন, গবনু কীহ্ন রঘুনাথ ॥

চৌ০ ১ উত্তরিয়া গঙ্গা তটে বালুকা মগন, দাঁড়ালেন রাম সীতা গুহক লক্ষ্মণ।
উত্তরিয়া মাঝি তবে দণ্ডবৎ করে, রামের সঙ্কোচ কিছু দিলাম না এরে ॥

চৌ ২ রাম মনোভাব জানি জানকী তখন, মণিময় অঙ্গুরীয় খুলি হাতে লন।
রাম কহে মাঝি কর পারাণী গ্রহণ, পদতলে পড়ি মাঝি ধরিল চরণ ॥

„ ৩ কি না পাইয়াছি আমি আজিকে হে নাথ, মিটেছে দারিদ্র দুঃখ সব এক সাথ।
বহু কাল করিয়াছি মজুরাতে পার, আজ বিধি দেছে মোরে তৃপ্তি পূর্ণতার ॥

„ ৪ আজ কিছু নাহি চাহি হে প্রভু আমার, দীনের দয়াল দিও কৃপাই তোমার ॥
ফিরিবার কালে তুমি যাহা দেবে মোরে, সে প্রসাদ লব আমি মোর শিরোপরে ॥

দো০ ৯৯ রাম সীতা ও লক্ষ্মণ বহু ভাবে কয়, দেখান আগ্রহ তবু মাঝি নাহি লয় ॥
তখন বিদায় দেন কৃপাময় তারে, বরদানে অকপট ভক্তির সঞ্চারে ॥

চৌ ১ স্নান সমাপন করি রঘুকুল নাথ, শিবলিঙ্গ পূজা করি করে প্রণিপাত।
করজোড়ে গঙ্গা পূজি কহিলেন সীতা, পূর্ণ কর মনস্কাম তুমি মোর মাতা ॥

„ ২ পতি ও দেবর সাথে কুশলে ফিরিয়া, যেন পুনঃ করি পূজা তোমারে বরিয়া।
শুনি প্রেমরসে সিক্ত সীতার বচন, স্নিগ্ধ বারি হতে উঠে মধুর ভাষণ ॥

„ ৩ শুন রঘুবীর প্রিয়া বিদেহ কুমারী, কে না জানে এ জগতে মহিমা তোমারি।
তোমার কটাক্ষে লোকে হয় লোকপাল, সর্ব সিদ্ধি পূজে তোমা ধরি সর্বকাল ॥

„ ৪ তুমি যে শুনালে বাণী আমারে বিনয়ে, আমারি সৌভাগ্য সে তো তোমারি কৃপায়।
তথাপি হে দেবী দিনু আশীর্বাদ আমি, সত্য হবে যাহা কিছু বলেছি এখনি ॥

দো ১০০ প্রাণনাথ আর তব দেবরের সাথে, ফিরিবে কুশলে তুমি তব অযোধ্যাতে।
পরিপূর্ণ হবে সব কামনা তোমার, সুযশ ছাইবে তব জগত মাঝার ॥

চৌ ১ গঙ্গার বচন শুনি মঙ্গলের মূল, সীতা আনন্দিত জানি গঙ্গা অনুকূল।
গুহকে কহেন প্রভু এবে যাও গৃহে, শুনিয়া শুখায় মুখ তার অন্তর্দাহে ॥

„ ২ কহিল গুহক দীন কর জুড়ি তার, রঘুবংশ মণি শুন বচন আমার।
মোর প্রভু সাথে আমি রহি দিন চারি, দেখাব বনের পথ পদ সেবা করি ॥

„ ৩ যে বনে রহিবে গিয়া রঘু রাজ তুমি, মনোরম পর্ণকুটী বানাইব আমি।
যে প্রকার দিবে আজ্ঞা দোহাই তোমার, তাহাই পালিব আমি প্রতিজ্ঞা আমার ॥

„ ৪ সহজ স্বভাব প্রেম দেখি গুহকের, সঙ্গে লন গুহকের উল্লাস হৃদের।
তখন গুহক ডাকি জ্ঞাতি গোষ্টি তার, করিল বিদায় করি তুষ্টি সবাকার ॥

দো ১০১ স্মরণ করিয়া প্রভু শম্ভু গণপতি, দেব গঙ্গা ভাগীরথী করিয়া প্রণতি।
জানকী অনুজ সখা লয়ে তার সাথ, গভীর অরণ্য মাঝে চলে রঘুনাথ ॥

প্রয়াগে আগমন

চৌ০ ১ তেহি দিন ভয়উ বিটপ তর বাসূ, লখন সখাঁ সব কীহ্ন সুপাসূ।
প্রাত প্রাতকৃত করি রঘুরাঈ, তীরথরাজু দীখ প্রভু জাঈ॥
„ ২ সচিব সত্য শ্রদ্ধা প্রিয় নারী, মাধব সরিস মীতু হিতকারী।
চারি পদারথ ভরা ভঁড়ারূ, পুন্য প্রদেস দেস অতি চারু॥
„ ৩ ছেত্রু অগম গঢ়ু গাঢ় সুহারা, সপনেহুঁ নহিঁ প্রতি পচ্ছ পারা।
সেন সকল তীরথ বর বীরা, কলুষ অনীক দলন রনধীরা॥
„ ৪ সঙ্গমু সিংহাসনু সুঠি সোহা, ছত্রু অখয়বটু মুনি মনু মোহা।
চবঁর জমুন অরু গঙ্গ তরঙ্গা, দেখি হোহিঁ দুখ দারিদ ভঙ্গা॥
দো০ ১০২ সেবহিঁ সুকৃতী সাধু সুচি, পাবহিঁ সব মনকাম।
বন্দী বেদ পুরান গন, কহহিঁ বিমল গুন গ্রাম॥
চৌ০ ১ কো কহি সকই প্রয়াগ প্রভাউ, কলুষ পুঞ্জ কুঞ্জর মৃগরাউ।
অস তীরথপতি দেখি সুহারা, সুখ সাগর রঘুবর সুখু পারা॥
„ ২ কহি সিয় লখনহি সখহি সুনাঈ, শ্রীমুখ তীরথরাজ বড়াঈ।
করি প্রনামু দেখত বন বাগা, কহত মহাতম অতি অনুরাগা॥
„ ৩ এহি বিধি আই বিলোকী বেনী, সুমিরত সকল সুমঙ্গল দেনী।
মুদিত নহাই কীহ্নি সির সেবা, পূজি জথা বিধি তীরথ দেবা॥

ভরদ্বাজদর্শন ও আশীর্বাদ লাভ

„ ৪ তব প্রভু ভরদ্বাজ পহিঁ আএ, করত দণ্ডবত মুনি উর লাএ।
মুনি মন মোদ ন কছু কহি জাঈ, ব্রহ্মানন্দ রাসি জনু পাঈ॥
দো০ ১০৩ দীহ্নি অসীস মুনীস উর, অতি অনন্দু অস জানি।
লোচন গোচর সুকৃত ফল, মনহুঁ কিএ বিধি আনি॥
চৌ ১ কুসল প্রস্ন করি আসন দীহ্নে, পূজি প্রেম পরি পূরন কীহ্নে।
কন্দ মূল ফল অঙ্কুর নীকে, দিএ আনি মুনি মনহুঁ অমী কে॥
„ ২ সীয় লখন জন সহিত সুহাএ, অতি রুচি রাম মূল ফল খাএ।
ভএ বিগতশ্রম রামু সুখারে, ভরদ্বাজ মৃদু বচন উচারে॥
„ ৩ আজু সুফল তপু তীরথ ত্যাগূ, আজু সুফল জপ জোগ বিরাগূ।
সফল সকল সুভ সাধন সাজূ, রাম তুম্হহি অবলোকত আজূ॥
„ ৪ লাভ অবধি সুখ অবধি ন দূজী, তুম্হরেঁ দরস আস সব পূজী।
অব করি কৃপা দেহু বর এহূ, নিজ পদ সরসিজ সহজ সনেহূ॥
দো০ ১০৪ করম বচন মন ছাড়ি ছলু, জব লগি জনু ন তুম্হার।
তব লগি সুখু সপনেহুঁ নহীঁ, কিএঁ কোটি উপচার॥

প্রয়াগে আগমন

চৌ ১ সে রাত্রি বিটপী তলে কাটিল সবার, গুহক লক্ষ্মণ করে সুষ্ঠু ব্যবস্থার।
পরদিন প্রাতঃকৃত্য করি সমাপন, রঘুরাজ তীর্থরাজ করেন দর্শন॥

„ ২ এ তীর্থরাজের মন্ত্রী সত্য সমুদ্ভব, শ্রদ্ধা প্রিয় রাজ্ঞীসম সখা সে মাধব।
চতুর্বর্গ পরিপূর্ণ ভাণ্ডার যাহার, পবিত্র প্রদেশে রাজ্য সৌন্দর্য অপার॥

„ ৩ অগম্য সুদৃঢ় ক্ষেত্র দুর্গ অনুসারে, প্রতিপক্ষ* জিনিবারে স্বপনেও নারে।
সকল তীর্থই এই প্রয়াগ রাজের, বীর সেনা ধ্বংস করে সসৈন্যে পাপের॥

„ ৪ সিংহাসন হয় তার অপূর্ব সঙ্গম, ছত্র সে অক্ষয় বট মোহে মুনি মন।
চামর তরঙ্গ তার গঙ্গা যমুনার, দারিদ্র ও দুঃখ নাশ দর্শনে যাহার॥

দো ১০২ কীর্তিমান সাধু জন শুদ্ধ চিত্তে সেবে, পরিপূর্ণ মনস্কাম অচিরাৎ লভে।
বেদ ও পুরাণ ভাট সবে এক সাথে, বিমল গুণের গাথা গাহে আনন্দেতে॥

চৌ ১ পাপরাশি হস্তী হন্তা তীর্থ সিংহ সম, বর্ণিতে প্রভাব এর কে হবে সক্ষম।
এ তীর্থ পতিরে দেখি অপূর্ব সুন্দর, সুখের সাগর সেই সুখী রঘুবর॥

„ ২ সীতারে লক্ষ্মণে আর সখারে তাঁহার, শ্রীমুখে শোনান যশ এ তীর্থরাজার।
প্রণাম করিয়া দেখি উদ্যান কানন, চলেন মাহাত্ম্য যত করিয়া কীর্তন॥

„ ৩ এরূপে আসেন রাম ত্রিবেণী যেথায়, স্মরণে মঙ্গল আর পবিত্রতা দেয়।
আনন্দে করিয়া স্নান শিব পূজা করি, তীর্থ দেব-গণে পূজা যথাবিধি সারি॥

ভরদ্বাজদর্শন ও আশীর্বাদ লাভ

„ ৪ ভরদ্বাজ মুনি কাছে করেন গমন, প্রণিপাত করিতেই মুনি বুকে লন।
মুনির আনন্দ সেই বর্ণন না যায়, ব্রহ্মানন্দ অধিকারী যেন মুনি হয়॥

দো ১০৩ আশিস্ করেন মুনি মন মাঝে তার, আনন্দ উদিত হ'ল অপূর্ব অপার।
সকল পুণ্যের ফল করেন বিধাতা, নয়ন গোচর মোর আজিকে জানি তা॥

চৌ ১ কুশল প্রশ্নাদি করি দিলেন আসন, পূজিয়া করেন প্রেমে পরিপূর্ণ মন।
ফল মূল অঙ্কুরাদি আনি শ্রেষ্ঠ সব, দেন মুনি যেন তাহা অমৃত উদ্ভব॥

„ ২ জানকী লক্ষ্মণ সাথে গুহক সখার, স্বাদু ফলমূল রাম করেন আহার।
সব ক্লান্তি অপগত রাম সুখী হন, মৃদু বাক্যে ভরদ্বাজ কহেন তখন॥

„ ৩ সার্থক হইল আজ তপ তীর্থ যাগ, সফল হইল যোগ বৈরাগ্য ও ত্যাগ।
সফল সকল শুভ সাধনার কাজ, হে রাম কৃতার্থ আমি দেখি তোমা আজ॥

„ ৪ এর চেয়ে সুখ লাভ দ্বিতীয় না হয়, সব আশা পূর্ণ মোর দেখিয়া তোমায়।
এখন করিয়া কৃপা দেহ বর মোরে, রহে যেন প্রীতি তব পাদ পদ্ম পরে॥

দো ১০৪ কায়মনোবাক্যে ত্যজি' কপটতা স্বামী, নাহি হয় যতক্ষণ তব অনুগামী।
শত কোটি পন্থা যদি লয় কোন জন, স্বপনেও নাহি করে সুখ আস্বাদন॥

* পাপরূপী প্রতিপক্ষ

চৌ০ ১ সুনি মুনি বচন রামু সকুচানে, ভাব ভগতি আনন্দ অঘানে।
তব রঘুবর মুনি সুজসু সুহারা, কোটি ভাঁতি কহি সবহি সুনারা ॥
„ ২ সো বড় সো সব গুন গন গেহূ, জেহি মুনীস তুহ্ম আদর দেহূ।
মুনি রঘুবীর পরসপর নৱহীঁ, বচন অগোচর সুখু অনুভৱহীঁ ॥
„ ৩ য়হ সুধি পাই প্রয়াগ নিৱাসী, বটু তাপস মুনি সিদ্ধ উদাসী।
ভৱদ্বাজ আশ্রম সব আএ, দেখন দসরথ সুঅন সুহাএ ॥
„ ৪ রাম প্রনাম কীহ্ন সব কাহূ, মুদিত ভএ লহি লোয়ন লাহূ।
দেহিঁ অসীস পরম সুখু পাঈ, ফিরে সরাহত সুন্দরতাঈ ॥
দো০ ১০৫ রাম কীহ্ন বিশ্রাম নিসি, প্রাত প্রয়াগ নহাই।
চলে সহিত সিয় লখন জন মুদিত মুনিহি সিরু নাই ॥

রামের বনপথে গমন

চৌ ১ রাম সপ্রেম কহেউ মুনি পাহীঁ, নাথ কহিঅ হম কেহি মগ জাহঁ।
মুনি মন বিহসি রাম সন কহহীঁ, সুগম সকল মগ তুহ্ম কহুঁ অহহীঁ ॥
„ ২ সাথ লাগি মুনি সিষ্য বোলাএ, সুনি মন মুদিত পচাসক আএ।
সবহ্নি রাম পর প্রেম আপারা, সকল কহহিঁ মগু দীখ হমারা ॥
„ ৩ মুনি বটু চারি সঙ্গ তব দীহ্নে, বহু জনম সুকৃত সব কীহ্নে।
করি প্রনামু রিষি আয়সু পাঈ, প্রমুদিত হৃদয়ঁ চলে রঘুরাঈ ॥
„ ৪ গ্রাম নিকট জব নিকসহিঁ জাঈ, দেখহিঁ দরসু নারি নর ধাঈ।
হোহিঁ সনাথ জনমু ফলু পাঈ, ফিরহিঁ দুখিত মনু সঙ্গ পঠাঈ ॥
দো০ ১০৬ বিদা কিএ বটু বিনয় করি, ফিরে পাই মন কাম।
উতরি নহাএ জমুন জল, জো সরীর সম স্যাম ॥

চৌ০ ১ সুনত তীরবাসী নর নারী, ধাএ নিজ নিজ কাজ বিসারী।
লখন রাম সিয় সুন্দরতাঈ, দেখি করহিঁ নিজ ভাগ্য বড়াঈ ॥
„ ২ অতি লালসা বসহিঁ মন মাহীঁ, নাউঁ গাউঁ বুঝত সকুচাহীঁ।
জে তিহ্ন মহুঁ বয়বিরিধ সয়ানে, তিহ্ন করি জুগুতি রামু পহিচানে ॥
„ ৩ সকল কথা তিহ্ন সবহি সুনাঈ, বনহি চলে পিতু আয়সু পাঈ।
সুনি সবিষাদ সকল পছিতাহীঁ, রানী রায়ঁ কীহ্ন ভল নাহীঁ ॥
„ ৪ তেহি অৱসর এক তাপসু আৱা, তেজ পুঞ্জ লঘুবয়স সুহারা।
কবি অলখিত গতি বেষু বিরাগী, মন ক্রম বচন রাম অনুরাগী ॥

দো০ ১০৭ সজল নয়ন তন পুলকি নিজ, ইষ্টদেউ পহিচানি।
পরেউ দণ্ড জিমি ধরনিতল, দসা ন জাই বখানি ॥

চৌ ১ ভাব ভক্তি আনন্দেতে মগ্ন মুনিবর, তাহার বচনে রাম লজ্জিত অন্তর।
শ্রীরাম তখন কহি শুনান সবারে, মুনির সুযশ যত শতেক প্রকারে॥
„ ২ সেই বড় সেই সব গুণের আধার, হে মুনি ঈশ্বর কৃপা যাহারে তোমার।
রঘুবীর আর মুনি বিনয়ে আনত, বাক্যের অতীত সুখে দোঁহে নিমজ্জিত॥
„ ৩ যখন সংবাদ পায় প্রয়াগ নিবাসী, ব্রহ্মচারী সিদ্ধ মুনি তাপস উদাসী।
ভরদ্বাজ আশ্রমেতে আসে দেখিবারে, দশরথ সুত সেই অপূর্ব সুন্দরে॥
„ ৪ প্রণাম করেন রাম একে একে তবে, নয়ন সার্থক করি আনন্দিত সবে।
আশীর্বাদ করে সবে অতি হৃষ্ট চিতে, সৌন্দর্য প্রশংসা করে ফিরিতে ফিরিতে॥
দো ১০৫ নিশিথে বিশ্রাম করি মুনির আশ্রমে, প্রাতঃকালে স্নান করি প্রয়াগ সঙ্গমে।
জানকী লক্ষ্মণ আর গুহকের সনে, চলেন আনন্দে নমি' মুনির চরণে॥

রামের বনপথে গমন

চৌ ১ জিজ্ঞাসেন মুনি পাশে রাম প্রীতিভরে, কোন মার্গ ল'ব নাথ বলুন আমারে।
মনে মনে হাসি মুনি কহিলেন তারে, সুগম সকল মার্গ তব ব্যবহারে॥
„ ২ সাথে যেতে ডাকিলেন মুনি শিষ্যগণে, শুনিয়া আনন্দে আসে পঞ্চাশৎ জনে।
সকলেরি রাম প্রতি প্রেম সে অপার, সকলেই কহে পথ বিদিত তাহার॥
„ ৩ রাম সাথে দেন মুনি ব্রহ্মচারী চার, বহু জন্ম সুকৃতির আছে পুণ্য যার।
ঋষির আদেশ ল'য়ে করিয়া প্রণাম, আনন্দ হৃদয়ে চলে তবে রঘুরাম॥
„ ৪ গ্রামের নিকট দিয়া চলিলেন যবে, দেখিবারে নরনারী ধেয়ে আসে সবে।
জনম সফল করে করিয়া দর্শন, ফিরে দুঃখে করি চিন্তা রামে অনুক্ষণ॥

দো ১০৬ ব্রহ্মচারীগণে দেন বিনয়ে বিদায়, মনোবাঞ্ছা পূর্ণ করি তারা ফিরে যায়।
শ্যামল যমুনা জলে শ্যাম রঘুবর, অবগাহি স্নান তিনি করেন তৎপর॥
চৌ ১ শুনি তীরবাসী ছিল যত নরনারী, ছুটে আসে ফেলি কাজ সকল বিসরি।
রাম সীতা লক্ষ্মণের রূপের প্রভায়, ভাগ্যবান সবে নিজে ভাবে অতিশয়॥
„ ২ পরিচয় জানিবারে বাসনা যে হয়, নাম ধাম জিজ্ঞাসিতে সঙ্কোচ সবার।
বয়োবৃদ্ধ যারা ছিল আর বিচক্ষণ, রামচন্দ্রে চিনিলেন করি বিবেচন॥
„ ৩ সকল বৃত্তান্ত তারা কহিলেন সবে, পিতার আদেশে রাম বনবাসী এবে।
শুনিয়া বিষাদে সবে পরিতাপে কয়, রাজারাণী কি করিল এ তো ভাল নয়॥
„ ৪ আবির্ভূত হইলেন তাপস তখন, তেজপুঞ্জ রূপবান সুকুমার মন।
কবির অজ্ঞাত তিনি বেশ বৈরাগীর, কায়মনোবাক্যে ভক্তি রামচন্দ্রে স্থির॥

দো ১০৭ সজল নয়ন তার তনু পুলকিত, নিজ ইষ্টদেব সাথে হইয়া মিলিত।
দণ্ডবত পড়িলেন ধরাতলে তিনি, দশা তার সে সময়ে না যায় বাখানি॥

চৌ০ ১ রাম সপ্রেম পুলকি উর লাৱা, পরম রঙ্ক জনু পারসু পারা।
মনহুঁ প্রেমু পরমারথু দোউ, মিলত ধরেঁ তন কহ সবু কোউ ॥
„ ২ বহুরি লখন পায়ন্হ সোই লাগা, লীন্হ উঠাই উমগি অনুরাগা।
পুনি সিয় চরন ধূরি ধরি সীসা, জননি জানি সিসু দীন্হি অসীসা ॥
„ ৩ কীন্হ নিষাদ দণ্ডবত তেহী, মিলেউ মুদিত লখি রাম সনেহী।
পিঅত নয়ন পুট রূপু পিয়ূষা, মুদিত সুঅসনু পাই জিমি ভূখা ॥
„ ৪ তে পিতু মাতু কহহু সখি কৈসে, জিন্হ পঠএ বন বালক ঐসে।
রাম লখন সিয় রূপু নিহারী, হোহিঁ সনেহ বিকল নর নারী ॥

দো০ ১০৮ তব রঘুবীর অনেক বিধি, সখহি সিখাৱনু দীন্হ।
রাম রজায়সু সীস ধরি, ভৱন গৱনু তেইঁ কীন্হ ॥

চৌ০ ১ পুনি সিয় রাম লখন কর জোরী, জমুনহি কীন্হ প্রনামু বহোরী।
চলে সসীয় মুদিত দোউ ভাঈ, রবিতনুজা কই করত বড়াঈ ॥
চৌ০ ২ পথিক অনেক মিলহিঁ মগ জাতা, কহহিঁ সপ্রেম দেখি দোউ ভ্রাতা।
রাজ লখন সব অঙ্গ তুম্হারেঁ, দেখি সোচু অতি হৃদয় হমারেঁ ॥
„ ৩ মারগ চলহু পয়াদেহি পাএঁ, জ্যোতিষু ঝূঠ হমারেঁ ভাএঁ।
অগমু পন্থু গিরি কানন ভারী, তেহি মহঁ সাথ নারি সুকুমারী ॥
„ ৪ করি কেহরি বন জাই ন জোঈ, হম সঁগ চলহিঁ জো আয়সু হোঈ।
জাব জহাঁ লগি তহঁ পহুঁচাঈ, ফিরব বহোরি তুম্হহি সিরু নাঈ ॥

দো০ ১০৯ এহি বিধি পূছহিঁ প্রেম বস, পুলক গাত জলু নৈন।
কৃপাসিন্ধু ফেরহিঁ তিন্হহি, কহি বিনীত মৃদু বৈন ॥

চৌ০ ১ যে পুর গাঁৱ বসহিঁ মগ মাহীঁ, তিন্হহি নাগ সুর নগর সিহাহীঁ।
কেহি সুকৃতীঁ কেহি ঘরীঁ বসাএ, ধন্য পুন্যময় পরম সুহাএ ॥
„ ২ জহঁ জহঁ রাম চরন চলি জাহীঁ, তিন্হ সমান অমরাৱতি নাহীঁ।
পুন্য পুঞ্জ মগ নিকট সিৱাসী, তিন্হহি সরাহহিঁ সুরপুরবাসী ॥
„ ৩ জে ভরি নয়ন বিলোকহিঁ রামহি, সীতা লখন সহিত ঘনস্যামহি।
জে সর সরিত রাম অৱগাহহিঁ, তিন্হহি দেৱ সর সরিত সরাহহিঁ ॥
চৌ০ ৪ জেহি তরুতর প্রভু বৈঠহিঁ জাঈ, করহিঁ কলপতরু তাসু বড়াঈ।
পরসি রাম পদ পদুম পরাগা, মানতি ভূরি ভূমি নিজ ভাগা ॥

দো০ ১১০ ছাঁহ করহিঁ ঘন বিবুধগন, বরষহিঁ সুমন সিহাহিঁ।
দেখত গিরি বন বিহগ মৃগ, রামু চলে মগ জাহিঁ ॥

চৌ০ ১ সীতা লখন সহিত রঘুরাঈ, গাঁৱ নিকট জব নিকসহিঁ জাঈ।
সুনি সব বাল বৃদ্ধ নর নারী, চলহিঁ তুরত গৃহ কাজু বিসারী ॥

চৌ ১ প্রেমভরে রাম তারে বক্ষে তুলি লন, পরশ পাথর যেন পেল দীনজন।
পরমার্থ আর প্রেম যেন দেহ ধরি, মিলন তথায় কহে সকলে বিচারি॥
„ ২ অতঃপর লক্ষ্মণের চরণে পতিত, লক্ষ্মণ উঠান তারে প্রেমে উল্লসিত।
পুনঃ সীতা পদরজ ধরে শিরোপরে, জননী সন্তান জানি আশীর্বাদ করে॥
„ ৩ গুহক করিল তারে প্রণাম যখন, অনুরাগী জানি রামে মিলেন তখন।
রামরূপসুধা পান তৃষিত নয়নে, ক্ষুধার্ত সুখাদ্য পাই' যথা সুখী মনে।
„ ৪ বল সখী পিতা মাতা এদের কেমন, পাঠাইতে পারে যারা বালকেরে বন।
রামসীতা লক্ষ্মণের রূপ দেখি তারা, স্নেহেতে বিকল হ'য়ে হল আত্মহারা॥

দো ১০৮ রঘুবীর দেন তবে অনেক প্রকার, গুহকেরে উপদেশ সখারে তাহার।
রাম আজ্ঞা শিরে ধরি গুহক তখন, ফিরিল আপন দেশে তাহার ভবন॥
চৌ ১ রাম ও লক্ষ্মণ সীতা পুনঃ ভক্তিভরে, প্রণমিল যমুনারে দুই কর জুড়ে।
সীতার সহিত চলে দুই ভ্রাতা তবে, রবি সুতা যমুনার সুখ্যাতিতে সবে॥
„ ২ অনেক পথিক মিলে পথে যায় যারা, কহিল সপ্রেমে দেখি দুই ভায়ে তারা।
রাজচিহ্ন আছে দেখি তোমাদের গায়ে, দেখিয়া মোদের বড় মনে চিন্তা হয়॥
„ ৩ নগ্ন পদে চলিতেছ তোমরা পথেতে, জ্যোতিষ শাস্ত্রই মিথ্যা মনে হয় তাতে।
সম্মুখে অগম্য পথ ঘোর বন গিরি, উপরন্তু সাথে আছে সুকুমারী নারী॥
„ ৪ লুক্কায়িত রহে সিংহ হস্তী এই বনে, আজ্ঞা দিলে যেতে পারি মোরা তব সনে।
যেথায় যাইবে সেথা দিব পহুঁছিয়া, তৎপরে ফিরিব তোমা সবে প্রণমিয়া॥

দো ১০৯ এইরূপে জিজ্ঞাসিলে প্রেমে পান্থগণ, পুলকিত গাত্র সবে সজল নয়ন।
কৃপাসিন্ধু কহি সবে বিনীত বচনে, বিরত করেন সবে সাথে যেতে বনে॥
চৌ ১ পথিমধ্যে যত গ্রাম নগর বসতি, দেবলোক নাগলোক প্রশংসিয়া অতি।
কোন সে পুণ্যাত্মা কোন শুভক্ষণে গ্রাম, স্থাপনা করিয়াছিল ধণ্য পুণ্যধাম॥
„ ২ যেথা যেথা পদক্ষেপ করেন শ্রীরাম, সমকক্ষ নহে তার দেবগণ ধাম।
যাহার বসতি হয় পথ সন্নিকটে, দেবতা প্রশংসা করে তাহাদেরো বটে॥
„ ৩ ধন্য তারা যারা দেখে ভরিয়া নয়ন, ঘনশ্যাম রাম সীতা সহিত লক্ষ্মণ।
স্নান করে যথা রাম নদী সরোবরে, গঙ্গা ও মানস সর প্রশংসে সবারে॥
„ ৪ বিশ্রাম করেন রাম যে তরুর ছায়, সে তরুর গর্ব করি কল্পতরু গায়।
শ্রীরামের পাদপদ্ম পরাগ স্পর্শিয়া, ধরণী কৃতার্থ হয় সৌভাগ্য জানিয়া॥
দো ১১০ ছায়া সৃষ্টি করে মেঘ পথিমধ্যে যত, পুষ্পবৃষ্টি স্তুতি করে দেবেরা সতত।
পশু পক্ষী কত শত পর্বত কান্তার, দেখিতে দেখিতে রাম চলে পথে তার॥
চৌ ১ সীতা ও লক্ষ্মণ সাথে যবে রঘুমনি, গ্রামের সমীপে হন নিষ্ক্রান্ত যেমনি।
শুনি বার্তা যত বাল বৃদ্ধ নরনারী, ছুটে আসে গৃহকাজ সকল বিসরি॥

চৌ ২ রাম লখন সিয় রূপ নিহারী, পাই নয়নফলু হোহিঁ সুখারী।
সজল বিলোচন পুলক সরীরা, সব ভএ মগন দেখি দোউ বীরা ॥
" ৩ বরনি ন জাই দসা তিন্হ কেরী, লহি জনু রঙ্কন্হ সুরমনি ঢেরী।
একন্হ এক বোলি সিখ দেহীঁ, লোচন লাহু লেহু ছন এহীঁ ॥
" ৪ রামহি দেখি এক অনুরাগে, চিতরত চলে জাহিঁ সঁগ লাগে।
এক নয়ন মগ ছবি উর আনী, হোহিঁ সিথিল তন মন বর বানী ॥

দো০ ১১১ এক দেখি বট ছাঁহ ভলি, ডাসি মৃদুল তৃন পাত।
কহহিঁ গরঁাইঅ ছিনুকু শ্রমু, গৱনব অবহিঁ কি প্রাত ॥

চৌ০ ১ এক কলস ভরি আনহিঁ পানী, অঁচইঅ নাথ কহহিঁ মৃদু বানী।
সুনি প্রিয় বচন প্রীতি অতি দেখী, রাম কৃপাল সুসীল বিসেষী ॥
" ২ জানী শ্রমিত সীয় মন নাহীঁ, ঘরিক বিলম্বু কীন্হ বট ছাহীঁ।
মুদিত নারি নর দেখহিঁ সোভা, রূপ অনূপ নয়ন মনু লোভা ॥
" ৩ একটক সব সোহহিঁ চহুঁ ওরা, রামচন্দ্র মুখ বন্দ চকোরা।
তরুন তমাল বরন তনু সোহা, দেখত কোটি মদন মনু মোহা ॥
" ৪ দামিনি বরন লখন সুঠি নীকে, নখ সিখ সুভগ ভারতে জী কে।
মুনিপট কটিন্হ কাসেঁ তূনীরা, সোহহিঁ কর কমলনি ধনু তীরা ॥

দো০ ১১২ জটা মুকুট সীসনি সুভগ, উর ভুজ নয়ন বিসাল।
সরদ পরব বিধু বদন বর, লসত স্বেদ কন জাল ॥

চৌ০ ১ বরনি ন জাই মনোহর জোরী, সোভা বহুত থোরি মতি মোরী।
রাম লখন সিয় সুন্দরতাঈ, সব চিতরহিঁ চিত মন মতি লাঈ ॥

গ্রামবধূদের মধ্যে সীতা

" ২ থকে নারি নর প্রেম পিআসে, মনহুঁ মৃগী মৃগ দেখি দিআসে।
সীয় সমীপ গ্রামতিয় জাহীঁ, পূঁছত অতি সনেহঁ সকুচাহীঁ ॥
" ৩ বার বার সব লাগহিঁ পাএঁ, কহহিঁ বচন মৃদু সরল সুভাএঁ।
রাজকুমারি বিনয় হম করহীঁ, তিয় সুভায়ঁ কছু পূঁছত ডরহীঁ ॥
" ৪ স্বামিনি অবিনয় ছমবি হমারী, বিলগু ন মানব জানি গৱঁারী।
রাজকুঅঁর দোউ সহজ সলোনে, ইন্হ তেঁ লহী দুতি মরকত সোনে ॥

দো০ ১১৩ স্যামল গৌর কিসোর বর, সুন্দর সুষমা ঐন।
সরদ সর্বরীনাথ মুখু, সরদ সরোরুহ নৈন ॥

চৌ০ ১ কোটি মনোজ লজাৱনিহারে, সুমুখি কহহু কো আহিঁ তুম্হারে।
সুনি সনেহময় মঞ্জুল বানী, সকুচী সিয় মন মহুঁ মুসুকানি ॥

চৌ ২ রাম সীতা লক্ষ্মণের রূপের মাধুরী, দেখিয়া সফল নেত্র সুখে অধিকারী।
অশ্রুভরা চক্ষু আর পুলক শরীরে, আনন্দে মগন সবে দেখি দুই বীরে॥

„ ৩ তাহাদের দশা আমি বর্ণিতে অক্ষম, চিন্তামণি যেন পায় দরিদ্র পরম।
একে অন্যে ডাকি দেয় উপদেশ তারে, নয়ন প্রাপ্তীর ফল লহ এইবারে॥

„ ৪ দেখিতে দেখিতে রামে অতি প্রেমভরে, কেহ কেহ চলে সাথে রাম সঙ্গ ধরে।
অন্যে আনি চিত্ত মাঝে রামমূর্তি খানি, নিশ্চল নিস্তব্ধ হয় তনু মন বাণী॥

দো ১১১ দেখি এক বট ছায়া অতি চমৎকারী, কেহ ছায় মৃদু পত্র শষ্পাবৃত করি।
কহে কিছুক্ষণ রহি ক্লান্তি দূর হলে, যাবেন এখনি চলি কিংবা প্রাতঃকালে॥

চৌ০ ১ কলস ভরিয়া কেহ সেথা বারি আনি, ধৌত কর মুখ নাথ কহে মৃদু বাণী।
শুনিয়া বচন প্রিয় দেখি প্রীতি অতি, পরম কৃপালু রাম বিশেষ সুমতি॥

„ ২ সীতা ক্লান্ত হয়েছেন মন মাঝে জানি, বিলম্ব করেন কিছু বটচ্ছায়ে তিনি।
আনন্দিত নরনারী দেখে সেই শোভা, মাধুরী সে অপরূপ নেত্র-মন-লোভা॥

„ ৩ রামচন্দ্র মুখচন্দ শোভা দ্যুতি অতি, নির্নিমেষে চেয়ে থাকে চকোরি যেমতি।
তরুণ তমাল বর্ণ কান্তি শরীরের, মনমুগ্ধ হয় কোটি মদন দেবের॥

„ ৪ বিদ্যুত বরণ যার সুঠাম সুন্দর, নখ হতে শিখা যার অতি মনোহর।
মুনিবস্ত্র পরিধানে কটিতে তূণীর, লক্ষ্মণের পদ্ম হস্তে শোভে ধনু তাঁর॥

দো ১১২ জটার মুকুট মাথে কিবা শোভা তার, বক্ষ নেত্র সুবিশাল বাহু সুবিস্তার।
শারদ চন্দ্রের ন্যায় বদন উপর, স্বেদ বিন্দু অগণিত অতীব সুন্দর॥

চৌ০ ১ মনোজ্ঞ যুগল মূর্তি বর্ণন না যায়, সৌন্দর্য অপূর্ব মোর ক্ষীণ মতি হায়॥
রাম সীতা লক্ষ্মণের শোভা দেখে সবে, চৈতন্য প্রকৃতি বুদ্ধি এক সাথে যবে॥

গ্রামবধূদের মাধ্যে সীতা

„ ২ প্রেম তৃষ্ণা বক্ষে ধরি যত নরনারী, স্তব্ধ যথা মৃগ মৃগী দীপেরে নেহারি।
সীতার মাধুর্য দেখি গ্রাম্য নারী যবে, কাছে আসে জিজ্ঞাসিতে লজ্জা পায় সবে॥

„ ৩ বার বার জানকীরে করিয়া প্রণতি, স্বভাব সুলভ মৃদু বচনে বিনতি।
হে রাজকুমারি মোরা চাহি নিবেদিতে, অবলা স্বভাব বশে ভীত মোরা চিতে॥

„ ৪ হে স্বামিনি অবিনয় সবে ক্ষমা করি, মনে কিছু করিও না মোরা গ্রাম্য নারী॥
এ রাজকুমারদ্বয় লাবণ্য আধার, সুবর্ণ ও মরকত দ্যুতি কি ইহার॥

দো ১১৩ শ্যাম গৌর দুই ভ্রাতা বয়সে কিশোর, সকল সৌন্দর্য আর সুষমা আকর।
শরৎচন্দ্রের ন্যায় মুখ দীপ্তিমান, নয়ন শরৎ ঋতু কমল সমান॥

চৌ০ ১ কোটি মন্মথেরে যারা লজ্জা দানকারী, বলত সুমুখি এরা কে হয় তোমারি॥
শুনি স্নেহময় এই সুমধুর বাণী, মনে মনে মৃদু হাসে সীতা লজ্জা মানি॥

চৌ০ ২ তিন্হহি বিলোকি বিলোকতি ধরনী, দুহুঁ সকোচ সকুচতি বরবরনী।
সকুচি সপ্রেম বাল মৃগ নয়নী, বোলী মধুর বচন পিকবয়নী॥
„ ৩ সহজ সুভায় সুভগ তন গোরে, নামু লখনু লঘু দেরর মোরে।
বহুরি বদনু বিধু অঞ্চল ঢাকী, পিয় তন চিতই ভৌহঁ করি সাঁকী॥
„ ৪ খঞ্জন মঞ্জু তিরীছে নয়ননি, নিজ পতি কহেউ তিন্হহি সিয়ঁ সয়ননি।
ভঈঁ মুদিত সব গ্রামবধূটীঁ, রঙ্কন্হ রায় রাসি জনু লুটীঁ॥

দো০ ১১৪ অতি সপ্রেম সিয় পায়ঁ পরি, বহুবিধি দেহিঁ অসীস।
সদা সোহাগিনি হোহু তুম্হ, জব লগি মহি অহী সীস॥
চৌ০ ১ পারবতী সম পতিপ্রিয় হোহূ, দেবি ন হম পর চাড়ব ছোহূ।
পুনি পুনি বিনয় করিঅ কর জোরী, জৌঁ এহি মারগ ফিরিঅ বহোরী॥
„ ২ দরসনু দেব জানি নিজ দাসী, লখীঁ সীয়ঁ সব প্রেম পিআসী।
মধুর বচন কহি কহি পরিতোষীঁ, জনু কুমুদিনীঁ কৌমুদীঁ পোষীঁ॥
চৌ ৩ তবহিঁ লখন রঘুবর রুখ জানী, পূঁছেউ মগু লোগন্হি মৃদু বানী।
সুনত নারি নর ভএ দুখারী, পুলকিত গাত বিলোচন বারী॥
„ ৪ মিটা মোদু মন ভএ মলীনে, বিধি নিধি দীন্হ লেত জনু ছীনে।
সমুঝি করমগতি ধীরজু কীন্হা, সোধি সুগম মগু তিন্হ কহি দীন্হা॥
দো০ ১১৫ লখন জানকী সহিত তব, গবনু কীন্হ রঘুনাথ।
ফেরে সব প্রিয় বচন কহি, লিএ লাই মন সাথ॥

গ্রামবাসীদের সহানুভূতি

চৌ০ ১ ফিরত নারি নর অতি পছিতাহীঁ, দৈঅহি দোষু দেহিঁ মন মাহীঁ।
সহিত বিষাদ পরসপর কহহীঁ, বিধি করতব উলটে সব অহহীঁ॥
„ ২ নিপট নিরঙ্কুস নিঠুর নিসঙ্কূ, জেহিঁ সসি কীন্হ সরুজ সকলঙ্কূ।
রূখ কলপতরু সাগরু খারা, তেহিঁ পঠএ বন রাজকুমারা॥
„ ৩ জৌঁ পৈ ইন্হহি দীন্হ বনবাসূ, কীন্হ বাদি বিধি ভোগ বিলাসূ।
এ বিচরহিঁ মগ বিনু পদ ত্রানা, রচে বাদি বিধি বাহন নানা॥
„ ৪ এ মহি পরহিঁ ডাসি কুস পাতা, সুভগ সেজ কত সৃজত বিধাতা।
তরুবর বাস ইন্হহি বিধি দীন্হা, ধবল ধাম রচি রচি শ্রমু কীন্হা॥
দো০ ১১৬ জৌঁ এ মুনি পট ধর জটিল, সুন্দর সুঠি সুকুমার।
বিবিধ ভাঁতি ভূষন বসন, বাদি কিএ করতার॥
চৌ০ ১ জৌঁ এ কন্দ মূল ফল খাহীঁ, বাদি সুধাদি অসন জগ মাহীঁ।
এক কহহিঁ এ সহজ সুহাএ, আপু প্রগট ভএ বিধি ন বনাএ॥

চৌ ২ দেখিয়া তাদের পুনঃ দৃষ্টি ধরনীতে, বরবর্ণিনী ভাবে যুগ্ম সঙ্কোচেতে।
কুরঙ্গী নয়নী সীতা লজ্জা প্রেম সনে, পিককণ্ঠী কহে তাঁর মধুর বচনে॥

„ ৩ গৌর তনু স্বভাবে যে সরল সুন্দর, লক্ষ্মণ তাহার নাম কনিষ্ঠ দেবর।
অঞ্চলেতে চন্দ্রানন ঢাকি অতঃপর, বাঁকাইয়া ভ্রূযুগল চাহে পতিপর॥

„ ৪ খঞ্জন নয়ন মঞ্জু কটাক্ষের সম, সঙ্কেতে দেখায় রামে পতি প্রিয়তম।
আনন্দে মগন হল পল্লীবধু যত, ধনরাশি লুণ্ঠনেতে দরিদ্রের মত॥

দো ১১৪ অতীব ভক্তির সাথে নমিয়া সীতারে, আশীর্বাদ জনে জনে দিল বারে বারে।
শেষ নাগ রাখে শিরে যতকাল ধরা, রহিবে সৌভাগ্যবতী কহিনু আমরা॥

চৌ০ ১ পতিপ্রিয়া হও তুমি যেরূপ পার্বতী, ত্যজিও না স্নেহ তব আমাদের প্রতি।
বার বার করজোড়ে এ প্রার্থনা করি, ফিরিবে যখন এসো এ পথেই ফিরি॥

„ ২ মোদের দর্শন দিও নিজ দাসী ভেবে, প্রেমের ভিখারী সীতা দেখিলেন সবে।
মধুর বচনে তুষ্ট করেন সবারে, কৌমুদী কুমুদে যথা বিকশিত করে॥

„ ৩ শ্রীরামের মনোভাব জানিয়া তখন, জিজ্ঞাসেন পথ বার্তা সবারে লক্ষ্মণ।
শুনিয়া দুঃখিত হল যত নরনারী, পুলকিত গাত্র হল নেত্রে এলো বারি॥

„ ৪ উল্লাস মিটিয়া দুঃখ হল সবাকারি, কুবের সম্পত্তি দিয়া নিল বিধি কাড়ি॥
বুঝিয়া কর্মের গতি ধৈর্য ধরি মনে, কুগম সরল পথ কহিল লক্ষ্মণে॥

দো ১১৫ লক্ষ্মণ জানকী সাথে তবে রঘুনাথ, চলিলেন বন পথে সবে মনস্তাপ।
ফিরালেন সকলেরে মধুর বচনে, সকলেরি মন রহে পড়িয়া চরণে॥

গ্রামবাসীদের সহানুভূতি

চৌ০ ১ নরনারী ফেরে সবে পরিতাপে অতি, সকলেই দোষারোপ করে দৈব প্রতি।
বিষাদ পীড়িত তারা কহে পরস্পরে, সকল কর্তব্য কর্ম বিধি উল্টা করে॥

„ ২ সম্পূর্ণ স্বতন্ত্র আর নিঠুর নির্ভয়, চন্দ্রেরে কলঙ্কী আর রোগে করে ক্ষয়।
কল্পতরু উৎস সিন্ধু লবণাক্ত হয়, এ রাজকুমারদ্বয়ে বনেতে পাঠায়॥

„ ৩ ইহাদের বনবাস দিয়াছে যখন, বৃথা সৃষ্টি করে বিধি ভোগ ও বাসন।
পাদুকাবিহীন পথে চলিতেছে এরা, বৃথাই বাহন সৃষ্টি বিধাতার করা॥

„ ৪ ভূমিশয্যা ইহাদের পাতি কুশ পাতা, বৃথাই সুন্দর শয্যা সৃজেন বিধাতা।
তরুতলে ইহাদের বাস দেন যদি, শ্বেত ধাম রচি শ্রম কেন করে বিধি॥

দো ১১৬ কটিতে বল্কল শিরে জটা ইহাদের, সুকুমার এ সুন্দর রাজকুমারের।
বিবিধ প্রকার যত ভূষণ বসন, কেন কর্তা করে এত করিতে যতন॥

চৌ০ ১ ইহাদের খাদ্য যদি কন্দমূল ফল, জগতে অমৃত আদি সুখাদ্য বিফল।
কেহ কহে ইনি হন স্বয়ং অবতার, স্বভাব সুন্দর সৃষ্টি নহে বিধাতার॥

চৌ ২ জহঁ লগি বেদ কহী বিধি করনী, শ্রবন নয়ন মন গোচর বরনী।
দেখহু খোজি ভুঅন দস চারী, কহঁ অস পুরুষ কহাঁ অসি নারী॥
„ ৩ ইন্হহি দেখি বিধি মনু অনুরাগা, পটতর জোগ বনাবৈ লাগা।
কীন্হ বহুত শ্রম ঐক ন আএ, তেহিঁ ইরিষা বন আনি দুরাএ॥
„ ৪ এক কহহিঁ হম বহুত ন জানহিঁ, আপুহি পরম ধন্য করি মানহিঁ।
তে পুনি পুন্য পুঞ্জ হম লেখে, জে দেখহিঁ দেখিহহিঁ জিন্হ দেখে॥

দো০ ১১৭ এহি বিধি কহি কহি বচন প্রিয়, লেহিঁ নয়ন ভরি নীর।
কিমি চলিহহিঁ মারগ অগম, সুঠি সুকুমার সরীর॥
চৌ০ ১ নারি সনেহ বিকল বস হোহীঁ, চকঈ সাঁঝ সময় জনু সোহীঁ।
মৃদু পদ কমল কঠিন মগু জানী, গহবরি হৃদয়ঁ কহহিঁ বর বানী॥
„ ২ পরসত মৃদুল চরন অরুনারে, সকুচতি মহি জিমি হৃদয় হমারে।
জৌঁ জগদীস ইন্হহি বনু দীন্হা, কস ন সুমনময় মারগু কীন্হা॥
„ ৩ জৌঁ মাগা পাইঅ বিধি পাহীঁ, এ রখিঅহিঁ সখি আখিন্হ মাহীঁ।
জৈ নর নারি ন অবসর আএ, তিন্হ সিয় রামু ন দেখন পাএ॥
„ ৪ সুনি সুরূপু বুঝহিঁ অকুলাঈ, অব লগি গএ কহাঁ লগি ভাঈ।
সমরথ ধাই বিলোকহিঁ জাঈ, প্রমুদিত ফিরহিঁ জনমফলু পাঈ॥

দো০ ১১৮ অবলা বালক বৃদ্ধ জন, কর মীজহিঁ পছিতাহিঁ।
হোহিঁ প্রেমবস লোগ ইমি, রামু জহাঁ জহঁ জাহিঁ॥
চৌ০ ১ গাবঁ গাবঁ অস হোই আনন্দ, দেখি ভানুকুল কৈরব চন্দূ।
জে কছু সমাচার সুনি পাবহিঁ, তে নৃপ রানিহি দোসু লগাবহিঁ॥
„ ২ কহহিঁ এক অতি ভল নরনাহূ, দীন্হ হমহি জোই লোচন লাহূ।
কহহিঁ পরসপর লোগ লোগাঈঁ, বাতেঁ সরল সনেহ সুহাঈ॥
„ ৩ তে পিতু মাতু ধন্য জিন্হ জাএ, ধন্য সো নগরু জহাঁ তে আএ।
ধন্য সো দেসু সৈলু বন গাউঁ, জহঁ জহঁ জাহিঁ ধন্য সোই ঠাউঁ॥
„ ৪ সুখু পায়উ বিরঞ্চি রচি তেহী, এ জেহি কে সব ভাঁতি সনেহী।
রাম লখন পথি কথা সুহাঈ, রহী সকল মগ কানন ছাঈ॥

পথপরিক্রমা ও বাল্মীকির আশ্রমে আগমন

দো০ ১১৯ এহি বিধি রঘুকুল কমল রবি, মগ লোগন্হ সুখ দেত।
জাহিঁ চলে দেখত বিপিন, সিয় সৌমিত্রি সমেত॥
চৌ০ ১ আগেঁ রামু লখনু বনে পাছেঁ, তাপস বেষ বিরাজত কাছেঁ।
উভয় বীচ সিয় সোহতি কৈসেঁ, ব্রহ্ম জীব বিচ মায়া জৈসেঁ॥

চৌ ২ বেদে উক্ত যাহা আছে সৃষ্টি বিধাতার, শ্রবণে নয়নে মনে যাহা বুঝিবার।
চতুর্দশ ভুবনেও কর অন্বেষণ, পাইবে না হেন নারী পুরুষ এমন ॥

„ ৩ দেখি ইহাদের বিধি অতি অনুরাগে, এমনি দ্বিতীয় সৃষ্টি করিবারে লাগে।
বহু চেষ্টা করিয়াও পারিল না যবে, ঈর্ষাতে এদের বনে লুকাইল তবে ॥

„ ৪ কহিল তখন কেহ বেশী নাহি জানি, পরম কৃতার্থ বলি আপনাকে মানি।
মোর মনে হয় অতি পুণ্যবান সেই, যে দেখেছে দেখিবে যে দেখিতেছে যেই ॥

দো ১১৭ করিতে করিতে চলে প্রিয় আলোচনা, নয়নে অশ্রুর ধারা মনেতে ভাবনা ॥
কিরূপে দুর্গম পথে চলিবেন এরা, সুখের শরীর আর কমনীয় যারা ॥

চৌ০ ১ চখী যথা দুঃখ পায় সন্ধ্যা আগমনে, নারীগণ স্নেহাধিক্যে বিকল পরাণে।
পাদপদ্ম মৃদু অতি পথ কঠোরতা, জানি বিগলিত হৃদে কহে এ বারতা ॥

„ ২ অরুণ চরণ মৃদু ধরা পরশিয়া, সঙ্কুচিতা হয় যথা আমাদের হিয়া।
পাঠান ঈশ্বর বনে ইহাদের যদি, পথ কেন পুষ্পে ঢাকা না করেন বিধি ॥

„ ৩ ব্রহ্মা কাছে মাগি যদি পাই ইহাদের, নয়নের মণি সখি করিব এদের।
নরনারী যারা নাহি পেল অবসর, দেখিতে পেলনা হায় সীতা রঘুবর ॥

„ ৪ শুনি সে অপূর্ব রূপ তারা আকুলাই, প্রশ্ন করে কত দূরে গেছে তারা ভাই ॥
সমর্থ যাহারা ছিল দ্রুত বেগে ধাই, দেখিয়া আনন্দে ফিরে জন্মফল পাই ॥

দো০ ১১৮ অবলা বালক বৃদ্ধ যাইতে না পারে, হস্ত বিমর্দন করি পরিতাপ করে।
যেথা যেথা রাম যান সকলে সেথায়, প্রেমবশে নরনারী অভিভূত হয় ॥

চৌ০ ১ সূর্য বংশে কুমুদের মৃগাঙ্কের ন্যায়, রামচন্দ্রে দেখি হর্ষ গ্রামে গ্রামে হয়।
বনবাস সমাচার শুনি জানে যারা, রাজারাণী উভয়েরে দোষ দেয় তারা ॥

„ ২ কেহ কহে নরপতি অতিশয় ভাল, নয়ন সার্থক তাই আমাদের হল।
পরস্পর কহে তবে যত নরনারী, সরল স্নেহের বানী সুললিত করি ॥

„ ৩ জন্মদাতা পিতা-মাতা ধন্য ধন্য তারা, ধন্য সে নগর যেথা হতে আসে এরা।
পর্বত কান্তার ধন্য ধন্য সেই গ্রাম, ধন্য সেই স্থান সব যেথা এঁরা যান ॥

„ ৪ ব্রহ্মা সুখী মনে মনে সৃষ্টি করি তাহা, শ্রীরামচন্দ্রের প্রীতি পাইয়াছে যাহা।
রাম লক্ষ্মণের এই পদযাত্রা কথা, ছাইল সকল পথ বনে হেথা সেথা ॥

পথপরিক্রমা ও বাল্মীকির আশ্রমে আগমন

দো০ ১১৯ রঘুকুল সরসিজ ভানু এ প্রকারে, চলিলেন পথে সুখ প্রদানি সবারে।
দেখিতে দেখিতে বন চলিলেন পথে, সীতা ও সৌমিত্রি চলে তাঁর সাথে সাথে ॥

চৌ০ ১ আগে চলিলেন রাম লক্ষ্মণ পশ্চাতে, অতিশোভা উভয়ের তাপস বেশেতে।
উভয়ের মাঝে সীতা কি শোভা তাহার, ব্রহ্ম জীব মাঝখানে যে শোভা মায়ার ॥

চৌ ২ বহুরি কহউঁ ছবি জসি মন বসঈ, জনু মধু মদন মধ্য রতি লসঈ।
উপমা বহুরি কহউঁ জিয়ঁ জোহী, জনু বুধ বিধু বিচ রোহিনি সোহী ॥
„ ৩ প্রভু পদ রেখ বীচ বিচ সীতা, ধরতি চরন মগ চলতি সভীতা।
সীয় রাম পদ অঙ্ক বরাএঁ, লখন চলহিঁ মগু দাহিন লাএঁ ॥
„ ৪ রাম লখন সিয় প্রীতি সুহাঈ, বচন অগোচর কিমি কহি জাঈ।
খগ মৃগ মগন দেখি ছবি হোহীঁ, লিএ চোরি চিত রাম বটোহীঁ ॥

দো৹ ১২০ জিন্হ জিন্হ দেখে পথিক প্রিয়, সিয় সমেত দোউ ভাই।
ভব মগু অগমু আনন্দু তেই, বিনু শ্রম রহে সিরাই ॥
চৌ৹ ১ অজহুঁ জাসু উর সপনেহুঁ কাউ, বসহুঁ লখনু সিয় রামু বটাউ।
রাম ধাম পথ পাইহি সোঈ, জো পথ পার করহুঁ মুনি কোঈ ॥
„ ২ তব রঘুবীর শ্রমিত সিয় জানী, দেখি নিকট বটু সীতল পানী।
তহঁ বসি কন্দ মূল ফল খাঈ, প্রাত নহাই চলে রঘুরাঈ ॥
„ ৩ দেখত বন সর সৈল সুহাএ, বাল্মীকি আশ্রম প্রভু আএ।
রাম দীখ মুনি বাসু সুহাবন, সুন্দর গিরি কাননু জলু পাবন ॥
„ ৪ সরনি সরোজ বিটপ বন ফুলে, গুঞ্জত মঞ্জু মধুপ রস ভূলে।
খগ মৃগ বিপুল কোলাহল করহীঁ, বিরহিত বৈর মুদিত মন চরহীঁ ॥

দো৹ ১২১ সুচি সুন্দর আশ্রমু নিরখি, হরষে রাজিবনৈন।
সুনি রঘুবর আগমনু মুনি, আগেঁ আয়উ লৈন ॥
চৌ৹ ১ মুনি কহুঁ রাম দণ্ডবত কীন্হা, আসিরবাদু বিপ্রবর দীন্হা।
দেখি রাম ছবি নয়ন জুড়ানে, করি সনমানু আশ্রমহিঁ আনে ॥
„ ২ মুনিবর অতিথি প্রানপ্রিয় পাএ, কন্দ মূল ফল মধুর মগাএ।
সিয় সৌমিত্রি রাম ফল খাএ, তব মুনি আশ্রম দিএ সুহাএ ॥
„ ৩ বাল্মীকি মন আনঁদু ভারী, মঙ্গল মূরতি নয়ন নিহারী।
তব কর কমল জোরি রঘুরাঈ, বোলে বচন শ্রবন সুখদাঈ ॥

বাল্মীকি-রাম-সংবাদ

„ ৪ তুম্হ ত্রিকাল দরসী মুনিনাথা, বিস্ব বদর জিমি তুম্হরেঁ হাথা।
অস কহি প্রভু সব কথা বখানী, জেহি জেহি ভাঁতি দীন্হ বনু রানী ॥
দো৹ ১২২ তাত বচন পুনি মাতু হিত, ভাই ভরত অস রাউ।
মো কহুঁ দরস তুম্হার প্রভু, সবু মম পুন্য প্রভাউ ॥
চৌ৹ ১ দেখি পায় মুনিরায় তুম্হারে, ভএ সুকৃত সব সুফল হমারে।
অব জহঁ রাউর আয়সু হোঈ, মুনি উদবেগু ন পাবৈ কোঈ ॥

চৌ ২ পুনঃ কহি সেই ছবি যাহা ভাসে মনে, কামদেব বসন্তের রতি মাঝখানে।
উপমা আবার কহি খুঁজি মন মাঝে, বুধ বিধু মাঝখানে রোহিনী বিরাজে ॥
„ ৩ প্রভু পদ চিহ্ন মাঝে ভয়ে ভয়ে সতী, স্থাপিয়া চলেন পদ সাবধানে অতি।
রাম সীতা পদচিহ্ন বাঁচায় লক্ষ্মণ, রাখিয়া দক্ষিণ দিকে চলে সন্তর্পণ ॥
„ ৪ রাম সীতা লক্ষ্মণের প্রীতি সে সুন্দর, কিরূপে বর্ণনা করি বাক্য অগোচর।
পশু পক্ষীরাও মুগ্ধ সে ছবি নেহারি, পথচারী রাম হরে হৃদয় সবারি ॥

দো৹ ১২০ যে যে দেখে পথিকের প্রিয় দুইজন, সীতার সহিত যান যে দিকেতে বন।
এ ভব অগম পথ অতি অনায়াসে, অতিক্রম করে তারা আনন্দ আবেশে ॥
চৌ৹ ১ এখনো স্বপনে যদি হৃদে ভাসে কারো, পথচারী ছবি রাম সীতা লক্ষ্মণেরো ॥
রামধাম প্রাপ্ত হন তিনি অনায়াসে, মুনিও যে ধাম পায় অতিশয় ক্লেশে ॥
„ ২ রঘুবীর পথক্লান্ত সীতারে জানিয়া, সুশীতল বারি বট নিকটে দেখিয়া।
সেথায় বসিয়া কন্দ ফলমূল খান, চলা সুরু করে সবে সারি' প্রাতঃস্নান ॥
„ ৩ দেখি সরোবর বন পর্বত সুন্দর, বাল্মীকি আশ্রমে প্রভু আসেন তৎপর।
মুনির আশ্রম লাগে অতি মনোহর, অপূর্ব কানন গিরি পুণ্য সরোবর ॥
„ ৪ সরোবরে শোভে পদ্ম ফুলে ভরা বন, মধু পানে মত্ত অলি করিছে গুঞ্জন।
পশু পক্ষী আনন্দেতে কোলাহলে রত, বৈরি ভাব ত্যজি সবে ভ্রমিছে সতত ॥

দো৹ ১২১ পবিত্র সুন্দর সেই আশ্রম নিরখি, রাজীবলোচন রাম হন অতি সুখী।
রঘুবর আসিছেন শুনি মহামুনি, অগ্রসর হইলেন লইতে আপনি ॥
চৌ৹ ১ দণ্ডবৎ করিলেন রাম মুনিবরে, বিপ্রশ্রেষ্ঠ আশীর্বাদ করিলেন তাঁরে।
রামেরে দেখিয়া তার নয়ন জুড়ায়, আশ্রমেতে সসম্মানে আনিলেন তায় ॥
„ ২ প্রাণপ্রিয় অতিথিরে পাইয়া আকুল, আনালেন সুমধুর কন্দ ফলমূল।
শ্রীরাম সৌমিত্রি সীতা তৃপ্ত হলে পরে, রম্য স্থান দেন মুনি বিশ্রামের তরে ॥
„ ৩ নেত্র ভরি দেখি সেই মঙ্গল মূরতি, বাল্মীকি হলেন মনে আনন্দিত অতি।
জুড়ি করপদ্ম কহে তবে রঘুরায়, শ্রবণেতে যাহা মনে অতি সুখ দেয় ॥

বাল্মীকি-রাম-সংবাদ

„ ৪ ত্রিকালজ্ঞ জ্ঞানিশ্রেষ্ঠ হে সর্বজ্ঞ মুনি, নখদর্পণেতে তব এই বিশ্বখানি।
তথাপি সমগ্র বার্তা বলিব তোমারে, যে যে ভাবে দেন রাণী বনবাস মোরে ॥
দো৹ ১২২ পালন পিতার আজ্ঞা পুনঃ মাতৃ হিত, ভরত সদৃশ ভ্রাতা রাজ্যে প্রতিষ্ঠিত।
সবি ভাগ্য মোর প্রভু তোমার দর্শন, পূর্বজন্ম কৃত পুণ্য যা ছিল অর্জন ॥
চৌ৹ ১ তোমার দর্শন লাভে হইল সফল, ওগো শ্রেষ্ঠ মুনি মোর সব পুণ্যফল।
যেথা আজ্ঞা হয় তব রহিব তথায়, যাহাতে মুনির কিছু উদ্বেগ না হয় ॥

চৌ ২ মুনি তাপস জিহ্ন তেঁ তুখু লহহীঁ, তে নরেস বিনু পারক দহহীঁ।
মঙ্গল মূল বিপ্র পরিতোষূ, দহই কোটি কুল ভূসুর রোষূ॥
„ ৩ অস জিয়ঁ জানি কহিঅ সোই ঠাউঁ, সিয় সৌমিত্রি সহিত জহঁ জাউঁ।
তহঁ রচি রুচির পরন তৃন সালা, বাসু করৌঁ কছু কাল কৃপালা॥
„ ৪ সহজ সরল সুনি রঘুবর বানী, সাধু সাধু বোলে মুনি গ্যানী।
কস ন কহহু অস রঘুকুলকেতু, তুহ্ম পালক সন্তত শ্রুতি সেতু॥
ছন্দ০ ৫ শ্রুতি সেতু পালক রাম তুহ্ম জগদীস মায়া জানকী।
জো সৃজতি জগু পালতি হরতি রুখ পাই কৃপানিধান কী॥
জো সহসসীসু অহীসু মহিধরু লখনু সচরাচর ধনী।
সুর কাজ ধরি নররাজ তনু চলে দলন খল নিসিচর অনী॥
সো০ ৫ রাম সরূপ তুহ্মার বচন, অগোচর বুদ্ধিপর।
অবিগত অকথ অপার, নেতি নেতি নিত নিগম কহ॥
চৌ০ ১ জগু পেখন তুহ্ম দেখনিহারে, বিধি হরি সম্ভু নচাবনিহারে।
তেউ ন জানহিঁ মরমু তুহ্মারা, ঔরু তুহ্মহি কো জাননিহারা॥
„ ২ সোই জানই জেহি দেহু জনাঈ, জানত তুহ্মহি তুহ্মই হোই জাঈ।
তুহ্মরিহি কৃপা তুহ্মহি রঘুনন্দন, জানহিঁ ভগত ভগত উর চন্দন॥
„ ৩ চিদানন্দময় দেহ তুহ্মারী, বিগত বিকার জান অধিকারী।
নর তনু ধরেহু সন্ত সুর কাজা, কহহু করহু জস প্রাকৃত রাজা॥
„ ৪ রাম দেখি সুনি চরিত তুহ্মারে, জড় মোহহিঁ বুধ হোহিঁ সুখারে।
তুহ্ম জো কহহু করহু সবু সাঁচা, জস কাছিঅ তস চাহিঅ নাচা॥
দো০ ১২৩ পূঁছেহুঁ মোহি কি রহৌঁ কহঁ, মৈঁ পূঁছত সকুচাউঁ।
জহঁ ন হোহু তহঁ দেহু কহি, তুহ্মহি দেখাবৌঁ ঠাউঁ॥
চৌ০ ১ সুনি মুনি বচন প্রেম রস সানে, সকুচি রাম মন মহুঁ মুসুকানে।
বালমীকি হঁসি কহহি বহোরী, বানী মধুর অমিঅ রস বোরী॥
„ ২ সুনহু রাম অব কহউঁ নিকেতা, জহাঁ বসহু সিয় লখন সমেতা।
জিহ্ন কে শ্রবন সমুদ্র সমানা, কথা তুহ্মারি সুভগ সরি নানা॥
„ ৩ ভরহিঁ নিরন্তর হোহিঁ ন পূরে, তিহ্ন কে হিয় তুহ্ম কহুঁ গৃহ রূরে।
লোচন চাতক জিহ্ন করি রাখে, রহহিঁ দরস জলধর অভিলাষে॥
„ ৪ নিদরহিঁ সরিত সিন্ধু সর ভারী, রূপ বিন্দু জল হোহিঁ সুখারী।
তিহ্ন কেঁ হৃদয় সদন সুখদায়ক, বসহু বন্ধু সিয় সহ রঘুনায়ক॥

চৌ ২ মুনি তাপসেরে দুঃখ যে নৃপতি দেয়, বিনা অগ্নি তাতে সেই নৃপ দগ্ধ হয়।
বিপ্র পরিতুষ্টি হ'ল মঙ্গলের মূল, বিপ্র রোষাগ্নিতে দগ্ধ হয় কোটি কুল ॥

„ ৩ নির্দেশ করহ স্থান ইহা মনে জানি, সীতা সৌমিত্রির সাথে যেথা গিয়া আমি।
রচিব কুটির রম্য তৃণ পর্ণ দিয়া, হে দয়াল রব সেথা মোরা সবে গিয়া ॥

„ ৪ সহজ সরল শুনি রঘুবর বানী, সাধু সাধু কহিলেন মুনি শ্রেষ্ঠ জ্ঞানী।
কেননা কহিবে হেন রঘুকুল কেতু, সতত পালক তুমি স্মৃতি শ্রুতি সেতু ॥

ছ০ ৫ শ্রুতি মর্যাদার তুমি প্রকৃষ্ট প্রমাণ, সীতা তব মায়া তুমি জগদীশ রাম।
তব ইচ্ছা অনুসারে তব মায়া জিনি, সৃষ্টি স্থিতি পালনের অধিকর্তী তিনি ॥
পৃথিবী সহস্র শিরে যে করে ধারণ, চরাচর স্বামী সেই সুমিত্রা নন্দন।
দেবকার্যে চলে ধ্বংস করিবারে অরি, নিশাচর সমূহের নৃপ তনু ধরি ॥

সো০ ৫ হে রাম স্বরূপ তব মোদের সবার, বচন অতীত বুদ্ধি অগোচর আর।
অপার অক্ষর তাহা জন্ম মৃত্যু নাই, নেতি নেতি কহে নিত্য সর্ব বেদে তাই ॥

চৌ০ ১ জগত প্রপঞ্চ দৃশ্য তুমি দ্রষ্টা তার, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরে নাচাও অপার।
তাহারাও নাহি জানে মরম তোমার, কেই বা সমর্থ তবে হবে জানিবার ॥

„ ২ সেইজানে যারে প্রভু জানায়েছো নিজে, যে মুহূর্তে জানে তোমা সম হয় সে যে ॥
তব কৃপা হলে ভক্তে হৃদয় চন্দন, জানিবারে পারে তোমা হে রঘুনন্দন ॥

„ ৩ দেহ তব সৎচিৎ আনন্দের ধাম, শুধু জানে অধিকারী নির্বিকার রাম।
দেবতা মানব কার্যে নর দেহ ধর, প্রাকৃত রাজার ন্যায় বাক্য কর্ম কর ॥

„ ৪ দেখিয়া শুনিয়া তব চরিত্র হে রাম, মূর্খ লোকে মুগ্ধ হয় সুখী জ্ঞানবান।
তব কর্ম তব বাক্য সবি সত্য হয়, যে দেহ ধারণ কর কর অভিনয় ॥

দো০ ১২৩ আমারে জিজ্ঞাসা কর কোন স্থানে রবে, সঙ্কুচিত আমি অতি জিজ্ঞাসিব যবে।
কোথায় না রহ তুমি কহ মোরে স্বামি, দেখাব তোমারে প্রভু সেই স্থান আমি ॥

চৌ০ ১ প্রেমে সিক্ত মুনি বাক্য করিয়া শ্রবণ, মনে মনে হাসে রাম সঙ্কুচিত মন।*
বাল্মীকি মুনিও তবে হাসি পুনরায়, অমৃত রসেতে সিক্ত কহে বাণী তায় ॥

„ ২ শুন রাম কহি তবে তব নিকেতন, যেথা রবে তুমি আর জানকী লক্ষ্মণ।
কর্ণ যার সমুদ্রের তুল্য সুমহান, তব গুণ গাথা নদ নদীর সমান ॥

„ ৩ সর্বদা ঢালিয়া তবু পূর্ণ নাহি করে, তাহারি হৃদয় সদা তব বাস তরে।
লোচন চাতক সম সদা ইচ্ছা তার, নব ঘন শ্যাম তব রূপ দেখিবার ॥

„ ৪ সিন্ধু নদী সরোবর জলে নিন্দা করি, তব রূপজল বিন্দু পানে তৃপ্তি যারি।
হৃদয় সদন তারি সুখদায়ী স্থির, জানকী লক্ষ্মণ সহ রহ রঘুবীর ॥

---

* সঙ্কুচিত একারণে যে বাল্মীকি তাহার স্বরূপ জানিতে পারিয়াছেন।

দ্রঃ বাল্মীকি রামায়ণ হিসাবে এই বাল্মীকি মুনি রামায়ণ রচয়িতা বাল্মীকি নহেন। তুলসীদাস ইহাকে রামায়ণ রচয়িতা বলিয়াই বর্ণনা করিয়াছেন।(স্বান্তঃ সুখায় ...)

দো০ ১২৪ জসু তুম্হার মানস বিকল, হংসিনি জীহা জাসু।
মুকতাহল গুন গন চুনই, রাম বসহু হিয়ঁ তাসু॥

চৌ০ ১ প্রভু প্রসাদ সুচি সুভগ সুবাসা, সাদর জাসু লহই নিত নাসা।
তুম্হহি নিরেদিত ভোজন করহীঁ, প্রভু প্রসাদ পট ভূষন ধরহীঁ॥

„ ২ সীস নরহিঁ সুর গুরু দ্বিজ দেখী, প্রীতি সহিত করি বিনয় বিসেষী।
কর নিত করহিঁ রাম পদ পূজা, রাম ভরোস হৃদয় নহিঁ দূজা॥

„ ৩ চরন রাম তীরথ চলি জাহীঁ, রাম বসহু তিন্হ কে মন মাহীঁ।
মন্ত্ররাজু নিত জপহিঁ তুম্হারা, পূজহিঁ তুম্হহি সহিত পরিরারা॥

„ ৪ তরপন হোম করহিঁ বিধি নানা, বিপ্র জেরাঁই দেহিঁ বহু দানা।
তুম্হ তেঁ অধিক গুরহি জিয়ঁ জানী, সকল ভায়ঁ সেরহিঁ সনমানী॥

দো০ ১২৫ সবু করি মাগহিঁ এক ফলু, রাম চরন রতি হোউ।
তিন্হ কেঁ মন মন্দির বসহু, সিয় রঘুনন্দন দোউ॥

চৌ০ ১ কাম কোহ মদ মান ন মোহা, লোভ ন ছোভ ন রাগ ন দোহা।
জিন্হ কেঁ কপট দম্ভ নহিঁ মায়া, তিন্হ কেঁ হৃদয় বসহু রঘুরায়া॥

„ ২ সব কে প্রিয় সব কে হিতকারী, দুখ সুখ সরিস প্রসংসা গারী।
কহহিঁ সত্য প্রিয় বচন বিচারী, জাগত সোরত সরন তুম্হারী॥

„ ৩ তুম্হহি ছাড়ি গতি দূসরি নাহীঁ, রাম বসহু তিন্হ কে মন মাহীঁ।
জননী সম জানহিঁ পরনারী, ধনু পরার বিষ তেঁ বিষ ভারী॥

„ ৪ জে হরষহিঁ পর সম্পতি দেখী, দুখিত হোহিঁ পর বিপতি বিসেষী।
জিন্হহি রাম তুম্হ প্রানপিআরে, তিন্হ কে মন সুভ সদন তুম্হারে॥

দো০ ১২৬ স্বামি সখা পিতু মাতু গুর, জিন্হ কে সব তুম্হ তাত।
মন মন্দির তিন্হ কেঁ বসহু, সীয় সহিত দোউ ভ্রাত॥

চৌ০ ১ অরগুন তজি সব কে গুন গহহীঁ, বিপ্র ধেনু হিত সঙ্কট লহহীঁ।
নীতি নিপুন জিন্হ কই জগ লীকা, ঘর তুম্হার তিন্হ কর মনু নীকা॥

„ ২ গুন তুম্হার সমুঝই নিজ দোসা, জেহি সব ভাঁতি তুম্হার ভরোসা।
রাম ভগত প্রিয় লাগহিঁ জেহী, তেহি উর বসহু সহিত বৈদেহী॥

„ ৩ জাতি পাঁতি ধনু ধরমু বড়াই, প্রিয় পরিবার সদন সুখদাঈ।
সব তজি তুম্হহি রহই উর লাঈ, তেহি কে হৃদয় রহহু রঘুরাঈ॥

„ ৪ সরগু নরকু অপবরগু সমানা, জহঁ তহঁ দেখ ধরেঁ ধনু বানা।
করম বচন মন রাউর চেরা, রাম করহু তেহি কেঁ উর ডেরা॥

দো০ ১২৭ জাহি ন চাহিঅ কবহুঁ কছু, তুম্হ সন সহজ সনেহু।
বসহু নিরন্তর তাসু মন, সো রাউর নিজ গেহু॥

দোঃ ১২৪ তব যশ সরোবর মানস বিমলে, জিহ্বা যার হংসরূপী রহি সেই জলে ॥
তবগুণ রাশি মুক্তা তুলিছে সদাই, তাহারি হৃদয়ে বাস কর রাম তাই ॥

চৌঃ ১ প্রভুর প্রসাদ পুণ্য গন্ধ মনোহর, নাসিকা যাহার লয় করি সমাদর।
তোমারে নিবেদি অন্ন যে করে ভোজন, তোমারি প্রসাদ যার বসন ভূষণ ॥

,, ২ দেবতা ব্রাহ্মণ গুরু পদে শির নত, প্রীতির সহিত রহে বিনয়াবনত।
রামপদ পূজা করে নিত্য যার কর, দ্বিতীয় নাহিক তার রামেই নির্ভর ॥

,, ৩ চরণ যাহার চলে রামতীর্থ পানে, বাস কর সদা তুমি তাহারি পরাণে।
শ্রেষ্ঠ মন্ত্র মনে মানি জপে তব নাম, সপরিবারেতে পূজে তোমারেই রাম ॥

,, ৪ হোম ও তর্পণ করে বিবিধ প্রকারে, করায় ভোজন বিপ্র বহু দান করে ॥
তোমারে অধিক গুরু মন মাঝে জানে, সকল প্রকারে সেবা করিয়া সম্মানে ॥

দোঃ ১২৫ সর্বদা প্রার্থনা তার একই প্রকার, রামের চরণে রতি থাকে যেন তার।
মনের মন্দিরে তার সদাই আগ্রহে, হে রঘুনন্দন সীতা বাস কর দোঁহে।

চৌঃ ১ মদ ও মাৎসর্য কাম ক্রোধ অহঙ্কার, লোভ ক্ষোভ বৈরী ভাব রাগ নাহি যার।
দম্ভ কপটতা ছল নাহি যার মনে, বাস কর তুমি প্রভু সে অন্তঃকরণে ॥

,, ২ সকলের প্রিয় আর রহে সর্ব হিতে, সুখে দুঃখে সমভাব নিন্দা প্রশংসাতে।
বিচার করিয়া কহে সত্য প্রিয় বাণী, ঘুমে জাগরণে জাগে তব মূর্তিখানি ॥

,, ৩ তোমারে ছাড়িয়া গতি কিছু নাই যার, বাস কর রাম তুমি হৃদয়ে তাহার।
পরদার মাতৃসম যে দেখে সদাই, পর ধন বিষাপেক্ষা বিষ ভাবে যেই ॥

,, ৪ পরের সম্পত্তি দেখি হর্ষ যার মনে, পরের বিপত্তি দেখি দুঃখান্ত করণে।
হে রাম যাহার তুমি প্রাণপ্রিয় হও, তারি শুভ হৃদয়ের সদনেতে রও ॥

দোঃ ১২৬ সখা স্বামী পিতা মাতা গুরু এক সাথে, হও তুমি যার তাত এ বিশ্ব জগতে।
মনের মন্দির তার তোমারি লাগিয়া, সীতা সহ দুই ভ্রাতা বাস কর গিয়া ॥

চৌঃ ১ ত্যাজিয়া সবার দোষ গুণ শুধু লয়, গো ব্রাহ্মণ হিত লাগি সব দুঃখ সয়।
জগতের গণনাতে শ্রেষ্ঠ নীতি জ্ঞানী, তারি মন মধ্যে তব রম্য গৃহ জানি ॥

,, ২ তব গুণ বোঝে যেই নিজ দোষ জানি, তোমাতে নির্ভরশীল একমাত্র মানি।
রামভক্ত প্রিয় অতি হইবে যাহার, সীতা সহ বাস কর হৃদয়ে তাহার ॥

,, ৩ জাতি বংশ ধন ধর্ম মর্যাদা তাহার, আত্মীয় স্বজন প্রিয় ত্যজি এ সবার।
যে করে ভজনা তোমা একমাত্র রাম, তাহারি হৃদয় মাঝে তব বাস ধাম ॥

,, ৪ স্বরগ নরক মোক্ষ যাহার সমান, যেথা সেথা দেখা দাও হস্তে ধনুবান।
কায়মনোবাক্যে তব যে দাসানুদাস, তাহারি হৃদয় মাঝে কর রাম বাস ॥

দোঃ ১২৭ কিছু না চাহেন যিনি কোথাও কখন, তব সাথে স্বভাবত স্নেহেতে মগন।
তাহারি হৃদয় মাঝে রহ নিরন্তর, তাহাই যথার্থ তব আপনার ঘর ॥

চৌ০ ১ এহি বিধি মুনিবর ভবন দেখাএ, বচন সপ্রেম রাম মন ভাএ।
কহ মুনি সুনহু ভানুকুলনায়ক, আশ্রম কহউঁ সময় সুখদায়ক ॥

শ্রীরামের চিত্রকূটে আগমন

„ ২ চিত্রকূট গিরি করহু নিবাসূ, তহঁ তুম্হার সব ভাঁতি সুপাসূ।
সৈলু সুহাবন কানন চারূ, করি কেহরি মৃগ বিহগ বিহারূ ॥
„ ৩ নদী পুনীত পুরান বখানী, অত্রিপ্রিয়া নিজ তপবল আনী।
সুরসরি ধার নাউঁ মন্দাকিনি, জো সব পাতক পোতক ডাকিনি ॥
„ ৪ অত্রি আদি মুনিবর বহু বসহীঁ, করহিঁ জোগ জপ তপ তন কসহীঁ।
চলহু সফল শ্রম সব কর করহূ, রাম দেহু গৌরব গিরিবরহূ ॥
দো০ ১২৮ চিত্রকূট মহিমা অমিত, কহী মহামুনি গাই।
আই নহাএ সরিত বর, সিয় সমেত দোউ ভাই ॥
চৌ০ ১ রঘুবর কহেউ লখন ভল ঘাটূ, করহু কতহু অব ঠাহর ঠাটূ।
লখন দীখ পয় উতর করারা, চহু দিসি ফিরেউ ধনুষ জিমি নারা ॥
„ ২ নদী পনচ সর সম দম দানা, সকল কলুষ কলি সাউজ নানা।
চিত্রকূট জনু অচল অহেরী, চুকই ন ঘাত মার মুঠভেরী ॥
„ ৩ অস কহি লখন ঠাউঁ দেখরাবা, থলু বিলোকি রঘুবর সুখু পাবা।
রমেউ রাম মনু দেবন্হ জানা, চলে সহিত সুর থপতি প্রধানা ॥
„ ৪ কোল কিরাত বেষ সব আএ, রচে পরন তৃন সদন সুহাএ।
বরনি ন জাহিঁ মঞ্জু দুই সালা, এক ললিত লঘু এক বিসালা ॥
দো০ ১২৯ লখন জানকী সহিত প্রভু, রাজত রুচির নিকেত।
সোহ মদনু মুনি বেষ জনু, রতি রিতুরাজ সমেত ॥
চৌ০ ১ অমর নাগ কিন্নর দিসিপালা, চিত্রকূট আএ তেহি কালা।
রাম প্রনামু কীন্হ সব কাহূ, মুদিত দেব লহি লোচন লাহূ ॥
„ ২ বরষি সুমন কহ দেব সমাজূ, নাথ সনাথ ভএ হম আজূ।
করি বিনতী দুখ দুসহ সুনাএ, হরষিত নিজ নিজ সদন সিধাএ ॥
„ ৩ চিত্রকূট রঘুনন্দনু ছাএ, সমাচার সুনি সুনি মুনি আএ।
আবত দেখি মুদিত মুনিবৃন্দা, কীন্হ দণ্ডবত রঘুকুল চন্দা ॥
„ ৪ মুনি রঘুবরহি লাই উর লেহীঁ, সুফল হোন হিত আসিষ দেহীঁ।
সিয় সৌমিত্রি রাম ছবি দেখহিঁ, সাধন সকল সফল করি লেখহিঁ ॥
দো০ ১৩০ জথাজোগ সনমানি প্রভু, বিদা কিএ মুনিবৃন্দ।
করহিঁ জোগ জপ জাগ তপ, নিজ আশ্রমহি সুছন্দ ॥

চৌ০ ১ এইরূপে মুনিবর দেখান সদন, আনন্দিত রাম শুনি স্নেহের বচন।
কহে মুনি সূর্যবংশ নাথ শুন এবে, কহিব আশ্রম যাহা সুখ শান্তি দেবে ॥

শ্রীরামের চিত্রকূটে আগমন

„ ২ চিত্রকূট গিরি পরে কর বাস সবে, সুখপ্রদ হবে বাস সেথা সর্ব ভাবে।
চিত্ত আকর্ষক শৈল সুন্দর কানন, হস্তী সিংহ পশুপক্ষী বিহার ভবন ॥

„ ৩ পুরাণ বর্ণিত পুণ্য নদী বহে যায়, অত্রি প্রিয়া* তপোবলে আনেন সেথায়।
গঙ্গা অংশে পুণ্য ধারা নাম মন্দাকিনী, সর্বপাপ অঙ্কুরের সংহার কারিণী ॥

„ ৪ অত্রি আদি বহু মুনি করেন বসতি, জপতপ যোগ করে করি ক্লেশ অতি।
সফল করহ রাম শ্রম সবাকার, সেথা গিয়া দেহ শৈলে গৌরব অপার ॥

দো০ ১২৮ চিত্রকূট মহিমার অপার কাহিনী, গাহিলেন মহামুনি যখন বাখানি।
সীতা সহ দুই ভ্রাতা সে দিকেতে যান, পঁহুছিয়া নদী তীর্থে করিলেন স্নান ॥

চৌ০ ১ রাম কহে হে লক্ষ্মণ দেখ পথ ঘাট, রহিবার স্থান দেখ না হয় বিভ্রাট।
লক্ষ্মণ দেখিল স্থান উত্তর পারেতে, ধনুক আকৃতি নালা চারিটি ধারেতে ॥

„ ২ জ্যারূপেতে বহে নদী শম দম দান, ধ্বংস করে সর্ব কলি পাপ সেই বাণ।
চিত্রকূট ব্যাধসম রহে স্তব্ধ হই, লক্ষভ্রষ্ট নাহি হয় সংহার নিশ্চয়ই ॥

„ ৩ ইহা কহি দেখালেন লক্ষ্মণ সে স্থান, দেখিয়া শ্রীরামচন্দ্র মনে সুখ পান।
রামচন্দ্র মনে সুখী জানি দেবতারা, ইন্দ্রেরে সমুখে রাখি চলিলেন তারা ॥

„ ৪ কোল ভীল বেশ ধরি আসিলেন সবে, তৃণ পর্ণ দিব্য গৃহ বানাইল তবে।
বর্ণন না হয় সেই সুন্দর দুঘর, একটি ললিত লঘু মহান অপর ॥

দো০ ১২৯ লক্ষ্মণ জানকী সহ সে পর্ণ কুটিরে, দেখিয়া বিরাজ মান জগত প্রভুরে।
মনে হয় মুনি বেশ করিয়া ধারণ, বসন্তে রতির সাথে কামদেব র'ন ॥

চৌ০ ১ দেবতা কিন্নর নাগ যত দিকপাল, চিত্রকূটে আসে সবে আনন্দে বিহ্বল।
প্রণাম করেন রাম সকলেরে তথা, নয়ন সার্থক ক'রে প্রসন্ন দেবতা ॥

„ ২ বরষিয়া পুষ্প কহে দেবতা সমাজ, হে নাথ সনাথ মোরা হইলাম আজ।
দুঃসহ দুঃখের কথা করিয়া বিনতি, নিজ নিজ ধামে যান হর্ষান্বিত অতি ॥

„ ৩ রঘুনাথ চিত্রকূট সমাচার শুনি, দলে দলে আসে সেথা যত ঋষি মুনি।
মুনিগণ দেখি রামে আনন্দে মগন, রামচন্দ্র মুনিগণে দণ্ডবত হ'ন ॥

„ ৪ মুনিগণ রঘুবরে বক্ষে টানি লন, সফল হইবে কহে আশিস বচন।
রাম সীতা সৌমিত্রির রূপ দরশনে, সকল সাধন সবে সফলতা মানে ॥

দো০ ১৩০ যথা যোগ্য সম্মানেতে প্রভু অতঃপর, বিদায় দিলেন সেথা যত মুনিবর।
তারা গিয়া আশ্রমেতে নিজ ইচ্ছা মত, জপ তপ যাগ যজ্ঞ করেন সতত ॥

* অত্রিঋষির পত্নী অনসূয়া

চৌ০ ১ য়হ সুধি কোল কিরাতন্হ পাঈ, হরষে জনু নর নিধি ঘর আঈ।
কন্দ মূল ফল ভরি ভরি দোনা, চলে রঙ্ক জনু লূটন সোনা ॥
" ২ তিন্হ মহঁ জিন্হ দেখে দোউ ভ্রাতা, অপর তিন্হহি পূঁছহি মগু জাতা।
কহত সুনত রঘুবীর নিকাঈ, আই সবন্হি দেখে রঘুরাঈ ॥
" ৩ করহিঁ জোহারু ভেঁট ধরি আগে, প্রভুহি বিলোকহিঁ অতি অনুরাগে।
চিত্র লিখে জনু জহঁ তঁহ ঠাঢ়ে, পুলক সরীর নয়ন জল বাঢ়ে ॥
" ৪ রাম সনেহ মগন সব জানে, কহি প্রিয় বচন সকল সনমানে।
প্রভুহি জোহারি বহোরি বহোরী, বচন বিনীত কহহিঁ কর জোরী ॥

দো০ ১৩১ অব হম নাথ সনাথ সব, ভএ দেখি প্রভু পায়।
ভাগ হমারেঁ আগমনু, রাউর কোসলরায় ॥

চৌ০ ১ ধন্য ভূমি বন পন্থ পহারা, জহঁ জহঁ নাথ পাউ তুম্হ ধারা।
ধন্য বিহগ মৃগ কাননচারী, সফল জনম ভএ তুম্হহি নিহারী ॥
" ২ হম সব ধন্য সহিত পরিবারা, দীখ দরসু ভরি নয়ন তুম্হারা।
কীন্হ বাসু ভল ঠাউঁ বিচারী, ইহাঁ সকল রিতু রহব সুখারী ॥
" ৩ হম সব ভাঁতি করব সেবকাঈ, করি কেহরি অহি বাঘ বরাঈ।
বন বেহড় গিরি কন্দর খোহা, সব হমার প্রভু পগ পগ জোহা ॥
" ৪ তহঁ তহঁ তুম্হহি অহের খেলাউব, সর নিরঝর জলঠাউঁ দেখাউব।
হম সেবক পরিবার সমেতা, নাথ ন সকুচব আয়সু দেতা ॥

দো০ ১৩২ বেদ বচন মুনি মন অগম, তে প্রভু করুনা ঐন।
বচন কিরাতন্হ কে সুনত, জিমি পিতু বালক বৈন ॥

চৌ০ ১ রামহি কেবল প্রেমু পিআরা, জানি লেউ জো জাননিহারা।
রাম সকল বনচর তব তোষে, কহি মৃদু বচন প্রেম পরিতোষে ॥
" ২ বিদা কিএ সির নাই সিধাএ, প্রভু গুন কহত সুনত ঘর আএ।
এহি বিধি সিয় সমেত দোউ ভাঈ, বসহিঁ বিপিন সুর মুনি সুখদাঈ ॥

চিত্রকূটবর্ণনা

" ৩ জব তেঁ আই রহে রঘুনায়ক, তব তেঁ ভয়উ বনু মঙ্গলদায়কু।
ফূলহিঁ ফলহিঁ বিটপ বিধি নানা, মঞ্জু বলিত বর বেলি বিতানা ॥
" ৪ সুরতরু সরিস সুভায়ঁ সুহাএ, মনহুঁ বিবুধ বন পরিহরি আএ।
গুঞ্জ মঞ্জুতর মধুকর শ্রেণী, ত্রিবিধ বয়ারি বহই সুখ দেনী ॥

দো০ ১৩৩ নীলকণ্ঠ কলকণ্ঠ সুক, চাতক চক্ক চকোর।
ভাঁতি ভাঁতি বোলহিঁ বিহগ, শ্রবন সুখদ চিত চোর ॥

চৌ ১ কোল ভীল কিরাতেরা এ সংবাদ পেল, আনন্দিত হারানিধি যেন ঘরে এল।
কন্দ মূল ফল আনে পর্ণ পূট ভরি, চলিল দরিদ্র যথা লুণ্ঠনে স্বর্ণেরই ॥

„ ২ ইহাদের মাঝে যারা দেখেছে দু'ভাই, পথ মাঝে তাহাদের জিজ্ঞাসে সবাই।
রামের মহিমা যবে শুনিল তাহারা, দুই ভায়ে দেখিবারে আসে সবে ত্বরা ॥

„ ৩ প্রণাম করিল সবে ভেট রাখি আগে, প্রভুরে নিমেষ হীন দেখে অনুরাগে।
দাঁড়ায় রহিল সবে পুত্তলিকা প্রায়, গাত্র পুলকিত চক্ষে ধারা বহে যায় ॥

„ ৪ স্নেহেতে মগন সবে রাম মনে জানি, মধুর বচন কন সবারে সম্মানি।
প্রভুরে প্রণাম করি পুনঃ পুনঃ সবে, বিনীত বচন কহে কর জুড়ি তবে ॥

দো° ১৩১ হে নাথ দেখিয়া তব কমল চরণ, সনাথ হইনু সবে আমরা এখন।
মোদেরি ভাগ্যের ফলে কোশল রাজন, আমাদের মাঝখানে তব আগমন।

চৌ ১ ধন্য ভূমি পথ ঘাট পর্বত কান্তার, ধন্য যেথা রাখিয়াছ চরণ তোমার।
ধন্য পশু পক্ষী যত এ কানন চারী, জনম সফল সবে তোমারে নেহারি ॥

„ ২ ধন্য আজি মোরা সবে আত্মীয় স্বজন, নয়ন ভরিয়া পাই' তব দরশন।
নির্বাচন করেছেন এই শ্রেষ্ঠ স্থান, সকল ঋতুই হেথা সুখদ সমান ॥

„ ৩ হস্তী সিংহ সর্প ব্যাঘ্র হিংস্র বরাহেরে, দূর করি সর্ব ভাবে সেবিব তোমারে।
অসমান বন পথ পর্বত গহ্বর, পায়ে হাঁটি দেখি প্রভু মোরা নিরন্তর ॥

„ ৪ মৃগয়ার তরে সেথা লইব তোমায়, সরসী নির্ঝর কত দেখো জলাশয়।
পরিবার সহ মোরা সেবক তোমার, কুণ্ঠা না করিও প্রভু দিতে আজ্ঞা আর ॥

দো° ১৩২ বেদবাক্য মুনিমন যারে নাহি পায়, করুণা বিধান সেই প্রভু কৃপাময়।
কিরাত বচন শুনি সুখী অতিশয়, বালকের বাক্য শুনি পিতা যথা হয় ॥

চৌ ১ প্রেমের কাঙ্গাল শুধু রামচন্দ্র হন, যেই জানে সেই বোঝে ইহা বিলক্ষণ।
পরিতুষ্ট করে রাম যত বনবাসী, মৃদুবাক্যে সকলেরে প্রেমে পরিতোষি ॥

„ ২ লইল বিদায় পদে করিয়া প্রণতি, প্রভু গুণ কহি শুনি চলে গৃহ প্রতি।
সুর মুনি সুখদাতা দুই ভ্রাতা সেথা, বিপিনে বসতি করে সাথে ল'য়ে সীতা ॥

চিত্রকূটবর্ণনা

„ ৩ যবে হতে আসি সেথা রহে রঘুবর, তবে হতে সুখ দায়ী বনানী প্রান্তর।
বিবিধ প্রকার বৃক্ষ ফলে ফুলে সাজে, বেলীর বিতান কত ললিত বিরাজে ॥

„ ৪ যেন কল্পবৃক্ষ শোভে যত বৃক্ষ সেথা, নন্দন কানন ত্যজি' যেন আসে হেথা।
অপূর্ব গুঞ্জন করে মধুকর শ্রেণী, ত্রিবিধ পবন বহে সুখ প্রদায়িনী ॥

দো ১৩৩ শুক পিক নীলকণ্ঠ চাতক চকোর, চক্রবাক আদি পক্ষী সঙ্গীতে বিভোর।
সে সঙ্গীত শ্রবণেতে সুখধারা ঢালে, চিত্ত বুঝি ল'য়ে যায় মনের আড়ালে ॥

চৌ০ ১ করি কেহরি কপি কোল কুরঙ্গা, বিগতবৈর বিচরহিঁ সব সঙ্গা।
ফিরত অহের রাম ছবি দেখী, যেহিঁ মুদিত মৃগবৃন্দ বিসেষী ॥
„ ২ বিবুধ বিপিন জহঁ লগি মাহীঁ, দেখি রামবনু সকল সিহাহীঁ।
সুরসরি সরসই দিনকর কন্যা, মেকলসুতা গোদাবরি ধন্যা ॥
„ ৩ সব সর সিন্ধু নদী নদ নানা, মন্দাকিনি কর করহিঁ বখানা।
উদয় অস্ত গিরি অরু কৈলাসূ, মন্দর মেরু সকল সুরবাসূ ॥
„ ৪ সৈল হিমাচল আদিক জেতে, চিত্রকূট জসু গারহিঁ তেতে।
বিধি মুদিত মন সুখু ন সমাঈ, শ্রম বিনু বিপুল বড়াঈ পাঈ ॥

দো০ ১৩৪ চিত্রকূট কে বিহগ মৃগ, বেলি বিটপ তৃন জাতি।
পুন্য পুঞ্জ সব ধন্য অস, কহহিঁ দেব দিন রাতি ॥

চৌ০ ১ নয়নবন্ত রঘুবরহি বিলোকী, পাই জনম ফল হোহিঁ বিসোকী।
পরসি চরন রজ অচর সুখারী, ভএ পরম পদ কে অধিকারী ॥
„ ২ সো বনু সৈলু সুভায়ঁ সুহাবন, মঙ্গলময় অতি পাবন পাবন।
মহিমা কহিঅ কবনি বিধি তাসূ, সুখসাগর জহঁ কীন্হ নিবাসূ ॥
„ ৩ পয় পয়োধি তজি অবধ বিহাঈ, জহঁ সিয় লখনু রামু রহে আঈ।
কহি ন সকহিঁ সুষমা জসি কানন, জৌঁ সত সহস হোহিঁ সহসানন ॥
„ ৪ সো মৈঁ বরনি কহৌঁ বিধি কেহীঁ, ডাবর কমঠ কি মন্দর লেহীঁ।
সেবহিঁ লখনু করম মন বানী, জাই ন সীলু সনেহু বখানী ॥

দো০ ১৩৫ ছিনু ছিনু লখি সিয় রাম পদ, জানি আপু পর নেহু।
করত ন সপনেহুঁ লখনু চিতু, বন্ধু মাতু পিতু গেহু ॥

চৌ০ ১ রাম সঙ্গ সিয় রহতি সুখারী, পুর পরিজন গৃহ সুরতি বিসারী।
ছিনু ছিনু পিয় বিধু বদনু নিহারী, প্রমুদিত মনহুঁ চকোর কুমারী ॥
„ ২ নাহ নেহু নিত বঢ়ত বিলোকী, হরষিত রহতি দিবস জিমি কোকী।
সিয় মনু রাম চরন অনুরাগা, অবধ সহস সম বনু প্রিয় লাগা ॥
„ ৩ পরনকুটী প্রিয় প্রিয়তম সঙ্গা, প্রিয় পরিবারু কুরঙ্গ বিহঙ্গা।
সাসু সসুর সম মুনিতিয় মুনিবর, অসনু অমিঅ সম কন্দ মূল ফর ॥
„ ৪ নাথ সাথ সাঁথরী সুহাঈ, ময়ন সয়ন সয় সম সুখদাঈ।
লোকপ হোহিঁ বিলোকত জাসূ, তেহি কি মোহি সক বিষয় বিলাসূ ॥

দো০ ১৩৬ সুমিরত রামহি তজহিঁ জন, তৃন সম বিষয় বিলাসু।
রামপ্রিয়া জগ জননি সিয়, কছু ন আচরজু তাসু ॥

চৌ ১ বন্য হস্তী সিংহ মৃগ বরাহ বানরে, বৈরী ভুলি এক সাথে বনে বাস করে।
মৃগয়াতে রাম যবে বনমাঝে যায়, দেখি ছবি মৃগযূথ আনন্দিত হয় ॥

„ ২ দেবতার বন যাহা আছে বিশ্বময়, রাম বন দেখি সবে ঈর্ষান্বিত হয়।
ভাগীরথী সরস্বতী দিন কর সুতা,* ধন্যা গোদাবরী নদী মেকল দুহিতা।**

„ ৩ সর্ব সরোবর সিন্ধু নদ নদী যত, মন্দাকিনী প্রশংসাতে ব্যস্ত অবিরত।
অচল উদয় অস্ত পর্বত কৈলাস, মন্দর পর্বত আর সর্ব দেববাস ॥

„ ৪ হিমাচল পর্বতাদি আছে যেথা যত, চিত্রকূট পর্বতের প্রশংসায় রত।
বিন্ধ্যাচল পর্বতের সুখ সীমা নাই, বিনাশ্রমে অফুরন্ত যশ প্রাপ্ত তাই ॥

দো ১৩৪ চিত্রকূট শৈলাশ্রিত পশুপক্ষী যত, বেলী বৃক্ষ তৃণরাজি ইহারা সতত।
পুণ্য রাশি পরিপূর্ণ তাই দেবতারা, অহর্নিশি কহে ধন্য সকলে ইহারা ॥

চৌ ১ চক্ষুষ্মান যিনি তিনি দেখি রঘুবরে, শোকহীন হ'য়ে চক্ষু সার্থক সে করে।
স্পর্শ করি পর্বতের পদধুলি তার, পরমার্থ লাভে হয় পূর্ণ অধিকার ॥

„ ২ শৈল বন সুমঙ্গল স্বভাব সুন্দর, পবিত্র যে হয় সেও সুপবিত্র তর।
কিরূপে করিব তার মহিমা প্রকাশ, সুখের সাগর রাম যেথা করে বাস ॥

„ ৩ ত্যজিয়া ক্ষীরোদ সিন্ধু অযোধ্যা নিবাস, যেথা রাম সীতা আর লক্ষ্মণের বাস।
বর্ণিতে অক্ষম সেই কাননের সুখ, শতেক সহস্র সদা রয় যার মুখ ॥

„ ৪ আমি তা' বর্ণন করি বল কি প্রকারে, পারে কি সরসী কূর্ম ধরিতে মন্দরে।
কায়মনোবাক্যে সেবা করেন লক্ষ্মণ, সুশীলতা প্রেম যার না যায় বর্ণন ॥

দো ১৩৫ রাম সীতা শ্রীচরণ দেখি ক্ষণে ক্ষণে, জানি তাহাদের স্নেহ আপনার পানে।
পিতা মাতা গৃহ বন্ধু স্বপনেও তার, স্মরণ না হয় কিছু লক্ষ্মণের আর ॥

চৌ ১ রাম সাথে রহে সীতা প্রফুল্ল অন্তরে, গৃহ সুখ পরিজন ভুলিয়া সবারে।
ক্ষণে ক্ষণে রামচন্দ্র মুখচন্দ্র হেরি, মন মাঝে আহ্লাদিত সীতা সে চকোরী ॥

চৌ০ ২ পতি প্রেম নিত্য বৃদ্ধি অবলোকি সীতা, দিবাভাগে চখী যথা হয় হরষিতা।
রামপদে অনুরাগ সীতার যেমন, সহস্র অযোধ্যা সম প্রিয় লাগে বন ॥

„ ৩ পর্ণ কুটি প্রিয় লাগে সাথে প্রিয়তম, বিহঙ্গ কুরঙ্গ প্রিয় পরিজন সম।
শ্বশুর শাশুড়ী সম মুনি পত্নী মুনি, কন্দ ফল মূলাহার অমৃত যেমনি ॥

„ ৪ নাথ সাথে কুশ শয্যা অপূর্ব বিছাই, পুষ্প শয্যা হতে শত গুণ সুখদায়ী।
যারে দেখি লোক পাল হয় লোক সবে, বিষয় বিলাস তার কভু কি সম্ভবে ॥

দো০ ১৩৬ যাহারে স্মরণ করি মানবী মানব, বিষয় বিলাস ত্যজে তৃণ সম সব।
জগতজননী সীতা রাম নাথ যার, ভোগ সুখ ত্যাগ করা আশ্চর্য কি তার ॥

---

* যমুনা—দিনকর সুতা। ** মেকল পর্বত গোদবরীর উৎস।

চৌ০ ১ সীয় লখন জেহি বিধি সুখু লহহীঁ, সোই রঘুনাথ করহিঁ সোই কহহীঁ।
হহিঁ পুরাতন কথা কহানী, সুনহিঁ লখনু সিয় অতি সুখু মানী॥
„ ২ জব জব রামু অবধ সুধি করহীঁ, তব তব বারি বিলোচন ভরহীঁ।
সুমিরি মাতু পিতু পরিজন ভাঈ, ভরত সনেহু সীলু সেবকাঈ॥
„ ৩ কৃপাসিন্ধু প্রভু হোহিঁ দুখারী, ধীরজু ধরহিঁ কুসময়উ বিচারী।
লখি সিয় লখনু বিকল হোই জাহীঁ, জিমি পুরুষহি অনুসর পরিছাহীঁ॥
„ ৪ প্রিয়া বন্ধু গতি লখি রঘুনন্দনু, ধীর কৃপাল ভগত উর চন্দনু।
লগে কহন কছু কথা পুনীতা, সুনি সুখু লহহিঁ লখনু অরু সীতা॥

দো০ ১৩৭ রামু লখন সীতা সহিত, সোহত পরন নিকেত।
জিমি বাসব বস অমরপুর, সচী জয়ন্ত সমেত॥

চৌ০ ১ জোগবহিঁ প্রভু সিয় লখনহিঁ কৈসেঁ, পলক বিলোচন গোলক জৈসেঁ।
সেবহিঁ লখনু সীয় রঘুবীরহি, জিমি অবিবেকী পুরুষ সরীরহি॥
„ ২ এহি বিধি প্রভু বন বসহিঁ সুখারী, খগ মৃগ সুর তাপস হিতকারী।
কহেউঁ রাম বন গবনু সুহাবা, সুনহু সুমন্ত্র অবধ জিমি আবা॥

সুমন্ত্রের অযোধ্যা-প্রত্যাগমন

„ ৩ ফিরেউ নিষাদু প্রভুহি পহুঁচাঈ, সচিব সহিত রথ দেখেসি আঈ।
মন্ত্রী বিকল বিলোকি নিষাদূ, কহি ন জাই জস ভয়উ বিষাদূ॥
„ ৪ রাম রাম সিয় লখন পুকারী, পরেউ ধরনিতল ব্যাকুল ভারী।
দেখি দখিন দিসি হয় হিহিনাহীঁ, জনু বিনু পঙ্খ বিহগ অকুলাহীঁ॥

দো০ ১৩৮ নহিঁ তৃন চরহি ন পিঅহিঁ জলু, মোচহিঁ লোচন বারি॥
ব্যাকুল ভএ নিষাদ সব, রঘুবর বাজি নিহারি॥

চৌ০ ১ ধরি ধীরজু তব কহই নিষাদূ, অব সুমন্ত্র পরিহরহু বিষাদূ।
তুম্হ পণ্ডিত পরমারথ গ্যাতা, ধরহু ধীর লখি বিমুখ বিধাতা॥
„ ২ বিবিধি কথা কহি কাহ মৃদু বানী, রথ বৈঠারেউ বরবস আনী।
সোক সিথিল রথু সকই ন হাঁকী, রঘুবর বিরহ পীর উর বাঁকী॥
„ ৩ চরফরাহিঁ মগ চলহিঁ ন ঘোরে, বন মৃগ মনহুঁ আনি রথ জোরে।
অঢ়ুকি পরহিঁ ফিরি হেরহিঁ পীছেঁ, রাম বিয়োগি বিকল দুখ তীছেঁ॥
„ ৪ জো কহ রামু লখনু বৈদেহী, হিঁকরি হিঁকরি হিত হেরহিঁ তেহী।
বাজিবিরহ গতি কহি কিমি জাতী, বিনু মনি ফনিক বিকল জেহিঁ ভাঁতী॥

দো০ ১৩৯ ভয়উ নিষাদু বিষাদবস, দেখত সচিব তুরঙ্গ।
বোলি সুসেবক চারি তব, দিএ সারথী সঙ্গ॥

চৌ ১ সীতা ও লক্ষ্মণ যাতে সদা সুখী হয়, করেন শ্রীরাম তাহা কহেন সদয়।
কহিতেন পুরাতন গল্প উপাখ্যান, সীতা ও লক্ষ্মণ শুনি অতি সুখ পান ॥
„ ২ যখনি ভাবেন রাম কথা আযোধ্যার, তখনি নির্গত নেত্রে অশ্রু বিন্দু তার।
পিতা মাতা পরিজন স্মরিয়া ভ্রাতারে, ভরতের স্নেহ শীল সেবার প্রকারে ॥
„ ৩ কৃপার সাগর প্রভু দুঃখিত অন্তরে, অসময় জানি ধৈর্য্য ধরি সহ্য করে।
বিকল লক্ষ্মণ সীতা রাম দশা হেরি, ছায়া যথা বিচলিত কায়া অনুসরি।
„ ৪ পরম কৃপালু ধীর সে রঘুনন্দন, ভক্ত হৃদি পরে যিনি শীতল চন্দন।
কহিলেন কিছু কথা পরম পাবন, সীতা ও লক্ষ্মণ শুনি অতি সুখী হন ॥
দো ১৩৭ সীতা ও লক্ষ্মণ সাথে পাতার কুটীরে, বসতি করেন রাম শোভা বৃদ্ধি করে'।
মনে হয় ইন্দ্র যেন অমরাবতীতে, শচী জয়ন্তেরে ল'য়ে বাস করে সাথে ॥
চৌ ১ যত্নে রক্ষা করে রাম সীতা লক্ষ্মণেরে, চক্ষুর পলক যথা চক্ষু গোলকেরে।
সীতা রামে সেবা করে যে ভাবে লক্ষ্মণ, অবিবেকী করে যথা শরীর রক্ষণ ॥
„ ২ খগ মৃগ দেব ঋষি সর্ব হিতকারী, এই ভাবে বাস করে প্রভু বনচারী।
বন যাত্রা কহিলাম অপূর্ব সে গাথা, সুমন্ত্র অযোধ্যা এলো শুন সেই কথা ॥

সুমন্ত্রের অযোধ্যা-প্রত্যাগমন

„ ৩ পার করি রামচন্দ্রে গুহক ফিরিয়া, দেখে মন্ত্রী সহ রথ আছে অপেক্ষিয়া।
বিকল হইল মন্ত্রী আসিলে নিষাদ, বর্ণিতে অক্ষম আমি মন্ত্রীর বিষাদ ॥
„ ৪ হা রাম লক্ষ্মণ সীতা ডাকি উচ্চৈঃস্বরে, লুটায় বিকল হ'য়ে ধরণী উপরে।
দক্ষিণে চাহিয়া হ্রেষা করে অশ্বগণে, বিচলিত পক্ষী যথা পক্ষের বিহনে ॥
দো ১৩৮ তৃণ মাঝে নাহি চরে নাহি জল পান, চক্ষে বহে অশ্রুধারা বিকল পরাণ।
শ্রীরামচন্দ্রের অশ্বে দেখি এই রূপ, নিষাদ বিষাদ পূর্ণ হয় অনুরূপ ॥
চৌ ১ ধৈর্য ধরি কহে তবে সুমন্ত্রে নিষাদ, হে মন্ত্রী পণ্ডিত তুমি ত্যজহ বিষাদ।
পরমার্থ জ্ঞানী তুমি তুমি বিজ্ঞবান, ধৈর্য ধর মানি ইহা বিধাতা বিধান ॥
„ ২ মৃদুভাবে বহু বাক্য কহিবার পর, জোর করি বসাইল রথের উপর।
চালাতে না পারে রথ শোকে মোহমান, রঘুবর বিরহেতে বিকল পরাণ ॥
„ ৩ অতি বিচলিত অশ্ব মার্গচ্যুত হয়, বন্য মৃগ সম যেন রথে যুক্ত রয়।
যেতে যেতে স্তব্ধ হ'য়ে পশ্চাতে তাকায়, তীব্র দুঃখে রামচন্দ্র বিয়োগ ব্যথায় ॥
„ ৪ রাম সীতা লক্ষ্মণের নাম উচ্চারণে, হ্রেষা ধ্বনি করি দেখে সেই দিক পানে।
অশ্বের বিয়োগ ব্যথা কহিব কেমনে, মণি হারা ফণী যথা বিকল পরাণে ॥
দো ১৩৯ মন্ত্রী অশ্ব দশা দেখি গুহক তখন, বিষাদ চিন্তার মাঝে হইল মগন।
ডাকি আনি আপনার সুসেবক চারি, সারথির সাথে দিল অনেক বিচারি ॥

চৌ০ ১ গুহ সারথিহি ফিরেউ পহুঁচাঈ, বিরহু বিষাহু বরনি নহিঁ জাঈ।
চলে অরধ লেই রথহি নিষাদা, হোহিঁ ছনহিঁ ছন মগন বিষাদা॥
" ২ সোচ সুমন্ত্র বিকল দুখ দীনা, ধিগ জীৱন রঘুবীর বিহীনা।
রহিহি ন অন্তহুঁ অধম সরীরূ, জস্থ ন লহেউ বিছুরত রঘুবীরূ॥
" ৩ ভএ অজস অঘ ভাজন প্রানা, কৱন হেতু নহিঁ করত পয়ানা।
অহই মন্দ মনু অৱসর চূকা, অজহুঁ ন হৃদয় হোত দুই টূকা॥
" ৪ মীজি হাথ সিরু ধুনি পছিতাঈ, মনহুঁ কৃপন ধন রাসি গৱাঁঈ।
বিরিদ বাঁধি বর বীরু কহাঈ, চলেউ সমর জনু সুভট পরাঈ॥
দো০ ১৪০ বিপ্র বিবেকী বেদবিদ, সম্মত সাধু সুজাতি।
জিমি ধোখেঁ মদপান কর, সচিৱ সোচ তেহি ভাঁতি।
চৌ০ ১ জিমি কুলীন তিয় সাধু সয়ানী, পতিদেৱতা করম মন বানী।
রহৈ করম বস পরিহরি নাহূ, সচিৱ হৃদয়ঁ তিমি দারুন দাহূ॥
" ২ লোচন সজল ডীঠি ভই থোরী, সুনই ন শ্রৱন বিকল মতি ভোরী।
সূখহিঁ অধর লাগি মুহঁ লাটী, জিউ ন জাই উর অৱধি কপাটী॥
" ৩ বিবরন ভয়উ ন জাই নিহারী, মারেসি মনহুঁ পিতা মহতারী।
হানি গলানি বিপুল মন ব্যাপী, জমপুর পন্থ সোচ জিমি পাপী॥
" ৪ বচনু ন আৱ হৃদয়ঁ পছিতাঈ, অৱধ কাহ মৈঁ দেখব জাঈ।
রাম রহিত রথ দেখিহি জোঈ, সকুচিহি মোহি বিলোকত সোঈ॥
দো০ ১৪১ ধাই পূঁছিহহিঁ মোহি জব, বিকল নগর নর নারি।
উতরু দেব মৈঁ সবহি তব, হৃদয়ঁ বজ্রু বৈঠারি॥
চৌ০ ১ পুছিহহিঁ দীন দুখিত সব মাতা, কহব কাহ মৈঁ তিন্হহি বিধাতা।
পূছিহি জবহি লখন মহতারী, কহিহউঁ কৱন সঁদেস সুখারী॥
" ২ রাম জননি জব আইহি ধাঈ, সুমিরি বচ্ছু জিমি ধেনু লৱাঈ।
পূঁছত উতরু দেব মৈঁ তেহী, গে বনু রাম লখনু বৈদেহী॥
" ৩ জোই পূঁছিহি তেহি উতরু দেবা, জাই অৱধ অব য়হু সুখু লেবা।
পূছিহি জবহিঁ রাউ দুখ দীনা, জিৱনু জাসু রঘুনাথ অধীনা॥
" ৪ দেহউঁ উতরু কৌনু মুহু লাঈ, আয়উঁ কুসল কুঅঁর পহুঁচাঈ।
সুনত লখন সিয় রাম সঁদেসূ, তৃন জিমি তনু পরিহরিহি নরেসূ॥
দো০ ১৪২ হৃদউ ন বিদরেউ পঙ্ক জিমি, বিছুরত প্রীতমু নীরু।
জানত হৌঁ মোহি দীন্হ বিধি, য়হু জাতনা সরীরু॥

চৌ ১ গুহক যখন করে সারথি বিদায়, বিরহ বেদনা তার কথা নাহি যায়।
অযোধ্যা লইয়া চলে নিষাদেরা চার, ক্ষণে ক্ষণে জাগে মনে বিষাদ সবার ॥
„ ২ ব্যাকুল সুমন্ত্র ভাবে দুঃখে হ'য়ে দীন, ধিক এ জীবনে মোর শ্রীরাম বিহীন।
অধম শরীর মোর অন্তে নাহি রবে, রাম বিনা ত্যজি কেন যশ নাহি লবে ॥
„ ৩ লভিল অযশ মোর পাপাসক্ত প্রাণ, কি হেতু সে প্রাণ মোর না করে প্রয়াণ।
হায় মন্দমতি প্রাণ গেল অবসর, এখনো দুখণ্ড নহে এ হৃদয় মোর ॥
„ ৪ পরিতাপ করে শিরে করাঘাত হানি, সর্বস্ব যাইলে করে কৃপণ যেমনি।
অথবা বিখ্যাত যোদ্ধা রণক্ষেত্র হতে, পলাইলে হাহাকার করেন যেমতে ॥
দো ১৪০ জ্ঞানী সাধু সদ্বংশের বেদজ্ঞ ব্রাহ্মণ, বুদ্ধি ভ্রষ্ট মদ্যপান করিলে যেমন।
পশ্চাত্তাপেতে তীব্র দুঃখ হয় তার, সুমন্ত্র সন্তাপ হয় একই প্রকার ॥
চৌ ১ বুদ্ধিমতি সুচরিতা কুলবতী নারী, কায়মনোবাক্যে সেবা পতি দেবতারি।
কর্মবশে রহে যদি পতি পরিহরি, সে দারুন দুঃখ দাহ এবে সুমন্ত্রেরি ॥
২ „ বাষ্পাকুল নয়নেতে দৃষ্টি নাহি সেথা, কর্ণে নাহি শোনে কিছু বুদ্ধি বিকলতা।
হৃদয় দুয়ার বদ্ধ সেই হেতু প্রাণ, না যায় যদিও শুষ্ক অধর বয়ান ॥ *
৩ „ এরূপ বিবর্ণ দেহ দেখা নাহি যায়, যেন হত্যা করিয়াছে পিতা ও মাতায়।
দুঃখ গ্লানি সুবিপুল মন মাঝে ব্যাপি', যম দ্বারে যেতে যেন শোক করে পাপী ॥
৪ „ হৃদে পরিতাপ বাক্যস্ফুর্তি নাহি হয়, কি দেখিব আমি এবে গিয়া অযোধ্যায়।
যে দেখিবে রামহীন রথ ফিরে আসে, কি মুখে দাঁড়াব গিয়া তাহাদের পাশে ॥
দো ১৪১ নগরের নরনারী ব্যাকুলিত হিয়া, রাম কোথা জিজ্ঞাসিতে আসিবে ধাইয়া।
হায়রে কপাল মোর কি দিব উত্তর, হিয়া মোর বজ্রাদপি হবে কি কঠোর ॥
চৌ ১ দীন দুখী মাতাগণ জিজ্ঞাসিলে মোরে, হা বিধাত কি কহিব আমি তাহাদেরে।
লক্ষ্মণের মাতৃদেবী জিজ্ঞাসিবে যবে, কোন সুসংবাদ তারে দিব আমি তবে ॥
„ ২ রামের জননী যবে আসিবেন ধেয়ে, প্রসুতি গাভীর ন্যায় বৎস হারা হ'য়ে।
দিব কি উত্তর আমি এই কথা বলে, শ্রীরাম লক্ষ্মণ সীতা গেছে বনে চলে ॥
„ ৩ উত্তর হবেই দিতে প্রশ্ন যদি করে, এই ত হইবে সুখ অযোধ্যা নগরে।
রামের লাগিয়া প্রাণ রেখেছে যে জ'ন, দীন দুখী মহারাজ পুছিবে যখন ॥
„ ৪ কোন মুখে দিব আমি উত্তর তাহারে, কুশলে ফিরেছি রাখি বনেতে কুমারে।
রাম সীতা লক্ষ্মণের এ সংবাদ শুনি, ত্যজিবে নৃপতি প্রাণ তৃণ সম গুণি ॥
দো ১৪২ কর্দম সে' প্রাণ প্রিয় জল হীন হলে, ফাটিয়া চৌচির হয় সে যাতনা পেলে।
রাম বিনা এ হৃদয় চূর্ণ হয় নাই, জানি তনু রাখে বিধি দিতে যাতনাই ॥

* প্রাণ বাহির হইতে পারিতেছে না কেননা হৃদয়ে কপাট দেওয়া আছে, যাহাতে চৌদ্দ বৎসর পর রামচন্দ্রের দর্শন লাভ হইতে পারিবে।

চৌ০ ১ এহি বিধি করত পন্থ পছিতারা, তমসা তীর তুরত রথু আরা।
বিদা কিএ করি বিনয় নিষাদা, ফিরে পায়ঁ পরি বিকল বিষাদা ॥
„ ২ পৈঠত নগর সচিব সকুচাঈ, জনু মারেসি গুর বাঁভন গাঈ।
বৈঠি বিটপ তর দিবসু গবাঁরা, সাঁঝ সময় তব অবসরু পারা ॥
„ ৩ অবধ প্রবেসু কীন্হ অঁধিআরেঁ, পৈঠ ভবন রথু রাখি দুআরেঁ।
জিন্হ জিন্হ সমাচার সুনি পাএ, ভূপ দ্বার রথু দেখন আএ ॥
„ ৪ রথু পহিচানি বিকল লখি ঘোরে, গরহিঁ গাত জিমি আতপ ওরে।
নগর নারি নর ব্যাকুল কৈসেঁ, নিঘটত নীর মীনগন জৈসেঁ ॥

দশরথ-সুমন্ত্র সংবাদ

দো০ ১৪৩ সচিব আগমনু সুনত সবু, বিকল ভয়উ রনিবাসু।
ভবনু ভয়ঙ্করু লাগ তেহি, মানহুঁ প্রেত নিবাসু ॥
চৌ০ ১ অতি আরতি সব পূঁছহিঁ রানী, উতরু ন আব বিকল ভই বানী।
সুনই ন শ্রবন নয়ন নহিঁ সূঝা, কহহু কহাঁ নৃপু জেহি তেহি বুঝা ॥
„ ২ দাসিন্হ দীখ সচিব বিকলাঈ, কৌসল্যা গৃহঁ গঈ লবাঈ।
জাই সুমন্ত্র দীখ কস রাজা, অমিঅ রহিত জনু চন্দু বিরাজা ॥
„ ৩ আসন সয়ন বিভূষন হীনা, পরেউ ভূমিতল নিপট মলীনা।
লেই উসাসু সোচ এহি ভাঁতী, সুরপুর তেঁ জনু খঁসেউ জজাতী ॥
„ ৪ লেত সোচ ভরি ছিনু ছিনু ছাতী, জনু জরি পঙ্খ পরেউ সম্পাতী।
রাম রাম কহ রাম সনেহী, পুনি কহ রাম লখন বৈদেহী ॥

দো০ ১৪৪ দেখি সচিবঁ জয় জীব করি, কীন্হেউ দণ্ড প্রনামু।
সুনত উঠেউ ব্যাকুল নৃপতি, কহু সুমন্ত্র কহঁ রামু ॥
চৌ০ ১ ভূপ সুমন্ত্র লীন্হ উর লাঈ, বূড়ত কছু অধার জনু পাঈ।
সহিত সনেহ নিকট বৈঠারী, পূঁছত রাউ নয়ন ভরি বারী ॥
„ ২ রাম কুসল কহু সখা সনেহী, কহঁ রঘুনাথু লখনু বৈদেহী।
আনে ফেরি কি বনহি সিধাএ, সুনত সচিব লোচন জল ছাএ ॥
„ ৩ সোক বিকল পুনি পূঁছ নরেসূ, কহু সিয় রাম লখন সন্দেসূ।
রাম রূপ গুন সীল সুভাউ, সুমিরি সুমিরি উর সোচত রাউ ॥
„ ৪ রাউ সুনাই দীন্হ বনবাসূ, সুনি মন ভয়উ ন হরষু হরাঁসূ।
সো সুত বিছুরত গএ ন প্রানা, কো পাপী বড় মোহি সমানা।

দো০ ১৪৫ সখা রামু সিয় লখনু জহঁ, তহাঁ মোহি পহুঁচাউ।
নাহিঁ ত চাহত চলন অব, প্রান কহউঁ সতিভাউ ॥

চৌ ১ এভাবে বিলাপ করি অতিক্রমি' পথ, তমসার তীরে আসে অবিলম্বে রথ।
নিষাদে বিদায় মন্ত্রী সবিনয়ে করে, বিষাদে বিকল হয়ে নমি পদে ফেরে॥

„ ২ পুর প্রবেশেতে মন্ত্রী বক্ষ দুরু দুরু, যেন বধ করিয়াছে গাভী বিপ্রগুরু।
কাটাইল দিবালোক বৃক্ষ তলে বসে, সন্ধ্যা অবসরে ধীরে নগরে প্রবেশে॥

„ ৩ অন্ধকারে প্রবেশিল অযোধ্যা নগরে, প্রাসাদে প্রবেশ করে রথ রাখি দ্বারে।
যারা যারা সমাচার পাইল শুনিতে, রাজদ্বারে রথ সেই ধাইল দেখিতে॥

„ ৪ রথ চিনি' অশ্বে দেখি অতীব বিকল, শিলা যথা রৌদ্র মাঝে, গাত্র হল জল।
নগরের নরনারী অতীব ব্যাকুল, জলের অভাবে মীন যেমন আকুল॥

দশরথ-সুমন্ত্র সংবাদ

দো ১৪৩ সুমন্ত্রের আগমন বার্তা শোনে যবে, শোকে মোহমান হল অন্তঃপুরে সবে।
প্রাসাদ প্রতীত হল অতি ভয়ঙ্কর, প্রেতের আবাস যেন হয় প্রতি ঘর॥

চৌ ১ আর্তকণ্ঠে রাণীগণ প্রশ্ন করে যবে, বাক্‌রোধ সুমন্ত্রের উত্তর কি দিবে।
চোখেতে আঁধার দেখে নাহি শুনে কানে, যাকে দেখে প্রশ্ন করে নৃপ কোন খানে॥

„ ২ দাসীরা সুমন্ত্রে দেখি পাগলের প্রায়, কৌশল্যা ভবনে তারে সঙ্গে ল'য়ে যায়।
সেখানে যাইয়া দেখে রাজারে কেমন, অমিয় বিহীন হই' শশাঙ্ক যেমন॥

„ ৩ আসন শয়ন আর ভূষণবিহীন, ভূমিতলে আছে পড়ি নিতান্ত মলিন।
দীর্ঘশ্বাস পরে তার যেন মনে হয়, স্বর্গ হতে যযাতির পতন নিশ্চয়॥

„ ৪ দুঃখে করাঘাত করে বক্ষে ক্ষণে ক্ষণে, সম্পাতির পক্ষ জ্বলে যেন হয় মনে।
কহে রাম রাম মোর কোথা রঘুরায়, হা রাম লক্ষ্মণ সীতা কহে পুনরায়॥

দো ১৪৪ সুমন্ত্র দেখিয়া কহে জয়স্তু রাজন, দণ্ডবৎ হ'য়ে করে প্রণাম তখন।
শুনিয়া উঠিয়া বসে ব্যাকুল নৃমণি, কোথা রাম আছে এবে কহ মোরে শুনি॥

চৌ ১ বক্ষে চাপি' ধরে নৃপ তবে সুমন্ত্রেরে, মজ্জমান যাহা পায় চায় ধরিবারে।
অতীব স্নেহের সাথে নিকটে বসায়, প্রশ্ন করে অশ্রু তার দুটি চক্ষু ছায়॥

„ ২ কুশলে আছে ত রাম কহ সখা মোরে, কোথা রেখে এলে রাম সীতা লক্ষ্মণেরে॥
ফিরায়ে এনেছো সাথে, বনে গেছে চলে, শুনি সুমন্ত্রের ভরে দুই চক্ষু জলে॥

„ ৩ পুনঃ পুনঃ প্রশ্ন করে শোকেতে বিহ্বল, রাম সীতা লক্ষ্মণের সব বার্তা বল।
রামরূপ গুণ শীল স্বভাব সকল, বারবার স্মরি নৃপ শোকেতে বিকল॥

„ ৪ অভিষেক বার্তা কহি দিনু বনবাস, হর্ষ বা বিমর্ষ কিছু না করে প্রকাশ।
সেই পুত্র ত্যজি' তবু প্রাণ নাহি যায়, মোর সম পাপী আর আছে কি ধরায়॥

দো ১৪৫ হে সখা রাম ও সীতা লক্ষ্মণ যেখানে, আমারে লইয়া চল র'ব সেই স্থানে।
নচেৎ এ প্রাণ মোর চাহে ত্যজিবারে, কহিতেছি সত্য কথা হে সখা তোমারে

চৌ০ ১ পুনি পুনি পূঁছত মন্ত্রিহি রাউ, প্রিয়তম সুঅন সঁদেস সুনাউ।
করহি সখা সোই বেগি উপাউ, রামু লখনু সিয় নয়ন দেখাউ॥
„ ২ সচিব্র ধীর ধরি কহ মৃহু বানী, মহারাজ তুহ্ম পণ্ডিত গ্যানী।
বীর সুধীর ধুরন্ধর দেৱা, সাধু সমাজু সদা তুহ্ম সেৱা॥
„ ৩ জনম মরন সব দুখ সুখ ভোগা, হানি লাভু প্রিয় মিলন বিয়োগা।
কাল করম বস হোহিঁ গোসাঈ, বরবস রাতি দিৱস কী নাঈ॥
„ ৪ সুখ হরষহিঁ জড় দুখ বিলখাহীঁ, দোউ সম ধীর ধরহিঁ মন মাহীঁ।
ধীরজ ধরহু বিবেকু বিচারী, ছাড়িঅ সোচ সকল হিতকারী॥

দো০ ১৪৬ প্রথম বাসু তমসা ভয়উ, দূসর সুরসরি তীর।
হ্মাই রহে জলপানু করি, সিয় সমেত দোউ বীর॥
চৌ০ ১ কেৱট কীহ্নি বহুত সেৱকাঈ, সো জামিনী সিঙ্গরৌর গৱাঁঈ।
হোত প্রাত বট ছীরু মগাৱা, জটা মুকুট নিজ সীস বনাৱা॥
„ ২ রাম সখাঁ তব নাৱ মগাঈ, প্রিয়া চঢ়াই চঢ়ে রঘুরাঈ।
লখন বান ধনু ধরে বনাঈ, আপু চঢ়ে প্রভু আয়সু পাঈ॥
„ ৩ বিকল বিলোকি মোহি রঘুবীৱা, বোলে মধুর বচন ধরি ধীৱা।
তাত প্রনামু তাত সন কহেহূ, বার বার পদ পঙ্কজ গহেহূ॥
„ ৪ করবি পায়ঁ পরি বিনয় বহোরী, তাত করিঅ জনি চিন্তা মোরী।
বন মগ মঙ্গল কুসল হমারে, কৃপা অনুগ্রহ পুন্য তুহ্মারেঁ॥
ছন্দ ৬ তুহ্মারেঁ অনুগ্রহ তাত কানন জাত সব সুখু পাইহৌঁ।
প্রতিপালি আয়সু কুসল দেখন পায় পুনি ফিরি আইহৌঁ॥
জননীঁ সকল পরিতোষি পরি পরি পায়ঁ করি বিনতী ঘনী।
তুলসী করেহু সোই জতনু জেহিঁ কুসলী রহহিঁ কোসল ধনী॥

সো০ ৬ গুর সন কহব সঁদেসু, বার বার পদ পদুম গহি।
করব সোই উপদেসু, জেহিঁ ন সোচ মোহি অৱধপতি॥
চৌ ১ পুরজন পরিজন সকল নিহোরী, তাত সুনাএহু বিনতী মোরী।
সোই সব ভাঁতি মোর হিতকারী, জাতেঁ রহ নরনাহু সুখারী॥
„ ২ কহব সঁদেসু ভরতকে আএঁ, নীতি ন তজিঅ রাজপদু পাএঁ।
পালেহু প্রজহি করম মন বানী, সে এহু মাতু সমল সম জানী॥

চৌ ১ পুনঃ পুনঃ প্রশ্ন করে নৃপতি মন্ত্রীরে, প্রাণ প্রিয় পুত্রদের বার্তা কহ মোরে।
উপায় বাহির কর অতি শীঘ্র সখা, রাম সীতা লক্ষ্মণের যাতে পাই দেখা ॥

„ ২ ধৈর্য ধরি কহে মন্ত্রী অতি মৃদু বাণী, মহারাজ তুমি হলে সুপণ্ডিত জ্ঞানী।
দেব সম ধুরন্ধর ধীর বীর তুমি, সাধুর সমাজ সেবা সদা কর স্বামী ॥

„ ৩ জনম মরণ আর সুখ দুঃখ ভোগ, লাভ ক্ষতি প্রিয় সাথে মিলন বিয়োগ।
দিবা রাত্র সম হয় হাত কিছু নাই, কর্ম আর কাল বশে জান ত গোঁসাই ॥

„ ৪ সুখেতে প্রসন্ন মূর্খ বিলাপ দুঃখেতে, উভয়েরে সম দেখে সুধীর মনেতে।
ধৈর্য ধর মন মাঝে বিবেক বিচারি, ত্যজ শোক মহারাজ সর্ব হিতকারী ॥

দো ১৪৬ তমসার তটে রহে প্রথম দিনেতে, গঙ্গা তীরে করে বাস তারা দ্বিতীয়েতে।
স্নান সমাপন করি জাহ্নবীর নীরে, সীতা সহ জলপান করে দুই বীরে।

চৌ ১ গুহক তাদের সেবা বহুভাবে করে, সে রাত্রি যাপন হ'ল শৃঙ্গবের পুরে।
প্রত্যুষে সংগ্রহ করি বটের আঠার, বানালের নিজ শিরে মুকুট জটার ॥

„ ২ রাম সখা তবে নৌকা আনিল তথায়, সীতারে উঠায়ে তবে উঠে রঘুরায়।
ধনুর্বাণ করে ল'য়ে প্রভু আজ্ঞা পাই', লক্ষ্মণ উঠিল নিজে নৌকা পরে যাই ॥

„ ৩ আমারে ব্যাকুল দেখি মোর রঘুবীর, কহেন মধুর বাণী অতি ধীর স্থির।
হে তাত পিতারে দিও প্রণাম আমার, চরণ কমল তাঁর স্পর্শি বারবার ॥

„ ৪ পাদ স্পর্শি বিনয়েতে কহিও তাঁহারে, কিছুনা করেন যেন চিন্তা মোর তরে।
কৃপা অনুগ্রহ আর তাঁর পুণ্য ফল, বন পথে আমাদের কুশল মঙ্গল ॥

ছ ৬ হে পিতা তোমার আশিসে অপার আমার হৃদয় মাঝে।
বনবাসে গিয়া আমার লাগিয়া সবই মঙ্গল রাজে ॥
আদেশ পালিয়া আসিব ফিরিয়া কুশলতা যেন দেখি।
সব জননীরে পরিতুষ্ট করে বার বার নতি রাখি ॥
মিনতি সবারে করি বারে বারে সকল জননী প্রতি।
অতুল যতনে রেখো প্রাণ পণে কুশলে কোশল পতি ॥*

সো ৬ গুরুর চরণ পদ্মে নমি বার বার, তাহারে কহিও এই মিনতি আমার।
তিনি যেন দেন সদা উপদেশ তাঁর, মোর লাগি শোক যেন না হয় পিতার ॥

চৌ ১ পুরজনে পরিজনে বিনীত প্রার্থনা, সবারে কহিতে তাত যেন ভুলিও না।
সবচেয়ে হিতকারী আমার তাহারা, নরনাথে কুশলেতে রাখিবে যাহারা ॥

„ ২ ভরত আসিলে বোলো মোর হয়ে তারে, রাজপদ পাই' যেন নীতি নাহি ছাড়ে।
প্রজারে পালন যেন মনে প্রাণে করে, সেবা করে সম জানি সকল মাতারে ॥

* এই ছন্দে তুলসী কথার অর্থ যাহার তুলনা হয়না—অতুল্য।

চৌ ৩ ঔর নিবাহেহু ভায়প ভাঈ, করি পিতু মাতু সুজন সেৱকাঈ।
তাত ভাঁতি তেহি রাখব রাউ, সোচ মোর জেহিঁ করে ন কাউ ॥
„ ৪ লখন কহে কছু বচন কঠোরা, বরজি রাম পুনি মোহি নিহোরা।
বার বার নিজ সপথ দেৱাঈ, কহবি ন তাত লখন লরিকাঈ ॥
দো০ ১৪৭ কহি প্রনামু কছু কহন লিয়, সিয় ভই সিথিল সনেহ।
থকিত বচন লোচন সজল, পুলক পল্লৱিত দেহ ॥
চৌ০ ১ তেহি অৱসর রঘুবর রুখ পাঈ, কেৱট পারহি নাৱ চলাঈ।
রঘুকুল তিলক চলে এহি ভাঁতী, দেখউঁ ঠাঢ় কুলিস ধরি ছাতী ॥
„ ২ মৈঁ আপন কিমি কহৌঁ কলেসূ, জিঅত ফিরেউঁ লেই রাম সঁদেসূ।
অস কহি সচিৱ বচন রহি গয়উ, হানি গলানি সোচ বস ভয়উ ॥
„ ৩ সূত বচন সুনতহিঁ নৱনাহূ, পরেউ ধরনি উর দারুন দাহূ।
তলফত বিষম মোহ মন মাপা, মাজা মনহুঁ মীন কহুঁ ব্যাপা ॥
„ ৪ করি বিলাপ সব রোৱহিঁ রানী, মহা বিপতি কিমি জাই বখানী।
সুনি বিলাপ দুখহূ দুখু লাগা, ধীরজহূ কর ধীরজু ভাগা ॥
দো০ ১৪৮ ভয়উ কোলাহলু অৱধ অতি, সুনি নৃপ রাউর সোরু।
বিপুল বিহগ বন পরেউ নিসি, মানহুঁ কুলিস কঠোরু ॥
চৌ০ ১ প্রান কণ্ঠগত ভয়উ ভূআলূ, মনি বিহীন জনু ব্যাকুল ব্যালূ।
ইন্দ্রিয় সকল বিকল ভঈ ভারী, জনু সর সরসিজ বনু বিনু বারী ॥
„ ২ কৌসল্যা নৃপু দীখ মলানা, রবিকুল রবি অঁথয়উ জিয়ঁ জানা।
উর ধরি ধীর রাম মহতারী, বোলী বচন সময় অনুসারী ॥
„ ৩ নাথ সমুঝি মন করিঅ বিচারূ, রাম বিয়োগ পয়োধি অপারূ।
করন ধার তুম্হ অৱধ জহাজূ, চঢ়েউ সকল প্রিয় পথিক সমাজূ ॥
„ ৪ ধীরজু ধরিঅ ত পাইঅ পারূ, নাহিঁ ত বূড়িহি সবু পরিৱারূ।
জৌঁ জিয়ঁ ধরিঅ বিনয় পিয় মোরী, রামু লখনু সিয় মিলহিঁ বহোরী ॥
দো০ ১৪৯ প্রিয়া বচন মৃদু সুনত নৃপু, চিতয়উ আঁখি উঘারি।
তলফত মীন মলীন জনু, সীঁচত সীতল বারি ॥
চৌ০ ১ ধরি ধীরজু উঠি বৈঠ ভুআল, কহু সুমন্ত্র কহঁ রাম কৃপাল।
কহাঁ লখনু কহঁ রামু সনেহী, কহঁ প্রিয় পুত্রবধু বৈদেহী ॥
„ ২ বিলপত রাউ বিকল বহু ভাঁতী, ভই জুগ সরিস সিরাতি ন রাতী।
তাপস অন্ধ সাপ সুধি আঈ, কৌসল্যাহি সব কথা সুনাঈ ॥
„ ৩ ভয়উ বিকল বরনত ইতিহাসা, রাম রহিত ধিগ জীৱন আসা।
সো তনু রাখি করব মৈঁ কাহা, জেহিঁ ন প্রেম পনু মোর নিবাহা ॥

চৌ ৩ আরো বোলো রাখে যেন সৌভ্রাত্র বাঁচায়ে, পিতা মাতা পরিজন সবার সেবায়ে।
রাখিও এ ভাবে তাত পিতারে আমার, মোর তরে শোক যেন না হয় তাহার ॥
,, ৪ কঠোর বচন কিছু কহিলে লক্ষ্মণ, প্রার্থনা আমারে তারে করি নিবারণ।
প্রতিজ্ঞা করান মোরে তিনি বারে বারে, লক্ষ্মণের বালমতি নাহি কহি কারে ॥
দো ১৪৭ প্রণাম জানায়ে সীতা কহিবারে চায়, স্নেহের প্রাবল্যে দেহে বিবশতা হয়।
সজল নয়ন মুখে বচন না সরে, শিহরণে দেহ তার কাঁপে থরে থরে ॥
চৌ ১ রাম কৃপাদৃষ্টি লভি গুহক তখন, পার করিবারে নৌকা করিল যতন।
রঘুকুল শিরোমণি এই ভাবে যায়, কুলিশ কঠোর বক্ষে দেখিনু দাঁড়ায় ॥
,, ২ মোর দুঃখ কহি কারে দীর্ণ মোর হিয়া, জীবন্ত ফিরিয়া এনু রামবার্তা নিয়া।
কহিতে মন্ত্রীর ইহা বাক্‌রোধ হয়, সর্বনাশে শোকে দুঃখে মন মগ্ন রয় ॥
,, ৩ সুমন্ত্র বচন যবে শুনিল নৃপতি, হৃদয়ে দারুণ জ্বালা পড়ে ধরা প্রতি।
ব্যাকুল মোহেতে মন অতি অস্থিরতা, মৎস্যের কর্দম জলে যথা কাতরতা ॥
,, ৪ রাণীরা বিলাপ করি করেন ক্রন্দন, সে মহা বিপত্তি করি কেমনে বর্ণন।
দুঃখও বিলাপ শুনি অতি দুঃখ পায়, ধৈর্যেরো শুনিয়া ইহা ধৈর্যচ্যুতি হয় ॥

দো ১৪৮ রাজ অন্তঃপুর হ'তে বিলাপ যেমতি, শুনিল অযোধ্যা মাঝে কোলাহল অতি।
নিশাকালে বন মাঝে বজ্রপাত হ'লে, পক্ষীকুল দিশাহারা যথা কোলাহলে ॥
চৌ ১ কণ্ঠাগত প্রাণ হল তখন রাজার, মণিহারা সর্প যথা ব্যাকুলতা তার।
সকল ইন্দ্রিয় তার হইল বিকল, পদ্মবনে পদ্ম যথা রিক্ত হ'য়ে জল ॥
,, ২ কৌশল্যা নৃপের দেহে দেখি ম্লান সবি, বোঝে অস্তমিত এবে সূর্যকুল রবি।
অতিকষ্টে ধৈর্য ধরি রামের জননী, সময়োপযোগী বাণী কহিলেন তিনি ॥
,, ৩ হে নাথ বুঝিবে না কি করিয়া বিচার, রামের বিয়োগ ব্যথা সমুদ্র অপার।
অযোধ্যা অর্ণব যানে তুমি কর্ণধার, সর্বপ্রিয় পরিজন যাত্রী যে ইহার ॥
,, ৪ ধৈর্যে হাল ধর যদি হতে পারি পার, অন্যথা ডুবিবে আজি সর্ব পরিবার।
ধৈর্য ধরি কৃপা করি এ মিনতি শুন, রাম সীতা লক্ষ্মণের দেখা পাবে পুনঃ ॥

দো ১৪৯ প্রিয়ার বচন মৃদু শুনিয়া নৃপতি, আঁখি খুলি চেয়ে দেখে প্রিয়তমা প্রতি।
অস্থির মৎস্যের যেন ম্লান কাতরতা, সিঞ্চনে শীতল বারি লাঘব কিছু তা' ॥
চৌ ১ ধৈর্য ধরি উঠি বসে নৃপতি সভয়, শুধাল সুমন্ত্রে কোথা রাম কৃপাময়।
কোথায় লক্ষ্মণ মোর রাম প্রিয়তম, কোথায় বৈদেহী প্রিয় পুত্রবধূ মম ॥
,, ২ এমতে বিলাপ করে বিকল নৃপতি, যুগ সম মনে হয় নাহি কাটে রাতি।
অন্ধমুনি অভিশাপ মনে ভাসে ছবি, পূর্ব কথা কৌশল্যারে শুনালেন সবি ॥
,, ৩ কহি ইতিহাস তিনি বিকল আবার, রাম বিনা এজীবনে ধিক্ শতবার।
কি হবে করিয়া এই শরীর ধারণ, প্রেম যাতে চরিতার্থ না হবে কখন ॥

চৌ ৪ হা রঘুনন্দন প্রান পিরীতে, তুহ্ম বিনু জিঅত বহুত দিন বীতে।
হা জানকী লখন হা রঘুবর, হা পিতু হিত চিত চাতক জলধর ॥
দো০ ১৫০ রাম রাম কহি রাম কহি, রাম রাম কহি রাম।
তনু পরিহরি রঘুবর বিরহঁ, রাউ গয়উ সুরধাম ॥

ভরতকে আনাতে বশিষ্ঠের দূত প্রেরণ

চৌ০ ১ জিঅন মরন ফলু দসরথ পারা, অণ্ড অনেক অমল জসু ছারা।
জিঅত রাম বিধু বদনু নিহারা, রাম বিরহ করি মরনু সঁরারা ॥
" ২ সোক বিকল সব রোরহিঁ রানী, রূপু সীলু বলু তেজু বখানী।
করহিঁ বিলাপ অনেক প্রকারা, পরহিঁ ভূমিতল বারহিঁ বারা ॥
" ৩ বিলপহিঁ বিকল দাস অরু দাসী, ঘরঘর রুদনু করহিঁ পুরবাসী।
অঁথয়উ আজু ভানুকুল ভানূ, ধরম অরধি গুন রূপ নিধানূ ॥
" ৪ গারীঁ সকল কৈকইহি দেহীঁ, নয়ন বিহীন কীহ্ন জগ জেহীঁ।
এহি বিধি বিলপত রৈনি বিহানী, আএ সকল মহামুনি গ্যানী ॥
দো০ ১৫১ তব বসিষ্ঠ মুনি সময় সম, কহি অনেক ইতিহাস।
সোক নেরারেউ সবহি কর, নিজ বিগ্যান প্রকাস ॥
চৌ০ ১ তৈল নাবঁ ভরি নৃপ তনু রাখা, দূত বোলাই বহুরি অস ভাষা।
ধারহু বেগি ভরত পাহিঁ জাহূ, নৃপ সুধি কতহুঁ জনি কাহূ ॥
" ২ এতনেই কহেহু ভরত সন জাঈ, গুর বোলাই পঠয়উ দোউ ভাঈ।
সুনি মুনি আয়সু ধারন ধাএ, চলে বেগ বর বাজি লজাএ ॥
" ৩ অনরথু অরধ অরম্ভেউ জব তেঁ, কুসগুন হোহিঁ ভরত কহুঁ তব তেঁ।
দেখহিঁ রাতি ভয়ানক সপনা, জাগি করহিঁ কটুকোটি কলপনা ॥
" ৪ বিপ্র জেবঁাই দেহিঁ দিন দানা, সির অভিষেক করাহঁ বিধি নানা।
নাগহিঁ হৃদয় মহেস মনাঈ, কুসল মাতু পিতু পরিজম ভাঈ ॥

ভরতশত্রুঘ্নের অযোধ্যা-আগমন

দো০ ১৫২ এহি বিধি সোচত ভরত মন, ধারন পহুঁচে আই।
গুর অনুসাসন শ্রবন সুনি, চলে গনেসু মনাই ॥
চৌ০ ১ চলে সমীর বেগ হয় হাঁকে, নাঘত সরিত সৈল বন বাঁকে।
হৃদয়ঁ সোচু বড় কছু ন সোহাঈ, অস জানহিঁ জিয়ঁ জাউঁ উড়াঈ ॥
" ২ এক নিমেষ বরষ সম জাঈ, এহি বিধি ভরত জগর নিঅরাঈ।
অসগুন হোহিঁ নগর পৈঠারা, রটহিঁ কুভাঁতি কুখেত করারা ॥
" ৩ খর সিআর বোলহিঁ প্রতিকূলা, সুনি সুনি হোই ভরত মন সূলা।
শ্রীহত সর সরিতা বন বাগা, নগরু বিসেষি ভয়ারনু লাগা ॥

চৌ ৪ হে রঘুনন্দন মোর প্রাণ প্রিয় পিতঃ, তোমা বিনা বাঁচি আছি বহু দিন গত।
হা জানকি হা লক্ষ্মণ হায় রঘুবর, পিতা চিত্ত চাতকের হিতে জলধর ॥
দো ১৫০ রাম রাম মুখে শুধু কহে রাম রাম, রাম রাম ধ্বনি ওঠে শুধু করে নাম।
রঘুবর বিরহেতে রাজা দশরথ, তনু ত্যজি গেলা চলি ধরি স্বর্গ পথ ॥

ভরতকে আনাতে বশিষ্ঠের দূত প্রেরণ

চৌ ১ জীবন মরণ ফল পাইল নৃপতি, অনেক ব্রহ্মাণ্ডে ব্যাপি সুযশ সুকীর্তি।
জীবনে দেখিত সদা রামচন্দ্র মুখ, রামের বিরহে মরি মৃত্যুমাঝে সুখ ॥
" ২ রাণীরা বিকল শোকে করেন ক্রন্দন, বলবীর্য রূপ শীল করিয়া বর্ণন।
বিলাপ করেন তারা অনেক প্রকারে, ধরণী উপরে পড়ে তারা বারে বারে ॥
" ৩ বিলাপ বিকল হ'য়ে করে দাস দাসী, প্রতিটি গৃহেতে কাঁদে যত পুরবাসী।
ধর্মের মর্যাদাগুণ রূপের নিধান, সূর্য কুল সূর্য আজি অস্তাচলে যান ॥
" ৪ কৈকেয়ীরে সবে করে গালি বরষণ, অন্ধকারে পরিপূর্ণ করিল ভুবন।
এ প্রকার বিলাপেতে রাত্রি কেটে যায়, মহামুনি জ্ঞানী গুণী আসিল সেথায় ॥
দো ১৫১ তখন বশিষ্ঠ মুনি সময়ানুসারে, উপাখ্যান কহে সবে বিশদ প্রকারে।
বিশিষ্ট জ্ঞানের আলো দান করি তবে, প্রশমিত করিলেন শোকাবেগ সবে ॥
চৌ ১ তৈলে নৌকা ভরি রাখে নৃপদেহ তথা, ডাকিয়া দূতেরে তিনি কহেন বারতা।
অতি দ্রুত যাও তুমি ভরত নিকট, নৃপের সংবাদ কিছু না করি প্রকট ॥
" ২ ইহাই কহিবে শুধু ভরতের কাছে, দুই ভায়ে গুরুদেব শীঘ্র ডাকিয়াছে।
গুরু আজ্ঞা পেয়ে ছোটে দ্রুত বেগে হেন, শ্রেষ্ঠ অশ্ব তা দেখিয়া লজ্জা পায় যেন ॥
" ৩ অযোধ্যায় যবে হতে অনর্থ ঘটিল, অমঙ্গল চিহ্ন যত ভরত দেখিল।
ভীষণ দুঃস্বপ্ন দেখে ভরত রাত্রেতে, জাগিয়াও রহে মগ্ন কোটি দুশ্চিন্তাতে ॥
" ৪ ভোজন করায় বিপ্রে দান করে দীনে, শিব আরাধনা করে বিবিধ বিধানে।
পিতা মাতা পরিজন ভ্রাতার লাগিয়া, শঙ্করে মানত করে কুশল মাগিয়া ॥

ভরতশত্রুঘ্নের অযোধ্যা-আগমন

দো ১৫২ এই ভাবে চিন্তাগ্রস্ত ভরত যখন, দূত গিয়া পঁহুছিল নিকট তখন।
গুরুর আদেশ কর্ণে যে মুহূর্তে শোনে, গণপতি স্মরি চলে ভ্রাতা দুইজনে ॥
চৌ ১ বায়ুবেগে অশ্বোপরি চলিল ধাইয়া, গভীর অরণ্য শৈল নদী উত্তরিয়া।
হৃদয়ে দুশ্চিন্তা তাই সুখ নাই মনে, মনে ইচ্ছা জাগে যায় উড়ি' বায়ু সনে ॥
" ২ এক এক নিমেষ কাল বর্ষ সম কাটে, এই ভাবে পঁহুছিল নগর নিকটে।
অমঙ্গল চিহ্ন দেখে প্রবেশি নগরে, কুস্থানে বায়স বসি কুশব্দ প্রচারে।।
" ৩ শৃগাল গর্দভ ডাকে প্রতিকূল স্বরে, ভরত শুনিয়া শব্দ মনে শঙ্কা করে।
শ্রীহীন উদ্যান বন নদী সরোবর, অযোধ্যা দেখিতে লাগে অতি ভয়ঙ্কর ॥

চৌ ৪ খগ মৃগ হয় গয় জাহিঁন জোএ, রাম বিয়োগ কুরোগ বিগোএ।
নগর নারি নর নিপট দুখারী, মনহুঁ সবন্হি সব সম্পতি হারী ॥
দো० ১৫৩ পুরজন মিলহিঁন কহহিঁ কছু, গরহিঁ জোহারহিঁ জাহিঁ।
ভরত কুসল পূঁছি ন সকহিঁ, ভয় বিষাদ মন মাহিঁ ॥
চৌ० ১ হাট বাট নহিঁ জাই নিহারী, জনু পুর দহঁ দিসি লাগি দরারী।
আরত সুত সুনি কৈকয়নন্দিনি, হরষী রবিকুল জলরুহ চন্দিনি ॥

কৈকেয়ী-ভরত-সংবাদ

„ ২ সজি আরতী মুদিত উঠি ধাঈ, দ্বারেহিঁ ভেটি ভবন লেই আঈ।
ভরত দুখিত পরিবারু নিহারা, মানহুঁ তুহিন বনজ বনু মারা ॥
„ ৩ কৈকেঈ হরষিত এহি ভাঁতী, মনহুঁ মুদিত দব লাই কিরাতী।
সুতহি সসোচ দেখি মনু মারেঁ, পূঁছতি নৈহর কুসল হমারেঁ ॥
„ ৪ সকল কুসল কহি ভরত সুনাঈ, পূঁছীত নিজ কুল কুসল ভলাঈ।
কহু কহঁ তাত কহাঁ সব মাতা, কহঁ সিয় রাম লখন প্রিয় ভ্রাতা ॥

দো० ১৫৪ সুনি সুত বচন সনেহময়, কপট নীর ভরি নৈন।
ভরত শ্রবন মন সূল সম, পাপিনি বোলী বৈন ॥
চৌ० ১ তাত বাত মৈঁ সকল সঁবারী, ভৈ মন্থরা সহায় বিচারী।
কছুক কাজ বিধি বীচ বিগারেউ, ভূপতি সুরপতি পুর পগু ধারেউ ॥
„ ২ সুনত ভরতু ভএ বিবস বিষাদা, জনু সহমেউ করি কেহরি নাদা।
তাত তাত হা তাত পুকারী, পরে ভূমিতল ব্যাকুল ভারী ॥
„ ৩ চলত ন দেখন পায়উঁ তোহী, তাত ন রামহি সৌঁপেহু মোহী।
বহুরি ধীর ধরি উঠে সঁভারী, কহু পিতু মরন হেতু মহতারী ॥
„ ৪ সুনি সুত বচন কহতি কৈকেঈ, মরমু পাঁছি জনু মাহুর দেঈ।
আদিহু তেঁ সব আপনি করনী, কুটিল কঠোর মুদিত মন বরনী ॥

দো० ১৫৫ ভরতহি বিসরেউ পিতু মরন, সুনত রাম বন গৌনু।
হেতু অপনপউ জানি জিয়ঁ, থকিত রহে ধরি মৌনু ॥
চৌ० ১ বিকল বিলোকি সুতহি সমুঝাবতি, মনহুঁ জরে পর লোনু লগাবতি।
তাত রাউ নাহিঁ সৌচৈ জোগূ, বিঢ়ই সুকৃত জসু কীন্হেউ ভোগূ ॥
„ ২ জীবত সকল জনম ফল পাএ, অন্ত অমরপতি সদন সিধাএ।
অস অনুমানি সোচ পরিহরহু, সহিত সমাজ রাজ পুর করহূ ॥
„ ৩ সুনি সুঠি সহমেউ রাজকুমারূ, পাকেঁ ছত জনু লাগ অঁগারূ।
ধীরজ ধরি ভরি লেহিঁ উসাসা, পাপিনি সবহি ভাঁতি কুল নাসা ॥

চৌ ৪ মৃগপক্ষী হস্তী অশ্ব দেখা নাহি যায়, রামের বিয়োগব্যথা রোগে লুপ্ত প্রায়।
নগরের নরনারী দুঃখী সীমা যেন, সর্বস্ব হারায়ে তারা মনস্তাপে হেন ॥

দো ১৫৩ পুরজন মিলে যবে কিছু নাহি কয়, নমস্কার করি তারা ধীরে সরে যায়।
বিষাদ দুশ্চিন্তা ছায় ভরতের মনে, কুশল পুছিতে নাহি পারে পুরজনে ॥

চৌ ১ খাঁ খাঁ করে হাট বাট দেখা নাহি যায়, নগরে দাবাগ্নি যেন দশাদিকে ছায়।
সুত আগমনে সুখী কেকয় নন্দিনী, সূর্যকুল পদ্ম দেখি চন্দ্রিমা যেমনি ॥

কৈকেয়ী-ভরত-সংবাদ

„ ২ বরণ ডালাটি নিয়া হর্ষে উঠি ধায়, দ্বার দেশে মিলি পুত্রে গৃহে লয়ে যায়।
ভরত দেখিল দুখী সব পরিবার, তুষার পতনে পদ্ম বন যে প্রকার ॥

„ ৩ বনে অগ্নি দিয়া সুখী কিরাত যেমত, কৈকেয়ীর মনে হর্ষ জাগে সেই মত।
পুত্রেরে বিমর্ষ দেখি শোকাকুল আর, পুছিল কুশল কিনা পিতৃগৃহে তার ॥

„ ৪ ভরত শুনাল সেথা সবার কুশল, পুছিল কুশল বার্তা আত্মীয় সকল।
কহ কোথা পিতৃদেব কোথা সব মাতা, শ্রীরাম লক্ষ্মণ সীতা কোথা প্রিয় ভ্রাতা।

দো ১৫৪ সুতের বচন শুনি প্রেমেতে বিহ্বল, নেত্রে আনি অভিনয়ে ছলভরা জল।
পাপিনী কৈকেয়ী কহে বচন এ হেন, ভরতের কর্ণে মনে বিঁধে শূল যেন ॥

চৌ ১ হে বৎস সকল কার্য এনেছি গুছায়ে, মন্থরার বুদ্ধি ছিল আমার সহায়ে।
এমত সময়ে বিধি সাধিলেন বাদ, স্বর্গে যান মহারাজ ঘটায়ে প্রমাদ ॥

„ ২ ভরত শুনিয়া ইহা বিবশ বিষাদে, হস্তী হতবুদ্ধি যথা সিংহের নিনাদে।
হায় পিতা পিতা মোর ডাকি উচ্চৈঃস্বরে, অতীব ব্যাকুল হ'য়ে ভূমি তলে পড়ে ॥

„ ৩ অন্তিম কালেতে পিতঃ না পেনু দর্শন, মোরে না করিলে তুমি রামে সমর্পন।
ধৈর্য ধরি' অতঃপর ওঠে কষ্ট করে, পিতার মৃত্যুর হেতু কহ মাতা মোরে ॥

„ ৪ পুত্রের বচন শুনি কহিল কৈকেয়ী, ক্ষতের ওপর যেন লবণ ছিটাই।
কুটিল কঠোর রানী প্রসন্ন মনেতে, নিজ অপকর্ম যত সবি শুরু হতে ॥

দো ১৫৫ রাম বনে গেছে শুনি ভরত তখন, পিতার মৃত্যুর বার্তা হল বিস্মরণ।
রাম সির্বাসন হেতু জানিয়া নিজেরে, স্তম্ভিত হইয়া বাক্য মুখে নাহি সরে ॥

চৌ ১ সুতেরে ব্যাকুল দেখি বোঝায় তাহারে, লবণ লাগায় যেন ক্ষতের উপরে।
শোক না করিও বৎস যে হেতু রাজার, বহু পুণ্য ছিল তাই এত ভোগ তার ॥

„ ২ জীবনে জনম ফল পেয়েছেন যিনি, মরণে অমরাবতী লভেছেন তিনি।
ইহাই বিচারি বৎস শোক পরিহর, প্রজাগণে প্রতিপালি রাজা ভোগ কর ॥

„ ৩ শুনি এ মধুর বাণী স্তম্ভিত কুমার, পক্ক ব্রণ পরে যেন লাগিল অঙ্গার।
ধরি ধৈর্য দীর্ঘশ্বাস ঘন ঘন লয়, রে পাপিনি কুলনাশ সকল প্রথায় ॥

চৌ ৪ জৌঁ পৈ কুরুচি রহী অতি তোহী, জনমত কাহে ন মারে মোহী।
পেড় কাটি তৈঁ পালউ সীঁচা, মীন জিঅন নিতি বারি উলীচা ॥

দো০ ১৫৬ হংসবংস্থ দসরথু জনকু, রাম লখন সে ভাই।
জননী তূঁ জননী ভঈ, বিধি সন কছু ন বসাই ॥

চৌ০ ১ জব তৈঁ কুমতি কুমত জিয়ঁ ঠয়উ, খণ্ড খণ্ড হোই হৃদউ ন গয়উ।
বর মাগত মন ভই নহিঁ পীরা, গরি ন জীহ মুহঁ পরেউ ন কীরা ॥

„ ২ ভূপ প্রতীতি তোরি কিমি কীন্হী, মরন কাল বিধি মতি হরি লীন্হী।
বিধিহুঁন নারি হৃদয় গতি জানী, সকল কপট অঘ অরগুন খানী ॥

„ ৩ সরল সুশীল ধরম রত রাউ, সো কিমি জানৈ তীয় সুভাউ।
অস কো জীব জন্তু জগ মাহীঁ, জেহি রঘুনাথ প্রাণপ্রিয় নাহীঁ ॥

„ ৪ ভে অতি অহিত রামু তেউ তোহী, কো তূ অহসি সত্য কহু মোহী।
জো হসি সো হসি মুহঁ মসি লাঈ, আঁখি ওট উঠি বৈঠহি জাঈ ॥

দো০ ১৫৭ রাম বিরোধী হৃদয় তেঁ, প্রগট কীহ্ন বিধি মোহি।
মো সমান কো পাতকী, বাদি কহউঁ কছু তোহি ॥

ভরতকৌশল্যাসংবাদ

চৌ০ ১ সুনি সত্রুঘুন মাতু কুটিলাঈ, জরহিঁ গাত রিস কছু ন বসাঈ।
তেহি অবসর কুবরী তহঁ আঈ, বসন বিভূষন বিবিধ বনাই ॥

„ ২ লখি রিস ভরেউ লখন লঘু ভাঈ, বরত অনল ঘৃত আহুতি পাঈ।
হুমগি লাত তকি কূবর মারা, পরি মুহ ভর মহিঁ করত পুকারা ॥

„ ৩ কূবর টূটেউ ফূট কপারূ, দলিত দসন মুখ রুধির প্রচারূ।
আহ দইঅ মৈঁ কাহ নসারা, করত নীক ফলু অনইস পারা ॥

„ ৪ সুনি রিপুহন লখি নখ সিখ খোটী, লগে ঘসীটন ধরি ধরি ঝোঁটি।
ভরত দয়ানিধি দীন্হি ছুড়াঈ, কৌসল্যা পহিঁ গে দোউ ভাঈ ॥

দো০ ১৫৮ মলিন বসন বিবরন বিকল, কৃস সরীর দুখ ভার।
কনক কলপ বর বেলি বন, মানহুঁ হনী তুসার ॥

চৌ০ ১ ভরতহি দেখি মাতু উঠি ধাঈ, মুরছিত অবনি পরী ঝই আঈ।
দেখত ভরতু বিকল ভএ ভারী, পরে চরন তন দসা বিসারী ॥

„ ২ মাতু তাত কহঁ দেহি দেখাঈ, কহঁ সিয় রামু লখনু দোউ ভাঈ।
কেকই কত জনমী জগ মাঝা, জৌঁ জনমি ত ভই কাহে ন বাঁঝা ॥

„ ৩ কুল কলঙ্কু জেহিঁ জনমেউ মোহী, অপজস ভাজন প্রিয়জন দ্রোহী।
কো তিভুবন মোহি সরিস অভাগী, গতি অসি তোরি মাতু জেহি লাগী ॥

চৌ ৪ এমনি দুর্বুদ্ধি যদি ছিল তোর মনে, জন্ম মাত্র মোরে কেন মারিস্‌নি প্রাণে।
কাণ্ড কাটি পত্রে শুধু জল দিয়েছিলি, মৎস্যের জীবন লাগি জল ফেলে দিলি ॥

দো ১৫৬ সূর্য বংশে জন্ম মোর দশরথ পিতা, রাম আর লক্ষ্মণের মত দুই ভ্রাতা।
আর তুমি হে জননি জননী আমার, হায় বিধি এই বুঝি বিচার তোমার ॥

চৌ ১ রে দুর্মতি হৃদে যবে কুমতি জাগিল, কেন শতখণ্ড তোর হৃদয় না হ'ল।
দুঃখ নাহি হ'ল তোর এ বর মাগিতে, জিহ্বা নাহি খসি পড়ে ক্রিমি কীট সাথে ॥

„ ২ কি করিয়া রাজা তোরে করিল বিশ্বাস, মৃত্যু কালে বিধি বুঝি করে বুদ্ধি নাশ।
রমণীর মন হায় বিধিও না জানে, পাপ খনি কপটতা পূর্ণ অবগুণে ॥

„ ৩ সরল সুশীল নৃপ ধর্ম প্রাণ অতি, সে বুঝিবে কি করিয়া রমণীর মতি।
জগত মাঝে কি হেন জীব জন্তু আছে, রামচন্দ্র নহে প্রিয় যাহাদের কাছে ॥

„ ৪ সেই রামচন্দ্র তোর শত্রু হল ঘোর, সত্য করে বল মোরে স্বরূপ কি তোর।
যাই হো'ক তাই নিয়ে মুখে মসী দিয়া, চক্ষুর আড়ালে মোর বস্‌ তুই গিয়া ॥

দো ১৫৭ রামদ্রোহী যে হৃদয় কুলীশ কঠোর, তাহা হতে সৃষ্টি করে বিধি দেহ মোর।
আমাপেক্ষা হতভাগ্য পাপী কেবা আছে, যাহা কিছু কহিয়াছি ব্যর্থ তোর কাছে ॥

ভরতকৌশল্যাসংবাদ

চৌ ১ শুনিল শত্রুঘ্ন যবে মাতৃ কুটিলতা, ক্রোধে সর্ব অঙ্গ জ্বলি অবশ হল তা।
এমত সময়ে কুব্জা আসিল সেথায়, বসন ভূষণে সাজি বিবিধ প্রথায় ॥

„ ২ লক্ষ্মণ অনুজ ক্রোধে জ্বলে দেখি তারে, সহসা অগ্নিতে যেন ঘৃতাহুতি পড়ে।
কুব্জ পৃষ্ঠ লক্ষ্য করি পদাঘাত করে, চিৎকারি উপুড় হ'য়ে ভূমি তলে পড়ে ॥

„ ৩ কপাল ও কুব্জপৃষ্ঠ ফাটিল তাহার, দন্ত পড়ে মুখ মাঝে রক্তে একাকার।
হায় বিধি কার আমি ক্ষতি করিলাম, করিতে মঙ্গল হল এই পরিণাম ॥

„ ৪ আপাদ মস্তক পাপী জানিয়া তাহারে, শত্রুঘ্ন শুনিয়া কথা কেশ ধরি মারে।
দয়ালু ভরত তারে ছাড়াইয়া দিল, দুই ভায়ে চলে যেথা কৌশল্যা আছিল ॥

দো ১৫৮ বিবর্ণ বিকল আর মলিন বসন, দুঃখ ভারে কৃশ তনু করি অনশন।
স্বর্ণ কল্পবৃক্ষ জাত কেলীপুষ্প বনে, যেন সে তুষারপাত হয় ঝঞ্ঝা সনে ॥

চৌ ১ ভরতে দেখিয়া মাতা উঠিয়া ধাইলে, ঘূর্নিত মস্তকে মূর্চ্ছা হ'ল ভূমি তলে।
দেখিয়া ভরত মনে দুঃখ অতিশয়, দেহ দশা ভুলি পড়ে চরণ তলায়।।

„ ২ হে মাতঃ দেখাও মোরে কোথা মোর পিতা, কোথা সীতা রাম আর লক্ষ্মণ দুভ্রাতা।
জগতে কৈকেয়ী জন্ম কেন হয়েছিল, হল যদি নিঃসন্তান কেন না রহিল ॥

„ ৩ সে হেতু কলঙ্কি কুল মোর জন্ম হ'লে, হইনু অযশ ভাগী প্রিয় দ্রোহী বলে।
অভাগা কে আছে মোর সম ত্রিভুবনে, তোমার এ দশা মাতঃ আমারি কারণে ॥

চৌ ৪ পিতু সুরপুর বন রঘুবর কেতূ, মৈঁ কেৱল সব অনরথ হেতূ।
ধিগ মোহি ভয়উঁ বেনু বন আগী, দুসহ দাহ দুখ দূষন ভাগী ॥

দো৹ ১৫৯ মাতু ভরত কে বচন মৃদু, সুনি পুনি উঠী সঁভারি।
লিএ উঠাই লগাই উর, লোচন মোচতি বারি ॥

চৌ৹ ১ সরল সুভায় মায়ঁ হিয়ঁ লাএ, অতি হিত মনহুঁ রাম ফিরি আএ।
ভেঁটেউ বহুরি লখন লঘু ভাঈ, সোকু সনেহু ন হৃদয়ঁ সমাঈ ॥

„ ২ দেখি সুভাউ কহত সবু কোঈ, রাম মাতু অস কাহে ন হোঈ।
মাতা ভরতু গোদ বৈঠারে, আঁসু পোঁছি মৃদু বচন উচারে ॥

„ ৩ অজহুঁ বচ্ছ বলি ধীরজ ধরহূ, কুসমউ সমুঝি সোক পরিহরহূ।
জনি মানহু হিয়ঁ হানি গলানী, কাল করম গতি অঘটিত জানী ॥

„ ৪ কাহুহি দোসু দেহু জনি তাতা, ভা মোহি সব বিধি বাম বিধাতা।
জো এতেহুঁ দুখ মোহি জিআৱা, অজহুঁ কো জানই কা তেহি ভাৱা ॥

দো৹ ১৬০ পিতু আয়স ভূষন বসন, তাত তজে রঘুবীর।
বিসমউ হরষু ন হৃদয়ঁ কছু, পহিরে বলকল চীর ॥

চৌ ১ মুখ প্রসন্ন মন রঙ্গ ন রোষূ, সব কর সব বিধি করি পরিতোষূ।
চলে বিপিন সুনি সিয় সঁগ লাগী, রহই ন রাম চরন অনুরাগী ॥

„ ২ সুনতহিঁ লখনু চলে উঠি সাথা, রহহিঁ ন জতন কিএ রঘুনাথা।
তব রঘুপতি সবহী সিরু নাঈ, চলে সঙ্গ সিয় অরু লঘু ভাঈ ॥

„ ৩ রামু লখনু সিয় বনহি সিধাএ, গইউঁ ন সঙ্গ ন প্রান পঠাএ।
য়হু সবু ভা ইন্হ আঁখিন্হ আগেঁ, তউ ন তজা তনু জীৱ অভাগেঁ ॥

„ ৪ মোহি ন লাজ নিজ নেহু নিহারী, রাম সরিস সুত মৈঁ মহতারী।
জিঐ মরৈ ভল ভূপতি জানা, মোর হৃদয় সত কুলিস সমানা ॥

দো৹ ১৬১ কৌশল্যা কে বচন সুনি, ভরত সহিত রনিবাসু।
ব্যাকুল বিলপত রাজগৃহ, মানহুঁ সোক নিৱাসু ॥

চৌ৹ ১ বিলপহিঁ বিকল ভরত দোউ ভাঈ, কৌসল্যা লিএ হৃদয়ঁ লগাঈ।
ভাঁতি অনেক ভরতু সমুঝাএ, কহি বিবেকময় বচন সুনাএ ॥

„ ২ ভরতহুঁ মাতু সকল সমুঝাঈঁ, কহি পুরান শ্রুতি কথা সুনাঈঁ।
ছল বিহীন সুচি সরল সুবানী, বোলে ভরত জোরি জুগ পানী ॥

„ ৩ জে অঘ মাতু পিতা সুত মারেঁ, গাই গোঠ মহিসুর পুর জারেঁ।
জে অঘ তিয় বালক বধ কীন্হে, মীত মহীপতি মাহুর দীন্হে ॥

„ ৪ জে পাতক উপপাতক অহহীঁ করম বচন মন ভৱ কবি কহহী।
তে পাতক মোহি হোহুঁ বিধাতা, জোঁ য়হু হোই মোর মত মাতা ॥

চৌ ৪ পিতা স্বর্গে গেল বনে রঘুকুল কেতু, একমাত্র আমি সব অনর্থের হেতু।
ধিক্ মোরে বেণু বনে আমি অগ্নি সম, দুঃসহ দহন জ্বালা পাপ যত মম ॥

দো ১৫৯ ভরতের মৃদু বাক্য করিয়া শ্রবণ, উঠিয়া বসেন মাতা সামালিয়া মন।
উপাইয়া ভরতেরে বক্ষে টানি লন, নেত্রে তার অবিরত বারি বরিষণ ॥

চৌ ১ সরল স্বভাব মাতা বক্ষে চাপি'ধরে, অতি স্নেহে মনে করে রাম ফিরে ঘরে।
লক্ষ্মণ অনুজে পরে বক্ষে টানি লয়, মাতার হৃদয়ে শোক স্নেহ উথলায় ॥

„ ২ স্বতস্ফূর্ত কহে সবে দেখি ব্যবহার, ইহাই ত যোগ্য বটে রামের মাতার।
ভরতেরে লন মাতা নিজ অঙ্ক পরে, অশ্রু মুছাইয়া কন মৃদু বাণী তারে।।

„ ৩ বালাই লইনু বাছা এবে ধৈর্য ধর, কুসময় জানি বৎস শোক পরিহর।
কাল ও কর্মের গতি কেহ নাহি জানে, পরিহর কেশ গ্লানি যাহা তব মনে ॥

„ ৪ কারেও দিও না দোষ রে বৎস আমার, আমারে বিধাতা বাম সকল প্রকার।
এত দুঃখ দিয়া মোর জীবন বাঁচাতে, কি আনন্দ পান তিনি না পারি বুঝিতে ॥

দো ১৬০ পিতার আদেশে তাত বসন ভূষণ, ত্যজি' রাম করে শুধু বল্কল ধারণ।
হর্ষ বা বিস্ময় দুঃখ ভাবাবেগ আর, কিছুই ছিলনা বৎস রামের আমার ॥

চৌ ১ প্রসন্ন বদনে নাহি মনে রাগ রোষ, সবারে সকল ভাবে করি পরিতোষ।
বনেতে চলেন শুনি সীতা সঙ্গ ধরে, রামপদে অনুরাগে না রহিল ঘরে ॥

„ ২ শুনিয়া লক্ষ্মণ চলে তার সাথে সাথে, রঘুনাথ কহিলেও ঘরেতে রহিতে।
অতঃপর সকলেরে শির নত করে, চলে রাম সাথে ল'য়ে সীতা লক্ষ্মণেরে ॥

„ ৩ রাম সীতা ও লক্ষ্মণ বনে চলে যান, না গেলাম সঙ্গে আমি না হারানু প্রাণ।
চোখের সমুখে মোর সবি হল হায়, তবু না অভাগী প্রাণ দেহ ছাড়ি যায় ॥

„ ৪ লজ্জাহীনা আমি দেখি পুত্র স্নেহ মোর, রামপুত্র মাতা আমি কুলিশ কঠোর।
নৃপতি বেঁচেছে ভাল মরণেও সুখ, আমারি হৃদয় বজ্র মরণে বিমুখ ॥

দো ১৬১ কৌশল্যা বচন শুনি ভরত আকুল, অন্তঃপুর-বাসী যত বিলাপে ব্যাকুল।
রাজার প্রাসাদ মাঝে ওঠে হাকাকার, পরিপূর্ণ রাজগৃহ শোকের আগার ॥

চৌ ১ ভরতেরা দুই ভাই আকুল ক্রন্দনে, কৌশল্যা কোলেতে লন ভ্রাতা দুইজনে।
সান্ত্বনা অনেক ভাবে ভরতেরে দেন, জ্ঞান গর্ভ বহু বাক্য তাদের কহেন ॥

„ ২ ভরতও বুঝায় তার সব মাতাগণে, কহি শ্রেষ্ঠ বেদবাক্য স্মৃতি উপাখ্যানে।
সরল সুন্দর আর সুপবিত্র বাণী, কহিল ভরত তার জুড়ি দুই পাণি ॥

„ ৩ মাতা পিতা গুরু হত্যা করিলে যে পাপ, গোষ্ঠে বিপ্রগৃহে অগ্নি দিলে অভিশাপ।
যে পাপ স্ত্রীলোক আর বালকেরে বধি, মিত্র আর নৃপতিরে বিষ দান যদি ॥

„ ৪ কায়-মনো-বাক্যে যাহা পাপ গণ্য হয়, উপ পাপ বলিয়াও জ্ঞানী গুণী কয়।
সে সব পাতক দিবে আমারে বিধাতা, সম্মতি আমার যদি ঘটনাতে মাতা ॥

দো০ ১৬২ জে পরিহরি হরি হর চরণ, ভজহিঁ ভূতগন ঘোর।
তেহিকই গতি মোহি দেউ বিধি, জোঁ জননীমত ঘোর ॥

চৌ০ ১ বেচহিঁ বেদু ধরমু দুহি লেহী, পিসুন পরায় পাপ কহি দেহীঁ।
কপটী কুটিল কলহপ্রিয় ক্রোধী, বেদ বিদূষক বিস্ব বিরোধী ॥

„ ২ লোভী লম্পট লোলুপচারা, জে তাকহিঁ পরধনু পরদারা।
পাবৌঁ মৈঁ তিহ্ন কৈ গতি ঘোরা, জোঁ জননী য়হু সম্মত মোরা ॥

„ ৩ জে নহিঁ সাধু সঙ্গ অনুরাগে, পরমারথ পথ বিমুখ অভাগে।
জে ন ভজহিঁ হরি নরতনু পাঈ, জিহ্নহি ন হরিহর সুজসু সোহাঈ ॥

„ ৪ তজি শ্রুতি পন্থু বাম পথ চলহীঁ, বঞ্চক বিরঞ্চি বেষ জগু ছলহীঁ।
তিহ্ন কৈ গতি মোহি সঙ্কর দেউ, জননী জোঁয়হু জানৌঁ ভেউ ॥

দো০ ১৬৩ মাতু ভরত কে বচন সুনি, সাঁচে সরল সুভায়ঁ।
কহতি রাম প্রিয় তাত তুমু, সদা বচন মন কায়ঁ ॥

চৌ০ ১ রাম প্রানহু তেঁ প্রান তুহ্মারে, তুহ্ম রঘুপতিহি প্রানহু তে প্যারে।
বিধু বিষ চুবৈ স্রবৈ হিমু আগী, হোই বারিচর বারি বিরাগী ॥

„ ২ ভএঁ গ্যান বরু মিটৈ ন মোহূ, তুহ্ম রামহি প্রতিকূল ন হোহূ।
মত তুহ্মার য়হু জো জগ-কহহীঁ, সো সপনেহুঁ সুখ সুগতি ন লহহীঁ ॥

„ ৩ অস কহি মাতু ভরতু হিয়ঁ লাএ, থন পয় স্রবহিঁ নয়ন জল ছাএ।
করত বিলাপ বহুত য়হি ভাঁতী, বৈঠেহিঁ বীতি গঈ সব রাতী ॥

দশরথের অন্ত্যেষ্টিক্রিয়া

„ ৪ বামদেউ বসিষ্ঠ তব আএ, সচিব মহাজন সকল বোলাএ।
মুনি বহু ভাঁতি ভরত উপদেসে, কহি পরমারথ বচন সুদেসে ॥

দো০ ১৬৪ তাত হৃদয়ঁ ধীরজু ধরহু, করহু জো অবসর আজু।
উঠে ভরত গুর বচন সুনি, করন কহেউ সবু সাজু ॥

চৌ০ ১ নৃপতনু বেদ বিদিত অহ্নবারা, পরম বিচিত্র বিমানু বনারা।
গহি পদ ভরত মাতু সব রাখী, রহীঁ রানি দরসন অভিলাষী ॥

„ ২ চন্দন অগর ভার বহু আএ, অমিত অনেক সুগন্ধ সুহাএ।
সরজু তীর রচি চিতা বনাঈ, জনু সুর পুর সোপান সুহাঈ ॥

„ ৩ এহি বিধি দাহ ক্রিয়া সব কীহ্নী, বিধিবত হ্নাই তিলাঞ্জলি দীহ্নী।
সোধি সুমৃতি সব বেদ পুরানা, কীহ্ন ভরত দসগাত বিধানা ॥

„ ৪ জহঁ জস মুনিবর আয়সু দীহ্না, তহঁ তস সহস ভাঁতি সবু কীহ্না।
ভএ বিসুদ্ধ দিএ সব দানা, ধেনু বাজি গজ বাহন নানা ॥

দো ১৬২ হরিহর পাদ পদ্ম ছাড়িয়া যে জন, ভূত প্রেতগণে সদা যে করে পূজন।
দিবে বিধি একই গতি মোরে তার পাশে, সম্মতি আমার যদি রাম বনবাসে ॥

চৌ ১ জ্ঞান ধর্ম দানে যেবা করে উপার্জ্জন, পর কুৎসা সবা কাছে যে করে বর্ণন।
কপট কুটিল ক্রোধী কলহপ্রিয়তা, বেদ নিন্দা-কারী আর বিশ্ব বিরোধিতা ॥

„ ২ লম্পট লোলুপ লোভী প্রবঞ্চক আর, পরধনে পরস্ত্রীতে কুদৃষ্টি যাহার।
পাই যেন সে সবার অতি ঘোর গতি, রাম বনবাসে যদি আমার সম্মতি ॥

„ ৩ সাধু-সঙ্গ অনুরাগী যেবা নাহি হয়, পরমার্থ পথভ্রষ্ট যে অভাগা রয়।
নরতনু ধরি তবু নাহি পূজে হরি, হরি হর যশ কথা না পছন্দ যারি ॥

„ ৪ বেদমার্গ ত্যজি যেবা উন্মার্গেতে চলে, বঞ্চক কপট বেশে জগতেরে ছলে।
এ সবার গতি যেন শম্ভু দেন মোরে, যা ঘটেছে যদি জানি মর্ম ঘূণাক্ষরে ॥

দো ১৬৩ সরল স্বভাব-জাত ভরতের বাণী, শুনিয়া কহিলা মাতা তাহারে তখনি।
কায় মনোবাক্যে তব জানি বৎস জানি, সর্বপেক্ষা প্রিয় হয় রাম রঘুমণি ॥

চৌ ১ প্রাণের অধিক প্রাণ রাম তোমাদের, প্রাণাপেক্ষা প্রিয় তুমি শ্রীরামচন্দ্রের।
চন্দ্রেতে হলেও বিষ হিম অগ্নিময়, বারিচর বারি বিনা যদিও বা রয় ॥

„ ২ জ্ঞান জন্মি মোহ নাহি কাটিলেও কারো, রামের বিরুদ্ধ কার্য তুমি নাহি পারো।
রাম বনগমনেতে তোমার সম্মতি, যে কহিবে স্বপনেও নাহি সুখ গতি ॥

„ ৩ ইহা কহি ভরতেরে টানি বক্ষে লয়, স্তনে দুগ্ধ ক্ষরে নেত্রে অশ্রুধারা বয়।
উভয়ে বিলাপ করে এই প্রকারেতে, বসিয়া বসিয়া কাটে রাত্রি কোন মতে ॥

দশরথের অন্ত্যেষ্টিক্রিয়া

„ ৪ বশিষ্ঠ ও বামদেব আসি প্রাতে তবে, মন্ত্রী আর সভাসদ ডাকালেন সবে।
ভরতেরে মুনি দেন বহু উপদেশ, পরম তত্ত্বের কথা কহিয়া বিশেষ ॥

দো ১৬৪ হে বৎস হৃদয়ে ধৈর্য করহ ধারণ, সময় মতন কর কর্তব্য পালন।
ভরত উঠিল শুনি গুরু উপদেশ, যথাযোগ্য কার্য লাগি করিল আদেশ ॥

চৌ ১ নৃপতনু করাইল স্নান বেদ মতে, পরম বিচিত্র সজ্জা করিল রথেতে।
পদ ধরি মাতাগণে করে নিবারণ, রামের দর্শন আশে রাখিল জীবন ॥

„ ২ অগুরু চন্দন কাষ্ঠ আসে ভারে ভারে, সুগন্ধ আসিল এত কে কহিতে পারে।
সজ্জিত হইল চিতা সরযূর তীরে, যেন সে সোপানাবলী যেতে স্বর্গপুরে ॥

„ ৩ এই ভাবে শব দাহ সম্পন্ন করিল, স্নান করি বিধিমতে তিলাঞ্জলি দিল।
স্মৃতি শ্রুতি পুরাণের মত অনুসরি, ভরত বিধান মানে দশ রাত্র ধরি ॥

„ ৪ যেই স্থানে মহামুনি যে নির্দেশ দেন, সহস্র ভাবেতে তাহা ভরত মানেন।
শুচি স্নান করি পরে দান করে আর, গজ অশ্ব গাভী রথ অনেক প্রকার ॥

দো০ ১৬৫ সিঙ্ঘাসন ভূষন বসন, অন্ন ধরনি ধন ধাম।
দিএ ভরত লহি ভূমিসুর, ভে পরিপূরণ কাম॥

বশিষ্ঠ–ভরত সংবাদ

চৌ০ ১ পিতুহিত ভরত কীহ্নি জসি করনী, সো মুখ লাখ জাই নহিঁ বরনী।
সুদিনু সোধি মুনিবর তব আএ, সচিব মহাজন সকল বোলাএ॥
„ ২ বৈঠে রাজ সভা সব জাঈ, পঠএ বোলি ভরত দোউ ভাঈ।
ভরতু বসিষ্ঠ নিকট বৈঠারে, নীতি ধরমময় বচন উচারে॥
„ ৩ প্রথম কথা সব মুনিবর বরনী, কৈকই কুটিল কীহ্নি জসি করনী।
ভূপ ধরমব্রতু সত্য সরাহা, জেহিঁ তনু পরিহরি প্রেমু নিবাহা॥
„ ৪ কহত রাম গুন সীল সুভাউ, সজল নয়ন পুলকেউ মুনিরাউ।
বহুরি লখন সিয় প্রীতি বখানী, সোক সনেহ মগন মুনি গ্যানী।

দো০ ১৬৬ সুনহু ভরত ভাবী প্রবল, বিলখি কহেউ মুনিনাথ।
হানি লাভু জীবনু মরনু, জসু অপজসু বিধি হাথ॥

চৌ০ ১ অস বিচারি কেহি দেইঅ দোসূ, ব্যরথ কাহি পর কীজিঅ রোসূ।
তাত বিচারু করহু মন মাহীঁ, সোচ জোগু দসরথু নৃপু নাহীঁ॥
„ ২ সোচিঅ বিপ্র জো বেদ বিহীনা, তজি নিজ ধরমু বিষয় লয়লীনা।
সোচিঅ নৃপতি জো নীতি ন জানা, জেহি ন প্রজা প্রিয় প্রান সমানা॥
„ ৩ সোচিঅ বয়সু কৃপন ধনবানূ, জো ন অতিথি সিব ভগতি সুজানূ।
সোচিঅ সুদ্রু বিপ্র অবমানী, মুখর মানপ্রিয় গ্যান গুমানী॥
„ ৪ সোচিঅ পুনি পতি বঞ্চক নারী, কুটিল কলহপ্রিয় ইচ্ছাচারী।
সোচিঅ বটু নিজ ব্রতু পরিহরঈ, জো নহিঁ গুর আয়সু অনুসরঈ॥

দো০ ১৬৭ সোচিঅ গৃহী জো মোহ বস, করই করম পথ ত্যাগ।
সোচিঅ জতী প্রপঞ্চ রত, বিগত বিবেক বিরাগ॥

চৌ ১ বৈখানস সোই সোচৈ জোগূ, তপু বিহাই জোহি ভাবই ভোগূ।
সোচিঅ পিসুন অকারন ক্রোধী, জননি জনক গুর বন্ধু বিরোধী॥
„ ২ সব বিধি সোচিঅ পর অপকারী, নিজ তনু পোষক নিরদয় ভারী।
সোচনীয় সবহীঁ বিধি সোঈ, জো ন ছাড়ি ছলু হরি জন হোঈ॥
„ ৩ সোচনীয় নহিঁ কোসলরাউ, ভুবন চারিদস প্রগট প্রভাউ।
ভয়উ ন অহই ন অব হোনিহারা, ভূপ ভরত জস পিতা তুম্হারা॥
„ ৪ বিধি হরি হরু সুরপতি দিসি নাথা, বরনহিঁ সব দসরথ গুন গাথা।

দো ১৬৫ ভূমি গৃহ অন্ন বস্ত্র আসন ও ধন, ভরত করেন বিপ্রে সব সমর্পণ।
গ্রহণ করিয়া দান যত ব্রাহ্মণেরা, ভরতেরে আশীর্বাদে হৃষ্ট চিত্তে তারা ॥

বশিষ্ঠ-ভরত সংবাদ

চৌ ১ পিতৃ আত্মা তৃপ্তি লাগি ভরত যা করে, লক্ষমুখে সে বর্ণনা করিতে না পারে।
মুনিবর আসে দেখি শুভ দিন ক্ষণ, আহ্বান করেন সবে মন্ত্রী মহাজন ॥
„ ২ রাজ সভা মাঝে সবে বসেন তখন, ডাকালেন ভরতেরা ভ্রাতা দুই জন।
বশিষ্ঠ ভরতে নিয়া নিকটে বসেন, বহু ধর্ম নীতি কথা তাহারে কহেন ॥
„ ৩ শুরু হতে সব কথা কহে মুনিবর, কুটিলতা কৈকেয়ীর এবং তৎপর।
রাখি নিজ পণ দৃঢ় নৃপ ধর্ম প্রাণ, তনু ত্যজি প্রেম তার করেন প্রমাণ ॥
„ ৪ কহিতে রামের গুণ শীল ও স্বভাব, পুলকিত মুনিবর নেত্রে অশ্রু ভাব।
অতঃপর শোকে প্রেমে অভিভূত হ'য়ে, লক্ষ্মণের প্রীতি আর সীতা প্রেম কহে ॥

দো ১৬৬ হে ভরত শুন তুমি দৈবই প্রবল, কহিলেন মুনিবর শোকেতে বিহ্বল।
লাভ ক্ষতি যাহা কিছু যশ অপযশ, জীবন মরণ সবি বিধাতার বশ ॥

চৌ ১ ইহাই বিচারি মনে কারে দোষ দিব, কার প্রতি ব্যর্থ ক্রোধ অযথা করিব।
হে বৎস বিচার কর তব মনে মনে, দশরথ নৃপ লাগি শোক অকারণে ॥
„ ২ শোকযোগ্য সেই বিপ্র যে বেদ তেয়াগী, ত্যজি নিজ ধর্ম রহে বিষয়েতে লাগি।
শোকযোগ্য সেই নৃপ যে নীতি না জানে, যেই নৃপ প্রাণ সম প্রজা নাহি মানে ॥
„ ৩ শোকযোগ্য সেই ধনী বৈশ্য যে কৃপণ, অতিথি শঙ্করে ভক্তি নাহি কদাচন।
শোকযোগ্য সেই শূদ্র বিপ্র অপমানে, বাচাল ও যশলোভী জ্ঞান অভিমানে ॥
„ ৪ শোকযোগ্যা সেই ভ্রষ্টা পাতিব্রত্য হীনা, কুটিল কলহ প্রিয়া সদা ইচ্ছাধীনা।
শোকযোগ্য ছাত্র যেই ব্রত ত্যাগ করে, গুরু উপদেশ যেবা নাহি অনুসরে ॥

দো ১৬৭ শোকযোগ্য সেই গৃহী যেবা ত্যাগ করে, মোহ বশে কর্ম পন্থা বিরুদ্ধ বিচারে।
শোকযোগ্য সে সন্ন্যাসী প্রপঞ্চ পূজারী, বৈরাগ্য বিবেক তার সব ত্যাগ করি ॥

চৌ ১ শোকযোগ্য সে তপস্বী ত্যাগ করে যেবা, জপ তপ মনে ভাবে শ্রেষ্ঠ ভোগ সেবা।
শোকযোগ্য অপরের সে নিন্দুকগণ, পিতা মাতা গুরু দ্রোহী ক্রোধী অকারণ ॥
„ ২ সর্বভাবে শোকযোগ্য পর অপকারী, অপরে নির্দয় স্বীয় তনু রক্ষাকারী।
সর্বাপেক্ষা শোকযোগ্য সেই নরনারী, হরি ভক্তি নাহি লভে নিজ ছল ছাড়ি ॥
„ ৩ অযোধ্যা নৃপতি কভু শোক যোগ্য নহে, চতুর্দশ লোক ছাই' তার খ্যাতি রহে।
তব পিতা সম নৃপ হে ভরত শুন, না হয়েছে নাহি আছে না হইবে পুনঃ ॥
„ ৪ ব্রহ্মা বিষ্ণু শিব ইন্দ্র দিকপাল আর, দশরথ গুণ গান করেন প্রচার।

দো০ ১৬৮ কহহু তাত কেহি ভাঁতি কোউ, করিহি বড়াঈ তাসু।
রাম লখন তুম্হ সত্রুহন, সরিস সুঅন সুচি জাসু॥
চৌ০ ১ সব প্রকার ভূপতি বড়ভাগী, বাদি বিষাদু করিঅ তেহি লাগী।
য়হু সুনি সমুঝি সোচু পরিহরহূ, সির ধরি রাজ রজায়সু করহূ॥
„ ২ রায় রাজপদু তুম্হকহঁ দীহ্না, পিতা বচনু ফুর চাহিঅ কীহ্না।
তজে রামু জেহিঁ বচনহি লাগী, তনু পরিহরেউ ষাম বিরহাগী॥
„ ৩ নৃপহি বচন প্রিয় নহিঁ প্রিয় প্রানা, করহু তাত পিতু বচন প্ররানা।
করহু সীস ধরি ভূপ রজাঈ, হই তুম্হ কহঁ সব ভাঁতি ভলাঈ॥
„ ৪ পরসুরাম পিতু অগ্যা রাখী, মারী মাতু লোক সব সাখী।
তনয় জজাতিহি জৌবনু দয়উ, পিতু অগ্যাঁ অঘ অজসু ন ভয়উ॥

দো০ ১৬৯ অনুচিত উচিত বিচারু তজি, জে পালনহিঁ পিতু বৈন।
তে ভাজন সুখ সুজস কে, বসহিঁ অমরপতি ঐন॥
চৌ০ ১ অরসি নরেস বচন ফুর করহূ, পালহু প্রজা সোকু পরিহরহূ।
সুরপুর নৃপু পাইহি পরিতোষূ, তুম্হ কহুঁ সুকৃতু সুজসু নহিঁ দোষূ॥
„ ২ বেদ বিদিত সম্মত সবহী কা, জেহি পিতু দেই সো পাবই টীকা।
করহু রাজু পরিহরহু গলানী, মানহু মোর বচন হিত জানী॥
„ ৩ সুনি সুখু লহব রাম বৈদেহীঁ, অনুচিত কহব ন পণ্ডিত কেহীঁ।
কৌসল্যাদি সকল মহতারীঁ, তেউ প্রজা সুখ হোহিঁ সুখারীঁ॥
„ ৪ মরম তুম্হার রাম কর জানিহি, সো সব বিধি তুম্হ সন ভল মানিহি।
সৌঁপেহু রাজু রামকে আএঁ, সেরা করেহু সনেহ সুহাএঁ॥

দো০ ১৭০ কীজিঅ গুরু আয়সু অরসি, কহহিঁ সচির কর জোরি।
রঘুপতি আএঁ উচিত জস, তস তব করব বহোরি॥
চৌ০ ১ কৌশল্যা ধরি ধীরজু কহঈ, পূত পথ্য গুর আয়সু অহঈ।
সো আদরিঅ করিঅ হিত মানী, তজিঅ বিষাদু কাল গতি জানী॥
„ ২ বন রঘুপতি সুরপতি নরনাহূ, তুম্হ এহি ভাঁতি তাত কদরাহূ।
পরিজন প্রজা সচির সব অম্বা, তুম্হহি সুত সব কহঁ অবলম্বা॥
„ ৩ লখি বিধি বাম কালু কঠিনাঈ, ধীরজু ধরহু মাতু বলি জাঈ।
সির ধরি গুর আয়সু অনুসরহূ, প্রজা পালি পরিজন দুখু হরহূ॥
„ ৪ গুরকে বচন সচির অভিনন্দনু, সুনে ভরত হিয় হিত জনু চন্দনু।
সুনী বহোরি মাতু মৃদু বানী, সীল সনেহ সরল রস সানী॥
ছন্দ০ ৭ সানী সরল রস মাতু বানী সুনি ভরতু ব্যাকুল ভএ।
লোচন সরোরুহ প্ররত সীঁচত বিরহ উর অঙ্কুর নএ॥

দো ১৬৮ প্রশংসা করিতে বৎস আছে কোনজন, দশরথ নৃপে সেই যার পুত্রগণ।
রাম আর তব সম শত্রুঘ্ন লক্ষ্মণ, পবিত্রতা যাহাদের অঙ্গের ভূষণ॥

চৌ ১ সকল প্রকারে নৃপ অতি ভাগ্যবান, তার লাগি কোথা আছে শোকের কারণ।
ইহা শুনি বুঝি মনে ত্যজ শোক যত, রাজ আজ্ঞা শিরোধার্য কর আপাতত॥

„ ২ নৃপ তোমা রাজ পদ করেছেন দান, তোমার উচিত পিতৃ বাক্যের সম্মান।
রামচন্দ্রে ত্যজে যেই সত্যরক্ষা তরে, রামের বিরহে প্রাণ যেই ত্যাগ করে॥

„ ৩ সত্যরক্ষা করা প্রিয় প্রাণাপেক্ষা যার, হে বৎস সম্মান কর বচন তাহার।
নৃপের আদেশ কর শিরোধার্য তব, ইহাতে মঙ্গল তব হইবে সম্ভব॥

„ ৪ পিতৃ আজ্ঞা মান্য করি শ্রীপরশুরাম, সবে সাক্ষ্য মাতৃহত্যা করেন বিধান।
পাপ অপযশ নাহি পিতার আদেশে, যযাতি তনয় দেয় যৌবন নিঃশেষে॥

দো ১৬৯ উচিত বা অনুচিত ত্যজিয়া বিচার, পিতৃ আজ্ঞা মানি' যেই করে কর্ম তার।
সুযশ সুখের সেই অধিকারী হয়, মরণান্তে বাস করে সেই ইন্দ্রালয়॥

চৌ ১ নৃপ বাক্য মানি কর্ম কর সম্পাদন, শোক ত্যজি প্রজাগণে করহ পালন।
সুর পুরে পিতা তব পরিতুষ্ট হবে, সুকৃতি সুযশ পাবে দোষ নাহি দিবে॥

„ ২ বেদের বিধান সব সকলে মানেন, রাজটিকা পায় সেই পিতা যারে দেন।
রাজত্ব পালন কর পরিহর গ্লানি, মোর বাক্য মান্য কর হবে হিত জানি॥

„ ৩ রাম সীতা হবে সুখী তুমি রাজা হলে, অনুচিত কহিবেনা পণ্ডিত মহলে।
কৌশল্যাদি মাতাগণ দেখি প্রজাগণে, সুখী অতি হবে সুখী তাহারি কারণে॥

„ ৪ তব মর্ম কথা রাম জানে ভাল মতে, সে কারণে সবই ভাল দেখিবে তোমাতে।
রাম এলে রাজ্য তারে কোরো সমর্পণ, প্রেম সহ সেবা তার কোরো অনুক্ষণ॥

দো ১৭০ কর জুড়ি কহে মন্ত্রী তখন ভরতে, কর তব কর্ম এবে গুরু আজ্ঞা মতে॥
আসিলে শ্রীরামচন্দ্র বন হতে ফিরে, করিও তাহাই যাহা উচিত অন্তরে॥

চৌ ১ ধৈর্য ধরি কহিলেন কৌশল্যা তখন, গুরু আজ্ঞা হিতকারী পরম পাবন।
সমাদর কর তাহা তব হিত মানি, ত্যজহ বিষাদ তব কাল গতি জানি॥

„ ২ এবে রঘুপতি বনে স্বর্গে নরনাথ, শোকেতে কাতর তুমি অতিশয় তাত।
প্রজা পরিজন মন্ত্রী সব মাতাগণ, একমাত্র তুমি পুত্র সবার শরণ॥

„ ৩ বিধি প্রতিকূল দেখি কঠিন কালেরে, বালাই লইবে মাতা রহ ধৈর্য ধরে।
গুরু আজ্ঞা শিরোধার্য করি' অনুসর, প্রজা পালি' পুরজন সব দুঃখ হর॥

„ ৪ গুরুর বচন মন্ত্রী করে সমর্থন, ভরত শুনিল যেন শীতল চন্দন।
শীল স্নেহ সরলতা সিক্ত সবে জানি, শুনিল তাহার পর মাতৃ মৃদুবাণী॥

ছ ৭ সরল রসেতে সিক্ত মাতৃ বাক্য শুনে, ভরত ব্যাকুল হল, কমল লোচনে।
অশ্রু সিক্ত ... যেন বিরহ হৃদয়ে, অঙ্কুরিত হ'ল নব, দেখি সে সময়ে॥

সো দসা দেখত সময় তেহি বিসরী সবহি সুধি দেহ কী।
তুলসী সরাহত সকল সাদর সীয়ঁ সহজ সনেহ কী॥

সো০ ৭ ভরতু কমল কর জোরি, ধীর ধুরন্ধর ধীর ধরি।
বচন অমিঅঁ জনু বোরি, দেত উচিত উত্তর সবহি॥

চৌ ১ মোহি উপদেসু দীহ্ন গুর নীকা, প্রজা সচিব সম্মত সবহী কা।
মাতু উচিত ধরি আয়সু দীহ্না, অবসি সীস ধরি চাহউঁ কীহ্না॥

চৌ ২ গুর পিতু মাতু স্বামি হিত বানী, সুনি মন মুদিত করিঅ ভলি জানী।
উচিত কি অনুচিত কিএঁ বিচারূ, ধরমু জাই সির পাতক ভারূ॥

„ ৩ তুহ্ম তৌ দেহু সরল সিখ সোঈ, জো আচরত মোর ভাল হোঈ।
জদ্যপি যহ সমুঝত হউঁ নীকেঁ, তদপি হোত পরিতোষু ন জীকেঁ॥

„ ৪ অব তুহ্ম বিনয় মোরি সুনি লেহূ, মোহি অনুহরত সিখাবনু দেহূ।
উতরু দেউঁ ছমব অপরাধূ, দুখিত দোষ গুন গনহিঁ ন সাধূ॥

দো০ ১৭১ পিতু সুরপুর সিয় রামু বন, করন কহহু মোহি রাজু।
এহি তেঁ জানহু মোর হিত, কৈ আপন বড় কাজু॥

চৌ০ ১ হিত হমার সিয়পতি সেবকাঈঁ, সো হরি লীহ্ন মাতু কুটিলাঈ।
মৈঁ অনুমানি দীখ মন মাহীঁ, আন উপায়ঁ মোর হিত নাহীঁ॥

„ ২ সোক সমাজু রাজু কেহি লেখেঁ, লখন রাম সিয় বিনু পদ দেখেঁ।
বাদি বসন বিনু ভূষন ভারূ, বাদি বিরতি বিনু ব্রহ্মবিচারূ॥

„ ৩ সরুজ সরীর বাদি বহু ভোগা, বিনু হরি ভগতি জায়ঁ জপ জোগা।
জাউঁ জীব বিনু দেহ সুহাঈ, বাদি মোর সবু বিনু রঘুরাঈ॥

„ ৪ জায় রাম পহিঁ আয়সু দেহূ, একহিঁ আঁক মোর হিত এহূ।
মোহি নৃপ করি ভল আপন চহহূ, সোউ সনেহ জড়তা বস কহহূ॥

দো০ ১৭২ কৈকেঈ সুঅ কুটিল মতি, রাম বিমুখ গত লাজ।
তুহ্ম চাহত সুখু মোহ বস, মোহি সে অধম কেঁ রাজ॥

চৌ০ ১ কহউঁ সাঁচু সব সুনি পতি আহূ, চাহিঅ ধরমসীল নরনাহূ।
মোহি রাজু হটি দেইহহু জবহীঁ, রসা রসাতল জাইহি তবহীঁ॥

„ ২ মোহি সমান কো পাপ নিবাসূ, জেহি লগি সীয় রাম বনবাসূ।
রায়ঁ রাম কহুঁ কাননু দীহ্না, বিছুরত গমনু অমরপুর কীহ্না॥

„ ৩ মৈঁ সঠ সব অনরথ কর হেতূ, বৈঠ বাত সব সুনউঁ সচেতূ।
বিনু রঘুবীর বিলোকি অবাসূ, রহে প্রান সহি জগ উপহাসূ॥

„ ৪ রাম পুনীত বিষয় রস রূখে, লোলুপ ভূমি ভোগ কে ভূখে।
কহঁ লগি কহৌঁ হৃদয় কঠিনাঈ, নিদরি কুলিসু জেহিঁ লহী বড়াঈ॥

সেই দশা ভরতের সকলে ভুলিল, আপন দেহের বোধ মনে না রাখিল।
তুলসী ভনয়ে সীমা সহজ প্রেমের, চমৎকৃত হয় সবে দেখি ভরতের ॥

সো ৭ শ্রীকর কমল দুটি করি একত্রিত, ধীর বুদ্ধি ধুরন্ধর ধৈর্যের সহিত।
বচনে অমিয় ঢালি ভরত তখন, সবারে উত্তর দেন উচিত যেমন ॥

চৌ ১ শ্রেষ্ঠ উপদেশ গুরু দিয়াছেন মোরে, যাহা মন্ত্রী প্রজা সাথে সমর্থন করে।
মাতা আজ্ঞা করেছেন উচিত যখন, শিরোধার্য করি চাহি করিতে পালন ॥

„ ২ গুরু পিতা মাতা স্বামী ইহাদের বাণী, সানন্দে পালন করা কর্তব্যই জানি।
ন্যায্য বা অন্যায্য তাহা করিলে বিচার, ধর্ম নষ্ট হয় সাথে শিরে পাপ ভার ॥

„ ৩ তোমরা দিতেছ মোরে সৎ উপদেশ, যাহাতে মঙ্গল মোর হইবে বিশেষ।
বুঝেছি ভালই ইহা করিয়া বিচার, সন্তোষ না হয় হৃদে তথাপি আমার ॥

„ ৪ এখন বিনতি মোর শুন সবিশেষ, যোগ্যতা যেমন মোর দেহ উপদেশ।
ক্ষম অপরাধ মম এ উত্তর দিতে, দুখী দোষগুণ সাধু না লন মনেতে ॥

দো ১৭১ পিতা স্বর্গে রাম সীতা গিয়েছেন বনে, আমারে হইতে রাজা কহ এই ক্ষণে।
ইহাতে মঙ্গল মোর আর সবাকার, হইবে মহৎ কর্ম এই কি বিচার ॥

চৌ ১ একমাত্র সুখ সীতা পতির সেবায়, মাতার কুটিল কর্ম হ'ল অন্তরায়।
মনেতে বিচার করি' দেখিলাম আমি, অন্য উপায়েতে হিত হইবেনা জানি ॥

„ ২ লক্ষ্মণ সীতা ও রাম চরণ না হেরি', এ শোক সাগরে রাজ্য কিবা বলিহারি।
বসন বিগত হলে ভূষণ ভীষণ, ব্রহ্মের বিচার বিনা বৈরাগ্য যেমন ॥

„ ৩ বিকল শরীর বাদী প্রচুর ভোগের, হরি ভক্তি বিনা বৃথা সকল যোগের।
প্রাণ বিনা দেহ বৃথা যতই সুন্দর, রঘুরাজ বিনা বৃথা সবই হয় মোর ॥

„ ৪ দেহ আজ্ঞা যেতে মোরে রামচন্দ্র পাশে, একমাত্র হিত মোর এই মনে আসে।
আমারে সাজায় রাজা চাহ নিজ ভাল, এ সকল অজ্ঞানতা স্নেহ বশে বল ॥

দো ১৭২ রাম দ্রোহী নষ্ট বুদ্ধি নির্লজ্জ অন্তর, কৈকেয়ীর পুত্র আমি এ অধম পর।
সমর্পণ করি রাজ্য মনে সুখ পাবে, মোহ বশে ভাবিতেছ পুরবাসী সবে ॥

চৌ ১ করহ বিশ্বাস সবে কহি সত্য কথা, রাজা হবে ধর্মশীল নাহিক অন্যথা।
হঠ বশে দাও যদি মোরে রাজ্য ভার, রসাতলে যাবে পৃথ্বী নাহিক নিস্তার ॥

„ ২ মোর সম পাপী আছে কোন জন আর, সীতা রাম বনবাসী আমি হেতু তার।
মহারাজ রামচন্দ্রে করি বন দান, তাহারি বিরহে তিনি স্বর্গধামে যান ॥

„ ৩ সকল অনর্থকারী বঞ্চকের বেশে, সজ্ঞানে সকল কথা শুনি বসে বসে।
রঘুবীর বিনা এই দেখিয়া আবাস, রহে প্রাণ সহি তীব্র সর্ব উপহাস ॥

„ ৪ পুণ্যাত্মা শ্রীরামচন্দ্র নির্লোভী বিষয়ে, লোভী রহে রাজা ভোগে সদা লালসায়।
হৃদয় কালিমা মোর কহি কি প্রকারে, দর্পভরে কুলিশেরে অবজ্ঞা সে করে ॥

দো০ ১৭৩ কারন তেঁ কারজু কঠিন, হোই দোসু নহিঁ মোর।
কুলিস অস্থি তেঁ উপল তেঁ, লোহ করাল কঠোর ॥

চৌ০ ১ কৈকেঈ ভর তনু অনুরাগে, পাঁবর প্রান অঘাই অভাগে।
জোঁ প্রিয় বিরহঁ প্রান প্রিয় লাগে, দেখব সুনব বহুত অব আগে ॥

„ ২ লখন রাম সিয় কহুঁ বনু দীহ্না, পঠই অমরপুর পতি হিত কীহ্না।
লীহ্ন বিধবপন অপজসু আপূ, দীহেুউ প্রজহি সোকু সন্তাপূ ॥

„ ৩ মোহি দীহ্ন সুখু সুজসু সুরাজূ, কীহ্ন কৈকঈঁ সব কর কাজূ।
এহি তেঁ মোর কাহ অব নীকা, তেহি পর দেন কহহু তুহ্ম টীকা ॥

„ ৪ কৈকই জঠর জনমি জগ মাহীঁ, য়হ মোহি কহঁ কছু অনুচিত নাহীঁ।
মোরি বাত সব বিধিহিঁ বনাঈ, প্রজা পাঁচ কত করহু সহাঈ ॥

দো০ ১৭৪ গ্রহ গ্রহীত পুনি বাত বস, তেহি পুনি বীছী মার।
তেহি পিআইঅ বারুনী, কহহু কাহ উপচার ॥

বিশ্ব জপে রামচন্দ্রে রাম জপে যারে, সে ভরত তুল্য প্রেমী কে আছে সংসারে ॥

দো ২১১ মনে আনিও না তুমি হে অমর পতি, অনিষ্ট করিবে বলি রামভক্ত প্রতি।
লোক মাঝে অপযশ দুঃখ পরলোকে, দিনে দিনে বৃদ্ধি পাবে দুঃখ কষ্ট শোকে ॥

চৌ০ ১ শুনহ সুরেশ তুমি মোর উপদেশ, রামের সেবক প্রতি প্রেম সবিশেষ।
সেবক সেবাতে হয় সুখ অতিশয়, সেবকের বিরূপতা হয় দুঃখ ময় ॥

„ ২ সমদর্শী রাম কভু নাহি রাগ রোষ, না ল'ন কাহারো পাপ পুণ্য গুণ দোষ।
প্রধান রাখেন কর্ম জগত মাঝার, আস্বাদ করিবে ফল যে' কর্ম যাহার ॥

চৌ ৩ তদপি করহিঁ সম বিষম বিহারা, ভগত অভগত হৃদয় অনুসারা।
অগুন অলেপ অমান একরস, রামু সগুন ভএ ভগত পেম বস্ ॥
„ ৪ রাম সদা সেৱক রুচি রাখী, বেদ পুরান সাধু সুর সাখী।
অস জিয় জানি তজহু কুটিলাঈ, করহু ভরত পদ প্রীতি সুহাই ॥
দো০ ২১২ রাম ভগত পরহিত নিরত, পর দুখ দুখী দয়াল।
ভগত সিরোমনি ভরত তেঁ, জনি ডরপহু সুরপাল ॥
চৌ০ ১ সত্যসন্ধ প্রভু সুর হিতকারী, ভরত রাম আয়স অনুসারী।
স্বারথ বিবস বিকল তুহ্ম হোহূ, ভরত দোসু নহিঁ রাউর মোহূ ॥
„ ২ সুনি সুরবর সুরগুর বর বানী, ভা প্রমোদু মন মিটী গলানী।
বরষি প্রসূন হরষি সুররাউ, লগে সরাহন ভরত সুভাউ ॥

ভরতের চিত্রকূটের পথে যাত্রা

„ ৩ এহি বিধি ভরত চলে মগ জাহীঁ, দসা দেখি মুনি সিদ্ধ সিহাহীঁ।
জবহিঁ রামু কহি লেহিঁ উসাসা, উমগত পেমু মনহুঁ চহু পাসা ॥
„ ৪ দ্রবহিঁ বচন সুনি কুলিস পষানা, পুরজন পেমু ন জাই বখানা।
বীচ বাস করি জমুনহিঁ আএ, নিরখি নীরু লোচন জল ছাএ ॥
দো০ ২১৩ রঘুবর বরন বিলোকি, বর করি সমেত সমাজ।
হোত মগন বারিধি বিরহ, চঢ়ে বিবেক জহাজ ॥
চৌ০ ১ জমুন তীর তেহি দিন করি বাসূ, ভয়উ সময় সম সবহি সুপাসূ।
রাতিহিঁ ঘাট ঘাট কী তরনী, আঈ অগনিত জাহিঁন বরনী ॥
„ ২ প্রাত পার ভএ একহি খেৱাঁ, তোষে রামসখা কী সেৱাঁ।
চলে নহাঈ নদিহি সির নাঈ, সাথ নিষাদনাথ দোউ ভাঈ ॥
„ ৩ আগেঁ মুনিবর বাহন আছেঁ, রাজসমাজ জাই সবু পাছেঁ।
তেহি পাছেঁ দোউ বন্ধু পয়াদে, ভূষন বসন বেষ সুঠি সাদেঁ ॥
„ ৪ সেৱক সুহৃদ সচিবসুত সাথা, সুমিরত লখনু সীয় রঘুনাথা।
জহঁ জহঁ রাম বাস বিশ্রামা, তহঁ তহঁ করহিঁ সপ্রেম প্রনামা ॥
দো০ ২১৪ মগবাসী নর নারি সুনি, ধাম কাম তজি ধাই।
দেখি সরূপ সনেহ সব, মুদিত জনম ফলু পাই ॥
চৌ ১ কহহিঁ সপেম এক এক পাহীঁ, রামু লখনু সখি হোহিঁ কি নাহীঁ।
বয় বপু বরন রূপু সোই আলী, সীলু সনেহু সরিস সম চালী ॥
„ ২ বেষু ন সো সখি সীয় ন সঙ্গা, আগেঁ অনী চলী চতুরঙ্গা।
নহিঁ প্রসন্ন মুখ মানস খেদা, সখি সন্দেহু হোই এহিঁ ভেদা ॥

চৌ ৩ তথাপি বিষম সম করেন বিহার, অভক্ত ভক্তের ঘৃণা ভক্তি অনুসার।
অপ্রমেয় অদ্বিতীয় নির্গুণ অমান, ভক্ত প্রেমে সেই রাম সগুণ সমান ॥
" ৪ ভক্ত ইচ্ছা পূর্ণ সদা করেন শ্রীরাম, সাধু সুর বেদ সাক্ষী যতেক পুরাণ।
হে দেবেন্দ্র জানি ইহা দুষ্ট বুদ্ধি ছাড়, ভরত চরণে তব রাখ প্রেম গাঢ় ॥
দো ২১২ রামভক্ত সদা ব্যাপ্ত অপরের হিতে, পর দুঃখে সদা দুঃখ বাজে তার চিতে।
ভক্তজন শিরোমণি ভরত হইতে, হইও না ভীত কভু তুমি সুরপতে ॥
চৌ০ ১ সত্যব্রত প্রভু রাম সুরহিত কারী, ভরত রামের আজ্ঞা চলে অনুসরি।
স্বার্থ বশে ব্যাকুলিত বুঝি তুমি হও, ভরত নির্দোষ তুমি মোহগ্রস্ত রও ॥
" ২ সুরগুরু হতে এই শ্রেষ্ঠ বাণী শুনি, আশ্বস্ত হইল ইন্দ্র মিটে আত্ম গ্লানি।
পুষ্পবৃষ্টি করে ইন্দ্র চিত্তে অতি সুখ, ভরতের সুখ্যাতিতে হন পঞ্চমুখ ॥

ভরতের চিত্রকূটের পথে যাত্রা

" ৩ এরূপে ভরত চলে সারা বনপথে, দশা দেখি সিদ্ধ মুনি ব্যস্ত প্রসংশাতে।
রাম কহি লয় যবে অতি দীর্ঘশ্বাস, চতুর্দিকে বহে যায় প্রেমের উচ্ছ্বাস ॥
" ৪ কুলিশ পাষাণ গলে শুনিয়া বচন, পুরবাসিগণ প্রেম না যায় বর্ণন।
পথি মধ্যে আসে যবে যমুনার তীরে, দেখি সে শ্যামল জল আঁখি ভরে নীরে ॥

দো ২১৩ রঘুবর বর্ণ দেখি যমুনার জল, সকল সমাজ সাথে ভরত বিকল।
বিরহ বারিধি মাঝে হ'ল নিমজ্জন, বিবেক অর্ণব যানে করে উত্তরণ ॥
চৌ০ ১ সে দিন যমুনা তীরে করিয়া বসতি, সবারি সন্তোষ হল সময় যেমতি।
সে রাত্রে সকল ঘাটে তরণীর সারি, অগণিত এসেছিল বর্ণিতে না পারি ॥
" ২ প্রাতঃকালে পার হয় একই খেয়াতে, সকলে সন্তুষ্ট মন নিষাদ সেবাতে।
স্নান করি যমুনাকে করিয়া প্রণতি, দুই ভ্রাতা চলে সাথে নিষাদের পতি ॥
" ৩ সর্বাগ্রে গুরুর রথ তাহার পশ্চাতে, লোকজন রাজ্যপাট চলে সাথে সাথে।
তার পরে পদব্রজে ভ্রাতা দুইজন, শুদ্ধ সত্ত্ব সাধারণ বসন ভূষণ ॥
" ৪ সেবক সুহৃদ আর মন্ত্রীপুত্র সাথে, রামসীতা লক্ষ্মণেরে রাখি স্মরণেতে।
যে সব স্থানেতে রাম করেন বিশ্রাম, সেথায় সপ্রেমে তারা করিল প্রণাম ॥

দো ২১৪ পথ সন্নিকটবাসী যখন শুনিল, ত্যজি গৃহকর্ম সব ছুটিয়া আসিল।
দেখি সে সুন্দর রূপ স্নেহে বিগলিত, সার্থক জনম মানে হ'য়ে আনন্দিত ॥
চৌ ১ কহে স্নেহে একে অন্যে কর নিরীক্ষণ, নহে কি দুজনে সখি শ্রীরাম লক্ষ্মণ।
বয়স শরীর রূপ একই বরণ, স্বভাব প্রেমের ধারা একই চলন ॥
" ২ শুধু বেশ এক নহে সঙ্গে সীতা নাই, চতুরঙ্গ সেনা আগে সন্দেহ ত তাই।
মুখও প্রসন্ন নহে মনে খেদ হেন, তাই সখি মনে হয় বিভিন্ন এ যেন ॥

চৌ ৩ তাসু তরক তিয়গণ মন মানী, কহহিঁ সকল তেহি সমন সয়ানী।
তেহি সরাহি বানী ফুরি পূজী, বোলী মধুর বচন তিয় দূজী ॥
„ ৪ কহি সপেম সব কথাপ্রসঙ্গূ, জেহি বিধি রাম রাজ রস ভঙ্গূ।
ভরতহি বহুরি সরাহন লাগী, সীল সনেহ সুভায় সুভাগী ॥
দো০ ২১৫ চলত পয়াদেঁ খাত ফল, পিতা দীন্হ তজি রাজু।
জাত মনাবন রঘুবরহি, ভরত সরিস কো আজু ॥
চৌ ১ ভায়প ভগতি ভরত আচরনূ, কহত সুনত দুখ দূষন হরনূ।
জো কিছু কহব থোর সখি সোঈ, রাম বন্ধু অস কাহে ন হোঈ ॥
„ ২ হম সব সানুজ ভরতহি দেখেঁ, ভইন্হ ধন্য জুবতী জন লেখেঁ।
সুনি গুন দেখি দসা পছিতাহীঁ, কৈকই জননি জোগু সুতু নাহী ॥
„ ৩ কোউ কহ দূষনু রানিহি নাহিন, বিধি সবু কীন্হ হমহি জো দাহিন।
কহঁ হম লোক বেদ বিধি হীনী, লঘু তিয় কুল করতূতি মলীনী ॥
„ ৪ বসহিঁ কুদেস কুগার কুবামা, কহঁ য়হ দরসু পুন্য পরিনামা।
অস অনন্দু অচিরিজু প্রতি গ্রামা, জনু মরুভূমি কলপতরু জামা ॥

দো০ ২১৬ ভরত দরসু দেখত খুলেউ, মগ লোগন্হ কর ভাগু।
জনু সিংহলবাসিন্হ ভয়উ, বিধি বস সুলভ প্রয়াগু ॥
চৌ০ ১ নিজ গুন সহিত রাম গুন গাথা, সুনত জাহিঁ সুমিরত রঘুনাথা।
তীরথ মুনি আশ্রম সুরধামা, নিরখি নিমজ্জহিঁ করহিঁ প্রনামা ॥
„ ২ মনহীঁ মন মাগহিঁ বরু এহূ, সীয় রাম পদ পদুম সনেহূ।
মিলহিঁ কিরাত কোল বনবাসী, বৈখানস বটু জাতী উদাসী ॥
„ ৩ করি প্রনামু পূঁছহিঁ জেহি তেহী, কেহি বন লখনু রামু বৈদেহী।
তে প্রভু সমাচার সব কহহীঁ, ভরতহি দেখি জনম ফলু লহহী ॥
„ ৪ জে জন কহহিঁ কুসল হম দেখে, তে প্রিয় রাম লখন সম লেখে।
এহি বিধি বুঝত সবহি সুবানী, সুনত রাম বনবাস কহানী ॥

দো০ ২১৭ তেহি বাসর বসি প্রাতহীঁ, চলে সুমিরি রঘুনাথ।
রাম-দরস কী লালসা, ভরত সরিস সব সাথ ॥
চৌ০ ১ মঙ্গল সগুন হোহিঁ সব কাহূ, ফরকহিঁ সুখদ বিলোচন বাহূ।
ভরতহি সহিত সমাজ উছাহূ, মিলিহহিঁ রামু মিটিহি দুখ দাহূ ॥
„ ২ করত মনোরথ জস জিয়ঁ জাকে, জাহিঁ সনেহ সুরাঁ সব ছাকে।
সিথিল অঙ্গ পগ মগ ডগি ডোলহিঁ, বিহবল বচন পেম বস বোলহিঁ ॥
„ ৩ রামসখাঁ তেহি সময় দেখাৱা, সৈল সিরোমনি সহজ সুহাৱা।
জাসু সমীপ সরিত পয় তীরা, সীয় সমেত বসহিঁ দোউ বীরা ॥

চৌ ৩ এই যুক্তি নারীদের মনোমত হয়, তোর সম সুচতুরা নাহি কেহ কয়।
এরূপে তাহার বাণী করি সমর্থন, কহিলা দ্বিতীয়া নারী মধুর বচন ॥

„ ৪ সপ্রেমে কহিল তবে প্রসঙ্গ সকল, কিরূপে রামের রাজতিলক বিকল।
ভরত সৌভাগ্য আর স্নেহশীল ব্রত, স্বভাব প্রশংসা করে পুনঃ অবিরত ॥

দো ২১৫ পিতার প্রদত্ত রাজ্য ত্যাগ করি তারে, পদব্রজে চলে পথ শুধু ফলাহারে।
একমাত্র রঘুবরে প্রসন্ন করিতে, ভরতের তুল্য আজ কে আছে ধরাতে ॥

চৌ ১ ভরতের ভ্রাতৃভক্তি আর আচরণ, কহি শুন হয় দোষ দুঃখের খণ্ডন।
যা কিছু কহিব সখি অতি তুচ্ছ যে তা, হবে না এমন কেন সে যে রাম ভ্রাতা ॥

„ ২ ভ্রাতার সহিত মোরা ভরত দর্শনে, যুবতী জনের মাঝে ধন্য মানি মনে।
শুনি গুণ দেখি দশা পরিতাপ হয়, কৈকেয়ী জননী তুল্য পুত্র এত নয় ॥

„ ৩ কেহ কহে দোষ নাহি রাণীর ইহাতে, বিধি যা করেন হয় ভাল মোর মতে।
কোথা মোরা তুচ্ছ নারী কাণ্ডজ্ঞান হীন, কুলের গৌরব নাহি সবি ত মলিন ॥

„ ৪ দেশ গৃহ গ্রাম সবি তুচ্ছ অতিশয়, কহ কোন পুণ্যফলে এ দর্শন হয়।
আশ্চর্য আনন্দ হয় প্রতি গ্রামে গ্রামে, মরুভূমি মাঝে যেন কল্পতরু নামে ॥

দো ২১৬ ভরত দর্শন মাত্র পথে লোক যত, ভাগ্যবান নিজেদের ভাবে অবিরত।
সিংহলবাসীরা যেন দৈবের বশেতে, পাইল প্রয়াস কাছে আজি কোনমতে ॥

চৌ ১ রামগুণ গাথা শুনি নিজ গুণ সাথে, ভরত স্মরিয়া রামে চলিলেন পথে।
মুনির আশ্রম দেখে পথে দেবধাম, তীর্থস্থানে অবগাহি করিল প্রণাম ॥

„ ২ মনে মনে অহরহ এ প্রার্থনা করে, রামসীতা পাদপদ্মে যেন প্রেম বাড়ে।
পথে যেতে মেলে কোল ভীল বনবাসী, বাণপ্রস্থী ব্রহ্মচারী যতি ও উদাসী ॥

„ ৩ যারে পায় তারে পুছে করিয়া প্রণাম, কোথায় লক্ষ্মণ আর বৈদেহী শ্রীরাম।
যা জানে তাহারা কহে প্রভু সমাচার, ভরতে দেখিয়া জন্ম সার্থক সবার ॥

„ ৪ দেখিছি কুশলে রামে কহিল যাহারা, রাম ও লক্ষ্মণ সম প্রিয় হল তারা।
এভাবে পুছিয়া সবে মধুর বাণীতে, রাম বনবাস কথা লাগিল শুনিতে ॥

দো ২১৭ সে রাত্রি সে স্থানে বাস করিয়া সকলে, রামচন্দ্রে স্মরি সবে চলে প্রাতঃকালে।
ভরতের সম ছিল আকাঙ্ক্ষা সবার, রামের দর্শনলাভ শীঘ্র করিবার ॥

চৌ ১ শুভ চিহ্ন প্রকটিত হইল সবার, স্পন্দন হইল নেত্রে বাহুতে আবার।
ভরতের সাথে সবে হল উচ্ছ্বসিত, রাম মিলনেতে হবে দুঃখ নিবারিত ॥

„ ২ যে যাহা চাহিল প্রাণে করিল তাহাই, প্রেমের মদিরা পানে উন্মত্ত সবাই।
শিথিল হইল অঙ্গ পদ টলমল, কহিল প্রেমেতে সবে বচন বিহ্বল ॥

„ ৩ গুহক রামের সখা দেখাল অদূরে, শৈল শিরোমণি সেই গিরি মনোহরে।
যাহার সন্নিকটবর্তী মন্দাকিনী তীরে, সীতা সহ বাস করে দুই মহাবীরে ॥

চৌ ৪ দেখি করহিঁ সব দণ্ড প্রনামা, কহি জয় জানকি জীৱন রামা।
প্রেম মগন অস রাজসমাজ, জনু ফিরি অৱধ চলে রঘুরাজূ ॥
দো০ ২১৮ ভরত প্রেমু তেহি সময় জস, তস কহি সকই ন সেষু।
কবিহি অগম জিমি ব্রহ্মসুখু, অহ মম মলিন জনেষু ॥

সীতার স্বপ্নদর্শন ও শ্রীরামের উদ্বেগ

চৌ০ ১ সকল সনেহ সিথিল রঘুবর কেঁ, গএ কোস দুই দিনকর ঢরকেঁ।
জলু থলু দেখি বসে নিসি বীতেঁ, কীন্হ গৱন রঘুনাথ পিরীতেঁ ॥
„ ২ উহাঁ রামু রজনী অৱসেষা, জাগে সীয়ঁ সপন অস দেখা।
সহিত সমাজ ভরত জনু আএ, নাথ বিয়োগ তাপ তন তাএ ॥
„ ৩ সকল মলিন মন দীন দুখারী, দেখীঁ সাসু আন অনুহারী।
সুনি সিয় সপন ভরে জল লোচন, ভএ সোচবস সোচ বিমোচন ॥
„ ৪ লখন সপন য়হনীক ন হোঈ, কঠিন কুচাহ সুনাইহি কোঈ।
অস কহি বন্ধু সমেত নহানে, পূজি পুরারি সাধু সনমানে ॥
ছন্দ০ ৯ সনমানি সুর মুনি বন্দি বৈঠে উতর দিসি দেখত ভএ।
নভ ধূরি খগ মৃগ ভূরি ভাগে বিকল প্রভু আশ্রম গএ ॥
তুলসী উঠে অৱলোকি কারনু কাহ চিত সচকিত রহে।
সব সমাচার কিরাত কোলন্হি আই তেহি অৱসর কহে ॥
সো০ ৯ সুনত সুমঙ্গল বৈন, মন প্রমোদ তন পুলক ভর।
সরদ সরোরুহ নৈন, তুলসী ভরে সনেহ জল ॥
চৌ০ ১ বহুরি সোচবস ভে সিয়রৱনূ, কারন কৱন ভরত আগমনূ।
এক আই অস কহা বহোরী, সেন সঙ্গ চতুরঙ্গ ন থোরী ॥
„ ২ সো সুনি রামহি ভা অতি সোচূ, ইত পিতু বচ ইত বন্ধু সকোচূ।
ভরত সুভাউ সমুঝি মন মাহীঁ, প্রভু চিত হিত থিতি পারত নাহীঁ ॥
„ ৩ সমাধান তব ভা য়হ জানে, ভরতু কহে মহু সাধু সয়ানে।
লখন লখেউ প্রভু হৃদয়ঁ খভারূ, কহত সময় সম নীতি বিচারূ ॥
„ ৪ বিনু পূছেঁ কছু কহউঁ গোসাঈঁ, সেৱকু সময়ঁ ন ঢীঠ ঢিঠাঈ।
তুম্হ সর্বগ্য সিরোমনি স্বামী, আপনি সমুঝি কহউঁ অনুগামী ॥
দো০ ২১৯ নাথ সুহৃদ সুঠি সরল চিত, সীল সনেহ নিধান।
সব পর প্রীতি প্রতীতি জিয়ঁ, জানিঅ আপু সমান ॥

চৌ ৪ দণ্ডবৎ নতি করে দেখিয়া সকলে, 'জানকীবল্লভ রাম' জয় জয় বলে।
প্রেমেতে মগন হয় সে রাজসমাজ, যেন ফিরি অযোধ্যায় চলে রঘুরাজ ॥

দো ২১৮ সে সময়ে ভরতের যে প্রেম উদয়, বর্ণিতে অক্ষম তাহা শেষ নাগ হয়।
কবি কাছে অগম্য তা' যথা ব্রহ্ম সুখ, অহঙ্কারী মানুষের সর্বদা বিমুখ ॥

সীতার স্বপ্নদর্শন ও শ্রীরামের উদ্বেগ

চৌ ১ রাম প্রেমে সকলেই অতীব বিহ্বল, ক্রোশ দুই যেতে সূর্য গেলে অস্তাচল।
জল স্থান দেখি রহে কাটাইতে রাত, রাম প্রেমে যাত্রা শুরু হইলে প্রভাত ॥

" ২ ওদিকে জাগেন রাম নিশা অবসানে, সীতাদেবী সে রাত্রেতে দেখেন স্বপনে।
রামের বিচ্ছেদ তাপে দগ্ধ তনু হিয়া, ভরত এসেছে যেন রাজ্যপাট নিয়া ॥

" ৩ সকলেরি ম্লান মুখ দুঃখী অতিশয়, দেখিলেন শ্বশ্রুমাতা ভিন্ন বেশে হায়।
শুনিয়া সীতার স্বপ্ন নেত্রে অশ্রু ছায়, শোক বিমোচন রাম শোকমগ্ন হয় ॥

" ৪ লক্ষ্মণে কহেন রাম স্বপ্ন ভাল নয়, আনে কেহ দুঃসংবাদ এই মনে হয়।
ইহা কহি ভ্রাতা সহ করিলেন স্নান, ত্রিপুরারি পূজা সারি সাধুগণে দান ॥

ছ ০৯ সম্মানি দেবতা সবে বন্দি মুনিগণে, বসিয়া দেখেন চাহি উত্তরের পানে।
ধূলায় আচ্ছন্ন নভ পশুপক্ষী কুল, প্রভুর আশ্রমে আসে হইয়া ব্যাকুল ॥
উঠিয়া দেখেন প্রভু চিন্তাগ্রস্ত মন, তুলসী ভনয়ে প্রভু দেখেন কারণ।
কোল ভিল সবে আসি সেই অবসরে, সকল সংবাদ কহে শ্রীরাম গোচরে।

সো ০৯ সুসংবাদ শুনি মন আনন্দেতে ভরে, পুলকিত হ'য়ে উঠে সকল শরীরে।
তুলসী ভনয়ে দেখ প্রেমাশ্রুতে ভরা, শরত কমল জিনি দু নয়নে ধারা ॥

চৌ ১ জানকী বল্লভ চিন্তা হইল তখন, কি কারণে ভরতের হেথা আগমন।
তরোপরে কেহ আসি কহিল তাহারে, চতুরঙ্গ সেনা সাথে কাতারে কাতারে ॥

" ২ শুনিয়া ভাবেন রাম একদিকে মোর, পিতৃ আজ্ঞা অন্য দিকে ভ্রাতৃস্নেহ ডোর ।*
ভরত স্বভাব জানি আপন হিয়ায়, প্রভু চিত্তে উপযোগী মীমাংসা না পায় ॥

" ৩ ভরত আজ্ঞার বশ সাধু বুদ্ধিমান, ইহাই জানিয়া মনে হল সমাধান।
রামের মনেতে চিন্তা বুঝিয়া লক্ষ্মণ, সময়োপযোগী করে নীতি বিশ্লেষণ ॥

" ৪ বিনা প্রশ্নে কিছু কথা কহিতেছি আমি, সেবকের এ ধৃষ্টতা ক্ষমা ক'রো স্বামি।
শিরোমণি সর্বজ্ঞের হও প্রভু তুমি, কহিব বুঝেছি যাহা আমি অনুগামী ॥

দো ২১৯ পরম সুহৃদ নাথ তুমি যে সবার, সরল স্বভাব তব স্নেহের আধার।
সকলের প্রতি প্রীতি বিশ্বাস মহান, সকলের মনে কর আপন সমান ॥

---

* মূল চৌপাঈতে "বন্ধু সঁকাচু" আছে। বন্ধু=ভ্রাতা, সঙ্কোচের এক অর্থ বন্ধন। রাম সর্বজ্ঞ, তিনি ভরতের আগমনের কারণ জানেন। তাই চিন্তা—পিতৃ আজ্ঞার বিরুদ্ধে ভ্রাতৃস্নেহডোর ; কি করিয়া সামঞ্জস্য বিধান করিবেন।

চৌ० ১ বিষঈ জীব পাই প্রভুতাঈ, মূঢ় মোহ বস হোহিঁ জনাঈ।
ভরতু নীতি রত সাধু সুজানা, প্রভু পদ প্রেমু সকল জগু জানা ॥
„ ২ তেউ আজু রাজ পদু পাঈ, চলে ধরম মরজাদ মেটাঈ।
কুটিল কুবন্ধু কুঅরসরু তাকী, জানি রাম বনবাস একাকী ॥
„ ৩ করি কুমন্ত্রু মন সাজি সমাজূ, আএ করৈ অকণ্টক রাজূ।
কোটি প্রকার কলপি কুটিলাঈ, আএ দল বটোরি দোউ ভাঈ ॥
„ ৪ জৌঁ জিয়ঁ হোতি ন কপট কুচালী, কেহি সোহাতি রথ বাজি গজালী।
ভরতহি দোসু দেঈ কো জাএঁ, জগ বৌরাই রাজ পদু পাএঁ ॥
দো० ২২০ সসি গুর তিয় গামী নহুষু, চঢ়েউ ভূমিসুর জান।
লোক বেদ তেঁ বিমুখ ভা, অধম ন বেন সমান ॥
চৌ० ১ সহসবাহু সুরনাথু ত্রিসঙ্কূ, কেহি ন রাজমদ দীহ্ন কলঙ্কূ।
ভরত কীহ্ন য়হ উচিত উপাউ, রিপু রিন রঞ্চ ন রাখব কাউ ॥
„ ২ এক কীহ্নি নহিঁ ভরত ভলাঈ, নিদরে রামু জানি অসহাঈ।
সমুঝি পরিহি সোউ আজু বিসেষী, সমর সরোষ রাম মুখু পেখী ॥
„ ৩ এতনা কহত নীতি রস ভূলা, রন রস বিটপু পুলক মিস ফূলা।
প্রভুপদ বন্দি সীস রজ রাখী, বোলে সত্য সহজ বলু ভাষী ॥
„ ৪ অনুচিত নাথ ন মানব মোরা, ভরত হমহি উপচার ন থোরা।
কহঁ লগি সহিঅ রহিঅ মন মারেঁ, নাথ সাথ ধনু হাথ হমারেঁ ॥
দো० ২২১ ছত্রি জাতি রঘুকুল জনমু, রাম অনুগ জগু জান।
লাতহুঁ মারেঁ চঢ়তি সির, নীচ কো ধূরি সমান ॥
চৌ० ১ উঠি কর জোরি রজায়সু মাগা, মনহুঁ বীর রস সোবত জাগা।
বাঁধি জটা সির কসি কটি ভাথা, সাজি সরাসনু সায়কু হাথা ॥
„ ২ আজু রাম সেবক জসু লেউঁ, ভরতহি সমর সিখাবন দেউঁ।
রাম নিরাদর কর ফলু পাঈ, সোবহুঁ সমর সেজ দোউ ভাঈ ॥
„ ৩ আই বনা ভল সকল সমাজূ, প্রগট করউঁ রিস পাছিল আজূ।
জিমি করি নিকর দলই মৃগরাজ, লেই লপেটি লবা জিমি বাজ ॥
„ ৪ তৈসেহিঁ ভরতহি সেন সমেতা, সানুজ নিদরি নিপাতউঁ খেতা।
জৌঁ সহায় কর সঙ্কর আঈ, তৌ মারউঁ রন রাম দোহাঈ ॥
দো० ২২২ অতি সরোষ মাখে লখনু, লখি সুনি সপথ প্রবান।
সভয় লোক সব লোকপতি, চাহত ভভরি ভগান ॥

চৌ০ ১ প্রভুত্ব পাইয়া দেখি বিষয়ী সংসারী, মূঢ় সে প্রকাশ করে স্বরূপ তাহারি।
ভরত যে নীতিমান সাধু ও সজ্জন, তব প্রতি প্রেম তার জানে সবজন ॥
" ২ সেই যবে রাজপদে হল অধিষ্ঠিত, ধর্মের মর্যাদা চূর্ণ করিতে ব্যাপৃত।
কুটিল কুভ্রাতা সেই কুসময় মানি, বনবাসে রামচন্দ্র একাকী তা জানি ॥
" ৩ কুমন্ত্রণা করি মনে সাজাইয়া সেনা, আসে রাজ্য নিষ্কণ্টক করিতে বাসনা ॥
দুই ভ্রাতা কুটিলতা উভয়ের মনে, একত্র করিয়া সৈন্য ব্যস্ত আগমনে ॥
" ৪ যদি মনে নাহি রবে কপটতা ছল, কেন সাথে হস্তী অশ্ব রথ সেনাদল।
কেন বৃথা দোষ দিই ভরতেরে এবে, রাজপদ পেলে হয় মদোন্মত্ত সবে ॥
দো ২২০ গুরুপত্নী গামী হয় শশধর শুনি, বিপ্রবাহী যানে চলে নহুষ আপনি।
লোক বেদ বিমুখতা যে করে তাহার, সেই বেন সম আছে নৃশংস কে আর ॥
চৌ০ ১ ত্রিশঙ্কু সহস্রবাহু দেবরাজ সবে, কলঙ্ক কাহার নাহি রাজ্যোন্মত্ত যবে।
ভরত নিয়েছে বুঝি উচিত উপায়, রিপু ঋণ কারো শেষ না রাখিবে তায় ॥
" ২ ভরত করেছে ভুল হিসাবের বেলা, অসহায় জানি রামে করে অবহেলা।
বুঝিতে পারিবে ভাল দেখিবে যখন, রণস্থলে ক্রোধান্বিত রামের বদন ॥
" ৩ এতেক কহিয়া তবে নীতি কথা ভোলে, বীরত্ব পুলক বৃক্ষে প্রস্ফুটিত হলে।
প্রভুর চরণ বন্দি' পদরজ শিরে, স্বভাব বলের কথা বলে ধীরে ধীরে ॥
" ৪ হে নাথ দিও না দোষ আমার কথায়, ভরত করেছে দেখ কত না উপায়।
কতদূর সহা যায় রহি মনমরা, তুমি সাথে নাথ হাতে ধনুর্বাণ ধরা ॥
দো ২২১ জাতিতে ক্ষত্রিয় মোর জন্ম রঘুকুলে, রামের অনুজ আমি জানে ত সকলে।
ধূলির সমান নীচ যে হয় সংসারে, পদাঘাত করে আর চড়ে শিরোপরে ॥
চৌ০ ১ উঠি কৃতাঞ্জলি হ'য়ে রাম আজ্ঞা মাগে, মনে বীররস যেন নিদ্রা হতে জাগে।
বাঁধি জটা শিরোপরে কটিতে তূণীর, জ্যা রোপিয়া ধনু হাতে সাজে মহাবীর ॥
" ২ রামের সেবার যশ আজি আমি পাব, ভরতেরে যুদ্ধক্ষেত্রে কিছু শিক্ষা দিব।
রামে অবহেলা করি দুই ভাই এবে, সমর শয্যায় চির নিদ্রামগ্ন রবে ॥
" ৩ ভাল আসিয়াছে তারা নিয়া রাজভার, দেখাব পূর্বের রোষ যা ছিল আমার। *
সিংহ যথা হস্তীযূথ করিবে দলন, বাজ যথা ক্ষুদ্র পক্ষী করে আহরণ ॥
" ৪ সেরূপ তাঙ্গিলা সহ সসৈন্যে ভরতে, নিপাত করিব রণে অনুজের সাথে।
রামচন্দ্র নামে আজি শপথ করিব, শঙ্কর সহায় যদি তবু সংহারিব ॥
দো ২২২ অতি ক্রোধান্বিত হ'য়ে কহেন লক্ষ্মণ, দেখিয়া শুনিয়া সত্য শপথ বচন।
সভয়ে সকল লোক আর লোকপতি, পলাইতে চাহে সবে অতি শীঘ্র গতি ॥

---

* কৈকেয়ী ভরতের জন্য রামচন্দ্রের বনবাস প্রার্থনা করিয়াছিলেন সেইজন্যই লক্ষ্মণের ভরতের প্রতি পূর্ব ক্রোধ ॥

চৌ০ ১ জগু ভয় মগন গগন ভই বানী, লখন বাহুবল বিপুল বখানী।
তাত প্রতাপ প্রভাউ তুম্হারা, কো কহি সকই কো জাননিহারা॥
„ ২ অনুচিত উচিত কাজু কিছু হোউ, সমুঝি করিঅ ভল কহ সবু কোউ।
সহসা করি পাছেঁ পছিতাহীঁ, কহহিঁ বেদ বুধ তে বুধ নাহীঁ॥
„ ৩ সুনি সুর বচন লখন সকুচানে, রাম সীয়ঁ সাদর সনমানে।
কহি তাত তুম্হ নীতি সুহাঈ, সব তেঁ কঠিন রাজমদু ভাঈ॥
„ ৪ জো অচর্ঁত নৃপ মাতহিঁ তেঈ, নাহিন সাধুসভা জেহিঁ সেঈ।
সুনহু লখন ভল ভরত সরীসা, বিধি প্রচঞ্চ মহঁ সুনা ন দীসা॥

শ্রীরামের লক্ষ্মণকে প্রবোধন ও ভরত-গুণখ্যাপন

দো০ ২২৩ ভরতহি হোই ন রাজমদু, বিধি হরি হর পদ পাই।
কবহুঁ কি কাঁজী সীকরনি, ছীরসিন্ধু বিনসাই॥
চৌ০ ১ তিমিরু তরুন তরনিহি মকু গিলঈ, গগনু মগন মকু মেঘহিঁ মিলঈ।
গোপদ জল বূড়হিঁ ঘটজোনী, সহজ ছমা বরু ছাড়ৈ ছোনী॥
„ ২ মসক ফূঁক মকু মেরু উড়াঈ, হোই ন নৃপমদু ভরতহি ভাঈ।
লখন তুম্হার সপথ পিতু আনা, সুচি সুবন্ধু নহিঁ ভরত সমানা॥
„ ৩ সগুনু খীরু অরগুন জলু তাতা, মিলই রচই পরপঞ্চু বিধাতা।
ভরতু হংস রবিবংস তড়াগা, জনমি কীন্হ গুন দোষ বিভাগা॥
„ ৪ গহি গুন পয় তজি অরগুন বারী, নিজ জস জগত কীন্হি উজিআরী।
কহত ভরত গুন সীলু সুভাউ, পেম পয়োধি মগন রঘুরাউ॥
দো০ ২২৪ সুনি রঘুবর বানী বিবুধ, দেখি ভরত পর হেতু।
সকল সরাহত রাম সো, প্রভু কো কৃপানিকেতু॥
চৌ০ ১ জৌ ন হোত জগ জনম ভরত কো, সকল ধরন ধুর ধরনি ধরত কো।
কবি কুল অগম ভরত গুন গাথা, কো জানই তুম্হ বিনু রঘুনাথা॥
„ ২ লখন রাম সিয়ঁ সুনি সুর বানী, অতি সুখু লহেউ ন জাই বখানী।
ইহাঁ ভরতু সব সহিত সুহাএ, মন্দাকিনীঁ পুনীত নহাএ॥

ভরতের দ্বিধাদ্বন্দ্ব

„ ৩ সরিত সমীপ রাখি সব লোগা, মাগি মাতু গুর সচিব নিয়োগা।
চলে ভরতু জহঁ সিয় রঘুরাঈ, সাথ নিষাদনাথু লঘু ভাঈ॥
„ ৪ সমুঝি মাতু করতব সকুচাহীঁ, করত কুতরক কোটি মন মাহীঁ।
রামু লখনু সিয় সুনি মম নাউঁ, উঠি জনি অনত জাহিঁ তজি ঠাউঁ॥
দো০ ২২৫ মাতু মতে মহুঁ মানি মোহি, জো কছু করহিঁ সো থোর।
অঘ অরগুন ছমি আদরহিঁ, সমুঝি আপনী ওর॥

চৌ০ ১ জগত ভীতার্ত হল, হল দৈববাণী, লক্ষ্মণের বাহুবল বিপুল বাখানি।
হে তাত প্রতাপ আর প্রভাব তোমার, বাখানিতে কে পারিবে জানিবে কে আর ॥
„ ২ উচিত বা অনুচিত করিবে যাহাই, বুঝিয়া করিলে ভাল কহিবে সবাই।
সহসা করিলে কিছু পশ্চাত্তাপ হয়, জ্ঞানী কহে হঠকারী, জ্ঞানী কভু নয় ॥
„ ৩ দৈববাণী শুনি লজ্জা লক্ষ্মণের হয়, সাদরে সম্মান করি রাম সীতা কয়।
হে বৎস বলেছো তুমি অতি সমীচীন, রাজ্য মদগর্ব ত্যাগ প্রচণ্ড কঠিন ॥
„ ৪ রাজ্য মদ আচমনে মত্ত হয় সেই, সাধু সঙ্গ কভু নাহি সেবা করে যেই।
শুন হে লক্ষ্মণ আমি ভরতের মত, দেখিনি শুনিনি সৃষ্টি বিধাতার যত ॥

শ্রীরামের লক্ষ্মণকে প্রবোধন ও ভরত-গুণখ্যাপন

দো ২২৩ পাইলেও ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর পদ, ভরত না হবে মত্ত পানে রাজমদ।
এক বিন্দু ঘোল কভু পারে কি করিতে, ক্ষীরোদ সমুদ্রে নষ্ট তার অম্লতাতে ॥
চৌ০ ১ আধার পারে কি সূর্য গ্রাস করিবারে, আকাশ কি মেঘ মাঝে পারে মিলিবারে।
গোষ্পদে ডুবিতে পারে অগস্ত্য মহিমা, পৃথিবী ভু[illegible] স্বাভাবিক ক্ষমা ॥
„ ২ ফুৎকারে সুমেরু পারে মশক উড়াতে, রাজ মদে গর্ব তবু না হবে ভরতে।
তোমার শপথ আর পিতৃ দিব্য লই, ভরত সমান সাধু বন্ধু নাহি ভাই ॥
„ ৩ গুণ দুগ্ধ দোষজল মিশায়ে সবই তা, প্রপঞ্চ জগত সৃষ্টি করেন বিধাতা।
সূর্যবংশ সরোবরে জন্মি' হংস সেই, ভরত পৃথক করে দোষগুণ যেই ॥
„ ৪ গুণ দুগ্ধ ল'য়ে ত্যজি দোষরূপ বারি, জগত উজ্জ্বল করে নিজ যশে তারি।
ভরতের গুণ শীল কহিতে কহিতে, রঘুরাজ মগ্ন হন প্রেম পয়োধিতে ॥
দো ২২৪ রামের সে শ্রেষ্ঠ বাণী শুনি দেবগণ, ভরতের প্রতি প্রেম করিয়া দর্শন।
রামচন্দ্র প্রশংসাতে দেবেরা তৎপর, কে আছে প্রভুর তুল্য করুণা সাগর ॥
চৌ০ ১ জগতে ভরত জন্ম না হইত যবে, বিশ্বে সর্ব ধর্মভার কে বহিত তবে।
অগম্য কবির কাছে তার গুণগাথা, তুমি বিনা রঘুনাথ কেবা জানিবে তা' ॥
„ ২ দৈববাণী শুনি রাম সীতা ও লক্ষ্মণ, অতি সুখী হন তারা না যায় বর্ণন।
এদিকে ভরত ল'য়ে সঙ্গী দলবলে, মন্দাকিনী পুণ্য স্নান করিল সকলে ॥

ভরতের দ্বিধাদ্বন্দ্ব

„ ৩ নদীর নিকটে রাখি লোকজন সবে, মাতা গুরু মন্ত্রী কাছে আজ্ঞা নিয়া তবে।
ভরত চলিল যথা রাম সীতা র'ন, শত্রুঘ্ন নিষাদ পতি সঙ্গে দুই জন ॥
„ ৪ মাতার কুকর্ম স্মরি লজ্জিত অন্তরে, কোটি দুর্ভাবনা তার মনের ভিতরে।
মোর নাম শুনি রাম সীতা ও লক্ষ্মণ, যাবে কি অন্যত্র করি' এ স্থান বর্জন ॥
দো ২২৫ যাহা মতে মত মোর মানিয়া আমারে, কহিবেন যাহা কিছু মানি তুচ্ছ তারে।
হয়ত বা পাপ দোষ সহিত আমারে, ক্ষমা করি কাছে টানি' লবেন আদরে।

চৌ০ ১ জৌঁ পরিহরহিঁ মলিন মনু জ্ঞানী, জৌঁ সনমানহিঁ সেৱকু মানী।
মোরেঁ সরন রামহি কী পনহী, রাম সুস্বামি দোসু সব জনহী ॥
„ ২ জগ জস ভাজন চাতক মীনা, নেম পেম নিজ নিপুন নবীনা।
অস মন গুনত চলে মগ জাতা, সকুচ সনেহ সিথিল সব গাতা ॥
„ ৩ ফেরতি মনহুঁ মাতু কৃত খোরী, চলত ভগতি বল ধীরজ ধোরী।
জব সমুঝত রঘুনাহু সুভাউ, তব পথ পরত উতাইল পাউ ॥
„ ৪ ভরত দসা তেহি অৱসর কৈসী, জল প্রবাহঁ জল অলি গতি জৈসী।
দেখি ভরত কর সোচু সনেহূ, ভা নিষাদ তেহি সময়ঁ বিদেহূ ॥

নিষাদের ভবিষ্যদ্‌বাণী

দো০ ২২৬ লগে হোন মঙ্গল সগুন, সুনি গুনি বহুত নিষাহু।
মিটিহি সোচু হোইহি হরষু, পুনি পরিনাম বিষাহু ॥

ভরতের চিত্রকূটদর্শন ও আনন্দ

চৌ০ ১ সেৱক বচন সত্য সব জানে, আশ্রম নিকট জাঈ নিঅরানে।
ভরত দীখ বন সৈল সমাজূ, মুদিত ছুধিত জনু পাই সুনাজূ ॥
„ ২ ঈতি ভীতি জনু প্রজা দুখারী, ত্রিবিধ তাপ পীড়িত গ্রহ মারী।
জাঈ সুরাজ সুদেস সুখারী, হোহিঁ ভরত গতি তেহি অনুহারী ॥
„ ৩ রাম বাস বন সম্পতি ভ্রাজা, সুখী প্রজা জনু পাই সুরাজা।
সচিৱ বিরাগু বিবেকু নরেসূ, বিপিন সুহাৱন পাৱন দেসূ ॥
„ ৪ ভট জম নিয়ম সৈল রজধানী, সান্তি সুমতি সুচি সুন্দর রানী।
সকল অঙ্গ সম্পন্ন সুরাউ, রাম চরন আশ্রিত চিত চাউ ॥
দো০ ২২৭ জীতি মোহ মহিপালু দল, সহিত বিবেক ভুআলু।
করত অকণ্টক রাজু পুরঁ, সুখ সম্পদা সুকালু ॥
চৌ০ ১ বন প্রদেস মুনি বাস ঘনেরে, জনু পুর নগর গাউঁ গন খেরে।
বিপুল বিচিত্র বিহগ মৃগ নানা, প্রজা সমাজু ন জাই বখানা ॥

চৌ° ১ যদিবা করেন ত্যাগ মলিন মানিয়া, করেন সম্মান যদি সেবক জানিয়া।
আমি রাম পাদুকার শরণ আগত, শ্রেষ্ঠ স্বামী রামচন্দ্র দোষ মোর যত ॥

„ ২ জগতে চাতক মীন যশের ভাজন, নিয়ম প্রেমেতে নিজ অতি বিচক্ষণ।[১]
ইহা মনে মনে ভাবি চলে পথ ধরি, প্রেমেতে শিথিল তনু শিহরি শিহরি ॥

„ ৩ মাতৃ অপরাধ যেন টানিছে পশ্চাতে, ভক্তি বলে ধৈর্য ধরি চলে সমুখেতে।
রামের স্বভাব যবে আসিল স্মরণে, পথ অতিক্রম করে ত্বরিত চরণে ॥

„ ৪ ঘূর্ণির যে দশা হয় জলস্রোত মাঝে, ভরতের দশা যেন সে ভাবে বিরাজে।
ভরত উদ্বেগ আর প্রেম নিদর্শনে, দেহ জ্ঞান শূন্য হয় গুহক সে ক্ষণে ॥

নিষাদের ভবিষ্যদ্‌বাণী

দো ২২৬ শুভ চিহ্ন শুরু হয় সেই সময়েতে, শুনিয়া শুনিয়া কহে নিষাদ তাহাতে।
দুঃখ গিয়া হর্ষ হবে প্রথমে সবার, পরিণামে দুঃখ পাবে সকলে আবার ॥

ভরতের চিত্রকূটদর্শন ও আনন্দ

চৌ° ১ সেবক বচন সব মানি সত্য বলি, পঁহুছিল আশ্রমের সন্নিকটে চলি।
শৈল বন শোভা দেখি ভরত তখন, আনন্দিত অন্ন পাই ক্ষুধার্ত যেমন ॥

„ ২ ঈতি[২] ভীত যবে প্রজা দুঃখে জর্জরিত, গ্রহ দোষে হয় যবে ত্রিতাপ[৩] পীড়িত।
সুরাজ্য সুদেশে গিয়া যথা সুখী রয়, ভরতের দশা বুঝি অনুরূপ হয় ॥

„ ৩ সৎনৃপ লভি' যথা প্রজা সুখী হয়, রাম বাসবন তথা অতি শোভাময়।
বৈরাগ্য সচিব সেথা বিবেক নরেশ, শোভিত কানন সেই পুণ্যময় দেশ ॥

„ ৪ সংযম[৪] নিয়ম[৫] যোদ্ধা শৈল রাজধানী, শান্তি ও সুমতি সেথা সুপবিত্র রাণী।
সুরাজ্য সকল অঙ্গে[৬] পবিত্র সুন্দর, রামপদাশ্রিত তাই সুখেতে বিভোর ॥

দো ২২৭ মোহরূপ নৃপগণে জিনিয়া সমরে, বিবেক সম্রাট রূপে হেথা রাজা করে।
অকণ্টক রাজ্য ইহা এ রাজধানীতে, সর্বদা সম্পদ সুখ সুসময় সাথে ॥

চৌ° ১ বন রাজ্যে মুনি বাস অতীব বিস্তৃত, যেন সে নগর পুর গ্রাম পল্লী কত।
বিচিত্র বিহঙ্গ কত মৃগ অগণন, হেন প্রজা কত শত না যায় বর্ণন ॥

---

১ চাতক বৃষ্টির জল ছাড়া অন্য জল পান করিতে চাহেনা—তাহার নিয়ম। মৎস্য জলের বাহিরে বাঁচিতে পারেনা—তাহার প্রেম। ২ অতিবৃষ্টি, অনাবৃষ্টি, পঙ্গপাল, মূষিক, পক্ষী এবং অপর রাজার আক্রমন—শস্য নাশের এই ছয় উপদ্রবের নাম ঈতি। ৩ আধ্যাত্মিক, আধিদৈবিক এবং আধিভৌতিক এই তিন প্রকার দুঃখ ত্রিতাপ। ৪ অহিংসা, সত্য, অস্তেয় (চৌর্যবৃত্তি গ্রহণ না করা) ব্রহ্মচর্য, অপরিগ্রহ (পরের দান গ্রহণে অস্বীকার)। ৫ শৌচ, সন্তোষ, তপস্যা, স্বাধ্যায় (আত্মোন্নতির জন্য আবৃত্তিপূর্বক বেদ পাঠ) এবং ঈশ্বর প্রণিধান। ৬ স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ এবং সেনা—রাজ্যের সপ্তঅঙ্গ।

চৌ ২ খগহা করি হরি বাঘ বরাহা, দেখি মহিষ বৃষ সাজু সরাহা।
বয়রু বিহাই চরহিঁ এক সঙ্গা, জহঁ তহঁ মনহুঁ সেন চতুরঙ্গা॥
„ ৩ ঝরনা ঝরহিঁ মত্ত গজ গাজহিঁ, মনহুঁ নিসান বিবিধি বিধি বাজহিঁ।
চক চকোর চাতক সুক পিক গন, কূজত মঞ্জু মরাল মুদিত মন॥
„ ৪ অলিগন গাবত নাচত মোরা, জনু সুরাজ মঙ্গল চহু ওরা।
বেলি বিটপ তৃন সফল সফূলা, সব সমাজু মুদ মঙ্গল মূলা॥

দো০ ২২৮ রাম সৈল সোভা নিরখি, ভরত হৃদয়ঁ অতি পেমু।
তাপস তপ ফলু পাই জিমি, সুখী সিরানেঁ নেমু॥
চৌ০ ১ তব কেরট উঁচেঁ চঢ়ি ধাঈ, কহেউ ভরত সন ভুজা উঠাঈ।
নাথ দেখিঅহিঁ বিটপ বিসালা, পাকরি জম্বু রসাল তমালা॥
„ ২ জিন্হ তরুবরন্হ মধ্য বটু সোহা, মঞ্জু বিসাল দেখি মনু মোহা।
নীল সঘন পল্লব ফল লালা, অবিরল ছাহঁ সুখদ সব কালা॥
„ ৩ মানহুঁ তিমির অরুনময় রাসী, বিরচী বিধি সঁকেলি সুষমা সী।
এ তরু সরিত সমীপ গোসাঁই, রঘুবর পরনকুটী জহঁ ছাঈ॥
„ ৪ তুলসী তরুবর বিবিধ সুহাএ, কহুঁ কহুঁ সিয়ঁ কহুঁ লখন লগাএ।
বট ছায়াঁ বেদিকা বনাঈ, সিয়ঁ নিজ পানি সরোজ সুহাঈ॥

দো০ ২২৯ জহাঁ বৈঠি মুনিগন সহিত, নিত সিয় রামু সুজান।
সুনহিঁ কথা ইতিহাস সব,' আগম নিগম পুরান॥

চৌ০ ১ সখা বচন সুনি বিটপ নিহারী, উমগে ভরত বিলোচন বারী।
করত প্রনাম চলে দোউ ভাঈ, কহত প্রীতি সারদ সকুচাঈ॥
„ ২ হরষহিঁ নিরখি রাম পদ অঙ্কা, মানহুঁ পারসু পায়উ রঙ্কা।
রজ সির ধরি হিয়ঁ নয়নন্হি লাবহিঁ, রঘুবর মিলন সরিস সুখ পাবহিঁ॥
„ ৩ দেখি ভরত গতি অকথ অতীবা, প্রেম মগন মৃগ খগ জড় জীবা।
সখহি সনেহ বিবস মগ ভূলা, কহি সুপন্থ সুর বরষহিঁ ফূলা॥
„ ৪ নিরখি সিদ্ধ সাধক অনুরাগে, সহজ সনেহু সরাহন লাগে।
হোত ন ভূতল ভাউ ভরত কো, অচর সচর চর অচর করত কো॥

দো০ ২৩০ পেম অমিঅ মন্দরু বিরহু, ভরতু পয়োধি গঁভীর।
মথি প্রগটেউ সুর সাধু হিত, কৃপাসিন্ধু রঘুবীর॥
চৌ০ ১ সখা সমেত মনোহর জোটা, লখেউ ন লখন সঘন বন ওটা।
ভরত দীখ প্রভু আশ্রমু পাবন, সকল সুমঙ্গল সদন সুহাবন॥

চৌ ২ সিংহ ব্যাঘ্র হস্তী আর শূকর গণ্ডার, বৃষ ও মহিষ যূথ যোগ্য প্রশংসার।
হিংসা ভুলি যত্র তত্র একত্রে বিহার, মনে হয় চতুরঙ্গ সেনার সম্ভার॥

„ ৩ মদমত্ত হস্তী গর্জে ঝর্ণা বহে কত, বাজিছে বাজনা যেন এক সাথে শত।
চখা চখী শুক পিক চাতকেরা সব, রাজহংস মহানন্দে করে কলরব॥

„ ৪ গুঞ্জে অলি নাচে সুখে ময়ূর ময়ূরী, চতুর্দিকে সুমঙ্গল চিহ্ন উৎসবেরি।
লতা বৃক্ষ তৃণ রাজি ফল ফুল সাথে, মঙ্গল আনন্দে যেন সকলেই মাতে॥

দো ২২৮ নিয়ম পালন করি তপস্যার পর, যথা সুখী ফল লভি তাপস অন্তর।
সেইরূপ প্রেমে মগ্ন ভরত তখন, রামবাস শৈল শোভা করি নিরীক্ষণ॥

চৌ০ ১ তখন নিষাদ দ্রুত উচ্চ স্থানে যাই, কহিলেন ভরতেরে অঙ্গুলি দেখায়ি।
হে নাথ দেখুন ওই বিটপী বিশাল, পাকুড় তমাল আর জামুন রসাল॥

„ ২ ও সকল বৃক্ষ মাঝে বটবৃক্ষ শোভা, বিশাল বিচিত্র কায় অতি মনোলোভা।
সঘন পল্লব নীল রক্তবর্ণ ফল, সর্বকালে ছায়া তার রহে সুশীতল॥

„ ৩ আলো ও আঁধার রাশি একত্রে মিশায়ে, রচিয়াছে যেন বিধি অতি সুষমায়।
সে তরু সমীপবর্তী যেথা নদী বহে, রামচন্দ্র পর্ণ কুঠি সেই স্থানে রহে॥

„ ৪ বিবিধ তুলসী তরু শোভে চারি ধার, লক্ষ্মণ রোপিত কিছু সীতা কিছু আর।
অতি যত্নে সীতা নিজ কর কমলেতে, বানায়ে রেখেছে বেদী বটের ছায়াতে॥

দো ২২৯ যেথায় বসিয়া নিত্য সাথে মুনিগণ, শ্রীরাম জানকী দোঁহে অতি বিচক্ষণ।
শোনেন একাগ্র চিত্তে ইতিহাস তাঁরা, আগম নিগম আর পুরাণের ধারা॥

চৌ০ ১ সখার বচন শুনি দেখি বৃক্ষশ্রেণী, ভরতের দুই নেত্র ছাইল তখনি।
উদ্দেশে প্রণাম করি চলে দুই ভ্রাতা, বর্ণিতে অক্ষম বাণী প্রেম গভীরতা॥

„ ২ রামের চরণ চিহ্ন দেখি হরষিত, স্পর্শমণি যেন নিঃস্বে হল হস্তগত।
শিরে ধরি' পদধূলি বুকে চোখে মাখি', রঘুবর মিলনের সুখে হল সুখী॥

„ ৩ অতীব অকথ দশা ভরতের দেখি, প্রেমে মগ্ন জড় জীব পশু আর পাখী।
স্নেহেতে বিবশ সখা ভুল পথ ধরে, সুপথ কহিয়া দেবে পুষ্পবৃষ্টি করে॥

„ ৪ সিদ্ধ সাধু প্রেমে মগ্ন দেখি ভরতেরে, ভরত স্বভাব প্রেম প্রশংসাই করে।
ভরত জনম যদি না হত ভুবনে, কে করে চেতনে জড় জড়কে চেতনে॥

দো ২৩০ অমৃত প্রেমেতে হয় বিরহ মন্দর, ভরত সাগর রূপী অগাধ সুন্দর।
কৃপার নিধান রাম মথিয়া তাহারে, করেন প্রকট প্রেম সাধু হিত তরে॥

চৌ০ ১ মনোহর ভ্রাতাদ্বয়ে গুহসখা সনে, সৌমিত্রি না পা'ন দেখা শাখা আচ্ছাদনে।
ভরত দেখিতে পায় প্রভু পুণ্যাশ্রম, সকল মঙ্গল ধাম সুন্দর পরম॥

ভরতের রামলক্ষ্মণ ও সীতা-দর্শন ও মিলন

চৌ ২ করত প্রবেস মিটে দুখ দারা, জনু জে গী পরমারথু পারা।
দেখে ভরত লখন প্রভু আগে, পূঁছে বচন কহত অনুরাগে ॥
„ ৩ সীস জটা কটি মুনি পট বাঁধেঁ, তূন কসেঁ কর সরু ধনু কাঁধেঁ।
বেদী পর মুনি সাধু সমাজূ, সীয় সহিত রাজত রঘুরাজূ ॥
„ ৪ বলকল বসন জটিল তনু স্যামা, জনু মুনিবেষ কীহ্ন রতি কামা।
কর কমলনি ধনু সায়কু ফেরত, ভিয় কী জরনি হরত হঁসি হেরত ॥

দো০ ২৩১ লসত মঞ্জু মুনি মণ্ডলী, মধ্য সীয় রঘুচন্দু।
গ্যান সভাঁ জনু তনু ধরেঁ, ভগতি সচ্চিদানন্দু ॥

চৌ০ ১ সানুজ সখা সমেত মগন মন, বিসরে হরষ সোক সুখ দুখ গন।
পাহি নাথ কহি পাহি গোসাঈঁ, ভূতল পরে লকুট কী নাঈঁ ॥
„ ২ বচন সপেম লখন পহিচানে, করত প্রনামু ভরত জিয়ঁ জানে।
বন্ধু সনেহ সরস এহি ওরা, উত সাহিব সেরা বস জোরা ॥
„ ৩ মিলি ন জাই নহিঁ গুদরত বনঈ, সুকবি লখন মন কী গতি ভনঈ।
রহে রাখি সেরা পর ভারূ, চঢ়ী চঙ্গ জনু খৈঞ্চ খেলারূ ॥
„ ৪ কহত সপ্রেম নাই মহি মাথা, ভরত প্রনাম করত রঘুনাথা।
উঠে রামু সুনি প্রেম অধীরা, কহু পট কহুঁ নিষঙ্গ ধনু তীরা ॥

দো০ ২৩২ বরবস লিএ উঠাই উর, লাএ কৃপানিধান।
ভরত রাম কী মিলনি লখি, বিসরে সবহি অপান ॥

চৌ০ ১ মিলনি প্রীতি কিমি জাই বখানী, কবিকুল অগম করম মন বানী।
পরম পেম পূরন দোউ ভাঈ, মন বুধি চিত অহমিতি বিসরাঈ ॥
„ ২ কহহু সুপেম প্রগট কো করঈ, কেহি ছায়া কবি মতি অনুসরঈ।
কবিহি অরথ আখর বলু সাঁচা, অনুহরি তাল গতহি নটু নাচা ॥
„ ৩ অগম সনেহ ভরত রঘুবর কো, জহঁ ন জাই মনু বিধি হরি হর কো।
সো মৈঁ কুমতি কহৌঁ কেহি ভাঁতী, বাজ সুরাগ কি গাঁডর তাঁতী ॥
„ ৪ মিলন বিলোকি ভরত রঘুবর কী, সুরগন সভয় ধকধকী ধরকী।
সমুঝাএ সুরগুরু জড় জাগে, বরষি প্রসূন প্রসংসন লাগে ॥

দো০ ২৩৩ মিলি সপেম রিপুসূদনহি, কেরটু ভেঁটেউ রাম।
ভূরি ভায়ঁ ভেঁটে ভরত, লছিমন করত প্রনাম ॥

চৌ০ ১ ভেঁটেউ লখন ললকি লঘু ভাঈ, বহুরি নিষাদু লীহ্ন উর লাঈ।
পুনি মুনিগণ দুহুঁ ভাইহ্ন বন্দে, অভিমত আসিষ পাই অনন্দে ॥

ভরতের রামলক্ষ্মণ ও সীতা-দর্শন ও মিলন

চৌ ২ দুঃখ দাবানল মেটে আশ্রম প্রবেশে, যোগী যেন পরমার্থ পায় অবশেষে।
ভরত লক্ষ্মণে দেখে রহে প্রভু আগে, প্রশ্নের উত্তর দেয় অতি অনুরাগে ॥
„ ৩ শিরে জটা পরিধানে বল্কল, কটিতে, তূণীর সংলগ্ন আছে ধনুর্বাণ হাতে।
বেদী পরে সাধু আর মুনির সমাজ, সীতা সহ রামচন্দ্র করেন বিরাজ ॥
„ ৪ শ্যাম তনু শিরে জটা বল্কল ধারণ, কাম রতি যেন ধরে মুনির বসন।
কর কমলেতে তাঁর ধনুঃশর ফেরে, হাসি দেখি জীবনের জ্বালা লয় হ'রে ॥

দো ২৩১ মুনির সুন্দর সভা তারি মাঝখানে, বিরাজিত রাম সীতা অতি সুশোভনে।
সচ্চিৎ আনন্দ নিজে ভকতির সাথে, তনু ধরি শোভে যেন জ্ঞানের সভাতে।

চৌ০ ১ সানুজ সখার সাথে প্রেমে মগ্ন মন, হর্ষ শোক সুখ দুঃখ গেল বিসর্জন।
কহি রক্ষা কর নাথ রক্ষা কর প্রাণ, ভূতলে ভরত পরে দণ্ডের সমান ॥
„ ২ সপ্রেম বচন শুনি বুঝিল লক্ষ্মণ, ভরত প্রণাম দেখি বোঝে তার মন।
এক দিকে ভরতের প্রেম সুগভীর, অন্য দিকে প্রভু সেবা কর্ত্তব্য গম্ভীর ॥
„ ৩ না পারে মিলিতে নাহি পারে উপেক্ষিতে, কে পারে লক্ষ্মণ মন এখন বর্ণিতে।
অধিক গুরুত্ব রাখি সেবা প্রতি তার, উড়ন্ত পতঙ্গ যেন টানে বার বার ॥
„ ৪ সপ্রেমে কহিল শির করি অবনত, রঘুনাথ তব পদে ভরত প্রণত।
শুনি রাম উঠিলেন প্রেমেতে অধীর, কোথায় বসন তূণ কোথা ধনু তীর ॥

দো ২৩২ কৃপার নিধান রাম আপন বলেতে, উঠায়ে ভরতে লন নিজ হৃদয়েতে।
রামের ও ভরতের দেখি এ মিলন, দেহ জ্ঞান লুপ্ত হল সবার আপন ॥

চৌ০ ১ কি করে বর্ণিব এই মিলনের প্রীতি, মন বাক্যে কর্মে নাহি কবির শকতি।
পরম প্রেমেতে দুই ভ্রাতা প্রেমময়, মন বুদ্ধি অহংকার চিত্ত লুপ্ত হয় ॥
„ ২ কে হবে সমর্থ সেই প্রেম বাখানিতে, কার ছায়া অনুসরে কবি তার চিতে।
অক্ষর অর্থই বল কবির চিত্তেতে, তাল গতি অনুসরে নটের নৃত্যেতে ॥
„ ৩ অগম্য ভরত প্রীতি রঘুবর প্রতি, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরে না হয় প্রতীতি।
কুমতি আমার মত কি বর্ণিবে তারে, ধুন্তুরী তন্ত্রীতে রাগ কে বাজাতে পারে ॥
„ ৪ ভরত ও রঘুবর মিলন দর্শনে, ভীত সুরগণ সবে হৃদয় স্পন্দনে।
বুঝাইতে বৃহস্পতি বুঝে দেবগণ, প্রশংসা করিয়া করে পুষ্প বরিষণ ॥

দো ২৩৩ শত্রুঘ্নে মিলিত হ'য়ে অতি প্রেম ভরে, আলিঙ্গন করিলেন রাম নিষাদেরে
প্রণামে ব্যাপৃত ভ্রাতা লক্ষ্মণের সনে, ভরত মিলিত হন আনন্দিত মনে ॥

চৌ০ ১ লক্ষ্মণ অনুজে মিলে উচ্ছ্বাসিত মনে, অতঃপর গুহকেরে ধরে আলিঙ্গনে।
পুনঃ দুই ভ্রাতা করে নতি মুনিগণে, বাঞ্ছিত আশিস্ পায় আনন্দে দুজনে ।

চৌ ২ সানুজ ভরত উমগি অনুরাগা, ধরি সির সিয় পদ পদুম পরাগা।
পুনি পুনি করত প্রনাম উঠাএ, সির কর কমল পরসি বৈঠাএ॥
„ ৩ সীয়ঁ অসীস দীহ্নি মন মাহীঁ, মগন সনেহঁ দেহ সুধি নাহীঁ।
সব বিধি সানুকূল লখি সীতা, ভৈ নিসোচ উর অপডর বীতা॥
„ ৪ কোউ কিছু কহই ন কোউ কিছু পূঁছা, প্রেম ভরা মন নিজ গতি ছূঁছা।
তেহি অবসর কেবট্ ধীরজু ধরি, জোরি পানি বিনবত প্রনামু করি॥

দো০ ২৩৪ নাথ সাথ মুনিনাথ কে, মাতু সকল পুর লোগ।
সেবক সেনপ সচিব সব, আএ বিকল বিয়োগ॥

চৌ০ ১ সীলসিন্ধু সুনি গুর আগবনু, সিয় সমীপ রাখে রিপুদবনূ।
চলে সবেগ রামু তেহি কালা, ধীর ধরম ধুর দীনদয়ালা॥
„ ২ গুরহি দেখি সানুজ অনুরাগে, দণ্ড প্রনাম করন প্রভু লাগে।
মুনিবর ধাই লিএ উর লাঈ, প্রেম উমগি ভেঁটে দোউ ভাঈ॥
„ ৩ প্রেম পুলকি কেবট কহি নামূ, কীহ্ন দূরি তেঁ দণ্ড প্রনামূ॥
রামসখা রিষি বরবস ভেঁটা, জনু মহি লুঠত সনেহ সমেটা॥
„ ৪ রঘুপতি ভগতি সুমঙ্গল মূলা, নভ সরাহি সুর বরিসহিঁ ফূলা।
এহি সম নিপট নীচ কোউ নাহীঁ, বড় বসিষ্ঠ সম কো জগ মাহীঁ॥

দো০ ২৩৫ জেহি লখি লখনহু তেঁ অধিক, মিলে মুদিত মুনিরাউ।
সো সীতাপতি ভজন কো, প্রগট প্রতাপ প্রভাউ॥

চৌ০ ১ আরত লোগ রাম সবু জানা, করুনাকর সুজান ভগবানা।
জো জেহি ভায়ঁ রহা অভিলাষী, তেহি তেহি কৈ তসি তসি রুখ রাখী॥
„ ২ সানুজ মিলি পল মহুঁ সব কাহূ, কীহ্ন দূরি দুখু দারুন দাহূ।
যহ বড়ি বাত রাম কৈ নাহীঁ, জিমি ঘট কোটি এক রবি ছাহীঁ॥
„ ৩ মিলি কেবটহি উমগি অনুরাগা, পুরজন সকল সরাহহিঁ ভাগা।
দেখীঁ রাম দুখিত মহতারীঁ, জনু সুবেলি অবলীঁ হিম মারীঁ॥
„ ৪ প্রথম রাম ভেঁটী কৈকেঈ, সরল সুভায়ঁ ভগতি মতি ভেঁঈ।
পগ পরি কীহ্ন প্রবোধু বহোরী, কাল করম বিধি সির ধরি খোরী॥

দো০ ২৩৬ ভেটীঁ রঘুবর মাতু সব, করি প্রবোধু পরিতোষু।
অম্ব ঈস আধীন জগু, কাহু ন দেইঅ দোষু॥

চৌ০ ১ গুরতিয় পদ বন্দে দুহু ভাঈঁ, সহিত বিপ্রতিয় জে সঁগ আঈঁ।
গঙ্গ গৌরি সম সব সনমানীঁ, দেহিঁ অসীস মুদিত মৃদু বানীঁ॥
„ ২ গহি পদ লগেঁ সুমিত্রা অঙ্কা, জনু ভেঁটী সম্পতি অতি রঙ্কা।
পুনি জননী চরননি দোউ ভ্রাতা, পরে পেম ব্যাকুল সব গাতা॥

চৌ ২ সানুজ ভরত তবে অনুরাগ ভরে, সীতার কমল-পদরজ শিরে ধরে।
বার বার প্রণমিল সীতার দু'পায়, মস্তক স্পর্শিয়া সীতা উঠান দুভায়ে ॥
„ ৩ সীতা দেবী মনে মনে আশীর্বাদ দেন, স্নেহেতে বিবশ দেহ বুঝি নাহি জ্ঞান।
সীতারে ভরত দেখি অনুকূল তার, দূর হল শঙ্কা ভয় হৃদয়ের ভার ॥
„ ৪ কেহ প্রশ্ন নাহি করে কথা নাহি কয়, প্রেমে পরিপূর্ণ মন গতি শূন্য হয়।
এই অবসরে ধৈর্য ধরিয়া নিষাদ, বিনয়াবনত কহে জুড়ি দুই হাত ॥

দো ২৩৪ হে নাথ মুনির শ্রেষ্ঠ বশিষ্ঠের সনে, পুরবাসী সকলেই আর মাতাগণে।
সৈন্য সেনাপতি মন্ত্রী সেবক সকল, এসেছে বিয়োগে তব হইয়া বিকল ॥
চৌ০ ১ শীলতাসাগর শুনি গুরু আগমন, শত্রুঘ্নে সীতার কাছে রাখিয়া তখন।
সবেগে চলেন রাম অতীব তৎপর, দীনের দয়াল ধীর ধর্ম ধুরন্ধর ॥
„ ২ সানুজ গুরুরে দেখি অনুরাগে অতি, দণ্ডবৎ করিলেন গুরুরে প্রণতি।
মুনিবর টানি দ্রুত ল'ন বক্ষ পরে, উচ্ছ্বসি ভ্রাতারে দুই আলিঙ্গন তরে ॥
„ ৩ পুলকি নিষাদ প্রেমে কহি নিজ নাম, দূর হতে দণ্ডবৎ করিল প্রণাম।
রাম সখা জানি ঋষি জোর করি তারে, আলিঙ্গন করিলেন লুণ্ঠিত প্রেমেরে ॥
„ ৪ রঘুপতি ভক্তি প্রেম সুমঙ্গল মূল, আকাশে প্রশংসি সুর বরিষয়ে ফুল।
এর চেয়ে নীচ কেবা তবু এরে মুনি, বুকে লন বশিষ্ঠের সম কেবা গুণী ॥

দো ২৩৫ যাহাকে দেখিয়া মুনি লক্ষ্মণের চেয়ে, আনন্দে অধীর হ'য়ে মিলিলেন ধেয়ে।
জানকী বল্লভে প্রেম ভজন পূজন, প্রভাব প্রকট করে ইহার কারণ ॥
চৌ০ ১ শ্রীরাম জানিয়া আর্ত অতিশয় সবে, করুণা আকর প্রভু ভগবান তবে।
যে চাহে যে প্রকারেতে সেইরূপে তারে, মিলিত হলেন প্রভু রুচি অনুসারে ॥
„ ২ অনুজ সহিত প্রভু মিলিয়া সবায়, মিটান সবার দুঃখ এক লহমায়।
অসম্ভব নহে ইহা রামের নিকটে, এক সূর্য প্রতিবিম্ব যথা কোটি ঘটে ॥
„ ৩ প্রেমের উচ্ছ্বাসে যবে মেলে গুহকেরে, পুরবাসী করে তার প্রশংসা ভাগ্যেরে।
রামচন্দ্র দেখিলেন মাতাগণে তার, তুষার পতনে ক্লিষ্ট মতন লতার ॥
„ ৪ স্বভাব সরল চিত্তে সভক্তি সুধীরে, প্রথমে মিলেন রাম মাতা কৈকেয়ীরে।
পদ ধরি পুনরায় দিলেন প্রবোধ, কাল কর্ম দৈব পরে করি দোষারোপ ॥
দো ২৩৬ মাতাগণে অতঃপর করিয়া প্রণাম, প্রবোধি' সবারে তুষ্ট করিলেন রাম।
জগত ঈশ্বর বশ হে মাতঃ জানিও, কাহারেও কভু মাতঃ দোষ নাহি দিও ॥
চৌ ১ প্রণমিল গুরুপত্নী দুভ্রাতা তাহারা, প্রণমিল বিপ্রপত্নী সাথে ছিল যারা।
ভাগীরথী গৌরী সম সবে সম্মানিল, প্রসন্ন মধুর বাক্যে তাঁরা আশিসিল ॥
„ ২ পদ বন্দি সুমিত্রার অঙ্ক লগ্ন হন, বিপুল সম্পত্তি যেন পাইল নির্ধন।
পুনঃ কৌশল্যার কাছে দুভ্রাতা প্রেমেতে, ব্যাকুল অবশ গাত্র পড়ে চরণেতে ॥

চৌ ৩ অতি অনুরাগ অম্ব উর লাএ, নয়ন সনেহ সলিল অন্হুৱাএ।
তেহি অৱসর কর হর বিষাদূ, কিমি কবি কহৈ মূক জিমি স্বাদূ॥
„ ৪ মিলি জননিহি সানুজ রঘুরাঊ, গুর সন কহেউ কি ধারিঅ পাঊ।
পুরজন পাই মুনীস নিয়োগূ, জল থল তকি তকি উতরেউ লোগূ॥

দো০ ২৩৭ মহিসুর মন্ত্রী মাতু গুর, গনে লোগ লিএ সাথ।
পাৱন আশ্রম গৱনু কিয়, ভরত লখন রঘুনাথ॥

চৌ০ ১ সীয় আই মুনিবর পগ লাগী, উচিত অসীস লহী মন মাগী।
গুর পতিনিহি মুনিতিয়ন্হ সমেতা, মিলী পেমু কহি জাই ন জেতা॥
„ ২ বন্দি বন্দি পগ সিয় সবহী কে, আসিরবচন লহে প্রিয় জী কে।
সাসু সকল জব সীয়ঁ নিহারীঁ, মূদে নয়ন সহমি সুকুমারীঁ॥
„ ৩ পরীঁ বধিক বস মনহুঁ মরালীঁ, কাহ কীন্হ করতার কুচালীঁ।
তিন্হ সিয় নিরখি নিপট দুখু পাৱা, সো সবু সহিঅ জো দৈউ সহাৱা॥
„ ৪ জনকসুতা তব উর ধরি ধীরা, নীল নলিন লোয়ন ভরি নীরা।
মিলী সকল সাসুন্হ সিয় জাঈ, তেহি অৱসর করুনা মহি ছাঈ॥

দো০ ২৩৮ লাগি লাগি পগ সবনি সিয়, ভেঁটতি অতি অনুরাগ।
হৃদয়ঁ অসীসহিঁ পেম বস, রহিঅহু ভরী সোহাগ॥

চৌ০ ১ বিকল সনেহঁ সীয় সব রানীঁ, বৈঠন সবহি কহেউ গুর গ্যানীঁ।
কহি জগ গতি মায়িক মুনিনাথা, কহে কছুক পরমারথ গাথা॥
„ ২ নৃপ কর সুরপুর গৱনু সুনাৱা, সুনি রঘুনাথ দুসহ দুখু পাৱা।
মরন হেতু নিজ নেহু বিচারী, ভে অতি বিকল ধীর ধুর ধারী॥
„ ৩ কুলিস কঠোর সুনত কটু বানী, বিলপত লখন সীয় সব রানী।
সোক বিকল অতি সকল সমাজূ, মানহুঁ রাজু অকাজেউ আজূ॥
„ ৪ মুনিবর বহুরি রাম সমুঝাএ, সহিত সমাজ সুসরিত নহাএ।
ব্রত নিরম্বু তেহি দিন প্রভু কীন্হা, মুনিহু কহেঁ জলু কাহুঁ ন লীন্হা॥

দো০ ২৩৯ ভোরু ভএঁ রঘুনন্দনহি, জো মুনি আয়সু দীন্হ।
শ্রদ্ধা ভগতি সমেত প্রভু, সো সবু সাদরু কীন্হ॥

চৌ০ ১ করি পিতু ক্রিয়া বেদ জসি বরনী, ভে পুনীত পাতক তম তরনী।
জাসু নাম পাৱক অঘ তূলা, সুমিরত সকল সুমঙ্গল মূলা॥
„ ২ সুদ্ধ সো ভয়উ সাধু সম্মত অস, তীরথ আৱাহন সুরসরি জস।
সুদ্ধ ভএঁ দুই বাসর বীতে, বোলে গুর সন রাম পিরীতে॥
„ ৩ নাথ লোগ সব নিপট দুখারী, কন্দ মূল ফল অম্বু অহারী।
সানুজ ভরতু সচিব সব মাতা, দেখি মোহি পল জিমি জুগ জাতা॥

চৌ ৩ অতি অনুরাগে মাতা ধরেন হৃদয়ে, নয়ন সলিলে স্নাত করান উভয়ে।
হরষ বিষাদ কবি সেই অবসরে, মূক যথা স্বাদ কিবা কহিতে না পারে ॥

„ ৪ মিলি জননীরে রাম লক্ষ্মণের সাথে, গুরুরে আহ্বান করে নিজ আশ্রমেতে।
গুরুর আদেশ লভি' পুরবাসী তবে, জলের নিকট স্থানে উত্তরিল সবে ॥

দো ২৩৭ ব্রাহ্মণ সচিব মাতা গুরুদেব আর, বহু পুরজন আদি সমভিব্যাহার।
পবিত্র আশ্রম পানে সবে দল-বলে, ভরতে লক্ষ্মণে ল'য়ে রঘুনাথ চলে ॥

চৌ ১ সীতা আসি স্পর্শ করে গুরুর চরণ, পাইলেন আশীর্বাদ মনের মতন।
গুরুপত্নী মুনিপত্নী সবাকার সনে, সপ্রেমে মিলিত হন না পারি বর্ণনে ॥

„ ২ পদে পদে সীতা দেবী করেন প্রণাম, সবারি আশিস প্রিয় পান অবিরাম।
শ্বশ্রূমাতাগণ বেশ দেখিয়া শিহরি, মুদিত করিল আঁখি সীতা সুকুমারী ॥

„ ৩ হংসিনী ব্যাধের বশে মনে হল তায়, হা ঈশ্বর এ দুর্দৈব কেন হল হায়।
তাঁহারাও জানকীরে দেখি দুঃখ পান, দৈব দুঃখ সহ্য ছাড়া গতি নাহি আন ॥

„ ৪ জনক নন্দিনী তবে ধৈর্য ধরি মনে, মিলিত হলেন গিয়া শ্বশ্রূমাতাগণে।
নীল সে কমল আঁখি জলে টলমল, সে করুণ দৃশ্যে ছায় এই ধরাতল ॥

দো ২৩৮ চরণ ধরিয়া সীতা শ্বশ্রূমাতাগণে, প্রণাম করিল অতি অনুরাগ সনে।
হৃদয় আশিস্ তাঁরা দেন স্নেহ ভরে, জীবন ভরিয়া রহ সৌভাগ্য শিখরে ॥

চৌ ১ স্নেহেতে বিকল সীতা রাণীগণ সাথে, গুরু আজ্ঞা দেন সবে তথায় বসিতে।
এ জগত মায়াময় কহিলেন মুনি, পরমার্থ তত্ত্ব আরো শুনালেন গুণী ॥

„ ২ দশরথ স্বর্গবাস কাহিনী শুনান, শুনিয়া দুঃসহ দুঃখ রঘুনাথ পান।
নৃপ মৃত্যু হেতু হয় স্নেহ তার প্রতি, শুনি ধীর শ্রেষ্ঠ রাম বিচলিত অতি ॥

„ ৩ কুলিশ কঠোর সম দুঃখ বার্তা শুনি, বিলাপে লক্ষ্মণ সীতা সহ সব রাণী।
শোকেতে বিহ্বল হল সকল সমাজ, মনে হল দশরথ মৃত্যু বুঝি আজ ॥

„ ৪ মুনিশ্রেষ্ঠ রামচন্দ্রে প্রবোধিল তবে, মন্দাকিনী নদী স্নান করিলেন সবে।
সেদিন নিরম্বু ব্রত পালিলেন প্রভু, কেহ নাহি লয় জল মুনি কহে তবু ॥

দো ২৩৯ প্রত্যুষ হইলে পরে রঘুনন্দনেরে, যা কিছু বিধান মুনি সুনির্দেশ করে।
শ্রদ্ধা ও ভক্তির সাথে সে বিধি সকল, সাদরে পালেন প্রভু তাহা অবিকল ॥

চৌ ১ নাম যাঁর অগ্নি সম পাপতূলা পাশে, স্মরণে সকল শুভ সুমঙ্গল আসে।
পবিত্র হলেন তিনি পাপতম হারী, বেদের নির্দেশ মত পিতৃশ্রাদ্ধ করি ॥

„ ২ শুদ্ধ হন সদাশুদ্ধ সাধু মত মতে, গঙ্গাতে সকল তীর্থ আহ্বান যে মতে।
শান্তভাবে দুইদিন গত হ'লে সেথা, রামভদ্র গুরু কাছে কহেন এ কথা ॥

„ ৩ হে নাথ সকলে সেথা অতি কষ্ট পায়, কন্দ মূল ফল জল শুধু খাদ্য হায়।
সানুজ ভরত আর মন্ত্রী মাতাগণে, দেখি পল যুগ সম হয় মোর মনে ॥

চৌ ৪ সব সমেত পুর ধারিঅ পাউ, আপু ইহাঁ অমরারতি রাউ।
বহুত কহেউঁ সব কিয়উঁ ঢিঠাঈ, উচিত হোই তস করিঅ গোসাঁঈ ॥

দো০ ২৪০ ধর্ম সেতু করুনায়তন, কস ন কহহু অস রাম।
লোগ দুখিত দিন দুই দরস, দেখি লহহুঁ বিশ্রাম ॥

চৌ০ ১ রাম বচ সুনি সভয় সমাজূ, জনু জলনিধি মহুঁ বিকল জহাজূ।
সুনি গুর গিরা সুমঙ্গল মূলা, ভয়উ মনহুঁ মারুত অনুকূলা ॥

„ ২ পাৱন পয়ঁ তিহুঁ কাল নহাহীঁ, জো বিলোকি অঘ ওঘ নসাহীঁ।
মঙ্গল মূরতি লোচন ভরি ভরি, নিরখহিঁ হরষি দণ্ডৱত করি করি ॥

„ ৩ রাম সৈল বন দেখন জাহীঁ, জহঁ সুখ সকল সকল দুখ নাহীঁ।
ঝরনা ঝরহিঁ সুধাসম বারী, ত্রিবিধ তাপহর ত্রিবিধ বয়ারী ॥

„ ৪ বিটপ বেলি তৃন অগনিত জাতী, ফল প্রসূন পল্লৱ বহু ভাঁতী।
সুন্দর সীলা সুখদ তরু ছাহীঁ, জাই বরনি বন ছবি কেহি পাহীঁ ॥

দো০ ২৪১ সরনি সরোরুহ জল বিহগ, কূজত গুঞ্জত ভৃঙ্গ।
বৈর বিগত বিহরত বিপিন, মৃগ বিহঙ্গ বহুরঙ্গ ॥

বনবাসীদের অতিথিসৎকার

চৌ০ ১ কোল কিরাত ভিল্ল বনবাসী, মধু সুচি সুন্দর স্বাদু সুধা সী।
ভরি ভরি পরন পুটীঁ রচি রূরী, কন্দ মূল ফল অঙ্কুর জূরী ॥

„ ২ সবহি দেহিঁ করি বিনয় প্রনামা, কহি কহি স্বাদ ভেদ গুন নামা।
দেহিঁ লোগ বহু মোল ন লেহীঁ, ফেরত রাম দোহাঈ দেহীঁ ॥

„ ৩ কহহিঁ সনেহ মগন মৃদু বানী, মানত সাধু পেম পহিচানী।
তুহ্ম সুকৃতী হম নীচ নিষাদ, পারা দরসনু রাম প্রসাদা ॥

„ ৪ হমহি অগম অতি দরসু তুহ্মারা, জস মরু ধরনি দেৱধুনি ধারা।
রাম কৃপাল নিষাদ নেৱাজা, পরিজন প্রজউ চহিঅ জস রাজা ॥

দো০ ২৪২ য়হ জিয়ঁ জানি সঁকোচু তজি, করিঅ ছোহু লখি নেহু।
হমহি কৃতারথ করন লগি, ফল তৃন অঙ্কুর লেহু ॥

চৌ০ ১ তুহ্ম প্রিয় পাহুনে বন-পগু ধারে, সেৱা জোগু ন ভাগ হমারে।
দেব কাহ হম তুহ্মহি গোসাঁঈ, ঈন্ধনু পাত কিরাত মিতাঈ ॥

„ ২ য়হ হমারি অতি বড়ি সেৱকাই, লেহিঁ ন বাসন বসন চোরাঈ।
হম জড় জীৱ জীৱ গন ঘাতী, কুটিল কুচালী কুমতি কুজাতী ॥

„ ৩ পাপ করত নিসি বাসর জাহীঁ, নহিঁ পট কটি নহিঁ পেট অঘাহীঁ।
সপনেহুঁ ধরম বুদ্ধি কস কাউ, য়হ রঘুনন্দন দরস প্রভাউ ॥

চৌ ৪ সবারে লইয়া যান অযোধ্যায় ফিরে, আপনি হেথায় নাথ পিতা স্বর্গপুরে।
এ মোর ধৃষ্টতা প্রভু ক্ষমা ভিক্ষা চাই, উচিত যা হয় প্রভু করুন তাহাই॥

দো ২৪০ হে রাম ধর্মের সেতু কৃপা নিকেতন, কেন না কহিবে তুমি এরূপ বচন।
পরম দুঃখিত এরা লউক বিশ্রাম, তোমারে দেখিয়া সুখী দিন দুই রাম॥

চৌ ১ রামবাক্য শুনি ভীত হয়েছিল তারা, যেন অর্ণবেতে যান হল দিশাহারা।
শুনি গুরুবাক্য যাহা সুমঙ্গল মূল, আশ্বস্থ হইল যেন বায়ু অনুকূল॥

„ ২ যাহা দেখি লুপ্ত হয় সর্ব পাপ নরে, পুণ্য জলে ত্রিসন্ধ্যাতে সবে স্নান করে।
মঙ্গল মূরতি রাম নয়ন ভরিয়া, দেখিয়া প্রণাম করে হর্ষন্বিত হিয়া॥

„ ৩ রাম-শৈল-বন সবে দেখিবারে যায়, কোন দুঃখ নাই সুখ সর্বদা সেথায়।
প্রস্রবনে বারি ঝরে অমৃতের ন্যায়, ত্রিবিধ বায়ুতে হরে ত্রিতাপ হিয়ায়॥

„ ৪ অসংখ্য জাতির তথা তৃণ বৃক্ষ লতা, ফল ফুল পল্লবের শোভা কত সেথা।
অপরূপ শিলা কত স্নিগ্ধ তরু ছায়া, সৌন্দর্য অগাধ সেথা কে বর্ণিবে তাহা॥

দো ২৪১ কমল সরসী মাঝে পক্ষী জলচর, কূজনে ব্যাপৃত ভৃঙ্গ গুঞ্জন মুখর।
ভুলিয়া শত্রুতা পশু পক্ষী এক সাথে, আনন্দে বিহার করে বনে দিবা রাতে॥

বনবাসীদের অতিথিসৎকার

চৌ ১ বনবাসী কোল ভীল কিরাত ব্যাপৃত, সংগ্রহে বিশুদ্ধ মধু স্বাদেতে অমৃত।
ভরিয়া পর্ণের পাত্র শোভন রচিয়া, কন্দমূল ফল আদি অঙ্কুর বাছিয়া॥

„ ২ সবারে প্রদান করে বিনয়ে প্রণমি, স্বাদ গুন নাম ভেদ কহিয়া যেমনি।
সকলে চাহিলে দিতে মূল্য নাহি লয়, রামের দোহাই দিয়া ফিরাইয়া দেয়॥

„ ৩ প্রেমে মগ্ন সবে তারা কহে মৃদুবাণী, সাধুর সম্মান দেন প্রেমেরে বাখানি।
পুণ্যাত্মা তোমরা মোরা অধম নিষাদ, পেয়েছি দর্শন সবে রামের প্রসাদ॥

„ ৪ মরু মাঝে গঙ্গা ধারা দুর্লভ যেমনি, অসাধ্য দর্শন তথা তোমাদের জানি।
নিষাধে কৃপালু রাম করেন উদ্ধার, রাজা যথা প্রজা তথা শেখে ব্যবহার॥

দো ২৪২ ইহাই হৃদয়ে জানি ত্যজি দ্বিধা যত, কৃপা কর মোরা সবে প্রেমে অবনত।
মোদের কৃতার্থ আজি করিবার তরে, গ্রহণ করহ ফল তৃণাদি অঙ্কুরে॥

চৌ ১ পদার্পন বনে প্রিয় অতিথির সম, সেবাযোগ্য নহে ভাগ্য মোরা দীনতম।
তোমাদের তরে দিব কিবা উপহার, কিরাত সখ্যতা শুধু পত্র কাষ্ঠভার॥

„ ২ সেবকতা আমাদের অতীব ইহাই, বাসন বসন তব চুরী করি নাই।
আমরা অতীব মূর্খ হই জীব ঘাতী, কুটিল কুচালি আর কুমতি কুজাতি॥

„ ৩ পাপকর্মে দিবা নিশি শুধুই কাটাই, কটিতে বসন নাই পেটে অন্ন নাই।
স্বপনেও ধর্ম বুদ্ধি হইবে কি ভাবে, যা কিছু ঘটিছে প্রভু দর্শন প্রভাবে॥

চৌ ৪ জব তেঁ প্রভু পদ পদুম নিহারে, মিটে দুসহ দুখ দোষ হমারে।
বচন সুনত পুরজন অনুরাগে, তিহ্ন কে ভাগ সরাহন লাগে ॥

ছন্দ০ ১০ লাগে সরাহন ভাগ সব অনুরাগ বচন সুনাৱহীঁ।
বোলনি মিলনি সিয় রাম চরন সনেহু লখি সুখু পাৱহীঁ ॥
নর নারি নিদরহিঁ নেহু নিজ সুনি কোল ভিল্লনি কী গিরা।
তুলসী কৃপা রঘুবংসমনি কী লোহ লৈ নৌকা তিরা ॥

সো০ ১০ বিহরহিঁ বন চহু ওর, প্রতি দিন প্রমুদিত লোগ সব।
জল জ্যোঁ দাদুর মোর, ভএ পীন পাৱস প্রথম ॥

চৌ০ ১ পুর জন নারি মগন অতি প্রীতী, বাসর জাহিঁ পলক সম বীতী।
সীয় সাসু প্রতি বেষ বনাঈ, সাদর করই সরিস সেৱকাঈ ॥

„ ২ লখা ন মরমু রাম বিনু কাহূঁ, মায়া সব সিয় মায়া মাহূঁ।
সীয়ঁ সাসু সেৱা বস কীহ্নীঁ, তিহ্ন লহি সুখ সিখ আসিষ দীহ্নীঁ ॥

„ ৩ লখি সিয় সহিত সরল দোউ ভাঈ, কুটিল রানি পছিতানি অঘাঈ।
অৱনি জমহি জাচতি কৈকেঈ, মহি ন বীচু বিধি মীচু ন দেই ॥

„ ৪ লোকহুঁ বেদ বিদিত কবি কহহীঁ, রাম বিমুখ থলু নরক ন লহহীঁ।
য়হু সংসউ সব কে মন মাহীঁ, রাম গৱনু বিধি অৱধ কি নাহীঁ ॥

দো০ ২৪৩ নিসি ন নীদ নহিঁ ভূখ দিন, ভরতু বিকল সুচি সোচ।
নীচ কীচ বিচ মগন জস, মীনহি সলিল সঁকোচ ॥

চৌ০ ১ কীহ্নি মাতু মিস কাল কুচালী, ঈতি ভীতি জস পাকত সালী।
কেহি বিধি হোই রাম অভিষেকূ, মোহি অৱকলত উপাউ ন একূ ॥

„ ২ অৱসি ফিরহিঁ গুর আয়সু মানী, মুনি পুনি কহব রাম রুচি জানী।
মাতু কহেহুঁ বহুরহিঁ রঘুরাউ, রাম জননি হঠ করবি কি কাউ ॥

„ ৩ মোহি অনুচর কর কেতিক বাতা, তেহি মহঁ কুসমউ বাম বিধাতা।
জৌঁ হঠ করউঁ ত নিপট কুকরমূ, হরগিরি তেঁ গুরু সেৱক ধরমূ ॥

„ ৪ একউ জুগুতি ন মন ঠহরানী, সোচত ভরতহি রৈনি বিহানী।
প্রাত নহাই প্রভুহি সির নাঈ, বৈঠত পঠএ রিষয়ঁ বোলাঈ ॥

বশিষ্ঠ-ভাষণ

দো০ ২৪৪ গুর পদ কমল প্রনামু করি, বৈঠে আয়সু পাই।
বিপ্র মহাজন সচিৱ সব, জুরে সভাসদ আই ॥

চৌ০ ১ বোলে মুনিবরু সময় সমানা, সুনহু সভাসদ ভরত সুজানা।
ধরম ধুরীন ভানুকুল ভানু, রাজা রামু স্ববস ভগৱানূ ॥

চৌ ৪ রঘুপতি পাদপদ্ম যবে থেকে হেরি, মিটেছে দুঃসহ দোষ দুঃখ আমাদেরি।
বচন শুনিয়া প্রেমে যত পুরজন, প্রশংসা নিষাদ ভাগ্য করিল তখন॥

ছ ১০ নিষাদ ভাগ্যেরে সব প্রশংসা করিল, মিষ্টবাক্য তাহাদের কত না শুনাল।
সীতারাম পদে প্রেম বাক্য সখ্য রীতি, দেখিয়া সবার মনে জাগে অতি প্রীতি॥
কোল ভীল বাণী শুনি নর নারী যত, নিজেদের প্রেমে করে অনাদর কত।
তুলসী ভনয়ে কৃপা রঘুমণি যদি, লৌহ কাঁধে ল'য়ে নৌকা পার হয় নদী॥

সো ১০ বর্ষার প্রথম বারি যেমত প্রথায়, ময়ূরে দাদুরে পুষ্ট করে অতিকায়।
সে মত বনের মাঝে করিয়া ভ্রমণ, দিনে দিনে আনন্দিত সবাকার মন॥

চৌ ১ পুর নারী নরগণ প্রেমেতে মগন, দিবানিশি পল সম নিমেষে গমন।
সর্বদা নিকটে রহি সীতা এক মনে, সাদরে করেন সেবা শ্বশ্রূমাতা গণে॥

„ ২ রাম বিনা নাহি দেখে ভেদ কেহ আর, আদ্যাশক্তি সীতাদেবী সবই মায়া তাঁর।
সেবা বশ করিলেন সীতা মাতা গণে, সুখী হ'য়ে আশিসেন তারা সযতনে॥

„ ৩ সীতা সহ ভ্রাতৃদ্বয় সরল স্বভাব, দেখি কৈকেয়ীর মনে তীব্র মনস্তাপ।
ধরণী যমের কাছে করিল প্রার্থনা, না হ'ল ধরণী ভিন্ন মৃত্যুও হ'ল না॥

„ ৪ লোকে বেদে সুবিখ্যাত জ্ঞানী ইহা কয়, রামদ্বেষী নরকেও স্থান নাহি পায়।
সবারি সংশয় মনে বুঝি বিধাতায়, রামচন্দ্রে নাহি ল'ন এবে অযোধ্যায়॥

দো ২৪৩ দিনে ক্ষুধা রাতে নিদ্রা নাহি ভরতের, একই চিন্তা দহে মন এই সংশয়ের।
মৎস্য যথা কর্দমেতে জলহীন স্থানে, ব্যাকুল ভাবেতে রহে আকুল পরাণে॥

চৌ ১ মাতৃ বেশে কাল মোরে কুচক্র করিল, পক্ক ধান্যে পঙ্গ পাল যথা ভর হ'ল।
কি করিয়া রামচন্দ্রে রাজ্য দিব ফিরি, আমি ত' উপায় কিছু দেখিতে না পারি॥

„ ২ অবশ্য ফিরিবে রাম গুরু আজ্ঞা মানি, গুরু কি কহিবে পুনঃ রাম রুচি জানি।
মাতার বাক্যেতে রাম ফিরিবে নিশ্চয়, রাম মাতা রামে জোর করিবে কি হায়॥

„ ৩ কুসেবক মোর কথা মূল্য কিবা তায়, কুসময় তারোপরে বাম বিধাতায়।
জোর করি যদি হবে প্রচণ্ড কুকর্ম, কৈলাস অধিক হয় সেবক স্বধর্ম॥

„ ৪ কোন যুক্তি ভরতের পছন্দ না হয়, নিশি ভোর হয়ে যায় এ সব চিন্তায়।
প্রাতঃস্নান করি প্রভু চরণে প্রণাম, বসা মাত্র ঋষি তারে ডাকিয়া পাঠান॥

বশিষ্ঠ-ভাষণ

দো ২৪৪ গুরুর চরণ পদ্মে করি নমস্কার, বসিল ভরত পাই' আদেশ তাঁহার।
সামন্ত সচিব নিয়ে শ্রেষ্ঠ পুরজন, একত্র হইল সবে সভাসদগণ॥

চৌ ১ সময়ানুসারে কহে মুনিবর তবে, শুনহ ভরত সুধী সভাসদ সবে।
সূর্য বংশ বলি সেই ধর্ম ধুরন্ধর, রাজা রাম হন তিনি দয়া ঈশ্বর॥

চৌ ২ সত্য সন্ধ পালক শ্রুতি সেতূ, রাম জনমু জগ মঙ্গল হেতূ।
গুর পিতু মাতু বচন অনুসারী, খল দলু দলন দেব হিতকারী ॥
„ ৩ নীতি প্রীতি পরমারথ স্বারথু, কোউ ন রাম সম জান জথারথু।
বিধি হরি হরু সসি রবি দিসিপালা, মায়া জীব করম কুলি কালা ॥
„ ৪ অহিপ মহিপ জহঁ লগি প্রভুতাঈ, জোগ সিদ্ধি নিগমাগম গাঈ।
করি বিচার জিয়ঁ দেখহু নীকেঁ, রাম রজাই সীস সবহী কেঁ ॥

দো০ ১৪৫ রাখেঁ রাম রজাই রুখ, হম সব কর হিত হোই।
সমুঝি সয়ানে করহু অব, সব মিলি সম্মত সোই ॥

চৌ০ ১ সব কহুঁ সুখদ রাম অভিষেকূ, মঙ্গল মোদ মূল মগ একূ।
কেহি বিধি অবধ চলহিঁ রঘুরাউ, কহহু সমুঝি সোই করিঅ উপাউ ॥
„ ২ সব সাদর সুনি মুনিবর বানী, নয় পরমারথ স্বারথ সানী।
উতরু ন আব লোগ ভএ ভোরে, তব সিরু নাই ভরত কর জোরে ॥
„ ৩ ভানুবংস ভএ ভূপ ঘনেরে, অধিক এক তেঁ এক বড়েরে।
জনম হেতু সব কহঁ পিতু মাতা, করম সুভাসুভ দেই বিধাতা ॥
„ ৪ দলি দুখ সজই সকল কল্যানা, অস অসীস রাউরি জগু জানা।
সো গোসাইঁ বিধি গতি জেহিঁ, সকই কো টারি টেক জো টেকী ॥

দো০ ২৪৬ বূঝিঅ মোহি উপাউ অব, সো সব মোর অভাগু।
সুনি সনেহময় বচন গুর, উর উমগা অনুরাগু ॥

চৌ০ ১ তাত বাত ফুরি রাম কৃপাহীঁ, রাম বিমুখ সিধি সপনেহুঁ নাহীঁ।
সকুচউঁ তাত কহত এক বাতা, অরধ তজহিঁ বুধ সরবস জাতা ॥
„ ২ তুহ্ম কানন গরনহু দোউ ভাঈ, ফেরিঅহিঁ লখন সীয় রঘুরাঈ।
সুনি সুবচন হরষে দোউ ভ্রাতা, ভে প্রমোদ পরিপূরন গাতা ॥
„ ৩ মন প্রসন্ন তন তেজু বিরাজা, জনু জিয় রাউ রামু ভএ রাজা।
বহুত লাভ লোগন্হ লঘু হানী, সম দুখ সুখ সব রোবহিঁ রানী ॥
„ ৪ কহহিঁ ভরতু মুনি কহা সো কীন্হে, ফলু জগ জীবন্হ অভিমত দীন্হে।
কানন করউ জনম ভরি বাসূ, এহি তেঁ অধিক ন মোর সুপাসূ ॥

দো০ ২৪৭ অন্তরজামী রামু সিয়, তুহ্ম সরবগ্য সুজান।
জৌঁ ফুর কহহু ত নাথ নিজ, কীজিঅ বচনু প্রবান ॥

শ্রীরামভরতাদিসংবাদ

চৌ০ ১ ভরত বচন সুনি দেখি সনেহূ, সভা সহিত মুনি ভএ বিদেহূ।
ভরত মহা মহিমা জলরাসী, মুনি মতি ঠাঢ়ি তীর অবলা সী ॥

চৌ ২ শ্রুতির মর্যাদা আর সত্যের পালক, রাম জন্ম জগতের মঙ্গল কারক।
পিতামাতা গুরুদেব আজ্ঞা অনুসারী, দুষ্টের বিনাশ আর দেব হিতকারী ॥
„ ৩ নীতি প্রীতি পরমার্থ আর আত্মজ্ঞান, যথার্থ জানেনা কেহ রামের সমান।
হরি হর ব্রহ্মা রবি শশী দিক্‌পাল, বিদ্যা ও অবিদ্যা জীব কর্ম মহাকাল ॥
„ ৪ যা কিছু প্রভুত্ব দেখ শেষ নরপতি, যোগসিদ্ধি গীত যাহা যাহা কিছু গতি।
হৃদয়ে প্রকৃষ্ট রূপে করহ বিচার, রাম আজ্ঞা আছে ধরি মস্তকে সবার ॥

দো ২৪৫ শ্রীরামচন্দ্রের আজ্ঞা অভিলাষ তার, মানিলে মঙ্গল হবে আমা সবাকার।
তোমরা সকলে হেথা বিজ্ঞ বুদ্ধিমান, সকল সম্মত যাহা করহ বিধান ॥
চৌ ১ সকলেরই সুখপ্রদ রাম অভিষেক, সকল মঙ্গল মূল পন্থা তাই এক।
কি প্রকারে রামচন্দ্র যাবে অযোধ্যায়, সকলে বুঝিয়া কর সেমত উপায় ॥
স্বামীধর্ম সাথে রহে স্বার্থের বিরোধ, ক্রোধ অন্ধ নাহি জানে প্রেমে কি প্রবোধ ॥

* মূল সঁকোচ বস 'সঙ্কোচ' এক অর্থে বন্ধন।

দো০ ২৮৩ রাখি রাম রুখ ধরমু ব্রতু, পরাধীন মোহি জানি।
সব কেঁ সম্মত সর্ব হিত, করিঅ পেমু পহিচানি ॥

চৌ০ ১ ভরত বচন সুনি দেখি সুভাউ, সহিত সমাজ সরাহত রাউ।
সুগম অগম মৃদু মঞ্জু কঠোরে, অরথু অমিত অতি আখর থোরে ॥

„ ২ জ্যোঁ মুখু মুকুর মুকুরু নিজ পানী, গহি ন জাই অস অদ্ভুত বানী।
ভূপ ভরতু মুনি সহিত সমাজূ, গে জহঁ বিবুধ কুমুদ দ্বিজরাজূ ॥

„ ৩ সুনি সুধি সোচ বিকল সব লোগা, মনহুঁ মীনগন নব জল জোগা।
দেবঁ প্রথম কুলগুর গতি দেখী, নিরখি বিদেহ সনেহ বিসেষী ॥

ইন্দ্রের ভাবনা

„ ৪ রাম ভগতিময় ভরতু নিহারে, সুর স্বারথী হহরি হিঁয় হারে।
সব কোউ রাম পেমময় পেখা, ভএ অলেখ সোচ বস লেখা ॥

দো০ ২৮৪ রামু সনেহ সকোচ বস, কহ সসোচ সুররাজু।
রচহু প্রপঞ্চহি পঞ্চ মিলি, নাহিঁ ত ভয়উ অকাজু ॥

চৌ০ ১ সুরন্হ সুমিরি সারদা সরাহী, দেবি দেব সরনাগত পাহী।
ফেরি ভরত মতি করি নিজ মায়া, পালু বিবুধ কুল করি ছল ছায়া ॥

„ ২ বিবুধ বিনয় সুনি দেবি সয়ানী, বোলী সুর স্বারথ জড় জানী।
মো সন কহহু ভরত মতি ফেরু, লোচন সহস ন সূঝ সুমেরু ॥

„ ৩ বিধি হরি হর মায়া বড়ি ভারী, সোউ ন ভরত মতি সকই নিহারী।
সো মতি মোহি কহত করু ভোরী, চন্দিনি কর কি চণ্ডকর চোরী ॥

„ ৪ ভরত হৃদয়ঁ সিয় রাম নিবাসূ, তহঁ কি তিমির জহঁ তরনি প্রকাসূ।
অস কহি সাদর গই বিধি লোকা, বিবুধ বিকল নিসি মানহুঁ কোকা ॥

দো০ ২৮৫ সুর স্বারথী মলীন মন, কীন্হ কুমন্ত্র কুঠাটু।
রচি প্রপঞ্চ মায়া প্রবল, ভয় ভ্রম অরতি উচাটু ॥

রামভরতসংবাদ

চৌ০ ১ করি কুচালি সোচত সুররাজূ, ভরত হাথ সবু কাজু অকাজূ।
গএ জনকু রঘুনাথ সমীপা, সনমানে সব রবিকুল দীপা ॥

„ ২ সময় সমাজ ধরম অবিরোধা, বোলে তব রঘুবংস পুরোধা।
জনক ভরত সম্বাদু সুনাঈ, ভরত কহাউতি কহী সুহাঈ ॥

„ ৩ তাত রাম জস আয়সু দেহূ, সো সবু করৈ মোর মত এহূ।
সুনি রঘুনাথ জোরি জুগ পানী, বোলে সত্য সকল মৃদু বানী ॥

„ ৪ বিদ্যমান আপুনি মিথিলেসূ, মোর কহব সব ভাঁতি ভদেসূ।
রাউর রায় রজায়সু হোঈ, রাউরি সপথ সহী সির সোঈ ॥

দো ২৮৩ রাম ইচ্ছা মান্য করি রাখি ধর্ম ব্রত, পরম অধীন মোরে জানিয়া সতত।
সবার সম্মতি আর সর্ব হিত যাতে, সে ব্যবস্থা হোক মোর প্রেম জানি সাথে ॥

চৌ ১ ভরতের বাক্য শুনি স্বভাব দেখিয়া, প্রশংসা করিল রাজা সমাজেরে নিয়া।
সুশ্রাব্য দুর্বোধ মৃদু কঠিন সুন্দর, অসীম অর্থের তাহা দু'চার অক্ষর।

„ ২ হাতের মুকুরে যথা মুখবিম্ব আনি, ধরিতে পারেনা তথা অদ্ভুত সে বাণী।
নৃপতি ভরত মুনি সাধুর সমাজ, যান যেথা দেবপদ্ম চন্দ্র রঘুরাজ ॥

চৌ ৩ শুনি ভরতের কথা বিকল সকলে, মৎস্য যথা ম্রিয়মান হয় নব জলে।
কুলগুরু দশা দেখে প্রথমে দেবেরা, বিশেষ বিদেহ প্রেম দেখিলেন তারা ॥

ইন্দ্রের ভাবনা

„ ৪ রামভক্ত ভরতেরে দেখে সুরগণে, স্বার্থপর ভীত সবে হার মানে মনে।
সকলেই প্রেমময় রামেরে দেখিল, বর্ণনা অতীত শঙ্কা দেবতার হল ॥

দো ২৮৪ সশঙ্কিত দেবরাজ কহিলেন সবে, স্নেহের বন্ধনে রাম বশীভূত এবে।
পাঁচ জনে মিলি এবে মায়া সৃষ্টি করি, নচেৎ অশুভ হবে সব দেবতারি ॥

চৌ ১ সুরগণ সরস্বতী করেন স্মরণ, হে দেবী করুন রক্ষা লইনু শরণ।
মায়াতে ভরত বুদ্ধি দেহ নষ্ট করি, ছলের ছায়াতে বাস হবে দেবতারি ॥

„ ২ দেবস্তুতি শুনি দেবী অতি বুদ্ধিমতি, কহে সুরে জানি মূর্খ স্বর্থপর অতি।
ভরতের বুদ্ধিনাশ করিবারে চাও, সুমেরু সহস্র চক্ষে দেখিতে না পাও ॥

„ ৩ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর মায়াধারী অতি, তাহারাও নাহি জানে ভরতের মতি।
তারি বুদ্ধি কহ মোরে ভ্রষ্ট করিবারে, জ্যোৎস্না কি লুণ্ঠিতে পারে প্রচণ্ড সূর্যেরে ॥

„ ৪ ভরত হৃদয় সীতা রামের নিবাস, রহে কি আঁধার যেথা সূর্যের প্রকাশ।
ইহা কহি সরস্বতী ব্রহ্মলোকে যান, দেবেরা বিমূঢ় রাত্রে চখার সমান ॥

দো ২৮৫ স্বার্থপর দেবগণ মলিনতা মনে, উৎপাত কুমন্ত্র করে মিলি পাঁচজনে।
করিল বিস্তার মায়া মনে সবাকার, উদ্বেগ আশঙ্কা দুঃখ ভ্রমে একাকার ॥

রামভরতসংবাদ

চৌ ১ কুচাল চালিয়া ইন্দ্র ভাবে সাথে সাথে, ভাল মন্দ যাহা এবে ভরতের হাতে।
এদিকে জনক যান রামের সমীপ, সম্মান করেন সবে রঘুকুল দীপ ॥

„ ২ সময় সমাজ আর ধর্ম অনুসারে, বশিষ্ঠ কহেন কত কাহিনী সবারে।
জনক ও ভরতের কথা মনোহর, ভরত স্বভাব শীল কহেন সুন্দর ॥

„ ৩ কহেন আমি ত বুঝি করণীয় হবে, প্রাণ প্রিয় রাম যাহা আজ্ঞা দেন সবে।
শুনি রঘুনাথ কহে জুড়ি দুই কর, সরলতা মাখা মৃদু বাক্যে অনন্তর ॥

„ ৪ আপনি ও মিথিলেশ যেথা উপস্থিত, সেথা মোর কথা কওয়া অতি অনুচিত।
যাহা আজ্ঞা আপনার অথবা রাজার, তব দিব্য শিরোধার্য তাহাই আমার ॥

দো০ ২৮৬ রাম সপথ সুনি মুনি জনকু, সকুচে সভা সমেত।
সকল বিলোকত ভরত মুখু, বনই ন উতরু দেত ॥

চৌ০ ১ সভা সকুচ বস ভরত নিহারী, রামবন্ধু ধরি ধীরজু ভারী।
কুসমউ দেখি সনেহু সঁভারা, বঢ়ত বিন্ধি জিমি ঘটজ নিবারা ॥

„ ২ সোক কনকলোচন মতি ছোনী, হরী বিমল গুন গন জগজোনী।
ভরত বিবেক বরাহঁ বিসালা, অনায়াস উধরী তেহি কালা ॥

„ ৩ করি প্রনামু সব কহঁ কর জোরে, রামু রাউ গুর সাধু নিহোরে।
ছমব আজু অতি অনুচিত মোরা, কহউঁ বদন মৃদু বচন কঠোরা ॥

„ ৪ হিয়ঁ সুমিরী সারদা সুহাঈ, মানস তেঁ মুখ পঙ্কজ আঈ।
বিমল বিবেক ধরম নয় সালী, ভরত ভারতী মঞ্জু মরালী ॥

দো০ ২৮৭ নিরখি বিবেক বিলোচনন্হি, সিথিল সনেহঁ সমাজু।
করি প্রনামু বোলে ভরতু, সুমিরি সীয় রঘুরাজু ॥

চৌ০ ১ প্রভু পিতু মাতু সুহৃদ গুর স্বামী, পূজ্য পরম হিত অন্তরজামী।
সরল সুসাহিবু সীল নিধানূ, প্রণতপাল সর্বগ্য সুজানূ ॥

„ ২ সমরথ সরনাগত হিতকারী, গুনগাহকু অবগুন অঘ হারী।
স্বামি গোসাঁইহি সরিস গোসাঈঁ, মোহি সমান মৈঁ সাইঁ দোহাই ॥

„ ৩ প্রভু পিতু বচন মোহ বস পেলী, আয়উঁ ইহাঁ সমাজু সকেলী।
জগ ভল পোচ উঁচ অ নীচূ, অমিঅ অমরপদ মাহুরু মীচূ ॥

„ ৪ রাম রজাই মেট মন মাহীঁ, দেখা সুনা কতহুঁ কোউ নাহীঁ।
সো মৈঁ সব বিধি কীন্হি ঢিঠাঈ, প্রভু মানী সনেহ সেবকাঈ ॥

দো০ ২৮৮ কৃপাঁ ভলাঈ আপনী, নাথ কীন্হ ভল মোর।
দূষন ভে ভূষন সরিস, সুজসু চারু চহু ওর ॥

চৌ০ ১ রাউরি রীতি সুবানি বড়াঈ, জগত বিদিত নিগমাগম গাঈ।
কূর কুটিল খল কুমতি কলঙ্কী, নীচ নিসীল নিরীস নিসঙ্কী ॥

„ ২ তেউ সুনি সরন সোমুহেঁ আএ, সকৃত প্রনামু কিহেঁ অপনাএ।
দেখি দোষ কবহুঁ ন উর আনে, সুনি গুন সাধু সমাজ বখানে ॥

„ ৩ কো সাহিব সেবকহি নেবাজী, আপু সমাজ সাজ সব সাজী।
নিজ করতূতি ন সমুঝিঅ সপনেঁ, সেবক সকুচ সোচু উর অপনেঁ ॥

„ ৪ সো গোসাই নহিঁ দূসর কোপী, ভুজা উঠাই কহউঁ পন রোপী।
পসু নাচত সুক পাঠ প্রবীনা, গুন গতি নট পাঠক আধীনা ॥

দো ২৮৬ রামের শপথ শুনি মুনি ও জনক, সঙ্কুচিত সভাশুদ্ধ ছিল যত লোক।
সকলেই ভরতের মুখ পানে চায়, কাহারো কহিতে কথা সামর্থ্য না হয়॥

চৌ ১ সভাস্থ সকলে দেখি অতি সঙ্কুচিত, রামভ্রাতা ধৈর্য সাথে হন অবহিত।
কুসময় দেখি তার প্রাবল্য স্নেহের, খর্ব করে যথা করে অগস্ত্য বিন্ধ্যের॥*

„ ২ হিরণ্যাক্ষ শোক যবে হরিল সভার, বুদ্ধিরূপী পৃথিবীরে তখন অপার।
বিমল গুণের ব্রহ্মা উদ্ধার করান, ভরত বিবেক রূপ বরাহে মহান॥

„ ৩ কহেন ভরত সবে করিয়া প্রণতি, রাম গুরু রাজা সাধু সবারে মিনতি।
অনুচিত হইলেও ক্ষম মোরে আজ, ছোট মুখে বড় কথা কহিতে না লাজ॥

„ ৪ মনেতে স্মরণ করে বাণী বীণাপাণি, মনের মানস হতে মুখ পদ্মে আনি।
শুভ্র রাজ হংস সম ভরত বচন, বিমল বিবেক-ধর্ম-ন্যায়ে সুশোভন॥

দো ২৮৭ বিবেক চক্ষুতে দেখি সকল সমাজ, প্রেমেতে বিবশ দেহ সকলেরি আজ।
স্মরণ করিয়া মনে সীতা রঘুরাম, কহিল ভরত তবে করিয়া প্রণাম॥

চৌ ১ প্রভু বন্ধু পিতা মাতা তুমি গুরু স্বামী, পূজ্য শ্রেষ্ঠ হিতকারী তুমি অন্তর্যামী।
পরম সরল প্রভু শীলের নিধান, ভক্তের পালক জ্ঞানী সর্বজ্ঞ মহান॥

„ ২ সর্বশক্তিমান তুমি ভক্ত হিতকারী, গুণের গ্রাহক তুমি পাপ দোষ হারী।
হে প্রভু তুমিই শুধু তোমার প্রমাণ, প্রভুর শপথ আমি আমারি সমান॥

„ ৩ প্রভুর পিতার বাক্য মোহবশে ঠেলি, সকল সমাজ ল'য়ে আসিয়াছি চলি।
উচ্চ নীচ সবি করে জগত ধারণ, অমৃত অমরপদ গরল মরণ॥

„ ৪ রাম আজ্ঞা মন মোর করেছে লঙ্ঘন, শোনেনি দেখেনি কেহ কভু কদাচন।
লঙ্ঘন করেছি তাহা আমি সর্বস্থানে, সেবকের প্রেম বলি প্রভু তাহা মানে॥

দো ২৮৮ আপনার ভাল হ'তে কৃপা করি নাথ, করেছো আমার ভাল তুমি সাথে সাথ।
করেছো ভূষণ মোর যত দোষ ঘোর, ছড়ায়েছ চারিদিকে কত যশ মোর॥

চৌ ১ তব নীতি সুকথার কত প্রশংসায়, জগত বিদিত বেদে পুরাণেতে গায়।
ক্রূর ও কুটিল খল কুমতি কলঙ্কী, অশালীন নিরীশ্বর নীচ ও নিশঙ্কী॥

„ ২ শুনি তব কথা যদি ইহারাও আসে, প্রণমি শরণ লয় আপনার পাশে।
দেখি দোষ নাহি মান হৃদয়ের মাঝে, শুধু গুণ কর ব্যক্ত সাধুর সমাজে॥

„ ৩ কোন প্রভু এত দয়া সেবকেরে করে, আপনার সাজে দাও সাজাইয়া তারে।
নিজের কার্যের কথা স্বপনে না আন, সেবকের যত দুঃখ নিজ দুঃখ জান॥

„ ৪ ঊর্ধ্ব বাহু করি কহি লইয়া শপথ, প্রভু ত' দেখিনি আমি দ্বিতীয় এমত।
নাচে পশু পড়ে শুক কত বাহাদুরী, নাচায় পড়ায় যেবা অধীন তাহারি॥

---

* অগস্ত্য বিন্ধ্যপর্বতকে বাড়িতে দেন নাই।

দো° ২৮৯ য়েঁ৷ সুধারি সনমানি জন, কিএ সাধু সিরমোর।
কো কৃপাল বিনু পালিহৈ, বিরিদাৱলি বরজোর ॥

চৌ° ১ সোক সনেহঁ কি বাল সুভাএঁ, আয়উঁ লাই রজায়সু বাএঁ।
তবহু কৃপাল হেরি নিজ ওরা, সবহি ভাঁতি ভল মানেউ মোরা ॥

„ ২ দেখেউঁ পায় সুমঙ্গল মূলা, জানেউঁ স্বামি সহজ অনুকূলা।
বড়ে় সমাজ বিলোকেউঁ ভাগূ, বড়ী় চূক সাহিব অনুরাগূ ॥

„ ৩ কৃপা অনুগ্রহু অঙ্গু অঘাঈ, কীহ্নি কৃপানিধি সব অধিকাঈ।
ৱাখা মোর দুলার গোসাঈ, অপনেঁ সীল সুভায় ভলাঈ ॥

„ ৪ নাথ নিপট মৈঁ কীহ্নি ঢিঠাঈ, স্বামি সমাজ সকোচ বিহাঈ।
অবিনয় বিনয় জথারুচি বানী, ছমিহি৷দেউ অতি আরতি জানী ॥

দো° ২৯০ সুহৃদ সুজান সুসাহিবহিঁ, বহুত কহব বড়ি় খোরি।
আয়সু দেইঅ দেৱ অব, সবই সুধারী মোরি ॥

চৌ° ১ প্রভু পদ পদুম পরাগ দোহাঈ, সত্য সুকৃত সুখ সীৱঁ সুহাঈ।
সো করি কহউঁ হিএ অপনে কী, রুচি জাগত সোৱত সপনে কী ॥

„ ২ সহজ সনেহঁ স্বামি সেৱকাঈ, স্বারথ ছল ফল চারি বিহাঈ।
অগ্যা সম ন সুসাহিব সেৱা, সো প্রসাদু জন পাৱৈ দেৱা ॥

„ ৩ অস কহি প্রেম বিবস ভএ ভারী, পুলক সরীর বিলোচন বারী।
প্রভু পদ কমল গহে অকুলাঈ, সমউ সনেহু ন সো কহি জাঈ ॥

„ ৪ কৃপাসিন্ধু সনমানি সুবানী, বৈঠাএ সমীপ গহি পানী।
ভরত বিনয় সুনি দেখি সুভাউ, সিথিল সনেহঁ সভা রঘুরাউ ॥

ছন্দ° ১২ রঘুরাউ সিথিল সনেহঁ সাধু সমাজ মুনি মিথিলা ধনী।
মন মহুঁ সৱাহত ভরত ভায়প ভগতি কী মহিমা ধনী ॥
ভরতহি প্রসংসত বিবুধ বরষত সুমন মানস মলিন সে।
তুলসী বিকল সব লোগ সুনি সকুচে নিসাগম নলিন সে ॥

সো° ১২ দেখি দুখারী দীন, দুহু সমাজ নর নারি সব।
মঘৱা মহা মলীন, মুএ মারি মঙ্গল চহত ॥

চৌ° ১ কপট কুচালি সীৱঁ সুররাজূ, পর অকাজ প্রিয় আপন কাজূ।
কাক সমান পাকরিপু রীতী, ছলী মলীন কতহুঁ ন প্রতীতী ॥

„ ২ প্রথম কুমত করি কপটু সঁকেলা, সো উচাটু সব কেঁ সির মেলা।
সুরমায়াঁ সব লোগ বিমোহে, রাম প্রেম অতিসয় ন বিছোহে ॥

„ ৩ ভয় উচাট বস মন থির নাহীঁ, ছন বন রুচি ছন সদন সোহাহীঁ।
দুবিধ মনোগতি প্রজা দুখারী, সরিত সিন্ধু সঙ্গম জনু বারী ॥

দো ২৮৯ শুদ্ধ করি সসম্মানে ভক্ত জনে স্বামি, সাধুজন শিরোমণি করি তোল তুমি।
হে কৃপাল তুমি বিনা কেবা জোর করি, পালন করিবে দিয়া যশ শিরোপরি ॥

চৌ ১ বালক বুদ্ধিতে কিংবা শোকেতে প্রেমেতে, তোমার আদেশ ঠেলি এসেছি বনেতে।
তথাপি কৃপাল তুমি চাহি নিজ পানে, আমার সকলি ভাল মান তব মনে ॥

„ ২ চরণ দর্শন পেনু সুমঙ্গল মূল, জানিতে পেরেছি প্রভু মোরে অনুকূল।
বিপুল সমাজে দেখি সৌভাগ্য আমার, বুঝিনু নিজের দোষ প্রভুপ্রেম আর ॥

„ ৩ তব কৃপা অনুগ্রহে অঙ্গ ভরিয়াছে, তোমার কৃপাতে সবই বেশী হইয়াছে।
সুশীল স্বভাবে তব রাখিয়াছ তুমি, প্রেমের সম্মানে মোরে হে দয়াল স্বামি ॥

„ ৪ গুরুজন সমাজেতে ছাড়ি লজ্জা ভয়, ধৃষ্টতা আমারি দেব আজি অতিশয়।
বিনয়ে বা অবিনয়ে যাহা কহি আমি, অতি আর্ত জানি মোরে ক্ষমা কর স্বামী ॥

দো ২৯০ সুবিজ্ঞ সুহৃদ শ্রেষ্ঠ প্রভু কাছে মোর, অধিক কহা ত হবে অবিনয় ঘোর।
দেহ আজ্ঞা এবে মোরে যা হয় বিহিত, আমারে সর্বোতভাবে কর সংশোধিত ॥

চৌ ১ সুকৃতি সত্যের আর সুখ সীমা যত, প্রভুর পদপদ্ম রজ লইনু শপথ।
কহিতেছি যাহা মোর হৃদয়ের কথা, ঘুমে জাগরণে মোর রুচি হয় যথা ॥

„ ২ স্বার্থ ছল ধর্ম আদি চতুর্বর্গ ফল, ত্যজিয়া প্রভুর সেবা হয় সুমঙ্গল।
প্রভু আজ্ঞা পালনেতে শ্রেষ্ঠ সেবা সেই, সে প্রসাদ যেন দেব সদা আমি পাই ॥

„ ৩ কহিয়া বিবশ তনু প্রেমে হল তারি, শরীরে পুলক জাগে নয়নেতে বারি।
প্রভুর চরণ পদ্মে পড়িল লুটায়ে, প্রেম সীমা কহা নাহি যায় সে সময়ে ॥

„ ৪ শ্রেষ্ঠ বাক্যে কৃপাসিন্ধু সম্মানিয়া তারে, উঠায়ে বসান পাশে তার হাত ধরে।
ভরত বিনয় দেখি শুনি বাণী তায়, প্রেমেতে বিহ্বল সভা আর রঘুরায় ॥

ছ ১২ রঘুরাজ বিচলিত স্নেহেতে বিকল, সাধুর সমাজ সাথে জনক বিহ্বল।
মনোমাঝে ভরতের ভ্রাতৃপ্রীতি আর, ভক্তির মহিমা করে প্রশংসা আবার ॥
ভরতের প্রশংসাতে পুষ্প বরিষণ, মনেতে মলিন তবু করে দেবগণ।
তুলসা ভণয়ে শুনি সব লোকজন, সঙ্কুচিত নিশাগমে যথা পদ্মবন ॥

সো ১২ উভয় সমাজ ইন্দ্র মলিন মনেতে, দেখিয়াও দীন দুঃখী চাহেন করিতে।
আরো দুঃখী মৃতে যেন করিয়া আঘাত, আপনার হিত শুধু চাহে সাথে সাথ ॥

চৌ ১ কপটী কুচালী সীমা হয় দেবরাজ, পরার্থ বিনষ্ট করি প্রিয় নিজ কাজ।
বায়স সমান দুষ্ট দেবরাজ রীতি, ছলী ও মলিন নাহি কারেও প্রতীতি ॥

„ ২ প্রথমে কুমতি করি বিস্তারি ছলনা, উদ্বেগ সবারি মনে করিল রচনা।
সুরের মায়াতে সবে হলেও বিমোহ, বিচ্ছিন্ন হলনা কারো রাম প্রতি স্নেহ ॥

„ ৩ উদাস হইল মন স্থির নাহি মানে, কখন বা বন ভাল গৃহ কভু টানে।
দ্বিধায় পড়িয়া প্রজা অতি দুঃখ পায়, সমুদ্র সঙ্গমে নদী যেমন দ্বিধায় ॥

চৌ ৪ দুচিত কতহুঁ পরিতোষু ন লহহীঁ, এক এক সন মরমু ন কহহীঁ।
লখি হিয়ঁ হঁসি কহ কৃপানিধানূ, সরিস স্বান মঘবান জুবানূ॥

দো০ ২৯১ ভরতু জনকু মুনিজন সচিব, সাধু সচেত বিহাই।
লাগি দেবমায়া সবহি, জথাজোগু জনু পাই॥

চৌ০ ১ কৃপাসিন্ধু লখি লোগ দুখারে, নিজ সনেহঁ সুরপতি ছল ভারে।
সভা রাউ গুর মহিসুর মন্ত্রী, ভরত ভগতি সব কৈ মতি জন্ত্রী॥

" ২ রামহি চিতবত চিত্র লিখে সে, সকুচত বোলত বচত সিখে সে।
ভরত প্রীতি নতি বিনয় বড়াঈ, সুনত সুখদ বরনত কঠিনাঈ॥

" ৩ জাসু বিলোকি ভগতি লবলেসূ, প্রেম মগন মুনিগন মিথিলেসূ।
মহিমা তাসু কহৈ কিমি তুলসী, ভগতি সুভায়ঁ সুমতি হিয়ঁ হুলসী॥

" ৪ আপু ছোটি মহিমা বড়ি জানী, কবিকুল কানি মানি সকুচানী।
কহি ন সকতি গুন রুচি অধিকাঈ, মতি গতি বাল বচন কী নাঈ॥

দো০ ২৯২ ভরত বিমল জসু বিমল বিধু, সুমতি চকোর কুমারি।
উদিত বিমল জন হৃদয় নভ, একটক রহী নিহারি॥

চৌ০ ১ ভরত সুভাউ ন সুগম নিগম হূঁ, লঘু মতি চাপলতা কবি ছমহূঁ।
কহত সুনত সতি ভাউ ভরত কো, সীয় রাম পদ হোই ন রত কো॥

" ২ সুমিরত ভরতহি প্রেমু রাম কো, জেহি ন সুলভু তেহি সরিস বাম কো।
দেখি দয়াল দসা সবহী কী, রাম সুজান জানি জন জী কী॥

" ৩ ধরম ধুরীন ধীর নয় নাগর, সত্য সনেহ সীল সুখ সাগর।
দেসু কালু লখি সমউ সমাজূ, নীতি প্রীতি পালক রঘুরাজূ॥

" ৪ বোলে বচন বানি সরবসু সে, হিত পরিনাম সুনত সসি রসু সে।
তাত ভরত তুম্হ ধরম ধুরীনা, লোক বেদ বিদ পরম প্রবীনা॥

দো০ ২৯৩ করম বচন মানস বিমল, তুম্হ সমান তুম্হ তাত।
গুর সমাজ লঘু বন্ধু গুন, কুসময়ঁ কিমি কহি জাত॥

চৌ০ ১ জানহু তাত তরনি কুল রীতী, সত্যসন্ধ পিতু কীরতি প্রীতী।
সময় সমাজু লাজ গুরজন কী, উদাসীন হিত অনহিত মন কী॥

" ২ তুম্হহি বিদিত সবহী কর করমূ, আপন মোর পরম হিত ধরমূ।
মোহি সব ভাঁতি ভরোস তুম্হারা, তদপি কহউঁ অবসর অনুসারা॥

" ৩ তাত তাত বিনু বাত হমারী, কেবল গুরকুল কৃপাঁ সঁভারী।
নতরু প্রজা পরিজন পরিবারূ, হমহি সহিত সবু হোত খুআরূ॥

" ৪ জৌঁ বিনু অবসর অথবঁ দিনেসূ, জগ কেহি কহহু ন হোই কলেসূ।
তস উতপাতু তাত বিধি কীন্হা, মুনি মিথিলেস রাখি সবু লীন্হা॥

চৌ ৪ দোমনা হইয়া নাহি কাহারো সান্ত্বনা, মর্ম কথা একে আরে না করে ব্যঞ্জনা।
দেখি হাসি মনে ভাবে কৃপার নিধান, ইন্দ্র ক্ষুধা সারমেয় স্বভাব সমান ॥

দো ২৯১ ভরত জনক আর মন্ত্রী মুনিগণ, সাধু ও মহাত্মা ছাড়া আর যত জন।
সবারি উপরে মায়া করিল বিস্তার, হইল যে যথাযোগ্য সেমত তাহার ॥

চৌ ১ কৃপাসিন্ধু দেখিলেন দুঃখিত সবারে, তাঁর প্রতি স্নেহে আর ইন্দ্র মায়া ভারে।
এদিকে ভরত ভক্তি বাঁধে যন্ত্রী রূপে, গুরুদেবে সভাবিপ্রে আর মন্ত্রী ভূপে ॥

„ ২ চিত্রার্পিত হ'য়ে দেখে রাম চন্দ্রে তারা, সসঙ্কোচে কথা কহে যেন পাখীপড়া।
ভরতের প্রীতি নতি বিনয় ভাবনা, শুনিতে মধুর অতি অসাধ্য বর্ণনা ॥

„ ৩ যার ভক্তিকণা দেখি মিথিলার পতি, প্রেমেতে মগন মুনি বিগলিত অতি।
মহিমা তাহার কহে কেমনে তুলসী, ভক্তি রসে যদিও সে প্রেমেতে উল্লসি ॥

„ ৪ অতি ক্ষুদ্র মতি মোর মহিমা অপার, কাব্যের মর্যাদা মানি দুশ্চিন্তা আমার।
ইচ্ছা সত্ত্বে শক্তি নাহি গুণ বর্ণনায়, বুদ্ধি মোর বালকের বাক্য সম প্রায় ॥

দো ২৯২ নির্মল হিমাংশু যেন খ্যাতি ভরতেরি, সুমতি সবার যেন চকোর কুমারী।
বিশুদ্ধ হৃদয় নভে উদিত যখন, এক দৃষ্টে র'বে সবে চাহিয়া তখন ॥

চৌ ১ বেদেরও কঠিন জানা ভরত স্বভাব, ক্ষম কবি চপলতা লঘুমতি ভাব।
সত্য কথা ভরতেরে কহিতে শুনিয়া, সীতা রাম পদে নত কাহার না হিয়া ॥

„ ২ ভরতে স্মরণ মাত্র রাম প্রেম যার, সুলভ না হয় অতি মন্দ ভাগ্য তার।
দয়াল দেখিয়া দশা সবাকার এবে, পরম সুবিজ্ঞ রাম মন বুঝি সবে ॥

„ ৩ ধর্ম ধুরন্ধর ধীর নীতিতে সুশীল, সুখের সাগর আর সত্য প্রেম শীল।
প্রীতির পালক রাম ন্যায় পরায়ণ, দেশ কাল বুঝি আর দেখি লোকজন ॥

„ ৪ কহেন সুবাণী যেন বাণী মূর্তি তার, পরিণামে হিত আর শ্রবণে সুধার।
হে বৎস ভরত তুমি ধর্ম ধুরন্ধর, লোক বেদে বিজ্ঞ তুমি পণ্ডিত প্রবর ॥

দো ২৯৩ কর্ম বাক্য মন তব অতীব নির্মল, তোমার সমান বৎস তুমিই কেবল।
গুরুজন সমুখেতে খ্যাতি কনিষ্ঠের, অসময়ে কি করিয়া করি এ সবের ॥

চৌ ১ হে বৎস জান ত তুমি সূর্য কুল রীতি, সত্যসন্ধ পিতা জান তাঁর কীর্তি প্রীতি।
সময় সমাজ লজ্জা গুরুজনদের, মনোভাব শত্রু মিত্র নিরপেক্ষদের ॥

„ ২ সকল কর্তব্য আছে বিদিত তোমার, জান সে পরম হিত তোমার আমার।
একমাত্র ভরষাই তুমি মোর প্রিয়, কহি এ সময়ে তবু দোষ নাহি দিও ॥

„ ৩ পিতার অভাবে তাত কর্তব্য মোদের, গুরুর কৃপাতে হয় সম্পন্ন সবের।
তা না হলে প্রজা আর পুর পরিজন, মোর সাথে দুঃখ ভোগ করিত ভীষণ ॥

„ ৪ অসময়ে সূর্য অস্ত হইলে এ ভবে, এ জগতে কহ কেন ক্লেশ নাহি হবে।
সেরূপ অনর্থ তাত বিধাতা যে করে, বশিষ্ঠ নিখিলা পতি রাখেন সবারে ॥

দো ২৯৪ রাজ কাজ সব লাজ পতি, ধরম ধরনি ধন ধাম।
গুর প্রভাউ পালিহি সবহি, ভল হোইহি পরিনাম ॥

চৌ ১ সহিত সমাজ তুহ্মার হমারা, ঘর বন গুর প্রসাদ রখবারা।
মাতু পিতা গুর স্বামি নিদেসূ, সকল ধরম ধরনীধর সেসূ ॥

" ২ সো তুহ্ম করহু করাবহু মোহূ, তাত তরনিকুল পালক হোহূ।
সাধক এক সকল সিধি দেনী, কীরতি সুগতি ভূতিময় বেনী ॥

" ৩ সো বিচারি সহি সঙ্কটু ভারী, করহু প্রজা পরিবারু সুখারী।
বাঁটি বিপতি সবহিঁ মোহি ভাঈ, তুহ্মহি অবধি ভরি বড়ি কঠিনাঈ ॥

" ৪ জানি তুহ্মহি মৃদু কহউঁ কঠোরা, কুসময় তাত ন অনুচিত মোরা।
হোহিঁ কুঠায়ঁ সুবন্ধু সহাএ, ওড়িঅহিঁ হাথ অসনিহু কে ঘাএ ॥

দো ২৯৫ সেবক কর পদ নয়ন সে, মুখ সো সাহিবু হোই।
তুলসী প্রীতি কি রীতি সুনি, সুকবি সরাহহিঁ সোই ॥

চৌ ১ সভা সকল সুনি রঘুবর বানী, প্রেম পয়োধি অমিঅঁ জনু সানী।
সিথিল সমাজ সনেহ সমাধী, দেখি দসা চুপ সারদ সাধী ॥

" ২ ভরতহি ভয়উ পরম সন্তোষু, সনমুখ স্বামি বিমুখ দুখ দোষু।
মুখ প্রসন্ন মন মিটা বিষাদূ, ভা জনু গূঁগেহি গিরা প্রসাদূ ॥

" ৩ কীহ্ন সপ্রেম প্রনামু বহোরী, বোলে পানি পঙ্করুহ জোরী।
নাথ ভয়উ সুখু সাথ গএ কো, লহেউঁ লাহু জগ জনমু ভএ কো ॥

" ৪ অব কৃপাল জস আয়সু হোঈ, করৌঁ সীস ধরি সাদর সোই।
সো অবলম্ব দেব মোহি দেঈ, অবধি পারু পাবৌ জেহি সেঈ ॥

দো ২৯৬ দেব দেব অভিষেক হিত, গুর অনুসাসনু পাই।
আনেউঁ সব তীরথ সলিলু, তেহি কহঁ কাহ রজাই ॥

চৌ ১ একু মনোরথ বড় মন মাহীঁ, অভয়ঁ সকোচ জাত কহি নাহীঁ।
কহহু তাত প্রভু আয়সু পাঈ, বোলে বানি সনেহু সুহাঈ ॥

" ২ চিত্রকূট সুচি থল তীরথ বন, খগ মৃগ সর সরি নির্ঝর গিরিগন।
প্রভু পদ অঙ্কিত অবনি বিসেষী, আয়সু হোই ত আবৌঁ দেখী ॥

" ৩ অবসি অত্রি আয়সু সির ধরহূ, তাত বিগত ভয় কানন চরহূ।
মুনি প্রসাদ বনু মঙ্গল দাতা, পাবন পরম সুহাবন ভ্রাতা ॥

" ৪ রিষিনায়কু জহঁ আয়সু দেহীঁ, রাখেহু তীরথ জলু থল তেহীঁ।
সুনি প্রভু বচন ভরত সুখু পাবা, মুনি পদ কমল মুদিত সিরু নাবা ॥

দো ২৯৪ রাজ কার্য ধর্ম লজ্জা প্রতিষ্ঠা গৌরব, ঐশ্বর্য ধরণী ধাম যা কিছু সৌরভ।
গুরুর কৃপায় কর পালন সবারে, পরিণামে হবে ভাল কহিনু তোমারে॥

চৌ ১ তোমারে আমারে সব সমাজের সাথে, ঘরে বনে রক্ষা করে গুরুর কৃপাতে।
মাতা পিতা গুরু আর প্রভুর নির্দেশ, সকল ধরম ধারী মহী যথা শেষ॥

„ ২ সেই কাজ কর তুমি আমারে করাও, তুমি তাত সূর্যবংশে সুপালক হও।
একটি সাধনা তব সর্ব সিদ্ধি আনি, কীর্তি অর্থ সদ্গতির হইবে ত্রিবেণী॥

„ ৩ ইহাই বিচারি তাত এ সঙ্কট কালে, প্রজা পরিবার সুখী করহ সকলে।
বিপত্তি বণ্টন করি শিরে লই সবে, তথাপি তোমার কষ্ট শেষাবধি র'বে॥

„ ৪ হে প্রিয় কোমল কান্ত কঠোর শোনায়, সময় বিরূপ তাই অনুচিত নয়।
দারুণ দুর্দিনে হয় ভ্রাতাই সহায়, হস্ত বাধা দেয় জানি তরবারী ঘায়ে॥

দো ২৯৫ সেবক স্বামীর হর কর চক্ষু পদ, মুখটি কেবল হয় প্রভুর সম্পদ। *
তুলসী ভণয়ে দেখি রীতি সে প্রীতির, প্রশংসা পাইয়া থাকে সব সুকবির॥

চৌ ১ সভাস্থ সকলে শুনি রঘুবীর বাণী, অমিয় সদৃশ যাহা প্রেমার্ণব সানি।
বিকল হইল সভা সমাধি প্রেমেতে, বাণী মৌন দেখি সবে এনত দশাতে॥

„ ২ প্রভুর সন্তুষ্টি দেখি ভরত সন্তোষ, প্রভুর সমুখে টুটে সব দুঃখ দোষ।
প্রসন্ন হইল মুখ মিটিল বিষাদ, মূক পরে হল যেন বাণীর প্রসাদ॥

„ ৩ সপ্রেমে প্রণাম করে রামে পুনরায়, জুড়িয়া কমল কর কহে রঘুরায়ে।
তব সাথে রহিবার সুখ পেনু এবে, জনম সার্থক মোর হইল এ ভবে॥

„ ৪ হে কৃপাল আপনার যথা আজ্ঞা হয়, শিরেতে ধারণ করি সমাদরে তায়।
শেষাবধি পার হতে শক্তি থাকে যাতে, সে অবলম্বন দাও আপনার হাতে॥

দো ২৯৬ তব অভিষেক তরে গুরু আজ্ঞা মতে, সকল তীর্থের বারি এনেছিনু সাথে।
এখন হে দেব কহ কি করি উপায়, দেহ আজ্ঞা সেই বারি রাখিব কোথায়॥

চৌ ১ অভিলাষ এক মোর মনের মাঝারে, সময় সঙ্কোচ বশে বলি নাই তারে।
কহ বৎস প্রভু আজ্ঞা লভি এই মতে, কহিল ভরত তবে মধুর বাক্যেতে॥

„ ২ চিত্রকূট পুণ্য স্থান তীর্থ উপবন, পশু পক্ষী নদ নদী গিরি প্রস্রবন।
প্রভু পদ চিহ্ন ধরি যে সকল স্থান, দেখিব আদেশ পেলে মন অভিরাম॥

„ ৩ অত্রি মুনি অনুমতি ল'য়ে তব শিরে, অবশ্য নির্ভয়ে বনে ভ্রম চারি ধারে।
মুনির কৃপায় বন সুমঙ্গল ময়, পরম পবিত্র শোভা চতুর্দিকে রয়॥

„ ৪ ঋষি শ্রেষ্ঠ যেই স্থানে দেন আজ্ঞা তার, সেই স্থানে তীর্থ বারি রাখিও তোমার।
প্রভুর বচনে সুখ ভরতের অতি, মুনির চরণ পদ্মে প্রসন্ন প্রণতি॥

---

* হস্ত, পদ, চক্ষুর সহিত মুখের যে সম্পর্ক সেবক ও স্বামীর ভিতর সেই সম্পর্ক। যথা:—পরকল চক্ষু দেখিয়া চরণ সে দিকে অগ্রসর হইয়া, হস্ত তাহা আহরণ করিয়া মুখকে অর্পণ করিতে দেয়, তাহাতে সমস্ত অঙ্গ প্রত্যঙ্গের পুষ্টি সাধন হয়। [দো ৩০৪ দ্রঃ]

দো ২৯৭ ভরত রাম সম্বাদু সুনি, সকল সুমঙ্গল মূল।
সুর স্বারথী সরাহি কুল, বরষত সুরতরু ফূল॥

চৌ ১ ধন্য ভরত জয় রাম গোসাঈঁ, কহত দেব হরষত বরিআঈঁ।
মুনি মিথিলেস সভাঁ সব কাহূ, ভরত বচন সুনি ভয়উ উছাহূ॥

„ ২ ভরত রাম গুন গ্রাম সনেহু, পুলকি প্রসংসত রাউ বিদেহু।
সেবক স্বামি সুভাউ সুহাবন, নেমু পেমু অতি পাবন পাবন॥

„ ৩ মতি অনুসার সরাহন লাগে, সচিব সভাসদ সব অনুরাগে।
সুনি সুনি রাম ভরত সম্বাদূ, দুহু সমাজ হিয় হরষু বিষাদূ॥

„ ৪ রাম মাতু দুখু সুখু সম জানী, কহি গুন রাম প্রবোধীঁ রানী।
এক কহহিঁ রঘুবীর বড়াঈ, এক সরাহত ভরত ভলাঈ॥

ভরতকূপ

দো ২৯৮ অত্রি কহেউ তব ভরত সন, সৈল সমীপ সুকূপ।
রাখিঅ তীরথ তোয় তহঁ, পাবন অমিঅ অনূপ॥

চৌ ১ ভরত অত্রি অনুসাসন পাঈ, জল ভাজন সব দিএ চলাই।
সানুজ আপু অত্রি মুনি সাধূ, সহিত গএ জহঁ কূপ অগাধূ॥

„ ২ পাবন পাথ পুন্যথল রাখা, প্রমুদিত প্রেম অত্রি অস ভাষা।
তাত অনাদি সিদ্ধ থল এহূ, লোপেউ কাল বিদিত নহিঁ কেহূ॥

„ ৩ তব সেবকন্হ সরস থলু দেখা, কীন্হ সুজল হিত কূপ বিসেষা।
বিধি বস ভয়উ বিশ্ব উপকারূ, সুগম অগম অতি ধরম বিচারূ॥

„ ৪ ভরত কূপ অব কহিহহিঁ লোগা, অতি পাবন তীরথ জল জোগা।
প্রেম সনেম নিমজ্জত প্রানী, হোইহহিঁ বিমল করম মন বানী॥

দো০ ২৯৯ কহত কূপ মহিমা সকল, গএ জহাঁ রঘুরাউ।
অত্রি সুনায়উ রঘুবরহি, তীরথ পুন্য প্রভাত॥

ভরতের বনভ্রমণ

চৌ০ ১ কহত ধরম ইতিহাস সপ্রীতী, ভয়উ ভোরু নিসি সো সুখ বীতী।
নিত্য নিবাহি ভরত দোউ ভাঈ, রাম অত্রি গুর আয়সু পাঈ॥

„ ২ সহিত সমাজ সাজ সব সাদেঁ, চলে রাম বন অটন পয়াদেঁ।
কোমল চরন চলত বিনু পনহীঁ, ভই মৃদুভূমি সকুচি মন মনহীঁ॥

„ ৩ কুস কণ্টক কাঁকরীঁ কুরাঈঁ, কটুক কঠোর কুবস্তু দুরাঈঁ।
মহি মঞ্জুল মৃদু মারগ কীন্হে, বহত সমীর ত্রিবিধ সুখ লীন্হে॥

„ ৪ সুমন বরষি সুর ঘন করি ছাহীঁ, বিটপ ফূলি ফলি তৃন মৃদুতাহীঁ।
মৃগ বিলোকি খগ বোলি সুবানী, সেবহিঁ সকল রাম প্রিয় জানী॥

দো ২৯৭ সকল মঙ্গল মূল রাম ভরতের, বাণী শুনি স্বার্থী দেব সে রঘুকুলের।
প্রশংসা করিয়া করে পুষ্প বরিষণ, কল্পতরু হতে পুষ্প করিয়া চয়ন ॥

চৌ ১ ধন্য সে ভরত আজি প্রভু রাম জয়, দেবতা আনন্দে মগ্ন মূহুর্মুহু কয়।
বশিষ্ঠ জনক আর সভাসদ যত, ভরত বচন শুনি উৎসাহে তদ্গত ॥

„ ২ রামের ও ভরতের গুণগ্রাম স্নেহ, পুলকি প্রশংসা করে তখন বিদেহ।
কহে স্বামী সেবকের স্বভাব সুন্দর, রীতি প্রীতি পুণ্যাত্মারে করে পুণ্যতর ॥

„ ৩ সভাসদ মন্ত্রী সবে বুদ্ধি অনুসারে, প্রশংসা আরম্ভ করে পরম আদরে।
রাম ও ভরত কথা শুনিতে শুনিতে, আনন্দ বিষাদ জাগে দুই সমাজেতে ॥

„ ৪ রাম মাতা সুখ দুঃখ সবি সম জানি, রামগুণ কহি সব প্রবোধিল রাণী।
রামের প্রশংসা করে তাহাদের কেহ, কেহ বা প্রশংসা করে ভরতের স্নেহ ॥

ভরতকূপ

দো ২৯৮ ভরতের অত্রি মুনি কহেন তথায়, পর্বত নিকটে আছে রম্য জলাশয়।
রেখ যত তীর্থবারি তাহারি ভিতর, পরম নির্মল তাহা পবিত্র সুন্দর ॥

চৌ ১ অত্রি অনুমতি লভি ভরত পাঠাল, জলস্থানে জলপাত্র সাথে যাহা ছিল।
শত্রুঘ্ন সহিত আর অত্রি মুনিগণে, লইয়া ভরত চলে কূপ সন্নিধানে ॥

„ ২ পবিত্র তীর্থের বারি রাখে পুণ্য স্থানে, প্রেমে অত্রি মুনি কহে আনন্দিত মনে।
পুণ্য সিদ্ধস্থান এই বহুকাল হল, কালক্রমে এই কথা সবে ভুলেছিল ॥

„ ৩ সেবকেরা যাই দেখে স্থান জলময়, তীর্থবারি হেতু করে সুনির্মল তায়।
ভাগ্য বশে উপকৃত হল বিশ্বে সবে, অগম ধর্মের পথ সুগম হইবে ॥

„ ৪ আজ হতে ভরতের কূপ কহে সবে, তীর্থবারি সংযোগেতে সুপবিত্র হবে।
বিনয় সহিত প্রেমে নিমজ্জন স্নানে, সুপবিত্র হবে সবে কর্মে বাক্যে মনে ॥

দো ২৯৯ কহিয়া মাহাত্ম্য সবে জলাশয় জলে, রঘুরাজ যেথা সেথা চলিল সকলে।
অত্রি মুনি শুনালেন শ্রীরামে তখন, তীর্থের প্রভাব পুণ্য করিয়া যতন ॥

ভরতের বনভ্রমণ

চৌ ১ ধর্ম ইতিহাস কথা কহিয়া বিস্তর, আনন্দে কাটিল রাত্রি নিশি হল ভোর।
ভরতেরা দুই ভাই নিত্য কর্ম সারি, আজ্ঞা ল'য়ে রাম অত্রি আর বশিষ্ঠেরি ॥

„ ২ সকল সমাজ সাথে সাজ সজ্জা সারি, পদব্রজে রামবনে চলে তাড়াতাড়ি।
কোমল চরণে চলে বিনা পাদুকাতে, হইল কোমল ভূমি সঙ্কোচ মনেতে ॥

„ ৩ কুশের কণ্টক আর সুতীক্ষ্ণ কঙ্কর, কুবস্তু যতেক ছিল কঠিন কঠোর।
লুকাই' ধরণী করে সুখপ্রদ পথ, ত্রিবিধ পবন বহে যথা মনোরথ ॥

„ ৪ দান করে ছায়া মেঘ পুষ্পবৃষ্টি সুর, বৃক্ষে ফল মূল পথ তৃণে ভরপূর।
খগ মৃগ পাখি ডাকে সুমধুর স্বরে, রাম প্রিয় জানিয়াই সবে সেবা করে ॥

দো০ ৩০০ সুলভ সিদ্ধি সব প্রাকৃতহু, রাম কহত জমুহাত।
রাম প্রান প্রিয় ভরত কহুঁ, য়হ ন হোই বড়ি বাত ॥

চৌ০ ১ এহি বিধি ভরতু ফিরত বন মাহীঁ, নেমু প্রেমু লখি মুনি সকুচাহীঁ।
পুন্য জলাশ্রয় ভূমি বিভাগা, খগ মৃগ তরু তৃন গিরি বন বাগা ॥

„ ২ চারু বিচিত্র পবিত্র বিসেষী, বুঝত ভরতু দিব্য সব দেখী।
সুনি মন মুদিত কহত রিষিরাউ, হেতু নাম গুন পুন্য প্রভাউ ॥

„ ৩ কতহু নিমজ্জন কতহুঁ প্রনামা, কতহুঁ বিলোকত মন অভিরামা।
কতহুঁ বৈঠি মুনি আয়সু পাঈ, সুমিরত সীয় সহিত দোউ ভাঈ ॥

„ ৪ দেখি সুভাউ সনেহু সুসেবা, দেহিঁ অসীস মুদিত বনদেবা।
ফিরহিঁ গএঁ দিনু পহর অঢ়াঈ, প্রভু পদ কমল বিলোকহিঁ আঈ ॥

দো০ ৩০১ দেখে থল তীরথ সকল, ভরত পাঁচ দিন মাঝ।
কহত সুনত হরি হর সুজসু, গয়উ দিবসু ভই সাঁঝ ॥

চৌ০ ১ ভোর ন্হাই সবু জুরা সমাজূ, ভরত ভূমিসুর তেরহুতি রাজূ।
ভল দিন আজু জানি মন মাহীঁ, রামু কৃপাল কহত সকুচাহীঁ ॥

„ ২ গুর নৃপ ভরত সভা অবলোকী, সকুচি রাম ফিরি অবনি বিলোকী।
সীল সরাহি সভা সব সোচী, কহুঁ ন রাম সম স্বামি সঁকোচী ॥

ভরতের রামোপদেশ–প্রার্থনা

„ ৩ ভরত সুজান রাম রুখ দেখী, উঠি সপ্রেম ধরি ধীর বিসেষী।
করি দণ্ডবত কহত কর জোরী, রাখীঁ নাথ সকল রুচি মোরী ॥

„ ৪ মোহি লগি সহেউ সবহিঁ সন্তাপূ, বহুত ভাঁতি দুখু পাবা আপূ।
অব গোসাঈ মোহি দেউ রজাঈ, সেবৌঁ অবধ অবধি ভরি জাঈ ॥

দো০ ৩০২ জেহিঁ উপায় পুনি পায় জনু, দেখৈ দীনদয়াল।
সো সিখ দেইঅ অবধি লগি, কোসল পাল কৃপাল ॥

চৌ০ ১ পুরজন পরিজন প্রজা গোসাঈঁ, সব সুচি সরস সনেহঁ সগাঈঁ।
রাউর বদি ভল ভব দুখ দাহূ, প্রভু বিনু বাদি পরম পদ লাহূ ॥

„ ২ স্বামি সুজানু জানি সব হী কী, রুচি লালসা রহনি জন জী কী।
প্রনত পালু পালিহি সব কাহূ, দেউ দুহূ দিসি ওর নিবাহূ ॥

„ ৩ অস মোহি সব বিধি ভূরি ভরোসো, কিএঁ বিচারু ন সোচু খরো সো।
আরতি মোর নাথ কর ছোহূ, দুহুঁ মিলি কীন্হ ঢীঠু হঠি মোহূ ॥

„ ৪ য়হ বড় দোষু দূরি করি স্বামী, তজি সকোচ সিখইঅ অনুগামী।
ভরত বিনয় সুনি সবহিঁ প্রসংসী, খীর নীর বিবরন গতি হংসী ॥

দো ৩০০ হাই তুলিবার কালে রাম উচ্চারণে, সব সিদ্ধি লাভ করে জনসাধারণে।
রাম প্রাণ প্রিয় ভ্রাতা ভরতের কাছে, এসব এমন কিবা বড় কথা আছে॥
চৌ ১ এই ভাবে বন মাঝে ভরত ভ্রমিল, প্রণয় নিয়ম দেখি মুনি লজ্জা পেল।
পুণ্য জলাশয় আর ভূমিখণ্ড যত, গিরি বন খগ মৃগ তৃণ তরু কত॥
„ ২ বিশেষ পবিত্র এই চারু পুণ্য স্থান, দেখিয়া ভরত সব মুনিরে শুধান।
মুনিরাজ কহে মনে আনন্দের ভাব, হেতু নাম গুণ আর পুণ্যের প্রভাব॥
„ ৩ কোথাও বা স্নান করে কোথাও প্রণাম, কতনা দেখিল বন মন অভিরাম।
মুনি আজ্ঞা লভি কোথা বসিয়া দুজন, রাম সীতা লক্ষ্মণেরে করিল স্মরণ॥
„ ৪ আশিসিল বন দেব আনন্দিত মন, দেখি ভরতের সেবা প্রেম অনুক্ষণ।
আড়াই প্রহর বেলা ফিরিয়া তখন, প্রভুর চরণ পদ্ম করে নিরীক্ষণ॥
দো ৩০১ সেথায় সকল স্থান তীর্থ ছিল যত, দেখিল ভরত সব পাঁচ দিন গত।
হরিহর গুণ গান শোনে আর করে, সন্ধ্যা নামে ধীরে ধীরে বনের মাঝারে॥
চৌ ১ প্রত্যূষে স্নানান্তে হল একত্র সমাজ, ভরত ব্রাহ্মণ যত মিথিলার রাজ।
শুভদিন হয় আজি মনে মনে জানি, কৃপাময় রাম কহে সঙ্কুচিত মানি॥
„ ২ গুরু নৃপ সভাসদে দেখি ভরতেরে, সঙ্কুচিত রাম পুনঃ দেখে ধরণীরে।
শীলতা প্রশংসে তবে সভাস্থ সকলে, রাম সম লজ্জাশীল প্রভু নাহি ব'লে॥

ভরতের রামোপদেশ-প্রার্থনা

„ ৩ সুবিজ্ঞ ভরত তবে রাম ইচ্ছা জানি, উঠি ধীরে জুড়ি কর কমল দুখানি।
প্রেমভরে কহিল সে দণ্ডবত করি, হে নাথ করেছ পূর্ণ সব ইচ্ছা মোরি॥
„ ৪ সহেছ সন্তাপ কত আমার লাগিয়া, কত দুঃখ ভোগ কর সকলি সহিয়া।
হে প্রভু এখন কর আদেশ তোমার, শেষাবধি* যেন সেবা করি অযোধ্যার॥
দো ৩০২ হে দীন দয়াল প্রভু কৃপার নিধান, কোশল নৃপতি প্রভু কর শিক্ষা দান।
যে উপায় পা'ব পুনঃ তোমারে হে স্বামি, শেষকালে তব ভক্ত এ অধম আমি॥
চৌ ১ পুরজন পরিজন প্রজার সহিত, পরম প্রেমের যোগ তব অবহিত।
প্রভুর কথায় ভব দুঃখ দাহ শ্রেয়, প্রভু বিনা পরমার্থ তাও অতি হেয়॥
„ ২ হে প্রভু পরম জ্ঞানী জান সকলের, রুচি ও কামনা যত সব হৃদয়ের।
করহ পালন তুমি যতেক সেবকে, করিবে নির্বাহ দেব তুমি দুই দিকে॥
„ ৩ পরম বিশ্বাস মোর আছে এই সবে, বিচার করেও চিন্তা কিছু নাহি হবে।
দীনতা আমার প্রভু তব প্রেম আর, জোর করি করায়েছ ধৃষ্টতা আমার॥
„ ৪ বিরাট এ দোষ মোর দূর কর স্বামী, অসঙ্কোচে শিক্ষা দাও আমি অনুগামী।
হংসী করে ক্ষীর নীর প্রভেদ যেমন, ভরত বিনয়ে সবে প্রশংসে তেমন॥

---

* চৌদ্দ বৎসর শেষ হওয়া পর্যন্ত।

ভরতকে রামের উপদেশ-দান

দো০ ৩০৩ দীনবন্ধু সুনি বন্ধু কে, বচন দীন ছলহীন।
দেস কাল অবসর সরিস, বোলে রামু প্রবীন॥

চৌ০ ১ তাত তুম্হারি মোরি পরিজন কী, চিন্তা গুরহি নৃপহি ঘর বন কী।
মাথে পর গুর মুনি মিথিলেসূ, হমহি তুম্হহি সপনেহুঁ ন কলেসূ॥

„ ২ মোর তুম্হার পরম পুরুষারথু, স্বারথু সুজসু ধরমু পরমারথু।
পিতু আয়সু পালিহিঁ দুহু ভাঈঁ, লোকবেদ ভল ভূপ ভলাঈঁ॥

„ ৩ গুর পিতু মাতু স্বামি সিখ পালেঁ, চলেহুঁ কুমগ পগ পরহিঁ ন খালেঁ।
অস বিচারি সব সে'চ বিহাঈ, পালহু অবধ অবধি ভরি জাঈ॥

„ ৪ দেসু কোসু পরিজন পরিবারূ, গুর পদ রজহিঁ লাগ ছরুভারূ।
তুম্হ মুনি মাতু সচিব সিখ মানী, পালেহু পুহুমি প্রজা রজধানী॥

দো০ ৩০৪ মুখিয়া মুখু সো চাহিএ, খান পান কহুঁ এক।
পালই পোষই সকল অঁগ, তুলসী সহিত বিবেক॥

চৌ০ ১ রাজধরম সরবসু এতনোঈ, জিমি মন মাহঁ মনোরথ গোঈ।
বন্ধু প্রবোধু কীহ্ন বহু ভাঁতী, বিনু অধার মন তোষু ন সাঁতী॥

ভরতকে শ্রীরামের পাদুকাদান

„ ২ ভরত সীল গুর সচিব সমাজূ, সকুচ সনেহ বিবস রঘুরাজূ।
প্রভু করি কৃপা পাঁবরী দীহ্নীঁ, সাদর ভরত সীস ধরি লীহ্নীঁ॥

„ ৩ চরনপীঠ করুনানিধান কে, জনু জুগ জামিক প্রজা প্রান কে।
সম্পুট ভরত সনেহ রতন কে, আখর জুগ জনু জীব জতন কে॥

„ ৪ কুল কপাট কর কুসল করম কে, বিমল নয়ন সেবা সুধরম কে।
ভরত মুদিত অবলম্ব লহে তেঁ, অস সুখ জস সিয় রামু রহে তেঁ॥

দো০ ৩০৫ মাগেউ বিদা প্রনামু করি, রাম লিএ উর লাই।
লোগ উচাটে অমরপতি, কুটিল কুঅবসরু পাই॥

চৌ০ ১ সো কুচালি সব কহঁ ভই নীকী, অবধি আস সম জীবনি জী কী।
নতরু লখন সিয় রাম বিয়োগা, হহরি ভরত সব লোগ কুরোগা॥

„ ২ রামকৃপাঁ অবরেব সুধারী, বিবুধ ধারি ভই গুনদ গোহারী।
ভেঁটত ভুজ ভরি ভাই ভরত সো, রাম প্রেম রসু কহি ন পরত সো॥

„ ৩ তন মন বচন উমগ অনুরাগা, ধীর ধুরন্ধর ধীরজু ত্যাগা।
বারিজ লোচন মোচত বারী, দেখি দসা সুর সভা দুখারী॥

„ ৪ মুনিগন গুর ধুর ধীর জনক সে, গ্যান অনল মন কসেঁ কনক সে।
জে বিরঞ্চি নিরলেপ উপাএ, পদুম পত্র জিমি জগ জল জাএ॥

ভরতকে রামের উপদেশ-দান

দো ৩০৩ দীনবন্ধু শুনি বন্ধু ভরতের কথা, দীনহীন অকপট তার এ বারতা।
কহেন শ্রীরাম তবে পরম প্রবীণ, রাখি সদা দেশ কাল বিবেচনাধীন॥
চৌ ১ হে বৎস তোমার আর মোর পরিজন, গৃহেতে বনেতে সবে করিতে রক্ষণ।
সব চিন্তা গুরু মুনি রাজর্ষির আর, স্বপ্নেও নাহিক ক্লেশ তোমার আমার॥
„ ২ পুরুষার্থ যাহা কিছু তোমার আমার, পরমার্থ স্বার্থ যশ যাহা কিছু আর।
পিতার আদেশ পালি আমরা দুভাই, লোকে বেদে ভাল কহে পিতারও তাহাই॥
„ ৩ গুরু পিতা মাতা স্বামী আদেশ পালনে, চরণ স্খলন নাহি সুপথ চলনে।
এসব বিচারি মনে শঙ্কা ত্যাগ করি, শেষাবধি পাল রাজ্য অযোধ্যা নগরি।
„ ৪ রাজকোষ দেশ আর পুর পরিবার, গুরু পদ রজ তলে রাখিও সে ভার।
মাতা মন্ত্রী গুরু হতে ল'বে উপদেশ, পাল পৃথ্বী রাজধানী প্রজারে বিশেষ॥
দো ৩০৪ মুখ্য ব্যক্তি সুখ সম দেহের ব্যাপারে, খাদ্য গ্রহণের অঙ্গ মনে হবে তারে।
কিন্তু খাদ্য পানীয় যা সে করে গ্রহণ, সকল অঙ্গের তাহা ভরণ পোষণ॥
চৌ ১ রাজ ধরমের হল সর্বস্ব ইহাই, গুপ্ত ইচ্ছা মনে যথা রহস্য তাহাই।
প্রবোধ দিলেন কত ভরতের মনে, শান্তি তুষ্টি নাহি হয় প্রতীক বিহিনে॥

ভরতকে শ্রীরামের পাদুকাদান

„ ২ গুরু মন্ত্রী ভরতের শীল সঙ্কোচেতে, বিবশ হলেন রাম অপার প্রেমেতে।
কৃপা করি দেন প্রভু পাদুকা আপন, সাদরে ভরত শিরে করিল ধারণ॥
„ ৩ চরণ পাদুকা দুটি কৃপালু প্রভুর, হইল প্রহরী প্রাণে প্রজার বিধুর।
ভরত প্রেমের মণি রাখিবার স্থান, দু অক্ষর রা ম নামে উদ্ধার সমান॥
„ ৪ বংশের প্রবেশ দ্বার হস্ত সুকর্মের, নয়ন নির্মল তাহা সেবার ধর্মের।
এ অবলম্বন লভি আনন্দিত মনে, যেন বাস ভরতের সীতা রাম সনে॥
দো ৩০৫ ভরত প্রণাম করি মাগিল বিদায়, রামচন্দ্র টানি তারে বক্ষ মাঝে লয়।
কুটিল সে দেবরাজ সেই অবসরে, বিক্ষুব্ধ করিল মনে সকল প্রজারে॥
চৌ ১ এ দুষ্ট চালেতে ভাল হল প্রজাগণে, বনবাস শেষ আশা রাখিবে জীবনে।
তা না হ'লে রাম সীতা লক্ষ্মণ বিয়োগে, মরিত সকল প্রজা এ ঘোর কুরোগে॥
„ ২ বক্র যাহা ঋজু করে রাম কৃপা তারে, দেবমায়া লাভ আনে সুখী সবে করে।
ভরতেরে বক্ষে ধরে দু'বাহু বাড়ায়ে, রাম প্রেমরস ব্যক্ত করা নাহি যায়॥
„ ৩ তনু মন বাক্যে তাঁর প্রেম উপচায়, ধৈর্য ধুরন্ধর রাম তাঁরো ধৈর্য যায়।
কমল লোচনে তাঁর বহে অশ্রু ধারা, দশা দেখি দুঃখী হল সব দেবতারা॥
„ ৪ গুরু মুনি আর বীর জনক রাজন, জ্ঞানাগ্নিতে মন যার কষিত কাঞ্চন।
ব্রহ্মার মায়িক বিশ্বে নির্লিপ্ত যে জন, পদ্ম পত্র জলে থাকি নির্লিপ্ত যেমন॥

দো০ ৩০৬ তেউ বিলোকি রঘুবর ভরত, প্রীতি অনূপ অপার।
ভএ মগন মন তন বচন, সহিত বিরাগ বিচার॥
চৌ০ ১ জহঁা জনক গুর গতি মতি ভোরী, প্রাকৃত প্রীতি কহত বড়ি খোরী।
বরনত রঘুবর ভরত বিয়োগূ, সুনি কঠোর কবি জানিহি লোগূ॥
„ ২ সো সকোচ রসু অকথ সুবানী, সমউ সনেহু সুমিরি সকুচানী।
ভেটি ভরতু রঘুবর সমুঝাএ, পুনি রিপুদরনু হরষি হিয়ঁ লাএ॥
„ ৩ সেরক সচির ভরত রুখ পাঈ, নিজ নিজ কাজ লগে সব জাঈ।
সুনি·দারুন দুখু দুহূঁ সমাজা, লগে চলন কে সাজন সাজা॥
„ ৪ প্রভু পদ পদুম বন্দি দোউ ভাঈ, চলে সীস ধরি রাম রজাঈ।
মুনি তাপস বনদের নিহোরী, সব সনমানি বহোরি বহোরী॥

দো০ ৩০৭ লখনহি ভেঁটি প্রনামু করি, সির ধরি সিয় পদ ধূরি।
চলে সপ্রেম অসীস সুনি, সকল সুমঙ্গল মূরি॥
চৌ০ ১ সানুজ রাম নৃপহি সির নাঈ, কীহ্নি বহুত বিধি বিনয় বড়াঈ।
দের দয়া বস বড় দুখু পায়উ, সহিত সমাজ কাননহিঁ আয়উ॥

জনকাদির প্রস্থান

„ ২ পুর পগু ধারিঅ দেই অসীসা, কীহ্ন ধীর ধরি গরনু মহীসা।
মুনি মহিদের সাধু সনমানে, বিদা কিএ হরিহর সম জানে॥
„ ৩ সাসু সমীপ গএ দোউ ভাঈ, ফিরে বন্দি পগ আসিষ পাঈ।
কৌসিক বামদের জাবালী, পুরজন পরিজন সচির সুচালী॥
„ ৪ জথা জোগু করি বিনয় প্রনামা, বিদা কিএ সব সানুজ রামা।
নারি পুরুষ লঘু মধ্য বড়েরে, সব সনমানি কৃপানিধি ফেরে॥

দো০ ৩০৮ ভরত মাতূ পদ বন্দি প্রভু, সুচি সনেহঁ মিলি ভেঁটি।
বিদা কীহ্ন সজি পালকী, সকুচ সোচ সব মেটি॥
চৌ০ ১ পরিজন মাতু পিতহি মিলি সীতা, ফিরী প্রানপ্রিয় প্রেম পুনীতা।
করি প্রনামু ভেঁট সব সাসু, প্রীতি কহত কবি হিয়ঁ ন হুলাসু॥
„ ২ সুনি সিখ অভিমত আসিষ পাঈ, রহী সীয় দুহু প্রীতি সমাঈ।
রঘুপতি পটু পালকীঁ মগাঈঁ, করি প্রবোধু সব মাতু চঢ়াঈঁ॥
„ ৩ বার বার হিলি মিলি দুহু ভাঈঁ, সম সনেহঁ জননী পহুঁচাঈঁ।
সাজি বাজি গজ বাহন নানা, ভরত ভূপ দল কীহ্ন পয়ানা॥
„ ৪ হৃদয়ঁ রামু সিয় লখন সমেতা, চলে জাহিঁ সব লোগ অচেতা।
সহব বাজি গজ পসু হিয়ঁ হারেঁ, চলে জাহিঁ পরবস মন মারেঁ॥

দো ৩০৬ তাঁরাও দেখিয়া প্রীতি অনুপ অপার, ভরত ও রঘুবর উভয় ভ্রাতার।
কায়মনোবাক্যে আর বৈরাগ্য বিচার, সহিত হলেন মুগ্ধ অমিত অপার ॥

চৌ ১ জনক গুরুর বুদ্ধি যে ভাবে মিলায়, সাধারণ প্রেম কহা হইবে অন্যায়।
রঘুবর ভরতের বিয়োগ বর্ণনা, করিলে করিবে ক্ষমা কেহ করিবেনা ॥

„ ২ সে সময়ে প্রেম যাহা স্মরণেতে আনি, কণ্ঠিত বিস্ময়ে মোর স্তব্ধ হয় বাণী।
ভরতেরে বুঝাইয়া শ্রীরাম তখন, আনন্দে শত্রুঘ্নে তাঁর বক্ষ মাঝে লন ॥

„ ৩ বুঝিয়া ভরত ইচ্ছা মন্ত্রী প্রজাগণে, ব্যাপৃত নিজের কাজে হয় সযতনে।
শুনি সে দারুণ দুঃখ বিয়োগ ব্যথার, উভয় সমাজ করে ব্যবস্থা যাত্রার ॥

„ ৪ প্রভু পাদপদ্ম বন্দি' দুই ভ্রাতা তবে, রাম আজ্ঞা শিরে ধরি সম্মানিয়া সবে।
বন দেব গণে মুনি তাপসেরে আর, মিনতি করিল প্রেমে তারা বার বার ॥

দো ৩০৭ লক্ষ্মণে করিয়া দেখা প্রণমি তৎপর, সীতার চরণ ধূলি ল'য়ে শিরোপর।
সকল মঙ্গল মূল স্নেহাশিস শুনি, চলিলেন প্রেম ভরে দুভাই তখনি ॥

চৌ ১ লক্ষ্মণ সহিত রাম প্রণমি নৃপেরে, বিবিধ প্রকারে স্তুতি করিলেন তারে।
হে দেব দয়ার বশে কাননেতে এসে, সভাসদ সাথে রহ কতই না ক্লেশে ॥

জনকাদির প্রস্থান

„ ২ আশীর্বাদ দিয়া প্রভু ফিরুন নগরে, ধৈর্য ধরি মহীপাল ফিরেন তৎপরে।
বশিষ্ঠ ব্রাহ্মণ আর যত সাধুগণে, বিদায় দিলেন রাম হরিহর জ্ঞানে ॥

„ ৩ শ্বশ্রূমাতা সমীপেতে গিয়া দুই ভাই, ফিরেন চরণ বন্দি আশীর্বাদ পাই।
বিশ্বামিত্র বামদেব জাবালী ব্রাহ্মণে, পুরজন পরিজন বিজ্ঞ মন্ত্রিগণে ॥

„ ৪ যথাযোগ্য করি সবে বিনয় প্রণাম, বিদায় করেন তবে লক্ষ্মণ শ্রীরাম।
স্ত্রী পুরুষ উচ্চ নীচ মধ্য যাহা হয়, কৃপানিধি ফিরে যোগ্য করিয়া বিদায় ॥

দো ৩০৮ ভরত মাতার প্রভু চরণ বন্দিয়া, পবিত্র প্রেমের সাথে তারে আলিঙ্গিয়া।
সকল সঙ্কোচ শোক মিটাইয়া পরে, সাজায়ি শিবিকা দেন বিদায় তাহারে ॥

চৌ ১ প্রাণপ্রিয় প্রেমময়ী পুণ্যময়ী সীতা, মিলিলেন পরিজন সাথে মাতা পিতা।
শ্বশ্রূমাতা প্রণমিয়া ফিরিলেন যবে, সে প্রেম কহিতে কবি উৎসাহ না পাবে ॥

„ ২ ঈপ্সিত আশিস্ লভি' শুনি উপদেশ, উভয় প্রীতিতে মগ্ন জানকী বিশেষ।
সুন্দর শিবিকা আনি রঘুপতি তবে, প্রবোধিয়া উঠালেন মাতাগণে সবে ॥

„ ৩ বারবার দুই ভ্রাতা সম প্রেম সাথে, বিদায় মাগিল তবে মাতৃগণ হ'তে।
হস্তী অশ্ব বাহনাদি সজ্জিত করিয়া, নৃপতি ভরত দল চলিল ফিরিয়া ॥

„ ৪ হৃদয়েতে রাম সীতা লক্ষ্মণেরে নিয়া, আনমনা হ'য়ে সবে চলে পথ দিয়া।
অশ্বতর হস্তী অশ্ব সব পশু দল, চলে বাধ্য মনমরা শোকেতে বিকল ॥

দো০ ৩০৯ গুর গুরতিয় পদ বন্দি প্রভু, সীতা লখন সমেত।
ফিরে হরষ বিসময় সহিত, আএ পরন নিকেত॥

চৌ০ ১ বিদা কীহ্ন সনমানি নিষাদূ, চলেউ হৃদয়ঁ বড় বিরহ বিষাদূ।
কোল কিরাত ভিল্ল বনচারী, ফেরে ফিরে জোহারি জোহারী॥

„ ২ প্রভু সিয় লখন বৈঠি বট ছাহীঁ, প্রিয় পরিজন বিয়োগ বিলখাহীঁ।
ভরত সনেহ সুভাউ সুবানী, প্রিয়া অনুজ সন কহত বখানী॥

„ ৩ প্রীতি প্রতীতি বচন মন করনী, শ্রীমুখ রাম প্রেম বস বরনী।
তেহি অরসর খগ মৃগ জল মীনা, চিত্রকূট চর অচর মলীনা॥

„ ৪ বিবুধ বিলোকি দসা রঘুবর কী, বরষি সুমন কহি গতি ঘর ঘর কী।
প্রভু প্রনামু করি দীহ্ন ভরোসো, চলে মুদিত মন ডর ন খরো সো॥

দো০ ৩১০ সানুজ সীয় সমেত প্রভু, রাজত পরন কুটীর।
ভগতি গ্যানু বৈরাগ্য জনু, সোহত ধরেঁ সরীর॥

চৌ০ ১ মুনি মহিসুর গুর ভরত ভুআলূ, রাম বিরহঁ সবু সাজু বিহালূ।
প্রভু গুনগ্রাম গনত মন মাহীঁ, সব চুপচাপ চলে মগ জাহীঁ॥

„ ২ জমুনা উতরি পার সব ভয়উ, সো বাসরু বিনু ভোজন গয়উ।
উতরি দেরসরি দূসর বাসূ, রামসখাঁ সব কীহ্ন সুপাসূ॥

„ ৩ সঈ উতরি গোমতীঁ নহাএ, চৌথেঁ দিরস অরধপুর আএ।
জনকু রহে পুর বাসর চারী, রাজ কাজ সব সাজ সঁভারী॥

„ ৪ সৌঁপি সচির গুর ভরতহি রাজূ, তেরহুতি চলে সাজি সব সাজূ।
নগর নারি নর গুর সিখ মানী, বসে সুখেন রাম রজধানী॥

দো০ ৩১১ রাম দরস লগি লোগ সব, করত নেম উপবাস।
তজি তজি ভূষন ভোগ সুখ, জিঅত অরধি কীঁ আস॥

চৌ০ ১ সচির সুসেরক ভরত প্রবোধে, নিজ নিজ কাজ পাই সিখ ওধে।
পুনি সিখ দীহ্নি বোলি লঘু ভাঈ, সৌঁপি সকল মাতু সেরকাঈ॥

ভরতের রাজকার্য্য গ্রহণ ও নন্দীগ্রামে বাস

„ ২ ভূসুর বোলি ভরত কর জোরে, করি প্রনাম বয় বিনয় নিহোরে।
উঁচ নীচ কারজু ভল পোচূ, আয়সু দেব ন করব সঁকোচূ॥

„ ৩ পরিজন পুরজন প্রজা বোলাএ, সমাধানু করি সুবস বসাএ।
সানুজ গে গুর গেহ বহোরী, করি দণ্ডরত কহত কর জোরী॥

„ ৪ আয়সু হোহ ত রহৌঁ সনেমা, বোলে মুনি তন পুলকি সপেমা।
সমুঝব কহব করব তুম্হ জোঈ, ধরম সারু জগ হোইহি সোঈ॥

দো ৩০৯ গুরু পত্নী গুরু পদে করিয়া প্রণাম, সীতা ও লক্ষ্মণ সাথে ফিরিলেন রাম।
হরষ বিষাদ মনে একসাথে রয়, পাতার কুটিরে তাঁর ফিরে কৃপাময় ॥

চৌ ১ সসম্মানে করিলেন বিদায় নিষাদে, গুহক চলিল দুঃখী বিরহ বিষাদে।
বনচারী কোল ভীল আর কিরাতেরে, বিদায় দিলেন তারা ফিরে নতি করে ॥

„ ২ বসি বটছায়ে প্রভু সীতা ভ্রাতা সনে, আত্মীয় বিয়োগ ব্যথা অনুভবে মনে।
ভরত স্বভাব প্রেম আর মৃদুবাণী, প্রিয়া ও অনুজ কাছে কহেন বাখানি ॥

„ ৩ ভরত বিশ্বাস প্রেম বাক্যে কর্মে মনে, শ্রীমুখে কহেন রাম অতি প্রেম সনে।
সে সময়ে চিত্রকূটে পশু পক্ষী মীন, অচর অথবা চর দুঃখেতে মলিন ॥

„ ৪ রঘুবর দশা দেখি যতেক দেবতা, পুষ্পবৃষ্টি করি কহে আপন বারতা।
প্রণাম করিয়া প্রভু দিলেন অভয়, আনন্দে দেবতাগণ হলেন নির্ভয় ॥

দো ৩১০ প্রভু রঘুবর সীতা সহিত লক্ষ্মণ, পাতার কুটিরে এবে বিরাজিত হন।
জ্ঞান ও ভকতি আর বৈরাগ্য মহান, দেহ ধরি যেন সেথা সদা শোভা পান ॥

চৌ ১ মুনি বিপ্র গুরুদেব ভরত নৃপতি, রামের বিরহে সবে শোকমগ্ন অতি।
প্রভুর গুণের রাশি স্মরণে রাখিয়া, বিনা বাক্যে চলে সবে বন পথ দিয়া ॥

„ ২ উত্তরি' যমুনা পারে পঁহুছেন যবে, উপবাসে কাটালেন সেইদিন সবে।
দ্বিতীয় দিবসে সবে আসে গঙ্গাতীরে, সকল সুবিধা সেথা রাম সখা করে ॥

„ ৩ সঙ্গ নদী পার হ'য়ে গোমতীতে স্নান, চতুর্থ দিবসে সবে অযোধ্যা পৌঁছান।
মিথিলার পতি র'ন দিন চারি সেথা, রাজকার্যে যথাযোগ্য করেন ব্যবস্থা ॥

„ ৪ সঁপি রাজ্য গুরু মন্ত্রী ভরতের হাতে, ত্রিহুতবাসীরা সবে চলে মিথিলাতে।
পুর নরনারী গুরু উপদেশ মানি, সুখে বাস করে সেথা রাম রাজধানী ॥

দো ৩১১ রাম দরশন লাগি সব লোকজন, ব্রত উপবাস যত করিত পালন।
ভোগ সুখ অলঙ্কার ত্যজিয়া সকল, বনবাস শেষ আশা বাঁচেন কেবল ॥

চৌ ১ ভরত প্রবোধ দেন মন্ত্রী সেবকেরে, তাহারা সান্ত্বনা মানি নিজ কার্য করে।
শত্রুঘ্নে ডাকিয়া শিক্ষা দিলেন তাহায়, গুরুভার তার প্রতি মাতার সেবায় ॥

ভরতের রাজকার্য গ্রহণ ও নন্দীগ্রামে বাস

„ ২ বিপ্র সবে করজোড়ে করিয়া প্রণাম, বিনয়ে ভরত কহে করিয়া সম্মান।
উচ্চ নীচ ভাল মন্দ যে কাজই না হয়, আদেশ করুন দেব ত্যজি লজ্জা ভয় ॥

„ ৩ পুর জন পরিজন ডাকি প্রজাগণ, প্রতিষ্ঠা করিল সবে সুখী সব জন।
গুরু গৃহে যান তবে লইয়া ভ্রাতারে, সাষ্টাঙ্গ প্রণাম করি কহে করজোড়ে।

„ ৪ আদেশ পাইলে প্রভু কর নিয়মেতে, পুলকিত মুনি তারে কহে আনন্দেতে।
তুমি যা বুঝিবে বৎস করিবে যাহাই, সব ধর্ম সার হবে এ জগতে তাই।

দো০ ৩১২ সুনি সিখ পাই অসীস বড়ি, গনক বোলি দিনু সাধি।
সিংঘাসন প্রভু পাতুকা, বৈঠারে নিরুপাধি॥

চৌ০ ১ রাম মাতু গুর পদ সিরু নাঈ, প্রভু পদ পীঠ রজায়সু পাঈ।
নন্দিগাবঁ করি পরন কুটীরা, কীহ্ন নিবাসু ধরমু ধুর ধীরা॥

„ ২ জটাজুট সির মুনিপট ধারী, মহি খনি কুস সাঁথরী সঁবারী।
অসন বসন বাসন ব্রত নেমা, করত কঠিন রিষিধরম সপ্রেমা॥

„ ৩ ভূষন বসন ভোগ সুখ ভূরী, মন তন বচন তজে তিন তূরী।
অবধ রাজু সুর রাজু সিহাঈ, দসরথ ধনু সুনি ঘনদু লজাঈ॥

„ ৪ তেহিঁ পুর বসত ভরত বিনু রাগা, চঞ্চরীক জিমি চম্পক বাগা।
রমা বিলাসু রাম অনুরাগী, তজত বমন জিমি জন বড়ভাগী॥

দো০ ৩১৩ রাম পেম ভাজন ভরতু, বড়ে ন এহিঁ করতূতি।
চাতক হংস সরাহিঅত, টেঁক বিবেক বিভূতি॥

চৌ০ ১ দেহ দিনহুঁ দিন দূবরি হোঈ, ঘটই তেজু বলু মুখছবি সোঈ।
নিত নব রাম প্রেম পনু পীনা, বঢ়ত ধরম দলু মনুন মলীনা॥

„ ২ জিমি জলু নিঘটত সরদ প্রকাসে, বিলসত বেতস বনজ বিকাসে।
সম দম সংজম নিয়ম উপাসা, নখত ভরত হিয় বিমল অকাসা॥

„ ৩ ধ্রুব বিস্বাসু অবধি রাকা সী, স্বামি সুরতি সুরবীথি বিকাসী।
রাম পেম বিধু অচল অদোষা, সহিত সমাজ সোহ নিত চোখা॥

„ ৪ ভরত রহনি সমুঝনি করতূতী, ভগতি বিরতি গুন বিমল বিভূতী।
বরনত সকল সুকবি সকুচাহীঁ, সেস গনেস গিরা গমু নাহীঁ॥

দো০ ৩১৪ নিত পূজন প্রভু পাঁবরী, প্রীতি ন হৃদয়ঁ সমাতি।
মাগি মাগি আয়সু করত, রাজ কাজ বহু ভাঁতি॥

চৌ০ ১ পুলক গাত হিয়ঁ, সিয় রঘুবীরু, জীহ নামু জপ লোচন নীরু।
লখন রাম সিয় কানন বসহীঁ, ভরতু ভবন বসি তপ তনু কসহীঁ॥

„ ২ দোউ দিসি সমুঝি কহত সবু লোগূ, সব বিধি ভরত সরাহন জোগূ।
সুনি ব্রত নেম সাধু সকুচাহীঁ, দেখি দসা মুনিরাজ লজাহীঁ॥

„ ৩ পরম পুনীত ভরত আচরনূ, মধুর মঞ্জু মুদ মঙ্গল করনূ।
হরন কঠিন কলি কলুষ কলেসূ, মহামোহ নিসি দলন দিনেসূ॥

„ ৪ পাপ পুঞ্জ কুঞ্জর মৃগরাজূ, সমন সকল সন্তাপ সমাজূ।
জন রঞ্জন ভঞ্জন ভব ভারূ, রাম সনেহ সুধাকর সারূ॥

ছন্দ০ ১৩ সিয় রাম প্রেম পিযুষ পূরন হোত জনমু ন ভরত কো।
মুনি মন অগম জম নিয়ম সম দম বিষম ব্রত আচরত কো॥

দো ৩১২ আশিস্ পাইয়া আর আদেশে মুনির, গণকে আহ্বানি করে শুভদিন স্থির।
শুভদিনে সিংহাসনে নির্গুণ প্রভুর, পাদুকা প্রতিষ্ঠা করে প্রতীক বিভুর ॥

চৌ ১ রাম মাতা গুরুপদে প্রণাম করিয়া, প্রভুর পাদুকা হতে আদেশ লইয়া।
নন্দীগ্রামে পর্ণকুঠি করিয়া নির্মান, ধার্মিক ভরত ধীর করে অবস্থান ॥

„ ২ শিরে জটাজ়ুট ধরি কৌপিন পরিয়া, কুশ শয্যা করে মহী খনন করিয়া।
অসন বসন পাত্র ব্রত উপবাস, ঋষি ধর্ম পালে মনে প্রেমের উল্লাস ॥

„ ৩ ভূষণ বসন ভোগ সুখ সমুদ্ভব, কায়মনোবাক্যে ত্যজে তৃণ সম সব।
ইন্দ্রও প্রশংসা করে অযোধ্যারাজেরে, দশরথ ধন দেখি লজ্জিত কুবেরে ॥

„ ৪ নিস্পৃহ ভরত করে বাস সেই পুরে, মিলিন্দ চম্পক বনে যথা বাস করে।
রামপ্রেমী ভাগ্যবান ভোগ ঐশ্বর্যেরে, উদ্গীরণ সম তারে সদা ত্যাগ করে ॥

দো ৩১৩ রাম প্রেম অনুরাগী ভরতের কাছে, বেশী নহে যাহা কিছু এবে করিয়াছে।
চাতক দৃঢ়তা আর রাজহংস জ্ঞান, সুবিদিত সবলোকে প্রশংসাভাজন ॥

চৌ ১ দিন দিন দেহ তার কৃশতর হয়, তেজ বল নাহি কমে মুখে শোভা পায়।
রাম প্রেম নিজ পণ নিত্যই নূতন, ধর্ম প্রবলতা হয় অমলিন মন ॥

„ ২ শরত ঋতুতে যথা বর্ষা প্রশমন, বেতস বর্দ্ধিত হয় পদ্ম উন্মোচন।
ভরত হৃদয় রূপ নির্মল আকাশে, শম দম নিয়মাদি নক্ষত্রেরা ভাসে ॥

„ ৩ বিশ্বাস সে ধ্রুব তারা ছায়াপথ স্মৃতি, বনবাস পূর্ণমাসি চন্দ্র রাম প্রীতি।
নির্দোষ ও অকলঙ্ক সহিত সমাজে, ভরত হৃদয় মাঝে সদাই বিরাজে ॥

„ ৪ ভক্তি বুদ্ধি কার্য আর ভরতের স্থিতি, বৈরাগ্য সদগুণ তার বিমল বিভূতি।
সুকবি সঙ্কোচ মানে করিতে বর্ণনা, গণপতি সরস্বতী শেষ পারিবেনা ॥

দো ৩১৪ প্রতিদিন পূজিতেন প্রভু পাদুকায়, হৃদয়ে না ধরে প্রীতি যেন উপচায়।
চাহিয়া চাহিয়া আজ্ঞা সেই পাদুকার, রাজকার্য করিতেন বিবিধ প্রকার ॥

চৌ ১ শরীরে পুলক তার হৃদে সীতারাম, নয়নে বহিছে নীর জিহ্বাগ্রে সে নাম।
শ্রীরাম লক্ষ্মণ সীতা বনে বনে ঘোরে, ভবনে ভরত তপে তনু ক্লিষ্ট করে ॥

„ ২ সব লোক কহে এবে বুঝি' দুদিকেতে, ভরত প্রশংসাযোগ্য সব প্রকারেতে।
ব্রত ও নিয়ম শুনি সাধু লজ্জা পায়, দশা দেখি মুনিগণ সঙ্কুচিত হয় ॥

„ ৩ ভরতের আচরণ পবিত্র পরম, মধুর মঙ্গলময় আনন্দ চরম ॥
কলির কঠিন ক্লেশ তা' হরণকারী, মহা মোহ নিশি নাশে যেন সে ধ্বান্তারি।

„ ৪ পাপপুঞ্জ করী কাছে সিংহ বলবান, সকল সন্তাপ কাছে শমন সমান।
রাঙায় সকল মন ভাঙ্গে ভব ভার, রাম প্রেম ভক্তি রসে উহা সুধাসার ॥

ছ ১৩ সীতারাম প্রেমপূর্ণ পীযুষ ধারায়, যদি না লইত জন্ম ভরত ধরায়।
মুনিরো অগম্য সেই শম দম যম, কে করিত আচরণ অতীব বিষম ॥

দুখ দাহ দারিদ দম্ভ দূষন সুজস মিস অপহরত কো।
কলিকাল তুলসী সে সঠন্হি হঠি রাম সনমুখ করত কো॥

সো০ ১৩ ভরত চরিত করি নেমু. তুলসী জো সাদর সুনহিঁ।
সীয় রাম পদ পেমু, অরসি হোই ভর রস বিরতি॥

ইতি শ্রীমদ্‌রামচরিতমানসে কলিকুলবিধ্বংসনে দ্বিতীয়ঃ সোপানঃ সমাপ্তঃ।

(দ্বিতীয়কাণ্ডঃ সমাপ্তঃ)

সকল কলিকলুষনাশন শ্রীরামচরিতমানসে দ্বিতীয় সোপান সমাপ্ত।

(অযোধ্যাকাণ্ড সমাপ্ত)

কে করিত নাশ যত দুঃখ দারিদ্রের, যশ আবরণে যত দুষ্টের দম্ভের।
কলিকালে তুলসীর সমান মূর্খেরে, কে আনিত রাম পাশে এ জোর করে॥
সো ১৩ তুলসী ভণয়ে যেবা নিয়ম পালনে, ভরত চরিত এই সমাদরে শোনে।
সীতারাম পদে প্রেম হবে তার বশে, অবশ্য বৈরাগ্য তার সংসারের রসে॥

কলিযুগে পরিপূর্ণ পাপ ধ্বংস কারী, শ্রীরাম চরিত কথা মনের বিহারী।
তুলসী মানস কথা সনত কুমারে, অযোধ্যাকাণ্ডেরে লেখে মত্ত সহকারে॥

তুলসীকৃত শ্রীরাম চরিত মানসের অযোধ্যাকাণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত।